أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ.

অর্থ: "তোমরা দ্বীন কায়েম করো এবং দ্বীনের মধ্যে বিভেদ সৃষ্টি করো না।" (সূরা আশ্ শুরা ৪২, আয়াত ১৩)

اَلطَّرِيْقُ اِلَيْ اِقَامَةِ الدِّيْن

দ্বীন ক্বায়েমের সঠিক পথ

কুরআন ও সুন্নাহ্‌র আলোকে দ্বীন প্রতিষ্ঠা ও মানব জীবনের অপরিহার্য বিষয়াবলীর উপর দলীল-প্রমাণ নির্ভর বক্তব্যের এক অদ্বিতীয় সংকলন

اَلطَّرِيْقُ اِلَيْ اِقَامَةِ الدِّيْنِ

দ্বীন ক্বায়েমের সঠিক পথ

শায়খুল হাদীস

মুফতী মুহাম্মদ জসীমুদ্দীন রাহমানী

পরিচালক : মারকাজুল উলূম আল ইসলামিয়া, ঢাকা, বাংলাদেশ।

সাবেক মুহাদ্দিস : জামিয়া রাহমানিয়া আরাবিয়া, সাত মসজিদ মাদরাসা, মুহাম্মদপুর, ঢাকা।

সাবেক শায়খুল হাদীস : জামিয়া ইসলামিয়া মাহমুদিয়া, বরিশাল।

মোবাইল: ০১৭১২১৪২৮৪৩

আল হাদীদ পাবলিকেশন্স

(মারকাজের একটি সহযোগী প্রতিষ্ঠান)

মেট্রো হাউজিং, বছিলা রোড, মুহাম্মদপুর, ঢাকা।

মোবাইল: ০১৭১২১৪২৮৪৩, ০১৯২৫৯৩২৫৬৫

اَلطَّرِيْقُ اِلَيْ اِقَامَةِ الدِّيْنِ

দ্বীন ক্বায়েমের সঠিক পথ

শায়খুল হাদীস

মুফতী মুহাম্মদ জসীমুদ্দীন রাহমানী

সহযোগিতায়

মুফতী মুহাঃ রহমতুল্লাহ

প্রকাশনায়ঃ

আল হাদীদ পাবলিকেশন্স

http://khutba.tk.com

প্রকাশকাল : রজব ১৪৩৩ হিজরী, **জুন** ২০১২ ইসায়ী

মূল্য ঃ ৩০০.০০ (তিনশত) টাকা মাত্র

Deen Qayemer Shothik Poth
Shaikh Mufti Jashimuddin Rahmani
Markajul Ulom Al-Islamia, Dhaka
Price: 300.00 Tk. US. $ 10.00

উপহার

আমার শ্রদ্ধার/স্নেহের..
....
....কে
'দ্বীন কায়েমের সঠিক পথ' বইটি উপহার দিলাম ।

উপহারদাতা

....

....

....
সাক্ষর ও তারিখ

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا.

অর্থ: "আর তোমাদের কী হল যে, তোমরা আল্লাহর রাস্তায় যুদ্ধ করছ না! অথচ দুর্বল পুরুষ, নারী ও শিশুরা বলছে, 'হে আমাদের রব, আমাদেরকে বের করুন এ জনপদ থেকে' যার অধিবাসীরা যালিম এবং আমাদের জন্য আপনার পক্ষ থেকে একজন অভিভাবক নির্ধারণ করুন । আর নির্ধারণ করুন আপনার পক্ষ থেকে একজন সাহায্যকারী ।" (সূরা নিসা ৪, আয়াত ৭৫)

আল ইহদা

- যাঁরা সত্যের সংগ্রামে ও মিথ্যার মূলোৎপাটনে সীসাঢালা প্রাচীর ।
- যাঁরা নিজেদের জান-মাল আল্লাহর কাছে বিক্রয় করে দিয়েছে জান্নাতের বিনিময়ে ।
- যাঁরা নিজেদের বাড়ী-ঘর ত্যাগ করে পাহাড়-পর্বত, বন-জঙ্গল ও গিরিগুহাকে নিজ আবাসস্থল বানিয়ে নিয়েছে ।
- যাঁরা কখনো বন্দুকের ছায়াতলে আবার কখনো ট্যাংকের গোলায় জান্নাত খুজে বেড়ায় ।
- যাঁরা অসহায় নারী-শিশু ও মজলুমানদের ফরিয়াদের জবাবে অলী ও নাসীর (বন্ধু ও সাহায্যকারী) হয়ে রণাঙ্গনে ঝাঁপিয়ে পড়েছে ।
- যাঁরা গভীর রজনীতে চোখের পানি ছেড়ে দিয়ে মহান রবের দরবারে শাহাদাতের মৃত্যুর জন্য আবেদনে মগ্ন ।
- যাঁরা দুশমনের মোকাবেলা করতে গিয়ে হাত-পা, নাক-কান ইত্যাদি হারিয়ে পঙ্গুত্বের জীবন যাপন করছে ।
- যাঁরা ঘোড়ার লাগাম ধরে কোন অসহায় নারী ও শিশুর চিৎকার ও মজলুম ভাইয়ের আহবানে সাড়া দেওয়ার জন্য সদা প্রস্তুত ।

-সেই সকল মর্দে মুমিন আল মুজাহিদূনা ফী সাবীলিল্লাহর জন্য

- যারা তাদের প্রভু ইহুদী-খৃষ্টানদের খুশি করার জন্য কোরআন থেকে জিহাদকে সম্পূর্ণরূপে তুলে দিতে আগ্রহী ।
- যারা কোরআন ও হাদীসে অসংখ্য জায়গায় বর্ণিত জিহাদকে ‘ইসলামের নামে জঙ্গিবাদ’ বলে আখ্যায়িত করে মুসলিম যুব সমাজকে বিভ্রান্ত করার কাজে লিপ্ত ।
- যারা কোরআন হাদীসের অসংখ্য জায়গায় বর্ণিত জিহাদকে অস্বীকার করতে না পেরে শুধুমাত্র ‘আত্মরক্ষামূলক জিহাদে’র কথা বলে তাদের পরম বন্ধু ইহুদী-খৃষ্টানদের খুশি করতে চায় ।
- যারা জিহাদকে নফসের জিহাদ, কলমের জিহাদ, কথার জিহাদ ও মিছিল-মিটিংয়ের জিহাদের মাধ্যমে অপব্যাখ্যা করে মুসলিম উম্মাহ্কে বিভ্রান্তির বেড়াজালে আবদ্ধ করছে ।

- যারা দ্বীন কায়েমের সঠিক পথ পরিত্যাগ করে গণতন্ত্র, সমাজতন্ত্র, রাজতন্ত্র ও পীরতন্ত্রের মাধ্যমে দ্বীন কায়েমের ব্যর্থ চেষ্টায় লিপ্ত ।
- যারা ধর্মকে রাষ্ট্রব্যবস্থা থেকে আলাদা করে বহু ইলাহ ও বহু রবের ইবাদতে লিপ্ত ।
- যারা নবীওয়ালা কাজের নামে জিহাদ বিমুখ দাওয়াতী কাজে জান-মাল ব্যয়ে ব্যস্ত ।

-ইসলামের সেই সকল নাদান দোস্ত, অসহায়, দূর্বল ও ইহুদী-খৃষ্টানদের পাঁ’চাটা গোলাম, জ্ঞানপাপীদের প্রতি

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ وَعَسَى أَنْ تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَّكُمْ وَعَسَى أَنْ تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَّكُمْ وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ.

“তোমাদের উপর (কাফেরদের বিরুদ্ধে) যুদ্ধ করাকে ফরজ করে দেওয়া হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয় এবং হতে পারে কোন বিষয় তোমরা অপছন্দ করছ অথচ তা তোমাদের জন্য কল্যাণকর। আর হতে পারে কোন বিষয় তোমরা পছন্দ করছ অথচ তা তোমাদের জন্য অকল্যাণকর। আর (প্রকৃত বিষয়) আল্লাহ জানেন এবং তোমরা জান না।” (সূরা বাকারা ২, আয়াত ২১৬)

সূচীপত্র

পঞ্চম অধ্যায়

আল বাই'আত

ষষ্ঠ অধ্যায়

আল হিজরাহ্

সপ্তম অধ্যায়

আল জিহাদ

জিহাদের লক্ষ্য ও উদ্দেশ্য

অষ্টম অধ্যায়

ফাযায়েলে জিহাদ

নবম অধ্যায়

দশম অধ্যায়

মুজাহিদের ফজীলত

এগারতম অধ্যায়

শহীদদের মর্যাদা

বারতম অধ্যায়

প্রশ্নোত্তরে জিহাদ বিষয়ক কিছু সংশয় নিরসন

গণতন্ত্র বিষয়ে কতিপয় সংশয় নিরসন

তেরতম অধ্যায়

ভূমিকা

সকল প্রশংসা মহান আল্লাহ রাব্বুল আলামীনের জন্য। আমরা কেবলমাত্র তাঁরই প্রসংশা করি, তাঁর কাছেই সাহায্য চাই, তাঁর কাছেই ক্ষমা প্রার্থনা করি এবং তার কাছেই হেদায়েত চাই। আমরা আমাদের নফসের সকল অনিষ্টতা এবং সকল কর্মের ভূল-ভ্রান্তি থেকে তাঁর কাছেই আশ্রয় চাই। তিনি যাকে হেদায়েত দান করেন কেউ তাকে গোমরাহ্ করতে পারে না। আর তিনি যাকে গোমরাহ্ হতে দেন কেউ তাকে হেদায়েত দিতে পারে না। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত আর কোন ইলাহ নেই, তিনি এক ও একক, তার কোন শরীক নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বান্দা ও তাঁর প্রেরিত রাসূল।

আমি ঘোষণা করছি যে, সর্বাধিক সত্যকথা আল্লাহর কালাম (আল্লাহর কথা)। আর সর্বাধিক উত্তম আদর্শ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আদর্শ। সর্বাধিক উত্তম কাজ কুরআন-সুন্নাহে বর্ণিত কাজ। আর সর্বাধিক মন্দ কাজ কুরআন-সুন্নাহ বিবর্জিত বেদ'আত কাজ এবং সকল বেদ'আত গোমরাহী আর সকল গোমরাহীর পরিণাম জাহান্নাম।

বর্তমান বিশ্বের মুসলিম জাতি আজ দু'টি বিষয়ে খুবই উদাসীন। অথচ ইসলামের অস্তিত্ব ও স্থায়ীত্বের জন্য ঐ দুটো জিনিষ খুবই প্রয়োজন। একটির সম্পর্ক ঈমান ও আক্বিদার সাথে, অপরটির সম্পর্ক আমলের সাথে। একটির সম্পর্ক ইবাদতের ভিতরের অবকাঠামোর সঙ্গে, অপরটির সম্পর্ক বাহিরের অবকাঠামোর সঙ্গে। আর তা হলো: তাওহীদ ও জিহাদ। তাওহীদ হলো মুসলিম জাতির ঈমানের মূল ভিত্তি বা ভিতরের অবকাঠামো। আর জিহাদ হলো ইসলামের স্থায়ীত্বের মূল ভিত্তি বা বাহিরের অবকাঠামো। অন্তরে লক্ষ্য-উদ্দেশ্য হবেন আল্লাহ (সুব:), আর সেই লক্ষ্যের দিকে চলতে হবে ঐ পথ ধরেই যে পথ 'تَنْزِيـــلٌ مِـــنْ رَبِّ الْعَالَمِينَ' রাব্বুল আলামীনের পক্ষ থেকে নাযিলকৃত,[১] 'نَزَلَ بِهِ الرُّوحُ الْأَمِينُ' রূহুল আমীন জিবরাইল (আ:) এর মাধ্যমে নাযিল করা হয়েছে[২] এবং নাযিল হয়েছে 'عَلَى قَلْبِكَ لِتَكُونَ مِنَ الْمُنْـــذِرِينَ' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অন্তরে যাতে তিনি লোকদের সতর্ক করতে পারেন।[৩] অর্থাৎ সকল কাজ করতে হবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাহ মোতাবেক।

কিন্তু আজ মুসলিম জাতির ভিতরে এই দু'টি জিনিষেরই অভাব। কারো ভিতরে তাওহীদ আছে কিন্তু জিহাদ নেই। বরং আছে বহু দলীয় গণতন্ত্র, সমাজতন্ত্র, রাজতন্ত্র ইত্যাদির মাধ্যমে বহু রব ও বহু ইলাহের ইবাদত। আবার কারো ভিতরে জিহাদ আছে কিন্তু তাওহীদ নেই বরং পীর-মুরিদী, কবর-মাজার, খানকা-দরগা ইত্যাদি কর্তৃক তৈরীকৃত সুন্নাহ বিবর্জিত বহু ত্বরীকার মনগড়া আমল। আর এর মাধ্যমে সহজে জান্নাতে যাওয়ার নব আবিস্কৃত শিরক-বিদআতে জর্জরিত চিশতিয়া, কাদেরিয়া, নকশাবন্দিয়া, ছাবেরিয়া ইত্যাদি নামক তথাকথিত শর্টকাট রাস্তা।

অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যখন জান্নাতে যাওয়ার আমল সম্পর্কে প্রশ্ন করা হলো তখন তিনি কি বলেছিলেন? তিনি যা বলেছিলেন নিম্নের হাদীসটিতে তার বিবরণ রয়েছে:

عَنْ مُعَاذَ بْنِ جَبَلٍ قَالَ : يَا نَبِيَّ اللهِ ، أَخْبِرْنِي بِعَمَلٍ يُدْخِلُنِي الْجَنَّةَ ؟ قَالَ : بَخٍ لَقَدْ سَأَلْتَ عَنْ عَظِيمٍ ، وَإِنَّهُ لَيَسِيرٌ عَلَى مَنْ يَسَّرَهُ اللهُ تَعَالَى عَلَيْهِ تَعْبُدُ اللهَ عَزَّ وَجَلَّ وَلاَ تُشْرِكْ بِهِ شَيْئًا وَتُقِيمُ الصَّلاَةَ الْمَكْتُوبَةَ وَتُؤْتِي الزَّكَاةَ الْمَفْرُوضَةَ أَلاَ أَدُلُّكَ عَلَى رَأْسِ الأَمْرِ وَعُمُودِهِ وَذُرْوَةِ سَنَامِهِ ؟ أَمَّا رَأْسُ الأَمْرِ الإِسْلاَمُ أَسْلِمْ تَسْلَمْ وَأَمَّا عُمُودُهُ فَالصَّلاَةُ وَأَمَا ذُرْوَةُ سَنَامِهِ فَالْجِهَادُ فِي سَبِيلِ اللهِ

অর্থ: "মুআজ ইবনে জাবাল (রা:) থেকে বর্ণিত, তিনি জিজ্ঞেস করলেন, হে আল্লাহর নবী! আমাকে এমন আমল বলে দিন, যে আমল আমাকে

---

[১] সুরা ওয়াকেয়া ৫৬:৮০।
[২] সুরা শুআ'রা ২৬:১৯৩।
[৩] সুরা শুআ'রা ২৬:১৯৪।

জান্নাতে প্রবেশ করাবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, বাহ! তুমি একটি গুরুত্বপূর্ণ কঠিন বিষয়ে প্রশ্ন করেছ। তবে এটা আল্লাহ (সুব:) যার জন্য সহজ করে দেন তার জন্য খুবই সহজ। আর তা হলো: এক আল্লাহর ইবাদত করবে তার সঙ্গে কোন কিছুকে শরীক করবে না। ফরজ সালাতগুলো কায়েম করবে। ফরজ যাকাত আদায় করবে। আমি কি তোমাকে সকল কাজের মূল ভিত্তি, তার পিলার বা খুটি এবং তার সর্বোচ্চ চূড়া সম্পর্কে বলবো না? সকল কাজের মূল হলো ইসলাম। তাই তুমি ইসলাম গ্রহণ করো এবং শান্তিতে থাক। আর তার পিলার বা খুটি হলো সালাত এবং তার সর্বোচ্চ চূড়া হলো 'আল জিহাদ ফী সাবীলিল্লাহ' আল্লাহর রাস্তায় যুদ্ধ করা।"[৪]

এই হাদীসে যেভাবে ইসলামের অস্তিত্বের বিষয়গুলোকে গুরুত্বসহকারে উল্লেখ করা হয়েছে তেমনিভাবে ইসলাম টিকে থাকার জন্য যে জিনিষটির প্রয়োজন সেটিও গুরুত্ব সহকারে বর্ণনা করা হয়েছে। আর তা হলো 'وَأَمَّاذُرْوَةُ سَنَامه فَالْجِهَادُ فِي سَبِيلِ الله' ইসলামের সর্বোচ্চ চূড়া হলো আল্লাহর রাস্তায় জিহাদ করা। সুতরাং এই উম্মত যখন ইসলামের সর্বোচ্চ চূড়াকে যথাযথ গুরুত্বের সাথে হেফাজত করবে তখন অন্যান্য শাখাগুলোও নিজ অবস্থানে মর্যাদার সাথে বহাল থাকবে। অন্যথায় সেগুলোও বিনষ্ট হয়ে যাবে।

অনেকে বলে থাকে, ইসলামের পঞ্চবেনার মধ্যে তো জিহাদের কথা উল্লেখ নেই, সুতরাং ইসলামে জিহাদের তেমন কোন গুরুত্ব নেই। এই হাদীসে সেই প্রশ্নেরও সুন্দর সমাধান দেওয়া হয়েছে। কারণ যে হাদীসে ইসলামের বেনা পাঁচটি বলা হয়েছে সেখানে শুধু ইসলামের পাঁচটি পিলারের কথা বলা হয়েছে। আর এ কথা সকলেরই জানা যে শুধু পিলারের নাম বিল্ডিং নয়। বিল্ডিংয়ের জন্য প্রয়োজন রয়েছে দরজা-জানালা, টয়লেট-বাথরুম ইত্যাদির। আর সবচেয়ে বেশী প্রয়োজন রয়েছে আরেকটি জিনিষের তা হলো ছাদ। ছাদ বিহীন শুধু পিলারের কোনই মূল্য নেই। বরং ছাদ না থাকার কারণে আস্তে আস্তে পিলার গুলোই নষ্ট হয়ে যাবে। ঠিক

[৪] **মুসতাদরাকে হাকেম ২৪০৮ হাদীসটি সহীহ, বুখারী, মুসলিমের শর্তানুযায়ী। মুসনাদে আহমদ ২২০৬৪; সুনানে বাইহাকী ১৮২৫৩।**

তেমনিভাবে এই হাদীসে ইসলাম নামক বিল্ডিংয়ের সেই গুরুত্বপূর্ণ ছাদ বলা হয়েছে 'আল জিহাদ ফী সাবীলিল্লাহ'কে। জিহাদ বিহীন ইসলামের বিল্ডিং পৃথিবীর বুকে টিকে থাকা সম্ভব নয়। জিহাদ ব্যতিত নিজের ঈমান রক্ষা করাও সম্ভব নয়। এ কারণেই এই হাদীসে জিহাদকে ইসলামের সর্বোচ্চ চূড়া বলে আখ্যায়িত করা হয়েছে। আর জিহাদের মাধ্যমেই আল্লাহ (সুব:) তার বান্দাদের পরিক্ষা করে থাকেন। কারণ যুদ্ধের ময়দানেই পৃথক হয়ে যায় যে, কে সত্যিকার মুমিন আর কে মুনাফিক। সাহাবায়ে কিরামগণ বলতেন: 'আমরা ততদিন পর্যন্ত মুনাফিক চিনতে পারি নি যতদিন পর্যন্ত জিহাদের বিধান নাযিল না হয়েছে।'

বর্তমানেও দ্বীন কায়েমের জন্য মুসলিম দেশগুলোতে নানা রকম চেষ্টা চলছে। কেউ মনে করছেন, বর্তমান যুগে গণতান্ত্রিক পদ্ধতি ছাড়া ইসলাম কায়েম করা সম্ভব নয়। আবার কেউ মনে করছেন তাবলীগ জামাআ'তের মাধ্যমেই কেবলমাত্র দ্বীন কায়েম করা সম্ভব। আবার কেউ মনে করছেন পীরের কাছে মুরীদ হয়ে আধ্যাত্মিক শক্তি অর্জই করেই দ্বীন কায়েম করতে হবে। আর এ জন্য তারা হয়তো জিহাদের বিরূদ্ধে অবস্থান নিচ্ছে নতুবা জিহাদের অপব্যাখ্যা করছে। নফসের জিহাদ, কলমের জিহাদ, কথার জিহাদ ইত্যাদির মাধ্যমে জিহাদের ব্যাখ্যা করে মুসলিম জাতির মধ্যে জিহাদ সম্পর্কে বিভ্রান্তি ছড়াচ্ছে। তাদের অন্তর থেকে বাতিলের বিরূদ্ধে যুদ্ধ করার চেতনাকে ধ্বংস করে দিচ্ছে। মুসলিম জাতির অবস্থা এমন এক পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে, এখন যদি ঐ মানব রচিত, মনগড়া পদ্ধতিগুলোর বিরূদ্ধে কথা বলা হয় তখন তারা প্রশ্ন করে; তাহলে দ্বীন কায়েমের সঠিক পদ্ধতি কি? অথচ দ্বীন কায়েমের সঠিক পদ্ধতি সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুস্পষ্ট ঘোষণা রয়েছে। পবিত্র হাদীসে বর্ণিত হয়েছে:

عَنِ الْحَارِثِ الْأَشْعَرِيِّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا آمُرُكُمْ بِخَمْسٍ اللهُ اَمَرَنى بِهِنَّ اَلجَمَاعَةُ وَالسَّمْعُ وَالطَّاعَةُ وَالهِجْرَةُ وَالجِهَادُ فِيْ سَبِيْلِ الله

অর্থ: "হারেস আল আশআ'রী (রা:) হতে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: আমি তোমাদের পাঁচটি কাজের নির্দেশ দিচ্ছি, আল্লাহ আমাকে ঐগুলোর নির্দেশ দিয়েছেন। (সে কাজগুলো হচ্ছে)

(ক) اَلْجَمَاعَةُ (আল জামা-‘আহ) (সংগঠন/ঐক্য) একজন আমীরের অধীনে ঐক্যবদ্ধ হওয়া।

(খ) اَلسَّمْعُ (আস সামউ’) আমীরের নির্দেশ শ্রবণ করা।

(গ) اَلطَّاعَةُ (আত ত্ব-আহ) আমীরের নির্দেশ পালন করা।

(ঘ) اَلْهِجْرَةُ (আল হিজরাহ) হিজরত করা।

(ঙ) اَلْجِهَادُ (আল জিহাদ) আল্লাহর রাস্তায় যুদ্ধ করা।[৫]

বক্ষমান কিতাবটিতে মূলত: দ্বীন কায়েমের জন্য আল্লাহ (সুব:) কতৃক প্রদত্ত্ব এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কতৃক প্রদর্শিত এই পাঁচটি বিষয়েরই বিস্তারিত আলোচনা করা হয়েছে। এর মাধ্যমে মুসলিম জাতিকে মানব রচিত সকল প্রকার তন্ত্র-মন্ত্র পরিহার করে কুরআন-সুন্নাহ ভিত্তিক দ্বীন কায়েমের সঠিক পদ্ধতিতে ফিরিয়ে আনার জন্যই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস।

যেহেতু আমি নিজে কোন বাংলা সাহিত্যিক নই এবং আমার সঙ্গে যারা এই গুরুত্বপূর্ণ কাজে সহযোগীতা করছে তারাও কেউ বাংলা ভাষায় পারদর্শী নন, তাই ভাষাগত ভুল-ক্রুটি থাকা খুবই স্বাভাবিক। তাই ভাষার দিকে না তাকিয়ে বিষয়বস্তুকে গুরুত্ব দেওয়ার জন্যই বিশেষভাবে অনুরোধ রইল।

আল্লাহ (সুব:) আমাদের সকলকে তাঁর দ্বীনের জন্য কবুল করুন। আমীন!

মুহাম্মদ জসীমুদ্দীন রাহমানী
পিতা: মৃত নূর মুহাম্মদ হাওলাদার
গ্রাম+পোষ্ট: হেউলিবুনিয়া, থানা+জেলা: বরগুনা
পরিচালক: মারকাজুল উলূম আল ইসলামিয়া, বছিলা রোড,
মোহাম্মদপুর, ঢাকা, বাংলাদেশ
মোবাইল: ০১৭১২১৪২৮৪৩

---

[৫] তীরমিযি ২৮৬৩ আলবানী এটাকে সহীহ বলেছেন; মুসনাদে আহমদ ১৭২০৯; জামেউল আহাদীস ৪৪; সহীহ ইবনে হিব্বান ৬২৩৩; সহীহ ইবনে খুযাইমা ১৮৯৫; মুসান্নাফে আব্দুর রাজ্জাক ৫১৪১; তাহকীক : মুসনাদে আহমদ, সহীহ ইবনে খুযাইমা ও সহীহ ইবনে হিব্বানে হাদীসটিকে সহীহ বলে আখ্যায়িত করা হয়েছে।

প্রকাশকের কথা

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلَى سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَعَلَى آلِهِ وَاَصْحَابِهِ اَجْمَعِيْنَ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ وَلَا عُدْوَانَ اِلَّا عَلَى الظَّالِمِيْنَ وَبَعْدُ:

মুসলিম জাতি আজ অনৈক্যের বেড়াজালে আবদ্ধ। দল-উপদল, ফেরকাবন্দী, মনগড়া তরিক্বা ইত্যাদি সহ নানাবিধ কারণে ইসলামের সঠিক শিক্ষা থেকে বঞ্চিত তারা। ইসলাম, মুসলিম, ইলাহ্, রব, ঈমান, ইহসান, কুফর, জুলম, নিফাক, ফিস্ক, রিদ্দাহসহ যাবতীয় মৌলিক পরিভাষাগুলোর মনগড়া ব্যাখ্যা করছে তারা। শির্ক-বিদ‘আতের সয়লাবে হারিয়ে গেছে ইসলামের তাহজীব-তামাদ্দুন ও সঠিক পরিচয়। কবর পূজা, মাজার পূজা, পীর পূজা ইত্যাদি ‘আইয়্যামে জাহিলিয়্যাতে’র বাতিল রুসমগুলোকেও হার মানিয়েছে।

অপরদিকে রাষ্ট্রীয়ভাবে ধর্মকে রাজনীতি থেকে আলাদা করে বহু ইলাহ্ ও বহু রবের ইবাদতের রাস্তা খোলা হয়েছে। মন্ত্রী-এমপি ও শাসকদেরকে সার্বভৌম ক্ষমতার অধিকারী, আইনদাতা-বিধানদাতা, আইন প্রণয়ন করা ও প্রয়োজনে আল্লাহর আইন বাতিল করে বিকল্প আইন তৈরী করার ক্ষমতা দিয়ে তাদেরকে ফেরাউনের মত আল্লাহর আসনে বসানো হয়েছে। ইসলামের সঠিক শিক্ষার অবর্তমানে সৃষ্ট এই নারকীয় পরিস্থিতি হতে মুক্তি পেতে হলে সকল প্রকার তন্ত্র-মন্ত্র ত্যাগ করে আমাদের আবার ফিরে আসতে হবে কুরআন-সুন্নাহর দিকে।

মুসলিম জাতিকে কুরআন-সুন্নাহের দিকে ফিরিয়ে আনার জন্যই আমাদের এই সিরিজ প্রকাশনা। ইতিপূর্বে “কিতাবুল ঈমান”, “কিতাবুত তাওহীদ”, “কিতাবুল আকাঈদ”, “কিতাবুস সাওম”, “কিতাবুয যাকাত”, “কিতাবুল হজ্জ”, “তাওহীদের মূল শিক্ষা”, “বাই‘আত ও সীরাতে মুস্তাক্বীম”, “মরণের আগে ও পরে” এবং “কিতাবুদ দু‘আ” নামে দশটি কিতাব আমরা প্রকাশ করেছি। যা পাঠক সমাজে ব্যাপক সাড়া জাগিয়েছে। এটি আমাদের একাদশতম প্রকাশনা “দ্বীন ক্বায়েমের সঠিক পথ”।

সচেতন পাঠক মহলে “শায়খুল হাদীস মুফতী মুহাম্মদ জসীমুদ্দীন রাহমানী” সাহেবের পরিচয় নতুন করে দেয়ার প্রয়োজন আছে বলে মনে হয় না। আর যারা নতুন তারা এ কিতাব পড়লেই তার সম্পর্কে ধারণা পাবেন। শায়খের সীমাহীন ব্যাস্ততা আর ধারাবাহিক সফরের মধ্যে খুবই স্বল্পতম সময়ে এই কিতাব বের করায় এতে স্বাভাবিকের তুলনায় একটু বেশীই বানান ও শব্দ বিভ্রাট থেকে যেতে পারে। তবে আক্বীদা ও কুরআন সুন্নাহর খেলাফ কোন বিষয় আশা করি এতে নেই।
উক্ত কিতাবে কোন ভুল-ত্রুটি দৃষ্টিগোচর হলে তা লেখকের নয়, বরং প্রকাশক মহলের বলে গ্রহণ করার ও সে ব্যাপারে আমাদেরকে অবগত করার অনুরোধ রইলো।

মহান আল্লাহ (সুব:) আমাদের সবাইকে তার দ্বীনের জন্য কবুল করুন, আমীন!

-আল হাদীদ পাবলিকেশন্স

وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّه

অর্থ: “আর তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ কর, যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং দ্বীন পূর্ণরূপে আল্লাহর জন্য হয়ে যায় (আল্লাহ কর্তৃক নির্ধারিত জীবন ব্যবস্থা পরিপূর্ণরূপে প্রতিষ্ঠিত হয়ে যায়)।” (সূরা আনফাল ৮:৩৯)

প্রথম অধ্যায়

ইকামাতে দ্বীনের ব্যাখ্যা

প্রশ্ন: ‘দ্বীন’ শব্দের অর্থ কি?

উত্তর: ‘দ্বীন’ শব্দের একাধিক অর্থ রয়েছে। কুরআন মজীদে বিভিন্ন অর্থেই এ শব্দটি ব্যবহার করা হয়েছে। কোন্ স্থানে কি অর্থে ব্যবহার করা হয়েছে তা পূর্ণ বাক্য থেকে বুঝা যাবে। যে বাক্যে শব্দটি ব্যবহার করা হয়েছে তা থেকে বিচ্ছিন্ন করে ঐ শব্দের অর্থ সঠিকভাবে বুঝার উপায় নেই।

‘দ্বীন’ শব্দের কয়েকটি অর্থ কুরআন পাকে সুস্পষ্টভাবে বুঝা যায়। নিম্নে তা উল্লেখ করা হলো:

এক: প্রতিদান, প্রতিফল, বিনিময় ইত্যাদি।

দুই: আনুগত্য বা হুকুম মেনে চলা।

তিন: আনুগত্য করার বিধান বা আনুগত্যের নিয়ম (যা ওহীর মাধ্যমে নির্ধারিত)।

চার: আইন অর্থাৎ রাষ্ট্র ব্যবস্থা যে নিয়মের অধিনে চলে, অনুরূপ সমাজ ব্যবস্থার ক্ষেত্রেও ব্যবহার হয় (যা ওহীর মাধ্যমে নয় বরং মানুষের সৃষ্টি করা)।

কুরআন পাকের কয়েকটি আয়াত থেকে দ্বীন শব্দের এসব অর্থ অত্যন্ত পরিষ্কারভাবে বুঝা যায়।

প্রথম অর্থ: প্রতিদান বা বদলা

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

[مَالِكِ يَوْمِ الدِّينِ} [الفاتحة : ٤ }

অর্থ: “প্রতিদান দিবসের মালিক।”[৬]

তাফসীরে বাইযাভীতে বলা হয়েছে:

ويوم الدين يوم الجزاء ومنه «كما تدين تدان» وبيت الحماسة : ولم يَبْـــقَ سِـــوَى العدوانِ دِناهُمْ كما دَانُوا

[৬] সুরা ফাতিহা: ১:৪।

ইয়াউমুদ দ্বীন হচ্ছে ‘ইয়াউমূল জাযা’ বা বিনিময় দিবস। এ অর্থেই একটি আরবী প্রবাদ রয়েছে ‘কামা তাদ্বীনু তুদ্বানু’ অর্থাৎ ‘যেমন কর্ম তেমন ফল’। এ অর্থেই আরবী সাহিত্যের প্রসিদ্ধ কিতাব ‘হামাসাহ’তে বলা হয়েছে: ‘শত্রুতা ছাড়া আমাদের আর কোন উপায় ছিল না, তাই আমরা তাদেরকে কর্মানুযায়ী উচিৎ বিনিময় দান করেছি।”[৭]

অপর এক আয়াতে বলা হচ্ছে:

[كَلَّا بَلْ تُكَذِّبُونَ بِالدِّينِ } [الانفطار : ٩ }

অর্থ: “না, তা নয়, বরং তোমরা প্রতিদানকে মিথ্যা মনে করেছো।”[৮]

এ আয়াত দুটিতে দ্বীন শব্দের অর্থ প্রতিদান, প্রতিফল, বদলা ইত্যাদি। আখেরাতে মানুষের কাজের যে বদলা দেয়া হবে তাই এখানে বুঝানো হয়েছে।

দ্বিতীয় অর্থ: আনুগত্য

আরবী ভাষার প্রসিদ্ধ অভিধান ‘লিসানুল আরব’ এ বলা হয়েছে:

ثم دانت بعدُ الربابُ أَي ذلت له وأَطاعته و الدِّينُ من هذا إِنما هو طاعته والتعبـــد له و دانه ديناً أَي أَذله واستعبده

“دَانَ শব্দের একটি অর্থ اَطَـــاعَ বা ‘সে আনুগত্য করল’। এ থেকে دِيـــن মানে اطَاعَة বা আনুগত্য করা, বিনয় প্রকাশ করা। নিজেকে কারো গোলাম বানানো।”[৯]

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{أَفَغَيْرَ دِينِ اللَّهِ يَبْغُونَ وَلَهُ أَسْلَمَ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا وَإِلَيْـــهِ يُرْجَعُونَ} [آل عمران : ٨٣]

অর্থ: “তারা কি আল্লাহর দ্বীনের (আনুগত্যের) পরিবর্তে অন্য কিছু তালাশ করছে? অথচ আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে সেগুলো ইচ্ছায় বা

[৭] তাফসীরে বাইযাভীর সুরা ফাতেহার ৩ নং আয়াতের তাফসীর দ্রষ্টব্য।

[৮] সুরা ইনফিতার: ৮২:৯।

[৯] লিসানুল আরব ১৩ খন্ড ১৬৪ পৃষ্ঠা, দ্বীন শব্দের ব্যাখ্যা দ্রষ্টব্য।

অনিচ্ছায় তাঁরই আনুগত্য করে এবং তাদেরকে তাঁরই নিকট প্রত্যাবর্তন করানো হবে।"[১০]

এখানে "দ্বীন" শব্দটি আত্মসমর্পণ বা আনুগত্য অর্থেই ব্যবহার করা হয়েছে।

অপর আয়াতে বলা হয়েছে:

{فَاعْبُدِ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ} [الزمر : ٢]

অর্থ: "অতএব আল্লাহর 'ইবাদাত' কর তাঁরই আনুগত্যে একনিষ্ঠ হয়ে।"[১১]

অপর আয়াতে বলা হয়েছে:

{وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ} [البقرة : ١٩٣]

অর্থ: "আর তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যে পর্যন্ত না ফিতনা খতম হয়ে যায় এবং দ্বীন (সকল প্রকারের আনুগত্য) আল্লাহর জন্য নির্দিষ্ট হয়ে যায়।"[১২]

এখানে ফিত্‌না অর্থ আল্লাহর আনুগত্যের পথে বাঁধা সৃষ্টিকারী ইসলাম বিরোধী শক্তি। যুদ্ধের নির্দেশ দিয়ে এখানে বলা হয়েছে যে, বিরোধী শক্তিকে এমনভাবে দমন কর যাতে আল্লাহর আনুগত্য করতে কেউ বাঁধা দিতে না পারে।

এ তিনটি আয়াত নমুনা স্বরূপ দেয়া হলো। কুরআনে এ জাতীয় আয়াত বহু আছে। উল্লেখ্য যে, আনুগত্যই হলো 'দ্বীন' শব্দের প্রধান অর্থ।

তৃতীয় অর্থ: আনুগত্যের বিধান বা জীবন ব্যবস্থা (ওহীর মাধ্যমে নির্ধারিত)

{إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ} [آل عمران : ١٩]

অর্থ: "নিশ্চই আল্লাহর নিকট ইসলামই হচ্ছে একমাত্র মনোনীত দ্বীন (আনুগত্যের বিধান বা জীবন ব্যবস্থা)।"[১৩]

এই আয়াতের তাফসীর করতে গিয়ে তাফসীরে বাইযাভীতে বলা হয়েছে:

[১০] সুরা আল ইমরান ৩:৮৩।
[১১] সুরা আয যুমার ৩৯:২।
[১২] সুরা আল বাক্বারা ২:১৯৩।
[১৩] সুরা আলে ইমরান ৩:১৯।

لا دين مرضي عند الله سوى الإسلام ، وهو التوحيد والتدرع بالشرع الذي جاء به محمد صلى الله عليه وسلم

অর্থ: "আল্লাহর কাছে ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন গ্রহণযোগ্য নয়। আর তা হলো তাওহীদ ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক আনীত জীবন বিধানকে লৌহ বর্ম পরিধান করার ন্যায় গ্রহণ করা।"[১৪]

অপর আয়াতে একই অর্থে ব্যবহার হয়েছে:

{وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ} [آل عمران : ٨٥]

অর্থ: "যে ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন (জীবন ব্যবস্থা) চায়, তার কাছ থেকে তা কখনোই গ্রহণ করা হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্থদের অন্তর্ভুক্ত হবে।"[১৫]

অর্থাৎ আল্লাহর নিকট একমাত্র জীবন ব্যবস্থা বা আনুগত্যের বিধান হচ্ছে ইসলাম।

অপর আয়াতে ঘোষণা দেওয়া হয়েছে:

{شَرَعَ لَكُمْ مِنَ الدِّينِ مَا وَصَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ} [الشورى : ١٣]

অর্থ: "তিনি তোমাদের জন্য দ্বীন (জীবন ব্যবস্থা) বিধিবদ্ধ করে দিয়েছেন; (তা হচ্ছে ঐ জীবন ব্যবস্থা) যার ব্যাপারে তিনি নূহ (আ:) কে নির্দেশ দিয়েছিলেন। আর আমি (আল্লাহ) তোমার কাছে যে ওহী পাঠিয়েছি এবং ইবরাহীম, মূসা ও ঈসাকে যে নির্দেশ দিয়েছিলাম তা হল, তোমরা দ্বীন কায়েম করো এবং এই ব্যাপারে (দ্বীন কায়েম করতে গিয়ে) একে অপরের থেকে বিচ্ছিন্ন হয়ো না।"[১৬]

[১৪] তাফসীরে বাইযাভী সুরা আল ইমরানের ১৯ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।
[১৫] সুরা আলে ইমরান ৩:৮৫।
[১৬] সুরা শু'রা ২৬:১৩।

অর্থাৎ আল্লাহ (সুব:)সব নবীকেই তাঁর নাজিলকৃত জীবন ব্যবস্থা কায়েম করার নির্দেশ দিয়েছেন।

আমাদের রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ব্যাপারে ইরশাদ হয়েছে:

{هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ } [الصف : ٩]

অর্থ: "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীন দিয়ে প্রেরণ করেছেন, যাতে তিনি সকল দ্বীনের উপর এই দ্বীনকে বিজয়ী করে দেন। যদিও মুশরিকরা তা অপছন্দ করে।"[১৭]

সাথে সাথে এই ঘোষণাও দিলেন যে,

{الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ} [المائدة : ٣]

অর্থ: "আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণ করে দিলাম।"[১৮]

অর্থাৎ জীবনে একমাত্র আনুগত্যের বিধান যাতে পালন করা যায় এবং কোন ক্ষেত্রেই অন্য কোন বিধান থেকে কিছু নিতে না হয় সেজন্য তোমাদের জীবন বিধান পূর্ণ করে দিলাম।

উপরের আয়াতগুলোর মাধ্যমে 'দ্বীন' শব্দের অর্থ 'জীবন ব্যবস্থা' এটি প্রমাণিত হলো।

চতুর্থ অর্থ: মানব রচিত আইন, রাষ্ট্র ও জীবন ব্যবস্থা

দ্বীন শব্দটি যেভাবে আল্লাহ প্রদত্ত আইন, বিধান, রাষ্ট্র ও জীবন ব্যবস্থা অর্থে ব্যবহৃত হয় তেমনিভাবে মানব রচিত আইন, বিধান, রাষ্ট্র ও জীবন ব্যবস্থার ক্ষেত্রেও ব্যবহার হয়ে থাকে। যেমন: পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ} [الكافرون : ٦]

অর্থ: "তোমাদের জন্য তোমাদের দ্বীন আর আমার জন্য আমার দ্বীন।"[১৯]

[১৭] সুরা সাফ ৬১:৯।
[১৮] সুরা আল মায়েদা ৫:৩।
[১৯] সুরা কাফিরূন ১০৯:৬।

এ আয়াতে আল্লাহ প্রদত্ত দ্বীনে হক্বকেও দ্বীন বলা হয়েছে। মানব রচিত দ্বীনে বাতিলকেও দ্বীন বলা হয়েছে। পবিত্র কুরআনে আরও ইরশাদ হয়েছে:

{وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِي أَقْتُلْ مُوسَى وَلْيَدْعُ رَبَّهُ إِنِّي أَخَافُ أَنْ يُبَدِّلَ دِينَكُمْ أَوْ أَنْ يُظْهِرَ فِي الْأَرْضِ الْفَسَادَ } [غافر : ٢٦]

অর্থ: "আর ফির'আউন বলল, 'আমাকে ছেড়ে দাও, আমি মূসাকে হত্যা করবো এবং সে তাঁর রবকে ডাকুক; নিশ্চয়ই আমি আশঙ্কা করছি, সে তোমাদের দ্বীন পাল্টে দেবে অথবা সে যমীনে বিপর্যয় ছড়িয়ে দেবে।"[২০]

এখানে ফির'আউন তৎকালীন সমাজের মানব রচিত আইন, বিধান ও রাষ্ট্র ব্যবস্থাকে দ্বীন বলে উল্লেখ করেছে।

এমনিভাবে, ইউসুফ (আ) এর ঘটনা উল্লেখ করতে গিয়ে আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে ইরশাদ করেছেন:

مَا كَانَ لِيَأْخُذَ أَخَاهُ **فِي دِينِ الْمَلِكِ** [يوسف : ٧٦]

অর্থ: "বাদশার আইনে অন্য কাউকে ধরা যায় না।"[২১]

অর্থাৎ যে চুরি করেছে তাকেই ধরতে হবে। দেশের আইনে দোষীর বদলে অন্য কাউকে ধরা যায় না।" এ আয়াতে 'দ্বীন' শব্দটি মানুষ কর্তৃক রচিত আইন-বিধান এর অর্থে ব্যবহার করা হয়েছে।

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ} [التوبة : ٢٩]

অর্থ: "তোমরা যুদ্ধ কর সে সকল লোকদের বিরূদ্ধে যারা আল্লাহ ও শেষ দিবসে প্রতি ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম মনে করে না এবং সত্য দ্বীন গ্রহণ করে না।"[২২]

এই আয়াতের মধ্যেও দ্বীন শব্দটি রাষ্ট্র ও সমাজ ব্যবস্থা অর্থে ব্যবহৃত হয়েছে।

[২০] সুরা মু'মিন ৪০:২৬।
[২১] সুরা ইউসুফ ১২:৭৬।
[২২] সুরা তাওবা ৯:২৯।

মোটকথা: উপরোক্ত আয়াতগুলোতে 'দ্বীন' শব্দটি মানুষ কর্তৃক রচিত রাষ্ট্র, আইন, বিধান ও জীবন ব্যবস্থার ক্ষেত্রে ব্যবহার করা হয়েছে।

দ্বীনের ব্যাপকতা

প্রশ্ন: দ্বীন বলতে কি শুধু ধর্মীয় বিষয়কেই বুঝায় না ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক বিষয়গুলোও এর অন্তর্ভূক্ত?

উত্তর: আল্লাহর আনুগত্যের বিধান হিসেবে 'দ্বীন ইসলাম'কে মানব জীবনের সকল দিক ও বিভাগের জন্যই উপযোগী করে তৈরী করা হয়েছে। ব্যক্তি, পরিবার, সমাজ, রাষ্ট্র ও আন্তর্জাতিক সব বিষয়ে যাতে মানুষ একমাত্র আল্লাহর সঠিক আনুগত্য করতে পারে, সে উদ্দেশ্যেই আল্লাহ (সুব:) স্বয়ং ইসলামী জীবন বিধান রচনা করেছেন। সব দেশ, সব কাল ও সব জাতির উপযোগী জীবন বিধান রচনার ক্ষমতা আল্লাহ ছাড়া আর কারো হতেই পারে না।

আল্লাহর রচিত এ জীবন বিধানকে বাস্তব জীবনে কিভাবে পালন করা যায়, তার সত্যিকার নমুনা মানব জাতির নিকট পেশ করার জন্যই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দায়িত্ব দেয়া হয়েছে। কুরআনে আল্লাহ (সুব:)স্বয়ং এ ঘোষণা দিয়েছেন যে,

{لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِمَنْ كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيرًا} [الأحزاب : ٢١]

অর্থ: "অবশ্যই তোমাদের জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মধ্যে রয়েছে উত্তম আদর্শ। তাঁদের জন্য যাঁরা আল্লাহ ও পরকালের প্রত্যাশা করে এবং আল্লাহকে অধিক পরিমাণে স্মরণ করে।"[২৩]

অর্থাৎ মানুষ হিসেবে দুনিয়ায় সবচেয়ে উৎকৃষ্ট নমুনা হচ্ছেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। সুতরাং তাঁর প্রদর্শিত বিধানের মাধ্যমেই জীবন পরিচালনা করতে হবে।

[২৩] সুরা আহযাব ৩৩:২১।

যে দু'টি বিষয়ের সাক্ষ্য দেওয়ার মাধ্যমে ইসলামে প্রবেশ করতে হয় সে দু'টি সাক্ষ্যের মর্মকথাও এই দাবী করে যে, আল্লাহর আদেশ ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশের আনুগত্য সর্বব্যাপী। সাক্ষ্য দুটি হচ্ছে:

أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلاَّ اللهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ

অর্থ: "আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল।"

এ শব্দগুলো এমন কোন মন্ত্র নয় যে, তা উচ্চারণ করলেই আল্লাহর নিকট মুসলিম বলে গণ্য হয়ে যাবে। কালেমার অর্থ বুঝে কালেমার মর্মের প্রতি বিশ্বাস না করলে ঈমানের দাবী পূরণ হতে পারে না।

যেমন মনে করুন একজন লোক আদালতে হাজির হলো; বিচারক তাকে জিজ্ঞাসা করল, তুমি কে? সে বলল, আমি এই খুনের মামলার একজন সাক্ষী।

বিচারক জিজ্ঞাসা করল, বল কে খুন করেছে? কাকে খুন করেছে?

লোকটি বলল, তা তো আমি জানিনা।

তখন বিচারক কি বলবে? বিচারক বলবে যে, তুমি কি আদালতের সঙ্গে ফাজলামী করতে এসেছ? পুলিশ ডেকে লোকটিকে জেলে পাঠিয়ে দেবে।

দুনিয়ার সামান্য আদালতে সাক্ষী দিতে হলে জেনে, শুনে ও বুঝে সাক্ষী দিতে হয়। তাহলে সবচেয়ে বড় সাক্ষী এবং যে সাক্ষী স্বয়ং আল্লাহ দিয়েছেন, ফেরেস্তারা দিয়েছেন এবং সকল উলুল ইলমগণ (জ্ঞানীগণ) দিয়েছেন। সেই সাক্ষী কিভাবে না বুঝে, না জেনে দেওয়া যেতে পারে?

আল্লাহ, ফেরেশতা এবং সকল জ্ঞানীগণ এই দুটি বিষয়ের অর্থাৎ তাওহীদ এবং রিসালাতের সাক্ষ্য দিয়েছেন এর প্রমাণ নিম্নের আয়াতটি:

{شَهِدَ اللَّهُ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ وَالْمَلَائِكَةُ وَأُولُو الْعِلْمِ قَائِمًا بِالْقِسْطِ لَا إِلَهَ إِلَّا هُوَ الْعَزِيزُ الْحَكِيمُ} [آل عمران : ١٨]

অর্থ: "আল্লাহ সাক্ষ্য দেন যে, তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই, আর ফেরেশতা ও জ্ঞানীগণও (এই সাক্ষ্য দেন)। তিনি ন্যায় দ্বারা প্রতিষ্ঠিত। তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।"[২৪]

তাওহীদের সাক্ষ্য হচ্ছে সবচেয়ে বড় সাক্ষ্য এর প্রমাণ নিচের আয়াতটি:

{قُلْ أَيُّ شَيْءٍ أَكْبَرُ شَهَادَةً قُلِ اللَّهُ شَهِيدٌ بَيْنِي وَبَيْنَكُمْ وَأُوحِيَ إِلَيَّ هَـذَا الْقُـرْآنُ لِأُنْذِرَكُمْ بِهِ وَمَنْ بَلَغَ أَئِنَّكُمْ لَتَشْهَدُونَ أَنَّ مَعَ اللَّهِ آلِهَةً أُخْرَى قُلْ لَا أَشْهَدُ قُلْ إِنَّمَا هُوَ إِلَهٌ وَاحِدٌ وَإِنَّنِي بَرِيءٌ مِمَّا تُشْرِكُونَ} [الأنعام : ١٩]

অর্থ: "বল, 'সাক্ষ্য হিসেবে সবচেয়ে বড় কোন স্বাক্ষ্য?' বল, 'আল্লাহ সাক্ষী আমার ও তোমাদের মধ্যে। আর এ কুরআন আমার কাছে ওহী করে পাঠানো হয়েছে যেন তোমাদেরকে ও যার কাছে এটা পৌঁছবে তাদেরকে এর মাধ্যমে আমি সতর্ক করি। তোমরাই কি সাক্ষ্য দাও যে, আল্লাহর সাথে রয়েছে অন্যান্য উপাস্য? বল, 'আমি সাক্ষ্য দেই না'। বল, 'তিনি কেবল এক ইলাহ আর তোমরা যা শরীক কর আমি নিশ্চয় তা থেকে মুক্ত'।"[২৫]

এই দুই সাক্ষী প্রদানের মাধ্যমে প্রকৃতপক্ষে মানব জীবনের মূলনীতিই ঘোষণা করা হয়। যে ব্যক্তি এ কালেমা কবুল করে সে আসলে দুটো এমন মৌলিকনীতি মেনে নেয় যা তার সারা জীবন আল্লাহর দেয়া বিধান অনুযায়ী চলার জন্য জরুরী।

"লা-ইলাহা ইল্লাল্লাহু" দ্বারা ঘোষণা করা হয় যে, আল্লাহ ছাড়া আর কারো হুকুম মানবো না- অর্থাৎ আল্লাহর হুকুমের বিরুদ্ধে কারো কথাই মানবো না। এটাই প্রথম নীতি।

হাদীসে একথাটিকে স্পষ্ট করে বলা হয়েছে:

لاَ طَاعَةَ لِمَخْلُوقٍ فِي مَعْصِيَةِ الخَالِقِ

"স্রষ্টাকে অমান্য করে সৃষ্টিজগতের কারো আনুগত্য চলবে না"।[২৬]

---

[২৪] সুরা আল ইমরান ৩:১৮।

[২৫] সুরা আনআম ৬:১৯।

[২৬] জামেউল আহাদীস: হা: ১৩৪০৫, মুয়াত্তা: হা: ১০, মু'জামূল কাবীর: হা: ৩৮১, মুসনাদে শিহাব: হা: ৮৭৩ আবি শাইবা: হা: ৩৩৭১৭, কানযুল উম্মাল: হা: ১৪৮৭৫।

অর্থাৎ আল্লাহর আনুগত্যের বিপরীত আর কারো হুকুম মানব না - একথাই প্রথম নীতি।

সাক্ষীর দ্বিতীয় অংশে "মুহাম্মাদুর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম" এর মাধ্যমে দ্বিতীয় মূলনীতি ঘোষণা করা হয়েছে। এর মর্মকথা হলো, "আল্লাহর আনুগত্যের বাস্তব যে রূপ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দেখিয়ে গেছেন, একমাত্র সে নিয়মেই (তরীকায়) আল্লাহর হুকুম মানবো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছাড়া আর কারো কাছ থেকে আল্লাহর আনুগত্য ও দাসত্বের নিয়ম গ্রহণ করবো না।

এভাবে আল্লাহর হুকুম ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরীকা অনুযায়ী জীবন চলার সিদ্ধান্তই কালেমার মাধ্যমে প্রকাশ পায়। এ সিদ্ধান্ত জীবনের সব ব্যাপারে পালন করাই কালেমার অপরিহার্য দাবী। কথায় ও কাজে, চিন্তায় ও বাস্তবে সবসময় এবং সব অবস্থায় এ নীতি মানার ইচ্ছাই এ কালেমার মাধ্যমে প্রকাশ করা হয়।

সুতরাং এভাবে বুঝে-শুনে যারা কালেমার সাক্ষ্য প্রদান করে তাঁরাই প্রকৃত অর্থে মুসলিম। নফসের দুর্বলতার দরুণ বা শয়তানের ধোঁকার ফলে মুসলিম হয়েও আল্লাহর হুকুম বা রাসূলের তরীকার অমান্য হয়ে যেতে পারে। কিন্তু সর্বদা, সকল বিষয়ে আল্লাহ (সুব:)ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আনুগত্য করাই যে মুসলিমের কর্তব্য এবং কালেমার দাবী সে কথা সরল মনে স্বীকার করতেই হবে। অন্যথায় কেউ ঈমানদার ও মুসলিম হিসেবে আল্লাহর নিকট গণ্য হতে পারবে না। এই বিশ্বাসের সাথে যে ইসলাম কবুল করবে, তাঁর দ্বারা আল্লাহর হুকুম ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরীকা বিরোধী কোন কাজ হয়ে গেলেও সে অবশ্যই তাওবা করবে, মাফ পাওয়ার আশা করবে এবং ভবিষ্যতে এধরণের অন্যায় আর না করার সংকল্প গ্রহণ করবে।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জীবনই দ্বীন-ইসলামের বাস্তব নমুনা :

দ্বীন ইসলাম কতটা ব্যাপক তা শেষ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাস্তব জীবন থেকেই পরিষ্কার বুঝা যায়। তিনি আল্লাহর রাসূল

হিসেবেই সব কাজ করতেন। মসজিদে ইমামতি করার সময় তিনি যেমন রাসূল ছিলেন, মদীনার রাষ্ট্র পরিচালনার সময়ও তিনি রাসূল ছিলেন। যুদ্ধের ময়দানেও তিনি রাসূল ছিলেন। অর্থাৎ তিনি যত কাজ করেছেন ও যত কথা বলেছেন তা রাসূলুল্লাহ হিসেবেই করেছেন ও বলেছেন। ধর্মীয় বিষয়ে যেমন তিনি রাসূল হিসেবে দায়িত্ব পালন করেছেন, তেমনি ব্যবসা-বাণিজ্য, রাজনীতি, অর্থনীতি, যুদ্ধনীতি ইত্যাদি ক্ষেত্রেও রাসূল হিসেবেই সবকিছু করেছেন। তাই রাসূলূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর গোটা জীবনটাই আল্লাহর দ্বীন বা আল্লাহর আনুগত্যের মধ্যে শামিল। অর্থাৎ রাসূলের জীবন যতটা ব্যাপক দ্বীন ইসলামও ততটা ব্যাপক। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সর্বাবস্থায় পূর্ণরূপে মেনে চলাই মুসলিম জীবনের কর্তব্য। শুধু ধর্মীয় বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মেনে চললেই ইসলামী জীবন গড়ে উঠে না। সুতরাং যারা মুসলিম হবার দাবীদার হয়েও শুধুমাত্র ধর্মীয় জীবনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আদর্শ নেতা মেনে চলেন কিন্তু রাজনীতি, অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি ক্ষেত্রে রাসূলের বিপরীত নীতি ও চরিত্রের লোকদেরকে নেতা মানেন, তারা কালেমার বিপরীতেই কাজ করছেন। শুধু তাই নয় এ জাতীয় লোকেরা আল্লাহকে জীবনের সর্বক্ষেত্রে মুনিব বা ইলাহ মানতেই রাজী নয় এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সব বিষয়ে নেতা মানতেও প্রস্তুত নয়।

কতক লোক "ইসলামকে রাজনৈতিক ময়দানে টেনে আনার" বিরুদ্ধে কথা বলে। তারা ইসলামকে অন্যান্য ধর্মের মতো কতক আচার অনুষ্ঠান সর্বস্ব ধর্মই মনে করে। তারা আল্লাহ ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর "১৪৪ ধারা" জারী করতে চায়, যাতে মসজিদের বাইরে আল্লাহ ও রাসূলকে মানতে না হয়। প্রকৃতপক্ষে তারা ইসলামকেই মানতে রাজী নয়, যদিও তাদের মধ্যে কেউ কেউ কিছু ধর্ম-কর্মও করে থাকে। কিন্তু ইসলামের ব্যাপকতা সম্পর্কে তাঁদের ধারণা নেই বা মানতে প্রস্তুত নয়। এ জাতীয় লোকদেরকে "ধর্মনিরপেক্ষ" বলা হয়।

খুবই আশ্চর্যের বিষয় যে, পাকা দ্বীনদার হিসেবে সমাজে পরিচিত এক শ্রেণীর লোকও ধর্মনিরপেক্ষতাবাদীদের মতো কথা বলে। তারা সালাত, সাওম, হজ্জ, যাকাত, তাসবীহ ও তেলাওয়াতের মাধ্যমে ইসলামের আনুগত্য করছেন। কিন্তু আইন-আদালত, ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারখানা, দেশ শাসন ইত্যাদির ব্যাপারেও আল্লাহর কুরআন ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাহকে মানার চেষ্টা করা প্রয়োজন, তা তারা মনেই করেন না। কারণ তারাও দ্বীনের ব্যাপকতা সম্পর্কে সজাগ নন। সে হিসেবে তাদেরকেও ধর্মনিরপেক্ষ বলা চলে। কারণ তারাও ইসলামকে ধর্মীয় গণ্ডীর মধ্যে সীমাবদ্ধ রাখার পক্ষপাতি। এসব ধার্মিক লোক ইসলামকে রাজনীতি বর্জিত ধর্ম মনে করে। তাঁদের নিকট রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরিপূর্ণ 'আদর্শ মানব' হলে তারা কিছুতেই এমন ভুল করতে পারতেন না।

রাজনৈতিক ময়দানে কারো পক্ষে নিরপেক্ষ থাকা সম্ভব হয় না। প্রচলিত নির্বাচনে তো তারা কোন না কোন পক্ষকে সমর্থন করেই থাকে। এছাড়াও বিভিন্ন জাতীয় ইস্যুতে কোন না কোন মতামত গ্রহণ করা ছাড়া উপায় থাকে না। যারা ধার্মিক হয়েও রাজনীতির ময়দানে ধর্ম নিরপেক্ষ রাজনীতি করেন, ইসলামের পক্ষে কাজ করেন না; তাদের পক্ষে প্রচলিত নির্বাচনে এবং জাতীয় ইস্যুতে অধার্মিক রাজনৈতিক দলের খপ্পরে পড়ে যাওয়া অসম্ভব নয়। এ দ্বারা প্রমাণিত হয় যে, একদল "ধর্মনিরপেক্ষ রাজনীতিতে" বিশ্বাসী আর অন্যদল "রাজনীতি নিরপেক্ষ ধর্মে" বিশ্বাসী। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আনীত দ্বীন-ইসলামের দৃষ্টিতে উভয় দলই ভুল পথে আছেন। **তবে রাজনীতি বলতে আমরা প্রচলিত গণতান্ত্রিক রাজনীতি বা অন্য কোন মানব রচিত পদ্ধতির রাজনীতির কথা বলছি না, যেখানে সাধারণ জনগনের ভোটের মাধ্যমে নেতা নির্বাচণ করে থাকে। বরং কুরআন ও সুন্নাহর নির্দেশ মোতাবেক শুরা ভিত্তিক রাজনীতির কথা বলছি। যা বক্ষমান বইয়ে বিস্তারিতভাবে আলোচনা করা হবে। ইনশা-আল্লাহ!**

ইক্বামাতে দ্বীন বা দ্বীন কায়েমের মর্মকথা

প্রশ্ন: ইক্বামাত শব্দের অর্থ কি? ইক্বামাতে দ্বীন বলতে কি বুঝায়?

উত্তর: إقَامَةٌ শব্দটির আরবীতে কয়েকটি প্রতিশব্দ রয়েছে:

رَفْعٌ – اِنْشَاءٌ – تَأسِيْسٌ – نَصْبٌ –

رَفْعٌ অর্থ: উপরে উঠানো, দাঁড় করানো, তুলে ধরা।

اِنْشَاءٌ অর্থ: নির্মাণ করা, তৈরী করা, অস্তিত্বে আনা, স্থাপন করা।

تَأسِيْسٌ অর্থ: প্রতিষ্ঠা করা, প্রতিষ্ঠান কায়েম করা।

نَصْبٌ অর্থ: স্থাপন করা - যেমন খুঁটি স্থাপন করা।

সুতরাং 'ইক্বামাত' শব্দের অর্থ হলো:- কায়েম করা, প্রতিষ্ঠা করা, চালু করা, দাঁড় করানো, অস্তিত্বে আনা ইত্যাদি।

কুরআন পাকে أَقِيمُوا الصَّلَاةَ কথাটি বহুবার ব্যবহার করা হয়েছে। এর অর্থ "সালাত কায়েম কর।"

إِقَامَةُ الصَّلَاةِ (ইকামাতুস সালাত) মানে 'সালাত চালূ করা'। ফরয সালাতের পূর্বে মুয়াজ্জিন যেই 'ইকামাত' দেয় এর শেষ দিকে বলা হয় قَدْ قَامَتْ الصَّلَاةُ অর্থাৎ সালাত দাঁড়িয়ে গেছে বা সালাত শুরু হয়েছে।

সালাতের মাসআলা শেখা, সালাত সম্পর্কে জানা বা সালাতের বয়ান করাকে 'ইক্বামাতে সালাত' বলে না। বরং বাস্তবে সালাত চালূ হয়ে যাওয়াকেই 'ইক্বামাতে সালাত' বলে।

কোন ব্যাক্তির জীবনে সালাত ক্বায়েম হওয়ার অর্থ হলো যে, সে নিয়মিত, যথা সময়ে, জামায়াতের সাথে, সঠিক নিয়মে সালাত আদায় করে। কোন মহল্লায় সালাত ক্বায়েম হওয়ার অর্থ হলো মহল্লায় মসজিদ বিদ্যমান থাকা, সেখানে পাঁচ ওয়াক্ত সালাতের জামায়াত চালু থাকা এবং মহল্লার অধিকাংশ লোকে জামায়াতে শরীক হওয়া। বাংলাদেশ ক্বায়েম হওয়ার অর্থ হলো বাস্তবে স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশ নামে একটি রাষ্ট্র স্থাপিত হওয়া। একটি কারখানা ক্বায়েম হওয়ার অর্থ হলো কারখানা চালূ হওয়া। ঠিক তেমনি দেশে দ্বীন ইসলাম ক্বায়েম হওয়ার অর্থ হলো সরকার ও জনগণের যাবতীয় কাজ-কর্ম কুরআন-হাদীস অনুযায়ী পরিচালিত হওয়া।

"ইক্বামাতে দ্বীন" এমন একটি পরিভাষা, যার অর্থ বাংলায় বিভিন্নভাবে প্রকাশ করা যায়। "আল্লাহর দ্বীন কায়েম করা" বা "দ্বীন ইসলাম কায়েম করা" এর সহজ তরজমা হতে পারে। ইসলামী রাষ্ট্র, ইসলামী হুকুমত, ইসলামী সমাজ, নেযামে ইসলাম ইত্যাদির যে কোন একটি কথার সাথে "কায়েম করা" কথাটি যোগ করলে "ইক্বামাতে দ্বীন" শব্দটির পারিভাষিক অর্থ বুঝায়।

ইক্বামাতে দ্বীনের মর্ম সঠিকভাবে বুঝার জন্য বাস্তব উদাহরণ প্রয়োজন। আমাদের জন্মভূমি বাংলাদেশের উদাহরণ দিলেই বিষয়টা সহজ হবে। সবাই একথা স্বীকার করতে বাধ্য যে, বাংলাদেশে কুরআনের আইন ও রাসূলের আদর্শ রাষ্ট্রীয়ভাবে কায়েম নেই। এ দেশটি ইসলামী রাষ্ট্র নয়। সরকারও সঠিক অর্থে মুসলিম নয়। দেশের ব্যবসা-বাণিজ্য, ব্যাংক-বীমা, আদালত-ফৌজদারি, শিক্ষা-সংস্কৃতি, রাজনীতি-অর্থনীতি, দেশীয়-বৈদেশিক নীতি ইত্যাদির কোনটাই ইসলামী বিধান দ্বারা পরিচালিত নয়। স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠে যে, কোন্ আদর্শ, নীতি বা বিধান অনুযায়ী এই রাষ্ট্র, সরকার ও অন্যান্য সবকিছু চলছে? নিম্নে তার উত্তর প্রদান করা হলো।

কুরআনের পরিভাষায় ইসলামী বিধানকে (دِينُ الْحَقِّ) বলা হয়েছে। অর্থাৎ আল্লাহর আনুগত্য করাই "একমাত্র সত্য জীবন ব্যবস্থা"। সমাজে একজন অন্যজনের অনুগত না থাকলে কোন সমাজই চলতে পারে না। ইসলামের দাবী হলো যে,

{أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ} [الأعراف : ٥٤]

অর্থ: "জেনে রাখ, সৃষ্টি যার, বিধান চলবে তারই।"[২৭]

সুতরাং যেহেতু সৃষ্টি আল্লাহর তাই বিধান চলবে তাঁরই। সবার কর্তব্য একমাত্র আল্লাহরই আনুগত্য করা। মানব সমাজের শান্তি ও সুশৃংখলা একমাত্র একজন মনিবের পূর্ণ আনুগত্যের উপরেই নির্ভর করে।

আল্লাহ ছাড়া আর কেউ সম্পূর্ণ নিঃস্বার্থ হতে পারে না। আর কেউ নির্ভূলও নয়। সুতরাং সকলের কল্যাণে সত্য ও সঠিক বিধান শুধু তিনিই দিতে পারেন। তাই তাঁর রচিত বিধান 'দ্বীনে ইসলামই' একমাত্র সত্য বা 'দ্বীনে

[২৭] সুরা আ'রাফ ৭:৫৪।

হক’। এই ‘দ্বীনে হকে’র বিপরীতে যা কিছু সবই অসত্য, ভুল ও ক্ষতিকর। আল্লাহর আনুগত্যের বিরূদ্ধে আর যত প্রকার আনুগত্য রয়েছে তা সবই ‘দ্বীনে বাতিল’ বা মিথ্যার আনুগত্য। ‘হক্বে’র বিপরীত পরিভাষাই হলো ‘বাতিল’।

উপরোক্ত ব্যাখ্যা অনুযায়ী বাংলাদেশে যে সমাজ ও রাষ্ট্র ব্যবস্থা চালু রয়েছে তা ‘দ্বীনে বাতিল’। ‘দ্বীনে হক’ যেখানে কায়েম নেই সেখানে যেটাই চালু আছে সেটা অবশ্যই ‘বাতিল’। সে হিসেবে গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা, পুঁজিবাদী সমাজ ব্যবস্থা, ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ও সরকার, সমাজতান্ত্রিক ও কমিউনিষ্ট ব্যবস্থা, স্বৈরতান্ত্রিক ব্যবস্থা ইত্যাদি সবই ‘দ্বীনে বাতিল’।” সুতরাং বাংলাদেশে যেহেতু ‘দ্বীনে হক’ বা আল্লাহ (সুব:)এর মনোনীত ‘দ্বীনে ইসলামে’র আলোকে রাষ্ট্র পরিচালনা করা হয় না, তাই এটা স্পষ্ট যে এদেশের রাষ্ট্র ব্যবস্থা ‘দ্বীনে বাতিলে’র অনুসরণ করেই পরিচালনা করা হয়। হয়তো কোন কোন ক্ষেত্রে সামান্য কিছু ইসলামের কথা শুনা যায়, কিন্তু তা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। কারণ আল্লাহ (সুব:)আদেশ করেছেন পরিপূর্ণরূপে ইসলামে প্রবেশ করতে। ইরশাদ হচ্ছে:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُبِينٌ} [البقرة : ٢٠٨]

অর্থ: “হে মুমিনগণ, তোমরা ইসলামে পূর্ণরূপে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না। নিশ্চয়ই সে তোমাদের প্রকাশ্য শত্রু।”[২৮]

এ আয়াতে আল্লাহ (সুব:)এর ঘোষণা হলো, ইসলাম গ্রহণ করতে হলে পরিপূর্ণভাবেই গ্রহণ করতে হবে। তোমাদের পছন্দ মতো ইসলামের একাংশ গ্রহণ করে অন্য অংশ ত্যাগ করলে ইসলাম গ্রহণ করা হবে না।

অপর আয়াতে আরো স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে:

{أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ فَمَا جَزَاءُ مَنْ يَفْعَلُ ذَلِكَ مِنْكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَذَابِ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ} [البقرة : ٨٥]

[২৮] সুরা বাক্বারা ২:২০৮।

অর্থ: “তোমরা কি কিতাবের কিছু অংশে ঈমান রাখ আর কিছু অংশ অস্বীকার কর? তোমাদের মধ্যে যারা তা করে দুনিয়ার জীবনে লাঞ্ছনা ছাড়া তাদের কী প্রতিদান হতে পারে? আর কিয়ামতের দিনে তাদেরকে কঠিনতম আযাবে নিক্ষেপ করা হবে। আর তোমরা যা কর, আল্লাহ সে সম্পর্কে গাফিল নন।”[২৯]

এ আয়াতে আল্লাহ (সুব:)বলছেন, আমার আনুগত্য করতে হলে সব ক্ষেত্রেই আমাকে ‘মনিব’ হিসেবে মেনে নিতে হবে। যেখানেই তোমরা ইসলামকে বাদ দিবে সেখানেই তোমরা শয়তানের অনুসারী হবে।

এজন্যই কোন ব্যক্তি যদি ধর্মীয় ক্ষেত্রে ইসলামকে মানে কিন্তু রাজনৈতিক ময়দানে গণতন্ত্রী বা ধর্মনিরপেক্ষ হয় এবং অর্থনৈতিক ক্ষেত্রে সমাজতন্ত্রী বা পুঁজিবাদী হয় তাহলে সে ইসলামকে পূর্ণরূপে গ্রহণ করেনি বলেই বুঝা যাবে। বরং সে কুরআনের পরিভাষায় ‘মুজাবজাব’ বা ‘দোদুল্যমান ব্যক্তি’ বলে গণ্য হবে। যেটা মুমিনদের স্বভাব নয় বরং মুনাফিকদের চরিত্র। ইরশাদ হচ্ছে:

{مُذَبْذَبِينَ بَيْنَ ذَلِكَ لَا إِلَى هَؤُلَاءِ وَلَا إِلَى هَؤُلَاءِ وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَلَنْ تَجِدَ لَهُ سَبِيلًا}

অর্থ: “তারা এই (দ্বীনের) ব্যাপারে দোদুল্যমান, না এদের (মুমিনদের) দিকে আর না ওদের (কাফেরদের) দিকে। আর আল্লাহ যাকে পথভ্রষ্ট হতে দেন তুমি কখনো তার জন্য কোন পথ পাবে না।”[৩০]

এ জাতীয় লোকদের ব্যাপারে আল্লাহ (সুব:)আরও বলেছেন:

{إِنَّ الَّذِينَ يَكْفُرُونَ بِاللَّهِ وَرُسُلِهِ وَيُرِيدُونَ أَنْ يُفَرِّقُوا بَيْنَ اللَّهِ وَرُسُلِهِ وَيَقُولُونَ نُؤْمِنُ بِبَعْضٍ وَنَكْفُرُ بِبَعْضٍ وَيُرِيدُونَ أَنْ يَتَّخِذُوا بَيْنَ ذَلِكَ سَبِيلًا (١٥٠) أُولَئِكَ هُمُ الْكَافِرُونَ حَقًّا وَأَعْتَدْنَا لِلْكَافِرِينَ عَذَابًا مُهِينًا} [النساء : ١٥٠ ، ١٥١]

অর্থ: “নিশ্চয়ই যারা আল্লাহ ও তাঁর রাসূলগণের সাথে কুফরী করে এবং আল্লাহ ও তাঁর রাসূলগণের মধ্যে পার্থক্য করতে চায় (অর্থাৎ সকলকে মানতে চায় না) এবং বলে, ‘আমরা কতককে বিশ্বাস করি আর কতকের সাথে কুফরী করি’ এবং তারা এর মাঝামাঝি একটি পথ গ্রহণ করতে

[২৯] সুরা বাক্বারা ২:৮৫।
[৩০] সুরা নিসা ৪:১৪৩।

চায়, তারাই প্রকৃত কাফির এবং আমি কাফিরদের জন্য প্রস্তুত করেছি অপমানকর আযাব।”[৩১]

এটা একটা সাধারণ বিষয় যে, আপনার বাড়িতে যদি কোন মেহমান এসে দরজার ভিতরে অর্ধেক প্রবেশ করে আর অর্ধেক বাহিরে থাকে, তাহলে আপনি তাকে বলবেন, হয়তো ঘরের ভিতরে পরিপূর্ণ ভাবে প্রবেশ করুন, নতুবা সম্পূর্ণ বাহিরে থাকুন। ঠিক তেমনিভাবে ইসলামে প্রবেশ করলেও পরিপূর্ণভাবে প্রবেশ করতে হবে। আংশিক প্রবেশ করলে চলবে না। কিছু কিছু ক্ষেত্রে ইসলামকে মানবে, আর জীবনের বিশাল অংশে মানব রচিত আইন মেনে চলবে তা হতে পারে না। বাংলাদেশের শাসনতন্ত্রে বিসমিল্লাহ ও 'আল্লাহর প্রতি আস্থার' কথা লেখা থাকা সত্ত্বেও বাংলাদেশ 'ইসলামী রাষ্ট্র' নয়। কারণ "দ্বীনে হক" এ দেশে চালু নেই। যেটা চালু আছে সেটা সাধারণ যুক্তিতেই দ্বীনে বাতিল, এ বাতিল ব্যবস্থা ইংরেজ আমল থেকেই চালু রয়েছে। দ্বীনে বাতিলই এখানে বহুকাল থেকে বিজয়ী হয়ে আছে।

বর্তমান মুসলিম বিশ্বে দ্বীনে হকের অবস্থা

প্রশ্নঃ যেখানে 'দ্বীনে বাতিল' কায়েম বা বিজয়ী আছে সেখানে 'দ্বীনে হকের' অবস্থা কিরূপ?

উত্তরঃ এটা প্রশ্নের অপেক্ষা রাখে না। 'দ্বীনে হক' সেখানে 'দ্বীনে বাতিলে'রই অধীনে রয়েছে। অর্থাৎ 'দ্বীনে হক' বাংলাদেশ, পাকিস্তানসহ সকল মুসলিম দেশগুলোতে ততটুকুই বেঁচে আছে, যতটুকু দ্বীনে বাতিল অনুমতি দিয়েছে। 'দ্বীনে হকে'র ততখানি অংশই চালু আছে, যতটুকুতে দ্বীনে বাতিলের কোন আপত্তি নেই।

অর্থাৎ 'ইসলাম' বর্তমান মুসলিম দেশগুলোতে ঐ পরিমাণই টিকে আছে, যতটুকু দ্বীনে বাতিল বাঁধা দেয় না। আর 'দ্বীনে বাতিল' 'দ্বীনে হক্বে'র শুধু ততখানিই অনুমতি দেয়, যতখানি ওদের নিজেদের তৈরী করা মানব রচিত সংবিধানের সাথে অসামঞ্জস্যপূর্ণ নয়। যেমন বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ৭' এর দ্বিতীয় ধারাতে বলা হয়েছে, **'জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং**

[৩১] সুরা নিসা ৪:১৫০,১৫১।

অন্য কোন আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্য হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইবে।'[৩২]

এর দ্বারা স্পষ্ট হয়ে গেল যে 'দ্বীনে বাতিল' 'দ্বীনে হক্বে'র ততটুকুই সমর্থন করে, যতটুকু তার সাথে সামঞ্জস্য হয়। বাতিল সমাজ ও রাষ্ট্র ব্যবস্থা পরিপূর্ণ ইসলামকে কখনোই সহ্য করতে রাজী হতে পারে না। বাতিল সমাজের কর্তারা ইসলামের ততটুকু অংশকেই সহ্য করে, যতটুকুতে দ্বীনে বাতিলের কোন ক্ষতি হয় না। বাংলাদেশে ইসলামের যেসব খেদমত হচ্ছে, তাতে বাতিল যদি শংকিত হতো, তাহলে এসবকে সহ্য করতো না। মসজিদ, মাদ্রাসা, খানকাহ, ওয়াজ ও তাবলীগ দ্বারা বাতিল সমাজ ব্যবস্থা উৎখাত হবার কোন ভয় নেই বলেই এসব ইসলামী কাজকে বাঁধা দেয়া হচ্ছে না। অর্থাৎ বাতিলের পক্ষ থেকে আপত্তি নেই বলেই এগুলো টিকে আছে। বাতিলের সাথে এসবের কোন টক্কর বা সংঘর্ষ নেই।

বাংলাদেশে দ্বীন ইসলামের কী দশা তা সামান্য আলোচনা দ্বারাই স্পষ্ট হবে। ইসলাম হচ্ছে পূর্ণাঙ্গ একটি জীবন বিধান। ইসলামকে যদি বিরাট একটি দালানের সঙ্গে তুলনা করা হয় তাহলে কালেমা, সালাত, সাওম, হজ্জ ও যাকাত সে বিরাট বিল্ডিং এর ভিত্তি মাত্র। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একথাই বলেছেন:

بُنِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ... অর্থাৎ কালেমা, সালাত ইত্যাদি পাঁচটি জিনিস দ্বারা ইসলামী জীবন বিধানের ভিত্তি রচিত হয় মাত্র।[৩৩] শুধু এ ভিত্তিটুকুই ইসলাম নয়। ইসলামের মহান সৌধের সঠিক ধারণা আজ আলেম সমাজের মধ্যেও সকলের নেই। বাংলাদেশে ইসলামের গোটা বিল্ডিং এর তো কোন অস্তিত্বই নেই। শুধু ভিত্তিটুকুর অবস্থাই আলোচনা করে দেখা যাক যে বাংলাদেশে দ্বীনে হক্বের অবস্থা কত করুণ।

[৩২] 'বাংলাদেশের সংবিধান ও সার্বজনীন মানবাধিকার ঘোষণা' চতুর্দশ সংশোধণী পরবর্তী প্রকাশিত, এম.এ.সালাম রচিত, কালার সিটি কতৃক মুদ্রিত, পৃষ্ঠা নং: ৯।

[৩৩] সহীহ বুখারী ৮, ৪৫১৫; সহীহ মুসলিম ২১।

'কালেমা তাইয়্যেবা' যে গোটা জীবনের চিন্তা ও কাজের ব্যাপারে নীতি-নির্ধারণ করবে এবং এই কালেমা কবুল করার অর্থ যে জীবনের সকল ক্ষেত্রে আল্লাহ ও রাসুলের আনুগত্য করার অঙ্গীকার করা- একথা দ্বীনদার বলে পরিচিত মুসলমানদের মধ্যেও অনেকের জানা নেই। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের কোথাও কালেমার এ ব্যাপক অর্থ শেখানো হয় না। শিক্ষিত সমাজ যদি কালেমার এ মর্ম না জানে, তাহলে এ দোষ কার? দেশের সরকার ও শিক্ষা ব্যবস্থাই কি এর জন্য দায়ী নয়?

দ্বীনে ইসলামের প্রথম পাঠই কালেমা তাইয়্যেবা। যে নীতি অনুযায়ী গোটা জীবন যাপন করতে হবে। তাই যদি শেখার কোন ব্যবস্থা না হয়, তাহলে মানুষ ইসলামকে জীবনে কি করে পালন করবে?

এরপর সালাত হলো দ্বিতীয় ভিত্তি। আল্লাহ পাক মুসলিমদের উপর পাঁচ ওয়াক্ত সালাত জামাআতের সাথে ফরয করেছেন। ফরয মানে হলো অবশ্য কর্তব্য বা অপরিহার্য দায়িত্ব। আল্লাহ সালাতকে ফরযের গুরুত্ব দিয়েছেন। **কিন্তু আমাদের সমাজে সালাতের পজিশন কী?**

সাধারণভাবে এ দেশে সালাত মুবাহ (বৈধ) অবস্থায় আছে। অর্থাৎ করলে ক্ষতি নেই এবং না করলেও দোষ নেই। কোন কোন ক্ষেত্রে সালাত পড়া মাকরূহ বা অপছন্দনীয়। পিয়ন জামায়াতে যেয়ে সালাত পড়া হারাম বা নিষিদ্ধের পর্যায়ে আছে। তাই অনেকে ডিউটি থাকাকালে সালাত কাযা করতে বাধ্য হয়।

'দ্বীনে বাতিলের' অধীনে আল্লাহর দেয়া এ হুকুমের সাথে এরূপ ব্যবহার করাই স্বাভাবিক। যদি 'দ্বীনে হক' এ দেশে কায়েম থাকতো তাহলে সালাতকে ফরজ হিসেবেই মর্যাদা দেয়া হতো। সর্বত্র সবাই যাতে সালাত ঠিক মতো আদায় করতে পারে সে ব্যবস্থা করা হতো। কর্তারা নিজে নিয়মিত সালাত আদায় করতো। সালাত যে নীতি অনুযায়ী জীবন যাপনের শিক্ষা দেয় তা সালাত আদায়কারীদের জীবনে বাস্তবে দেখা যেতো।

এ সমাজে সাওমের (রোজার) অবস্থা কী? ইসলামের এ ভিত্তিটিও সালাতের মতোই 'মুবাহ' অবস্থায় আছে, অথচ আল্লাহ (সুব:)রমযান মাসের সাওমকে ফরজ করেছেন। 'দ্বীনে হক' কায়েম থাকলে সমাজে এমন পরিবেশ সৃষ্টি হতো যার ফলে দিনের বেলা হোটেলের দরজায় পর্দা

ঝুলিয়ে খাওয়ার মতো মুনাফেকী করা কোন মুসলমানের পক্ষে সম্ভব হতো না। সাওমের উদ্দেশ্য যে নৈতিক উন্নয়ন, বর্তমানে সে নৈতিকতার কোন মূল্যই সমাজে নেই। প্রবৃত্তির দাসত্ব থেকে মুক্ত হয়ে বিবেকের শক্তি বৃদ্ধি করাই সাওমের অন্যতম বড় উদ্দেশ্য। ভাল ও মন্দের বিচারজ্ঞান দিয়ে মানুষকে তৈরী করা হয়েছে। তাই মানুষকে বিবেকবান হিসেবে গড়ে তুলবার জন্যই সাওমের প্রয়োজন। কিন্তু দ্বীনে বাতিলের নিকট বস্তুগত সুখ ও প্রবৃত্তির পূঁজাই বড়। তাই "রমযানের পবিত্রতা রক্ষার" লোক দেখান কিছু অভিনয় চলে।

এবার হজ্জের অবস্থা দেখা যাক। যাদের হজ্জ করা উচিত তাদের উপর আল্লাহর নির্দেশ যে, মক্কা মুকাররামায় গিয়ে হজ্জ আদায় করতে হবে। কিন্তু আল্লাহর এ আদেশটি দ্বীনে বাতিলের অধীন। বাতিল যদি অনুমতি না দেয়, তাহলে হজ্জে যাওয়া যাবে না। যদি দ্বীনে হক দেশে কায়েম থাকতো তাহলে যাদের হজ্জে যাবার ক্ষমতা আছে তাদেরকে সরকারীভাবে হজ্জে যাবার জন্য তাকিদ দেয়া হতো।

যাকাতের অবস্থা আরও করুণ। প্রকৃতপক্ষে ইসলামে যাকাত ব্যবস্থা হলো সামাজিক নিরাপত্তার (Social security) বিধান। যাদের প্রয়োজনের চেয়ে আয় কম এবং কোন না কোন কারণে যারা অভাবগ্রস্ত ও ঋণী হয়ে পড়েছে তাদের জন্য ইসলামী সরকারের দায়িত্ব হলো যাকাত দেয়ার যোগ্য লোকদের নিকট থেকে যাকাতের টাকা আদায় করে যাকাত গ্রহণের যোগ্য লোকদের নিকট পৌঁছিয়ে দেয়া। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: تُؤْخَذُ مِنْ أَغْنِيَائِهِمْ وَتُرَدُّ عَلَى فُقَرَائِهِمْ অর্থাৎ: তাদের ধনীদের থেকে নেয়া হবে এবং তাদের গরীবেদের মধ্যে বণ্টন করা হবে।[৩৪]

যাকাত অন্যান্য ট্যাক্সের মতো নয়। যে কোন সরকারি কাজে যাকাতের টাকা খরচ করার অনুমতি নেই। কুরআনে খরচের জন্য যে আটটি খাতের কথা উল্লেখ রয়েছে তার বাইরে যাকাতের টাকা খরচ করার কোন অধিকার

[৩৪] সহীহ বুখারী ১৩৯৫।

সরকারের নেই। যাকাত ব্যবস্থা ঠিকমতো চালু করা হলে সমাজে ভিক্ষাবৃত্তি ও বেকার সমস্যা থাকতেই পারে না।

কিন্তু 'দ্বীনে হক' চালু নেই বলে যাকাতের মতো মহান ব্যবস্থাটিও ইসলামের কলংক বলে ধারণা হওয়ার কারণ ঘটেছে। বর্তমান বাতিল সমাজ ব্যবস্থায় যে নিয়মে যাকাত চালু আছে তাতে মনে হয় যে, যাকাত যেন গরীবদের প্রতি ধনীদের দয়ার ভিক্ষা। প্রকৃতপক্ষে ইসলামে যাকাত হলো যাকাতদাতাদের উপর ধার্য করা এক প্রকার বাধ্যতামূলক ট্যাক্স এবং দরিদ্রদের জন্য এটা হক বা অধিকার। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَفِي أَمْوَالِهِمْ حَقٌّ لِلسَّائِلِ وَالْمَحْرُومِ} [الذاريات : ١٩]

অর্থ: "আর তাদের (ধনীদের) মালের মধ্যে রয়েছে প্রার্থী ও বঞ্চিতদের অধিকার।"[৩৫]

ইসলামী সরকার যাকাত উসূল করে যথানিয়মে বিলি বন্টনের ব্যবস্থা করলে যাকাতের যথাযোগ্য হকদার ব্যক্তিরা তা অত্যন্ত সম্মানের সাথে পেতে পারে। বর্তমানে যারা যাকাত পায় তারা অপমানজনকভাবেই দাতাদের অনুগ্রহ হিসেবে তা পাচ্ছে।

ইসলামের পাঁচটি মূল ভিত্তির এখানে যে দুর্দশা তা থেকেই অনুমান করা যায় যে, গোটা ইসলামী জীবন বিধানের মর্যাদা এখানে কতটুকু?

ইসলামী আদর্শে বিশ্বাসী সবার অন্তরে দ্বীনে হকের যত উচ্চ মর্যাদাই থাকুক, বাস্তবে এ দেশে যে দ্বীনে বাতিলের অধীনে ইসলামের নামটুকু মাত্র বেঁচে আছে, তা ইসলাম দরদীরাই উপলব্ধি করতে সক্ষম।

যেটুকু ইসলাম বেঁচে আছে তা দ্বীনি মাদরাসাগুলোরই বিশেষ অবদান। এসব মাদরাসা না থাকলে কুরআন ও হাদীসের কোন চর্চাই থাকতো না। মুসলিম জনগণের সাহায্য না হলে এসব মাদরাসার অস্তিত্বই অসম্ভব হতো। বাতিলের অধীনে এটুকু বেঁচে থাকাটাও বড় সৌভাগ্যের কথা।

প্রশ্ন: দ্বীনে হক কায়েম হলে বাতিলের অবস্থা কি হয়?

[৩৫] সুরা জারিয়াত ১৯।

উত্তর: যেখানে দ্বীনে বাতিল কায়েম আছে সেখানে যেমন দ্বীনে হক বাতিলের অধীন হয়ে থাকতে বাধ্য হয়, তেমনি দ্বীনে হক কায়েম হলে বাতিলকেও হকের অধীন হতে হয়। আল্লাহ (সুব:)বাতিলকে খতম করার হুকুম দেননি। তিনি হককে বিজয়ী করার নির্দেশ দিয়েছেন। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ

অর্থ: "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীন সহ প্রেরণ করেছেন, যাতে তিনি একে সকল দীনের উপর বিজয়ী করেন।"[৩৬]

হক বিজয়ী হলে বাতিলকে ততটুকুই বেঁচে থাকার অধিকার ও সুযোগ দেয়া হবে, যতটা হকের জন্য ক্ষতিকর নয়। যেমন বর্তমানে দ্বীনে হক ততটুকুই টিকে আছে যতটুকুতে বাতিলের আপত্তি নেই বা যতটুকু থাকলে দ্বীনে বাতিলের কোন বিশেষ ক্ষতি হয় না।

আল্লাহ (সুব:) মানুষকে যে উন্নত নৈতিক সত্তা হিসেবে মর্যাদা দিতে চান তা একমাত্র দ্বীনে হকের অধীনেই সম্ভব। মানুষের মধ্যে পশুত্বের প্রবণতাকে নিয়ন্ত্রণের পরিবর্তে তা আরও আস্কারা দেয়ার জন্য দ্বীনে বাতিলের পক্ষ থেকে বস্তুগত অদ্ভূত অদ্ভূত দর্শন সৃষ্টি করা হয়েছে। ফলে মানুষ পশুর চেয়েও অধম ও জঘন্য চরিত্রের পরিচয় দিচ্ছে।

দ্বীনে হক বিজয়ী হলে মানুষকে সত্যিকার মানুষের মর্যাদায় উন্নীত করার জন্য আল্লাহর (সুব:) দেয়া বিধানকে বাস্তবে প্রয়োগ করা সম্ভব হবে। বিশ্বনবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেকালে দুনিয়ার সবচেয়ে অসভ্য ও নিকৃষ্ট মানব সমাজকে দ্বীনে হকের মাধ্যমেই ইতিহাসের শ্রেষ্ঠতম ও সভ্যতম সমাজে পরিণত করতে সক্ষম হয়েছিলেন।

প্রশ্ন: ইক্বামাতে দ্বীনের দায়িত্ব কার?

উত্তর: আল্লাহ (সুব:)এ দায়িত্ব দিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পাঠিয়েছেন। যেমন কুরআন পাকের তিনটি সূরায় এ বিষয়ে পরিষ্কার ভাষায় ঘোষণা করা হয়েছে:

[৩৬] সুরা তাওবা ৯:৩৩; সুরা ফাতাহ ৪৮:২৮; সুরা আস সফ ৬১:৯।

هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ [التوبة/٣٣، الفتح/٢٨، الصف/٩]

অর্থ: "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীন সহ প্রেরণ করেছেন, যাতে তিনি একে সকল দ্বীনের উপর বিজয়ী করেন।"[৩৭]

কিন্তু এ দায়িত্ব কি শুধু রাসুলেরই!

রাসূলের প্রতি যাঁরা ঈমান এনেছিলেন তাঁরা কি শুধু সালাত, সাওম ও অন্যান্য কতক ধর্মীয় দায়িত্ব পালন করাই নাজাতের জন্য যথেষ্ট মনে করতেন? কুরআন ও হাদীস একথার সাক্ষী দেয় যে, প্রত্যেক ঈমানদারকেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ইকামাতে দ্বীনের দায়িত্ব পালনে জান ও মাল দ্বারা পূর্ণরূপে শরীক হতে হতো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইমামতিতে মদীনার মসজিদে জামায়াতে সালাত আদায়কারী এক হাজার লোক নিয়ে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহুদের যুদ্ধে রওনা হলেন। কিছুদূর যেয়ে আব্দুল্লাহ বিন উবাই এর নেতৃত্বে তিনশ' লোক যুদ্ধে শরীক না হয়ে ফিরে এলো। আল্লাহ (সুব:)এদেরকে মুনাফিক বলে ঘোষণা করলেন। তাবুকের যুদ্ধে তিনজন সাহাবী যথাসময়ে রওয়ানা না হওয়ায় এবং পরে রওয়ানা হবার নিয়ত থাকা সত্ত্বেও রাসূলের নির্দেশে তাদেরকে মুসলিম জামায়াত থেকে বিচ্ছিন্ন ঘোষণা করা হলো। এমনকি তাদের বিবি বাচ্চাদেরকে পর্যন্ত তাদের সাথে কথা বলা বন্ধ রাখার জন্য নির্দেশ দেয়া হলো। এ অবস্থায় দীর্ঘ পঞ্চাশ দিন লাগাতার তাওবা করার পর আল্লাহ (সুব:) তাদেরকে ক্ষমা করলেন।

এ থেকে নিঃসন্দেহে প্রমাণিত হয় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দায়িত্ব নিয়ে এসেছিলেন তা বাস্তবায়নে পূর্ণভাবে শরীক হওয়া ঈমানের অপরিহার্য দাবী। সুতরাং বুঝা গেল যে, ইকামাতে দ্বীনের দায়িত্ব পালন করা প্রত্যেক মুসলিমের উপরই আবশ্যক। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এ মহান দায়িত্বে শরীক না হলে ঈমান আনার প্রয়োজনই কি ছিল? কুরআনে রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুখ দিয়েই প্রকাশ করানো হয়েছে যে:

[৩৭] **সুরা তাওবা ৯:৩৩; সুরা ফাতাহ ৪৮:২৮; সুরা আস সফ ৬১:৯।**

فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ [الشعراء/١٠٨/١١٠/١٢٦/١٣١/١٤٤/١٥٠]

অর্থ: "সুতরাং তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন কর এবং আমার আনুগত্য কর।"[৩৮]

অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পূর্ণ আনুগত্য করার মাধ্যমেই আল্লাহর আনুগত্য করা সম্ভব।

আল্লাহ পাক যত হুকুম করেছেন, যত বিধান দিয়েছেন তা বাস্তবে মানব সমাজে তখনই প্রচলন হতে পারে যখন দ্বীনে হক কায়েম করা হবে। কোন ফরয বিধানই দ্বীনে বাতিলের অধীনে থেকে ফরযের মর্যাদা পায় না। 'ইক্বামাতে দ্বীন' ছাড়া কোন হারামই সমাজ থেকে উৎখাত হতে পারে না। তাই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যত ফরজ কায়েম করতে পেরেছিলেন তা ইকামাতে দ্বীনের ফলেই সম্ভব হয়েছিল। দ্বীন কায়েম করতে না পারলে কোন ফরজই সমাজে চালু করতে পারতেন না। সুতরাং ইকামাতে দ্বীনের দায়িত্বটাই সব ফরজের বড় ফরজ। ইকামাতে দ্বীনের দায়িত্বকে অগ্রাহ্য করে সালাত, সাওম, হজ্জ, যাকাত ইত্যাদি কোন ফরজকেই ঠিকভাবে সমাজে কায়েম করা সম্ভব নয়। তেমনি দ্বীন কায়েম করা ছাড়া সমাজ থেকে খারাবী ও অন্যায়কে উৎখাত করা যায় না।

তাহলে একথা স্বীকার না করে উপায় নেই যে, ইকামাতে দ্বীনের দায়িত্ব (ফরিযায়ে ইক্বামাতে দ্বীন) প্রত্যেক মুসলিমের উপর ফরজ। অর্থাৎ দ্বীনকে কায়েম বা বিজয়ী করার চেষ্টা করা "ফরযে আইন"। অবশ্য দ্বীন বিজয়ী হয়ে গেলে ইসলামী রাষ্ট্রের পরিচালক সরকারের উপরই দ্বীনকে কায়েম রাখার দায়িত্ব থাকে। তখন এটা সাধারণ মুসলিমদের জন্য "ফরযে কিফায়া" হয়ে যায়। কিন্তু দ্বীনে বাতিলকে পরাজিত করে দ্বীনে হককে বিজয়ী করার দায়িত্বটি অবশ্যই "ফরযে আইন"। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে أُسْوَةٌ حَسَنَةٌ (উৎকৃষ্টতম আদর্শ) ও সাহাবায়ে কেরামকে অনুকরণ যোগ্য মনে করলে একথা স্বীকার করা ছাড়া উপায় নেই। সব ফরজের বড় ফরজ হিসেবে ইক্বামাতে দ্বীনের দায়িত্বকে বুঝাবার পর কারো পক্ষেই ইসলামের কতক মূল্যবান খেদমত করেই সন্তুষ্ট

[৩৮] **সুরা শূআ'রা: ১০৮, ১১০, ১২৬, ১৩১, ১৪৪, ১৫০।**

থাকা সম্ভব নয়। অবশ্য এ দায়িত্বের অনুভূতিই যাদের নেই তাদের কথা আলাদা। নাজাত দেয়ার মালিক যে মহান আল্লাহ তিনিই তাদের হাল জানেন এবং তিনি কারো উপর অবিচার করবেন না - একথা নিশ্চিত। কিন্তু আল্লাহ পাক যাদেরকে ইক্বামাতে দ্বীনের দায়িত্ব (ফরিযাহ) বুঝবার যোগ্যতা দিয়েছেন তাদের পক্ষে এ বিষয়ে অবহেলা করা স্বাভাবিক নয়। মাদ্রাসা, খানকাহ ও তাবলীগের মাধ্যমে দ্বীনের যতটুকু খেদমত হচ্ছে তাতেই সন্তুষ্ট থাকা তাদের জন্য যথেষ্ট নয়।

প্রশ্ন: আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েমের বিধান কি?

উত্তর: আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েম করা ফরজ। ইরশাদ হচ্ছে:

{شَرَعَ لَكُمْ مِنَ الدِّينِ مَا وَصَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ} [الشورى : ١٣]

অর্থ: "তিনি তোমাদের জন্য দ্বীন (জীবন ব্যবস্থা) বিধিবদ্ধ করে দিয়েছেন; (তা হচ্ছে ঐ জীবন ব্যবস্থা) যার ব্যাপারে তিনি নূহ (আ:) কে নির্দেশ দিয়েছিলেন। আর আমি (আল্লাহ) তোমার কাছে যে ওহী পাঠিয়েছি এবং ইবরাহীম, মূসা ও ঈসাকে যে নির্দেশ দিয়েছিলাম তা হল, তোমরা দ্বীন কায়েম করো এবং এই ব্যাপারে (দ্বীন কায়েম করতে গিয়ে) একে অপরের থেকে বিচ্ছিন্ন হয়ো না।"[৩৯]

যেহেতু এ আয়াতটিকে দ্বীন ও দ্বীনের উদ্দেশ্য সম্পর্কে অত্যন্ত গুরুত্বের সাথে আলোকপাত করা হয়েছে, তাই এর ব্যাপারে ভালোভাবে চিন্তা-ভাবনা করে তা বুঝে নেয়া আবশ্যক: বলা হয়েছে شَرَعَ لَكُمْ "তোমাদের জন্য নির্ধারণ করেছেন।" شَرَعَ শব্দের আভিধানিক অর্থ 'রাস্তা তৈরী করা' এবং এর পারিভাষিক অর্থ পদ্ধতি, বিধি ও নিয়ম-কানুন রচনা করা। এই পারিভাষিক অর্থ অনুসারে আরবী ভাষায় تَشْرِيعٌ শব্দটি আইন প্রণয়ন (Legislation)। شَرْعٌ এবং شَرِيعَةٌ শব্দটি আইন (Law) এবং شَارِعٌ শব্দটি আইন প্রণেতার (Lawmaker) শব্দের সমার্থক বলে মনে করা হয়। আল্লাহই বিশ্ব জাহানের সব কিছুর মালিক, তিনি মানুষের প্রকৃত

[৩৯] সূরা শু'রা ২৬:১৩।

অভিভাবক এবং মানুষের মধ্যে যে বিষয়েই মতভেদ হোক না কেন তা ফয়সালা করার দায়িত্ব তারই। কুরআন মাজীদে বিভিন্ন স্থানে এই ধরনের যেসব আয়াত অবতীর্ণ হয়েছে তার সহজ ব্যাখ্যা হলো 'পবিত্র কোরআনের মাধ্যমে আল্লাহ (সুব:)এমন আইন রচনা করবেন যার দ্বারা মানুষের মধ্যে ফয়সালা করা যায়। আর যেহেতু আল্লাহই প্রকৃত মালিক, অভিভাবক ও শাসক তাই মানুষের জন্য আইন ও বিধান রচনা করা এবং মানুষকে এই আইন ও বিধান দেয়ার অধিকার কেবলমাত্র তাঁরই।

পরের অংশে বলা হয়েছে مِنَ الدِّينِ 'দ্বীন থেকে', শাহ ওয়ালী উল্লাহ দেহলভী এই শব্দের অনুবাদ করেছেন 'আইন থেকে' অর্থাৎ আল্লাহ 'শরীয়ত নির্ধারণ করেছেন' যা আইনের পর্যায়ভুক্ত। দ্বীন অর্থই কারো নেতৃত্ব মেনে নিয়ে তার আদেশ ও নিষেধের আনুগত্য করা। এ কারণেই আল্লাহ নির্ধারিত এই পদ্ধতিকে 'আইন' বলার পরিষ্কার অর্থ হল, এটা শুধু সুপারিশ (Recomended) ও ওয়াজ-নসীহতের মর্যাদা সম্পন্ন নয় বরং তা বান্দার জন্য মালিকের অবশ্য অনুসরণীয় আইন, যার অনুসরণ না করার অর্থ হলো 'বিদ্রোহ করা'। যে ব্যক্তি এই আইনের অনুসরণ করবে না সে প্রকৃতপক্ষে আধিপত্য, সার্বভৌমত্ব এবং দাসত্ব অস্বীকার করলো। রাষ্ট্রের আইন অমান্য করলে যেভাবে রাষ্ট্রদ্রোহী বলা হয় তেমনি ভাবে আল্লাহর আইন অমান্য করলে তাকেও আল্লাহদ্রোহী বলা হবে যা রাষ্ট্রদ্রোহী হওয়ার চেয়েও ভয়ানক।

আয়াতের এর পরের অংশে বলা হয়েছে দ্বীনের এই 'আইন'ই সেই 'আইন' যার নির্দেশ দেয়া হয়েছিল নুহ, ইবরাহীম ও মুসা (আ:) কে এবং সর্বশেষ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সেই একই নির্দেশ দান করা হয়েছে। এই বাণী থেকে কয়েকটি বিষয় বুঝে আসে:

১. আল্লাহ এই বিধানকে সরাসরি সব মানুষের কাছে পাঠাননি, বরং মাঝে মধ্যে যখনই তিনি প্রয়োজন মনে করেছেন এক ব্যক্তিকে তাঁর রাসূলুল্লাহ মনোনীত করে এই বিধান তার কাছে সোপর্দ করেছেন। যিনি অন্যান্য লোকদের নিকট তা পৌঁছে দিয়েছেন।

২. প্রথম থেকেই এই বিধান এক ও অভিন্ন। এমন নয় যে, কোন জাতির জন্য কোন একটি দ্বীন নির্দিষ্ট করা হয়েছে এবং অন্য সময় অপর এক

জাতির জন্য তা থেকে ভিন্ন ও বিপরীত কোন দ্বীন পাঠিয়েছেন। আল্লাহর পক্ষ থেকে একাধিক দ্বীন আসেনি বরং একটি দ্বীনই এসেছে।

৩. আল্লাহর আধিপত্য ও সার্বভৌমত্ব মানার সাথে সাথে যাদের মাধ্যমে এ বিধান পাঠানো হয়েছে তাদের রিসালাত মানা এবং যে ওহীর দ্বারা এ বিধান বর্ণনা করা হয়েছে তা মেনে নেয়া এ দ্বীনেরই অবিচ্ছেদ্য অংশ। জ্ঞান-বুদ্ধি ও যুক্তির দাবিও তাই। কারণ, যতক্ষণ পর্যন্ত তা আল্লাহর তরফ থেকে হওয়া সম্পর্কে ব্যক্তি নিশ্চিত না হবে ততক্ষণ পর্যন্ত সে এই আনুগত্য করতেই পারে না। অতপর বলা হয়েছে, এসব নবী-রাসূলদেরকে এই বিধান দেওয়ার সাথে সাথে এই নির্দেশও দেওয়া হয়েছিল যে, أَقِيمُوا الـــدِّينَ। অর্থাৎ শাহ ওয়ালি উল্লাহ দেহলভী এই আয়াতাংশের অনুবাদ করেছেন "দ্বীনকে কায়েম করো " আর শাহ রফী উদ্দীন ও শাহ আব্দুল কাদের অনুবাদ করেছেন যে, "দ্বীনকে কায়েম রাখো" এই দুইটি অনুবাদই সঠিক। اِقَامَةٌ শব্দের অর্থ 'কায়েম করা' ও 'কায়েম রাখা' উভয়ই।

নবী–রাসূলুল্লাহগন (আ:) এই দুটি কাজ করতেই আদিষ্ট ছিলেন। তাঁদের প্রথম দায়িত্ব ও কর্তব্য ছিল যেখানে এই দ্বীন কায়েম নেই সেখানে তা কায়েম করা। আর দ্বিতীয় দায়িত্ব ও কর্তব্য ছিল যেখানে তা কায়েম হবে কিংবা পূর্ব থেকেই কায়েম আছে সেখানে তা কায়েম রাখা। একথা সুস্পষ্ট যে, কোন জিনিসকে কায়েম রাখার প্রশ্ন তখনই আসে যখন তা কায়েম থাকে। অন্যথায় প্রথমে তা কায়েম করতে হবে, তারপর তা যাতে কায়েম থাকে সে জন্য ক্রমাগত প্রচেষ্টা চালাতে হবে।

প্রশ্ন: দ্বীন কায়েমের বাস্তব উদাহরণ কি?

উত্তর: এ পর্যায়ে আমাদের সামনে দুটি প্রশ্ন দেখা দেয়। একটি হলো দ্বীন কায়েম করার অর্থ কি? অপরটি হলো 'দ্বীন' অর্থ কি যা কায়েম করার এবং কায়েম রাখার আদেশ করা হয়েছে? এ দুটি বিষয় ভলোভাবে বুঝে নেওয়া দরকার।

'কায়েম করা' কথাটি যখন কোন বস্তুগত বা দেহধারী জিনিসের জন্য ব্যবহৃত হয় তখন তার অর্থ হয় উপবিষ্টকে উঠানো, যেমন: কোন মানুষ বা জন্তুকে উঠানো। কিংবা পড়ে থাকা জিনিসকে উঠিয়ে দাঁড় করানো।

যেমন: বাঁশ বা কোন থাম তুলে দাঁড় করানো। অথবা কোন জিনিসের বিক্ষিপ্ত অংশ গুলোকে একত্রিত করে সমুন্নত করা। যেমন: কোন খালি জায়গায় বিল্ডিং নির্মাণ করা। কিন্তু যা বস্তুগত বা দেহধারী জিনিস নয় বরং অবস্তুগত বা দেহহীন জিনিষ তার জন্য যখন কায়েম করা শব্দটি ব্যবহার করা হয় তখন তার অর্থ শুধু সেই জিনিসের প্রচার করাই নয়, বরং তা যথাযথভাবে কার্যে পরিণত করা, তার প্রচলন ঘটানো এবং কার্যত প্রতিষ্ঠা করা। উদাহরণ স্বরূপ যখন আমরা বলি, অমুক ব্যক্তি তার রাজত্ব কায়েম করেছে তখন তার অর্থ এই হয় না যে, সে তার রাজত্বের দিকে আহবান জানিয়েছে। বরং তার অর্থ হয়, সে দেশের লোকদেরকে নিজের অনুগত করে নিয়েছে এবং সরকারের সকল বিভাগে এমন সংগঠন ও শৃংখলা প্রতিষ্ঠা করেছে যে, দেশের সমস্ত ব্যবস্থাপনা তার নির্দেশ অনুসারে চলতে শুরু করেছে। অনুরূপ যখন আমরা বলি, দেশে আদালত কায়েম আছে তখন তার অর্থ হয়: ইনসাফ করার জন্য বিচারক নিয়োজিত আছেন। তিনি মোকাদ্দমা সমূহের শুনানি করছেন এবং ফয়সালা দিচ্ছেন। একথার এ অর্থ কখনো হয় না যে, ন্যায়বিচার ও ইনসাফের গুনাবলী ও বৈশিষ্ট্যের বর্ণনা খুব ভালভাবে করা হচ্ছে এবং মানুষ তা সমর্থন করছে।

অনুরূপভাবে কুরআন মজিদে যখন নির্দেশ দেয়া হয়, সালাত কায়েম করো তখন তার অর্থ সালাতের দাওয়াত ও তাবলীগ নয় বরং তার অর্থ হয় সালাতের সমস্ত শর্তাবলী পূরণ করে শুধু নিজে আদায় করা না বরং এমন ব্যবস্থা করা যেন ঈমানদারদের মধ্যে তা নিয়মিত প্রচলিত হয়। মসজিদের ব্যবস্থা থাকে, গুরুত্বের সাথে জুমআ' ও জামাআ'তের ব্যবস্থা হয়, সময়মত আযান দেয়া হয়, ইমাম ও খতীব নির্দিষ্ট থাকে এবং মানুষের মধ্যে সময়মত মসজিদে আসা ও সালাত আদায় করার অভ্যাস সৃষ্টি হয়।

এই ব্যাখ্যার পরে একথা বুঝতে কষ্ট হবার কথা নয় যে, নবী-রাসূলুল্লাহ (আ:) দের যখন এই দ্বীন কায়েম করার নির্দেশ দেয়া হয়েছিলো, তখন তার অর্থ শুধু এতটুকু ছিল না যে, তারা নিজেরাই কেবল এ দ্বীনের বিধান মেনে চলবেন, অন্যদের কাছে তার তাবলীগ বা প্রচার করবেন, যাতে মানুষ তার সত্যতা মেনে নেয় বরং তার অর্থ এটাও যে, মানুষ যখন তা মেনে নেবে তখন তারা আরো অগ্রসর হয়ে তাদের মাঝে পুরো দ্বীনের

প্রচলন ঘটাবেন, যাতে সে অনুসারে কাজ আরম্ভ হতে এবং চলতে থাকে। এ ব্যাপারে কোন সন্দেহ নেই যে দাওয়াত ও তাবলীগ এ কাজের অতি আবশ্যিক প্রাথমিক স্তর। এই স্তর ছাড়া দ্বিতীয় স্তর আসতেই পারে না। কিন্তু প্রত্যেক বিবেক-বুদ্ধি সম্পন্ন ব্যক্তিই বুঝতে পারবেন এই নির্দেশের মধ্যে দ্বীনের দাওয়াত ও তাবলীগকে লক্ষ্য ও উদ্দেশ্য করা হয়নি, দ্বীনকে কায়েম করা ও কায়েম রাখাকেই 'উদ্দেশ্য' বানানো হয়েছে। দাওয়াত ও তাবলীগ অবশ্যই এ উদ্দেশ্য সাধনের মাধ্যম, কিন্তু মূল উদ্দেশ্য ও লক্ষ্য নয়। সুতরাং নবী-রাসূলুল্লাহদের মিশনের একমাত্র উদ্দেশ্য ও লক্ষ্য হলো 'দাওয়াত ও তাবলীগ করা' একথা বলা একেবারেই অবান্তর।

এখন দ্বিতীয় প্রশ্ন টি দেখুন। কেউ কেউ বলেন: পবিত্র কুরআনে যে দ্বীন কায়েম করার নির্দেশ দেয়া হয়েছে তা ঐ একই দ্বীন পূর্বের সমস্ত নবী-রাসূলদেরকেও সমান ভাবে কায়েম করতে বলা হয়েছে। যদিও তাদের সবার শরীয়াতের শাখা-প্রশাখাগত আমল ছিল ভিন্ন ভিন্ন। যেমন আল্লাহ কুরআন মজিদে বলেছেন:

{لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا} [المائدة : ٤٨]

অর্থ: "আমি তোমাদের প্রত্যেক উম্মতের জন্যে স্বতন্ত্র শরীয়াত এবং স্বতন্ত্র পদ্ধতি নির্ধারিত করে দিয়েছি।"[৪০]

তাই তারা ধরে নিয়েছে যে, এ দ্বীন অর্থ নিশ্চয়ই শরীয়াতের আদেশ-নিষেধ ও বিধি-বিধান নয়, বরং এর অর্থ শুধু তাওহীদ, আখেরাত, কিতাব, ও নবুওয়াতকে মানা এবং আল্লাহর ইবাদত করা। তারা নিম্নের মুফাসসিরগণের মতামতকে দলীল-প্রমাণ হিসেবে পেশ করেন:

ইমাম হাসান বিন মুহাম্মদ নিশাপুরী (র:) বলেন:

هُوَ اِقَامَةُ الدّيْنِ يَعْنِيْ اِقَامَةُ اُصُوْلِه مِنَ التَّوْحِيْد وَالنُّبوة وَالْمَعَاد وَنَحْوِ ذَلـــكَ دُوْنَ الْفُرُوْعِ الَّتِيْ تَخْتَلِفُ بِحَسْبِ الْأَوْقَاتِ لِقَوْلِه { لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَمِنْهَاجاً } [المائدة : ٤٨]

[৪০] সুরা মায়িদা ৫:৪৮।

অর্থ: "দ্বীনের উছুল বা মূলনীতি সমূহ প্রতিষ্ঠিত কর। যেমন: তাওহীদ, নবুওয়াত, আখেরাতের উপর বিশ্বাস বা অনুরূপ বিষয় সমূহ। শাখা-প্রশাখা বিষয় সমূহ নয়, যা সময়ভেদে পরিবর্তিত হয়েছে। যেমন আল্লাহ বলেন. তোমাদের জন্য আমরা পৃথক-পৃথক বিধি-বিধান ও পদ্ধতি সমূহ নির্ধারিত করেছি।"[৪১]

ইমাম কুরতুবী (র:) বলেছেন:

" أَنْ أَقِيْمُوا الدِّيْنَ " وَهُوَ تَوْحِيْدُ اللهِ وَطَاعَتُهُ، وَالْاِيْمَانُ بِرُسُلِه وَكُتُبِه وَبِيَوْمِ الْجَزَاءِ، وَبِسَائِرِ مَا يَكُوْنُ الرَّجُلُ بِإِقَامَتِه مُسْلِمًا.وَلَمْ يَرِدِ الشَّرَائِعُ الَّتِيْ هِيَ مَصَالِحُ الْـــأُمَمِ عَلَى حَسْبِ أَحْوَالِهَا، فَإِنَّهَا مُخْتَلِفَةٌ مُتَفَاوِتَةٌ

অর্থ: "দ্বীন প্রতিষ্ঠা কর" এর অর্থ হল, আল্লাহর তাওহীদ ও তাঁর আনুগত্য, তাঁর রাসূলগণের উপরে, কিতাব সমূহের উপরে, ক্বিয়ামত দিবসের উপরে এবং একজন মানুষকে মুসলিম হিসাবে প্রতিষ্ঠিত করার জন্য যেসব বিষয় প্রয়োজন সবকিছুর উপরে ঈমান আনয়ন কর। অবস্থার প্রেক্ষিতে বিভিন্ন উম্মতের উপরে যেসকল শরীয়ত বা ব্যবহারিক বিধি-বিধান নির্ধারিত হয়েছে, সেগুলো এই আয়াতের বিষয় বস্তুর অন্তর্ভূক্ত নয়।"[৪২]

বায়যাভী (র:) বলেন:

وَهُوَ الْإِيْمَانُ بِمَا يَجِبُ تَصْدِيْقُهُ وَالطَّاعَةُ فِيْ أَحْكَامِ اللهِ وَمَحَلُّهُ النَّصَبُ عَلَى الْبَدْلِ مِنْ مَفْعُوْلٍ

অর্থ: "দ্বীন অর্থ যেসবের উপরে ইয়াকীন রাখা ওয়াজিব, সেসবের উপরে ঈমান আনা এবং আল্লাহর বিধান সমূহের আনুগত্য করা।"[৪৩]

হাফেজ ইবনে কাছীর বলেন:

وَالدِّيْنُ الَّذِيْ جَاءَتْ بِه الرُّسُلُ كُلُّهُمْ هُوَ عِبَادَةُ اللهِ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ كَمَا قَالَ عَزَّ وَجَلَّ: {وَمَا أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَسُوْلٍ إِلَّا نُوْحِيْ إِلَيْهِ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا أَنَا فَاعْبُدُوْنِ}.

[৪১] তাফসীরে নিশাপুরি ২য় খন্ড, ৪৬৩ পৃষ্ঠা।

[৪২] তাফসীরে কুরতুবী ১৬ নং খন্ড, ১০ নং পৃষ্ঠা।

[৪৩] তাফসীরে বায়যাবী ৫ম খন্ড, ১২৪ নং পৃষ্ঠা।

وَفِيْ الْحَدِيْث «نَحْنُ مَعْشَرُ الْأَنْبِيَاء أَوْلَادُ عَلَّات دِيْنُنَا وَاحِدٌ» أَيْ اَلْقَدْرُ الْمُـــشْتَرَكُ بَيْنَهُمْ هُوَ عِبَادَةُ اللهِ وَحْدَهُ لا شَرِيْكَ لَهُ وَإِن اخْتَلَفَتْ شَرَائِعُهُمْ وَمَنَاهِجُهُمْ

অর্থ: "ঐ দ্বীন যা নিয়ে সকল রাসূলগণ আগমন করেছিলেন, তা হল এক আল্লাহর ইবাদত করা, যার কোন শরীক নেই। যেমন আল্লাহ (সুব:)ইরশাদ করেন: আর তোমার পূর্বে এমন কোন রাসূল আমি পাঠাইনি যার প্রতি আমি এই ওহী নাযিল করিনি যে, 'আমি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই; সুতরাং তোমরা আমার ইবাদাত কর।' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: 'আমরা নবীর দল সকলেই আল্লাতি ভাই এবং সকলের দ্বীন অভিন্ন। অর্থাৎ মৌলিক বিষয়ের বিবেচনায় সকলের দ্বীন এক, যদিও তাদের শরীআ'ত ও কর্মধারা পৃথক ছিল।"[৪৪]

ইমাম জালালুদ্দীন মাহাল্লী বলেন:

أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيه .....هُوَ التَّوْحِيْدُ

অর্থ: "তোমরা দ্বীন কায়েম কর এবং এ ব্যাপারে পরষ্পরে বিছিন্ন হয়ো না" ... এর ব্যাখ্যা করতে গিয়ে তিনি বলেন هُوَ التَّوْحِيْدُ অর্থ 'সেটা (দ্বীন অর্থ) হলো তাওহীদ'।"[৪৫]

ইমাম শাওকানী বলেন:

أَنْ أَقِيْمُوا الدِّينَ (أَىْ تَوْحِيْدُ اللهِ وَالْإِيْمَانُ بِه وَطَاعَةُ رُسُلِه وَقُبُوْلُ شَرَائِعه

অর্থ: "ইক্বামাতে দ্বীনের অর্থ হলো আল্লাহর তাওহীদ ও তাঁর উপরে ঈমান আনা, তাঁর রাসূলগণের উপরে ঈমান আনা ও আল্লাহর শরী'আত সমূহ কবুল করা।"[৪৬]

আব্দুর রহমান বিন নাছের সা'দী বলেন:

{ أَنْ أَقِيمُوا الدِّينَ } أَيْ: أَمَرُكُمْ أَنْ تُقِيْمُوْا جَمِيْعَ شَرَائِعِ الدِّيْنِ أُصُوْلِه وَفُرُوْعِه،

[৪৪] তাফসীরে ইবনে কাসীর সুরা শুরা ১৩ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।
[৪৫] তাফসীরে জালালাইন ১ম খন্ড, ৬৩৯ পৃষ্ঠায় সুরা শুরার ১৩ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।
[৪৬] তাফসীরে ফাতহুল কাদীর ৪ খন্ড, ৫৩০ নং পৃষ্ঠা, সুরা শুরার ১৩ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।

تُقِيْمُوْنَهُ بِأَنْفُسِكُم، وَتَجْتَهِدُوْنَ فِيْ إِقَامَتِه عَلَى غَيْرِكُمْ، وَتَعَــاوَنُوْنَ عَلَـــى الْبِـــرِّ وَالتَّقْوَىْ وَلَا تَعَاوَنُوْنَ عَلَى الْإِثْمِ وَالْعُدْوَان. { وَلا تَتَفَرَّقُوا فِيه }

অর্থ: "আমি তোমাদের আদেশ করছি যে, তোমরা দ্বীনের মৌলিক ও শাখা-প্রশাখা সমূহ সহকারে সকল বিধি-বিধান নিজেদের জীবনে প্রতিষ্ঠা কর এবং অপরের মধ্যে তা প্রতিষ্ঠা করার চেষ্টা কর। নেকী ও তাক্বওয়ার কাজে পরষ্পরকে সাহায্য কর। অন্যায় ও গোনাহের ব্যাপারে কাউকে সাহায্য করো না এবং তা করতে গিয়ে পরস্পরে বিভিন্ন দলে বিভক্ত হয়ো না।"[৪৭]

তারা উপরোক্ত তাফসীরসমূহের ভিত্তিতে শুধু তাওহীদ, আখেরাত, কিতাব, ও নবুওয়াতকে মানা এবং আল্লাহর ইবাদত করাকেই 'ইক্বামাতে দ্বীন' বা দ্বীন কায়েম করা বলতে চান। শরীয়াতের আদেশ-নিষেধ ও বিধি বিধান কায়েম করা নয়। কিন্তু এটি একটি অপরিপক্ক মত। কেননা উপরোক্ত তাফসীরকারকদের উদ্দেশ্য তা নয়। বরং তাদের কথার সারমর্ম হলো "ইকামাতে দ্বীন অর্থ ব্যক্তি জীবনে, পারিবারিক জীবনে, সামাজিক জীবনে, রাষ্ট্রীয় জীবনে ও আন্তর্জাতিক জীবনের সকল ক্ষেত্রে তাওহীদ বা এক আল্লাহর ইবাদত প্রতিষ্ঠা করা।"

তাওহীদ প্রতিষ্ঠা ও রাষ্ট্র প্রতিষ্ঠাকে আলাদা করার কোন সুযোগ নেই। যারা তাওহীদ বলতে শুধু ধর্মীয় ক্ষেত্রে কুরআন ও সুন্নাহ প্রতিষ্ঠা করাকে বুঝান এবং রাষ্ট্রীয়ভাবে কুরআন-সুন্নাহ বিরোধী আইন-কানুন ও বিধি-বিধান তৈরী করাকে শিরক মনে করেন না তারা তাদের ভুল চিন্তাধারা প্রতিষ্ঠা করার জন্য উপরোক্ত তাফসীর সমূহ দলীল-প্রমাণ হিসাবে উপস্থাপন করার ব্যর্থ চেষ্ট করে থাকেন।

কিন্তু এটি মারাত্মক ভুল। কেননা তারা শুধু বহ্যিকভাবে সকল নবীদের দ্বীনের মৌলিক ঐক্য ও শরীয়তের শাখাগত আমলসমূহের বিভিন্নতা দেখে এ মত পোষণ করেছেন। এটি এমন একটি বিপজ্জনক মত যে, যদি তা সংশোধন করা না হয় তাহলে তা অগ্রসর হয়ে দ্বীন ও শরীয়তের মধ্যে এমন একটি পার্থক্যের সূচনা করবে যার মধ্যে জড়িয়ে সেন্ট পল শরীয়ত

[৪৭] তাফরীরে কারীমির রহমান সুরা শুরার ১৩ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।

বিহীন দ্বীনের মতবাদ পেশ করেছিলেন এবং ঈসা (আ:) এর উম্মতকে ধ্বংস ও বিপর্যস্ত করেছিলেন। কারণ, শরীয়ত যখন দ্বীন থেকে সতন্ত্র একটি জিনিস। আর নির্দেশ দেয়া হয়েছে শুধু দ্বীন কায়েমের জন্য শরীয়ত কায়েমের জন্য নয়। তখন মুসলমানরাও খৃস্টানদের মত অবশ্যই শরীয়তকে গুরুত্বহীন ও তার প্রতিষ্ঠাকে সরাসরি উদ্দেশ্য মনে না করে উপেক্ষা করবে এবং দ্বীনের মধ্যথেকে শুধু ঈমান সম্পর্কিত বিষয়গুলো ও বড় বড় নৈতিক নীতিসমূহ নিয়েই বসে থাকবে। যেমনটা বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে, অনেকেই বলে ধর্মকে রাষ্ট্র থেকে আলাদা রাখতে হবে। যেটা বর্তমানে ধর্মনিরপেক্ষ রাজনীতি নামে প্রসিদ্ধ।

কাজেই এভাবে অনুমানের ওপর নির্ভর করে دِيْنٌ এর অর্থ নিরূপন করার পরিবর্তে কেনই বা আমরা আল্লাহর কিতাব থেকে জেনে নিচ্ছি না যে, 'দ্বীন কায়েম' করার নির্দেশ যেখানে দান করা হয়েছে সেখানে তার অর্থ কি শুধু ঈমান সম্পর্কিত বিষয়সমূহ এবং কতিপয় বড় বড় নৈতিক মূলনীতি, না শরীয়তের অন্যান্য আদেশ নিষেধও অন্তর্ভুক্ত? কুরআন মাজীদ বিশ্লেষণ করলে আমরা দেখি কুরআন মজীদে যেসব জিনিসকে দ্বীনের অন্তর্ভুক্ত করা হয়েছে তার মধ্যে নিম্নোক্ত জিনিসগুলোও আছে।

এক:

وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ [البينة/٥]

অর্থ: "আর তাদেরকে কেবল এই নির্দেশ দেয়া হয়েছিল যে, তারা যেন আল্লাহর 'ইবাদাত' করে তাঁরই জন্য দ্বীনকে একনিষ্ঠ করে, সালাত কায়েম করে এবং যাকাত দেয়; আর এটিই হল সঠিক দ্বীন।"[৪৮]

এ আয়াত থেকে জানা যায়, সালাত এবং সাওম এই দ্বীনের অন্তর্ভুক্ত। অথচ সালাত ও সাওমের আহকাম বিভিন্ন শরিয়াতে বিভিন্ন রকম ছিল। পূর্ববর্তী শরীয়াতসমূহে বর্তমানের মত সালাতের এই একই নিয়ম-কানুন, একই খুঁটি-নাটি বিষয়, একই সমান রাকআত, একই কিবলা,একই সময় এবং এই একই বিধি বিধান ছিল একথা কেউ বলতে পারে না। অনুরূপ যাকাত সম্পর্কে কেউ এ দাবী করতে পারে না যে, সমস্ত শরীয়তে

[৪৮] সুরা বায়্যিনাহ ৯৮:৫।

বর্তমানের ন্যায় যাকাতের এই একই নিসাব, একই হার এবং আদায় ও বন্টনের এই একই বিধিনিষেধ ছিল। কিন্তু শরীয়তের ভিন্নতা সত্তেও আল্লাহ এ দুটি জিনিসকে দ্বীনের মধ্যে গণ্য করেছন।

দুই:

حُرِّمَتْ عَلَيْكُمُ الْمَيْتَةُ وَالدَّمُ وَلَحْمُ الْخِنْزِيرِ وَمَا أُهِلَّ لِغَيْرِ اللَّهِ بِهِ وَالْمُنْخَنِقَةُ وَالْمَوْقُوذَةُ وَالْمُتَرَدِّيَةُ وَالنَّطِيحَةُ وَمَا أَكَلَ السَّبُعُ إِلَّا مَا ذَكَّيْتُمْ وَمَا ذُبِحَ عَلَى النُّصُبِ وَأَنْ تَسْتَقْسِمُوا بِالْأَزْلَامِ ذَلِكُمْ فِسْقٌ الْيَوْمَ يَئِسَ الَّذِينَ كَفَرُوا مِنْ دِينِكُمْ فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا [المائدة/٣]

অর্থ: "তোমাদের জন্য হারাম করা হয়েছে মৃত প্রাণী, রক্ত ও শূকরের গোশত এবং যা আল্লাহ ভিন্ন অন্য কারো নামে যবেহ করা হয়েছে; গলা চিপে মারা জন্তু, প্রহারে মরা জন্তু, উঁচু থেকে পড়ে মরা জন্তু, অন্য প্রাণীর শিঙের আঘাতে মরা জন্তু এবং যে জন্তুকে হিংস্র প্রাণী খেয়েছে-তবে যা তোমরা যবেহ করে নিয়েছ (মারা যাওয়ার আগেই) তা ছাড়া, আর যা মূর্তি পূঁজার বেদিতে বলি দেয়া হয়েছে এবং জুয়ার তীঁর দ্বারা বণ্টন করা হয়, এগুলো গুনাহ। যারা কুফরী করেছে, আজ তারা তোমাদের দ্বীনের ব্যাপারে হতাশ হয়ে পড়েছে। সুতরাং তোমরা তাদেরকে ভয় করো না, বরং আমাকে ভয় কর। আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণ করলাম এবং তোমাদের উপর আমার নিয়ামত সম্পূর্ণ করলাম এবং তোমাদের জন্য দ্বীন হিসেবে পছন্দ করলাম ইসলামকে।"[৪৯]

এ থেকে জানা গেল যে, শরীয়তের এসব হুকুম আহকামও দ্বীনের মধ্যে শামিল।

তিন:

[৪৯] সুরা মায়িদা ৫:৩

قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ [التوبة/٢٩]

অর্থ: "তোমরা যুদ্ধ কর আহলে কিতাবের সে সব লোকের সাথে যারা আল্লাহ ও শেষ দিবসে ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম মনে করে না, আর সত্য দ্বীন গ্রহণ করে না।"[৫০]

এ থেকে জানা যায়, আল্লাহ ও আখেরাতের প্রতি ঈমান পোষণ করা এবং আল্লাহ ও তার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেসব আদেশ-নিষেধ দিয়েছেন তা মানা ও তার আনুগত্য করাও দ্বীন।

চার:

الزَّانِيَةُ وَالزَّانِي فَاجْلِدُوا كُلَّ وَاحِدٍ مِنْهُمَا مِائَةَ جَلْدَةٍ وَلَا تَأْخُذْكُمْ بِهِمَا رَأْفَةٌ فِي دِينِ اللَّهِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَائِفَةٌ مِنَ الْمُؤْمِنِينَ.

অর্থ: "ব্যভিচারিণী ও ব্যভিচারী তাদের প্রত্যেককে একশ'টি করে বেত্রাঘাত কর। আর যদি তোমরা আল্লাহ ও শেষ দিবসের প্রতি ঈমান এনে থাক তবে আল্লাহর দ্বীনের ব্যাপারে তাদের প্রতি দয়া যেন তোমাদেরকে পেয়ে না বসে।"[৫১]

এ চারটি উদাহরণই এমন যেখানে শরীয়তের আদেশ-নিষেধ ও বিধি-বিধানকে সুস্পষ্ট ভাষায় দ্বীন বলা হয়েছে। কিন্তু গভীর মনোযোগ সহকারে দেখলে বুঝা যায়, আরও যেসব গুনাহের কারণে আল্লাহ জাহান্নামের ভয় দেখিয়েছেন (যেমন ব্যভিচার, সুদখোরী, মুমিন বান্দাকে হত্যা, ইয়াতিমের সম্পদ আত্মসাৎ, অন্যায়ভাবে মানুষের অর্থ নেয়া ইত্যাদি) এবং যেসব অপরাধকে আল্লাহর শাস্তির কারণ বলে উল্লেখ করা হয়েছে (যেমনঃ লুতের কওমের মত পাপাচার এবং পারস্পারিক লেনদেনে শুয়াইব (আ:) এর কওমের মত আচরণ) তার পথ রুদ্ধ করার কাজেও অবশ্যই দ্বীন হিসেবে গণ্য হওয়া উচিত। কারণ, দ্বীন যদি জাহান্নাম ও আল্লাহর আযাব থেকে রক্ষা করার জন্য না এসে থাকে তাহলে আর কিসের জন্য এসেছে। অনুরূপ শরীয়তের যেসব আদেশ-নিষেধ লংঘনকে চিরস্থায়ী জাহান্নামের

[৫০] সুরা তাওবা ৯:২৯।
[৫১] সুরা নূর ২৪:২।

কারণ বলে আখ্যায়িত করা হয়েছে সেই সব আদেশ-নিষেধও দ্বীনের অংশ হওয়া উচিত। যেমন উত্তরাধিকার বিধি–বিধান বর্ণনা করার পর বলা হয়েছেঃ

وَمَنْ يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ وَيَتَعَدَّ حُدُودَهُ يُدْخِلْهُ نَارًا خَالِدًا فِيهَا وَلَهُ عَذَابٌ مُهِينٌ.

অর্থ: "আর যে আল্লাহ ও তাঁর রাসূলের নাফরমানী করে এবং তাঁর সীমারেখা লজ্ঘন করে আল্লাহ তাকে আগুনে প্রবেশ করাবেন। সেখানে সে স্থায়ী হবে। আর তার জন্যই রয়েছে অপমানজনক আযাব।"[৫২]

অনুরূপ আল্লাহ যেসব জিনিসের হারাম হওয়ার কথা কঠোর ভাষায় অকাট্যভাবে বর্ণনা করেছেন, যেমনঃ মা, বোন ও মেয়ের সাথে বিয়ে, মদ্যপান, চুরি, জুয়া এবং মিথ্যা সাক্ষ্য দান। এসব জিনিসের হারাম হওয়ার নির্দেশকে যদি "ইকামাতে দ্বীন" বা দ্বীন প্রতিষ্ঠার মধ্যে গণ্য করা না হয় তাহলে তার অর্থ দাঁড়ায় এই যে, আল্লাহ কিছু অপ্রয়োজনীয় আদেশ নিষেধও দিয়েছেন যার বাস্তবায়ন তার উদ্দেশ্য নয়। অনুরূপ আল্লাহ যেসব কাজ ফরজ করেছেন, যেমন: সাওম ও হজ্জ তাও দ্বীন প্রতিষ্ঠার পর্যায় থেকে এই অজুহাতে বাদ দেওয়া যায় না যে, রমজান মাসে ত্রিশটি সাওম পূর্ববর্তী শরীয়াত সমূহে ছিল না এবং কাবায় হজ্জ করা কেবল সেই শরীয়তেই ছিল যা ইবরাহীমের (আ:) বংশধারার ইসমাঈলী শাখাকে দেয়া হয়েছিল। প্রকৃতপক্ষে সমস্ত ভূল বোঝাবোঝি সৃষ্টির কারণ হলো,

{لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا} [المائدة : ٤٨]

অর্থ: "তোমাদের প্রত্যেকের জন্য আমি নির্ধারণ করেছি শরীআত ও স্পষ্ট পন্থা।"[৫৩]

আয়াতের এ অর্থ করা যে, যেহেতু প্রত্যেক উম্মতের জন্য শরীয়াত ছিল ভিন্ন কিন্তু কায়েম করতে বলা হয়েছে দ্বীনকে যা সমানভাবে সব নবী-রাসূলদের দ্বীন ছিল, তাই দ্বীন কায়েমের নির্দেশের মধ্যে শরীয়ত অন্তর্ভুক্ত নয়। অথচ এ আয়াতের অর্থ ও উদ্দেশ্য এর সম্পূর্ণ বিপরীত। সূরা মায়েদার যে স্থানে এ আয়াতটি আছে তার পূর্বাপর অর্থাৎ ৪১নং আয়াত থেকে ৫০নং আয়াত পর্যন্ত যদি কেউ মনযোগ সহকারে পাঠ করে তাহলে

[৫২] সুরা নিসা ৪:১৪।
[৫৩] সুরা মায়িদা ৫:৪৮।

সে জানতে পারবে আয়াতের সঠিক অর্থ হচ্ছে “আল্লাহ যে নবীর উম্মতকে যে শরীয়ত দিয়েছিলেন সেটিই ছিল তাদের জন্য দ্বীন এবং সেই নবীর নবূওয়াতকালে সেই দ্বীন কায়েম করাই কাম্য ও উদ্দেশ্য ছিল।

এখন যেহেতু মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নবুওয়াতের যুগ সেহেতু উম্মতে মুহাম্মদীকে যে শরীয়াত দান করা হয়েছে এ যুগের জন্য সেটিই দ্বীন এবং সেটিকে প্রতিষ্ঠা করাই দ্বীনকে প্রতিষ্ঠা করা। এরপর থাকে শরীয়াতের পরস্পর ভিন্নতা। এ ভিন্নতার তাৎপর্য এই নয় যে, আল্লাহর দ্বীন অর্থাৎ শরীয়াত সমূহ পরস্পর বিরোধী ছিল। সঠিক তাৎপর্য হলো অবস্থা, পরিবেশ ও পরিস্থিতির প্রেক্ষিতে ঐ সব শরীয়তে কিবলা এক ছিল না। তাছাড়া সালাতের সময়, রাকাআতের সংখ্যা এবং বিভিন্ন অংশে কিছুটা পার্থক্য ছিল। অনুরূপ সাওম সব শরীয়তেই ফরয ছিল। কিন্তু রমাযানের ত্রিশটি সাওম অন্যান্য শরীয়তে ছিল না। এ থেকে এরূপ সিদ্ধান্ত গ্রহণ ঠিক নয় যে, সালাত ও সাওম “ইকামাতে দ্বীন” তথা দ্বীন প্রতিষ্ঠার নির্দেশের অন্তর্ভুক্ত ঠিকই কিন্তু নির্দিষ্ট পদ্ধতিতে সালাত আদায় করা এবং নির্দিষ্ট কোন সময়ে সাওম রাখা ‘ইকামাতে দ্বীনের’ বহির্ভুত। বরং এর সঠিক অর্থ হলো, প্রত্যেক নবীর উম্মতের জন্য তৎকালীন শরীয়তে সালাত ও সাওম আদায়ের জন্য যে নিয়ম-পদ্ধতি ঠিক করা হয়েছিল সেই সময়ে সেই পদ্ধতি অনুসারে সালাত কায়েম করা ও সাওম পালন করাই ছিল দ্বীন কায়েম করা। বর্তমানে এসব ইবাদতের জন্য শরীয়াতে মুহাম্মদীতে যে নিয়ম-পদ্ধতি দেয়া হয়েছে সে মোতাবেক ইবাদাত-বন্দেগী করাই “ইকামাতে দ্বীন”। এ দুটি দৃষ্টান্তের ভিত্তিতে শরীয়াতের অন্যান্য সব আদেশ-নিষেধও বিচার করুন।

যে ব্যক্তি চোখ খুলে কুরআন মাজীদ পড়বে সে স্পষ্ট দেখতে পাবে যে, এই গ্রন্থ তার অনুসারিদেরকে কুফরি ও কাফেরদের আজ্ঞাধীন ধরে নিয়ে বিজিতের অবস্থানে থেকে ধর্মীয় জীবন যাপন করার কর্মসূচী দিচ্ছে না বরং প্রকাশ্যে নিজের শাসন ও কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে চাচ্ছে। চিন্তাগত, নৈতিক, সাংস্কৃতিক এবং আইনগত ও রাজনৈতিক ভাবে বিজয়ী করার লক্ষ্যে জীবনাপাত করার জন্য অনুসারীদের কাছে দাবী করছে এবং তাদেরকে

মানবজীবনের সংস্কার ও সংশোধনের এমন একটি কর্মসূচী দিচ্ছে যার একটি বৃহদাংশ কেবল তখনই বাস্তব রূপ লাভ করতে পারে যখন রাষ্ট্রীয় ক্ষমতা ও কর্তৃত্ব ঈমানদারদের হাতে থাকে।

আল্লাহ (সুব :) কুরআন নাযিলের উদ্দেশ্য বর্ণনা করে বলেন ঃ

إِنَّا أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ لِتَحْكُمَ بَيْنَ النَّاسِ بِمَا أَرَاكَ اللَّهُ.

অর্থ: “নিশ্চয় আমি তোমার প্রতি যথাযথভাবে কিতাব নাযিল করেছি, যাতে তুমি মানুষের মধ্যে ফয়সালা কর সে অনুযায়ী যা আল্লাহ তোমাকে দেখিয়েছেন।”[৫৪]

এই কিতাবে যাকাত আদায় ও বন্টনের যে নির্দেশ দেয়া হয়েছে তা সুস্পষ্টভাবে এমন একটি সরকারের ধারণা পেশ করেছে, যে সরকার একটি নির্দিষ্ট নিয়মানুসারে যাকাত আদায় করে হকদারদের কাছে পৌঁছে দেওয়ার দায়িত্ব নেবে। আল্লাহ তায়ালা বলেন:

إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسَاكِينِ وَالْعَامِلِينَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةِ قُلُوبُهُمْ وَفِي الرِّقَابِ وَالْغَارِمِينَ وَفِي سَبِيلِ اللَّهِ وَابْنِ السَّبِيلِ فَرِيضَةً مِنَ اللَّهِ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ.

অর্থ: নিশ্চয় সাদাকা হচ্ছে ফকীর ও মিসকীনদের জন্য এবং এতে নিয়োজিত কর্মচারীদের জন্য, আর যাদের অন্তর আকৃষ্ট করতে হয় তাদের জন্য; (তা বণ্টন করা যায়) দাস আযাদ করার ক্ষেত্রে, ঋণগ্রস্তদের মধ্যে, আল্লাহর রাস্তায় (যুদ্ধে) এবং মুসাফিরদের মধ্যে। এটি আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত, আর আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়।”[৫৫]

অন্যত্র ইরশাদ হয়েছে:

{خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ إِنَّ صَلَاتَكَ سَكَنٌ لَهُمْ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ} [التوبة : ١٠٣]

[৫৪] সুরা নিসা ৪:১০৫।

[৫৫] সুরা তাওবা ৯:৬০।

অর্থ: "তাদের সম্পদ থেকে সাদাকা নাও। এর মাধ্যমে তাদেরকে তুমি পবিত্র ও পরিশুদ্ধ করবে। আর তাদের জন্য দো'আ কর, নিশ্চয় তোমার দো'আ তাদের জন্য প্রশান্তিকর। আর আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।"[৫৬]

এই কিতাবে সুদ বন্ধ করার আদেশ দেয়া হয়েছে এবং সুদখোরী চালু রাখার কাজে তৎপর লোকদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করা হয়েছে। ইরশাদ হচ্ছে:

{الَّذِينَ يَأْكُلُونَ الرِّبَا لَا يَقُومُونَ إِلَّا كَمَا يَقُومُ الَّذِي يَتَخَبَّطُهُ الشَّيْطَانُ مِنَ الْمَسِّ ذَلِكَ بِأَنَّهُمْ قَالُوا إِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبَا وَأَحَلَّ اللَّهُ الْبَيْعَ وَحَرَّمَ الرِّبَا فَمَنْ جَاءَهُ مَوْعِظَةٌ مِنْ رَبِّهِ فَانْتَهَى فَلَهُ مَا سَلَفَ وَأَمْرُهُ إِلَى اللَّهِ وَمَنْ عَادَ فَأُولَئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ (٢٧٥) يَمْحَقُ اللَّهُ الرِّبَا وَيُرْبِي الصَّدَقَاتِ وَاللَّهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ أَثِيمٍ (٢٧٦) إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ لَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ (٢٧٧) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَذَرُوا مَا بَقِيَ مِنَ الرِّبَا إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ (٢٧٨) فَإِنْ لَمْ تَفْعَلُوا فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَإِنْ تُبْتُمْ فَلَكُمْ رُءُوسُ أَمْوَالِكُمْ لَا تَظْلِمُونَ وَلَا تُظْلَمُونَ (٢٧٩) وَإِنْ كَانَ ذُو عُسْرَةٍ فَنَظِرَةٌ إِلَى مَيْسَرَةٍ وَأَنْ تَصَدَّقُوا خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ (٢٨٠) وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ ثُمَّ تُوَفَّى كُلُّ نَفْسٍ مَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ} [البقرة : ٢٧٥ – ٢٨١]

অর্থ: "যারা সুদ খায়, তারা তার ন্যায় (কবর থেকে) উঠবে, যাকে শয়তান স্পর্শ করে পাগল বানিয়ে দেয়। এটা এ জন্য যে, তারা বলে, বেচা-কেনা সুদের মতই। অথচ আল্লাহ বেচা-কেনা হালাল করেছেন এবং সুদ হারাম করেছেন। অতএব, যার কাছে তার রবের পক্ষ থেকে উপদেশ আসার পর সে বিরত হল, তবে যা পিছনে হয়েছে তা তাঁর জন্যই। আর তার ব্যাপারটি আল্লাহর হাওলায়। আর যারা পুনরায় ফিরে গেল, তারা আগুনের অধিবাসী। তারা সেখানে স্থায়ী হবে। আল্লাহ সুদকে মিটিয়ে দেন

[৫৬] সুরা তাওবা ৯:১০৩।

এবং সাদাকাকে বাড়িয়ে দেন। আর আল্লাহ কোন অতি কুফরকারী পাপীকে ভালবাসেন না। নিশ্চয় যারা ঈমান আনে ও নেক আমল করে এবং সালাত কায়েম করে, আর যাকাত প্রদান করে, তাদের জন্য রয়েছে তাদের রবের নিকট প্রতিদান। আর তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না। এই হুকুম কেবল তখনই বাস্তব রূপ লাভ করতে পারে যখন রাষ্ট্রীয় ক্ষমতা থাকবে ঈমানদারদের হাতে।

এই কিতাবে অন্যায়ভাবে মানুষ হত্যাকারীর থেকে কিসাস গ্রহণের নির্দেশ দিয়ে আল্লাহ (সুব:) বলেন:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلَى الْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْأُنْثَى بِالْأُنْثَى فَمَنْ عُفِيَ لَهُ مِنْ أَخِيهِ شَيْءٌ فَاتِّبَاعٌ بِالْمَعْرُوفِ وَأَدَاءٌ إِلَيْهِ بِإِحْسَانٍ ذَلِكَ تَخْفِيفٌ مِنْ رَبِّكُمْ وَرَحْمَةٌ فَمَنِ اعْتَدَى بَعْدَ ذَلِكَ فَلَهُ عَذَابٌ أَلِيمٌ}

অর্থ: "হে মুমিনগণ, নিহতদের ব্যাপারে তোমাদের উপর 'কিসাস' ফরয করা হয়েছে। স্বাধীনের বদলে স্বাধীন, দাসের বদলে দাস, নারীর বদলে নারী। তবে যাকে কিছুটা ক্ষমা করা হবে তার ভাইয়ের পক্ষ থেকে, তাহলে সততার অনুসরণ করবে এবং সুন্দরভাবে তাকে আদায় করে দেবে। এটি তোমাদের রবের পক্ষ থেকে হালকাকরণ ও রহমত। সুতরাং এরপর যে সীমালঙ্ঘন করবে, তার জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব।"[৫৭]

এই কিতাবে চুরির ব্যাপারে হাত কাটার নির্দেশ দিয়ে আল্লাহ (সুব:)ইরশাদ করছেন:

{وَالسَّارِقُ وَالسَّارِقَةُ فَاقْطَعُوا أَيْدِيَهُمَا جَزَاءً بِمَا كَسَبَا نَكَالًا مِنَ اللَّهِ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ } [المائدة : ٣٨]

অর্থ: "আর পুরুষ চোর ও নারী চোর তাদের উভয়ের হাত কেটে দাও তারা যা করেছে তার প্রতিদান স্বরূপ ও আল্লাহর পক্ষ থেকে শিক্ষণীয় আযাবস্বরূপ এবং আল্লাহ মহা পরাক্রমশালী, প্রজ্ঞাময়।"[৫৮]

[৫৭] সুরা আল বাকারা ২:১৭৮।
[৫৮] সুরা মায়েদা ৫:৩৮।

এই কিতাবে ব্যাভিচারের শাস্তির ঘোষণা দিয়ে আল্লাহ (সুব:)ইরশাদ করছেন:

{الزَّانِيَةُ وَالزَّانِي فَاجْلِدُوا كُلَّ وَاحِدٍ مِنْهُمَا مِائَةَ جَلْدَةٍ وَلَا تَأْخُذْكُمْ بِهِمَا رَأْفَةٌ فِي دِينِ اللَّهِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَائِفَةٌ مِنَ الْمُؤْمِنِينَ.

অর্থ: "ব্যভিচারিণী ও ব্যভিচারী তাদের প্রত্যেককে একশ'টি করে বেত্রাঘাত কর। আর যদি তোমরা আল্লাহ ও শেষ দিবসের প্রতি ঈমান এনে থাক তবে আল্লাহর দ্বীনের ব্যাপারে তাদের প্রতি দয়া যেন তোমাদেরকে পেয়ে না বসে। আর মুমিনদের একটি দল যেন তাদের আযাব প্রত্যক্ষ করে।"[৫৯]

পবিত্র কুরআন মাজিদে এসব সুস্পষ্ট আদেশ বর্ণনা করা হয়েছে। যেগুলো অমান্যকারীদের পুলিশ ও আদালতের অধীনে থাকতে হবে। আর তার জন্য প্রয়োজন রাষ্ট্রীয় ক্ষমতা।

এই কিতাবে আল্লাহ (সুব:)কাফেরদের বিরূদ্ধে যুদ্ধ করার নির্দেশ দিয়েছেন। ইরশাদ হচ্ছে:

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ وَلَا تَعْتَدُوا إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ.

অর্থ: "আর তোমরা আল্লাহর রাস্তায় তাদের (কাফেরদের) বিরুদ্ধে যুদ্ধ কর, যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে এবং সীমালঙ্ঘন করো না। নিশ্চয় আল্লাহ সীমালঙ্ঘনকারীদেরকে পছন্দ করেন না।"[৬০]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ وَعَسَى أَنْ تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَكُمْ وَعَسَى أَنْ تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَكُمْ وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ}

অর্থ: "তোমাদের উপর (কাফেরদের বিরুদ্ধে) যুদ্ধ করাকে ফরজ করে দেওয়া হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয় এবং হতে পারে কোন বিষয় তোমরা অপছন্দ করছ অথচ তা তোমাদের জন্য কল্যাণকর।

[৫৯] সুরা আননুর ২৪:২।
[৬০] সুরা বাকারা ২:১৯০।

আর হতে পারে কোন বিষয় তোমরা পছন্দ করছ অথচ তা তোমাদের জন্য অকল্যাণকর। আর (প্রকৃত বিষয়) আল্লাহ জানেন এবং তোমরা জান না।"[৬১]

এখানে বলা হয়নি যে, যারা দ্বীন মেনে চলে তারা কাফিরদের সরকারী বাহিনীতে সৈন্য ভর্তি করে এ নির্দেশ পালন করবে। বরং এজন্য মুমিনদের নিজেদেরই রাষ্ট্রীয় ক্ষমতা প্রতিষ্ঠা করতে হবে।

এমনিভাবে এই কিতাবে আল্লাহ (সুব:)আহলে কিতাবিদের কাছ থেকে জিযিয়া কর নেওয়ার আদেশ দিয়েছেন। ইরশাদ হচ্ছে:

{قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ} [التوبة : ٢٩]

অর্থ: "তোমরা যুদ্ধ কর আহলে কিতাবের সে সব লোকের সাথে যারা আল্লাহ ও শেষ দিবসে ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম মনে করে না, আর সত্য দ্বীন গ্রহণ করে না, যতক্ষণ না তারা স্বহস্তে নত হয়ে জিয্য়া দেয়।"[৬২]

একথা বলা হয়নি যে মুসলমানরা কাফেরদের অধীন থেকে তাদের জিযিয়া আদায় করবে এবং তাদের রক্ষার দায়িত্ব নেবে। এ ব্যপারটি শুধু মদীনায় অবতীর্ণ সূরাসমুহ পর্যন্ত সীমাবদ্ধ নয়। বোধ সম্পন্ন ব্যক্তি মাত্রই স্পষ্ট ভাবে দেখতে পাবেন মক্কায় অবতীর্ণ সূরাগুলোর মধ্যে প্রথম থেকেই যে পরিকল্পনা ছিল তা হলো দ্বীনের বিজয় ও কর্তৃত্ব স্থাপন, কুফরি সরকারের অধীনে দ্বীন ও দ্বীনের অনুসারীদের জিম্মি হয়ে থাকা নয়।

তাদের ব্যাখ্যার এই ভ্রান্তি যে জিনিষটির সাথে সবচেয়ে বেশী সাংঘর্ষিক তা হচ্ছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিজের বিরাট কাজ। যা তিনি ২৩ বছরের রিসালাতের যুগে সমাধা করেছেন। তিনি তাবলীগ ও তলোয়ার উভয়টির সাহায্যেই গোটা আরবকে বশীভূত করেছেন এবং বিস্তারিত শরীয়াত বা বিধি-বিধানসহ এমন একটি পূর্ণাঙ্গ

[৬১] সুরা আল বাক্বারা ২:২১৬।
[৬২] সুরা তাওবা ৯:২৯।

রাষ্ট্রীয় আদর্শ কায়েম করেছিলেন যা আক্বীদা-বিশ্বাস ও ইবাদাত থেকে শুরু করে ব্যক্তিগত কর্মকান্ড, সামাজিক চরিত্র, সভ্যতা ও সংস্কৃতি অর্থনীতি ও সমাজনীতি, রাজনীতি ও ন্যায় বিচার এবং যুদ্ধ ও সন্ধিসহ জীবনের সমস্ত দিক ও বিভাগে পরিব্যপ্ত ছিল ।

এ আয়াত অনুসারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সহ সমস্ত নবী-রাসূলুল্লাহকে ইকামাতে দ্বীনের যে নির্দেশ দেয়া হয়েছিল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এসব কাজকে যদি তার ব্যাখ্যা বলে গ্রহণ করা না হয় তাহলে তার কেবল দুটি অর্থই হতে পারে । হয়তো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর বিরুদ্ধে এই অভিযোগ আরোপ করতে হবে (মাআ'যাল্লাহ) যে, তিনি আদিষ্ট হয়েছিলেন শুধু ঈমান ও নৈতিক চরিত্র সম্পর্কিত বড় বড় মূলনীতি সমূহের তাবলীগ ও দাওয়াতের জন্য কিন্তু তা লংঘন করে তিনি নিজের পক্ষ থেকেই একটি সরকার কায়েম করেছিলেন, যা অন্যসব নবী-রাসূলদের শরীয়াত সমূহের সাধারণ নীতিমালা থেকে ভিন্ন ছিল, অতিরিক্তও ছিল । নয়তো আল্লাহর বিরুদ্ধে এই অভিযোগ আরোপ করতে হবে যে, তিনি সূরা শুরায় উপরোক্ত ঘোষণা দেওয়ার পর নিজেই তার কথা থেকে সরে পড়েছিলেন এবং নিজের নবীর নিকট থেকে ঐ সূরায় ঘোষিত ইক্বামাতে দ্বীনের চেয়ে কিছুটা বেশী এবং ভিন্ন ধরনের কাজই শুধু নেননি, বরং উক্ত কাজকে পূর্ণতা লাভের পর নিজের প্রথম ঘোষণার পরিপন্থি ২য় এই ঘোষনাটিও দিয়েছেন যে ,

اَلْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ

অর্থ: "আজ আমি তোমাদের দ্বীনকে পরিপূর্ণতা দান করলাম ।"[৬৩]

নাউযুবিল্লাহ! এ দুটি অবস্থা ছাড়া ৩য় এমন কোন অবস্থা যদি থাকে যে ক্ষেত্রে ইকামাতে দ্বীন এর ব্যাখ্যাও বহাল থাকে এবং আল্লাহ কিংবা তার রাসুলের বিরুদ্ধে কোন অভিযোগও না আসে তাহলে আমরা অবশ্যই তা জানতে চাইবো ।

[৬৩] সুরা মায়িদা ৫:৩ ।

দ্বীন প্রতিষ্ঠার নির্দেশ দেয়ার পর আল্লাহ এ আয়াতে সর্বশেষ যে কথা বলেছেন তা হচ্ছে:

[وَلَا تَتَفَرَّقُوا فِيهِ] {الشورى : ١٣}

অর্থ: "দ্বীনে বিভেদ সৃষ্টি করোনা"[৬৪]

কিংবা তাতে পরস্পর বিচ্ছিন্ন হয়ে পড়ো না । দ্বীনে বিভেদের অর্থ ব্যক্তির নিজের পক্ষ থেকে এমন অভিনব বিষয় সৃষ্টি করা এবং তা মানা বা না মানার উপর কুফর ও ঈমান নির্ভর করে বলে পীড়াপীড়ি করা এবং মান্যকারীদের নিয়ে অমান্যকারীদের থেকে আলাদা হয়ে যাওয়া । অথচ দ্বীনের মধ্যে তার কোনো গ্রহণযোগ্যতা নেই । এই অভিনব বিষয়টি কয়েক ধরণের হতে পারে । দ্বীনের মধ্যে যে জিনিস নেই তা এনে শামিল করা হতে পারে । দ্বীনের অকাট্য উক্তি সমূহের বিকৃত প্রায় ব্যাখ্যা দাঁড় করিয়ে অদ্ভুত আক্বীদা-বিশ্বাস এবং অভিনব আচার অনুষ্ঠান আবিষ্কার করা হতে পারে । আবার দ্বীনের উক্তি ও বক্তব্য সমূহ রদবদল করে তা বিকৃত করা যেমন যা গুরুত্বপূর্ণ তাকে গুরুত্বহীন করে দেওয়া এবং যা একেবারেই মোবাহ পর্যায়ভূক্ত তাকে ফরয ও ওয়াজিব এমনকি আরো অগ্রসর হয়ে ইসলামের গুরুত্বপূর্ণ স্তম্ভ বানিয়ে দেওয়া ।

এ ধরণের আচরণের কারনেই নবী-রাসূলুল্লাহ (আ:) দের উম্মতদের মধ্যে বিভেদ সৃষ্টি হয়েছে । অতঃপর এসব ছোট ছোট দলের অনুসৃত পথই ক্রমান্বয়ে সম্পূর্ণ স্বতন্ত্র ধর্মের রূপ পরিগ্রহ করেছে যার অনুসারীদের মধ্যে বর্তমানে এই ধারণাটুকু পর্যন্ত অবশিষ্ট নেই যে এক সময় তাদের মূল ছিল একই । দ্বীনের আদেশ-নিষেধ বুঝার এবং অকাট্য উক্তি সমূহ নিয়ে চিন্তা-ভাবনা করে মাসআলা উদ্ভাবন করার ক্ষেত্রে জ্ঞানী ও পন্ডিতদের মধ্যে স্বাভাবিক ভাবেই যে মতভেদ সৃষ্টি হয় এবং আল্লাহর কিতাবের ভাষার মধ্যে আভিধানিক, বাগধারা ও ব্যকরণের নিয়ম অনুসারে যার অবকাশ আছে সেই বৈধ ও যুক্তিসঙ্গত মতভেদের সাথে এই বিবাদের কোন সম্পর্ক নেই ।

[৬৪] সুরা শুরা ৪২:১৩ ।

প্রশ্ন: সকল নবী-রাসূলগণের দায়িত্ব কি ছিল? দলীল-প্রমাণসহ বর্ণনা করুন?

উত্তর: সকল নবী-রাসূলগণের দায়িত্ব ছিল দ্বীন কায়েম করা। এ প্রসঙ্গে পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{شَرَعَ لَكُمْ مِنَ الدِّينِ مَا وَصَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ} [الشورى : ١٣]

অর্থ: "তিনি তোমাদের জন্য দ্বীন (জীবন ব্যবস্থা) বিধিবদ্ধ করে দিয়েছেন; (তা হচ্ছে ঐ জীবন ব্যবস্থা) যার ব্যাপারে তিনি নূহ (আ:) কে নির্দেশ দিয়েছিলেন। আর আমি (আল্লাহ) তোমার কাছে যে ওহী পাঠিয়েছি এবং ইবরাহীম, মূসা ও ঈসাকে যে নির্দেশ দিয়েছিলাম তা হল, তোমরা দ্বীন কায়েম করো এবং এই ব্যাপারে (দ্বীন কায়েম করতে গিয়ে) একে অপরের থেকে বিচ্ছিন্ন হয়ো না।"[৬৫]

আমাদের প্রিয় নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দায়িত্ব ছিল দ্বীন কায়েম করা। আল্লাহ (সুব:)পবিত্র কুরআনে ইরশাদ করেছেন:

{ هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ} [التوبة : ٣٣]

অর্থ: "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, যাতে তিনি একে সকল দ্বীনের উপর বিজয়ী করেন, যদিও মুশরিকরা অপছন্দ করে।"[৬৬] অন্যত্র ইরশাদ হচ্ছে:

{هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَكَفَى بِاللَّهِ شَهِيدًا } [الفتح : ٢٨]

অর্থ: "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, যাতে তিনি একে সকল দ্বীনের উপর বিজয়ী করেন, আর সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট।"[৬৭] অন্য স্থানে আল্লাহ (সুব:)ইরশাদ করেন:

[৬৫] সুরা শু'রা ২৬:১৩।
[৬৬] সুরা তাওবা ৯:৩৩।
[৬৭] সুরা ফাতাহ ৪৮:২৮।

{ هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ} [الصف : ٩]

অর্থ: "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, যাতে তিনি একে সকল দ্বীনের উপর বিজয়ী করেন, যদিও মুশরিকরা অপছন্দ করে।"[৬৮]

এ তিনটি আয়াতে **هُدَي** (হুদা) মানে হচ্ছে "ঈমান" আর **وَدِينِ الْحَقِّ** দ্বারা বুঝানো হয়েছে **اَعْمَالٌ صَالِحَةٌ** (আ'মালে সালেহা) অর্থাৎ নেক আমল। **لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ** এর অর্থ হচ্ছে ইসলামকে সমস্ত ধর্মের উপর ও সমস্ত মতবাদের উপর বিজয়ী করা।[৬৯]

দ্বীনের পথে বাঁধা-বিপত্তি

প্রশ্ন: 'দ্বীনে হক্ব'কে 'দ্বীনে বাতিলে'র উপর বিজয়ী করতে চাইলে দ্বীনে বাতিলের পক্ষ থেকে কি কি ধরণের বাঁধা আসতে পারে?

উত্তর: যুগে যুগে যারাই 'দ্বীনে হক্ব' এর পক্ষে কথা বলেছেন তাদেরকেই 'দ্বীনে বাতিলে'র অনুসারিদের পক্ষ থেকে বাঁধা প্রদান করা হয়েছে। বিভিন্ন প্রকারের গালি-গালাজ, অত্যাচার, জুলুম ও নির্যাতন করা হয়েছে।

এ প্রসঙ্গে পবিত্র কুরআনের কয়েকটি আয়াত নিম্নে পেশ করা হলো:

وَكَذَلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا مِنَ الْمُجْرِمِينَ وَكَفَى بِرَبِّكَ هَادِيًا وَنَصِيرًا.

অর্থ: "আর এভাবেই আমি প্রত্যেক নবীর জন্য অপরাধীদের মধ্য থেকে শত্রু বানিয়েছি। আর পথপ্রদর্শক ও সাহায্যকারী হিসেবে তোমার রবই যথেষ্ট।"[৭০]

{وَكَذَلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيَاطِينَ الْإِنْسِ وَالْجِنِّ يُوحِي بَعْضُهُمْ إِلَى بَعْضٍ زُخْرُفَ الْقَوْلِ غُرُورًا} [الأنعام : ١١٢]

[৬৮] সুরা আস সফ ৬১:৯।
[৬৯] ইবনে কাসীর ২;৩৪৯।
[৭০] সুরা ফুরকান ২৫/৩১।

অর্থ: " আর এভাবেই আমি প্রত্যেক নবীর শত্রু করেছি মানুষ ও জিনের মধ্য থেকে শয়তানদেরকে, তারা প্রতারণার উদ্দেশ্যে একে অপরকে চাকচিক্যপূর্ণ কথার কুমন্ত্রণা দেয় ।"[৭১]

{وَكَذَلِكَ جَعَلْنَا فِي كُلِّ قَرْيَةٍ أَكَابِرَ مُجْرِمِيهَا لِيَمْكُرُوا فِيهَا وَمَا يَمْكُرُونَ إِلَّا بِأَنْفُسِهِمْ وَمَا يَشْعُرُونَ} [الأنعام : ١٢٣]

অর্থ: "আর এভাবে আমি প্রতিটি জনপদে তার অপরাধীদের সর্দারদেরকে ছেড়ে দিয়েছি, যাতে তারা সেখানে চক্রান্ত করে । আর তারা শুধু নিজেদের সাথেই চক্রান্ত করে অথচ তারা উপলব্ধি করে না ।"[৭২]

১. গালি-গালাজ করা

যারাই হক্বের কথা বলেছেন তাদেরকেই চরমভাবে গালি-গালাজ করা হয়েছে । আমাদের রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তাওহীদের ঘোষণা দেওয়া মাত্রই গালী-গালাজ শুরু হয়েছে ।

এক শ্বাসে দুই গালি (উম্মাদ ও কবি)

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{وَيَقُولُونَ أَئِنَّا لَتَارِكُو آلِهَتِنَا لِشَاعِرٍ مَجْنُون } [الصافات : ٣٦]

অর্থ: "আর তারা বলত, 'আমরা কি এক পাগল কবির জন্য আমাদের উপাস্যদের ছেড়ে দেব?"[৭৩]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{ وَقَالُوا يَا أَيُّهَا الَّذِي نُزِّلَ عَلَيْهِ الذِّكْرُ إِنَّكَ لَمَجْنُونٌ} [الحجر : ٦]

অর্থ: " আর তারা বলল, 'হে ঐ ব্যক্তি, যার উপর কুরআন নাযিল করা হয়েছে, তুমি তো নিশ্চিত পাগল' ।"[৭৪]

গালীর সংখ্যায় নতুন সংযোজন (জাদুকর ও মিথ্যাবাদী)

[৭১] সুরা আনআম ৬/১১২ ।
[৭২] সুরা আনআম ৬/১২৩ ।
[৭৩] সুরা সাফফাত ৩৭:৩৬ ।
[৭৪] সুরা হিজর ১৫:৬ ।

তাওহীদের দাওয়াত যত বেগবান হবে কাফেরদের বিরোধিতা ততো তীব্র হবে । রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মক্কায় দাওয়াতের কাজ ব্যাপক ভাবে চালাতে লাগলেন তখন মক্কার কাফেররা আরো দুটি নতুন গালীর সংযোজন করলো । পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{وَقَالَ الْكَافِرُونَ هَذَا سَاحِرٌ كَذَّابٌ (٤) أَجَعَلَ الْآلِهَةَ إِلَهًا وَاحِدًا إِنَّ هَذَا لَشَيْءٌ عُجَابٌ} [ص : ٤ ، ٥]

অর্থ: "কাফিররা বললো, 'এ তো যাদুকর, মিথ্যাবাদী' । সে কি সকল উপাস্যকে এক ইলাহ বানিয়ে নিয়েছে? নিশ্চয় এ তো এক আশ্চর্য বিষয়!"[৭৫]

সকল নবী-রাসূলদেরই মিথ্যাবাদী বলে আখ্যায়িত করা

{ وَلَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِنْ قَبْلِكَ فَصَبَرُوا عَلَى مَا كُذِّبُوا وَأُوذُوا حَتَّى أَتَاهُمْ نَصْرُنَا وَلَا مُبَدِّلَ لِكَلِمَاتِ اللَّه } [الأنعام : ٣٤]

অর্থ: "আর অবশ্যই তোমার পূর্বে অনেক রাসূলকে মিথ্যা বলে আখ্যায়িত করা হয়েছে, অতঃপর তারা তাদেরকে অস্বীকার করা ও কষ্ট দেয়ার ক্ষেত্রে ধৈর্যধারণ করেছে, যতক্ষণ না আমার সাহায্য তাদের কাছে এসেছে । আর আল্লাহর বাণীসমূহের কোন পরিবর্তনকারী নেই ।"[৭৬]

২. উপহাস ও বিদ্রুপ করার

যুগে যুগে যারাই দ্বীনে হকের দাওয়াত দিয়েছেন তাদেরকেই দ্বীনে বাতিলের অনুসারীদের পক্ষ থেকে উপহাস ও বিদ্রুপ করা হয়েছে । ইরশাদ হচ্ছে:

يَا حَسْرَةً عَلَى الْعِبَادِ مَا يَأْتِيهِمْ مِنْ رَسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ [يس/٣٠]

অর্থ: "আফসোস বান্দাদের উপর! তাদের নিকট কখনও এমন কোন রাসূলই আসেননি, যাকে তারা বিদ্রুপ না করেছে ।"[৭৭]

৩. ঘর-বাড়ি ও মাতৃভূমি থেকে বের করে দেওয়া

[৭৫] সুরা সোয়াদ ৩৮:৪,৫ ।
[৭৬] সুরা আনআ'ম ৬:৩৪ ।
[৭৭] সুরা ইয়াসীন ৩৬:৩ ।

যুগে যুগে যারাই দ্বীনে হকের দাওয়াত দিয়েছেন তাদেরকেই দ্বীনে বাতিলের অনুসারীদের পক্ষ থেকে ঘর-বাড়ি ও মাতৃভূমি থেকে বের করে দেওয়ার হুমকি দেওয়া হয়েছে। ইরশাদ হচ্ছে:

وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِرُسُلِهِمْ لَنُخْرِجَنَّكُمْ مِنْ أَرْضِنَا أَوْ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا فَأَوْحَى إِلَيْهِمْ رَبُّهُمْ لَنُهْلِكَنَّ الظَّالِمِينَ [إبراهيم/١٣]

অর্থ: "আর কাফেররা নিজেদের রাসূলগণকে বললো, আমরা তোমাদেরকে আমাদের দেশ হতে বের করে দেবো, নতুবা তোমরা আমাদের দ্বীনে ফিরে আসো। তখন সেই রাসূলগণের প্রতি তাহাদের রব ওহী প্রেরণ করলেন যে, আমি সেই যালিমদেরকে অবশ্যই ধ্বংস করব।"[৭৮]

৪. সমাজের জন্য অমঙ্গল ও ক্ষতিকর আখ্যায়িত করা

যুগে যুগে যারাই দ্বীনে হকের দাওয়াত দিয়েছেন তাদেরকেই দ্বীনে বাতিলের অনুসারীদের পক্ষ থেকে দেশ ও সমাজের জন্য অমঙ্গল মনে করা হয়েছে। ইরশাদ হচ্ছে:

قَالُوا إِنَّا تَطَيَّرْنَا بِكُمْ لَئِنْ لَمْ تَنْتَهُوا لَنَرْجُمَنَّكُمْ وَلَيَمَسَّنَّكُمْ مِنَّا عَذَابٌ أَلِيمٌ.

অর্থ: "তারা বলল, 'আমরা তো তোমাদেরকে অমঙ্গলের কারণ মনে করি। তোমরা যদি বিরত না হও তাহলে আমরা অবশ্যই তোমাদেরকে পাথর মেরে হত্যা করব এবং আমাদের পক্ষ থেকে তোমাদেরকে যন্ত্রণাদায়ক আযাব স্পর্শ করবে'।[৭৯]

৫. হত্যা ও নির্যাতন করা

যুগে যুগে যারাই দ্বীনে হকের দাওয়াত দিয়েছেন তাদেরকেই দ্বীনে বাতিলের অনুসারীদের পক্ষ থেকে কাউকে হত্যা করা হয়েছে আর কাউকে চরম নির্যাতন করা হয়েছে। ইরশাদ হচ্ছে:

أَفَكُلَّمَا جَاءَكُمْ رَسُولٌ بِمَا لَا تَهْوَى أَنْفُسُكُمُ اسْتَكْبَرْتُمْ فَفَرِيقًا كَذَّبْتُمْ وَفَرِيقًا تَقْتُلُونَ

[৭৮] সূরা ইবরাহীম ১৪:১৩।
[৭৯] সূরা ইয়াসিন ৩৬:১৮।

অর্থ: "কিন্তু যখন তোমাদের নিকট কোন রাসূল-তোমাদের প্রবৃত্তি যা ইচ্ছে করতো না, তা নিয়ে উপস্থিত হলো তখন তোমরা অহংকার করলে; অবশেষে একদলকে মিথ্যাবাদী বললে এবং একদলকে হত্যা করলে।"[৮০]

এরই ধারাবাহিকতায় ইবরাহীম (আ:) কে আগুনে নিক্ষেপ করা হয়েছিল। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{قَالُوا حَرِّقُوهُ وَانْصُرُوا آلِهَتَكُمْ إِنْ كُنْتُمْ فَاعِلِينَ} [الأنبياء : ٦٨]

অর্থ: "তারা বলল, 'তাকে (ইবরাহীম আ:) আগুনে পুড়িয়ে দাও এবং তোমাদের ইলাহদেরকে সাহায্য কর, যদি তোমরা কিছু করতে চাও।"[৮১]

সকলের সাথেই এই আচারণ হবে। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَلَا يَزَالُونَ يُقَاتِلُونَكُمْ حَتَّى يَرُدُّوكُمْ عَنْ دِينِكُمْ} [البقرة : ٢١٧]

অর্থ: "আর তারা তোমাদের সাথে যুদ্ধ করতে থাকবে, যতক্ষণ না তোমাদেরকে তোমাদের দ্বীন থেকে ফিরিয়ে দেয়, তারা যদি পারে।"[৮২]

পবিত্র কুরআনে আসহাবুল উখদুদ সম্পর্কে বলা হয়েছে:

{قُتِلَ أَصْحَابُ الْأُخْدُودِ (٤) النَّارِ ذَاتِ الْوَقُودِ (٥) إِذْ هُمْ عَلَيْهَا قُعُودٌ (٦) وَهُمْ عَلَى مَا يَفْعَلُونَ بِالْمُؤْمِنِينَ شُهُودٌ (٧) وَمَا نَقَمُوا مِنْهُمْ إِلَّا أَنْ يُؤْمِنُوا بِاللَّهِ الْعَزِيزِ الْحَمِيدِ} [البروج : ٤ – ٨]

অর্থ: "ধ্বংস হয়েছে গর্তের অধিপতিরা, (যাতে ছিল) ইন্ধনপূর্ণ আগুন। যখন তারা (কাফেররা) তার কিনারায় উপবিষ্ট ছিল। আর তারা মুমিনদের সাথে যা করছিল তার প্রত্যক্ষদর্শী। আর তারা তাদেরকে নির্যাতন করেছিল শুধুমাত্র এ কারণে যে, তারা মহাপরাক্রমশালী প্রশংসিত আল্লাহর প্রতি ঈমান এনেছিল।"[৮৩]

আসহাবুল উখদুদের ব্যাপারে হাদীসে বলা হয়েছে

[৮০] সূরা বাকারা ২:৮৭।
[৮১] সূরা আম্বিয়া ২১:৬৮।
[৮২] সূরা বাকার ২:২১৭।
[৮৩] সূরা বুরুজ ৮৫:৪-৮।

عَنْ صُهَيْبٍ أَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– قَالَ .....أُتِىَ الْمَلِكُ فَقِيلَ لَهُ أَرَأَيْتَ مَا كُنْتَ تَحْذَرُ قَدْ وَاللَّهِ نَزَلَ بِكَ حَذَرُكَ قَدْ آمَنَ النَّاسُ. فَأَمَرَ بِالأُخْدُودِ فِى أَفْوَاهِ السِّكَكِ فَخُدَّتْ وَأَضْرَمَ النِّيرَانَ وَقَالَ مَنْ لَمْ يَرْجِعْ عَنْ دِينِهِ فَأَحْمُوهُ فِيهَا. أَوْ قِيلَ لَهُ اقْتَحِمْ. فَفَعَلُوا حَتَّى جَاءَتِ امْرَأَةٌ وَمَعَهَا صَبِىٌّ لَهَا فَتَقَاعَسَتْ أَنْ تَقَعَ فِيهَا فَقَالَ لَهَا الْغُلاَمُ يَا أُمَّهْ اصْبِرِى فَإِنَّكِ عَلَى الْحَقِّ ».

অর্থ: "সুহাইব (রা:) থেকে বর্ণিত তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন... রাজা তখন একটি গভীর গর্ত খুড়ে তার ভেতরে আগুন জ্বালাতে আদেশ দিলো এবং বললোঃ যে এই বালকের দ্বীন থেকে সরে না আসবে তাকেই এই আগুনে নিক্ষেপ করো বা তাকেই আগুনে লাফ দিতে আদেশ করো। তারা এমনটাই করতে থাকলো যতক্ষণ না এক মহিলা তার শিশুসন্তান সহ আসলো। সে আগুনে ঝাঁপ দিতে দ্বিধা করছিল। কিন্তু শিশুটি বলে উঠলোঃ মা, সহ্য করো (এটি পরীক্ষা), কারণ তুমি সঠিক পথে আছো।"[৮৪]

খাব্বাবকে উদ্দেশ্য করে নবী (সঃ) এর উক্তি ঃ

عَنْ خَبَّابٍ يَقُولُ أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ...فَقَالَ لَقَدْ كَانَ مَنْ قَبْلَكُمْ لَيُمْشَطُ بِمِشَاطِ الْحَدِيدِ مَا دُونَ عِظَامِهِ مِنْ لَحْمٍ أَوْ عَصَبٍ مَا يَصْرِفُهُ ذَلِكَ عَنْ دِينِهِ وَيُوضَعُ الْمِنْشَارُ عَلَى مَفْرِقِ رَأْسِهِ فَيُشَقُّ بِاثْنَيْنِ مَا يَصْرِفُهُ ذَلِكَ عَنْ دِينِهِ وَلَيُتِمَّنَّ اللَّهُ هَذَا الْأَمْرَ حَتَّى يَسِيرَ الرَّاكِبُ مِنْ صَنْعَاءَ إِلَى حَضْرَمَوْتَ مَا يَخَافُ إِلَّا اللَّهَ زَادَ بَيَانٌ وَالذِّئْبَ عَلَى غَنَمِهِ

অর্থ: "খাব্বাব (রা:) থেকে বর্ণিত তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের পূর্বে এমনও ঈমানদার ছিলেন যাকে ধরে এনে মাটিতে গর্ত খোড়া হত। তাতে তাকে ফেলা হত, এর পর করাত নিয়ে আসা হতো, সেটা তার মাথার উপর রাখা হত, এরপর তাকে দু'খন্ড করে ফেলা হত। লোহার চিরুণী দ্বারা তার শরীরের মাংস তুলে নেওয়া হত। এতো অত্যাচারও তাকে দ্বীন থেকে সরাতে পারত না। আল্লাহর শপথ! আল্লাহ অবশ্যই এই দ্বীনকে পরিপূর্ণ করবেন। তখন এমন

[৮৪] সহীহ মুসলিম ৭৭০৩;

নিরাপত্তা আসবে যে একজন আরোহী সানআ' থেকে হাজারামাউত পর্যন্ত ভ্রমণ করবে। কিন্তু আল্লাহর ভয় ছাড়া তার আর কোন কিছুর ভয় থাকবে না। আর ছাগলের উপর বাঘের ভয় ছাড়া। কিন্তু তোমরা বড় তাড়াহুড়া করছো।"[৮৫]

৬. মুমিনদেরকে ক্ষমতা লোভী বলে অপবাদ দেয়া

পবিত্র কোরাআনে ইরশাদ হয়েছে:

{قَالُوا أَجِئْتَنَا لِتَلْفِتَنَا عَمَّا وَجَدْنَا عَلَيْهِ آبَاءَنَا وَتَكُونَ لَكُمَا الْكِبْرِيَاءُ فِي الْأَرْضِ وَمَا نَحْنُ لَكُمَا بِمُؤْمِنِينَ} [يونس : ٧٨]

অর্থ: "তারা বলল, 'তুমি কি এসেছ আমরা আমাদের পিতৃপুরুষদেরকে যার উপর পেয়েছি তা থেকে আমাদেরকে ফেরাতে এবং যেন যমীনে তোমাদের প্রতিপত্তি প্রতিষ্ঠিত হয় তার জন্য? আর আমরা তো তোমাদের প্রতি বিশ্বাসী নই'।"[৮৬]

৭. মুমিনদেরকে অশান্তি সৃষ্টিকারী ও ধর্ম পরিবর্তণকারী বলে আখ্যায়িত করা

পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে:

{وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِي أَقْتُلْ مُوسَى وَلْيَدْعُ رَبَّهُ إِنِّي أَخَافُ أَنْ يُبَدِّلَ دِينَكُمْ أَوْ أَنْ يُظْهِرَ فِي الْأَرْضِ الْفَسَادَ} [غافر : ٢٦]

অর্থ: "আর ফির'আউন বলল, 'আমাকে ছেড়ে দাও, আমি মূসাকে হত্যা করি এবং সে তার রবকে ডাকুক; নিশ্চয় আমি আশঙ্কা করি, সে তোমাদের দ্বীন পাল্টে দেবে অথবা সে যমীনে বিপর্যয় ছড়িয়ে দেবে।"[৮৭]

বর্তমানেও যখন কুরআন ও হাদীসের সহীহ কথা বলা হয় তখন নব্য ফেরআউনরা একই কথা বলে। এরা জঙ্গীবাদী, সন্ত্রাসী, দেশে ফেতনা-ফাসাদ সৃষ্টিকারী, বিভ্রান্তকারী, আমাদের বাব-দাদার ধর্ম পরিবর্তণকারী,

[৮৫] সহীহ বুখারী ৩৮৫২।
[৮৬] সুরা ইউনুস ১০:৭৮।
[৮৭] সুরা গাফের ৪০:২৬।

এরা নতুন নতুন ইসলাম প্রচার করে, আগের লোকেরা কি ভূল করে গেছে ইত্যাদি ইত্যাদি বলে থাকে।

৮. মুমিনদের দারিদ্রতা ও দূর্বলতার কারণে তুচ্ছ ও ঘৃণা করা

{قَالُوا أَنُؤْمِنُ لَكَ وَاتَّبَعَكَ الْأَرْذَلُونَ} [الشعراء : ١١١]

অর্থ: " 'তারা বলল, 'আমরা কি তোমার প্রতি বিশ্বাস স্থাপন করব, অথচ নিম্নশ্রেণীর লোকেরা তোমাকে অনুসরণ করছে'?[৮৮]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{وَإِذَا تُتْلَى عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ قَالَ الَّذِينَ كَفَرُوا لِلَّذِينَ آمَنُوا أَيُّ الْفَرِيقَيْنِ خَيْرٌ مَقَامًا وَأَحْسَنُ نَدِيًّا} [مريم : ٧٣]

অর্থ: "আর যখন তাদের কাছে আমার আয়াতসমূহ সুস্পষ্টরূপে পাঠ করা হয়, তখন কাফিররা ঈমানদারদেরকে বলে, 'দুই দলের মধ্যে কোন্‌টি মর্যাদায় শ্রেষ্ঠতর এবং মজলিস হিসেবে উত্তম?'[৮৯]

একথার মাধ্যমে তারা মুমিনদের থেকে সাধারণ মানুষদেরকে দূরে সরানো উদ্দেশ্য করে থাকে।

৯. মুমিনদের বিরুদ্ধে জনসাধারণকে ক্ষেপিয়ে তোলা

পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

وَقَالَ الْمَلَأُ الَّذِينَ كَفَرُوا مِنْ قَوْمِهِ لَئِنِ اتَّبَعْتُمْ شُعَيْبًا إِنَّكُمْ إِذًا لَخَاسِرُونَ.

অর্থ: "আর তার কওম থেকে যে নেতৃবৃন্দ কুফরী করেছিল তারা বলল, 'যদি তোমরা শু'আইবকে অনুসরণ কর তাহলে নিশ্চয় তোমরা ক্ষতিগ্রস্ত হবে।"[৯০]

১০. বাপ-দাদা ও পূর্বপুরুষের দোহাই দেওয়া

[৮৮] সুরা শুআ'রা ২৬:১১১।
[৮৯] সুরা মারইয়াম ১৯:৭৩।
[৯০] সুরা আ'রাফ ৭:৯০।

যুগে যুগে যারাই দ্বীনে হকের দাওয়াত দিয়েছেন তাদেরকেই দ্বীনে বাতিলের অনুসারীদের পক্ষ থেকে বাপ-দাদা ও পূর্বপুরুষের দোহাই দিয়ে তাদের বিরোধিতা করা হয়েছে। ইরশাদ হচ্ছে:

وَإِذَا فَعَلُوا فَاحِشَةً قَالُوا وَجَدْنَا عَلَيْهَا آبَاءَنَا وَاللَّهُ أَمَرَنَا بِهَا قُلْ إِنَّ اللَّهَ لا يَأْمُرُ بِالْفَحْشَاءِ أَتَقُولُونَ عَلَى اللَّهِ مَا لا تَعْلَمُونَ

অর্থ: "তারা যখন কোন মন্দ কাজ করে, তখন বলে আমরা বাপ-দাদাকে এমনি করতে দেখেছি এবং আল্লাহ্‌ও আমাদেরকে এ নির্দেশই দিয়েছেন। আল্লাহ্ মন্দকাজের আদেশ দেন না। এমন কথা আল্লাহ্‌র প্রতি কেন আরোপ কর, যা তোমরা জান না।"[৯১]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَى مَا أَنْزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ قَالُوا حَسْبُنَا مَا وَجَدْنَا عَلَيْهِ آبَاءَنَا أَوَلَوْ كَانَ آبَاؤُهُمْ لا يَعْلَمُونَ شَيْئًا وَلا يَهْتَدُونَ

অর্থ: "যখন তাদেরকে বলা হয় যে, আল্লাহ্‌র নাযিলকৃত বিধান এবং রাসূলের দিকে এস, তখন তারা বলে, আমাদের জন্যে তাই যথেষ্ট, যার উপর আমরা আমাদের বাপ-দাদাকে পেয়েছি। যদি তাদের বাপ দাদারা কোন জ্ঞান না রাখে এবং হেদায়েত প্রাপ্ত না হয় তবুও কি তারা তাই করবে?"[৯২]

১১. পীর-মাশায়েখ ও ওলী-বুযুর্গদের দোহাই দেওয়া

যুগে যুগে যারাই দ্বীনে হকের দাওয়াত দিয়েছেন তাদেরকেই দ্বীনে বাতিলের অনুসারীদের পক্ষ থেকে পূর্বের যুগের বড় বড় পীর-মাশায়েখ, ওলী-বুযুর্গদের দোহাই দিয়ে জনগণকে তাদের বিরুদ্ধে ক্ষেপিয়ে দেওয়া হয়েছে। ইরশাদ হচ্ছে:

وَقَالُوا لَا تَذَرُنَّ آلِهَتَكُمْ وَلَا تَذَرُنَّ وَدًّا وَلَا سُوَاعًا وَلَا يَغُوثَ وَيَعُوقَ وَنَسْرًا.

অর্থ: "তারা বলল: তোমরা তোমাদের উপাস্যদেরকে ত্যাগ করো না এবং ত্যাগ করো না ওয়াদ, সূয়া, ইয়াগুছ, ইয়াউক ও নসরকে।"[৯৩]

[৯১] আরাফ ৭:২৮।
[৯২] মায়েদা ৫:১০৪।
[৯৩] নূহ ৭১:২৩।

এখানে লক্ষ্যণীয় বিষয় এই যে, নূহ (আ:) তার জাতীকে শুধু তাওহীদের দাওয়াত দিয়েছিলেন, তিনি কারো নাম নেন নি, কিন্তু তার জাতি সাধারণ মানুষদেরকে উত্তেজিত করার জন্য তৎকালীন পাঁচজন বড় বড় আল্লাহ ওয়ালাদের নাম উল্লেখ করলো। বর্তমানেও যখন তাওহীদের দাওয়াত পেশ করা হয় তখন দ্বীনে বাতিলের অনুসারীরা কুরআন ও সুন্নাহের কোন দলীল উপস্থাপন না করে বড় বড় আলেম ও পীর-বুযুর্গদের দোহাই দেয় এবং বলে এত বড় বড় আল্লাহর ওলীরা কি কম বুঝেছেন? তারা কি সকলেই মুশরিক ছিলেন? বেদআতী ছিলেন? তারা যদি জাহান্নামে যায় তাহলে আমরাও তাদের সাথে জাহান্নামে যাব। নাউযুবিল্লাহ!

১২. মুমিনদেরকে 'অল্প কিছু লোক' বলে অপবাদ দেয়া

{ فَأَرْسَلَ فِرْعَوْنُ فِي الْمَدَائِنِ حَاشِرِينَ (٥٣) إِنَّ هَؤُلَاءِ لَشِرْذِمَةٌ قَلِيلُونَ (٥٤) وَإِنَّهُمْ لَنَا لَغَائِظُونَ (٥٥) وَإِنَّا لَجَمِيعٌ حَاذِرُونَ} [الشعراء : ٥٣ – ٥٦]

অর্থ: "অতঃপর ফির'আউন নগরে–নগরে একত্রকারীদেরকে পাঠাল এবং (লোকের একত্রিত হওয়ার পর) বললো: নিশ্চয়ই এরা (মুমিনরা) তো ক্ষুদ্র একটি দল। আর এরা অবশ্যই আমাদের ক্রোধের উদ্রেক ঘটিয়েছে। আর আমরা সবাই তো যথেষ্ট সতর্ক।"[৯৪]

বর্তমানেও একই কথা বলা হয়, অমুক পীরের দরবারে এত লক্ষ লক্ষ লোক, অমুক ইজতেমায় এত লক্ষ লক্ষ লোক ইত্যাদি।

১৩. ইসলামের ভিতরে নানা রকম সন্দেহ ও সংশয় তৈরী করা

পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَكَذَلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيَاطِينَ الْإِنْسِ وَالْجِنِّ يُوحِي بَعْضُهُمْ إِلَى بَعْضٍ زُخْرُفَ الْقَوْلِ غُرُورًا} [الأنعام : ١١٢]

[৯৪] সুরা শুআ'রা ২৬:৫৪।

অর্থ: "আর এভাবেই আমি প্রত্যেক নবীর শত্রু করেছি মানুষ ও জিনের মধ্য থেকে শয়তানদেরকে, তারা প্রতারণার উদ্দেশ্যে একে অপরকে চাকচিক্যপূর্ণ কথার কুমন্ত্রণা দেয়।"[৯৫]

১৪. অর্থনৈতিকভাবে অবরোধ দেয়া

{هُمُ الَّذِينَ يَقُولُونَ لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُّوا}

অর্থ: "তারাই বলে, যারা আল্লাহর রাসূলের কাছে আছে তোমরা তাদের জন্য খরচ করো না, যতক্ষণ না তারা সরে যায়।"[৯৬]

মদীনার মুনাফিকরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীদের ব্যাপারে এভাবে জনগণকে অবরোধ দেওয়ার জন্য উস্কানি দিয়েছিলো। মক্কার কাফেররাও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ও তাঁর আশ্রয়দাতা বনু হাশেম, বনু মুত্তালিবকে 'শেআবে আবী তালেব' এ অবরূদ্ধ করে রেখেছিলো।

[৯৫] সুরা আনআ'ম ৬:১১২।
[৯৬] সুরা মুনাফিকূন ৬৩:৭।

প্রশ্ন: বর্তমান যুগে দ্বীনে বাতিলের অনুসারীরা দ্বীনে হক্কের বিরুদ্ধে কি ধরণের চক্রান্তে লিপ্ত আছে?

উত্তর: বর্তমান যুগের দ্বীনে বাতিলের অনুসারীরা তাদের পূর্বসুরী ফেরআউন, নমরূদ, আবু জাহ্‌ল, আবু লাহাবদের সহ সকল দ্বীনে বাতিলের পদ্ধতিগুলো অনুসরণ করা ছাড়াও নতুন কিছু পদ্ধতি আবিষ্কার করেছে যা পূর্বে দ্বীনে বাতিলের অনুসারীরা করে নি। আর সেগুলো সর্ম্পকে র‍্যান্ড এর কিছু পরিকল্পনা ও পরামর্শ তুলে ধরলাম।

এখানে Rand ইনস্টিটিউট-এর একটি সংক্ষিপ্ত প্রতিবেদন তুলে ধরতে চাই। Rand একটি মুনাফাবিহীন সংগঠন। যার ১৬০০ জন কর্মচারী রয়েছে। তারা বিভিন্ন বিষয়ে বিশ্লেষণের ফলাফল সমূহ মার্কিন প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করে।[৯৭]

“র‍্যান্ড (RAND) ইনস্টিটিউটের ২০০৭ সালের একটি রিপোর্ট থেকে উদ্ধৃতি দিয়ে শুরু করছি। এই রিপোর্টে বলা হয়েছে, “অধিকাংশ মুসলিম বিশ্বে যে সংগ্রাম চলছে, তা সত্যিকার অর্থে একটি ‘মতাদর্শগত যুদ্ধ’ এর ফলাফলই নির্ধারণ করবে মুসলিম বিশ্বের আগামী দিনের পথ নির্দেশনা।”

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের চতুর্মাসিক রিপোর্টে বলা হয়েছে, “যুক্তরাষ্ট্র এমন এক যুদ্ধে জড়িত যা একই সাথে অস্ত্রের ও আদর্শের। এই যুদ্ধের চূড়ান্ত বিজয় শুধুমাত্র তখনই অর্জিত হবে যখন চরমপন্থীদের আদর্শকে তাদের নিজেদের সমাজের জনগণ এবং সমর্থকদের চোখে কলঙ্কিত অথবা অখ্যাত করা যাবে।”

সুতরাং তাদের বক্তব্যে পরিষ্কার হয়ে গেছে যে, বর্তমান মুসলিম বিশ্বে যে যুদ্ধ ও সংঘাত চলছে তা কোন সাধারণ বিষয় নয়। বরং তা হচ্ছে মতাদর্শের যুদ্ধ। মুসলিম দেশগুলোতে সঠিক ইসলাম থাকবে নাকি অমুসলিমদের মর্জি মোতাবেক তথাকথিত মডারেট ইসলাম থাকবে? পূর্ণাঙ্গ ইসলাম থাকবে নাকি পীরপন্থী ও সূফীবাদীদের নরম ইসলাম থাকবে? সত্যিইতো আজ মুসলিম বিশ্ব মাতদর্শগত যুদ্ধে লিপ্ত আছে। ফিলিস্তিন,

[৯৭] **www.rand.com**

কাশ্মির, ইরাক, আফগানিস্তান, পাকিস্তান, বাংলাদেশসহ সকল মুসলিম বিশ্বে একদিকে একদল মুসলিম কুরআন ও সুন্নাহ ভিত্তিক পূর্ণাঙ্গ দ্বীন কায়েমের জন্য যুদ্ধ করছে অপরদিকে আরেকদল নামধারী মুসলিম গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য যুদ্ধ করছে। এই যে আদর্শের দ্বন্দ্ব চলছে, এই ব্যাপারে অমুসলিমরা কি ভাবছে? এ প্রশ্নের উত্তরের জন্য আমরা একটি ইউ.এস.নিউজ (US news) এবং ওয়াল্ড রিপোর্ট তুলে ধরছি। সেখানে বলা হয়েছে:

“৯/১১ আক্রমনের পরে বারবার ভুল পদক্ষেপ নেয়ার পর আজ ওয়াশিংটন পাল্টা আক্রমণ চালিয়ে যাচ্ছে। স্নায়ুযুদ্ধ পরবর্তী সময়ের তুলনায় নজিরবিহীন এক রাজনৈতিক যুদ্ধের প্রচারণা শুরু করেছে যুক্তরাষ্টের সরকার। সামরিক, মনস্তাত্ত্বিক অভিযান এবং সি.আই.এ (CIA) এর গোপন অভিযান পরিচালনার জন্যে নিয়োজিত দলগুলো থেকে শুরু করে প্রকাশ্যে যোগাযোগ মাধ্যম (রেডিও, টি.ভি, সংবাদপত্র, ইত্যাদি) এবং বুদ্ধিজীবিদের অর্থনৈতিক যোগান দেওয়া পর্যন্ত। ওয়াশিংটন মিলিয়ন মিলিয়ন ডলার ব্যয় করছে এমন এক প্রচার অভিযানে, যার লক্ষ্য শুধুমাত্র মুসলিম সমাজকেই নয়, ইসলামকেও প্রভাবিত করা।”

বুঝা গেল কাফের শক্তিগুলো শুধু মুসলিমদেরকেই ধ্বংস করতে চায় না বরং ইসলামকেও বিকৃত করার মাধ্যমে পরিবর্তণ করতে চায়। আর এই কাজটি তাদের পক্ষে সম্ভব নয়। কারণ তারা পারে বোমা হামলা করে কিছু মুসলিমদেরকে হত্যা করতে কিন্তু ইসলামের কোন পরিভাষাকে পরিবর্তণ করা অথবা অর্থ বিকৃতি করা তাদের পক্ষে সম্ভব নয়। এটার জন্য প্রয়োজন একদল আলেম, পীর-মাশায়েখ, বড় বড় মসজিদের ইমাম ও খতীব, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বক্তা যারা ইসলামের অর্থ আল্লাহর কাছে আত্মসমর্পণ করার পরিবর্তে বলবে ইসলাম মানে শান্তি। যারা জিহাদের অর্থ পরিবর্তণ করে বলবে জিহাদ মানে চেষ্টা অথবা তারা বলবে নফসের জিহাদ বড় জিহাদ। অথবা বলবে এই যুগে অস্ত্রের জিহাদ নয় বরং কথার জিহাদ, কলমের জিহাদ ও নফসের জিহাদের মাধ্যমেই দ্বীন কায়েম করতে হবে। এ জন্য ইতিমধ্যেই ইহুদী-খৃষ্টান জগত অনেক বড় বড় প্রকল্প হাতে নিয়েছে যা তাদের মুখেই শুনা যাক। ঐ প্রবন্ধেই বলা হয়েছে:

"ওয়াশিংটন গোপন ভাবে কমপক্ষে চব্বিশটি দেশে অনুদান প্রদান করেছে রেডিও এবং টেলিভিশনে (জিহাদ বিমুখ) ইসলামী অনুষ্ঠান প্রচারের জন্য, মুসলিম স্কুলে (জিহাদ বিরোধি) কোর্স চালুর জন্যে। অনুদান প্রদান করেছে মুসলিম বুদ্ধিজীবিদের জন্যে ও রাজনৈতিক কর্মশালার জন্যে অথবা অন্যান্য কর্মসূচি পালনের জন্যে। শুধুমাত্র 'মডারেট[৯৮] ইসলামকে' উৎসাহিত করার লক্ষ্যে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় সরকার থেকে সাহায্য দেয়া হচ্ছে মসজিদ নির্মাণের জন্যে, এশিয়ান কুর'আন রক্ষা করার জন্যে, এমন কি ইসলামী স্কুল (মাদরাসা) প্রতিষ্ঠা করার জন্যে।"

বুঝা গেল অমুসলিমরা ওদের দালাল তৈরী করার জন্য কতভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং তারা এ ক্ষেত্রে ইতিমধ্যেই অনেক সফলতাও অর্জই করেছে। বাংলাদেশ ইসলামি ফাউন্ডেশনের ইমাম প্রশিক্ষনের সমাপনী অনুষ্ঠানে আমেরিকার নর্তকী দিয়ে ব্যালেড্যান্স করানোর মাধ্যমে তার প্রমাণ পাওয়া যায়।

Rand থেকে প্রকাশিত, শেরিল বার্নার্ড রচিত একটি প্রতিবেদনের নাম হলো "সিভিল ডেমোক্রেটিক ইসলাম" (সামাজিক গণতান্ত্রিক ইসলাম)। শেরিল বার্নার্ড একজন ইহুদী, যে বিয়ে করেছে একজন মুরতাদকে, যখন সে নামধারী মুসলমান ছিল তখন তার নাম ছিল জালমাই খলিল জাদ। জালমাই খলিল জাদ যুক্তরাষ্ট্রের সরকারের একজন উচ্চপদস্থ কর্মকর্তা। সে এক সময় জাতিসংঘে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে কাজ করেছে এবং সে আফগানিস্তান ও ইরাকে রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছিল। তাকে খুব স্পর্শকাতর পদে নিয়োগ করা হয়ে থাকে। শেরিল বার্নার্ড হচ্ছে তার স্ত্রী। সে (শেরিল বার্নার্ড) র‍্যান্ড-এর জন্যে "সিভিল ডেমোক্রেটিক ইসলাম" নামক প্রতিবেদনটি প্রকাশ করে। সে প্রতিবেদনে ইসলামের যারা সঠিক কথা বলে, তাওহীদের কথা বলে, শিরক-বিদআতের বিরূদ্ধে কথা বলে, জিহাদ ও মুজাহিদীনদের পক্ষে কথা বলে তাদের বিরূদ্ধে, তাদের ভাষায় মডারেট মুসলিমদের সাহায্য করার জন্য যুক্তরাষ্ট্র সরকারকে কিছু পরামর্শ দেওয়া হয়। নিম্নে তাদের পরামর্শগুলোর তুলে ধরা হলো:

[৯৮] সংযত, মধ্যপন্থী, নরমপন্থী।

এক: "আমাদের র‍্যান্ড মুসলিমদের কাজ (লেখা বই, প্রবন্ধ) কম খরচে (বা ভর্তূকি দিয়ে) প্রকাশ এবং বিতরণ করা উচিত।" এটা হয় মিথ্যার প্রসার ঘটানোর জন্যে।

দুই: "তাদেরকে (মডারেট মুসলিম) উৎসাহ দান করা জনসাধারণ এবং যুবকদের উদ্দেশ্যে বই-পুস্তক, রচনা-প্রবন্ধ ইত্যাদি লেখার জন্যে। যাতে যুবকরা এবং সাধারণ মুসলমানগণ জিহাদ ও জঙ্গিবাদের বিরূদ্ধে অবস্থান নেয়।"

তারা উপলব্ধি করেছে যে মুসলিম বিশ্বের জনসাধারণ সত্যকে বুঝে নিতে সক্ষম এবং তারা জানে কারা তাদের জন্য কথা বলে এবং কারা বলে না। এই অমুসলিমরা জানে যে যুবকদের থেকেই তাদের বিপদ আসে কারণ যুবকরাই হল তারা যারা সত্যের পক্ষে দাঁড়াতে পারে। ইবরাহিম (আ:) যুবক ছিলেন যখন তিনি মুর্তিগুলোকে ধ্বংস করে ছিলেন এবং সূরা কাহাফের গুহার ঘটনা থেকে আমরা জানতে পারি যে যারা গুহায় চলে গিয়েছিল তারা যুবক ছিল। আমরা সীরাতের গ্রন্থ থেকে জানতে পারি, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নবুওয়াতের প্রথম দিকের অনুসারীরা ছিলেন যুবক। সুতরাং সে (শেরিল বার্নার্ড) যুবকদের পথভ্রষ্ট করার জন্য উৎসাহিত করেছে।

তিন: "তাদের (মডারেট মুসলিম) দৃষ্টিভঙ্গিকে ইসলামী শিক্ষার পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা।"

তারা এই ব্যাপারে ইতিমধ্যে কিছু সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়েছে। তারা অনেক মুসলিম দেশের পাঠ্যক্রমকে ধবংস করে দিয়েছে। যে সব বিষয় জিহাদ, হুদুদ, আল্লাহর শাসন নিয়ে কথা বলে তা পাঠ্যক্রম থেকে সরিয়ে ফেলা হয়েছে, সম্পূর্ণ অধ্যায়ই মুছে ফেলা হয়েছে, পরিবর্তন করে ফেলা হয়েছে। যার ফলে স্কুল,কলেজ, ইউনিভার্সিটি এমনকি মাদরাসার ছাত্রদেরকেও জিহাদের বিরূদ্ধে অবস্থান নিয়ে ওদের শিখানো মতে জঙ্গিবাদ বিরোধী বক্তব্য-বিবৃতি প্রদান করছে।

চার: "প্রাক-ইসলামী এবং যা ইসলামী নয় সেই সমস্ত ইতিহাস এবং সংস্কৃতিকে সংশ্লিষ্ট দেশের প্রচার মাধ্যম ও পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা এবং সে সম্পর্কে সচেতনতাকে উৎসাহিত করা।"

যেমন, ফেরাউনিক সভ্যতা কে পুনর্জাগরিত করা। ফেরাউন সম্পর্কে আলোচনা করা এবং ওদের সম্পর্কে একটি ভাল মনোভাব সৃষ্টি করা। ইসলামী সংস্কৃতির পরিবর্তে ওদের সভ্যতা, ওদের সাফল্য, ওরা যে উন্নয়ন সাধন করেছিল তা নিয়ে আলোচনা করা, সমাজে ইসলামের পূর্ব সংস্কৃতিকে পুনর্জাগরিত করা এবং প্রাক-ইসলামী আরব এবং জাতীয়তাবাদ নিয়ে আলোচনা করা। আবার, উত্তর আফ্রিকার বর্বর লোকদের নিয়ে আলোচনা করা, শামের দেশের রোমান ও গ্রীক সময়ের ইতিহাস নিয়ে আলোচনা করা। এই কারনেই আমরা দেখতে পাই যে, প্রত্নতত্ত্ববিদরা (Archeologists) মধ্যপ্রাচ্যের প্রাক-ইসলামী ইতিহাসের উপর বিশেষ ভাবে নজর দিচ্ছে। দেখা যাচ্ছে যে তারা মেসোপটেমিয়া এবং ফেরাউনের সময় মিশরের অবস্থা নিয়ে অনেক আলোচনা করছে। এভাবে মুসলিম যুবকদের অন্তর থেকে ইসলামের সোনালী যুগের ইতিহাস ও সভ্যতাকে ভুলিয়ে দিয়ে ইসলামের পূর্বের ইতিহাস ও সভ্যতাকে প্রতিষ্ঠিত করার গভীর চক্রান্তের নীল-নকশা বাস্তবায়ন করা হচ্ছে।

পাঁচ: "সূফীবাদের জনপ্রিয়তা" এবং এর "গ্রহণযোগ্যতা" কে উৎসাহ দান করা।" এটি একটি মারাত্মক চক্রান্ত। কারণ ওরা জানে যে, ওরা হয়তো বোমা হামলা করে কিছু মুসলিমদের হত্যা করতে পারবে কিন্তু এতে স্থায়ী কোন ফায়দা হবে না। সাধারণ মুসলিম ও যুবকদের অন্তর থেকে জিহাদি চেতনা বিলুপ্ত হবে না। বরং আরো তারা কাফের-মুশরিকদের বিরূদ্ধে জিহাদ করার জন্য ঈমানী চেতনায় ফুসে উঠবে। পক্ষান্তরে একদল আলেম, মুফতী, মুহাদ্দেস, মুফাসসির ও মসজিদের ইমাম ও খতীব যদি জিহাদের বিরূদ্ধে বক্তব্য দেয় এবং জিহাদকে বিতর্কিত করে দেয় সেটা সাধারণ জনগণ এবং যুবকদের মধ্যে অনেক বড় ধরণের প্রভাব ফেলবে। সেকারণেই তারা পীরবাদ, সূফীবাদ ইত্যাদিকে উৎসাহিত করছে। সুতরাং ওরা তাসাউফ[৯৯]-এর প্রসার করতে চায়। এটা এই জন্য নয় যে ওরা

[৯৯] সূফীবাদ।

তাসাউফকে ভালোবাসে। ওরা একে ভালোবাসে জিহাদের বিরূদ্ধে এদের অবস্থানের কারণে এবং এদের উদার বা নরম পন্থী মনোভাবের কারণে। কিন্তু ওরা কি কখনও উমর আল-মুখতার[১০০]-এর তাসাউফের (দুনিয়ার বিলাসিতা ত্যাগের) কথা, অথবা উত্তর আফ্রিকা বা সেই মহা দেশে (ইসলাম প্রতিষ্ঠার জন্য যে) আন্দেলন বা সংগ্রাম হয়েছিল তা প্রচার করবে?

অতঃপর, শেরিল বার্নার্ড তার প্রতিবেদনে "মৌলবাদীদের বিরোধিতা করা এবং তাদের বিরুদ্ধে অবস্থান নেয়ার কৌশল" শিরোনামে কিছু প্রস্তাব পেশ করেছে। নিম্নে তার সেই প্রস্তাবগুলোর কিছু অংশ তুলে ধরা হলো:

ক. "তাদের সাথে অবৈধ দল এবং কর্মকান্ডের সম্পর্ক প্রকাশ করা।" একারণেই আমরা বর্তমানে দেখতে পাচ্ছি যারা দ্বীনে হকের পক্ষে কথা বলে তাদেরকে মৌলবাদী, জঙ্গীবাদী, জে.এম.বি, আল-কায়েদা ইত্যাদি বলে মুসলিম সমাজে বিতর্কিত করা হয় এবং নানাভাবে হয়রানী করা হয়।

খ. তাদের ধ্বংসাত্মক কর্মকান্ডের পরিণতিগুলো প্রচার করা।

এখানে সে (শেরিল বার্নার্ড) বলেছে যে, আল্লাহর রাস্তার মুজাহিদদের অনিচ্ছাকৃত দুর্ঘটনাগুলোকে আমাদের হিসেবে নেয়া উচিত এবং তা প্রচার করা এবং তা নিয়ে বিশাল হুলুস্থুল বাঁধিয়ে দেয়া। আর যখন যুক্তরাষ্ট্রের সৈন্যদের বোমাগুলো আবাসিক এলাকায় পড়ে এবং মহিলা, শিশু, বৃদ্ধ সবাইকে হত্যা করে, তখন তা এড়িয়ে যাও, এ সম্বন্ধে কোন কথা বলো না, এবং এ (ঘটনাগুলো) ভুলে যাও, যদি তা বিশ্ববাসীর কাছে প্রকাশ হয়ে যায়, তাহলে অজুহাত খুঁজে বের কর। আর যদি মুসলিমরা যারা আল্লাহর রাস্তায় যুদ্ধ করছে, কোন ভুল করে অথবা যদি অনিচ্ছাকৃত কোন দুর্ঘটনা ঘটে যায়, তাহলে তাকে একটি বড় বিষয়ে পরিণত কর এবং তা প্রচার করতে থাক। এ ক্ষেত্রেও তারা অনেক সফলতা অর্জই করেছে। আফগানিস্তানে যদি কাফের সৈন্যরা সাধারণ জনতার উপরে হামলা করে তা নিয়ে কোন হৈ-চৈ নেই কোন রকম তোলপাড় নেই। কিন্তু যদি

[১০০] লিবিয়ার একজন বীর মুজাহিদ যিনি ইনসাফ প্রতিষ্ঠা করার জন্য ও ব্রিটিশ জালেম দখলদারদের হাত থেকে নিরহ মানুষদের রক্ষা করার জন্য দুনিয়ার ভোগ বিলাসীতা ত্যাগ করে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত আল্লাহর পথে জিহাদ করে গেছেন।

মুজাহিদীনদের সমান্য ভুল-ভ্রান্তিও ধরা পরে সেক্ষেত্রে তিলকে তাল বানিয়ে প্রচারের ঝড় বইয়ে দেওয়া হয়।

গ. "মৌলবাদী, চরমপন্থী ও সন্ত্রাসীদের ধবংসাত্মক কাজের জন্যে তাদের প্রতি শ্রদ্ধা ও প্রশংসা করা থেকে বিরত থাকা।"

অর্থাৎ মুসলিম মুজাহিদীনদের বীরত্বের প্রশংসা করা, বন্দী শত্রুদের সঙ্গে তাদের সদাচরণ করা ইত্যাদির কোন প্রশংসা না করার পরামর্শ দেওয়া হয়েছে। এরপর সে কি বলছে জানেন? সে বলছে:

"তাদেরকে মানসিকভাবে বিশৃঙ্খল এবং কাপুরুষ ব্যক্তি হিসেবে চিহ্নিত কর, খল নায়ক হিসেবে নয়।"

কখনও কখনও আপনি আপনার শত্রুর প্রতি শ্রদ্ধা দেখাতে পারেন তার কিছু গুণের জন্যে। যেমন ধরুন, পশ্চিমারা সালাহ্ উদ্দিন আইয়ুবীর বিনয় ও সাহসীকতাকে লুকাতে পারেনি। ইতিহাসে আমরা দেখতে পাই যে, বিভিন্ন জাতি এবং জনগোষ্ঠির মধ্যে যুদ্ধ হয়েছিল তথাপিও শত্রুরা অন্য পক্ষকে শ্রদ্ধা করতো এবং বিশেষ কিছু ক্ষেত্রে প্রশংসা করতো। যেমন, ওরা বলতো 'হ্যাঁ এটা সত্য যে তারা আমাদের শত্রু, কিন্তু আমাদের সত্য কথা বলতে হবে, তারা সাহসী' অথবা 'হ্যাঁ এটা সত্য যে তারা আমাদের শত্রু, কিন্তু তাদেরও একটি মূল্যবোধ রয়েছে' ইত্যাদি।

শেরিল বার্নার্ডের মতে, তাদের এই ধরনের শ্রদ্ধাবোধও দেখানো উচিত নয়, মুসলিম বীরদের কখনই খল নায়ক হিসেবে চিহ্নিত করা উচিত নয়। তারপর সে বিশেষ ভাবে মুসলিম বীরদেরকে মানসিক ভারসাম্যহীন ও কাপুরুষ হিসেবে চিহ্নিত করতে চেয়েছে। এক্ষেত্রেও তারা অনেক সফলতা অর্জই করেছে। আমরা আশ্চর্যজনক ভাবে দেখতে পাচ্ছি যে, বর্তমানে কিছু মুসলিমনামধারী নেতা-নেত্রী, শিল্পী-সাহিত্যিক, সাংবাদিক এমনকি একদল বক্তা ও খতীবদেরকে তোতা পাখির মত তাদের এই শিখানো এই বুলিগুলো আওড়াতে শুনা যাচ্ছে। যারা পাঞ্জাবী-পায়জামা পড়ে অত্যাধুনিক মারনাস্ত্রের সামনে দাড়িয়ে শুধু বন্দুক অথবা পাথর দিয়ে বীরত্বের সঙ্গে যুদ্ধ করে অকাতরে জীবন বিলিয়ে দিচ্ছেন তাদেরকে বলা হচ্ছে কাপুরুষ। আর যারা বুলেটপ্রুফ পোষাক পরিধান করে অত্যাধুনিক মারণাস্ত্রে সজ্জিত

হয়েও মুসলিম মুজাহিদীনদের ভয়ে লেজ গুটিয়ে পলায়ন করে তাদেরকে বলা হচ্ছে বীরপুরুষ। যারা বন্দীদেরকে পাখির মত গুলি করে হত্যা করার পরে তাদের গায়ে পেশাব করে দেয় তাদেরকে বলা হয় বীরপুরুষ। আর যারা বন্দীদেরকে নিজেদের খাদ্যের মধ্যে সমান অংশীদার বানায় অথবা নিজেরা না খেয়ে শত্রুপক্ষের বন্দীদেরকে খেতে দেয় তাদেরকে বলা হচ্ছে মানসিক ভারসাম্যহীন, কাপুরুষ। যারা সতী-সাধবী নারীদেরকে গ্রেফতার করে জেলখানার অন্ধ কুঠরিতে পালাক্রমে, জোরপূর্বক ধর্ষণ করে তাদেরকে বলা হয় বীরপুরুষ। আর যারা বন্দী নারীদেরকে আপন মা-বোনের মতো হেফাজত করে তাদেরকে বলা হয় মানসিক ভারসাম্যহীন কাপুরুষ। এটাই হচ্ছে বর্তমান ইহুদী-খৃষ্টান, হিন্দু-বৌদ্ধসহ সকল কাফের-মুশরিকদের চরিত্র।

প্রশ্ন: আল্লাহর রীতি মুতাবেক কারা এই যমীনে সবচেয়ে বেশী পরীক্ষিত হন?

উত্তরঃ- সা'দ ইবন্ আবি ওয়াক্কাস (রা:) হতে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ

عَنْ سَعْد قَالَ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ النَّاسِ أَشَدُّ بَلَاءً فَقَالَ الْأَنْبِيَاءُ ثُمَّ الْأَمْثَلُ فَالْأَمْثَلُ فَيُبْتَلَى الرَّجُلُ عَلَى حَسَبِ دِينِهِ فَإِنْ كَانَ رَقِيقَ الدِّينِ ابْتُلِيَ عَلَى حَسَبِ ذَاكَ وَإِنْ كَانَ صُلْبَ الدِّينِ ابْتُلِيَ عَلَى حَسَبِ ذَاكَ قَالَ فَمَا تَزَالُ الْبَلَايَا بِالرَّجُلِ حَتَّى يَمْشِيَ فِي الْأَرْضِ وَمَا عَلَيْهِ خَطِيئَةٌ

অর্থ: "সা'দ ইবনে আবী ওয়াক্কাস (রা:) থেকে বর্ণিত তিনি বলেন: আমি বললাম: 'হে আল্লাহ্র রাসূল! মানবজাতির মধ্যে কারা সবচেয়ে বেশি কঠোর যন্ত্রণা ভোগ করে?' তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জবাব দিলেনঃ 'নবীগণ, অতঃপর তারা যারা তাদের খুব কাছাকাছি পর্যায়ের, এবং তারপর তারা যারা তাদের খুব কাছাকাছি পর্যায়ের। মানুষ তার দ্বীনের উপর যতটা শক্তিমান হয় সেই হিসেবে তার পরীক্ষা নেয়া হয়। কাজেই যদি সে দ্বীন পালনে কঠোর না হয় তাহলে তার পরিক্ষাও হালকা হবে আর যদি দ্বীন পালনে কঠোর হয় তাহলে তার পরিক্ষাও কঠিন হবে।

একজন বিশ্বাসীকে ক্রমান্বয়ে পরীক্ষা করা হয় যতক্ষণ পর্যন্ত না সে জমীনের উপর দিয়ে নিস্পাপ হয়ে হাঁটতে থাকে ।"[১০১]

এ হাদীস থেকে শিক্ষা হচ্ছে- সবচেয়ে বেশী বিপদাপদ সহ্য করেছেন নবীগণ । এরপর নবীদের মত যারা কাজ করেছেন তারা । আর মিল্লাতে ইব্রাহীমের অনুসারীরা মানুষের মধ্যে সব চাইতে বেশী পরীক্ষিত হন । কেননা দাওয়াতী ক্ষেত্রে তারা নবীগণের পদ্ধতির অনুসরণ করে ।

এ কারণেই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে ও তাঁর অনুসারীগণ চরম নির্যাতন সহ্য করা সত্ত্বেও কোন প্রকার প্রতিরোধ গড়ে তুলেননি । এ প্রসঙ্গে কয়েকটি ঘটনা উল্লেখ করা হলো ।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিজের ঘটনা

হাদীসে ইরশাদ হয়েছে:

عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ بَيْنَمَا رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– يُصَلِّى عِنْدَ الْبَيْتِ وَأَبُو جَهْلٍ وَأَصْحَابٌ لَهُ جُلُوسٌ وَقَدْ نُحِرَتْ جَزُورٌ بِالأَمْسِ فَقَالَ أَبُو جَهْلٍ أَيُّكُمْ يَقُومُ إِلَى سَلاَ جَزُورِ بَنِى فُلاَنٍ فَيَأْخُذُهُ فَيَضَعُهُ فِى كَتِفَىْ مُحَمَّدٍ إِذَا سَجَدَ فَانْبَعَثَ أَشْقَى الْقَوْمِ فَأَخَذَهُ فَلَمَّا سَجَدَ النَّبِىُّ –صلى الله عليه وسلم– وَضَعَهُ بَيْنَ كَتِفَيْهِ قَالَ فَاسْتَضْحَكُوا وَجَعَلَ بَعْضُهُمْ يَمِيلُ عَلَى بَعْضٍ وَأَنَا قَائِمٌ أَنْظُرُ. لَوْ كَانَتْ لِى مَنَعَةٌ طَرَحْتُهُ عَنْ ظَهْرِ رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم– وَالنَّبِىُّ –صلى الله عليه وسلم– سَاجِدٌ مَا يَرْفَعُ رَأْسَهُ حَتَّى انْطَلَقَ إِنْسَانٌ فَأَخْبَرَ فَاطِمَةَ فَجَاءَتْ وَهِىَ جُوَيْرِيَةٌ فَطَرَحَتْهُ عَنْهُ. ثُمَّ أَقْبَلَتْ عَلَيْهِمْ تَشْتِمُهُمْ فَلَمَّا قَضَى النَّبِىُّ –صلى الله عليه وسلم– صَلاَتَهُ رَفَعَ صَوْتَهُ ثُمَّ دَعَا عَلَيْهِمْ وَكَانَ إِذَا دَعَا دَعَا ثَلاَثًا. وَإِذَا سَأَلَ سَأَلَ ثَلاَثًا ثُمَّ قَالَ « اللَّهُمَّ عَلَيْكَ بِقُرَيْشٍ ». ثَلاَثَ مَرَّاتٍ فَلَمَّا سَمِعُوا صَوْتَهُ ذَهَبَ عَنْهُمُ الضِّحْكُ وَخَافُوا دَعْوَتَهُ ثُمَّ قَالَ « اللَّهُمَّ عَلَيْكَ بِأَبِى جَهْلِ بْنِ هِشَامٍ وَعُتْبَةَ بْنِ رَبِيعَةَ وَشَيْبَةَ بْنِ رَبِيعَةَ وَالْوَلِيدِ بْنِ عُقْبَةَ وَأُمَيَّةَ بْنِ خَلَفٍ وَعُقْبَةَ بْنِ أَبِى مُعَيْطٍ ». وَذَكَرَ السَّابِعَ وَلَمْ أَحْفَظْهُ فَوَالَّذِى بَعَثَ مُحَمَّدًا –صلى الله عليه وسلم– بِالْحَقِّ لَقَدْ

[১০১] মুসনাদে আহমদ ১৪৯৪ ।

رَأَيْتُ الَّذِينَ سَمَّى صَرْعَى يَوْمَ بَدْرٍ ثُمَّ سُحِبُوا إِلَى الْقَلِيبِ قَلِيبِ بَدْرٍ. (صحيح مسلم)

অর্থ: আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কার খানায়ে কাবার সামনে সালাত আদায় করছিলেন । আবু জাহেল এবং তার কয়েকজন সাথী তখন কাবার সামনে বসেছিল । তার আগের দিন একটি উট জবাই করা হয়েছিল । আবু জাহেল তার সঙ্গীদের বলল, কে আছো এরকম যে অমুক গোত্রের উটের নাড়ী-ভূড়ীগুলো নিয়ে আসবে এবং অপেক্ষা করতে থাকবে যখন মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদায় যাবে তখন তার ঘাড়ে ওগুলো চাপিয়ে দিবে । তখন তাদের মাঝে সবচেয়ে হতভাগা (উক্ববা ইবনে আবী মুআ'ইত) দ্রুত উঠে গেল এবং উটের নাড়ী-ভূড়ী এনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঘাড়ে চাপিয়ে দিল ।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদা থেকে মাথা উত্তোলন করতে পারছিলেন না । এ অবস্থা দেখে কাফেরগণ হাসাহাসি করতে লাগল এবং একে অপরের গায়ে হেলে পরতে লাগল । (হাদীসের বর্ণনাকারী সাহাবী বলেন) আমার যদি ক্ষমতা থাকতো তাহলে এটাকে প্রতিহত করতাম । অতঃপর এক ব্যক্তি ফাতেমা (রা:) কে খবর দিল । তিনি তখন ছোট মেয়ে ছিলেন তিনি এসে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঘাড় থেকে ওগুলো সরিয়ে ফেললেন এবং কাফেরদেরকে তিরস্কার করতে লাগলেন ।

অতঃপর আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাত শেষ করলেন তখন ওদের বিরূদ্ধে বদদোয়া করলেন । রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন দোয়া করতেন তখন তিনবার করতেন । কাফেররা যখন আল্লাহর নবীর আওয়াজ শুনলো তখন তারা ভয় পেয়ে গেল এবং তাদের হাসি বন্ধ হয়ে গেল । আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওদের নাম ধরে ধরে বদদোয়া করলেন । হে আল্লাহ! তুমি পাকড়াও কর আবু জাহেল ইবনে হিশামকে, ওতবা ইবনে শাইবা ও

রাবিয়া ইবনে শাইবাকে, ওলীদ ইবনে উক্ববাকে, উমাইয়া ইবনে খালফকে এবং উক্ববা ইবনে আবি মুআ'ইতকে।

বর্ণনাকারী বলেন, আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সপ্তম ব্যক্তির নামও উল্লেখ করেছিলেন, সেটা আমি ভুলে গেছি। আমি আল্লাহর কসম করে বলছি, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে কয়জনের নাম উল্লেখ করেছিলেন তারা প্রত্যেকে বদরের যুদ্ধে নিহত হয়েছিল। অতঃপর তাদেরকে টেনে হিঁচড়ে বদরের গর্তে নিক্ষেপ করা হয়েছিল।"[১০২]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী বেলাল (রা:) এর ঘটনা

عَنْ عَبْدِ اللَّهِ قَالَ أَوَّلُ مَنْ أَظْهَرَ إِسْلَامَهُ سَبْعَةٌ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُو بَكْرٍ وَعَمَّارٌ وَأُمُّهُ سُمَيَّةُ وَصُهَيْبٌ وَبِلَالٌ وَالْمِقْدَادُ فَأَمَّا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَنَعَهُ اللَّهُ بِعَمِّهِ أَبِي طَالِبٍ وَأَمَّا أَبُو بَكْرٍ فَمَنَعَهُ اللَّهُ بِقَوْمِهِ وَأَمَّا سَائِرُهُمْ فَأَخَذَهُمْ الْمُشْرِكُونَ فَأَلْبَسُوهُمْ أَدْرَاعَ الْحَدِيدِ وَصَهَرُوهُمْ فِي الشَّمْسِ فَمَا مِنْهُمْ إِنْسَانٌ إِلَّا وَقَدْ وَاتَاهُمْ عَلَى مَا أَرَادُوا إِلَّا بِلَالٌ فَإِنَّهُ هَانَتْ عَلَيْهِ نَفْسُهُ فِي اللَّهِ وَهَانَ عَلَى قَوْمِهِ فَأَعْطَوْهُ الْوِلْدَانَ وَأَخَذُوا يَطُوفُونَ بِهِ شِعَابَ مَكَّةَ وَهُوَ يَقُولُ أَحَدٌ أَحَدٌ

অর্থ: "আব্দুল্লাহ (রা:) হতে বর্ণিত তিনি বলেন, সর্ব প্রথম সাত ব্যক্তি ইসলামকে প্রকাশ করেছে। ১. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ২. আবু বকর (রা:) ৩. আম্মার (রা:) ৪. তাঁর মা সুমাইয়্যা (রা:) ৫. সুহাইব (রা:) ৬. বেলাল (রা:) ৭. মিকদাদ (রা:)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহ তাঁর চাচা আবু তালেবের মাধ্যমে রক্ষা করেছেন। আবু বকর (রা:) কে আল্লাহ (সুব:)তাঁর সম্প্রদায়ের মাধ্যমে রক্ষা করেছেন। আর বাকী সকলকেই মুশরিকরা গ্রেফতার করেছিল এবং তাদেরকে লোহার পোষাক পরিয়ে প্রচন্ড রোদের তাপে ফেলে রাখতো। তাদের সকলের সাথে এই আচরণই করা হত।

[১০২] সহীহ মুসলিম ৪৭৫০।

বিলালের বিষয়টি ছিল আরো ভিন্ন (কঠোর)। তিনি আল্লাহর জন্য তাঁর জীবনকে ও তাঁর সম্প্রদায়কে তুচ্ছ মনে করেছেন। তাঁকে বেঁধে দুষ্ট ছেলেদের হাতে তুলে দেয়া হয়েছিল। তারা বিলালকে নিয়ে মক্কার অলি-গলিতে ঘোরাফেরা করতো। আর এ অবস্থায় বিলাল (রা:) বলতেন, আহাদ! আহাদ! "আল্লাহ এক, আল্লাহ এক"।"[১০৩]

আম্মার (রা:) এর ঘটনা

عَنْ عُثْمَانَ قَالَ : بَيْنَمَا أَنَا أَمْشِيْ مَعَ رَسُوْلُ اللهِ – صلى الله عليه وسلم – بِالْبَطْحَاءِ إِذْ بِعَمَّارٍ وَأَبُوْهُ وَأُمُّه يُعَذَّبُوْنَ فِيْ الشَّمْسِ لِيَرْتَدُّوا عَنِ الإِسْلَامِ فَقَالَ أَبُوْ عَمَّارٍ يَا رَسُوْلُ اللهِ اَلدَّهْرُ هكَذَا فَقَالَ صَبْراً يَا آلِ يَاسِرَ اَللّهُمَّ اغْفِرْ لِآلِ يَاسِرَ وَقَدْ فَعَلْتَ

অর্থ: "উসমান ইবনে আফফান (রা:) হতে বর্ণিত তিনি বলেন, একদা আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে মক্কায় হাটছিলাম। হঠাৎ দেখলাম আম্মার (রা:), তাঁর পিতা ইয়াসেরকে ও তাঁর মাতা সুমাইয়্যাকে (রা:) সূর্যের তাপে ফেলে শাস্তি দেওয়া হচ্ছে যাতে করে তাঁরা ইসলাম ত্যাগ করে। আম্মার (রা:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে উদ্দেশ্য করে বলল, যুগ যুগ ধরে কি এই শাস্তি চলতে থাকবে? তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে ইয়াসিরের পরিবার! তোমরা ধৈর্য্য ধারণ কর। এরপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়াসির পরিবারের জন্য দোয়া করলেন, হে আল্লাহ! তুমি ইয়াসিরের পরিবারকে ক্ষমা করে দাও এবং (আমার নিশ্চিত বিশ্বাস) তুমি তা করেছো।"[১০৪]

পূর্বেকার মুমিনদের উপর শাস্তির ব্যাপারে খাব্বাব (রা:) এর ঘটনা

عَنْ خَبَّابِ بْنِ الْأَرَتِّ قَالَ شَكَوْنَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ مُتَوَسِّدٌ بُرْدَةً لَهُ فِي ظِلِّ الْكَعْبَةِ قُلْنَا لَهُ أَلَا تَسْتَنْصِرُ لَنَا أَلَا تَدْعُو اللَّهَ لَنَا قَالَ كَانَ

[১০৩] মুসনাদে আহমদ ৩৮৩২; সুনানে বাইহাকী ১৭৩৫১; মুস্তাদরাকে হাকেম ৫২৩৮।

[১০৪] মুসতাদরাকে হাকেম ৫৬৩৬; বাইহাকী ফি শুআ'বুল ইমান ১৬৩১; কানযুল উম্মাল : ৩৭৩৬৯।

الرَّجُلُ فِيمَنْ قَبْلَكُمْ يُحْفَرُ لَهُ فِي الْأَرْضِ فَيُجْعَلُ فِيهِ فَيُجَاءُ بِالْمِنْشَارِ فَيُوضَعُ عَلَى رَأْسِهِ فَيُشَقُّ بِاثْنَتَيْنِ وَمَا يَصُدُّهُ ذَلِكَ عَنْ دِينِهِ وَيُمْشَطُ بِأَمْشَاطِ الْحَدِيدِ مَا دُونَ لَحْمِهِ مِنْ عَظْمٍ أَوْ عَصَبٍ وَمَا يَصُدُّهُ ذَلِكَ عَنْ دِينِهِ وَاللَّهِ لَيُتِمَّنَّ هَذَا الْأَمْرَ حَتَّى يَسِيرَ الرَّاكِبُ مِنْ صَنْعَاءَ إِلَى حَضْرَمَوْتَ لَا يَخَافُ إِلَّا اللَّهَ أَوْ الذِّئْبَ عَلَى غَنَمِهِ وَلَكِنَّكُمْ تَسْتَعْجِلُونَ

অর্থ: "খাব্বাব ইবনে আরাত (রা:) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাবার ছায়াতলে চাঁদর গায়ে দিয়ে শুয়ে থাকাবস্থায় আমরা তাঁর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাছে অভিযোগ করলাম। আমরা বললাম, আপনি কি আমাদের জন্য সাহায্য প্রার্থনা করবেন না, আমাদের জন্য দোয়া করবেন না। তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "তোমাদের পূর্বের এমনও ঈমানদার ছিলেন তাকে ধরে এনে মাটির গর্ত খোড়া হতো। তারপর তার মধ্যে তাকে ফেলা হতো, এর পর করাত নিয়ে আসা হতো, সেটা তার মাথার উপর রাখা হতো, এরপর তাকে দ্বিখণ্ডিত করে ফেলা হতো, লোহার চিরুণী দ্বারা তার শরীরের মাংস হাড্ডি থেকে আলাদা করে ফেলা হতো। এতো অত্যাচারও তাকে দ্বীন থেকে বিন্দু পরিমাণও সরাতে পারতো না।
আল্লাহর কসম! নিশ্চয়ই আল্লাহ এই দ্বীনকে অবশ্যই পূর্ণ করবেন এমনকি একজন আরোহী সান'আ থেকে হাযরা'মাউত পর্যন্ত নিরাপদে সফর করবে এবং তখন আল্লাহর ভয় ও বকরির উপর বাঘের আক্রমনের ভয় ছাড়া তার আর কোন ভয় থাকবে না। কিন্তু তোমরা খুবই তাড়াহুড়া করছো।[১০৫]

আম্মার (রা:) এর মা সুমাইয়্যা (রা:) এর ঘটনা

عَنْ مُجَاهِد ، قَالَ : أَوَّلُ شَهِيدٍ اسْتُشْهِدَ فِي الإِسْلاَمِ أُمُّ عَمَّارٍ ، طَعَنها أَبُو جَهْلٍ بِحَرْبَةٍ فِي قُبُلِهَا.

অর্থ: "মুজাহিদ থেকে বর্ণিত তিনি বলেন, ইসলামে সর্বপ্রথম শহীদ যাকে শুধু ইসলামের জন্যই শহীদ করা হয়। তিনি হচ্ছেন আম্মারের মা সুমাইয়্যা

[১০৫] বুখারী ৩৬১২, ৬৯৪৩, ৩৪১৬, আবু দাউদ ২৬৪৯, নাসায়ী কুবরা ৫৮৯৩।

(রা:)। আবু জাহেল তার লজ্জাস্থানে বর্শা দিয়ে আঘাত করে হত্যা করে।[১০৬]
এধরণের যুলুম-নির্যাতন আসবে তা সত্ত্বেও যারা হকের উপর অটল থাকবে তাদের ব্যাপারে আল্লাহ (সুব:)ইরশাদ করেছেন:

{لَتُبْلَوُنَّ فِي أَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ وَلَتَسْمَعُنَّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِكُمْ وَمِنَ الَّذِينَ أَشْرَكُوا أَذًى كَثِيرًا وَإِنْ تَصْبِرُوا وَتَتَّقُوا فَإِنَّ ذَلِكَ مِنْ عَزْمِ الْأُمُورِ.

অর্থ: "অবশ্যই তোমাদেরকে তোমাদের ধন-সম্পদ ও তোমাদের নিজ জীবন সম্পর্কে পরীক্ষা করা হবে। আর অবশ্যই তোমরা শুনবে তোমাদের পূর্বে যাদের কিতাব দেয়া হয়েছে তাদের পক্ষ থেকে এবং মুশরিকদের পক্ষ থেকে অনেক কষ্টদায়ক কথা। আর যদি তোমরা ধৈর্য ধর এবং তাকওয়া অবলম্বন কর তবে নিশ্চয় তা হবে দৃঢ় সংকল্পের কাজ।"[১০৭]

অপর আয়াতে আল্লাহ (সুব:)ইরশাদ করেন:

{وَلَا يَزَالُونَ يُقَاتِلُونَكُمْ حَتَّى يَرُدُّوكُمْ عَنْ دِينِكُمْ إِنِ اسْتَطَاعُوا} [البقرة : ٢١٧]

অর্থ: 'আর তারা তোমাদের সাথে যুদ্ধ করতে থাকবে, যতক্ষণ না তোমাদেরকে তোমাদের দ্বীন থেকে ফিরিয়ে দেয়, তারা যদি পারে।"[১০৮]
আমাদের রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হত্যা করার চক্রান্ত ও করা হয়েছিল। আল্লাহ (সুব:)ইরশাদ করেন:

{وَإِذْ يَمْكُرُ بِكَ الَّذِينَ كَفَرُوا لِيُثْبِتُوكَ أَوْ يَقْتُلُوكَ أَوْ يُخْرِجُوكَ وَيَمْكُرُونَ وَيَمْكُرُ اللَّهُ وَاللَّهُ خَيْرُ الْمَاكِرِينَ} [الأنفال : ٣٠]

অর্থ: "আর যখন কাফিররা তোমাকে নিয়ে ষড়যন্ত্র করছিল, তোমাকে বন্দী করতে অথবা তোমাকে হত্যা করতে কিংবা তোমাকে বের করে দিতে। আর তারা ষড়যন্ত্র করে এবং আল্লাহও ষড়যন্ত্র করেন। আর আল্লাহ হচ্ছেন ষড়যন্ত্রকারীদের মধ্যে উত্তম।"[১০৯]

[১০৬] মুসান্নাফে ইবনে আবী শাইবা ৩৫৭৭০; দালাইলূন নাবুওয়্যাত বাইহাকী ৫৮৭; কানযুল উম্মাল ৩৭৬০০।
[১০৭] সুরা আল ইমরান ৩:১৮৬।
[১০৮] সুরা বাকার ২:২১৭।
[১০৯] সুরা আনফাল ৮:৩০।

প্রশ্ন: আমাদের উপরও কি পরীক্ষা আসবে?

উত্তর: হ্যাঁ! যারাই দ্বীনে হক্বের কথা বলবে তাদের উপরেই পরীক্ষা আসবে। কারণ পরীক্ষা ছাড়া খাঁটি মু'মিন হওয়া যায় না। স্বর্ণ যদি সুন্দরী নারীর গলায় ঝুলতে চায় তাহলে তাকে আগুনে পোড়া খেতে হয়, হাতুড়ীর পেটা খেতে হয়। তেমনিভাবে মুমিনরাও যদি জান্নাত পেতে চায় তাহলে তাদেরকেও পরীক্ষার সম্মুখিন হতে হবে। পবিত্র কুরআনে আল্লাহ (সুব:) ইরশাদ করেছেন:

{أَمْ حَسِبْتُمْ أَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُمْ مَثَلُ الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ مَسَّتْهُمُ الْبَأْسَاءُ وَالضَّرَّاءُ وَزُلْزِلُوا حَتَّى يَقُولَ الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ مَتَى نَصْرُ اللَّهِ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ } [البقرة: ٢١٤]

অর্থ: "তোমরা কি ভেবেছ যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে অথচ এখনো তোমাদের নিকট তাদের মত কিছু আসেনি, যারা তোমাদের পূর্বে বিগত হয়েছে। তাদেরকে স্পর্শ করেছিল কষ্ট ও দুর্দশা এবং তারা কম্পিত হয়েছিল। এমনকি রাসূল ও তার সাথি মুমিনগণ বলছিল, 'কখন আল্লাহর সাহায্য (আসবে)'? জেনে রাখ, নিশ্চয় আল্লাহর সাহায্য নিকটবর্তী।"[১১০]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ مِنَ الْأَمْوَالِ وَالْأَنْفُسِ وَالثَّمَرَاتِ وَبَشِّرِ الصَّابِرِينَ } [البقرة: ١٥٥]

অর্থ: "আর আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব কিছু ভয়, ক্ষুধা এবং জান–মাল ও ফল-ফলাদির স্বল্পতার মাধ্যমে। আর তুমি ধৈর্যশীলদের সুসংবাদ দাও।"[১১১] অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{أَحَسِبَ النَّاسُ أَنْ يُتْرَكُوا أَنْ يَقُولُوا آمَنَّا وَهُمْ لَا يُفْتَنُونَ (٢) وَلَقَدْ فَتَنَّا الَّذِينَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللَّهُ الَّذِينَ صَدَقُوا وَلَيَعْلَمَنَّ الْكَاذِبِينَ }

অর্থ: "মানুষ কি মনে করে যে, 'আমরা ঈমান এনেছি' বললেই তাদের ছেড়ে দেয়া হবে, আর তাদের পরীক্ষা করা হবে না? আর আমি তো

[১১০] সুরা বাক্বারা ২:২১৪।

[১১১] সুরা বাক্বারা ২:১৫৫।

তাদের পূর্ববর্তীদের পরীক্ষা করেছি। ফলে আল্লাহ অবশ্যই জেনে নেবেন, কারা সত্য বলে এবং অবশ্যই তিনি জেনে নেবেন, কারা মিথ্যাবাদী।"[১১২]

প্রশ্ন: জুলুম-নির্যাতনের মোকাবেলায় আমাদের করণীয় কি?

উত্তর: আল্লাহ (সুব:)এবং রাসূলল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরআন ও হাদীসে যুগে যুগে কুফফারদের চক্রান্ত-ষড়যন্ত্র তুলে ধরেছেন। এর উদ্দেশ্য এই নয় যে আমরা মুসলিমরা ভয় পেয়ে হাত গুটিয়ে বসে থাকবো এবং হিকমার নামে কুরআন-সুন্নাহের ঐ সকল বিষয়গুলো আলোচনা করব এবং আমল করবো যাতে কাফেররা ক্ষেপে না যায় এবং জিহাদ বিহীন ও রাষ্ট্রীয়ভাবে ইসলামকে প্রতিষ্ঠা করার পরিকল্পনা বিহীন খৃষ্টানদের বৈরাগ্যবাদের মত ইসলামকে রাষ্ট্র থেকে আলাদা করে কাফেরদের পরিকল্পনা মতো এক অভিনব মডারেট ইসলাম প্রচার করবো।

শুধু আসমানের উপরের আর জমিনের নিচের কথা বলবো। ইসলামের রাজনীতি, অর্থনীতি, সমাজনীতি, সমরনীতি, স্বরাষ্ট্রনীতি, পররাষ্ট্রনীতি, আইন, বিচার ইত্যাদি বাদ দিয়ে শুধুমাত্র মসজিদের মধ্যে ইসলামকে সীমাবদ্ধ করে রাখবো। না! এ জন্য আল্লাহ (সুব:)পবিত্র কুরআনে এগুলো উল্লেখ করেন নি। বরং এগুলো উল্লেখ করেছেন, যাতে মু'মিনরা যে কোন কঠিন পরিস্থিতি ও যে কোন জুলুম-নির্যাতন সহ্য করে ইসলামের উপর অটল থাকতে পারে এবং এই বিশ্বাস রাখে যে, তাদের পূর্বসুরীদের সাথে যেই আচরণ করা হয়েছে তাদের সঙ্গেও সেই আচরণই করা হবে এবং শেষ পর্যন্ত বিজয় মু'মিনদের জন্যই অবধারিত। পবিত্র কুরআনে আল্লাহ (সুব:)ইরশাদ করে:

وَكُلًّا نَقُصُّ عَلَيْكَ مِنْ أَنْبَاءِ الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهِ فُؤَادَكَ [هود : ١٢٠]

অর্থ: "আর রাসূলদের এসকল সংবাদ আমি তোমার কাছে বর্ণনা করছি যার দ্বারা আমি তোমার মনকে স্থির করি।"[১১৩]

পবিত্র কুরআনে আরেক আয়াতে আল্লাহ (সুব:)নুহ (আ:) ও তার জাতির আলোচনা করতে গিয়ে বলেন:

[১১২] সুরা আনকাবুত ২৯:২-৩।

[১১৩] সুরা হুদ ১১:১২০।

{تِلْكَ مِنْ أَنْبَاءِ الْغَيْبِ نُوحِيهَا إِلَيْكَ مَا كُنْتَ تَعْلَمُهَا أَنْتَ وَلَا قَوْمُكَ مِنْ قَبْلِ هَـــذَا فَاصْبِرْ إِنَّ الْعَاقِبَةَ لِلْمُتَّقِينَ} [هود : ٤٩]

অর্থ: “এগুলো গায়েবের সংবাদ, আমি তোমাকে ওহীর মাধ্যমে তা জানাচ্ছি। ইতঃপূর্বে তা না তুমি জানতে এবং না তোমার কওম। সুতরাং তুমি সবর কর। নিশ্চয় শুভ পরিণাম কেবল মুত্তাকীদের জন্য।”[১১৪]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও সাহাবায়ে কিরামদের সামনে পূর্বের যুগের মুসলিমদের উপর কাফেরদের নির্যাতনের ঘটনা শুনাতেন এবং তাদেরকে পূর্বের যুগের দ্বীনে হকে অনুসারীদের মত ধৈর্য ধারণ করা ও অটল থাকার জন্য উৎসাহিত করতেন। আর সাহাবাগণও সেভাবে তৈরী হয়েছিলেন। তারা দ্বীনে বাতিলের জনবল, অর্থবল, অস্ত্রবল কোন কিছুকেই পরোয়া করতেন না। পবিত্র কুরআনে তাদের বীরত্বকে এভাবে প্রকাশ করা হয়েছে:

{الَّذِينَ قَالَ لَهُمُ النَّاسُ إِنَّ النَّاسَ قَدْ جَمَعُوا لَكُمْ فَاخْشَوْهُمْ فَزَادَهُمْ إِيمَانًا وَقَـــالُوا حَسْبُنَا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ} [آل عمران : ١٧٣]

অর্থ: “যাঁদেরকে মানুষেরা বলেছিল যে, ‘নিশ্চয় লোকেরা (যুদ্ধ করার জন্য) তোমাদের বিরুদ্ধে একত্র হয়েছে। সুতরাং তোমরা তাদেরকে ভয় কর’। কিন্তু এই কথা তাঁদের ঈমান আরও বাড়িয়ে দিয়েছিল এবং তাঁরা বলেছিল, ‘আল্লাহই আমাদের জন্য যথেষ্ট এবং তিনি কতই না উত্তম কর্মবিধায়ক’!”[১১৫]

যুগে যুগে যাঁরাই প্রকৃত মুমিন হিসাবে নিজেকে প্রমাণিত করতে পেরেছে, আল্লাহ (সুব:)তাঁদেরকেই সাহায্য করেছেন। এর বাস্তব প্রমাণ হলো: আমরা লক্ষ্য করছি যে, আমেরিকা যখন প্রথম আফগানিস্তানে হামলা করে তখন তারা বর্তমানের চেয়ে অনেক বেশী শক্তিশালী এবং সমৃদ্ধশীল ছিল। পক্ষান্তরে মুসলিমরা ছিল দূর্বল ও অনভিজ্ঞ। তাঁরা শুধু আফগানিস্তানেই যুদ্ধ করছিল। কিন্তু সামান্য দশ বছরের মধ্যে আমেরিকার সামরিক ও

[১১৪] সুরা হুদ ১১:৪৯।
[১১৫] সুরা আল ইমরান ১৭৩।

অর্থনৈতিক উভয় দিক থেকে অনেক দূর্বল হয়ে পড়েছে। তাদের দেশে দারিদ্রের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এমনকি বর্তমান ওবামা প্রশাসন এক লক্ষ সৈনিক ছাঁটাই করার ঘোষণা দিয়েছে। অপর দিকে মুসলিম মুজাহিদদের শক্তি পূর্বের তুলনায় অনেক বেশী ও অনেক সমৃদ্ধ। তারা এখন শুধু আফগানিস্তানেই যুদ্ধ করছে না বরং ফিলিস্তিনে, ইরাকে, পাকিস্তানে, ইয়ামানে, মিশরে, কাশ্মিরে, সুদানে, সোমালিয়ায় ও আরো অনেক জায়গায় যুদ্ধ করছে। কাফেররা যেখানেই চ্যালেঞ্জ করছে সেখানেই মুসলিম মুজাহিদরা মোকাবেলা করে যাচ্ছে। কোথাও তাঁরা কাফেরদেরকে যুদ্ধ করা থেকে বঞ্চিত করছে না। এভাবে যুদ্ধ চলতে থাকলে মুসলিমরাই আবার বিশ্বের বিজয়ী শক্তি হিসাবে অচিরেই প্রতিষ্ঠা লাভ করবে।

সুতরাং যাঁরাই আল্লাহর জমীনে আল্লাহর দ্বীন কায়েমে আগ্রহী তাঁদেরকে সকল প্রকার বাতিলের চোখ রাঙ্গানীকে উপেক্ষা করে দ্বীন কায়েমের সঠিক পথে এগিয়ে যেতে হবে।
আল্লাহ (সুব:)ইরশাদ করেছেন:

{نَصْرٌ مِنَ اللَّهِ وَفَتْحٌ قَرِيبٌ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ} [الصف : ١٣]

অর্থ: “আল্লাহর পক্ষ থেকে সাহায্য ও নিকটবর্তী বিজয়। আর মুমিনদেরকে তুমি সুসংবাদ দাও।”[১১৬]

[১১৬] সুরা সফ ৬১:১৩।

দ্বিতীয় অধ্যায়

দ্বীন কায়েমের সঠিক পদ্ধতি

প্রশ্ন: দ্বীন কায়েমের সঠিক পদ্ধতি কি?

উত্তর: এ সম্পর্কে আলোচন করতে হলে প্রথমে আমাদেরকে জানতে হবে যে, ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা (complete code of life)। মানব জীবনের গুরুত্বপূর্ণ সকল সমস্যার সমাধান পবিত্র কুরআনে উল্লেখ রয়েছে। সুতরাং দ্বীন কায়েমের মত একটি গুরুত্বপূর্ণ বিষয় কিভাবে আঞ্জাম দিতে হবে তা যদি কুরআনে না থাকে বরং অমুসলিমদের তৈরি করা গনতন্ত্র, সমাজতন্ত্র, রাজতন্ত্র ইত্যাদি থেকে ধার-কর্জ করতে হয় তাহলে ইসলাম পূর্ণাঙ্গ দ্বীন বা জীবন ব্যবস্থা হলো কিভাবে? অথচ আল্লাহ (সুব:)নিজেই ইসলামকে পূর্ণাঙ্গ দ্বীন বলে পবিত্র কুরআনে ঘোষণা করেছেন।

যেমন ইরশাদ হচ্ছে:

الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا.

অর্থ: "আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণ করলাম এবং তোমাদের উপর আমার নিআ'মত সম্পূর্ণ করলাম এবং তোমাদের জন্য দ্বীন হিসেবে মনোনীত করলাম ইসলামকে।"[১১৭]

অন্য আয়াতে আল্লাহ (সুব:)ইরশাদ করেন:

{ إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ [آل عمران : ١٩]

অর্থ: "নিঃসন্দেহে আল্লাহর নিকট গ্রহণযোগ্য দ্বীন একমাত্র ইসলাম।"[১১৮]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ}

অর্থ: "আর যে ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন চায় তবে তার কাছ থেকে তা কখনো গ্রহণ করা হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।"[১১৯]

---

[১১৭] সুরা মায়িদা ৫:৩।

[১১৮] সুরা আল-ইমরান ৩:১৯।

এই আয়াতগুলোতে স্পষ্ট ঘোষণা করা হয়েছে যে দ্বীন ইসলাম মুকাম্মাল বা পরিপূর্ণ করে দেয়া হয়েছে। ইসলাম ছাড়া অন্য কোন ধর্মে বা মতবাদে কোন প্রকার মুক্তি বা শান্তির পথ তালাশ করা যাবে না। সুতরাং সেই দ্বীন ইসলাম কিভাবে কায়েম করতে হবে? তার পথনির্দেশিকা যদি ইসলামে না থাকে বরং তা আব্রাহাম লিংকনের গণতন্ত্র নামক ধর্ম থেকে ধার-কর্জ করতে হয় তাহলে ইসলাম "মুকাম্মাল" হলো কি করে?

এ সম্পর্কে রাসূলুল্লাহাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি কোন দিক নির্দেশনা দিয়ে যান নি? যদি না দিয়ে থাকেন তাহলে তিনি 'اسوة حسنة' (উসওয়াতুন হাসানাহ্) বা উত্তম আদর্শ হলেন কি করে? অথচ আল্লাহ (সুবঃ)রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে উত্তম আদর্শ বলে ঘোষণা করেছেন। ইরশাদ হচ্ছে :

{لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِمَنْ كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيرًا } الأحزاب :٢١

অর্থ: "অবশ্যই তোমাদের জন্য রাসূলুল্লাহর মধ্যে রয়েছে উত্তম আদর্শ তাদের জন্য যারা আল্লাহ ও পরকাল প্রত্যাশা করে এবং আল্লাহকে অধিক স্মরণ করে।"[১২০]

যেহেতু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উত্তম আদর্শ তাই সর্ব ক্ষেত্রে আমাদেরকে তারই অনুসরনের কথা বলা হয়েছে।

{ قُلْ أَطِيعُوا اللَّهَ وَالرَّسُولَ فَإِنْ تَوَلَّوْا فَإِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْكَافِرِينَ

অর্থ: "বল, 'তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য কর'। তারপর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে নিশ্চয় আল্লাহ কাফিরদেরকে ভালবাসেন না।"[১২১]

অন্যত্র আল্লাহ তাআলা ইরশাদ করেন;

{ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ فَإِنْ تَنَازَعْتُمْ

---

[১১৯] সুরা আলে ইমরান ৩:৮৫।

[১২০] সুরা আহযাব ৩৩:২১।

[১২১] আল ইমরান ৩:৩২।

فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِنْ كُنتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا} [النساء : ٥٩]

অর্থ: "হে মুমিনগণ, তোমরা আনুগত্য কর আল্লাহর ও আনুগত্য কর রাসূলের এবং তোমাদের মধ্য থেকে কর্তৃত্বের অধিকারীদের। অতঃপর কোন বিষয়ে যদি তোমরা মতবিরোধ করো তাহলে তা আল্লাহ ও রাসূলের দিকে প্রত্যার্পণ করাও– যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখ। এটি উত্তম এবং পরিণামে উৎকৃষ্টতর।"[১২২]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَوَلَّوْا عَنْهُ وَأَنْتُمْ تَسْمَعُونَ}

অর্থ: "হে মুমিনগণ, তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য কর এবং তার থেকে মুখ ফিরিয়ে নিও না, অথচ তোমরা শুনছ।"[১২৩] অন্য আয়াতে ইরশাদ হয়েছে:

{قُلْ أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ فَإِنْ تَوَلَّوْا فَإِنَّمَا عَلَيْهِ مَا حُمِّلَ وَعَلَيْكُمْ مَا حُمِّلْتُمْ وَإِنْ تُطِيعُوهُ تَهْتَدُوا وَمَا عَلَى الرَّسُولِ إِلَّا الْبَلَاغُ الْمُبِينُ} [النور : ٥٤]

অর্থ: "বল, 'তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর। তারপর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে সে শুধু তার উপর অর্পিত দায়িত্বের জন্য দায়ী এবং তোমাদের উপর অর্পিত দায়িত্বের জন্য তোমরাই দায়ী। আর যদি তোমরা তার আনুগত্য কর তবে তোমরা হিদায়াতপ্রাপ্ত হবে। আর রাসূলের দায়িত্ব শুধু স্পষ্টভাবে পৌঁছে দেয়া।"[১২৪]

অরেকটি আয়াতে ইরশাদ হয়েছে:

{ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَلَا تُبْطِلُوا أَعْمَالَكُمْ }

অর্থ: "হে মুমিনগণ, তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর। আর তোমরা তোমাদের আমলসমূহ বিনষ্ট করো না।"[১২৫]

[১২২] সুরা আন নিসা ৪:৫৯।
[১২৩] সুরা আনফাল ৮:২০।
[১২৪] সুরা নুর ২৪:৫৪।
[১২৫] সুরা মুহাম্মদ৪৭:৩৩।

সুতরাং দ্বীন কায়েমের ক্ষেত্রেও তারই অনুসরন করতে হবে। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দ্বীন কায়েমের পদ্ধতি قَوْلاً وَ عَمَلاً অর্থাৎ 'কথা ও কাজ' উভয়ের মাধ্যমেই দেখিয়েছেন। তিনি নিজে দ্বীন কায়েমের জন্য যে পদ্ধতিটি গ্রহণ করেছিলেন, মৌখিক ভাবেও সেই পদ্ধতিটিই নির্দেশ করেছেন ।

দ্বীন কায়েমের ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পদ্ধতি

প্রশ্ন: দ্বীন কায়েমের ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি নির্দেশনা দিয়েছেন?

উত্তর: দ্বীন কায়েমের ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুস্পষ্ট নির্দেশ রয়েছে। তিনি ইরশাদ করেন:

عَنِ الْحَارِثِ الْأَشْعَرِيِّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا آمُرُكُمْ بِخَمْسٍ اللهُ اَمَرَنِى بِهِنَّ اَلجَمَاعَةُ وَالسَّمْعُ وَالطَّاعَةُ وَالهِجْرَةُ وَالجِهَادُ فِيْ سَبِيْلِ اللهِ فَاِنَّهُ مَنْ خَرَجَ مِنَ الْجَمَاعَةِ قِيْدَ شِبْرٍفَقَدْ خَلَعَ رِبْقَةَ الْاِ سْلَامِ منْ عُنُقِه اِلَّا اَنْ يَرْجِعَ وَمَنْ دَعَا بِدَ عْوَىَ جَاهِلِيَةٍ فَهَوَ مِنْ جُثَى جَهَنَّمَ. قَالُوْ يَا رَسُوْلَ اللهِ وَاِنْ صَامَ وَ صَلىَّ؟ قَالَ وَاِنْ صَامَ وَ صَلىَّ وَ زَعَمَ اَنَّهُ مُسْلِمٌ.

অর্থ: "হারেস আল আশআরী (রাঃ) হতে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: আমি তোমাদের পাঁচটি কাজের নির্দেশ দিচ্ছি, আল্লাহ আমাকে ঐগুলোর নির্দেশ দিয়েছেন। (সে কাজগুলো হলো) আল জামাআহ (ঐক্য, একজন আমীরের অধীনে ঐক্যবদ্ধ হওয়া)। আস সামউ (আমীরের নির্দেশ শ্রবণ করা)। আত ত্ব-আহ (আমীরের নির্দেশ পালন করা)। আল হিজরাহ (হিজরত করা)। আল জিহাদ (আল্লাহর রাস্তায় জিহাদ করা)।

যে ব্যাক্তি আল "জামাআহ " থেকে বের হয়ে এক বিঘত পরিমাণ দূরে সরে গেল সে নিজের গর্দান থেকে ইসলামের রশি খুলে ফেলল। তবে যদি

সে আবার ফিরে আসে তো ভিন্ন কথা। আর যে ব্যক্তি জাহিলিয়্যাতের দিকে আহ্বান জানায় সে তো জাহান্নামের পঁচা-গলা লাশ।
সাহাবায়ে কিরামগণ জিজ্ঞাসা করলেন যে, ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি তারা সালাত ও সাওম পালন করে তবুও? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হাঁ যদিও সালাত ও সাওম পালন করে এবং সে নিজেকে মুসলিম বলে দাবী করে।"[১২৬]
এ হাদীসে ইক্বামাতে দ্বীনের ব্যাপারে পরিষ্কার দিক নির্দেশনা দেয়া হয়েছে। যারা সত্যিকার অর্থে আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েমে আগ্রহী তাদের জন্য এ হাদীসটি খুবই গুরুত্বপূর্ণ।

এখানে পাঁচটি কাজের সুস্পষ্ট নির্দেশ রয়েছে। সেগুলো হলো:
ক) اَلْجَمَاعَةُ (আল জামাআহ, ঐক্য) - একজন আমীরের অধীনে ঐক্যবদ্ধ হওয়া।
খ) اَلسَّمْعُ (আস সামউ) - আমীরের নির্দেশ শ্রবণ করা।
গ) اَلطَّاعَةُ (আত ত্ব-আহ) - আমীরের নির্দেশ পালন করা।
ঘ) اَلْهِجْرَةُ (আল হিজরাহ) - হিজরত করা।
ঙ) اَلْجِهَادُ (আল জিহাদ) - আল্লাহর রাস্তায় জিহাদ করা।

স্বয়ং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও এই পদ্ধতিতেই দ্বীন কায়েম করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাতলানো পদ্ধতি বাদ দিয়ে মনগড়া পদ্ধতি বা কোন অমুসলিমের পদ্ধতি অনুসরন করে দ্বীন কায়েমের স্বপ্ন দেখা কোন পাগল বা নাস্তিক-মুরতাদদের কাজ হতে পারে, কোন মু'মিন-মুসলিমের কাজ হতে পারে না। তাই কবি বলেছেন :

خلاف پیمبر کسی راه گزید

[১২৬] [তীরমিযি ২৮৬৩ আলবানী এটাকে সহীহ বলেছেন , মুসনাদে আহমদ হা: নং ১৭২০৯, জামেউল আহাদীস হা : নং ৪৪ , সহীহ ইবনে হিব্বান হা: নং ৬২৩৩ ,সহীহ ইবনে খুযাইমা হা: নং ১৮৯৫ মুসান্নাফে আব্দুর রাজ্জাক হা: নং ৫১৪১] তাহকীক : তার সনদ সহীহ মুসনাদে আহমদ ও খুযাইমা ইবনে হিব্বান ।

کہ ہرگز بمنزل نخواہد رسید

অর্থ: "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পথ বাদ দিয়ে যে ব্যক্তি অন্য পথে চলে সে কখনোই গন্তব্যে পৌঁছাতে পারে না।"
আর এক কবি আরও সুন্দর বলেছেন:

ترسم نرسی بکعبہ ای اعرابی
کہ این راه کہ تو میروی بترکستان است

অর্থ: "ওহে মক্কার পথযাত্রী বেদুইন! আমার আশংকা হচ্ছে যে তুমি এই পথে মক্কা যেতে পারবে না। কারণ তোমার এই পথ মক্কার নয় বরং তুর্কিস্থানের।"

কাজেই যারা সত্যিকার অর্থে দ্বীন কায়েম করতে চায় তাদের এই হাদীসে বর্ণিত প্রতিটি নির্দেশ যথাযথভাবে পালন করা একান্ত কর্তব্য। সে জন্য আমি এই পাঁচটি বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা পেশ করার চেষ্টা করব, ইনশাআল্লাহ।

তৃতীয় অধ্যায়

اَلجَمَاعَةُ আল জামাআহ

প্রশ্ন: 'আল জামাআহ' শব্দের অর্থ কি?

উত্তর: اَلجَمَاعَــةُ "জামা'আহ" শব্দটি (اَلْاِجْتِمَــاْعُ) 'ইজতেমা' শব্দ হতে গৃহীত। ইহা (اَلْفِرْقَةُ) বা দলাদলির উল্টো যার অর্থ জনগণের দল সমষ্টি। কোন একটি বিষয়ে বিভক্ত না হয়ে বরং মানুষের পারস্পরিক মিলন বা ঐক্য হওয়াকে জামা'আহ বলা হয়।

আভিধানিক অর্থে যদি জামা'আহ দ্বারা মানুষের একত্রিত হওয়া উদ্দেশ্য হয়, তাহলে কোন একটি বিষয়ে জাতির ঐক্যবদ্ধ হওয়াকে বুঝাবে। সহজ করে বলা যায় যে, জামা'আহ হলো বেশী সংখ্যক মানুষের সমষ্টির নাম। যারা একটি মাত্র উদ্দেশ্যে সম্মিলিত হয়েছেন।

শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়্যাহ (রাঃ) বলেন,

الْجَمَاعَةُ هِيَ الاجْتِمَاعُ، وَضِدُّهَا الْفُرْقَةُ، وَإِنْ كَانَ لَفْظُ الْجَمَاعَةِ قَدْ صَارَ اسْـــمًا لِنَفْسِ الْقَوْمِ الْمُجْتَمِعِينَ.

অর্থ: "মূলত ঃ জামা'আহ-ই হচ্ছে ইজতেমা, যার বিপরীত হচ্ছে অনৈক্য বা দলাদলি। যদিও জামা'আহ শব্দটি যে কোন ঐক্যবদ্ধ সম্প্রদায়ের নামে ব্যবহৃত হয়।[১২৭] জামা'আহ এর আভিধানিক অর্থ বুঝলেই এর পারিভাষিক সংজ্ঞা পরিস্কার হয়ে উঠবে। কেননা, আভিধানিক অর্থ হতে এর পরিভাষা ভিন্ন নয়। আর তা হচ্ছে, মুসলিমদের পারস্পরিক সম্মিলন, বিভক্তি নয়। আর মুসলিম যে বিষয়ে ঐক্যবদ্ধ হবেন তার ভিত্তি হচ্ছে আল্লাহর বিধান আল-কুরআন ও সহীহ হাদীস।[১২৮]

প্রশ্ন: 'আল জামাআহ' শব্দের দ্বারা উদ্দেশ্য কি?

উত্তর: যখন "আল জামাআহ" (اَلْجَمَاْعَةُ) শব্দটি "আস সুন্নাহ (اَلــسُّنَّةُ) এর সাথে যুক্ত হবে অর্থাৎ 'আহলুস সুন্নাহ ওয়াল জামা'আহ' বলা হবে তখন

[১২৭] মাজমু'আ ফাতাওয়া (ইবনে তাইমিয়্যাহ) ৩/১৫৭

[১২৮] নাজবাতুন নাঈম, দারুল ওয়াসীলাহ, জিদ্দা ২/৪২ পৃঃ

জামাআহ বলতে ঐ সকল মু'মিন-মুসলিমদের বুঝাবে যারা সাহাবায়ে কিরামাদের আদলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাহর অনুসরণ করে। এককথায় যারা কুরআনকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আয়নায় এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সাহাবায়ে কিরামদের আয়নায় দেখে। তারাই হলো প্রকৃত 'আহলুস সুন্নাহ ওয়াল জামা'আহ"।[১২৯]

আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে সাহাবায়ে কিরামদের মতো ঈমান আনাকে হেদায়াতের জন্য শর্ত হিসাবে উল্লেখ করেছেন। ইরশাদ হচ্ছে:

{فَإِنْ آمَنُوا بِمِثْلِ مَا آمَنْتُمْ بِهِ فَقَدِ اهْتَدَوْا وَإِنْ تَوَلَّــوْا فَإِنَّمَــا هُــمْ فِــي شِــقَاقٍ فَسَيَكْفِيكَهُمُ اللَّهُ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ } [البقرة : ١٣٧]

অর্থ: "অতএব যদি তারা ঈমান আনে, তোমরা যেরূপে তার প্রতি ঈমান এনেছ, তবে অবশ্যই তারা হিদায়াতপ্রাপ্ত হবে। আর যদি তারা বিমুখ হয় তাহলে তারা রয়েছে কেবল বিরোধিতায়, তাই তাদের বিপক্ষে তোমার জন্য আল্লাহ যথেষ্ট। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।"[১৩০]

পক্ষান্তরে সাহাবায়ে কিরামদের মত ঈমান না আনাকে মুনাফিকদের চরিত্র বলে আখ্যায়িত করা হয়েছে। ইরশাদ হচ্ছে:

{وَإِذَا قِيلَ لَهُمْ آمِنُوا كَمَا آمَنَ النَّاسُ قَالُوا أَنُؤْمِنُ كَمَا آمَنَ السُّفَهَاءُ أَلَا إِنَّهُمْ هُــمُ السُّفَهَاءُ وَلَكِنْ لَا يَعْلَمُونَ} [البقرة : ١٣]

অর্থ: "আর যখন তাদেরকে বলা হয়, 'তোমরা ঈমান আন যেমন লোকেরা ঈমান এনেছে', তারা বলে, 'আমরা কি ঈমান আনব যেমন নির্বোধরা ঈমান এনেছে'? জেনে রাখ, নিশ্চয় তারাই নির্বোধ; কিন্তু তারা জানে না।"[১৩১]

এ আয়াতে 'লোকেরা' বলতে সাহাবায়ে কিরামদের উদ্দেশ্য করা হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণ যে হক্ব এর

[১২৯] শরহে আল-ওয়াসেত্বীয়্যাহ লিল হেরাস ১৫ পৃঃ

[১৩০] সুরা বাকারা ২:১৩৭।

[১৩১] সুরা বাকারা ২:১৩।

উপর প্রতিষ্ঠিত ছিলেন, সেই হক্ক এর অনুসরণ করা ওয়াজিব। আর তাঁদের পরে যাঁরাই এই পথের অনুসারী ছিলেন তাঁরাই (اَلْجَمَاعَـــةُ) 'আল জামাআহ'। যদিও তিনি একজন হন বা জনগণের বড় 'জামাআহ' হয়।[১৩২]

আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা:) বলেন, জামাআহ বলা হয়, যা হক্ক অনুযায়ী হয়। যদিও তুমি (হক্কের অনুসারী) একাই হও।[১৩৩]

তাঁদেরকে জামাআহ এজন্য বলা হয় যে, তাঁরা সুন্নাহ এর উপর সমবেতভাবে প্রতিষ্ঠিত।

ইমাম বায়হাক্বী (রহ:) নুআঈম বিন হাম্মাদ এর বাণী উধৃত করে বলেন, "যদি জামা'আতে বিপর্যয় দেখা দেয়, তাহলে জামাআহ বিপর্যয়ের পূর্বে যে অবস্থায় (হক্ব এর উপর প্রতিষ্ঠিত) ছিলে, সেই অবস্থায় থাকবে। যদিও তুমি একাকী হও। কেননা, সেক্ষেত্রে তুমি একাই জামাআহ।

জামাআহ দ্বারা যে "হক্ব" উদ্দেশ্য, তা পরিস্কার হয়ে উঠবে আল্লামা ইবনুল কায়্যিম (রঃ) -এর নিম্নোক্ত বাণীতে। তিনি বলেন,

وَاعْلَمْ أَنَّ الْإِجْمَاعَ وَالْحُجَّةَ وَالسَّوَادَ الأَعْظَمَ هُوَ الْعَالِمُ صَاحِبُ الْحَقِّ وَإِنْ كَـــانَ وَحْدَهُ وَإِنْ خَالَفَهُ أَهْلُ الْأَرْضِ

অর্থ: "জেনে রাখুন! ইজমা, হুজ্জাত ও বড় দল হলেন হক্ব এর অনুসারী আলেম। যদিও তিনি একা হোন, আর পৃথিবীর সকলে তার বিরোধিতা করে।[১৩৪]

আহলুস সুন্নাহ তথা সুন্নাতের অনুসারীদেরকে আল-জামা'আহ বলা হয় এই মর্মে যে, তারা সত্যের উপর প্রতিষ্ঠিত হয়ে, দ্বীনের ব্যাপারে বিচ্ছিন্ন না হয়ে হেদায়েত প্রাপ্ত ইমামদের ছত্রছায়ায় একত্রিত হয়েছেন এবং তাদের বিরুদ্ধাচরণে লিপ্ত হননি। এছাড়া যে সমস্ত বিষয়ে আমদের পূর্বসুরী

[১৩২] মুহাম্মদ আব্দুল হাদী আল-মাসরী, মাআলিমূল ইনতিলাক্বাতিল কুবরা, দারুন ওয়াতুন ৪৯ পৃঃ।

[১৩৩] বায়হাক্বী ফিল মাদখাল, গৃহীত শায়েখ আব্দুল আযীয আল রশীদ "আত্তানবিহাত আস্সানিয়াহ" ১৫।

[১৩৪] ইবনুল কামিয়্যাম (রহঃ) ই'লামুল মুয়াক্বিয়ীন গৃহীত, পৃষ্ঠা ১৫। (اَلْجَمَاعَةُ)

সাহাবায়ে কেরাম ও তাবেঈন একমত হয়েছেন, তারা তার অনুসরণ করেন। তাই এ সমস্ত কারণে তাদেরকে আল-জামা'আহ বলা হয়।

এছাড়া রাসুলের সুন্নাহর অনুসারী হওয়ার কারণে কখনো তাদেরকে আহলুল হাদীস, কখনো আহলুল আছার, 'আত ত্বায়েফাতুল মানসূরাহ' (সাহায্য প্রাপ্ত ও সফলতা লাভকারী) দল বলেও আখ্যায়িত করা হয়।

কুরআন ও সহীহ সুন্নাতের উপর প্রতিষ্ঠিত ব্যক্তি-বর্গই হচ্ছেন 'আল জামাআহ'। চাই তিনি একক ব্যক্তি হোন বা তাদের একটি বিশাল জনগোষ্ঠি হন। আব্দুল্লাহ ইবনুল মুবারক (র:) জামাআহ দ্বারা মুজাহিদীনদেরকেই উদ্দেশ্যই করতেন।[১৩৫]

তবে কোন কোন আলেম জামাআহ দ্বারা শুধুমাত্র সাহাবাদেরকেই বুঝান। কেননা, তাঁরা দ্বীনের ভিত্তি সু-প্রতিষ্ঠিত করেছিলেন। কখনো তাঁরা দালালাহ বা গোমরাহী বিষয়ে একমত হননি। 'আল জামাআহ' দ্বারা উম্মাতের বিদ্যান, আহলুল ইল্ম ও আহলুস্সুন্নাহ এবং তাঁদের অনুসারীরা উদ্দেশ্য হয়ে থাকে। কেননা, তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, তাঁর সাহাবা ও সালাফে সালেহীনের পদাংক অনুসারী।

মোট কথা, কুরআন ও সুন্নাহর নিঃশর্ত অনুসারীরাই হলেন 'আল জামাআহ'। সংখ্যায় তাঁরা কম হোন আর বেশী হোন। এখানে সংখ্যা উদ্দেশ্য নয় বরং হক্বই উদ্দেশ্য। হক্ব এর উপর প্রতিষ্ঠিত প্রত্যেক ব্যক্তি বা গোষ্ঠীর উপর 'আল জামাআহ' শব্দটি প্রযোজ্য হবে। সে কারণে, হক্ব থেকে বিচ্যুৎ বিভিন্ন বিদ'আতী ও গোমরাহ ফেরক্বাহসমূহ আভিধানিক অর্থে 'আল জামাআহ' হলেও শারঈ অর্থে 'আল জামাআহ' এর অর্ন্তভূক্ত নেই।[১৩৬]

সুতরাং বর্তমানে আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ এই নামে অনেক দল দেখা যাচ্ছে। অথচ তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরিকার পরিবর্তে বিভিন্ন শাসক ও যাজকের তরিকা অনুসরণ করে; তারা আর যাই হোক 'আল জামাআহ' হতে পারে না। যেমন: গণতন্ত্রী,

[১৩৫] আল বাগাভী, শারহুস সুন্নাহ ১/২০৫

[১৩৬] ইমাম শাত্বেবী আল ইতিসাম, গৃহীত- জামা'আতী যিন্দেগী: পৃঃ ১৩-১৪।

সমাজতন্ত্রী, রাজতন্ত্রী, পীরতন্ত্রী, বিভিন্ন তরিকাত পন্থি। এরা কোন ক্রমেই তাবিয 'আল জামাআহ' বলে দাবী করতে পারে না। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কিরামগণ এ সব করেন নি এবং তাদের যুগে এসবের কোন অস্তিত্বও ছিল না। অতএব নিঃসন্দেহে এরা 'আহলুল বিদ'আত ওয়াল খুরাফাত'।

প্রশ্ন: দ্বীন কায়েমের জন্য 'আল জামাআহ' এর গুরুত্ব কতটুকু?

উত্তর: দ্বীন কায়েমের জন্য 'আল জামাআহ' বা ঐক্যবদ্ধ ও সংগঠিত হওয়া অত্যন্ত জরুরী।

এ সম্পর্কে আল্লাহ (সুব:) বলেন :

{ أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ} [الشورى : ١٣]

অর্থ: "তোমরা দ্বীন কায়েম করবে এবং এতে বিচ্ছিন্ন হবে না।"[১৩৭]

আল্লাহ (সুব:) আরও বলেন:

{وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا} [آل عمران : ١٠٣]

অর্থ: "আর তোমরা সকলে ঐক্যবদ্ধভাবে আল্লাহর রজ্জুকে দৃঢ়ভাবে ধারণ কর এবং পরস্পরে বিভক্ত হয়ো না।"[১৩৮]

এ দুটি আয়াতে একদিকে যেমন দ্বীন কায়েমের নির্দেশ দেওয়া হয়েছে অপরদিকে পরস্পরে বিচ্ছিন্ন না হতেও বলা হয়েছে।

প্রশ্ন: ঐক্যের ভিত্তি কি হবে?

উত্তর: অনেকেই ঐক্যের কথা বলেন। ঐক্য আমাদেরও কাম্য। কিন্তু ঐক্য করব কার সাথে? কিসের ভিত্তিতে? আমরা কি হিন্দু, বৌদ্ধ, ইহুদী, খৃষ্টান, নাস্তিক, মুরতাদ, জাতীয়তাবাদী, সমাজতন্ত্রী, গণতন্ত্রী, ধর্মনিরপেক্ষতাবাদী, কবর পূঁজারী, পীর পূঁজারী সহ সকলের সাথে ঐক্য করব? না অবশ্যই না। আমাদের ঐক্যের ভিত্তি কি হবে সে সম্পর্কে পবিত্র কুরআনে আল্লাহ (সুব:) ইরশাদ করেন;

---

[১৩৭] **সুরা আশ-শুরা ৪২:১৩।**

[১৩৮] **সুরা আল ইমরান ৩:১০৩।**

قُلْ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَلَّا نَعْبُدَ إِلَّا اللَّهَ وَلَا نُشْرِكَ بِهِ شَيْئًا وَلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ فَإِنْ تَوَلَّوْا فَقُولُوا اشْهَدُوا بِأَنَّا مُسْلِمُونَ [آل عمران/٦٤]

অর্থ: বল, হে আহলে কিতাব! এসো এমন একটি কথার দিকে, যা আমাদের ও তোমাদের মধ্যে সমান। তা হচ্ছে: আমরা এক আল্লাহ ছাড়া অন্য কারো ইবাদত ও দাসত্ব করবো না। তাঁর সাথে কাউকে শরীক করবো না। আর আমরা আমাদের কেউ কাউকে রব বানাবো না। যদি তারা এ দাওয়াত গ্রহণ না করে, তাহলে পরিস্কার বলে দাও: তোমরা সাক্ষী থাকো, অবশ্যই আমরা মুসলিম (একমাত্র আল্লাহর বিধানের কাছে আত্মসমর্পণ কারী)।[১৩৯]

সুতরাং কুরআনের এ আয়াতের সূত্র অনুযায়ী যারা শির্ক মুক্ত, তাগুতের আনুগত্য মুক্ত, মানব রচিত আইন-কানুন ও সংবিধান থেকে মুক্ত এবং সকল প্রকার কুফরী আক্বীদা ও মানহাজ থেকে মুক্ত কেবলমাত্র তাদের সঙ্গেই তাওহীদের আক্বীদা, দা'ওয়াত, হিজরত ও জিহাদের মাধ্যমে দ্বীন কায়েমের জন্য 'আল-জামাআহ' (ঐক্য) গঠন করা যেতে পারে। যারা আক্বিদার ক্ষেত্রে তাওহীদের পরিবর্তে বহু ইলাহ ও বহু রবের আনুগত্যে লিপ্ত নানা প্রকার শিরক-বিদ'আতে জর্জরিত, ধর্মীয় ক্ষেত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরিকা বাদ দিয়ে বিভিন্ন পীর-সূফীদের তৈরী করা তরিকার অনুসরণ করে, যারা কোন নেতা-নেত্রীর আদর্শ কায়েমের জন্য সংগ্রাম করে তাদের সঙ্গে ঐক্যবদ্ধ হয়ে বা ঐক্যজোট করে ইসলাম কায়েম করতে বলা হয় নি। বরং প্রকৃত মুমিনদেরকে ঐক্যবদ্ধ হওয়ার জন্য নির্দেশ করা হয়েছে।

মুমিনদের ঐক্যের চমৎকার পদ্ধতি

মুমিনদের প্রতিদিন পাঁচ ওয়াক্ত সালাত জামা'আতের সাথে আদায়ের নির্দেশ দিয়ে একটি পাড়া/মহল্লার মুমিনদের ঐক্যবদ্ধ করার ব্যবস্থা করা হয়েছে। এরপর জুমু'আর সালাতের মাধ্যমে আরও বড় এলাকার মুমিনদের, ঈদের সালাতের মাধ্যমে গোটা শহরের মুমিনদের, হজ্জের

---

[১৩৯] **সুরা আল ইমরান ৩:৬৪।**

মাধ্যমে গোটা বিশ্বের মুমিনদেরকে ঐক্যবদ্ধ করার ব্যবস্থা করা হয়েছে। ইসলাম মুমিনদেরকে শুধুমাত্র ঐক্যবদ্ধ হওয়ার জন্য নির্দেশ করেই ক্ষ্যান্ত হয় নি বরং 'আল জামা'আহ' থেকে বিচ্ছিন্ন হওয়াকে কঠোরভাবে নিষেধ করা হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন :

عَنِ الْحَارِثِ الْأَشْعَرِيِّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– : « مَنْ فَارَقَ الْجَمَاعَةَ شِبْرًا فَقَدْ خَلَعَ رِبْقَةَ الإِسْلاَمِ مِنْ عُنُقِه إِلاَّ أَنْ يَرْجِعَ ».

অর্থ: "হারেস আল আশআরী (রা:) হতে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: যে ব্যক্তি 'আল জামাআহ' থেকে বের হয়ে এক বিঘত পরিমাণ দূরে সরে গেল সে নিজের গর্দান থেকে ইসলামের রশি খুলে ফেলল । তবে যদি সে আবার ফিরে আসে তো ভিন্ন কথা ।[১৪০]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরোও ইরশাদ করেন:

عَنِ ابْنِ عَبَّاسٍ يَرْوِيه قَالَ قَالَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– « مَنْ رَأَى مِنْ أَمِيرِهِ شَيْئًا يَكْرَهُهُ فَلْيَصْبِرْ فَإِنَّهُ مَنْ فَارَقَ الْجَمَاعَةَ شِبْرًا فَمَاتَ فَمِيتَـــةٌ جَاهِلِيَّـــةٌ ».

صحيح مسلم للنيسابوري

অর্থ: আবু হুরাইরাহ (রা:)থেকে বর্ণিত রাসূলুল্লাহসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামবলেন, যে ব্যক্তি আমীরের এমন কোন কাজ দেখে যা সে অপছন্দ করে সে যেন সবর করে কেননা, যে ব্যক্তি জামাআহ থেকে এক বিঘত পরিমাণ দুরে সরে গেল সে তার গর্দান থেকে ইসলামের রশি খুলে ফেলল ।[১৪১]

[১৪০] তীরমিযি ২৮৬৩, আলবানী এটাকে সহীহ বলেছেন; মুসনাদে আহমদ হা: নং ১৭২০৯; জামেউল আহাদীস হা : নং ৪৪; সহীহ ইবনে হিব্বান হা: নং ৬২৩৩; সহীহ ইবনে খুযাইমা হা: নং ১৮৯৫; মুসান্নাফে আব্দুর রাজ্জাক হা: নং ৫১৪১। তাহকীক : মুসনাদে আহমদ, সহীহ ইবনে খুযাইমা ও ইবনে হিব্বানে হাদীসের সনদ সহীহ বলে উল্লেখ করা হয়েছে।

[১৪১] সহীহ মুসলিম হা নং ২৮৯৬; মুসান্নাফে আবি শায়বা ৩৭১৫৪; বুখারী হা: নং ৬৬৪৬; মুসনাদে বাজ্জার হা: নং ২৯৩৩, ৪০৫৮ হুযাইফাতুল ইয়ামান থেকে বর্ণিত; মুসনাদে আহমদ হা: নং ২১৬০১; আবু দাউদ হা: নং ৬৭৬০; কানজুল উম্মাল হা: নং ৮৪৬। আলবানী এটাকে সহীহ বলেছেন।

জামা'আতবদ্ধ হওয়াকে জান্নাতে যাওয়ার অন্যতম শর্ত হিসেবে উল্লেখ করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

مَنْ سَرَّهُ أَنْ يَسْكُنَ بُحْبُوحَةَ الْجَنَّةِ فَلْيَلْزِمِ الْجَمَاعَةَ

অর্থ: "উমর ইবনে খাত্তাব (রা:) হতে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: যে ব্যক্তি জান্নাতের প্রাণকেন্দ্রে বসবাস করতে চায় সে যেন জামা'আহকে শক্তভাবে ধরে রাখে ।[১৪২]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ أَنَّ نَبِيَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ الشَّيْطَانَ ذِئْبُ الْإِنْسَانِ كَذِئْبِ الْغَنَمِ يَأْخُذُ الشَّاةَ الْقَاصِيَةَ وَالنَّاحِيَةَ فَإِيَّاكُمْ وَالشِّعَابَ وَعَلَيْكُمْ بِالْجَمَاعَةِ

অর্থ: "মুআয ইবনে জাবাল (রা:) হতে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, যে মেষ নিজের পাল থেকে বিচ্ছিন্ন হয়ে যায় বা একপাশে চলে যায় তাকে যেমনভাবে নেকড়ে বাঘ ধরে নিয়ে যায়। তেমনিভাবে জামাআ'হ থেকে যে বিচ্ছিন্ন হয়ে যায় তাকে শয়তান নিজের খপ্পড়ে নিয়ে যায়। কারণ শয়তান হচ্ছে মানুষের বাঘ স্বরূপ। সুতরাং তোমরা বিচ্ছিন্ন দল গুলো থেকে সম্পূর্ণরূপে দূরে থাক এবং সহীহ জামাআ'তের সাথে সম্পৃক্ত থাক।"[১৪৩]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও ইরশাদ করেন:

عَنْ مُعَاوِيَةَ بْنِ أَبِى سُفْيَانَ أَنَّهُ قَامَ فِينَا فَقَالَ أَلاَ إِنَّ رَسُولَ اللَّهِ –صـــلى الله عليـــه وسلم– قَامَ فِينَا فَقَالَ « أَلاَ إِنَّ مَنْ قَبْلَكُمْ مِنْ أَهْلِ الْكِتَابِ افْتَرَقُوا عَلَـــى ثِنْتَـــيْنِ وَسَبْعِينَ مِلَّةً وَإِنَّ هَذِهِ الْمِلَّةَ سَتَفْتَرِقُ عَلَى ثَلاَثٍ وَسَبْعِينَ ثِنْتَانِ وَسَبْعُونَ فِى النَّـــارِ وَوَاحِدَةٌ فِى الْجَنَّةِ وَهِىَ الْجَمَاعَةُ

[১৪২] জামেউল আহাদীস হা: নং ২২৪২১; কানজুল উম্মাল হা: নং ১০৩৩; বায়হাকী হা: নং ৫২; মুসনাদে শিহাব হা: নং ৪৫১; মাআ'রেফাতুস সুনান ওয়াল আছার বাইহাকী ৫২।

[১৪৩] মুসনাদে আহমদ হা: নং ২২০৮২; তাবরানী: হা: নং ৩৪৪। হাফেজ ইরাক্বী বলেন তার বর্ণনাকারীগন নির্ভরযোগ্য তবে সনদটি **منقطع** (সনদের ধারাবাহিকতায় কিছুটা বিচ্ছিন্নতা রয়েছে তবে মুহাদ্দিসীনদের নিকট ক্ষেত্র বিশেষ তা গ্রহণযোগ্য, শায়েখ আলবানী (র:) হাদীসটিকে জইফ বলেছেন)। কানযুল উম্মাল: ১০২৬; মুসনাদে হারেস: ৬০৬; বায়হাক্বী: ২৮৬০; মু'জামূল কাবীর: ৩৪৪; জামেউল আহাদীস: ৬৪২৬।

অর্থ: মু'আবিয়া ইবনে আবূ সুফিয়ান থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের পূর্ববর্তী আহলে কিতাবরা ৭২ দলে বিভক্ত হয়েছে। আর এই উম্মতের লোকেরা অচিরেই ৭৩ দলে বিভক্ত হবে। তাদের ৭২ দল হবে জাহান্নামী আর একটি দল হবে জান্নাতী। আর তা হলো আল জামা'আহ।[১৪৪]

অন্য একটি হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَنَسِ بْنِ مَالك عَنْ رَسُولِ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْه وَسَلَّمَ ثَلَاثٌ لَا يُغِلُّ عَلَيْهِنَّ صَدْرُ مُسْلِمٍ إِخْلَاصُ الْعَمَلِ لِلَّهِ عَزَّ وَجَلَّ وَمُنَاصَحَةُ أُولِي الْأَمْرِ وَلُزُومُ جَمَاعَةِ الْمُسْلمِينَ...

অর্থ : "আনাস ইবনে মালেক (রা:) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন: তিনটি বিষয় এমন রয়েছে যা কোন মুসলিমের অন্তর খেয়ানত করে না; (১) কোন আমল খালেসভাবে আল্লাহর জন্য করা। (২) যে সকল শাসক কুরআন-সুন্নাহ মুতাবেক রাষ্ট্র পরিচালনা করে তাদের কল্যাণ কামনা করা (৩) মুসলিমদের 'আল জামাআহ্' কে শক্তভাবে ধরে রাখা....।[১৪৫]

উপরোক্ত হাদীসগুলো থেকে পরিষ্কার হয়ে গেল যে, ইসলামে আল জামা'আহর গুরুত্ব অপরিসীম। আল জামা'আহর সাথে সম্পৃক্ত থাকা একজন মুমিনের ঈমানের অবিচ্ছেদ্য অংশ। কিন্তু কুরআন-সুন্নাহর সঠিক অনুসারী আল জামা'আহ ব্যতিত কোন বাতিল জামা'আহর সঙ্গে সম্পৃক্ত হওয়া যাবে না। এ প্রসঙ্গে একটি গুরুত্বপূর্ণ হাদীস পেশ করা হলো।

আল জামাআহ্ বিষয়ে একটি গুরুত্বপূর্ণ হাদীস

---

[১৪৪] আবু দাউদ হাঃ নং ৪৫৯৯, দারেমী হাঃ নং ২৫১৮, জামেউল আহাদীস হাঃ নং ৪৫৮২, জামেউল উসুলঃ হাঃ নং ৮৪৮৯, কানযুল উম্মালঃ হাঃ নং ৩০৮৩৫, মুসনাদে সাহাবাঃ হাঃ নং ২০।

[১৪৫] মুসনাদে আহমাদ হাঃ নং -১৩৩৭৪; সহীহ ইবনে হিব্বান হাঃ নং- ৬৮; মারেফতুস সাহাবা হাঃ নং - ১১১৫; জামেউল আহাদীস হাঃ নং- ১২৬৯৯; কানযুল উম্মাল হাঃ নং- ২৯১৯৪।

عن حُذَيْفَةَ بْنِ الْيَمَان يَقُولُ كَانَ النَّاسُ يَسْأَلُونَ رَسُولَ اللَّه صلى الله عليه وسلم عَنِ الْخَيْرِ وَكُنْتُ أَسْأَلُهُ عَنِ الشَّرِّ مَخَافَةَ أَنْ يُدْرِكَنِى فَقُلْتُ يَا رَسُولَ اللَّه إِنَّا كُنَّا فِى جَاهِلِيَّةٍ وَشَرٍّ فَجَاءَنَا اللَّهُ بِهَذَا الْخَيْرِ فَهَلْ بَعْدَ هَذَا الْخَيْرِ شَرٌّ قَالَ « نَعَمْ » فَقُلْتُ هَلْ بَعْدَ ذَلكَ الشَّرِّ مِنْ خَيْرٍ قَالَ « نَعَمْ وَفِيهِ دَخَنٌ ». قُلْتُ وَمَا دَخَنُهُ قَالَ « قَوْمٌ يَسْتَنُّونَ بِغَيْرِ سُنَّتِى وَيَهْدُونَ بِغَيْرِ هَدْيِى تَعْرِفُ مِنْهُمْ وَتُنْكِرُ ». فَقُلْتُ هَلْ بَعْدَ ذَلكَ الْخَيْرِ مِنْ شَرٍّ قَالَ « نَعَمْ دُعَاةٌ عَلَى أَبْوَابِ جَهَنَّمَ مَنْ أَجَابَهُمْ إِلَيْهَا قَذَفُوهُ فِيهَا». فَقُلْتُ يَا رَسُولَ اللَّه صِفْهُمْ لَنَا. قَالَ « نَعَمْ قَوْمٌ مِنْ جِلْدَتِنَا وَيَتَكَلَّمُونَ بِأَلْسِنَتِنَا». قُلْتُ يَا رَسُولَ اللَّه فَمَا تَرَى إِنْ أَدْرَكَنِى ذَلكَ قَالَ « تَلْزَمُ جَمَاعَةَ الْمُسْلِمِينَ وَإِمَامَهُمْ ». فَقُلْتُ فَإِنْ لَمْ تَكُنْ لَهُمْ جَمَاعَةٌ وَلاَ إِمَامٌ قَالَ « فَاعْتَزِلْ تِلْكَ الْفِرَقَ كُلَّهَا وَلَوْ أَنْ تَعَضَّ عَلَى أَصْلِ شَجَرَةٍ حَتَّى يُدْرِكَكَ الْمَوْتُ وَأَنْتَ عَلَى ذَلِكَ

অর্থ: "হুযাইফা (রা:) বলেন, লোকেরা রাসূলুল্লাহাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট কল্যাণকর বিষয় সম্পর্কে প্রশ্ন করত। আর আমি ক্ষতিকর বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করতাম এই ভয়ে যেন আমি তাতে লিপ্ত না হই। হুযায়ফা (রা:) বলেন, আমি জিজ্ঞাসা করলাম, হে আল্লাহর রাসূল! আমরা একসময় মূর্খতা ও মন্দের মধ্যে নিমজ্জিত ছিলাম। অত:পর আল্লাহ (সুব:)আমাদেরকে এই কল্যাণ (দ্বীন ইসলাম) দান করেন। তবে কি এই কল্যাণের পর পুনরায় অকল্যাণ আসবে? তিনি বললেন: হ্যাঁ, আসবে। আমি পুণরায় জিজ্ঞাসা করলাম, সেই অকল্যাণের পরে কি আবার কল্যাণ আসবে? তিনি বললেন হ্যাঁ, আসবে তবে তা হবে ধোঁয়াযুক্ত (কলুষিত)।

আমি জিজ্ঞাসা করলাম, সেই ধোঁয়া কি ধরণের? তিনি বললেন, লোকেরা আমার সুন্নাহ (তরিকা) বর্জন করে অন্য তরীকা গ্রহণ করবে এবং আমার পথ ছেড়ে লোকদেরকে অন্য পথে পরিচালিত করবে। তখন তুমি তাদের মধ্যে ভাল কাজও দেখতে পাবে এবং মন্দ কাজও। আমি আবার জিজ্ঞাসা করলাম, সেই কল্যাণের পর আবার কি অকল্যাণ আসবে? তিনি বললেন, হ্যাঁ, জাহান্নামের দারপ্রান্তে দাঁড়িয়ে কতিপয় আহবান কারী লোকদেরকে

সেই দিকে আহবান করবে। যারা তাদের আহবানে সাড়া দিবে তাদেরকে তারা জাহান্নামে নিক্ষেপ করে ছাড়বে। আমি বললাম ইয়া রাসূলুল্লাহাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমাদেরকে তাদের পরিচয় জানিয়ে দিন। তিনি বললেন: তারা লেবাস-পোষাকে আমাদের সম্প্রদায়ের অন্তর্ভূক্তই হবে এবং আমাদের ভাষায় কথা বলবে। আমি বললাম, যদি আমি সে অবস্থায় উপনীত হই তাহলে আপনি আমাকে কি নির্দেশ দেন? তিনি বললেন: তখন তুমি মুসলিমদের 'আল জামা'আহ' ও তাদের ইমামকে শক্তভাবে ধরে রাখবে। আমি বললাম, সে সময়ে যদি কোন মুসলিম 'জামা'আহ' ও তাদের ইমাম না থাকে (তখন আমাকে কি করতে হবে)? তিনি বললেন: তখন তুমি সেই সমস্ত বিচ্ছিন্ন দলের সবগুলোকেই পরিত্যাগ করবে, যদিও তোমাকে গাছের শিকর চিবিয়ে জীবনধারন করতে হয় এবং তুমি এই অবস্থায় থাকবে যতক্ষণ না তোমার মৃত্যু উপস্থিত হয়। (অর্থাৎ মৃত্যু পর্যন্ত বাতিল ফেরকাসমূহ থেকে দুরে থাকতে হবে, এতে যে কোন দুঃখ কষ্ট ও ত্যাগ স্বীকারে তোমাকে প্রস্তত থাকতে পারে)।"[১৪৬]

আর মুসলিম শরিফে হুযাইফা (রা:) থেকে আরেকটি রেওয়ায়েতে বর্ণিত হয়েছে -

يَكُونُ بَعْدِى أَئِمَّةٌ لاَ يَهْتَدُونَ بِهُدَاىَ وَلاَ يَسْتَنُّونَ بِسُنَّتِى وَسَيَقُومُ فِيهِمْ رِجَالٌ قُلُوبُهُمْ قُلُوبُ الشَّيَاطِينِ فِى جُثْمَانِ إِنْسٍ. قَالَ قُلْتُ كَيْفَ أَصْنَعُ يَا رَسُولَ اللَّهِ إِنْ أَدْرَكْتُ ذَلِكَ قَالَ « تَسْمَعُ وَتُطِيعُ لِلأَمِيرِ وَإِنْ ضُرِبَ ظَهْرُكَ وَأُخِذَ مَالُكَ فَاسْمَعْ وَأَطِعْ.

অর্থ: "রাসূলুল্লাহাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: আমার ওফাতের পর এমন কতিপয় ইমাম ও বাদশাহর আর্বিভাব ঘটবে, যারা আমার নির্দেশিত পথে চলবে না এবং আমার সুন্নত ও তরীকা অনুযায়ী আমল করবে না। আবার তাদের মধ্যেও এমন কিছু লোকের আবির্ভাব ঘটবে যারা গায়ে-গঠনে এবং চেহারা-অবয়বে মানুষই হবে, কিন্তু তাদের অন্তর সমূহ হবে শয়তানের অন্তর যা মানবদেহে স্থাপন করা হয়েছে

[১৪৬] সহীহ বুখারী ৩৪১১,৬৬৭৩, মুসলিম শরীফ ৪৮৯০, বায়হাকী ২৯৩৩, ৪০৫৮মুসনাদে আহমদ ও খুযাইমা ইবনে হিব্বান ১৬৫৭২।

(অর্থাৎ তারা হবে শয়তানের প্রেতাত্মা)। হুযাইফা বলেন, আমি জিজ্ঞাসা করলাম, ইয়া রাসূলুল্লাহাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি আমি সেই অবস্থায় পতিত হই তখন আমার করনীয় কি হবে? তিনি বললেন, তোমার আমীর যা বলে তা মানবে এবং তার আনুগত্য করবে, যদিও তোমার পিঠে আঘাত করা হয় এবং তোমার মাল সম্পদ বাজেয়াপ্ত করা হয়, তবুও তার নির্দেশ মেনে চলবে এবং তার আনুগত্য করবে।"[১৪৭]
তবে এটা হলো যদি তারা দ্বীন কায়েম রাখে। আর যদি দ্বীন কায়েম না করে বা না রাখে তাহলে তাদের আনুগত্য করা যাবে না। এজন্যই কোন কোন হাদীসে বলা হয়েছে مَا أَقَامُوا الدِّينَ (মা আকামু দ্বীন) অর্থাৎ শাসকদের আনুগত্য করতে হবে যতক্ষণ পর্যন্ত তারা দ্বীন কায়েম করবে।[১৪৮]

কিন্তু অতীব দুঃখের বিষয়, এদেশের অনেক বড় বড় আলেম এই হাদীসগুলোকে অপব্যাবহার করে। তারা এই হাদীসগুলোর ভিত্তিতে বর্তমান তাগুতী ও ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রের শাসকদের আনুগত্য করাকে ফরজ বলে। আবার তাদের কেউ কেউ বলে থাকেন, 'ইয়াযিদ ইবনে মু'আবিয়া, হাজ্জাজ ইবনে ইউসূফ, আব্দুল মালেক ইবনে মারওয়ান প্রমূখরা খলীফাতুল মুসলিমীন হতে পারে না এবং যদি তৎকালীন মুসলিম জাতি তাদের আনুগত্য করতে পারে, তাহলে বর্তমানে আমাদের নেতা-নেত্রীদের দোষ কি? তারা কি ওদের থেকেও বড় জালিম? ইত্যাদি বলে মানুষকে বিভ্রান্ত করে।

অথচ তারা একটু চিন্তা করলেই বুঝতে পারতো যে, উপরোক্ত শাসকগণ যদিও ইতিহাস খ্যাত জালিম ছিলেন কিন্তু তারা ধর্মনিরপেক্ষ ছিলেন না। তাদের শাসন ব্যবস্থা গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদ বা ধর্মনিরপেক্ষ ছিল না। তাদের শাসন ছিল খেলাফত ভিত্তিক। তাদের সংবিধান ছিল কুরআন-সুন্নাহ। সেজন্যই তাদের আনুগত্য করতে বলা হয়েছে। যদিও তারা জুলুম-নির্যাতনের ইতিহাস রচনা করেছে। পক্ষান্তরে বর্তমান

[১৪৭] সহীহ মুসলিম ৪৮৯১।
[১৪৮] সহীহ বুখারী ৭১৩৯; মুসনাদে আহমদ ১৬৮৫২; সুনানে বাইহাকী ১৬৯৭৫।

শাসকেরা গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতায় বিশ্বাসী। তাদের সংবিধান কুরআন-সুন্নাহর পরিবর্তে মানব রচিত সংবিধান। আর এ জাতীয় শাসকদেরকে উলূল আম্‌র বলা হয় না। বরং এরা হলো উলূল খাম্‌র। একারণেই হাদীস শরীফে আনুগত্যের ক্ষেত্রে শর্তারোপ করা হয়েছে مَـــا أَقَامُوا الدِّينَ অর্থাৎ যতক্ষণ তারা দ্বীন কায়েম করবে বা দ্বীন কায়েম রাখবে।

প্রশ্ন: আল-জামা'আহ থেকে বিচ্ছিন্ন থাকলে ক্ষতি কি?

উত্তর: 'আল-জামাআহ' থেকে কোনক্রমেই বিচ্ছিন্ন হওয়া যাবে না। কেননা আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

{ إِنَّ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ وَكَانُوا شِيَعًا لَسْتَ مِنْهُمْ فِي شَيْءٍ إِنَّمَا أَمْرُهُمْ إِلَى اللَّهِ ثُمَّ يُنَبِّئُهُمْ بِمَا كَانُوا يَفْعَلُونَ } [الأنعام : ١٥٩]

অর্থ ঃ নিশ্চয় যারা তাদের দ্বীনকে বিচ্ছিন্ন করেছে এবং দল-উপদলে বিভক্ত হয়েছে, তাদের কোন ব্যাপারে তোমার দায়িত্ব নেই। তাদের বিষয়টি তো আল্লাহর নিকট। অতঃপর তারা যা করত, তিনি তাদেরকে সে বিষয়ে অবগত করবেন।[১৪৯]

উক্ত আয়াতে বলা হচ্ছে যারা দ্বীনকে টুকরো টুকরো করেছে তাদের সাথে রাসুলের কোন সম্পর্ক নেই। কারণ মুসলিমরা সবর্দা আল্লাহর কুরআনকে সকলে মিলে একসাথে ধারন করবে এবং একজন নেতার চেইন অব কমান্ডে তারা চলবে। এ আয়াতে বিচ্ছিন্নতার ভয়াবহ পরিনাম হচ্ছে দ্বীনের মধ্যে যারা বিভেদ ঘটায় বা বিচ্ছিন্নতা সৃষ্টি করে তাদের সাথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কোন সম্পর্ক নেই। অপর দিকে আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

{وَلَا تَكُونُوا مِنَ الْمُشْرِكِينَ (٣١) مِنَ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ وَكَانُوا شِيَعًا كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ } [الروم : ٣١ ، ٣٢]

[১৪৯] সুরা আল আনআম ৬:১৫৯।

অর্থ: আর তোমরা মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না। যারা নিজেদের দ্বীনকে বিভক্ত করেছে এবং যারা বিভিন্ন দলে বিভক্ত হয়েছে (তাদের অন্তর্ভুক্ত হয়ো না)। প্রত্যেক দলই নিজেদের যা আছে তা নিয়ে আনন্দিত।[১৫০]

এ আয়াতে বলা হচ্ছে তোমরা মুশরিকদের অন্তর্ভূক্ত হয়ো না যারা নিজেদের দ্বীনকে বিভক্ত করেছে এবং তারা বিভিন্ন দলে বিভক্ত হয়েছে। কেননা বিচ্ছিন্ন হওয়াটা মুশরিকদের একটি বিশেষ বৈশিষ্ট। এর অনুপ্রবেশ যাতে মুসলিমদের মাঝে না ঘটে সেজন্যই এই আদেশ করা হয়েছে। একইভাবে অন্য আয়াতে ইরশাদ হয়ে:

{وَمَا تَفَرَّقَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ الْبَيِّنَةُ} [البينة : ٤]

আর কিতাবীরা তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসার পরই কেবল মতভেদ করেছে।[১৫১] অন্য আয়াতে ইরশাদ হয়েছে:

{وَلَا تَكُونُوا كَالَّذِينَ تَفَرَّقُوا وَاخْتَلَفُوا مِنْ بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَاتُ وَأُولَئِـــكَ لَهُـــمْ عَذَابٌ عَظِيمٌ} [آل عمران : ١٠٥]

অর্থ: আর তোমরা তাদের মত হয়ো না, যারা বিভক্ত হয়েছে এবং মতবিরোধ করেছে তাদের নিকট স্পষ্ট নিদর্শনসমূহ আসার পর। আর তাদের জন্যই রয়েছে কঠোর আযাব।[১৫২]

আল্লাহ রাব্বুল আলামীন আরো ইরশাদ করেন:

{وَمَا تَفَرَّقُوا إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَهُمُ الْعِلْمُ بَغْيًا بَيْنَهُمْ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَبِّكَ إِلَى أَجَلٍ مُسَمًّى لَقُضِيَ بَيْنَهُمْ وَإِنَّ الَّذِينَ أُورِثُوا الْكِتَابَ مِنْ بَعْدِهِمْ لَفِي شَـــكٍّ مِنْـــهُ مُرِيبٍ} [الشورى : ١٤]

অর্থ: "আর তাদের কাছে জ্ঞান আসার পরও তারা কেবল নিজদের মধ্যকার বিদ্বেষের কারণে মতভেদ করেছে; একটি নির্দিষ্ট কাল পর্যন্ত অবকাশ সম্পর্কে তোমার রবের পূর্ব সিদ্ধান্ত না থাকলে তাদের বিষয়ে ফয়সালা হয়ে যেত। আর তাদের পরে যারা কিতাবের উত্তরাধিকারী হয়েছিল,তারা সে সম্পর্কে বিভ্রান্তিকর সন্দেহে রয়েছে।"[১৫৩]

[১৫০] সুরা আর্‌রূম ৩০:৩১,৩২।
[১৫১] সুরা আল বায়্যিনাহ ৯৮:৪।
[১৫২] সুরা আল ইমরান ৩:১০৫।
[১৫৩] সুরা আশশুআরা ২৬:১৪।

আরেক আয়াতে ইরশাদ করা হয়েছে:

وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا وَاذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ كُنْتُمْ أَعْدَاءً فَأَلَّفَ بَيْنَ قُلُوبِكُمْ فَأَصْبَحْتُمْ بِنِعْمَتِهِ إِخْوَانًا وَكُنْتُمْ عَلَى شَفَا حُفْرَةٍ مِنَ النَّارِ فَأَنْقَذَكُمْ مِنْهَا كَذَلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُونَ }(آل عمران : ١٠٣)

অর্থ: আর তোমরা সকলে আল্লাহর রজ্জুকে দৃঢ়ভাবে ধারণ কর এবং বিভক্ত হয়ো না। আর তোমরা তোমাদের উপর আল্লাহর নিয়ামতকে স্মরণ কর, যখন তোমরা পরস্পরে শত্রু ছিলে। তারপর আল্লাহ তোমাদের অন্তরে ভালবাসার সঞ্চার করেছেন। অতঃপর তাঁর অনুগ্রহে তোমরা ভাই-ভাই হয়ে গেল।[১৫৪]

অন্য আয়াতে বলা হয়েছে:

{شَرَعَ لَكُمْ مِنَ الدِّينِ مَا وَصَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ كَبُرَ عَلَى الْمُشْرِكِينَ مَا تَدْعُوهُمْ إِلَيْهِ اللَّهُ يَجْتَبِي إِلَيْهِ مَنْ يَشَاءُ وَيَهْدِي إِلَيْهِ مَنْ يُنِيبُ

অর্থ: "তিনি তোমাদের জন্য দ্বীন বিধিবদ্ধ করে দিয়েছেন; যে বিষয়ে তিনি নূহকে নির্দেশ দিয়েছিলেন, আর আমি তোমার কাছে যে ওহী পাঠিয়েছি এবং ইবরাহীম, মূসা ও ঈসাকে যে নির্দেশ দিয়েছিলাম তা হল, তোমরা দ্বীন কায়েম করবে এবং এতে বিচ্ছিন্ন হবে না। তুমি মুশরিকদেরকে যেদিকে আহবান করছ, তা তাদের কাছে কঠিন মনে হয়; আল্লাহ যাকে চান তাঁর দিকে নিয়ে আসেন। আর যে তাঁর অভিমুখী হয় তাকে তিনি হিদায়াত দান করেন।"[১৫৫]

আরও অসংখ্য আয়াতে আল্লাহ (সুব:) মুসলিম জাতিকে বিচ্ছিন্ন না হওয়ার জন্য আদেশ করেছেন। তাছাড়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও হাদীসে মুসলিম জাতিকে বিচ্ছিন্ন না হওয়ার ব্যাপারে বিশেষভাবে সর্তক করেছেন। ইরশাদ হয়েছে:

[১৫৪] সুরা আল ইমরান ৩:১০৩।
[১৫৫] সুরা আশশুআরা ২৬:১৩।

عَنْ اَبِيْ هُرَيْرَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ آمُرُكُمْ بِثَلاَث وأنْهاكُمْ عَنْ ثَلاَث . أُمُرُكُمْ أنْ تَعْبُدُوا الله ولا تُشْرِكُوا بِهِ شَيْئاً وأنْ تَعْتَصِمُوا بِحَبْلِ الله جَميعاً ولاَ تَفَرَّقُوا....

অর্থ: "আবু হুরায়রাহ থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি তোমাদেরকে তিনটি কাজের আদেশ করছি এবং তিনটি কাজ থেকে নিষেধ করছি: তোমরা এক আল্লাহ্‌রই ইবাদাত করবে, তাঁর সাথে কাউকে শরীক করবে না, এবং তোমরা সকলে আল্লাহর রজ্জুকে (কুরআনকে) ঐক্যবদ্ধ হয়ে শক্তভাবে ধারণ করবে এবং পরস্পরে বিচ্ছিন্ন হবে না...।"[১৫৬]

অপর হাদীসে ইরশাদ হচ্ছে:

عَنْ الْحَسَنِ أَلَمْ تَعْلَمُوْا أَنَّ مُحَمَّدًا بَرِيْءٌ مِمَّنْ فَارَقَ دِيْنَه وَكَانُوْا شِيَعًا

অর্থ: "হাসান বসরী বলেন, তোমরা কি জাননা যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ সকল লোকদের থেকে মুক্ত যারা তাদের দ্বীন থেকে বিচ্ছিন্ন হয়েছে এবং বিভিন্ন দল উপদলে বিভক্ত হয়েছে।" অতঃপর তিনি সূরা আ্নআমের ১৫৯ নং আয়াতটি তিলাওয়াত করলেন।

{ إِنَّ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ وَكَانُوا شِيَعًا لَسْتَ مِنْهُمْ فِي شَيْءٍ إِنَّمَا أَمْرُهُمْ إِلَى اللَّهِ ثُمَّ يُنَبِّئُهُمْ بِمَا كَانُوا يَفْعَلُونَ } [الأنعام : ١٥٩]

অর্থ: "নিশ্চয় যারা তাদের দ্বীনকে বিচ্ছিন্ন করেছে এবং দল-উপদলে বিভক্ত হয়েছে, তাদের কোন ব্যাপারে তোমার দায়িত্ব নেই। তাদের বিষয়টি তো আল্লাহর নিকট। অতঃপর তারা যা করত, তিনি তাদেরকে সে বিষয়ে অবগত করবেন।"[১৫৭]

মুসলিম জাতির ধ্বংসের অন্যতম কারণ পরস্পরের বিরোধ ও বিভক্তি

মুসলিম জাতির মধ্যে বিভিন্ন দল তৈরী করে বিচ্ছিন্নতার কারণে মুসলিমদের শক্তি নিঃশেষ হয়ে যায় ও সাহস হারিয়ে ফেলে। আল্লাহ (সুব:)ইরশাদ করেন:

[১৫৬] সহীহ ইবনে হীব্বান ৪৫৬০ (হাদীসটি সহীহ)।
[১৫৭] ইত্তিহাফুল খিয়ারতি ওয়াল মাহারতি৭/৭৭১ এ উক্তিটি দুর্বল সনদে বর্ণিত হলেও এর সমর্থনে আরো অনেক শাহেদ পাওয়া যায়।

{وَأَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذْهَبَ رِيحُكُمْ وَاصْبِرُوا إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ} [الأنفال : ٤٦]

অর্থ: "আর তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য কর এবং পরস্পর ঝগড়া করো না, তাহলে তোমরা সাহস হারা হয়ে যাবে এবং তোমাদের শক্তি নিঃশেষ হয়ে যাবে। আর তোমরা ধৈর্য ধর, নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন।"[১৫৮]

এ আয়াতে পরস্পর ঝগড়া-ফাসাদ করাকে শত্রুদের মোকাবিলায় মুসলিম জাতির শক্তি, সাহস নি:শেষ হয়ে যাওয়ার অন্যতম কারণ হিসাবে উল্লেখ করা হয়েছে।

এ আয়াতে আরও একটি গুরুত্বপূর্ণ নির্দেশ দেওয়া হয়েছে। আর তাহলো: নিজেদের আবেগ-অনুভূতি ও কামনা-বাসনাকে সংযত রাখো। তাড়াহুড়ো করো না। ভীত-আতংকিত হওয়া, লোভ-লালসা পোষণ করা এবং অসংগত উৎসাহ-উদ্দীপনা প্রকাশ থেকে দূরে থাকো। স্থির মস্তিস্কে এবং ভারসাম্যপূর্ণ ও যথার্থ পরিমিত বিচক্ষণতা ও ফায়সালা করার শক্তি সহকারে কাজ করে যাও। বিপদ-আপদ ও সংকট-সমস্যার সম্মুখীন হলেও যেন তোমাদের পা না টলে।

উত্তেজনাকর পরিস্থিতি দেখা দিলে ক্রোধ ও ক্ষোভের তরঙ্গে ভেসে গিয়ে তোমরা যেন কোন অর্থহীন কাজ করে না বসো। বিপদের আক্রমণ চলতে থাকলে এবং অবস্থা সম্পূর্ণ বিপরীত দিকে মোড় নিয়েছে দেখতে পেলে মানসিক অস্থিরতার কারণে তোমাদের চেতনা শক্তি বিক্ষিপ্ত ও বিশৃংখল না হয়ে পড়ে। উদ্দেশ্য সফল হবার আনন্দে অধীর হয়ে অথবা কোন আধা-পরিপক্ক ব্যবস্থাপনাকে আপাতদৃষ্টিতে কার্যকর হতে দেখে তোমাদের সংকল্প যেন তাড়াহুড়োর শিকার না হয়ে পড়ে। আর যদি কখনো বৈষয়িক স্বার্থ, লাভ ও ইন্দ্রিয় সুখভোগের প্ররোচনা তোমাদের লোভাতুর করে তোলে তাহলে তাদের মোকাবিলায় তোমাদের নফস যেন দূর্বল হয়ে স্বতঃস্ফুর্তভাবে সেদিকে এগিয়ে যেতে না থাকে। এ সমস্ত অর্থ শুধু একটি মাত্র শব্দ 'সবর' এর মধ্যে নিহিত রয়েছে। আল্লাহ বলেছেন এসব দিয়ে যারা সবরকারী হবে তারাই আমার সাহায্য ও সমর্থন পেয়ে ধন্য হবে।

[১৫৮] সুরা আনফাল ৮:৪৬।

প্রশ্ন: যুগে যুগে ইসলামকে বিভিন্ন দলে-উপদলে বিভক্ত করেছে কারা?

উত্তর: যুগে যুগে আলেমদেরই এক শ্রেণী আল্লাহর দ্বীনের ভিতরে মতভেদ সৃষ্টি করেছে। আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে ইরশাদ করেন:

{كَانَ النَّاسُ أُمَّةً وَاحِدَةً فَبَعَثَ اللَّهُ النَّبِيِّينَ مُبَشِّرِينَ وَمُنْذِرِينَ وَأَنْزَلَ مَعَهُمُ الْكِتَابَ بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ فِيمَا اخْتَلَفُوا فِيهِ وَمَا اخْتَلَفَ فِيهِ إِلَّا الَّذِينَ أُوتُوهُ مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ الْبَيِّنَاتُ بَغْيًا بَيْنَهُمْ فَهَدَى اللَّهُ الَّذِينَ آمَنُوا لِمَا اخْتَلَفُوا فِيهِ مِنَ الْحَقِّ بِإِذْنِهِ وَاللَّهُ يَهْدِي مَنْ يَشَاءُ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ }

অর্থ: "মানুষ ছিল এক উম্মত (এক জাতি)। অতঃপর আল্লাহ সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে নবীদেরকে প্রেরণ করলেন এবং সত্যসহ তাদের সাথে কিতাব নাযিল করলেন, যাতে মানুষের মধ্যে ফয়সালা করেন, যে বিষয়ে তারা মতবিরোধ করত। আর তারাই তাতে মতবিরোধ করেছিল, যাদেরকে তা দেয়া হয়েছিল, তাদের নিকট স্পষ্ট নিদর্শন আসার পরও পরস্পরের মধ্যে বিদ্বেষবশত। অতঃপর আল্লাহ নিজ অনুমতিতে মুমিনদেরকে হিদায়াত দিলেন যে বিষয়ে তারা মতবিরোধ করছিল। আর আল্লাহ যাকে ইচ্ছা করেন সরল পথের দিকে হিদায়াত দেন।[১৫৯]

এই আয়াতের তাফসীর করতে গিয়ে আল্লামা বাগবী তার তাফসীরে বলেন, ইহুদী খৃস্টানদের ইখতিলাফটা দুই ধরণের ছিল এক: তারা কিতাবের কিছু অংশ মানতো আর কিছু অংশে কুফরি করতো "তারা বলতো আমরা কিছু মানি কিছু মানিনা।" দুই: তারা আল্লাহর কিতাবের তাহ্‌রীফ বা বিকৃত সাধন করতো।"[১৬০]

আজকে আমাদের সমাজের আলেমদের একই অবস্থা, কেউ কুরআনের কিছু অংশ মানে তার সুবিধা মতো এবং কিছু অংশকে অস্বীকার করে তার নিজস্ব মতের বিরুদ্ধে হওয়ার কারণে। আরেক দল আলেম আল্লাহর কুরআনের বিকৃতি সাধন করে কুরআনের অর্থ ঘুরিয়ে দেওয়ার মাধ্যমে। আল্লামা জালালুদ্দীন সুয়তী (রহঃ) বলেন: দুইদল মানুষ কুরআন পড়তে গিয়ে গোমরাহ হয়।

[১৫৯] সুরা আল বাকারা ২:২১৩।
[১৬০] তাফসীরে বাগবী ১ম খন্ড পৃঃ ২৪৪ ।

أَحَدُهَا: قَوْمٌ اعْتَقَدُوا مَعَانِيْ ثُمَّ أَرَادُوْا حَمْلَ أَلْفَاظ الْقُرْآن عَلَيْهَا. وَالثَّــانِيْ: قَــوْمٌ فَسَّرُوا الْقُرْآنَ بِمُجَرَّد مَا يَسُوْغُ أَنْ يُرِيْدَه مَنْ كَانَ مِنَ النَّاطِقِيْنَ بِلُغَة الْعَرَب مِــنْ غَيْر نَظْر إِلَى الْمُتَكَلِّم بِالْقُرْآن وَالْمَنْزل عَلَيْه وَالْمُخَاطب به،

প্রথম দল: ঐ সকল লোকেরা যারা পূর্ব থেকেই একটি বিশেষ আক্বীদা ও বিশ্বাস ধারণ করে আছে, অতঃপর যখনই কুরআনের কোন আয়াত সামনে আসে তখন তারা চেষ্টা করে ঐ আয়াতটি তাদের আক্বীদার পক্ষে দলীল হিসেবে ব্যবহার করতে। অর্থাৎ এ জাতীয় লোকেরা একটি বিশেষ দল বা তরিকার রঙ্গিন চশমা দিয়ে কুরআন-হাদীসকে গবেষণা করে। তারা সবসময় চেষ্টা করে কুরআনের আয়াতকে তাদের আক্বিদাহ ও বিশ্বাসের স্বপক্ষে দলীল হিসাবে পেশ করতে। যদি কোন আয়াত তাদের দলীয় মতের বিপক্ষে যায় তাহলে সে আয়াতকে তাদের দলীয় আলেম ও পীর-বুযুর্গদের অপব্যাখ্যার হাতুড়ি দিয়ে পিটিয়ে, দুমড়িয়ে, মুচড়িয়ে নিজেদের স্বপক্ষে নেওয়ার চেষ্টা করে। যেমন এই কিতাবের বারতম অধ্যায়ের শেষ দিকে পীর-সূফীদের কুরআন বিকৃতি শিরোনামে উল্লেখ করা হয়েছে।

দ্বিতীয় দল: ঐ সকল লোকেরা যারা শুধুমাত্র আয়াতের শাব্দিক অর্থের দিকে লক্ষ্য করেই তাফসীর করে থাকে যেভাবে সাধারণ একজন আরবী লোকের কথার তাফসীর করা হয়। অথচ তারা চিন্তা করে না যে, এ কুরআন কে নাজিল করেছেন? কার উপর নাজিল করেছেন? কাদেরকে সম্বোধন করে নাজিল করা হয়েছে?[১৬১]

আর এদুটি কাজ এক শ্রেণীর আলেমরাই করে থাকে। যেমন আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে ইরশাদ করেছেন:

{ إِنَّ الدِّينَ عِنْدَ اللَّه الْإِسْلَامُ وَمَا اخْتَلَفَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْد مَا جَاءَهُمُ الْعِلْمُ بَغْيًا بَيْنَهُمْ وَمَنْ يَكْفُرْ بِآيَات اللَّه فَإِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَاب}

অর্থ: "নিঃসন্দেহে আল্লাহর নিকট গ্রহণযোগ্য দ্বীন একমাত্র ইসলাম এবং যাদের প্রতি কিতাব দেয়া হয়েছে তাদের নিকট প্রকৃত জ্ঞান আসার পরও তারা মতভেদে লিপ্ত হয়েছে, শুধুমাত্র পরস্পর বিদ্বেষবশতঃ, যারা আল্লাহর

[১৬১] আল ইত্বক্বান ফি উলুমিল কুরআন ১খন্ড ৪৪১ পৃষ্ঠা, শরহে মুকাদ্দামাতুত্ তাফসীর ৯ খন্ড ১ম পৃষ্ঠা।

নিদর্শনসমূহের প্রতি কুফরী করে তাদের জানা উচিত যে, নিশ্চিত রূপে আল্লাহ হিসাব গ্রহণে অত্যন্ত দ্রুত।"[১৬২]

এসব আয়াতে পরিষ্কারভাবে উল্লেখ করা হয়েছে যে, যুগে যুগে বিজ্ঞ আলেমদেরই একটি শ্রেণী মুসলিম জাতিকে বিভিন্ন দলে উপদলে বিভক্ত করেছে।

সুতরাং কোন বিষয়ে বিতর্ক দেখা দিলে কোন আলেম/বুজুর্গ বা বড় বড় মুফতী মুহাদ্দেস সাহেবদের দোহাই না দিয়ে কুরআন-সুন্নাহ যা বলে তাই সঠিক বলে গ্রহণ করা উচিত। হকের কথা বললেই - 'অমুক আলেম কি বললেন', বা 'অমুক পীর সাহেব কি কম বুঝেন?' এগুলো বলা যাবে না। বরং কুরআন ও হাদীস অনুযায়ী যা সত্য তার অনুসরন করতে হবে। এ সম্পর্কে আল্লাহ তাআ'লা বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ أَطِيعُواْ اللّهَ وَأَطِيعُواْ الرَّسُولَ وَأُوْلِي الأَمْرِ مِنكُمْ فَإِن تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللّهِ وَالرَّسُولِ إِن كُنتُمْ تُؤْمِنُونَ بِاللّهِ وَالْيَوْمِ الآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلاً

অর্থ: "হে ঈমানদারগণ! আল্লাহর নির্দেশ মান্য কর, নির্দেশ মান্য কর রাসূলের এবং তোমাদের মধ্যে যারা উলুল আমর তাদের। তারপর যদি তোমরা কোন বিষয়ে বিবাদে লিপ্ত হয়ে পড়, তাহলে তা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি প্রত্যার্পন কর যদি তোমরা আল্লাহ ও কেয়ামত দিবসের উপর বিশ্বাসী হয়ে থাক। আর এটাই কল্যাণকর এবং পরিণতির দিক থেকে উত্তম।"[১৬৩]

এখানে লক্ষ্যণীয় বিষয় যে, আল্লাহ এবং আল্লাহর রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনুগত্যের ক্ষেত্রে উভয় স্থানেই أَطِيعُواْ শব্দ ব্যবহার করা হয়েছে। কিন্তু 'উলুল আমর' এর ক্ষেত্রে أَطِيعُواْ শব্দ ব্যবহার করা হয় নি। কারণ উলুল আমরের আনুগত্য স্বতন্ত্র নয়; বরং তারা যতক্ষণ পর্যন্ত আল্লাহ এবং তাঁর রাসূলের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আনুগত্যের অধীনে থাকবে, ততক্ষণই কেবল তারা উলুল আমর বলে বিবেচিত হবেন। আর কেউ যদি আল্লাহ ও তাঁর রাসূলের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)

[১৬২] সুরা আল-ইমরান ৩:১৯।

[১৬৩] সুরা নিসা ৪:৫৯।

তথা কুরআন ও সুন্নাহর পরিপন্থী কোন বিধান অনুসরণ করে সে উলুল আমর নয় - বরং সে উলুল খাম্‌র (মাতাল)।

বর্তমান মুসলিম বিশ্বের শাসকদের চাটুকার, তাগুতের পা-চাটা গোলাম এক শ্রেণীর 'ওলামায়ে ছূ' এই আয়াত দিয়ে বর্তমান শাসকদের আনুগত্য করাকে ফরয বলে দাবী করে। তারা বলে আল্লাহ (সুব:) বলেছেন 'তোমরা আনুগত্য কর আল্লাহর, আনুগত্য করা রাসূলের এবং তোমাদের মধ্যে যারা 'উলূল আমর' তাদের। আর 'উলূল আমরের' ব্যাখ্যায় বেশীর ভাগ মুফাচ্ছিরগণ শাসকদের উদ্দেশ্য করেছেন। অতএব শাসকদের আনুগত্য করা কুরআনের এই আয়াত অনুযায়ী প্রতিটি মুসলিম নর-নারীর উপর ফরজে 'আইন।

এই জ্ঞানপাপী তথা-কথিত আলেমদের জানা উচিত যে, 'উলূল আমরে'র আনুগত্য করাকে আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্যের অধীনে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ তারা যদি নিজেরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করে এবং কুরআন-সুন্নাহ মোতাবেক রাষ্ট্র পরিচালনা করে তাহলেই কেবলমাত্র তারা 'উলূম আমর' বলে বিবেচিত হবে এবং তাদের আনুগত্য করতে হবে। আর যদি তারা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য না করে এবং কুরআন-সুন্নাহ মোতাবেক দেশ শাসন না করে তাহলে তারা কুরআনে বর্ণিত 'উলূল আমর' নয় বরং তারা হলো 'উলূল খাম্‌র' (মদের হেফাজতকারী)। তাদের আনুগত্য করা ফরজ হওয়াতো দূরের কথা বরং তাদের থেকে সম্পর্ক ছিন্ন করা, তাদেরকে অমান্য করা, তাদের বিরূদ্ধে বিদ্রোহ ঘোষণা করা ফরজে 'আইন হয়ে যায়।

যেভাবে ইবরাহীম (আ:) তৎকালীন শাসকদের বিরূদ্ধে ঘোষণা দিয়েছিলেন। ইরশাদ হয়েছে "ইবরাহীম ও তার সাথে যারা ছিল তাদের মধ্যে তোমাদের জন্য রয়েছে উত্তম আদর্শ। তারা যখন স্বীয় সম্প্রদায়কে বলছিল, "তোমাদের সাথে এবং আল্লাহর পরিবর্তে তোমরা যা কিছুর উপাসনা কর তা হতে আমরা সম্পর্কমুক্ত। আমরা তোমাদেরকে অস্বীকার করি (মানি না)। আর শুরু হল আমাদের ও তোমাদের মাঝে চির শত্রুতা ও বিদ্বেষ যতক্ষণ না তোমরা এক আল্লাহর প্রতি ঈমান আন।"[১৬৪]

[১৬৪] **সুরা মুমতাহিনাহ ৬০:৪।**

মুসলিমদের মাঝে বিভক্তি সৃষ্টি করা সাময়িকভাবে মূর্তিপূজার চেয়েও মারাত্মক। পবিত্র কুরআনে মূসা (আ:) ও তার ভাই হারুন (আ:) এর একটি ঘটনা প্রসঙ্গে আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

قَالَ يَا ابْنَ أُمَّ لَا تَأْخُذْ بِلِحْيَتِي وَلَا بِرَأْسِي إِنِّي خَشِيتُ أَن تَقُولَ فَرَّقْتَ بَيْنَ بَنِي إِسْرَائِيلَ وَلَمْ تَرْقُبْ قَوْلِي

অর্থ: "হারুন বললেন: হে আমার সহোদর! তুমি আমার দাড়ি ও চুল ধরে টেনো না। আমি তো আশংকা করেছিলাম যে, তুমি বলবে: 'তুমি বনী-ইসরাঈলের মধ্যে বিভেদ সৃষ্টি করেছ এবং আমার কথা রক্ষা কর নি।"[১৬৫]

এ আয়াতে দেখা যায় যে মুসা (আঃ) তার ভাই হারুন (আঃ) এর উপর এই বলে ক্ষেপে গেলেন যে, 'যখন আমার অবর্তমানে লোকেরা গো-বৎস তৈরী করে তার ইবাদত করা আরম্ভ করল, তখন তুমি তাদেরকে বাঁধা প্রদান কর নি কেন? কেন বাছুর পূজা কঠোর হস্তে দমন কর নি?'

মুসার (আ:) এই প্রশ্নের উত্তরে হরুন (আ:) বললেন, এই ভয়ে যে, আমি যদি কঠোর হস্তে দমন করতাম তাহলে কিছু লোক আমার কথা মানতো আর কিছু লোক অমান্য করতো। ফলে দু'টো দল হয়ে যেত। আর দল হয়ে গেলে তাদের পূনরায় একত্র করা কঠিন হতো। তাই মনে করলাম যে, তারা সাময়িকভাবে মুর্তি পূজা করুক তবুও বিভক্ত না হোক। তুমি এসে এদেরকে ফিরিয়ে আনতে পারবে এবং তাদের ঐক্য বজায় থাকবে। তোমার নেতৃত্বকে কেউ চ্যালেঞ্জ করতে পারবে না।' এই উত্তর শুনে মুসা (আঃ) খামোশ হয়ে গেলেন। সুতরাং বুঝা গেল যে, উম্মাহর মধ্যে বিভক্তি সৃষ্টি করা কত বড় অপরাধ।

খোলাসা: উপরোক্ত আয়াত ও হাদীস থেকে যা প্রমাণিত হলো তার সারমর্ম নিম্নরূপ:

ক. মুমিনদেরকে সংঘবদ্ধ জীবন যাপন করতে হবে।
খ. বিচ্ছিন্নভাবে জীবন যাপন করার অধিকার তাদের নেই।
গ. বিচ্ছিন্নভাবে জীবন যাপনকারী শয়তানের শিকারে পরিণত হয়।

[১৬৫] **সুরা ত্ব-হা ২০:৯৪।**

ঘ. 'আল-জামাআহ' থেকে বিচ্ছিন্ন হওয়া জাহিলিয়্যাতে প্রত্যাবর্তনের শামিল।

ঙ. "আল-জামা'আহ" বদ্ধভাবে জীবন যাপন জান্নাত প্রাপ্তির অন্যতম শর্ত।

চ. 'আল-জামা'আহ' না থাকলে ইসলাম সগৌরবে টিকে থাকতে পারে না।

ছ. 'আল জামাআহ' এর অন্তর্ভুক্ত হওয়া কোন শখের ব্যাপার নয়। বরং 'আল জামা'আহ' এর অন্তর্ভুক্ত না হওয়া আল্লাহ ও তাঁর রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্দেশের সুস্পষ্ট লংঘন। পক্ষান্তরে আল্লাহ ও তাঁর রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি ঈমানের অনিবার্য দাবী হচ্ছে 'আল জামাআহ' বা ঐক্যবদ্ধ জীবন যাপন করা।

চতুর্থ অধ্যায়

আল-ইমারাহ

প্রশ্ন: 'আল জামাআহ' এর জন্য আমীরের গুরুত্ব কতটুকু?

উত্তর: 'আল জামাআহ' এর জন্য আমীর একান্ত জরুরী। আমীর ছাড়া 'আল জামাআহ'র কল্পনাই করা যায় না। এ জন্যই উমর (রা:) বলেন:

عَنْ عُمَرُ اَنَّه قَالَ لاَ إِسْلاَمَ إِلاَّ بِجَمَاعَة وَلاَ جَمَاعَةَ إِلاَّ بِإِمَارَة وَلاَ إِمَارَةَ إِلاَّ بِطَاعَة

অর্থ: "ইসলামের অস্তিত্বই হতে পারে না জামা'আহ ছাড়া। আর জামা'আহ'র অস্তিত্বই হতে পারে না ইমারাহ (নেতৃত্ব) ছাড়া। আর ইমারার অস্তিত্বই হতে পারে না আনুগত্য ছাড়া।"[১৬৬]

"আল-জামা'আহ" এর প্রধানকে ইসলামের পরিভাষায় খলীফাতুল মুসলিমীন, ইমামুল মুসলিমীন বা আমীরুল মু'মিনীন বলা হয়।

খলীফা শব্দটি কুরআনে সূরা বাক্বারার ৩০ নং আয়াতে উল্লেখ হয়েছে:

وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلاَئِكَةِ إِنِّي جَاعِلٌ فِي الأَرْضِ خَلِيفَةً

অর্থ: "তোমাদের রব মালায়েকদের বললেন: আমি পৃথিবীতে একজন খলীফা নিযুক্ত করতে চাই।"[১৬৭]

'খলীফা' বলা হয় সে ব্যক্তিকে, যে কারো অধিকারের আওতাধীনে তারই অর্পিত ক্ষমতা বা ইখতিয়ার ব্যবহার করে। খলীফা নিজে মালিক নয় বরং আসল মালিকের প্রতিনিধি। সে নিজে ক্ষমতার অধিকারী নয়, বরং মালিক তাকে ক্ষমতার অধিকার দান করেছেন তাই সে ক্ষমতা ব্যবহার করে। সে নিজের ইচ্ছে মত কাজ করার অধিকার রাখে না। বরং মালিকের ইচ্ছা পূরণ করাই হচ্ছে তার কাজ।

যদি সে নিজেকে মালিক মনে করে বসে এবং তার উপর অর্পিত ক্ষমতাকে নিজের ইচ্ছা মত ব্যবহার করতে থাকে, অথবা আসল মালিককে বাদ দিয়ে অন্য কাউকে মালিক বলে স্বীকার করে নিয়ে তারই ইচ্ছা পূরণ করতে থাকে এবং তার নির্দেশ পালন করতে থাকে, তাহলে এগুলো সবই বিদ্রোহ ও বিশ্বাসঘাতকতা হিসেবে গন্য হবে।

---

[১৬৬] **সুনানে দারিমী ১ম খন্ড পৃ ঃ ৯১ অধ্যায়: ইলম উঠে যাওয়া পর্ব।**

[১৬৭] সূরা বাক্বারা ২:৩০।

ইমাম কুরতুবী এ আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেন:

قَالَ الْقُرْطُبِيْ فِيْ تَفْسِيْرِهَذِه الْاٰيَةِ الْكَرِيْمَة:" هَذِه الْاٰيَةُ اَصْلٌ فِيْ نَصْبِ اِمَامٍ وَخَلِيْفَةٍ يُسْمَعُ لَهُ وَيُطَاْعُ لِتَجْتَمِعَ بِهِ الْكَلِمَةُ وَتُنْفَذَ بِهِ اَحْكَامُ الْخَلِيْفَةِ وَلَاخِلَاْفَ فِيْ وُجُوْبِ ذَلِكَ بَيْنَ الْاُمَّةِ وَلَاْ بَيْنَ الْاَئِمَّةِ

"এ আয়াতটি মুসলিমদের একজন ইমাম বা খলীফা নিযুক্ত করার ব্যাপারে মূলভিত্তি। খলীফার কথা শুনতে হবে এবং তার নির্দেশ মানতে হবে। তার নেতৃত্বে মুসলিম জাতি ঐক্যবদ্ধ থাকবে। তিনি আল্লাহর খলীফা হিসাবে আল্লাহর জমিনে আল্লাহর বিধান কার্যকর করবেন। আল্লাহর বিধানের মাধ্যমে জনগনের ঝগড়া-বিবাদের মিমাংসা করা ও তাদের বিরোধ-বিসম্বাদ দূর করা, মজলুমের সহায়তা করা, জিহাদ পরিচালনা করা, দন্ডবিধি চালু করা, অন্যায়-অনাচার বিলোপ করা, সালাত কায়েম করা, যাকাত আদায় করা, সৎ কাজের আদেশ ও অসৎ কাজ থেকে নিষেধ করা ইত্যাদি তাঁর মূল দায়িত্ব। এজন্যই মুসলিম জাতির জন্য একজন খলীফা নিযুক্ত করা সর্বসম্মতিক্রমে ওয়াজিব। এ ব্যাপারে কারো কোন দ্বিমত নেই।"[১৬৮]

সম্ভবত: এ কারণেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মৃত্যুর পরে তাঁর লাশ দাফন করার মত গুরুত্বপূর্ণ কাজ বাদ দিয়ে সাহাবায়ে কিরামগণ খলীফা নিয়োগ করার কাজে ব্যস্ত ছিলেন। যার কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর লাশ দাফন করতে প্রায় তিনদিনের মত বিলম্ব হয়। অত:পর যখন আবূ বকর (রা:) খলীফা নিযুক্ত হলেন তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর লাশ দাফন করা হলো। খলীফা নিযুক্ত করা মুসলিম উম্মাহর জন্য কতটা গুরুত্বপূর্ণ তা এই ঘটনা থেকে অনুমান করা যায়।

প্রশ্ন: খলীফা নিযুক্তির ব্যাপারে কুরআন-হাদীসে কিছু উল্লেখ আছে কি?

উত্তর: খলীফা নিযুক্তির ব্যাপারে কুরআন ও হাদীসে গুরুত্বপূর্ণ বর্ণনা রয়েছে। নিম্নে কয়েকটি আয়াত এবং হাদীস পেশ করা হলো।

[১৬৮] তাফসীরে কুরতুবী ১ম খন্ড পৃষ্ঠা ২৬০।

প্রথম আয়াত: মানব জাতিকে সৃষ্টিই করেছেন খলীফা হিসেবে। ইরশাদ হচ্ছে:

وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلاَئِكَةِ إِنِّي جَاعِلٌ فِي الأَرْضِ خَلِيفَةً

অর্থ: "আর স্মরণ কর, যখন তোমাদের রব মালায়েকাদের বললেন: আমি পৃথিবীতে একজন খলীফা নিযুক্ত করতে চাই।"[১৬৯]

এ আয়াতে বুঝা গেল, মানব জাতির সৃষ্টিই হল আল্লাহর খলীফা হিসাবে। তবে এ আয়াতের মাধ্যমে একথা প্রমাণ করার কোন অবকাশ নেই যে, প্রত্যেকেই খলীফা দাবী করবে। কেননা প্রতিটি মানুষই যদি খলীফা হয় তাহলে আলাদা ভাবে কাউকে খলীফা বানানোর কোন প্রয়োজন হতো না। অথচ আল্লাহ (সুব:) কোন কোন নবীকে খাসভাবে খলীফা বানানোর কথা ঘোষণা করেছেন। এ প্রসঙ্গে দ্বিতীয় আয়াতটি লক্ষ্য করুন।

দ্বিতীয় আয়াত: আল্লাহ (সুব:) দাউদ (আ:) কে উদ্দেশ্য করে বলেন:

يَا دَاوُودُ إِنَّا جَعَلْنَاكَ خَلِيفَةً فِي الْأَرْضِ فَاحْكُم بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلَا تَتَّبِعِ الْهَـوَى فَيُضِلَّكَ عَن سَبِيلِ اللَّهِ إِنَّ الَّذِينَ يَضِلُّونَ عَن سَبِيلِ اللَّهِ لَهُمْ عَذَابٌ شَدِيدٌ بِمَا نَسُوا يَوْمَ الْحِسَابِ" (ص:٢٦)

অর্থ: "হে দাউদ! আমি তোমাকে পৃথিবীতে খলীফা করেছি, অতএব, তুমি মানুষের মধ্যে ন্যায়সঙ্গতভাবে শাসন কর এবং 'হাওয়া'র (খেয়াল খুশির) অনুসরণ করো না। তা তোমাকে আল্লাহর পথ থেকে বিচ্যুত করে দিবে। নিশ্চয় যারা আল্লাহর পথ থেকে বিচ্যুত হয়, তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি, এ কারণে যে, তারা হিসাব দিবসকে ভুলে যায়।"[১৭০]

এ আয়াতে আল্লাহ (সুব:) দাউদ (আ:) কে পৃথিবীর খলীফা হিসাবে ঘোষণা করলেন। এ আয়াত থেকে দুটি বিষয় স্পষ্ট হয়। **এক:** মানুষের মধ্যে আল্লাহর বিধান তথা ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য খলীফা প্রয়োজন। **দুই:** প্রতিটি বনী আদম খলীফা নয়। যদি প্রতিটি মানুষ খলীফা হতো তাহলে দাউদ (আ:) কে স্বতন্ত্রভাবে খলীফা বানানোর কোন প্রয়োজন ছিল না। তাছাড়া পবিত্র কুরআনের আরও একটি আয়াত থেকে বুঝা যায় যে,

[১৬৯] সূরা বাক্বারা ২:৩০।
[১৭০] সুরা ছোয়াদ ৩৮:২৬।

প্রতিটি বনী আদম সৃষ্টিগতভাবে খলীফা নয়। যদি তাই হতো তাহলে এই পৃথিবীর খেলাফত পাওয়ার জন্য কোন প্রকার শর্তারোপ করা হতো না। অথচ আল্লাহ (সুব:) এই পৃথিবীর খেলাফত প্রাপ্তির জন্য কিছু শর্তারোপ করেছেন। যা তৃতীয় আরেকটি আয়াত থেকে প্রতীয়মান হয়।

তৃতীয় আয়াত:

وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا منكُمْ وَعَملُوا الصَّالحَات لَيَسْتَخْلفَنَّهُم فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذينَ من قَبْلهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دينَهُمُ الَّذي ارْتَضَى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُم مِّن بَعْد خَوْفهِمْ أَمْنًا يَعْبُدُونَني لَا يُشْرِكُونَ بِي شَيْئًا وَمَن كَفَرَ بَعْدَ ذَلكَ فَأُوْلَئكَ هُمُ الْفَاسقُونَ" (النور:৫৫)

অর্থ: "তোমাদের মধ্যে যারা ঈমান আনে ও নেককাজ করে, আল্লাহ তাদেরকে ওয়াদা দিয়েছেন যে, অবশ্যই তিনি তাদেরকে পৃথিবীতে খিলাফাহ দান করবেন, যেমন তিনি খিলাফাহ দান করেছিলেন তাদের পূর্ববর্তীদেরকে এবং তিনি অবশ্যই সুদৃঢ় করবেন তাদের জন্য তাদের দ্বীনকে যা তিনি তাদের জন্য পছন্দ করেছেন; এবং অবশ্যই তিনি তাদের ভয়-ভীতির পরে তা নিরাপত্তায় পরিবর্তন করে দিবেন। তারা আমারই ইবাদত করবে, আমার সাথে কোন শরিক সাব্যস্ত করবে না। আর যারা এর পরও অকৃতজ্ঞ হবে, তারাই তো নাফরমান।"[১৭১]

এ আয়াতে আল্লাহ (সুব:) কিছু শর্ত সাপেক্ষে মুমিনদেরকে এই পৃথিবীর খেলাফত দান করার ওয়াদা করেছেন। এতে বুঝা যায় যে, খেলাফত বিষয়টি কতটা গুরুত্বপূর্ণ।

হাদীসঃ

মুসলিম জাতির খলীফা বা ইমামের গুরুত্ব প্রসঙ্গে বুখারী শরীফসহ হাদীসের বিভিন্ন কিতাবে বর্ণিত হয়েছে।

হাদীসঃ

عَنْ اَبِيْ هُرَيْرَ اَنْهُ سَمَعَ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ يَقُوْلُ .... وَاِنَّمَا الاِمَامُ جُنَّةٌ يَقا تَلُ مِنْ وراءه وَيُتقى بِهِ

[১৭১] সূরা নুর ২৪:৫৫।

অর্থ: "আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে বলতে শুনেছেন, নিশ্চয়ই ইমাম ঢাল। তার অধিনে যুদ্ধ পরিচালিত হবে এবং তার মাধ্যমেই প্রতিরক্ষা হবে।[১৭২]"

এ হাদীস থেকে বুঝা যায় যে, মুসলিম জাতির একজন ইমাম থাকতে হবে। যার মাধ্যমে আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা লাভ করবে। মুসলিম জাতি অমুসলিমদের আক্রমণ থেকে নিরাপদ থাকবে। এ কারণেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসলিম জাতির ইমামকে ঢাল বলে আখ্যায়িত করেছেন। যুদ্ধের ময়দানে আত্মরক্ষার জন্য ঢাল যেমন গুরুত্বপূর্ণ তেমনিভাবে মুসলিম জাতির অস্তিত্ব রক্ষার জন্য ইমামের প্রয়োজন। এজন্যই ইমাম বা খলীফা নিযুক্ত করা ওয়াজিব হওয়ার ব্যাপারে সালাফ ও খালাফ সমস্ত ওলামায়ে কিরাম একমত। কিছু ওলামায়ে কিরামদের মতামত নিম্নে তুলে ধরা হলো।

ইমাম কুরতুবীঃ

ইমাম কুরতুবী এ আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেন:

هَذه الْاَيَةُ اَصْلٌ فِيْ نَصْبِ امَامٍ وَخَلِيْفَةٍ يُسْمَعُ لَهُ وَيُطَاْعُ لتَجْتَمِعَ بِهِ الْكَلِمَةُ وَتُنْفَذَ بِهِ اَحْكَامُ الْخَلِيْفَة وَلَاخلَاْفَ فِيْ وُجُوْبِ ذَلك بَيْنَ الْاُمَّة وَلَاْ بَيْنَ الْاَئمَّة

"এ আয়াতটি মুসলিমদের একজন ইমাম বা খলীফা নিযুক্ত করার ব্যাপারে মূলভিত্তি। খলীফার কথা শুনতে হবে এবং তার নির্দেশ মানতে হবে। তার নেতৃত্বে মুসলিম জাতি ঐক্যবদ্ধ থাকবে। তিনি আল্লাহর খলীফা হিসাবে আল্লাহর জমিনে আল্লাহর বিধান কার্যকর করবেন। এজন্যই মুসলিম জাতির জন্য একজন খলীফা নিযুক্ত করা সর্বসম্মতিক্রমে ওয়াজিব। এব্যাপারে কারো কোন দ্বীমত নেই।"[১৭৩]

ইমাম শানকীতিঃ

ইমাম মুহাম্মাদ আল আমিন আল শানকীতি তার প্রসিদ্ধ তাফসীর গ্রন্থ 'আদওয়াউল বায়ান ফী ঈদাহিল কুরআনি বিল কুরআন' নামক কিতাবে বলেন:

[১৭২] বুখারী হাঃ ২৭৫৭ ইমামের নেতৃত্বে অধ্যায়; মুসলিম হাঃ ১৮৩৫; নাসাই হাঃ৪১৯৩; ইবনে আবি শাইবা হাঃ ৩২৫২৯; আহমাদ হাঃ ৭৪২৮; ইবনে মাজাহ হাঃ ২৮৫৯।

[১৭৩] তাফসীরে কুরতুবী ১ম খন্ড পৃষ্ঠা ২৬০।

مِنَ الْوَاضِحِ الْمَعْلُوْمِ مِنَ ضَرُوْرَةِ الدِّيْنِ انَّ الْمُسْلِمِيْنَ يَجِبُ عَلَيْهِمْ نَصْبُ اِمَامٍ تَّجْتَمِعُ بِه الْكَلِمَةُ وَتُنْفَذُ بِه اَحُكَامُ اللهِ فِيْ اَرْضِه

"একথা সুস্পষ্ট যে, দ্বীনের আবশ্যকীয় বিষয়গুলোর মধ্যে একটি হলঃ 'মুসলিমদের জন্য একজন ইমাম নিযুক্ত করা ফরয। যার নেতৃত্বে মুসলিমগন ঐক্যবদ্ধ হবে, তিনি আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েম করবেন।"[১৭৪]

ইমাম শানকিতি আরও বলেন:

وَاكْثَرُ الْعُلَمَاءِ عَلَىٰ اَنَّ وُجُوْبَ الْاِمَامَةِ الْكُبْرَى بِطَرِيْقِ الْشَرْعِ كَمَا دَلَّتْ عَلَيْهِ الْآيَةُ الْمُتَقَدِّمَةُ وَ اَشْبَاهُهَا وَ اجْمَاعُ الْصَحَابَةِ رَضِيَ اللهُ عَنْهُمْ – وَلَاَنَّ اللهَ تَعَالَى قَدْ يَزَعُ بِالسُّلْطَانِ مَا لَا يَزَعُهُ بِالْقُرْآنِ – كَمَا قَالَ تَعَالَى – لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنَاتِ وَأَنزَلْنَا مَعَهُمُ الْكِتَابَ وَالْمِيزَانَ لِيَقُومَ النَّاسُ بِالْقِسْطِ وَأَنزَلْنَا الْحَدِيدَ فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللَّهُ مَن يَنصُرُهُ وَرُسُلَهُ بِالْغَيْبِ إِنَّ اللَّهَ قَوِيٌّ عَزِيزٌ

অর্থ: "অধিকাংশ আলেমগন এব্যাপারে একমত যে, ইমাম নিযুক্ত করা 'শরি'আহ' এর ভিত্তিতেই ওয়াজীব যা পূর্বে উল্লেখিত আয়াত সমূহ এবং সাহাবাদের ইজমা দ্বারা প্রমাণিত হয়। কেননা ইমামের নেতৃত্বে এমন কিছু কাজ করা সম্ভব যা কুরআন দ্বারা সম্ভব হয় না।" যেমন আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ "আমি আমার রাসূলগনকে সুস্পষ্ট নিদর্শনসহ প্রেরণ করেছি এবং তাদের সাথে অবতীর্ন করেছি কিতাব ও ন্যায়নীতি, যাতে মানুষ ইনসাফ প্রতিষ্ঠা করে। আর আমি নাযিল করেছি লোহা, যাতে আছে প্রচন্ড রণশক্তি এবং মানুষের বহুবিধ উপকার। এটা এ জন্য যে, আল্লাহ জেনে নিবেন কে না দেখে তাঁকে ও তাঁর রাসূলগনকে সাহায্য করে। আল্লাহ শক্তিধর ও পরাক্রমশালী।"[১৭৫]

ইমাম শানকিতি এই আয়াতের তাফসীরে বলেন:

فِيْه اِشَارَةٌ اِلَيْ اِعْمَالِ السَّيْفِ عَنْدَ الْاِبَاءِ بَعْدَ اقَامَةِ الْحُجَّةِ

[১৭৪] তাফসীরে আদওয়াউল বয়ান ১ম খন্ড পৃষ্ঠা ৪৭। أَضْوَاءُ الْبَيَانِ في ايضاح القران بالقران

[১৭৫] তাফসীরে আদওয়াউল বয়ান ১ম খন্ড ২৩ পৃষ্ঠা।

অর্থ: "এই আয়াতে ইঙ্গিত আছে যে, যদি 'হুজ্জাহ' (দলীল-প্রমাণ) কায়েম করার পরও কাজ না হয় তাহলে তরবারী কাজে লাগাতে হবে।"[১৭৬]

আর এটা স্পষ্ট যে, তরবারী কাজে লাগাতে হলে অবশ্যই ইমাম প্রয়োজন হবে।

ইমামুল হারামাইন:

ইমামুল হারামাইন আবুল মা'আলী আল জুওয়াইনী তার কিতাব غَيَاثُ الْاُمَمِ فِيْ التِّيَاثِ الْظَلَمِ এ এই ব্যাপারে বিস্তারিত আলোচনা করেছেন যার খোলাসা এই:

وَلَا يَشُكُّ اَحَدٌ مِنَ عُلَمَاءِ الْمُسْلِمِيْنَ فِيْ وُجُوْبِ نَصْبِ الْاِمَامِ – بَلْ قَدْ رُوِىَ الْاِجْمَاعُ عَلَىٰ وُجُوْبِ ذَٰلِكَ كُلِّ مَنْ تَكَلَّمَ فِيْ هَذِه الْمَسْأَلَةِ مِنَ الْعُلَمَاءِ

অর্থ: "মুসলিম আলেমদের এ ব্যাপারে কারও কোন সন্দেহ নেই যে, মুসলিমদের একজন ইমাম নিযুক্ত করা ফরজ। বরং এ ব্যাপারে যারাই কথা বলেছেন তারা সকলেই 'ইজমা' বা ঐক্যমত পোষণ করেছেন।"[১৭৭]

ইমাম নিয়োগ পদ্ধতি

প্রশ্ন: মুসলিম জাতির ইমাম নিয়োগের পদ্ধতি কি?

উত্তর: ইমাম নিয়োগের পদ্ধতি কয়েকটি হতে পারে:

প্রথম পদ্ধতিঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঘোষণা করে যাওয়া যে, আমার পরে অমুক তারপর অমুক খলীফা হবে। এভাবে যদি কারও নাম ঘোষনা করে যান তাহলে তিনিই খলীফা নিযুক্ত হবেন। কোন কোন আলেম বলেন যে, প্রথম খলীফা আবু বকর সিদ্দিক (রাঃ) এই পদ্ধতিতেই খলীফা নিযুক্ত হয়েছিলেন। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক তাকে সালাতের ইমামতিতে নিযুক্ত করাই এই

[১৭৬] তাফসীরে আদওয়াউল বয়ান ১ম খন্ড ২৩ পৃষ্ঠা।

[১৭৭] غَيَاثُ الْاُمَمِ فِيْ التِّيَاثِ الْظَلَمِ প্রথম খন্ড, الباب الأول في وجوب نصب الأئمة وقادة الأمة ।

ইংঙ্গিত বহন করে যে- তিনিই 'ইমামতে কুবরা' (রাষ্ট্রপ্রধান বা খলীফা) এর অধিকারী।

দ্বিতীয় পদ্ধতিঃ اَهْلُ الْحَلِّ وَالْعَقْد "আহলুল হাল্লি ওয়াল আক্বদ" সিদ্ধান্ত কর মূহুর্তে সঠিক পরামর্শদানে সক্ষম, কুরআন-সুন্নাহর জ্ঞানে পারদর্শী, বিচক্ষণ ও দূরদর্শী ব্যক্তিবর্গের পরামর্শক্রমে খলীফা নিযুক্ত করে তাকে বাই'আত প্রদান করা। বেশীর ভাগ ওলামায়ে কিরাম মনে করেন যে, আবু বকর সিদ্দিক (রা:) কে এই প্রক্রিয়াতেই খলীফা নিযুক্ত করা হয়েছিল। কেননা আনসার এবং মুহাজিরদের মধ্য থেকে যারা "আহলুল হাল্ল ওয়াল আক্বদ" ছিলেন তারা বিভিন্ন মতামতের পরে আবু বকর (রা:) কে বাই'আত দান করেন। এ ক্ষেত্রে সকল আহলুল হাল্লি ওয়াল আক্বদ' এর ঐক্যমত জরুরী নয়। দু'/একজন বিরোধিতা করলেও তা ধর্তব্য নয়, যেমন- সা'আদ ইবনে উবাদাহ আবু বকর (রা:) কে বাই'আত দেয়ার ব্যাপারে রাজি হননি।

ইমাম ইবনে তাইমিয়্যার ফয়সালা

আবু বকর (রা:) এর খলীফা নিযুক্তির ব্যাপারে উপরোল্লিখিত উভয় মতামত বর্ণনা করার পরে ইমাম ইবনে তাইমিয়্যাহ বলেন:

اَلتَّحْقِيْقُ اَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْه وَ سَلَّمَ دَلَّ الْمُسْلِمِيْنَ عَلَىْ اسْتِخْلَاْف اَبِيْ بَكْرٍ وَ اَرْشَدَهُمْ اَلَيْه بِاُمُوْرٍ مُتَعَدِّدَة مِنْ اَقْوَاله وَاَفْعَاله فَخِلَاْفَةُ اَبِيْ بَكْرٍ الصِّدِّيْق دَلَّتْ النُّصُوْصُ الصَّحِيْحَةُ عَلَىْ صُحَّتِهَا وَ ثُبُوْتِهَا وَرِضَا الله وَ رَسُوْلِه صَلَّىْ اللهُ عَلَيْه وَسَلَّمَ لَهُ بِهَا وَانْعَقَدَتْ بِمُبَايَعَة الْمُسْلِمِيْنَ وَ اخْتِيَارُهُمْ اِيَّاهُ اخْتِيَارًا اسْتَنَدُوا فِيْه اِلَىْ مَا عَلِمُوْهُ مِنْ تَفْضِيْلِ الله وَ رَسُوْلُهُ وَاَنَّهُ اَحَقُّهُمْ بِهَذَا الْاَمْرِ عِنْدَ الله وَ رَسُوْله فَصَارَتْ ثَابِتَةٌ بِالنَّصِّ وَ الْاَجْمَاعِ جَمِيْعاً .....

অর্থ: "সঠিক কথা এই যে, আবু বকর সিদ্দিক (রাঃ) কে খলীফা বানানোর ব্যাপারটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় কথা এবং কাজের মাধ্যমে বিভিন্নভাবে ইঙ্গিত করে গেছেন। সুতরাং আবু বকরের খিলাফত আল্লাহ (সুব:) ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ইচ্ছা অনুযায়ী হওয়া সহীহ দলিল দ্বারা প্রমাণিত। অপর দিকে মুসলিমীনরাও সেই দলিল প্রমাণের ভিত্তিতেই আবু বকর (রা:) কে মনোনিত করেন। সুতরাং আবু বকর সিদ্দিক (রা:) এর খলীফা নিযুক্ত হওয়া শুধু 'নস' অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশনা বা শুধু 'ইজমা' অর্থাৎ 'আহলুল হাল্লি ওয়াল 'আক্বদি' এর মাধ্যমে হয় নি বরং উভয় প্রকার দলিল দ্বারাই প্রতিষ্ঠিত হয়েছে।"[১৭৮]

তৃতীয় পদ্ধতিঃ পূর্বের খলীফা কর্তৃক পরবর্তী খলীফাহ নিয়োগ করে যাওয়া। যেভাবে আবু বকর (রাঃ) কর্তৃক উমর (রাঃ) কে নিয়োগ করা হয়। আবার উমর (রাঃ) তার মৃত্যুর পূর্বে ছয় সদস্যের শুরা গঠন করাও এই পদ্ধতিরই অন্তর্ভুক্ত।

চতুর্থ পদ্ধতিঃ অস্ত্রের জোরে, শক্তি প্রয়োগ করে ক্ষমতা দখল করে নেয়া, সাধারন মুসলিমদের রক্তপাত থেকে বাঁচানোর জন্য এবং মুসলিমদের ঐক্য বজায় রাখার খাতিরে তা মেনে নেয়া; যতক্ষণ পর্যন্ত কুরআন ও সুন্নাহ মোতাবেক রাষ্ট্র পরিচালনা করে। খলীফা আব্দুল মালেক ইবনে মারওয়ান, হাজ্জাজ বিন ইউসুফ এর নেতৃত্বে আব্দুল্লাহ বিন জুবায়েরকে হত্যা করে খলীফা হওয়া এই চতুর্থ পদ্ধতির অন্তর্ভুক্ত বলেই অনেকে মনে করেন। ইমাম ইবনে কুদামাহও "আল মুগনী" নামক কিতাবে এই মতামতই ব্যক্ত করেছেন। তবে এই পদ্ধতিটি কোন বৈধ পদ্ধতি নয়। বরং মুসলিম জাতির ঐক্য বজায় রাখার স্বার্থে এবং ব্যাপক রক্তপাত ঘটার আশংকা থেকে বাঁচার জন্য বাধ্য হয়ে মেনে নেওয়া জায়েজ। তবে শর্ত হলো যদি সে কুরআন-সুন্নাহ মোতাবেক রাষ্ট্র পরিচালনা করে। নতুবা তার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে তাকে বরখাস্ত করা সকল মুসলিমদের দায়িত্ব ও কর্তব্য হয়ে যায়।

صِفَاتُ اَهْلِ الْحَلِّ وَ الْعَقْد
"আহলুল্ হাল্ল ওয়াল আকদ" এর বৈশিষ্ট্যঃ
শুরা সদস্যের গুনাবলী

প্রশ্ন: আহলুল হাল্লি ওয়াল 'আকদ' হওয়ার জন্য কি কি বৈশিষ্ট থাকা জরুরী?

[১৭৮] **'মিনহাজুস সুন্নাহ আন্নাববীয়াহ' ১ম খন্ড পৃ:১৩৯,১৪০,১৪১**

উত্তর: ইমাম/খলীফা নিযুক্ত করার পদ্ধতি সমুহ থেকে “আহলুল হাল্ল ওয়াল আকদ” হচ্ছে মূল পদ্ধতি। তাই “আহলুল হাল্ল ওয়াল আকদ” এর বৈশিষ্ট্য এবং যোগ্যতা জানা আবশ্যক। নিম্নে তা দেওয়া হলো:

- **পুরুষ হওয়া:** মহিলাগণ “আহলুল হাল্ল ওয়াল আকদ” এর অন্তর্ভূক্ত নয়। সুতরাং ইমাম/খলীফা নিয়োগের ক্ষেত্রে তাদের কোন ভুমিকা থাকবে না।
- **আযাদ হওয়া:** কৃতদাস, যদিও ইলম ও জ্ঞানে পারদর্শী হয়, তবুও সে ইমাম নিয়োগে রায় দিতে পারবে না।
- **আলেম হওয়া:** সুতরাং সাধারন জনগন, যাদেরকে আলেম/জ্ঞানী, বুদ্ধিমান/বিচক্ষণ হিসেবে গন্য করা হয় না তারা রায় দিতে পারবে না।
- **মুসলিম হওয়া:** সুতরাং অমুসলিমদের খলীফা নিয়োগের ব্যাপারে রায় দেওয়ার কোন অধিকার থাকবে না।
- **বিচক্ষণ হওয়া:** কেউ কেউ ইমাম/খলীফা নিয়োগকারীদের মুজতাহিদ এবং ফাতওয়া দানে সক্ষম হওয়ার শর্ত আরোপ করেন। কাজী আল বাকিল্লানী এবং একদল মুজতাহিদ বলেন যে, “আহলুল হাল্ল ওয়াল আকদ” হওয়ার জন্য মুজতাহিদ হওয়া শর্ত নয় বরং পূর্ণ জ্ঞানী-বিচক্ষণ সম্ভ্রান্ত, দূরদর্শী, বড় বড় গুরুত্বপূর্ণ কাজের সিদ্ধান্ত দিতে সক্ষম হতে হবে।

ইমামুল হারামাইন বলেন,

وَلَكِنِّى اشْتَرَطَ اَنْ يَكُوْنَ الْمُبَايِعُ مِمَّنْ يُفِيْدُ مُتَابَعَتُهُ هُنَّةً وَاقْتِهَارًا

অর্থ: শুধু জ্ঞানী, বিচক্ষণ, দূরদর্শীই নয় বরং প্রভাবশালীও হতে হবে।

ইমাম মাওয়ারদী “আহলুল হাল্ল ওয়াল আকদ” এর শর্ত বর্ণনা করতে গিয়ে বলেন:

فَاَمَّا اَهْلُ الْاِخْتِيَارِ فَالشُّرُوْطُ الْمُعْتَبَرَةُ فِيْهِمْ ثَلَاثَةٌ – اَحَدُهَا الْعَدَالَةُ الْجَامِعَةُ مَشْرُوْطٌ لَهَا – وَالثَّانِىْ اَلْعِلْمُ الْذِىْ يَتَوَصَّلُ بِه اِلَىْ مَعْرِفَةِ مَنْ يَسْتَحِقُّ الْاِمَامَةَ عَلَىْ الشُّرُوْطِ الْمُعْتَبَرَةِ فِيْهَا – وَالثَّالِثُ اَلرَّأْىُ وَالْحِكْمَةُ الْمُؤَدِّيَانِ اِلَىْ اِخْتِيَارٍ مَنْ هُوَ لِلْاِمَامَةِ اَصْلَحُ وَ بِتَدْبِيْرِ الْمَصَالِحِ اَقْوَيْ وَاَعْرَفُ

নির্বাচক মন্ডলীর জন্য গ্রহণযোগ্য শর্ত তিনটি:

প্রথম শর্ত: ন্যায় পরায়ন হওয়া এবং তার জন্য প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করা।

দ্বিতীয় শর্ত: ইমাম/খলীফা হওয়ার জন্য কে যোগ্য এবং তার কি কি শর্ত পূরন করতে হবে, এ সংক্রান্ত ইলম থাকা।

তৃতীয় শর্ত: এমন রায় এবং হিকমাহ এর অধিকারী হওয়া যার মাধ্যমে ইমাম হওয়ার জন্য কোন ব্যক্তি সবচেয়ে বেশী উপযুক্ত এবং মুসলিম জাতির কল্যাণে সঠিক সিদ্ধান্ত এবং কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে কে বেশী শক্তিশালী এবং পারদর্শী তা নির্ণয়ে সক্ষম হওয়া।[১৭৯]

প্রশ্ন: “আহলুল হাল্ল ওয়াল আকদ” কতজন হতে হবে?

উত্তর: একথা নিশ্চিত যে, ‘ইমাম নিয়োগ করার জন্য ইজমা শর্ত নয়’ - এ ব্যাপারে ইজমা হয়েছে। কারন আবু বকর (রাঃ) কে যখন মদিনার “আহলুল হাল্ল ওয়াল আকদ” বাই’আত দিয়ে খলীফা নিযুক্ত করলেন তখন তিনি তৎকালীন মুসলিম ভূ-খন্ডের সর্বত্র খবর পৌঁছানোর এবং তাদের বাই’আত দানের অপেক্ষা না করে দায়িত্ব পালন শুরু করে দিলেন। বিচার-ফয়সালা, সেনা প্রস্তুতকরণসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ সব কাজই শুরু করে দেন। চার খলীফার সকলের ব্যাপারেই এমনটা ঘটেছিল। তাই মুসলিম বিশ্বের সকল “আহলুল হাল্ল ওয়াল আকদ” এর ইজমা শর্ত নয়। তবে নির্দিষ্ট কোন সংখ্যা জরুরী কিনা সে ব্যাপারে মতানৈক্য রয়েছে। কিছু মতামত নিম্নে তুলে ধরা হলো:

- কোন কোন আলেম বলেন, দুইজন “আহলুল হাল্ল ওয়াল আকদ” এর বাই’আত দানের মাধ্যমেই ইমাম নিযুক্ত হবে।
- কেউ কেউ সাক্ষীদের পূর্ণ সংখ্যার ভিত্তিতে চারজন হওয়াকে শর্ত করেছেন।
- আবার কেউ কেউ চল্লিশ জনের শর্তও করেছে। কেননা এটা ইমাম শাফেয়ী (রঃ) এর মতে জুমু’আ ফরজ হওয়ার জন্য শর্ত।
- ইমামুল হারামাইন শাইখ আবুল মা’আলী আল জুওয়াইনী বলেন: ‘এই সব মতামত গুলোই ভিত্তিহীন। আমার কাছে যেটা সঠিক বলে মনে হয় তা

[১৭৯] **আল-আহকামুস সুলতানিয়া, পৃ:৬।**

হচ্ছে এত পরিমাণ অনুসারী, অনুগামী ও নেতৃস্থানীয় প্রতিনিধিগন বাই'আত দিবেন যাতে খলীফার অবস্থান গ্রহণযোগ্য, শক্তিশালী এবং সুরক্ষিত হয়। যারা বিরোধিতা করবে তাদেরকে যেন খলীফার অনুসারীগন প্রতিহত করতে পারেন।'

- ইমাম ইবনে তাইমিয়্যাহ বলেন, 'ইমামুল হারামাইন যে কথা বলেছেন এটাই হচ্ছে আহলুস সুন্নাহ ওয়াল জামা'আহ এর বক্তব্য। যদিও ওলামাদের কেউ কেউ চারজনের কথা, কেউ দুইজনের কথা আবার কেউ একজনের বাই'আত দ্বারাও খলীফা মনোনিত হবার কথা বলেছেন, কিন্তু সেগুলো "আহলুস সুন্নাহ ওয়াল জামা'আহ" এর বক্তব্য নয়। বরং আহলুস সুন্নাহ এর মতে এমন লোকদের বাই'আত এর মাধ্যমে খলীফা নিযুক্ত হবেন যারা মুসলিম উম্মাহর উপর প্রভাব রাখেন। যাদের বাই'আত দ্বারা ইমামতের উদ্দেশ্য সফল হয়। কেননা ইমামত হচ্ছে একটি কেন্দ্রীয় প্রশাসন, ক্ষমতার কেন্দ্র। আর এটা একজন, দু'জন এর বাই'আত দ্বারা সম্ভব নয়। তবে হ্যাঁ যদি এই স্বল্প সংখ্যক লোকের বাই'আত গোটা মুসলিম জাতির প্রতিনিধিত্ব করে তাহলে সেটা ভিন্ন কথা।'

সুতরাং যারা বলেন একজন, দু'জন দশজন এর বাই'আত দ্বারা ইমাম নিযুক্ত হয়ে যাবে যদিও তারা কোন প্রভাবশালী ব্যক্তি নয়; এটা যেমন ভুল তেমনিভাবে - একজন, দু'জন দশজনের বিরোধিতা ইমাম নিযুক্ত করাকে বাঁধাগ্রস্থ করবে এটাও ভুল।[১৮০]

প্রশ্ন: ইমাম/খলীফা নিয়োগ বৈধ হবার জন্য কি সাক্ষী রাখা ওয়াজীব?
উত্তর: এ প্রশ্নে ইমামদের মধ্যে মতভেদ রয়েছে। একদল বলেন:

لَا يَجِبُ: لِاَنَّ اِيْجَابُ الْاشْهَادِ يَحْتَاجُ اِلَى دَلِيْلٍ مِنَ النَّقْلِ وَ هَذَا لَا دَلِيْلَ عَلَيْهِ مِنْهُ

"না ওয়াজিব নয়। কেননা কোন জিনিস ওয়াজিব হওয়ার জন্য কুরআন/হাদীসের দলিল প্রয়োজন। অথচ এব্যাপারে কোন সহীহ দলিল নেই।"

আরেকদল আলেম বলেন:

[১৮০] মিনহাজুস সুন্নাহ আন নববীয়া, পৃ:১৪১.১৪২।

يَجِبُ الْاشْهَادُ عَلَيْهِ لِئَلَّا يَدَّعِيْ مُدَّعٍ اَنَّ الْاِمَامَةَ عُقِّدَتْ لَهُ سِراً فَيُؤَدِّىْ ذَلِكَ اِلَــىْ الشِّقَاقِ وَ الْفِتْنَةِ.

অর্থ: "হ্যাঁ, সাক্ষী রাখা ওয়াজীব। নতুবা কেহ দাবী করতে পারে যে, তাকে গোপনে ইমাম/খলীফা নিযুক্ত করা হয়েছে। ফলে এর দ্বারা মুসলিমদের মধ্যে বিরোধ এবং নানা প্রকার ফেৎনার জন্ম নিবে।"

প্রশ্ন: সাক্ষী কতজন হতে হবে?
উত্তর: যারা ইমাম/খলীফা নিযুক্ত করার ক্ষেত্রে সাক্ষী ওয়াজীব বলেছেন, তাদের মধ্যে আবার সাক্ষীদের সংখ্যা নিয়ে মতভেদ রয়েছে। কেহ কেহ বলেছেন দু'জন সাক্ষীই যথেষ্ট। কেউ বলেন "চারজন সাক্ষী, প্রস্তাবক এবং প্রস্তাবিত ব্যক্তি সহ মোট ছয়জন বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ওয়াজিব।"
তাদের দলিল হল, উমর (রাঃ) এর মনোনীত ছয় সদস্য বিশিষ্ট মজলিসে শুরা। সেখানে চারজন সাক্ষী ছিলেন, তা ছাড়া ছিলেন প্রস্তাবক আব্দুর রহমান ইবনে আউফ ও প্রস্তাবিত উসমান (রাঃ)।
কিন্তু ইমাম ইবনে কাছীর ও ইমাম কুরতুবী এই মতটি বিতর্কিত এবং দূর্বল হওয়ার প্রতি ইঙ্গিত করেছেন।
আমাদের কথা: খলীফা নিযুক্তির বিষয়টি একটি গুরুত্বপূর্ণ বিষয়। সুতরাং এখানে সংখ্যার বিষয়টি মূখ্য নয় বরং **اَهْلُ الْحَــلِّ وَالْعَقْــدِ** "আহলুল হাল্ল ওয়াল আক্দ" হতে এমন সংখ্যক ব্যক্তিবর্গ সাক্ষ্য দিতে হবে "যারা মিথ্যার উপর ইচ্ছাকৃত ভাবে একমত হয়েছে, অথবা অনিচ্ছাকৃতভাবে ঘটনাক্রমে তাদের সকলের থেকে মিথ্যা প্রকাশ পেয়েছে" এমন ধারনা করা যায় না। নতুবা ফাসেক, ফুজ্জার, স্বার্থবাদী ও চাটুকারদের সংখ্যা যতবেশী হোক না কেন তা গ্রহণযোগ্য নয়।

شُرُوْطُ الْاِمَامِ الْاَعْظَمِ

প্রশ্ন: ইমামুল মুসলিমীন হওয়ার জন্য কি কি শর্ত প্রয়োজন?
উত্তর: ইমামূল মুসলিমীন হওয়ার জন্য নিম্নে লিখিত শর্তাবলী প্রয়োজন:

اَلْمُسْلِمُ **মুসলিম হওয়া:** ইমামুল মুসলিমীনকে অবশ্যই মুসলিম হতে হবে। কেননা কোন কাফের-মুশরিককে মুসলিমদের উপর কর্তৃত্ব করার অধিকার দেওয়া হয় নি। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَلَنْ يَجْعَلَ اللَّهُ لِلْكَافِرِينَ عَلَى الْمُؤْمِنِينَ سَبِيلًا} [النساء : ١٤١]

অর্থ: আল্লাহ (সুব:) কাফেরদের জন্য মুমিনদের উপর কর্তৃত্ব করার কোন পথই রাখেন নি।[১৮১]

এছাড়া কাফেররা সবসময় মুসলিমদের বিরুদ্ধে চক্রান্তে লিপ্ত থাকে এবং মুসলিমদের ক্ষতি কামনা করে। এজন্য কোন কাফেরকে অন্তরঙ্গ বন্ধু বানাতেও নিষেধ করা হয়েছে। যেখানে একজন কাফেরকে বন্ধু হিসাবে গ্রহণ করতেও নিষেধ করা হয়েছে সেখানে তাদেরকে মুসলিম জাতির সর্বোচ্চ পদ খলীফাতুল মুসলিমীন বা আমীরুল মু'মিনীন নিয়োগ করার কোন প্রশ্নই উঠে না। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِنْ دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ} [آل عمران : ١١٨]

অর্থ: হে মুমিনগণ, তোমরা তোমাদের ছাড়া অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করো না। তারা তোমাদের সর্বনাশ করতে ত্রুটি করবে না। তারা তোমাদের মারাত্মক ক্ষতি কামনা করে। তাদের মুখ থেকে তো শত্রুতা প্রকাশ পেয়ে গিয়েছে। আর তারা অন্তরসমূহে যা গোপন করে তা আরো মারাত্মক। অবশ্যই আমি তোমাদের জন্য আয়াতসমূহ স্পষ্ট বর্ণনা করেছি। যদি তোমরা উপলব্ধি করতে।[১৮২]

اَلْبُلُوْغُ **বালেগ হওয়া:** ইমামুল মুসলিমীনকে অবশ্যই বালেগ/প্রাপ্ত বয়স্ক হতে হবে। নাবালেগ বা অপ্রাপ্ত বয়স্ক বাচ্চা খলীফা হতে পারবে না। কুরআনে ইরশাদ হচ্ছে:

{وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ حَتَّى يَبْلُغَ أَشُدَّهُ}

---

[১৮১] সুরা নিসা ৪:১৪১।

[১৮২] সুরা আল ইমরান ৩:১১৮।

অর্থ: "আর তোমরা ইয়াতীমের সম্পদের নিকটবর্তী হয়ো না, সুন্দর পন্থা ছাড়া। যতক্ষণ না সে পরিণত বয়সে উপনীত হয়।"[১৮৩]

এই আয়াতে এতিম নাবালেগ থাকা পর্যন্ত তার মাল উত্তম পন্থায় দেখাশুনা করার অনুমতি দেয়া হয়েছে। কারণ নাবালেগ থাকা পর্যন্ত সে তার নিজের কল্যাণ ও অকল্যাণ বুঝতে পারে না। সে ক্ষেত্রে নাবালেগ খলীফা হওয়ার প্রশ্নই উঠে না। কারণ সে রাষ্ট্রের কল্যাণ কিছুই বুঝবে না। এ কারণেই ইউসুফ (আঃ) সম্পর্কে কুরআনে বলা হয়েছে:

{وَلَمَّا بَلَغَ أَشُدَّهُ آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا وَكَذَلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ}

অর্থ: "আর সে যখন পূর্ণ যৌবনে উপনীত হল, আমি তাকে হিকমত ও জ্ঞান দান করলাম এবং এভাবেই আমি ইহসানকারীদের প্রতিদান দিয়ে থাকি।"[১৮৪]

কাজেই নাবালেগ শিশুদেরকে ইমামুল মুসলিমীন নিয়োগ করা যাবে না।

اَلْعَاقِلُ **আক্বেল হওয়া:** ইমামুল মুসলিমীনকে অবশ্যই সুস্থ জ্ঞানের অধিকারী হতে হবে। কারণ বোকা লোকদের হাতে তাদের ধন-সম্পদ দিতে নিষেধ করা হয়েছে। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَلَا تُؤْتُوا السُّفَهَاءَ أَمْوَالَكُمُ الَّتِي جَعَلَ اللَّهُ لَكُمْ قِيَامًا وَارْزُقُوهُمْ فِيهَا وَاكْسُوهُمْ وَقُولُوا لَهُمْ قَوْلًا مَعْرُوفًا } [النساء : ٥]

অর্থ: "আর তোমরা নির্বোধদের হাতে তোমাদের ধন-সম্পদ দিও না, যাকে আল্লাহ তোমাদের জন্য করেছেন জীবিকার মাধ্যম এবং তোমরা তা থেকে তাদেরকে আহার দাও, তাদেরকে পরিধান করাও এবং তাদের সাথে উত্তম কথা বল।"[১৮৫]

এ আয়াতে দুনিয়ার সামান্য ধন-সম্পদ যখন বোকাদের হাতে তুলে দিতে নিষেধ করা হয়েছে তখন মুসলিমদের রাষ্ট্রীয় দায়িত্ব কি করে তাদের হাতে তুলে দেয়া যায়? সুতরাং পাগল, বোকা, নির্বোধ ও মাতাল লোকদেরকে ইমামুল মুসলিমীন নিয়োগ করা যাবে না।

---

[১৮৩] সুরা আনআ'ম ৬:১৫২।

[১৮৪] সুরা ইউসুফ ১২:২২।

[১৮৫] সুরা নিসা ৪:৫।

اَلْحُرِّيَّةُ স্বাধীন হওয়া: ইমামূল মুসলিমীনকে স্বাধীন হতে হবে। গোলাম বা কৃতদাস হতে পারবে না। কারণ কৃতদাস নিজেই পরাধীন। আর পরাধীন ব্যক্তি গোটা মুসলিম উম্মাহ্র নেত্রীত্ব দেওয়ার যোগ্যতা রাখে না। এখন প্রশ্ন হয় যে, অনেক হাদীসে হাবশী গোলামকেও যদি আমীর নিযুক্ত করা হয় তার আনুগত্য করতে বলা হয়েছে। যেমন নিম্নে কয়েকটি হাদীস উল্লেখ করা হলো:

عَنْ أَنَسٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ اسْمَعُوا وَأَطِيعُوا وَإِنْ اسْتُعْمِلَ حَبَشِيٌّ كَأَنَّ رَأْسَهُ زَبِيبَةٌ (صحيح البخاري)

অর্থ: হযরত আনাস (রা:) হতে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন; তোমরা আমীরের কথা শুনবে এবং মানবে যদিও তোমাদের উপর কোন হাবশী গোলাম নিযুক্ত করা হয় যার মাথাটা শুকনো আঙ্গুরের (কিসমিস) এর মত।[১৮৬]

আরেক হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أُمِّ حُصَيْنٍ قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ....يَقُولُ يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا اللَّهَ وَاسْمَعُوا وَأَطِيعُوا وَإِنْ أُمِّرَ عَلَيْكُمْ عَبْدٌ حَبَشِيٌّ مُجَدَّعٌ مَا أَقَامَ فِيكُمْ كِتَابَ اللَّه عَزَّ وَجَلَّ

অর্থ: উম্মে হুসাইন (রা:) হতে বর্ণিত তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি; .....হে লোক সকল! তোমরা আল্লাহকে ভয় কর। তোমাদের উপর কোন হাবশী গোলামকেও যদি আমীর নিযুক্ত করা হয় তোমরা তার কথা শুনবে এবং মানবে। যতক্ষণ পর্যন্ত সে তোমাদের মাঝে আল্লাহর কিতাবকে কায়েম রাখে।[১৮৭]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

---

[১৮৬] সহীহ বুখারী ৬৯৩, ৭১৪২; ইবনে মাজাহ ২৮৬০; মুসনাদে আহমদ ১২১৪৭; সহীহ বুখারী ৬৭২৩; ইবনে মাজাহ্ ২৮৬০; বাইহাক্বী ৬৩৮৩; জামেউল আহাদীস ৩৪৩৬।

[১৮৭] সুনানে তিরমিজি ১৭০৬; সুনানে নাসায়ী ১৭০৪৩; মুসনাদে আহমদ ১৬৬৪৯; মুসতাদরাক আলাস্ সহীহাইন:- ৭৩৮১।

عَنْ أَبِى ذَرٍّ قَالَ إِنَّ خَلِيلِى أَوْصَانِى أَنْ أَسْمَعَ وَأُطِيعَ وَإِنْ كَانَ عَبْدًا مُجَدَّعَ الأَطْرَافِ

অর্থ: আবু যর (রা:) হতে বর্ণিত তিনি বলেন; আমাকে আমার বন্ধু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদেশ করেছেন যেন আমি আমীরের কথা শুনি এবং মানি যদিও সে অঙ্গ-প্রত্যঙ্গ কর্তনকৃত (বিকলাঙ্গ) গোলাম হয়।[১৮৮]

এ হাদীস গুলোতে স্পষ্ট ভাবে উল্লেখ করা হয়েছে যে, কোন গোলামকেও আমীর নিযুক্ত করা হতে পারে। তাহলে ইমামের জন্য **اَلْحُرِّيَّةُ** "স্বাধীন হওয়া কিভাবে শর্ত করা হলো? এই প্রশ্নের তিনটি উত্তর দেওয়া যেতে পারে:

(ক) "ইয়ে আগার-মাগার কি বাত হ্যায়" অর্থাৎ কখনো কোন জিনিসের বেশী গুরুত্ব বুঝানোর জন্য অবাস্তব জিনিসকে বাস্তব ধরে এরকম বলা হয়। যেমন: কোরআনে বলা হয়েছে:

{قُلْ إِنْ كَانَ لِلرَّحْمَنِ وَلَدٌ فَأَنَا أَوَّلُ الْعَابِدِينَ} [الزخرف : ٨١]

অর্থ: "বল, 'রহমানের (আল্লাহর) যদি সন্তান থাকত তবে আমি প্রথম তাঁর ইবাদাতকারী হতাম।"[১৮৯] আরেকটি আয়াতে বলা হয়েছে:

{إِنَّ الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا وَاسْتَكْبَرُوا عَنْهَا لَا تُفَتَّحُ لَهُمْ أَبْوَابُ السَّمَاءِ وَلَا يَدْخُلُونَ الْجَنَّةَ حَتَّى يَلِجَ الْجَمَلُ فِي سَمِّ الْخِيَاطِ} [الأعراف : ٤٠]

অর্থ: নিশ্চয় যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে এবং এই ব্যাপারে অহঙ্কার করেছে, তাদের জন্য আসমানের দরজাসমূহ খোলা হবে না এবং তারা জান্নাতে প্রবেশ করবে না, যতক্ষণ না উট সূঁচের ছিদ্রতে প্রবেশ করে।[১৯০]

এখানে প্রথম আয়াতটিতে আল্লাহর সন্তান হওয়া এবং দ্বিতীয় আয়াতটিতে সূঁচের ছিদ্রতে উট প্রবেশ করা অসম্ভব। কিন্তু আল্লাহর সন্তান না থাকা এবং কাফেরদের জান্নাতে প্রবেশ না করার বেশী গুরুত্ব বুঝানোর জন্য

---

[১৮৮] সহীহ মুসলিম ১৪৯৯।

[১৮৯] সূরা যুখরুফ ৪৩:৮১।

[১৯০] সূরা আ'রাফ ৭:৪০। এর দ্বারা তাদের জান্নাতে প্রবেশ করা অসম্ভব বুঝানো হয়েছে।

ঐভাবে উল্লেখ করা হয়েছে। ঠিক তেমনিভাবে আমীরের আনুগত্যের বেশী গুরুত্ব বুঝানোর জন্যে গোলামের প্রসঙ্গ উল্লেখ করা হয়েছে। যদিও বাস্তবে কখনো গোলামকে আমীর নিযুক্ত করা হবে না।

(খ) হাবশী গোলামের আমীর হওয়া বলতে মুসলিমদের সর্বোচ্চ ইমাম (اَلْاَمِيْر الْعَامُ) কে বুঝানো হয় নি। বরং ইমামের পক্ষ থেকে নিযুক্ত বিশেষ কোন এলাকা অথবা বিশেষ কোন গোষ্ঠীর জন্য অথবা বিশেষ কোন কাজের জন্য খাস আমীরকে বুঝানো হয়েছে। সে মতে এ হাদীস থেকে বুঝা গেল যে, আমীরে 'আমের আনুগত্য করা যেমন ফরজ তেমনিভাবে আমীরে খাসের আনুগত্য করাও ফরজ।

(গ) গোলামের আমীর হওয়া বলতে বর্তমানে গোলাম অবস্থায় আছে তা বুঝানো হয় নি বরং পূর্বে গোলাম ছিল কিন্তু তারপরে স্বাধীন হয়ে ইমাম নিযুক্ত হয়েছে এমন গোলামকে বুঝানো হয়েছে।

اَنْ يَكُــوْنَ عَــدَلاً **ন্যায়পরায়ন হওয়া** : ইমামূল মুসলিমীনকে ন্যায়পরায়ন হতে হবে। কাজেই ফাসেক জালেম ইমামূল মুসলিমীন হতে পারবে না। তার প্রমাণ পবিত্র কুরআনে বলা হয়েছে:

{وَإِذِ ابْتَلَى إِبْرَاهِيمَ رَبُّهُ بِكَلِمَاتٍ فَأَتَمَّهُنَّ قَالَ إِنِّي جَاعِلُكَ لِلنَّاسِ إِمَامًا قَالَ وَمِـــنْ ذُرِّيَّتِي قَالَ لَا يَنَالُ عَهْدِي الظَّالِمِينَ} [البقرة : ١٢٤]

অর্থ: আর স্মরণ কর, যখন ইবরাহীমকে তার রব কয়েকটি বাণী দিয়ে পরীক্ষা করলেন, অতঃপর সে তা পূর্ণ করল। তিনি বললেন, 'আমি তোমাকে মানুষের জন্য নেতা বানাব'। সে বলল, 'আমার বংশধরদের থেকেও'? তিনি বললেন, 'যালিমরা আমার এই অঙ্গিকার প্রাপ্ত হয় না।'[১৯১]

اَنْ يَكُوْنَ قُرَيْـــشاً **কুরাইশী হওয়া:** ইমামের জন্য শর্ত হল কুরাইশ বংশের হওয়া। ইমাম কুরতুবী إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَـــةً এর তাফসীরে ইমামের জন্য শর্ত সমূহ আলোচনা করতে গিয়ে বলেন যে,

---

[১৯১] সুরা বাক্বারা ২:১২৪।

اَلْاَوَّلُ اَنْ يَكُوْنَ مِنْ صَمِيْمِ قُرَيْشٍ لِقَوْلِهِ صَلَّيْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ:اَلْاَئِمَّةُ مِنْ قُرَيْشٍ وَقَدْ اخْتَلَفَ فِيْ هٰذَا...

"প্রথম শর্ত হচ্ছে ইমাম খাঁটি কুরাইশী হওয়া।" যেহেতু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন; "ইমাম কুরাইশ থেকেই হতে হবে" তবে এব্যাপারে উলামাদের মতভেদ রয়েছে।"[১৯২]

কিন্তু এখানে ইমাম কুরতুবী যে মতভেদের কথা উল্লেখ করেছেন তা নিতান্তই দুর্বল। কেননা অনেকগুলো সহীহ হাদীস রয়েছে যা প্রমাণ করে যে, ইমাম কুরাইশী হতে হবে এবং বেশীর ভাগ উলামাদের এ বিষয় ইজমা হয়েছে।

ইমাম বুখারী একটি অধ্যায়ের শিরোনাম দিয়েছেন: بَابُ الْاُمَرَاءِ مِنْ قُـــرَيْشٍ "অধ্যায়: আমীর কুরাইশ থেকে।" মুলত: এটা হাদীসেরই অংশ। কোন কোন হাদীসে বর্ণিত হয়েছে اَلْاَئِمَّـــةُ مِـــنْ قُـــرَيْشٍ "ইমাম কুরাইশ থেকে হবে"।[১৯৩] হাফেজ ইবনে হাজর আসকালানী বলেন, وَقَدْ جَمَعَتْ طُرُقُهُ عَنْ نَحْوِ اَرْبَعِيْنَ صَـــحَابِيًّا "আমি এই হাদীসের সনদ সমূহ একত্র করেছি তাতে প্রায় চল্লিশজন সাহাবীকে পেয়েছি যারা এই হাদীস বর্ণনা করেছেন।"[১৯৪]

তিনি আরও বলেন:

قَالَ عِيَاضُ اشْتِرَاطُ كَوْنِ الْاِمَامِ قُرَيْشًا مَذْهَبُ الْعُلَمَاءِ كَافَّةً وَقَدْ عَدُّوْاهَا فِيْ مَسَائِلِ الْاِجْمَاعِ، وَلَمْ يَنْقُلْ عَنْ اَحَدٍ مِنَ السَّلَفِ فِيْهَا خِلَافٌ وَكَذٰلِكَ مِنْ بَعْدِهِمْ فِيْ جَمِيْعِ الْاَمْصَارِ

অর্থ: "কাজী ইয়াজ বলেছেন যে, ইমাম কুরাইশী হওয়া শর্তটি সকল উলামাদের অভিমত। এ বিষয়টি ঐ সকল 'মাছআলা'র অন্তর্ভূক্ত যার উপর

---

[১৯২] বুখারী: হা: নং ৩৫০১, মুসনাদে আহমদ ৩/১২৯,১৮৩, মুসলিম : ইমারাহ্ অধ্যায়: হা :নং ৪, আল আহকাম হা: নং- ৭১৩৯

[১৯৩] বুখারী: হা: নং ৩৫০১, মুসনাদে আহমদ ৩/১২৯,১৮৩, মুসলিম : ইমারাহ্ অধ্যায়: হা :নং ৪, আল আহকাম হা: নং- ৭১৩৯

[১৯৪] ফাতহুল বারী, ৭ম খন্ড, পৃ:৩২

সকল উম্মতের 'ইজমা' হয়েছে"। এ ব্যাপারে পূর্ববর্তী সালাফে সালেহীন এবং তাদের পরবর্তী কারো থেকে কোন বিরোধ পাওয়া যায় নি" [১৯৫]
রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

عَنْ وَاثِلَةَ بْنِ الأَسْقَعِ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « إِنَّ اللَّهَ اصْطَفَى كِنَانَةَ مِنْ وُلْدِ إِسْمَاعِيلَ وَاصْطَفَى قُرَيْشًا مِنْ كِنَانَةَ وَاصْطَفَى مِنْ قُرَيْشٍ بَنِى هَاشِمٍ وَاصْطَفَانِى مِنْ بَنِى هَاشِمٍ

অর্থ: "ওয়াসিলা বিন আসকা' (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি,নিশ্চয়ই আল্লাহ তা'আলা ইসমাইলের (আঃ) বংশ হতে 'কিনানাহ'কে নির্বাচন করেছেন, আর 'কিনানাহ' হতে কুরাইশকে নির্বাচন করেছেন, কুরাইশ থেকে বনি হাশেমকে নির্বাচণ করেছেন আর বনু হাশেম থেকে আমাকে নির্বাচন করেছেন।"[১৯৬]

এই হাদীসের উপর ভিত্তি করে ইমাম ইবনে তাইমিয়্যাহ বলেন:

خَصَّ قُرَيْشًا بِاَنَّ الاِمَامَةَ فِيْهِمْ وَذَلِكَ لِاَنَّ جِنْسَ قُرَيْشٍ لَمَّا كَانُوْا اَفْضَلَ وَجَبَ اَنْ تَكُوْنَ الْاِمَامَةُ فِيْ اَفْضَلِ الْاَجْنَاسِ مَعَ الاِمْكَانِ

অর্থ: "ইমামতের বিষয়টি কুরাইশদের জন্য সংরক্ষিত। কারণ মানব গোষ্ঠির মধ্যে কুরাইশ যখন উত্তম, তখন উত্তম লোকদেরকেই যথাসাধ্য ইমাম বানানো বাঞ্চনীয়।"[১৯৭]

এছাড়া আরও অনেকেই এব্যাপারে 'ইজমা'র দাবী করেছেন। কিন্তু 'ইজমা'র দাবী সঠিক নয়। কেননা হযরত উমর (রা:) হতে সহীহ সনদে বর্ণিত আছে যে, তিনি বলেন:

[১৯৫] ফাতহুল বারী, খন্ড-১৩, পৃ:১১৯
[১৯৬] সহীহ মুসলিম ৬০৭৭।
[১৯৭] আল ইয়ালা, রাজনীতি ও ব্যবস্থাপনা অধ্যায়।

عَنْ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ انَّه قَالَ....إِنْ أَدْرَكَنِي أَجَلِي وَأَبُو عُبَيْدَةَ بْنُ الْجَرَّاحِ حَيٌّ اسْتَخْلَفْتُهُ ....ثُمَّ قَالَ فَإِنْ أَدْرَكَنِي أَجَلِي وَقَدْ تُوُفِّيَ أَبُو عُبَيْدَةَ اسْتَخْلَفْتُ مُعَاذَ بْنَ جَبَلٍ

অর্থ: "ওমর ইবনে খাত্তাব (রা:) থেকে বর্ণিত তিনি বলেন: যদি আমি সময় পাই আর আবু উবাইদাহ জীবিত থাকে তাহলে তাকে আমি খলীফা বানাতাম আর যদি আমি সময় পাই এবং আবু উবাইদাহর মৃত্যু হয়ে যায়- তাহলে, 'মুআজ বিন জাবাল' কে খলীফা বানাতাম।"[১৯৮]

এখানে লক্ষ্যনীয় বিষয় হচ্ছে যে, মুআজ (রা:) কুরাইশ বংশের ছিলেন না। তাহলে বুঝা যায় যে, উমর (রাঃ) খলীফা হবার জন্য কুরাইশী হওয়াকে জরুরী মনে করতেন না। অবশ্য এর উত্তরে কেউ কেউ বলেন যে, হযরত উমর (রা:) কে বাদ দিয়ে অন্যদের ইজমা হয়েছে। আবার কেউ বলেছেন উমর (রা:) পরবর্তীতে জমহুরদের মতের সঙ্গে ঐক্যমত পোষন করেন। অতএব, কুরাইশী শর্ত হওয়াটাই আহলুস সুন্নাহ ওয়াল জামাআহর আক্বীদাহ্।

পক্ষান্তরে খাওয়ারিজরা 'কুরাইশী হওয়া' শর্ত লাগানোকে সম্পূর্ণ অস্বীকার করে এবং এই আক্বীদা পোষন করাকে কুফরী মনে করে। তারা দলিল হিসাবে সূরা হুজুরাতের এই আয়াতটিকে পেশ করে إِنَّ أَكْرَمَكُمْ عِندَ اللَّهِ أَتْقَاكُمْ "তোমাদের মধ্যে বেশী মুত্তাকী ব্যক্তিই আল্লাহর নিকট বেশী সম্মানিত।"[১৯৯]

এই আয়াতের ভিত্তিতে তারা বেশী মুত্তাকী ব্যক্তিকেই খলীফা হওয়ার বেশী যোগ্য বলে আকিদা পোষন করে। আহলুস সুন্নাহ ওয়াল জামা'আতের পক্ষ হতে বলা হয় যে, এ আয়াতটি খলীফা নিয়োগ সম্পর্কীয় নয়। ইমাম শানক্বিতী উভয় পক্ষের দলিল পর্যলোচনা শেষে বলেন;

[১৯৮] মুসনাদে আহমাদ হা: নং: ১০৮।
[১৯৯] সুরা হুজুরাত ৪৯:১৩।

فَاشْتِرَاطُ كَوْنه قُرَيْشاً هُوَ الْحَقُّ، وَلَكِنَّ النُّصُوْصَ الشَّرْعِيَّةَ دَلَّتْ عَلَـيْ أَنَّ ذَلِـكَ التَّقْدِيْمَ الْوَاجِبَ لَهُمْ فِيْ الْإِمَامَة مَشْرُوْطٌ بِإِقَامَتِهِمُ الدِّيْن وَإِطَاعَتِهِمْ لِلَّه وَرَسُـوْلِه. فَإِنْ خَالَفُوْا أَمْرَاللهِ فَغَيْرُهُمْ مِمَّنْ يُطِيْعُ اللهَ تَعَالَيْ وَيُنْفَذُ أَوَامِرَهُ أَوْلَيْ مِنْهُمْ.

অর্থ:"ইমাম কুরাইশ বংশের হওয়া শর্ত এই অভিমতটিই সঠিক। তবে এই শর্ত ওয়াজিব কেবল ততক্ষণ পর্যন্ত যতক্ষণ সে আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আনুগত্য করবে এবং দ্বীন কায়েম করবে। আর যদি আল্লাহর হুকুমের বিরোধিতা করে এবং দ্বীন কায়েমে সচেষ্ট না হয় তাহলে অন্য বংশের লোক যে আল্লাহ এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আনুগত্য করবে এবং আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করবে সেই ইমামুল মুসলিমীন হওয়ার জন্য অগ্রাধিকার পাবে।"[২০০]

এ ব্যাপারে অনেক হাদীস পাওয়া যায়। যেমন হাদীসে বর্ণিত আছে;

عَنْ الزُّهْرِيِّ قَالَ كَانَ مُحَمَّدُ بْنُ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ يُحَدِّثُ أَنَّهُ بَلَغَ مُعَاوِيَةَ وَهُوَ عِنْدَهُ فِي وَفْدٍ مِنْ قُرَيْشٍ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو يُحَدِّثُ أَنَّهُ سَيَكُونُ مَلِكٌ مِـنْ قَحْطَـانَ فَغَضِبَ فَقَامَ فَأَثْنَى عَلَى اللَّهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ فَإِنَّهُ بَلَغَنِي أَنَّ رِجَالًا مِنْكُمْ يُحَدِّثُونَ أَحَادِيثَ لَيْسَتْ فِي كِتَابِ اللَّهِ وَلَا تُؤْثَرُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْـهِ وَسَلَّمَ وَأُولَئِكَ جُهَّالُكُمْ فَإِيَّاكُمْ وَالْأَمَانِيَّ الَّتِي تُضِلُّ أَهْلَهَا فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّ هَذَا الْأَمْرَ فِي قُرَيْشٍ لَا يُعَادِيهِمْ أَحَدٌ إِلَّا كَبَّهُ اللَّهُ فِي النَّارِ عَلَى وَجْهِهِ مَا أَقَامُوا الدِّينَ (صحيح البخاري)

অর্থ: "মুহামাদ ইবনে জুবায়ের ইবনে মুত্‘ঈম (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন, মু’আবিয়া (রাঃ) এর নিকট কুরাইশ প্রতিনিধিদের সহিত তার উপস্থিতিতে সংবাদ পৌছলো যে, আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রাঃ) বর্ণনা করেন, অচিরেই কাহতান বংশীয় একজন বাদশাহর আবির্ভাব ঘটবে। ইহা শুনে মু’আবীয়া (রাঃ) ক্রোধান্বিত হয়ে খুতবা দেয়ার জন্য দাঁড়িয়ে আল্লাহর যথাযোগ্য হামদ ও ছানার পর তিনি বললেন, আমি জানতে পেরেছি, তোমাদের মধ্য হতে কিছু লোক এমন সব কথাবার্তা

[২০০] তাফসীরে আদওয়াউল বয়ান: খন্ড- ৩ পৃ: ২৮।

বলতে শুরু করেছে যা আল্লাহর কিতাবে নেই এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকেও বর্ণিত হয় নি। এরাই বড্ড মূর্খ, এদের থেকে সাবধান থাক এবং এরূপ কাল্পনিক ধারণা হতে সতর্ক থাক যা বিপথগামী করে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমি বলতে শুনিছি যে, খিলাফাত ও শাসন ক্ষমতা কুরাইশদের হাতেই থাকবে যতদিন তারা দ্বীন কায়েমে নিয়োজিত থাকবে। এ বিষয়ে যে কেহ তাদের সহিত শত্রুতা করবে আল্লাহ তাকে অধঃমুখে জাহান্নামে নিক্ষেপ করবেন (অর্থাৎ লাঞ্ছিত ও অপমানিত করবেন)[২০১]।

এখানে مَا أَقَـامُوا الـدِّينَ "যতদিন তারা দ্বীন কায়েমে নিয়োজিত থাকবে" শর্ত হিসেবে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ ইমামত কুরাইশদের মধ্যে ততক্ষণ পর্যন্ত থাকবে যতক্ষণ পর্যন্ত তারা দ্বীন কায়েম করবে।

ইমাম ইবনে হাজার আসক্বালানী ফাতহুলবারী কিতাবে উক্ত হাদীসের ব্যাখ্যা করতে গিয়ে বলেন, এ রকমই একটি হাদীস বর্ণিত আছে হযরত আবু বকর সিদ্দিক (রা:) হতে। এরপর তিনি ছক্বিফায় বনী ছায়িদাহর ঘটনা এবং আবু বকর এর বাইআতের ঘটনা উল্লেখ করেছেন। তার একটি অংশ হল:

قَالَ أَبُوْ بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ وَإِنَّ هَذَا الأَمْرَ فِي قُرَيْشٍ مَا أَطَاعُوا اللَّـهَ وَاسْـتَقَامُوا عَلَى أَمْرِهِ

অর্থ: "আবু বকর বললেন, ‘এ বিষয়টি (ইমাম হওয়া) কুরাইশদের জন্য সংরক্ষিত যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহর আনুগত্যের অধীনে থাকবে এবং আল্লাহর বিধান কায়েমে অটল থাকবে।"[২০২]

আরেকটি হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِي مَسْعُودٍ الْبَدْرِيِّ ، قَالَ : دَخَلْنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيه وسَلَّم فِي بَيْـتٍ ، فَقَالَ : إِنَّ هَذَا الأَمْرَ لاَ يَزَالُ فِيكُمْ ، وَأَنْتُمْ وُلاَتُهُ مَا لَمْ تُحْدِثُوا أَعْمَـالاً ، فَـإِذَا أَحْدَثْتُمُوهَا سَلَّطَ اللهُ عَلَيْكُمْ شَرَّ خَلْقِهِ ، فَالْتَحَوْكُمْ كَمَا يُلْتَحَى الْقَضِيبُ

[২০১] বুখারী ৭১৩৯।

[২০২] সুনানে বাইহাকী ১৬৩১৪; কানযুল ইম্মাল ১৪০৫৯।

অর্থ: আবু মাসউদ আল বাদরী থেকে বর্ণিত তিনি বলেন, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে একটি ঘরে প্রবেশ করলাম তখন তিনি বললেন; এই কাজ (ইমারাত ও শাসন ক্ষমতা) তোমাদের মধ্যেই থাকবে এবং তোমরাই এর অধিকারী যতক্ষণ পর্যন্ত তোমরা বিদ'আত না করবে (দ্বীনকে পরিবর্তন না করবে)। আর যখন তোমরা বিদ'আত করবে (আল্লাহর দেওয়া শরীয়াতকে পরিবর্তন করে মনগড়া শরীয়াত তৈরী করবে তখন আল্লাহ তার সৃষ্টির সবচেয়ে নিকৃষ্ট মাখলুককে তোমাদের উপর বিজয়ী করে দিবেন। সে তোমাদের কে গাছের ডাল পালা কাটার মত কেটে ফেলবে।"[২০৩]

اَلذُّكُوْرَةُ পুরুষ হওয়া: ইমামের জন্য আরেকটি গুরুত্বপূর্ণ শর্ত হচ্ছে পুরুষ হওয়া। মহিলা হতে পারবে না। এ ব্যাপারে কারও দ্বিমত নেই। এর দলিল বুখারী সহ হাদীসের প্রায় কিতাবেই উল্লেখ রয়েছে। যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাছে সংবাদ পৌছাল যে, পারস্যবাসীরা কিছরার মেয়েকে তাদের বাদশা বানিয়েছে, তখন তিনি বললেন

عَنْ أَبِي بَكْرَةَ قَالَ انَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ قَالَ لَنْ يُفْلِحَ قَوْمٌ وَلَّوْا أَمْرَهُمْ امْرَأَةً

অর্থ: "সে জাতি কখনও সফল হবেনা যারা কোন মহিলাকে তাদের শাসক বানিয়েছে।"[২০৪]

اَنْ يَكُوْنَ سَلِيْمَ الْحَوَاسِّ সুস্থ ইন্দ্রিয় শক্তি সম্পন্ন হওয়া:

অর্থাৎ ইমামুল মুসলিমীনকে সুস্থ ইন্দ্রিয়ের অধিকারী হওয়া বাঞ্ছনীয়। অন্ধ, বোবা ও বধির না হতে হবে।

ক) اَلْبَــــصَرُ: দৃষ্টি শক্তি সম্পন্ন হওয়া: এই শর্তের ব্যাপারে কারও কোন দ্বিমত নেই।

لِاَنَّ فَقْدَهُ يُمَانِعُ الْاِنْتِهَاضَ فِيْ الْمُلِمَّاتِ وَالْحُقُوْقِ

[২০৩] মুসনাদে আহমদ ২২৩৬১; ইবনে আবি শায়বাহ ৩৭৭১৮, ইবনে জারীর, কানযুল উম্মাল ৩৭৯৯০।

[২০৪] বুখারী হাদীস নং ৪৪২৫, ৭০৯৯; সুনানে নাসায়ী ৫৪০৩; সুনানে তিরমিযী ২২৬২; মুসতাদরাকে হাকেম ৪৬০৮।

অর্থ: "কেননা দৃষ্টি শক্তি না থাকলে মানুষের অধিকার আদায় ও সমস্যা সমাধানে যথাযথ ভূমিকা রাখতে পারবে না।" সুতরাং অন্ধ ব্যক্তি এ পদের জন্য যোগ্য নয়।

খ) **اَلسَّمْعُ:** শ্রবন শক্তি সম্পন্ন হওয়া।

فَالْاَصَمُّ الَّذِىْ يَعْسُرُجِدَّ السِّمَاعَةَ لَاَيَصْلُحُ لِهٰذَا الْمَنْصَبِ الْعَظِيْمِ

অর্থ: "খলীফাতুল মুসলিমিনকে অবশ্যই শ্রবন শক্তি সম্পন্ন হতে হবে কেননা বধির ব্যক্তি এই মহা গুরুত্বপূর্ণ পদের জন্য উপযুক্ত নয়।"

গ) نُطْقُ اللِّسَانِ: বাক শক্তি সম্পন্ন হওয়া। মুক বা বোবা না হওয়া।

لِاَنَّ الْاَخْرَسَ لَاَيَصْلُحُ لِهٰذَا الشَّانِ

অর্থ: "কেননা বোবা ব্যক্তি এই মহা গুরুত্বপূর্ণ পদের জন্য উপযুক্ত নয়।"

اَنْ يَكُوْنَ سَلِيْمَ الْاَعْضَاءِ সুস্থ অঙ্গ-প্রতঙ্গ সম্পন্ন হওয়া:

ইমামুল মুসলিমিনকে অবশ্যই দৈহিকভাবে সুস্থ-সবল হতে হবে। প্যারালাইসিস, পঙ্গু বা বিকলাঙ্গ হতে পারবে না। তবে যে সকল অঙ্গ-প্রত্যঙ্গের সাথে খলীফার কাজের কোন সম্পর্ক নেই সে গুলো না থাকলেও কোন ক্ষতি নেই। আর যে সকল অঙ্গের সাথে রাষ্ট্রীয় কাজ কর্মের সম্পর্ক আছে যেমন হাত-পা ইত্যাদি, এসব ক্ষেত্রে বেশীর ভাগ আলেমদের অভিমত হলো, এগুলো থাকা বাঞ্ছনীয়।

সুতরাং যেভাবে অন্ধ, বধির ও বোবা ব্যক্তি খলীফা হতে পারে না তেমনিভাবে উভয় হাত ও উভয় পা বিহীন ব্যক্তিও খলীফা হওয়ার উপযুক্ত নয়। আল্লাহ তাআ'লা ইরশাদ করেন:

{قَالَ إِنَّ اللَّهَ اصْطَفَاهُ عَلَيْكُمْ وَزَادَهُ بَسْطَةً فِي الْعِلْمِ وَالْجِسْمِ}

অর্থ: সে বলল, নিশ্চয় আল্লাহ তাকে (তালুতকে) তোমাদের উপর মনোনীত করেছেন এবং তাকে জ্ঞানে ও দেহে অনেক বাড়িয়ে দিয়েছেন। (সূরা বাক্বারা: ২৪৭)

اَلْعِلْمُ কুরআন ও সুন্নাহর ইলমের অধিকারী হওয়া:

أَنْ يُكُوْنَ مِمَّنْ يَصْلُحُ اَنْ يَكُوْنَ قَاضِياً مِنْ قُضَاةِ الْمُسْلِمِيْنَ ، مُجْتَهِداً يُمْكِنُهُ الْاسْتِغْنَاءُ عَنِ اسْتِفْتَاءِ غَيْرِهِ فِيْ الْحَوَادِثِ.

অর্থা: "ইমামূল মুসলিমীনকে অবশ্যই যোগ্য আলেম হতে হবে। যিনি মুসলিমদের বিচারক হওয়ার যোগ্যতা রাখেন। যে কোন পরিস্থিতিতে অন্যের মুখাপেক্ষী হওয়া ছাড়া-ই নিজে ইজতিহাদ করে সমস্যার সমাধান দিতে পারেন। এটি ইমামের জন্য একটি গুরুত্বপূর্ণ শর্ত এ ব্যাপারে কারো কোন দ্বিমত নেই। কেননা ইসলামী রাষ্ট্রের গুরুত্বপূর্ণ কাজ সমূহ ইমামের উপর ন্যাস্ত থাকে। কাজেই ইমাম যদি মুজতাহিদ আলেম না হন তাহলে তাকে পদে পদে মুজতাহিদ আলেমদের দারস্থ হতে হবে। আর তখন সঠিক সময়ে আলেমদের ফতোয়া না পেলে অথবা বিভিন্ন আলেমদের বিভিন্ন মতামতের কারণে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে ব্যর্থ হবেন। মুসলিমদের ইমাম যেহেতু দুনিয়া ও আখিরাত উভয় জাহানের দায়িত্বশীল সেহেতু তাকে দুনিয়াবী ইল্‌ম সম্পর্কে যেমন বিচক্ষণ হতে হবে, তেমনিভাবে দ্বীনি জ্ঞানের ক্ষেত্রেও গভীর পারদর্শী হতে হবে।

তাছাড়া ইমামগণ হলেন নবীদের প্রতিনিধি। যেমন হাদীসে বলা হয়েছে:

عَنْ فُرَاتٍ الْقَزَّازِ قَالَ سَمِعْتُ أَبَا حَازِمٍ قَالَ قَاعَدْتُ أَبَا هُرَيْرَةَ خَمْسَ سِنِينَ فَسَمِعْتُهُ يُحَدِّثُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ كَانَتْ بَنُو إِسْرَائِيلَ تَسُوسُهُمْ الْأَنْبِيَاءُ كُلَّمَا هَلَكَ نَبِيٌّ خَلَفَهُ نَبِيٌّ وَإِنَّهُ لَا نَبِيَّ بَعْدِي وَسَيَكُونُ خُلَفَاءُ فَيَكْثُرُونَ قَالُوا فَمَا تَأْمُرُنَا قَالَ فُوا بِبَيْعَةِ الْأَوَّلِ فَالْأَوَّلِ أَعْطُوهُمْ حَقَّهُمْ فَإِنَّ اللَّهَ سَائِلُهُمْ عَمَّا اسْتَرْعَاهُمْ (صحيح البخاري)

অর্থ: আবু হাজেম বলেন, আমি আবু হুরায়রা (রা:) এর সঙ্গে পাঁচ বৎসর উঠাবসা করেছি, আমি তাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীস বর্ণনা করতে শুনেছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন "বনী ঈসরাইলের নেতৃত্ব দিতেন তাদের নবীগণ। যখনই কোন নবী মারা যেতেন তখনই তার স্থলে আরেকজন নবী চলে আসতেন। কিন্তু আমি সর্বশেষ নবী। আমার পরে আর কোন নবী আসবে না। তবে খলীফা হবেন। আর তা অনেক হবে।" সাহাবারা প্রশ্ন করলেন, তখন আপনি আমাদেরকে কি করার আদেশ করছেন? রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম বললেন "তোমরা পর্যায়ক্রমে প্রথম ব্যক্তির বায়আত পূর্ণ করবে......।[২০৫]

আলেমগণই যে নবীদের উত্তরসুরী তা আরেকটি হাদীসে স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে:

عَنْ كَثِيرِ بْنِ قَيْسٍ قَالَ كُنْتُ جَالِسًا مَعَ أَبِى الدَّرْدَاءِ فِى مَسْجِدِ دِمَشْقَ فَجَاءَهُ رَجُلٌ فَقَالَ يَا أَبَا الدَّرْدَاءِ إِنِّى جِئْتُكَ مِنْ مَدِينَةِ الرَّسُولِ –صلى الله عليه وسلم– لِحَدِيثٍ بَلَغَنِى أَنَّكَ تُحَدِّثُهُ عَنْ رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم: .... إِنَّ الْعُلَمَاءَ وَرَثَةُ الأَنْبِيَاءِ وَإِنَّ الأَنْبِيَاءَ لَمْ يُوَرِّثُوا دِينَارًا وَلاَ دِرْهَمًا وَرَّثُوا الْعِلْمَ فَمَنْ أَخَذَهُ أَخَذَ بِحَظٍّ وَافِرٍ

অর্থ: কাছীর ইবনে ক্বায়স হতে বর্ণিত তিনি বলেন, আমি আবু দারদা (রা:) এর সাথে দামেশকের মসজিদে বসেছিলাম। হঠাৎ একটি লোক এসে আবু দারদাকে বলল; হে আবু দারদা, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শহর মদিনা থেকে আপনার কাছে এসেছি, একটি হাদীস গ্রহণ করার জন্য যে হাদীসটি আপনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন বলে আমি শুনেছি। .... তখন আবু দারদা বললেন আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি .... নিশ্চই আলেমগণ নবীদের ওয়ারিস। আর নবীরা দিনার দেরহাম বা অর্থ সম্পদের কাউকে ওয়ারিস বানান না। তারা ওয়ারিস বানান ইলমের। সুতরাং যে ব্যক্তি ইলম অর্জন করল সেই নবীদের রেখে যাওয়া সম্পত্তির পূর্ণ অংশ অর্জন করল।[২০৬]

সুতরাং নবীদের প্রতিনিধিদেরকে অবশ্যই নবীদের ইলমের অধিকারী হতে হবে। মূর্খ লোকদের হাতে নেতৃত্ব চলে গেলে তারা মুসলিম উম্মাহর সর্বনাশ করে ফেলবে। যেমন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাদীসে বলেছেন:

---

[২০৫] আহমদ- ২/২৭৯, হা: নং- ৭৯৪৭, সহীহ বুখারী- ৩/১২৭৩ হা: নং- ৩২৬৮, সহীহ মুসলিম ৩/১৪৭১ হা: নং- ১৮৪২, ইবনে মাজাহ্ হা: নং- ২৮৭১

[২০৬] সুনানে আবু দাউদ হা: নং ৩৬৪১, তিরমিযী, ইবনে মাজাহ্, ইবনে হিব্বান, বায়হাক্বী।

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَـــلَّمَ يَقُولُ إِنَّ اللَّهَ لَا يَقْبِضُ الْعِلْمَ انْتِزَاعًا يَنْتَزِعُهُ مِنْ الْعِبَادِ وَلَكِنْ يَقْبِضُ الْعِلْمَ بِقَـــبْضِ الْعُلَمَاءِ حَتَّى إِذَا لَمْ يُبْقِ عَالِمًا اتَّخَذَ النَّاسُ رُءُوسًا جُهَّالًا فَسُئِلُوا فَأَفْتَوْا بِغَيْرِ عِلْـــمٍ فَضَلُّوا وَأَضَلُّوا

অর্থ: আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আস হতে বর্ণিত তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতে শুনেছি "নিশ্চয়ই আল্লাহ তা'আলা মানুষের অন্তর থেকে ইলমকে ছিনিয়ে নিবেন না। বরং ইলমকে উঠিয়ে নিবেন আলেমদেরকে তুলে নেয়ার মাধ্যমে। অতঃপর যখন কোন আলেম থাকবে না, তখন মানুষেরা মূর্খ লোকদেরকে তাদের নেতা বানাবে। ফলে সে নিজেও পথভ্রষ্ট হবে এবং অন্যদেরকেও পথভ্রষ্ট করবে।[২০৭]

এ হাদীস থেকে বুঝা গেল যে, ইমামকে অবশ্যই আলেম হতে হবে। আর শুধু আলেম হলেই চলবে না। বরং তাকে ইজতিহাদ করার যোগ্যতা সম্পন্ন মুজতাহিদ আলেম হতে হবে। কেননা ইমামের কাজ হলো বিভিন্ন মতামতের ভিত্তিতে একটি সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা। এখন ইমাম যদি মুজতাহিদ না হন তবে তাঁকে অন্য আলেমদের মতের অনুসরণ করতে হবে। আর এটা ইমামের পদমর্যাদার পরিপন্থী, তাছাড়া ইমাম হলেন জনগণের নেতা, জনগণ তাঁর আনুগত্য করবে। তিনি তাঁর অধিনস্ত আলেম বা জনগনের আনুগত্য করবেন না।

এ প্রসঙ্গে ইমাম ত্বাহাবী বলেন:

وَقَدْ دَلَّتْ نُصُوْصُ الْكِتَابِ وَالسُّنَّة وَإِجْمَاعُ سَلَف الْأُمَّة اَنَّ وَلِيَّ الْأَمْرِ وَإِمَامَ الصَّلَاة وَالْحَاكِمَ وَأَمِيْرَ الْحَرْبِ وَعَامِلَ الصَّدْقَة يُطَاعُ فِيْ مَوَاضِعِ الْاجْتِهَاد، وَلَيْسَ عَلَيْه أَنْ يُطِيْعَ أَتْبَاعَهُ فِيْ مَوَارِدِ الْاجْتِهَادِ، بَلْ عَلَيْهِمْ طَاعَتُهُ فِيْ ذَلكَ وَتَرْكُ رَأْيِهِمْ لرَأْيه.

অর্থ: "কুরআন সুন্নাহ এবং পূর্বেকার সমস্ত আলেমদের ইজমা হলো যে, মুসলিমদের খলীফা সালাতের ইমাম, বিচারক, যুদ্ধের আমীর যাকাত ও

[২০৭] সহীহ বুখারী হাঃ নং ১০০, মুসলিম হাঃ নং ৬৯৭১, তিরমিযী হাঃ নং ২৬৫২, ইবনে মাজাহ্ ৫২।

সদকা আদায়কারী আলেমদেরকে ইজতিহাদী মাসআলার ক্ষেত্রে জনগন অনুসরন করবে, জনগনের মতামতের অনুসরন তারা করবে না, জনগনের কাজ হলো নিজের মতামত ত্যাগ করে ইমামের মতের অনুসরন করা।
তবে ইমাম/খলীফাতুল মুসলিমীন তাঁর অধিনস্ত আলেম ও বিচক্ষণ মেধার অধিকারী দ্বীনদার, আমানতদার, পরহেজগার লোকদের সাথে পরামর্শ করবে, যাতে সবচেয়ে ভাল সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।[২০৮]

ইমাম বুখারী (র:) বলেন:

وَكَانَتْ الْأَئِمَّةُ بَعْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَشِيرُونَ الْأُمَنَاءَ مِنْ أَهْلِ الْعِلْمِ فِي الْأُمُورِ الْمُبَاحَةِ لِيَأْخُذُوا بِأَسْهَلِهَا .....وَكَانَ الْقُرَّاءُ أَصْحَابَ مَشُورَةِ عُمَرَ كُهُولًـــا كَانُوا أَوْ شُبَّانًا

আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পরে ইমামগন দ্বীনদার আমানতদার পরহেজগার আলেমদের সাথে মুবাহ কাজে পরামর্শ করতেন, যাতে জনগনের জন্য সহজ এবং কল্যাণময় সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। উমর (রাঃ) এর পরামর্শ দাতা হিসাবে আলেমরাই ছিলেন শুরা সদস্য চাই সে বুড়ো হউক আর যুবক হউক।[২০৯] ইমাম বুখারী এ বিষয়ের উপর একটি অধ্যায় কায়েম করে তার মধ্যে এগুলো আলোচনা করেছেন

بَاب قَوْلِ اللَّهِ تَعَالَى { وَأَمْرُهُمْ شُورَى بَيْنَهُمْ }

অর্থ: "তাদের কার্যাবলী তাদের পারস্পরিক পরামর্শের ভিত্তিতে সম্পন্ন করে" (সূরা আশ্ শুরা: ৩৮) (وَشَـــاوِرْهُمْ فِـــي الْـــأَمْرِ) " আর কাজে-কর্মে তাদের সাথে পরার্মশ কর" (সূরা আলে ইমরান: ১৫৯)

বি: দ্র: ১. এ আয়াতে وَشَـــاوِرْهُمْ "তাদের সাথে পরামর্শ করুন" দ্বারা এখানে "তাদের" বলতে আম জনগণকে বুঝায় নি। নতুবা আল্লাহর রাসূলকেও নির্বাচন বা গণভোটের আয়োজন করতে হতো, অথচ আল্লাহর

[২০৮] শরহে ত্বাহাবী ফি আক্বীদাতুস্ সালাফিয়্যা ২য় খন্ড ৪১০ পৃষ্ঠা।
[২০৯] সহীহ বুখারী ৭৩৭০ নং হাদীসের ভূমিকায় উল্লেখ করা হয়েছে, অধ্যায়: 'তাদের কার্যক্রম পরস্পরের পরামর্শের ভিত্তিতে হবে (সুরা শুরা ৩৮ নং আয়াত)।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকল জনগণের মত নেন নি সংসদ নির্বাচনও দেন নি। বরং কিছু বিশিষ্ট সাহাবীদের সঙ্গেই পরামর্শ করতেন।

২. এখানে আরও একটি বিষয় লক্ষণীয় যে পরামর্শ হবে শুধুমাত্র فِيْ الْأُمُوْرِ الْمُبَاحَـةِ "মুবাহ" বা "সাধারণ" বৈধ কাজের ক্ষেত্রে যেমন কারেন্টের বিল কি পরিমাণ নির্ধারন করা হবে? মোবাইলের বিল কি পরিমাণ ইত্যাদি। অর্থাৎ যেসব ক্ষেত্রে শরীয়তের কোন বিধান নেই শুধুমাত্র সে সকল ক্ষেত্রেই আইন-কানূন তৈরী করতে পারবে। পক্ষান্তরে যে সব ক্ষেত্রে শরীয়াতের বিধান রয়েছে সে সব ক্ষেত্রে শুধু আল্লাহর বিধানকে বাস্তবায়ন করার পদ্ধতি অথবা যেটা ভূলে গেছে বা ছুটে গেছে তা স্বরণ করিয়ে দেওয়াই হচ্ছে শুরার কাজ। শুরার মাধ্যমে আল্লাহর কোন বিধানকে বাতিল করা কিংবা পরিবর্তন করা কিংবা আল্লাহর বিধানের সাথে সাংঘর্ষিক কোন আইন তৈরী করার সুযোগ নেই। সুতরাং প্রচলিত সংসদীয় সরকার পদ্ধতিকে ইসলামের শুরার সাথে তুলনা করা কোনক্রমেই সঠিক নয়। কেননা তারা সুযোগ পেলেই আল্লাহর আইন বাতিল করে বিকল্প আইন তৈরী করে। আর সেই আইন মানতে জনগণকে বাধ্য করে।

মেধাবী ও বিচক্ষণ হওয়া:

اَنْ يَكُوْنَ ذَا خُبْرَةٍ وَرَأْيٍ حَصِيْفاً بِأَمْرِ الْحَرْبِ، وَتَدْبِيْرِ الْجُيُوْشِ، وَسَـدِّ الثُّغُـوْرِ، وَحِمَايَةِ بَيْضَةِ الْمُسْلِمِيْنَ، وَرَدْعِ الْأُمَّةِ، وَالْاِنْتِقَامِ مِنَ الظَّالِمِ، وَالْاَخْذِ لِلْمَظْلُوْمِ،

অর্থাৎ: ইমামূল মুসলিমীনকে বিচক্ষণ, দূরদর্শী, রণকৌশলে পারদর্শী, সেনা প্রস্তুত করতে সক্ষম, মুসলিম ভূখন্ডের ভৌগলিক সিমারেখা রক্ষা করতে দৃঢ় প্রতিজ্ঞ। মুসলিম জাতির প্রতিরক্ষা ও জান মালের নিরাপত্তা বিধান করতে অটল এবং জালিম থেকে প্রতিশোধ গ্রহণ করতে ও মাজলুমকে সাহায্য করতে আপোষহীন।

সৎসাহসী হওয়া:

اَنْ يَكُوْنَ مِمَّنْ لَا تَلْحَقُهُ رِقَّةٌ فِيْ إِقَامَةِ الْحُدُوْدِ، وَلَا فَزْعَ مِنْ ضَرْبِ الرِّقَابِ، وَلَـا قَطْعِ الْأَعْضَاءِ، وَيَدُلُّ لِذَالِكَ: إِجْمَاعُ الصَّحَابَةِ رَضِيَ اللهُ عَنْهُمْ عَلَيْ أَنَّ الْإِمَامَ لَا بُدَّ أَنْ يَكُوْنَ كَذَالِكَ،

অর্থ: "ইমামূল মুসলিমীনকে সৎ সাহসী এবং নির্ভীক হতে হবে। আল্লাহর বিধান কায়েম করতে গিয়ে কারো গর্দান উড়িয়ে দিতে অথবা হুদুদ কায়েম করতে অথবা কারো অঙ্গ-প্রতঙ্গ কর্তন করতে গিয়ে মনের মধ্যে কোন প্রকার ভীতি বা মায়ার সঞ্চার না হতে হবে। ইমাম কুরতুবী বলেন যে, এই শর্তটি সাহাবায়ে কেরামদের ইজমা দ্বারা প্রমাণিত হয়েছে।"[২১০]

সুতরাং যারা মুরগী জবাই করতে গিয়েও ভয় পায় অথবা যুদ্ধের ময়দানে অবতীর্ন হয়ে দুশমনের গর্দান উড়িয়ে দিতে ভয় পায় অথবা চোরের হাত কাটতে, যিনা ব্যাভিচারীকে পাথর ছুড়ে হত্যা করতে অথবা খুনীকে কিসাস হিসেবে হত্যা করতে ভয় পায় তারা খলীফা হওয়ার যোগ্য নয়।

اَلْوَرْعُ وَالتَّقْوَيْ মুত্তাক্বী পরহেজগার হওয়া:

ইমামূল মুসলিমীনকে মুত্তাক্বী পরহেজগার হতে হবে এই জন্য যে, ফাসেকদের ব্যাপারে পবিত্র কুরআনে আল্লাহ (সুব:) মুমিনদেরকে সাবধান করেছেন:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنْ جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَإٍ فَتَبَيَّنُوا أَنْ تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْبِحُوا عَلَى مَا فَعَلْتُمْ نَادِمِينَ} [الحجرات : ٦]

অর্থ: হে ঈমানদারগণ! যদি কোন ফাসিক তোমাদের কাছে কোন সংবাদ নিয়ে আসে, তাহলে তোমরা তা যাচাই করে নাও। এ আশঙ্কায় যে, তোমরা অজ্ঞতাবশত কোন কওমকে আক্রমণ করে বসবে, ফলে তোমরা তোমাদের কৃতকর্মের জন্য লজ্জিত হবে। (সূরা হুজুরাত: ৬)

তাছাড়া দুনিয়ার সামান্য টাকা-পয়সার ব্যাপারেও ফাসেকের স্বাক্ষী গ্রহণযোগ্য নয়। যেমন কুরআনে বলা হয়েছে:

---

[২১০] তাফসীরে কুরতুবী ১/২৭০।

{وَلَا تَقْبَلُوا لَهُمْ شَهَادَةً أَبَدًا وَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ } [النور : ٤]

অর্থ: "এবং তোমরা কখনই তাদের সাক্ষ্য গ্রহণ করো না। আর এরাই হলো ফাসিক।"[২১১]

তাহলে মুসলিম জাতির সর্বোচ্চ ক্ষমতা যার উপরে ন্যাস্ত থাকবে সে যদি মুত্তাক্বী পরহেজগার না হয়ে ফাসিক হয় তাকে কিভাবে বিশ্বাস করা যাবে। সুতরাং কোন ফাসিক-মুনাফিক মুসলিম জাতির ইমাম বা খলীফা হতে পারে না।

[২১১] সুরা নূর ২৪:৪।

পঞ্চম অধ্যায়

اَلْبَيْعَةُ "বাই'আত "

পূর্বের আলোচনায় পরিষ্কার হয়ে গেছে যে, মুসলিমীনদের জন্য একজন আমীর থাকা আবশ্যক। যখন উপরোক্ত বর্ণনা অনুযায়ী আমীর মনোনীত হবে তখন সাধারন মুসলিমদের জন্য আবশ্যক হয়ে যায় তাকে বাই'আত দেওয়া। তাই বাই'আত সম্পর্কে জানা প্রতিটি মুসলিমদের একান্ত কর্তব্য। বিশেষ করে বর্তমান যুগে যখন এই গুরুত্বপূর্ণ বিষয়টিকে মুসলিম উম্মাহর জাতীয় পর্যায় থেকে ছিনতাই করে পীর-ফকিরদের মনগড়া তরীকার ভিতরে ঢুকিয়ে দেওয়া হয়েছে, তখন এ বিষয়টিকে বিস্তারিতভাবে জানা আরও জরুরী হয়ে পড়েছে। তাই আসুন! জেনে নেই বাই'আত সম্পর্কে বিস্তারিতভাবে।

প্রশ্ন: বাই'আতের শাব্দিক অর্থ কি?

উত্তর: বাই'আতের শাব্দিক অর্থ:

قَالَ الْبَرْكَتِيْ: اَلْبَيْعَةُ عِبَارَةٌ عنِ الْمُعَاقَدَةِ وَالْمُعَاهَدَةِ وَالتَّوْلِيَةِ وَعَقْدِهَا

আল্লামা আল-বারকাতী (রঃ) বলেনঃ বাই'আত অর্থ চুক্তিবদ্ধ হওয়া, অঙ্গীকারাবদ্ধ হওয়া, নেতৃত্ব মেনে নেওয়া, প্রতিজ্ঞাবদ্ধ হওয়া।[২১২]

قَالَ اَبْنُ الْأَثِيْرِ: إِنَّ الْبَيْعَةَ عِبَارَةٌ عَنِ الْمُعَاقَدَةِ وَالْمُعَاهَدَةِ،

ইবনুল আসীর (রঃ) বলেন, বাই'আত হচ্ছে প্রতিজ্ঞা ও আনুগত্য স্বীকার করা।[২১৩]

وَقَالَ الرَّاغِبُ الْأَصْفَهَانِيْ: وَبَايَعَ السُّلْطَانُ إِذَا تَضَمَّنَ بَذْلَ الطَّاعَةِ لَهُ، وَيُقَالُ لِذَلِكَ بَيْعَةٌ وَمُبَايَعَةٌ

আল্লামা রাগেব ইস্পাহানি (রঃ) বলেনঃ শাসকের পূর্ণ আনুগত্য স্বীকার করা ও আনুগত্যের প্রতিশ্রুতি দেওয়াকে বাই'আত ও মুবায়া'আত বলা হয়।[২১৪]

[২১২] আল বাইআতুল খাচ্ছাহ ওয়াল আ'ম্মাহ পৃঃ ১৮৩ , লিসানুল আরব খন্ড নং ১ পৃঃ ৫৭০।

[২১৩] আন্ নিহায়া লি ইবনিল আছির খন্ড ১ পৃঃ ১৭৪।

[২১৪] আল-মুফরাদাত ফি গারীবুল কুরআন (আল্লামা ইস্পাহানি)।

প্রশ্ন: ইসলামের পরিভাষায় বাই‘আত কাকে বলে?

উত্তর: ইসলামের পরিভাষায় বাই‘আতের সংজ্ঞা দিতে গিয়ে ইমাম আবদুল্লাহ ইবনে উমর ইবনে সুলাইমান আদ-দুমাইজী বলেন:

هِيَ إِعْطَاءُ الْعَهْدِ مِنَ الْمُبَايِعِ عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ لِلْإِمَامِ فِيْ غَيْرِ مَعْصِيَةٍ، فِيْ الْمَنْشَطِ وَالْمُكْرَهِ وَالْعُسْرِ وَالْيُسْرِ وَعَدَمِ مُنَازَعَتِهِ الْأَمْرَ وَتَفْوِيْضِ الْأُمُوْرِ إِلَيْهِ

“ইচ্ছায়-অনিচ্ছায়, সুখে-দুঃখে, সচ্ছল-অসচ্ছল সর্ব অবস্থায় স্রষ্টার নাফরমানী ছাড়া ইসলামী রাষ্ট্র প্রধানের কথা শ্রবণ করা ও আনুগত্য করা এবং তার নির্দেশের বিরোধিতা না করা ও তার সকল কার্যাবলীর ব্যাপারে আমীরের রায়কে চূড়ান্ত হিসাবে মেনে নেয়া।”[২১৫]

ইমাম ইবনে খালদুন বলেন:

وَقَالَ ابْنُ خَلْدُوْنَ اعْلَمْ أَنَّ الْبَيْعَةَ هِيْ الْعَهْدُ عَلَى الطَّاعَةِ، كَأَنَّ الْمُبَايِعَ يُعَاهِدُ أَمِيْرَهُ عَلَىْ أَنَّهُ يُسَلِّمُ لَهُ النَّظْرَ فِيْ أَمْرِ نَفْسِهِ وَأُمُوْرِ الْمُسْلِمِيْنَ، لَاْ يُنَازِعُهُ فِيْ شَيْءٍ مِنْ ذَلِكَ، وَيُطِيْعُهُ فِيْمَا يُكَلِّفُهُ بِهِ مِنَ الْأَمْرِ عَلَىْ الْمَنْشَطِ وَالْمُكْرَهِ

বাই‘আত হল আনুগত্যের ব্যাপারে প্রতিশ্রুতি দেওয়া যেন বাই‘আত দাতা তার আমীরের সাথে প্রতিশ্রুতি বদ্ধ হল তার নিজের ব্যাপারে ও মুসলিমীনদের ব্যাপারে আমীরের নির্দেশ মেনে চলবে। সুখে-দুঃখে সচ্ছল-অসচ্ছল সর্বাবস্থায় আমীরের নির্দেশ মেনে চলবে তার বিরোধিতা না করে।”[২১৬]

প্রশ্ন: বাই‘আতকে বাই‘আত কেন বলা হয়?

উত্তর: বাইআ'তকে বাইআ'ত কেন বলা হয় এ প্রসঙ্গে ছাহেবে মিরআ'ত বলেন

سُمِّيَت الْمُعَاهَدَةُ عَلَي الْاِسْلَامِ بِالْمُبَايَعَةِ تَشْبِيْهًا لِنَيْلِ الثَّوَابِ فِيْ مُقَابَلَةِ الطَّاعَةِ بِعَقْدِ الْبَيْعِ الَّذِيْ هُوَ مُقَابَلَةُ مَالٍ، كَأَنَّهُ بَاعَ مَا عِنْدَهُ مِنْ صَاحِبِهِ وَاَعْطَاهُ خَالِصَةَ نَفْسِهِ وَ طَاعَتِهِ كَمَا فِيْ قَوْلِهِ تَعَالَي (اِنَّ اللهَ اشْتَرَيْ مِنَ الْمُؤْمِنِيْنَ)

---

[২১৫] ইমামাতুল উজমা ইনদা আহলিস্ সুন্নাহ ওয়াল জামাআহ্ পৃঃ ১৯৯।

[২১৬] মুকাদ্দামাতে ইবনে খালদুন পৃঃ ২০৯।

“(বাই‘আত শব্দের মূল অর্থ বেচকেনা করা) ইসলামের উপরে কৃত অঙ্গীকারকে বাই‘আত এ জন্য বলা হয় যে, ব্যবসায়িক চুক্তির মাধ্যমে যেভাবে মূল্যের বিপরীতে সম্পদ লাভ করা হয়, অনুরূপভাবে আমীরের নিকট আনুগত্যের চুক্তির বিপরীতে পুণ্য লাভ হয়। যেন বাই‘আতদাতা নিজেকে তাঁর আমীরের কাছে বিক্রয় করে দিয়েছে (আল্লাহর কাছে সওয়াব ও জান্নাতের বিনিময়ে)। যেমন আল্লাহ (সুবঃ) বলেন: “নিশ্চই আল্লাহ মুমিনদের থেকে তাদের জান ও মাল ক্রয় করে নিয়েছেন (এর বিনিময়ে) যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা আল্লাহর পথে যুদ্ধ করে। অত:পর তারা মারে ও মরে। (সূরা তাওবা ৯:১১১)”[২১৭]

প্রশ্ন: ঐতিহাসিক বাই‘আতুল ‘আকাবার প্রেক্ষাপট কি ছিল?

উত্তর: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তায়েফের থেকে ফিরে আসার পরে হজ্জ মৌসূমে বিপুল উৎসাহ-উদ্দিপনা নিয়ে ইসলামের দা'ওয়াত দিতে শুরু করেন। এরপরে ইয়াছরিবের বিখ্যাত কবি সুওয়াইদ বিন সামিত, খ্যাতনামা ছাহাবী আবু জর গিফারী, ইয়ামানের কবি ও গোত্রনেতা তুফায়েল বিন আমর, অন্যতম ইয়ামানী নেতা যিমাদ আল আয্দী ইসলাম গ্রহণ করেন।

১১ নববী বর্ষে ৬২০ খৃষ্টাব্দের জুলাই মাসে ইয়াছরিবের খাযরাজ গোত্রের ৬ জন সৌভাগ্যবান যুবক হজ্জে আগমন করেন, যাদের নেতা ছিলেন সর্বকনিষ্ঠ তরুণ আসআ'দ বিন যুরারাহ। বাকী পাঁচ জন হলেন, ‘আওফ ইবনুল হারিছ, রাফে’ বিন মালেম, কুৎবা বিন আমের, উক্ববাহ বিন আমের ও জাবের বিন আবদুল্লাহ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবু বকর ও আলী (রা:) কে সাথে নিয়ে মিনায় তাবুতে তাবুতে দাওয়াত দেওয়ার এক পর্যায়ে তাদের নিকট পৌঁছেন। তারা ইতিপূর্বে ইয়াছরিবের ইহুদীদের নিকটে আখেরী নবীর আগমন বার্তা শুনেছেন। ফলে রাসূলের দাওয়াত তারা দ্রুত কবুল করে নেন। তারা তাঁর আগমনের মাধ্যমে গৃহযুদ্ধে ক্ষত-বিক্ষত ইয়াছরিবে শান্তি স্থাপিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং তাঁকে ইয়াছরিবে হিজরতের আমন্ত্রণ জানান।

---

[২১৭] মিরআতুল মাফাতীহ হাদীস নং ১৮ এর ব্যাখ্যা ১ম খন্ড ৭৫ পৃষ্ঠা।

বলা বাহুল্য, হজ্জ থেকে ফিরে গিয়ে উক্ত ছয় জনের ক্ষুদ্র দলটি ইয়াছরিবের ঘরে ঘরে ইসলামের দাওয়াত পৌঁছে দেন এবং পরবর্তী বছরে ১২ নববী বর্ষের হজ্জ মওসুমে জাবের বিন আবদুল্লাহ ব্যতিরেকে পুরানো ৫ জন ও নতুন ৭ জন মোট ১২ জন এসে মিনাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে বাইআ'ত করেন। এদের মধ্যে ২ জন ব্যতিত সবাই ছিল খাজরাজী। দুই জন ছিল আউস গোত্রের। এটাই ছিল আক্বাবার প্রথম বাই'আত ।

'আক্বাবাহ' অর্থ পাহাড়ী সুড়ঙ্গ পথ। এই পথেই মক্কা থেকে মিনায় আসতে হয়। এরই মাথায় মিনার পশ্চিম পার্শ্বে এই স্থানটি ছিল নির্জন। এখানে পাথর মেরে হাজী সাহেবগণ পূর্ব প্রান্তে মিনার মসজিদে খায়েফের আশ-পাশে আশ্রয় নিয়ে রাত্রি যাপন করে থাকেন। এখানে 'জামরায়ে কুবরা' অবস্থিত। এখানেই ইসমাইল বংশের শ্রেষ্ঠ সন্তান শেষ নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মানবরূপী শয়তানদের বিরূদ্ধে অহির বিধান কায়েমের জন্য ঐতিহাসিক বায়আত গ্রহণ করেন। ঐদিনের ঐ আক্বীদার বিপ্লব পরবর্তীতে শুধু মক্কা-মদীনায় নয়, বরং বিশ্ব রাজনীতি, অর্থনীতি, সমাজনীতিসহ সবকিছুতে ব্যাপক পরিবর্তনের সূচনা করে ও অবশেষে তা সার্বিক সমাজ বিপ্লব সাধন করে। ১২ নববী বর্ষের হজ্জের মওসূমে ঐদিনকার বাইআ'তকারীদের মধ্যে নতুন আগত খ্যাতনামা সাহাবী উবাদাহ বিন সামিত আনছারী (রা:) উক্ত বায়আতের বর্ণনা দিয়ে বলেন,

عَنْ عُبَادَةَ بْنِ الصَّامت تَعَالَوْا بَايِعُونِي عَلَى أَنْ لَا تُشْرِكُوا بِاللَّه شَيْئًا وَلَا تَسْرِقُوا وَلَا تَزْنُوا وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ وَلَا تَأْتُوا بِبُهْتَانٍ تَفْتَرُونَهُ بَيْنَ أَيْـــدِيكُمْ وَأَرْجُلكُـــمْ وَلَـــا تَعْصُونِي فِي مَعْرُوفٍ فَمَنْ وَفَى منْكُمْ فَأَجْرُهُ عَلَى اللَّه وَمَنْ أَصَابَ منْ ذَلكَ شَـــيْئًا فَعُوقبَ به فِي الدُّنْيَا فَهُوَ لَهُ كَفَّارَةٌ وَمَنْ أَصَابَ منْ ذَلكَ شَيْئًا فَسَتَرَهُ اللَّهُ فَأَمْرُهُ إِلَى اللَّه إِنْ شَاءَ عَاقَبَهُ وَإِنْ شَاءَ عَفَا عَنْهُ قَالَ فَبَايَعْتُهُ عَلَى ذَلكَ

অর্থ: উবাদা ইবনে সামেত (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের ডেকে বলেন, এসো! আমার নিকটে তোমরা একথার উপরে বাইআ'ত করো যে, আল্লাহর সাথে কোনকিছুকে শরীক করবে না, চুরি করবে না, যেনা করবে না, তোমাদের

সন্তানদের হত্যা করবে না, কারো প্রতি মিথ্যা অপবাদ দিবে না, শরীআত সম্মত কোন বিষয়ে অবাধ্য হবে না। যে ব্যক্তি উক্ত অঙ্গিকার পূর্ণ করবে, তার জন্য পুরষ্কার রয়েছে আল্লাহর নিকটে। কিন্তু যে ব্যক্তি এসবের মধ্যে কোন একটি অন্যায়ে লিপ্ত হবে, অতপর দুনিয়াতেই তার আইন সংগত শাস্তি হয়ে যাবে, সেটি তার জন্য কাফফারা হবে। পক্ষান্তরে যে ব্যক্তি এসবের কোন একটি করে, অত:পর আল্লাহ তা গোপন রাখেন (যে কারণে তার শাস্তি হতে পারেনি) তাহলে উক্ত শাস্তির বিষয়টি আল্লাহর মর্জির উপরে নির্ভর করবে। তিনি ইচ্ছা করলে তাকে পরকালে শাস্তি দিতে পারেন, ইচ্ছা করলে মাফও করে দিতে পারেন। হাদীসের বর্ণনাকারী সাহাবী উবাদাহ বিন সামেত (রা:) বলেন, আমরা একথাগুলোর উপরে তাঁর নিকট বাইআ'ত করলাম। বলা বাহুল্য যে, বায়আতের উক্ত ৬টি বিষয় তৎকালিন আরবীয় সমাজে প্রকটভাবে বিরাজমান ছিল। আজও বাংলাদেশসহ পৃথিবীর সর্বত্র উক্ত বিষয়গুলো প্রকটভাবে বিরাজমান রয়েছে।

এরপর উক্ত বাইআ'তের দাবীর প্রেক্ষিতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'মুসআব বিন উমায়ের' (রা:) নামক একজন তরুণ দাঈকে তাদের সাথে ইয়াছরিবে প্রেরণ করেন। তিনিই ছিলেন ইসলামের ইতিহাসে মদীনায় প্রেরিত প্রথম দাঈ। সেখানে গিয়ে তিনি ও তাঁর মেযবান তরুন ধর্মীয় নেতা আস'আদ বিন যুরারাহ বিপুল উৎসাহ-উদ্দীপনায় ইয়াছরিবের ঘরে ঘরে তাওহীদের দাওয়াত পৌঁছাতে শুরু করেন। যার ফলশ্রুতিতে পরের বছর ১৩ নববী বর্ষের হজ্জ মওসুমে ৬২২ খৃষ্টাব্দের জুন মাসে আইয়ামে তাশরীক্বের মধ্যভাগের এক গভীর রাতে পূর্বোক্ত পাহাড়ী সুড়ঙ্গ পথে (আক্বাবায়) ৭৩ জন পুরুষ ও ২ জন মহিলার একটি বিরাট দলের আগমন ঘটে। চাচা আব্বাস (রা:) কে সাথে নিয়ে (যিনি তখনও ইসলাম কবুল করেন নি) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট গমন করেন ও রাত্রির প্রথম প্রহর শেষে নিঃশব্দ রজনীতে বাইআ'তের পূর্বে চাচা আব্বাস তাদেরকে এই বাইআ'তের পরকালীন গুরুত্ব এবং দুনিয়াতে সম্ভাব্য দুঃখ- কষ্টের কথা স্মরণ করিয়ে দিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এতে তারা স্বীকৃত হলে বিগত দু'বছরে ইসলাম গ্রহণকারীদেরকে

পরপর দাঁড় করানো হয়। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকটে কুরআন তেলাওয়াত অন্তে তাওহীদের দাওয়াত দিয়ে কিছু বক্তব্য রাখেন। তখন তারা সকলে বলেন, আমরা আমাদের জান-মালের ক্ষয়-ক্ষতির বিনিময়ে অত্র অঙ্গীকার করছি। কিন্তু এর বিনিময়ে আমরা কি পাব? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, জান্নাত। তখন তারা বললেন, **اُبْسُطْ يَدَكَ** 'আপনার হাত বাড়িয়ে দিন।' অতপর আসআ'দ বিন যুরারাহ নেতা হিসাবে প্রথম তাঁর হাতে বাইআ'ত করেন ও তারপর একে একে সকলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাতে বাইআ'ত করেন। মহিলা দু'জন মুখে বলার মাধ্যমে বাইআ'ত করেন। সৌভাগ্যবতী ঐ দুজন মহিলা ছিলেন বনু মা'জেন গোত্রের 'নুসাইবাহ বিনতে কা'ব উম্মে উমারাহ' এবং বনু সালামাহ গোত্রের 'আসমা বিনতে আমর উম্মে মুনী'। উক্ত বাইআতের বক্তব্য ছিল নিম্নরূপ:

عَنْ جَابِرٍ... فَقُلْنَا يَا رَسُولَ اللَّهِ عَلَامَ نُبَايِعُكَ قَالَ تُبَايِعُونِي عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِي النَّشَاطِ وَالْكَسَلِ وَعَلَى النَّفَقَةِ فِي الْعُسْرِ وَالْيُسْرِ وَعَلَى الْأَمْرِ بِالْمَعْرُوفِ وَالنَّهْيِ عَنْ الْمُنْكَرِ وَعَلَى أَنْ تَقُومُوا فِي اللَّهِ لَا تَأْخُذُكُمْ فِيهِ لَوْمَةُ لَائِمٍ وَعَلَى أَنْ تَنْصُرُونِي إِذَا قَدِمْتُ يَثْرِبَ فَتَمْنَعُونِي مِمَّا تَمْنَعُونَ مِنْهُ أَنْفُسَكُمْ وَأَزْوَاجَكُمْ وَأَبْنَاءَكُمْ وَلَكُمْ الْجَنَّةُ

অর্থ: "জাবের (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললাম আমরা আপনার নিকটে কি বিষয়ে বাইআ'ত করব? জবাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ১. আনন্দে ও অলসতায় (সুখে-দুঃখে) সর্বাবস্থায় আমার কথা শুনবে ও মানবে ২. অস্বচ্ছল ও স্বচ্ছল সর্বাবস্থায় আল্লাহর রাস্তায় মাল খরচ করবে ৩. ভাল কাজের নির্দেশ দিবে ও অন্যায় কাজ থেকে বিরত রাখবে ৪. আল্লাহর পথে (যুদ্ধ করার জন্য) সদা-সর্বদা প্রস্তুত থাকবে এবং ৫. উক্ত বিষয়ে কোন নিন্দুকের নিন্দাকে ভয় করবে না ৬. যখন আমি তোমাদের নিকটে হিজরত করে যাব, তখন তোমরা তোমাদের নিজেদেরকে এবং তোমাদের স্ত্রী-সন্তানদেরকে যেভাবে হেফাযত করে

থাক ঠিক সেভাবে আমাকেও সাহায্য করবে এবং হেফাযত করবে। আর এর বিনিময়ে তোমাদের জন্য পুরস্কার রয়েছে জান্নাত।[২১৮]

অতপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত ৭৫ জনকে **১২** জন নকীব (নেতার) এর অধীনে ন্যস্ত করেন। যার মধ্যে ৯ জন ছিলেন খাযরাজ গোত্রের ও ৩ জন ছিলেন আউস গোত্রের। ঐ **১২** জন নকীব বা নেতার মধ্যে খাযরাজ গোত্রের ৯ জন হলেন। **১.** আসআ'দ বিন যুরারাহ ২. সা'দ বিন রাবী ৩. আবদুল্লাহ বিন রাওয়াহাহ ৪. রাফে বিন মালেক ৫. বারা বিন মারূ'র ৬. আবদুল্লাহ বিন আমর বিন হারাম, খ্যাতনামা সাহাবী জাবের (রা:) এর পিতা আবদুল্লাহ ৭. উবাদাহ বিন সামিত ৮. সা'দ বিন উবাদাহ ৯. মুনযির বিন আমর। আউস গোত্রের তিন জন হলেন **১.** উসায়েদ বিন হুযায়ের ২. সা'দ বিন খায়ছামাহ ৩. রেফাআ'হ বিন আবদুল মুনযির। অতপর নেতা এবং দায়িত্বশীল হিসাবে তাদের থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পূনরায় অঙ্গীকার নেন এবং বলেন যে, "তোমরা তোমাদের কওমের উপরে দায়িত্বশীল, যেমন হাওয়ারীগণ ঈসা ইবনে মারিয়ামের পক্ষ থেকে দায়িত্বশীল ছিলেন এবং আমি আমার কওমের উপরে (অর্থাৎ মুসলিমদের উপরে) দায়িত্বশীল।'

এভাবে ইমারত ও বায়আতের মাধ্যমে বিশ্ব ইতিহাসে ইসলামী সমাজ বিপ্লবের সূচনা হয়। এর ফলাফল সবারই জানা আছে। এই বাইআ'ত দ্বিতীয় আক্বাবার বাইআ'ত বা বাইআ'তে কুবরা নামে খ্যাত। নিঃসন্দেহে এই বাইআতের মূল শিকড় প্রোথিত ছিল ঈমানের উপরে। যে ঈমান কোন দুনিয়াবী প্রলোভন, লোভ-লালসা, ভয়-ভীতির কাছে মাথা নত করে না। যে ঈমানের সু-বাতাস সমাজে প্রবাহিত হলে মানুষের আক্বীদা ও আমলে সূচিত হয় বৈপ্লবিক পরিবর্তণ। যে ঈমানের বলেই মুসলিমগণ যুগে যুগে ইতিহাসের পৃষ্ঠায় নিজেদের শ্রেষ্ঠত্বের আসন অলংকৃত করতে সক্ষম হয়েছে। আজও তা মোটেই অসম্ভব নয়, যদি সেই ঈমান ফিরিয়ে আনা যায়।

আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

---

[২১৮] **মুসনাদে আহমাদ ১৪৬৫৩।**

{وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنْتُمُ الْأَعْلَوْنَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ} [آل عمران : ١٣٩]

অর্থ: "আর তোমরা দুর্বল হয়ো না এবং দুঃখিত হয়ো না, আর তোমরাই বিজয়ী যদি মুমিন হয়ে থাক।"[২১৯]

প্রশ্ন: ইসলামে বাই'আতের বিধান কি?

উত্তর: ইমামূল মুসলিমীনের কাছে বাই'আত দেওয়া ওয়াজীব। এ প্রসঙ্গে "আত্ব ত্বারিক ইলাল খিলাফাহ" কিতাবে বলা হয়েছে:

بَيْعَةُ إِمَامِ الْمُسْلِمِيْنَ ، وَاجِبَةٌ عَلَيْ كُلِّ مُسْلِمٍ، لَاْ يَسَعُ لِأَحَدٍ اَلتَّنَصُّلُ مِنْهَا أَوِ الْخُرُوْجُ عَلَيْهَا الْبَتَّةَ.

ইমামূল মুসলিমীনের কাছে বাই'আত দেয়া প্রত্যেক মুসলিমের উপর ওয়াজীব। এর থেকে বিচ্ছিন্ন থাকা বা বিদ্রোহ করার সুযোগ কারো নেই। হাদীসে বর্ণিত হয়েছে:

عن عبدالله بن عمر قال: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ « مَنْ خَلَعَ يَدًا مِنْ طَاعَةٍ لَقِىَ اللَّهَ يَوْمَ الْقِيَامَةِ لاَ حُجَّةَ لَهُ وَمَنْ مَاتَ وَلَيْسَ فِى عُنُقِهِ بَيْعَةٌ مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً

অর্থ: "আব্দুল্লাহ ইবনে ওমর (রা:) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন, যে ব্যক্তি শাসক বা ইমামের আনুগত্য হতে হাত গুটিয়ে নিল, কিয়ামতের দিন সে আল্লাহর সাথে এমন অবস্থায় সাক্ষাৎ করবে যে, তার কাছে (ওযর-আপত্তির) কোন প্রমাণ থাকবে না। আর যে ব্যক্তি এমন অবস্থায় মৃত্যুবরণ করে যে, সে ইমাম (শাসক) এর আনুগত্যের বায়আত গ্রহণ করে নি সে জাহেলিয়্যাতের মৃত্যুবরণ করবে।"[২২০]

হাদীসে আরও বর্ণিত হয়েছে:

عن ابن عمر قال سمعت رسول صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول: مَنْ مَاتَ وَلَا بَيْعَةَ عَلَيْهِ مَاتَ مِيْتَةً جَاهِلِيَّةٍ

[২১৯] সুরা আল ইমরান ৩:১৩৯।
[২২০] মুসলিম হা: নং ১৮৫১, আবু আওয়ানাহ্ ৭১৫৩, বাইহাক্বী ১৬৩৮৯, জামেউল আহাদীস ২২১৪৮

অর্থ: ইবনে উমর (রা:) হতে বর্ণিত তিনি বলেন যে, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি; যে ব্যক্তি বাই'আত বিহীন মারা গেল সে জাহেলিয়্যাতের মৃত্যুবরণ করল।[২২১]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ « كَانَتْ بَنُو إِسْرَائِيلَ تَسُوسُهُمُ الأَنْبِيَاءُ كُلَّمَا هَلَكَ نَبِىٌّ خَلَفَهُ نَبِىٌّ وَإِنَّهُ لاَ نَبِىَّ بَعْدِى وَسَتَكُونُ خُلَفَاءُ فَتَكْثُرُ ». قَالُوا فَمَا تَأْمُرُنَا قَالَ « فُوا بِبَيْعَةِ الأَوَّلِ فَالأَوَّلِ وَأَعْطُوهُمْ حَقَّهُمْ فَإِنَّ اللَّهَ سَائِلُهُمْ عَمَّا اسْتَرْعَاهُمْ

অর্থ: আবূ হুরাইরা (রা:) থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, বনী ইসরাইল এর নবীগন তাদের উম্মত কে শাসন করতেন। যখন কোন একজন নবী মৃত্যুবরণ করতেন তখন অন্য নবী তার স্থলাভিষিক্ত হতেন। আর আমার পরে কোন নবী নেই, তবে অনেক খলীফা হবে। সাহাবাগন আরজ করলেন ইয়া রাসূলুল্লাহাল্লাহ আমাদের কে কি নির্দেশ করছেন? তিনি বললেন তোমরা একের পর এক তাদের বাই'আতের হক আদায় করবে। তোমাদের উপর তাদের যে হক রয়েছে তা আদায় করবে। আর নিশ্চই আল্লাহ তায়ালা তাদের জিজ্ঞাসা করবেন ঐ সকল বিষয় সমন্ধে যে সবের দায়িত্ব তাদের উপর অর্পন করা হয়েছিল।[২২২]

এ সকল হাদীস থেকে প্রমাণিত হলো যে, বাই'আত একটি গুরুত্বপূর্ণ বিষয়। বাই'আত বিহীন কোন মুসলিম থাকতে পারে না। বাই'আত বিহীন মৃত্যু জাহিলিয়্যাতের মৃত্যু।

প্রশ্ন: বাই'আত কাকে দিতে হবে এবং কে নিতে পারবে?

উত্তর: বাই'আত নেওয়ার অধিকার কেবল মাত্র আমীরুল মু'মিনীন বা মুসলিম জাতির খলীফার। খলীফাতুল মুসলিমীন বা আমীরুল মু'মিনীন ছাড়া অন্য কোন পীর-সূফী, ফকীর-হাকীরের বাই'আত নেওয়ার অধিকার

[২২১] তাবরানী ১/৭৯ নং ২২৫, জামেউল আহাদীস ২৩৯৩৮, কানযুল উম্মাল ৪৬২
[২২২] সহীহ বুখারী-৩৪৫৫,৩২১০ মুসলিম ৪৮৭৯

নেই। 'বাই'আতু জামাআতিত্ তাওহীদ ওয়াল জিহাদ' কিতাবে বলা হয়েছে:

اَلْبَيْعَةُ لَاْ تَكُوْنُ إِلَّاْ لِوَلِيِّ أَمْرِ الْمُسْلِمِيْنَ يُبَايِعُهُ أَهْلُ الْحَلِّ وَالْعَقْدِ ، وَهُمْ الْعُلَمَاءُ وَالْفُضَلَاءُ وَوُجُوْهُ النَّاسِ ، فَإِذَا بَايَعُوْهُ ثَبَتَتْ وَلَايَتَهُ ، وَلَاْ يَجِبُ عَلَىْ عَامَّةِ النَّاسِ أَنْ يُبَايِعُوْهُ بِأَنْفُسِهِمْ ، وَإِنَّمَا الْوَاجِبُ عَلَيْهِمْ أَنْ يَلْتَزِمُوْا طَاعَتَهُ فِيْ غَيْرِ مَعْصِيَةِ اللهِ تَعَالَىْ

"বাই'আত নেওয়ার অধিকার একমাত্র মুসলিম খলীফার। তার কাছে 'আহলুল হাল্লি ওয়াল 'আকদ' এর সদস্যরা বাই'আত দিবে। তারা হচ্ছে উলামা এবং সমাজের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ। যখন তারা আমীরের কাছে বাই'আত দিবে তখন আমীরের কর্তৃত্ব সাব্যস্ত হবে। প্রত্যেক জনসাধারণ আমীরের কাছে আলাদা ভাবে বাই'আত দেয়া ওয়াজীব নয়। বরং তাদের জন্য ওয়াজীব হচ্ছে আমীরের আনুগত্যকে অত্যাবশ্যকীয় করে নেওয়া আল্লাহর নাফরমানী ছাড়া।"[২২৩]

বর্তমানে প্রচলিত পীর-মুরীদির বাই'আত তথা তরীক্বার বাই'আত ও ফক্বীর-হাক্বীরের বাইআতের কোন ভিত্তি নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জিবদ্দশায় সাহাবায়ে কিরাম বিভিন্ন জায়গায়, বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়েছিলেন। কিন্তু তারা কেউ নিজের পক্ষে বাই'আত নেন নি। তেমনি ভাবে মুসলিম জাতির খিলাফত ব্যবস্থা চলাকালীন সময়ে সাহাবায়ে কিরামগণ বিশ্বের বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েন। তারাও কেউ বাই'আত নেন নি। ইমাম আবু হানিফা (রঃ), ইমাম মালেক (রঃ), ইমাম শাফী (রঃ), ইমাম আহমদ ইবনে হম্বল (রঃ), ইমাম বুখারী (রঃ), ইমাম মুসলিম (রঃ) সহ কোন ইমাম তার অনুসারীদের থেকে বাই'আত নিয়েছেন এমন কোন প্রমাণ নেই।

প্রশ্ন: বর্তমানে বিভিন্ন পীর-মাশায়েখগণ তরিকতের বাই'আত নিয়ে থাকেন এ সম্পর্কে শরিয়তের বিধান কি?

[২২৩] বাইআতু জামাআতিত্ তাওহীদ ওয়াল জিহাদ।

উত্তর: বাই'আত করা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশ বটে। কিন্তু বর্তমানে প্রচলিত পীর-মুরীদীর বাই'আত সম্পূর্ণ বিদ'আত, যেমন বিদয়াত স্বয়ং পীর-মুরীদী। বাই'আত দিতে হবে এবং বাই'আত না দিয়ে মারা গেলে জাহিলিয়াতের মৃত্যু হবে সহীহ হাদীস দ্বারা একথা প্রমাণিত সত্য। কিন্তু এই বায়আত দিতে হবে সমস্ত মুসলিম উম্মাহকে শুধুমাত্র একজন আমীরুল মুমিনীন বা খলীফাকে আনুগত্য করার শপথের মাধ্যমে। যেমন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর ইন্তিকালের পর খলীফা নির্বাচনী সভায় উমর ফারুক (রা:) সর্বপ্রথম বাই'আত করলেন আবূ বকর (রা:) এর হাতে।

চিশতীয়া, কাদিরিয়া, নকশাবন্দীয়া, মুজাদ্দিদীয়া ও মুহাম্মদীয়া তরীকায় ফকীর হাকীরের হাতে বাই'আত নেওয়ার বর্তমানকালে প্রচলিত এই সিলসিলা কোথা থেকে এলো? এ বাই'আতের সাথে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবাদের বাইআতের সম্পর্ক কি? মিল কোথায়? মূলত: এটা হচ্ছে ইসলামের একটি ভাল কাজকে খারাপ ক্ষেত্রে ও খারাপ উদ্দেশ্যে ব্যবহার করার মত ব্যাপার। আর এ কারণেই পীর মুরীদার ক্ষেত্রে হাতে হাতে কিংবা পাগড়ী ধরে অথবা পাগড়ী ধরা লোকের গায়ে গা মিলিয়ে বাই'আত করা সম্পূর্ণ বিদআত। আরো বড় বিদ'আত হল কুরআন বাদ দিয়ে বিভিন্ন পীরের বাতলানো তরীকার যিকির করা, তাযকিরাতুল আওলিয়া, ফাযায়েলে 'আমাল, মাকছূদুল মু'মিনীন, বার চাঁন্দের ফযিলত ও 'দালায়েলুল খায়রাত' নামে এক বানানো দরূদ সম্বলিত কিতাবের তিলাওয়াতে মশগুল হওয়া। মনে হয় যেন এগুলোর তিলাওয়াত একেবারে ফরয। কিন্তু শরীয়তে কুরআন ছাড়া আর কিছু তিলাওয়াত করাকে বড় সওয়াবের কাজ মনে করা, কুরআন অপেক্ষা অন্য কোন মানবীয় কিতাবকে অধিক গুরুত্বপূর্ণ মনে করা সুস্পষ্টরূপে এক বড় বিদআত।

তারা তাদের বাই'আত কে বৈধ করার জন্য যেমস্ত দলিল গুলো পেশ করে তা হচ্ছে কুরআনের সুরা ফাতাহের ১০ নং আয়াত। যে আয়াতে "বাই'আতু র রিদওয়ান" এর কথা উল্লেখ করা হয়েছে।

প্রশ্ন: বাই'আতুর রিদওয়ান কি এবং তার প্রেক্ষাপট কি ছিল?

উত্তর: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় ওসমান (রা:) কে দূত হিসেবে পাঠানোর পর মক্কার কুফ্‌ফাররা তাঁকে বন্দি করে তাদের কাছে রেখে দিল। দীর্ঘ সময় ওসমান (রা:) ফিরে না আসায় মুসলিমদের মধ্যে গুজব ছড়িয়ে পড়লো অথবা কাফেররা ইচ্ছা করে মুসলিমদের শক্তি পরিক্ষা করার জন্য এই খবর ছড়িয়ে দিল যে, তাকে হত্যা করা হয়েছে। আল্লাহর রাসূলকে এ খবর জানানো হলে তিনি বললেন, কুরাইশদের সাথে যুদ্ধ না করে আমরা এ জায়গা থেকে ফিরে যাব না। একথা বলার পর তিনি সাহাবায়ে কিরামদের বাইআতের জন্য আহ্বান জানালেন। সাহাবায়ে কিরাম অত্যন্ত আগ্রহ দেখিয়ে এ মর্মে বাই'আত করলেন যে, যুদ্ধের ময়দান ছেড়ে কেউ পলায়ন করবে না। সর্বাগ্রে বাই'আত করলেন আবু হাছান আছাদী (রা:)। ছালমা ইবনে আকওয়া (রা:) তিনবার বাই'আত করলেন। শুরুতে একবার, মাঝামাঝি সময়ে একবার এবং শেষে একবার। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের এক হাত অন্য হাতে নিয়ে বললেন, এ হাত ওসমানের। বাই'আত গ্রহণ শেষ হলে ওসমান (রা:) এসে হাযির হলে তিনিও বাই'আত করলেন। এই বাইআতে জাদ ইবনে কায়েস নামক একজন লোক অংশ নেয়নি। সে ছিল মুনাফিক।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি গাছের নীচে এই বাই'আত গ্রহণ করেন। উমর (রা:) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাত ধরে রেখেছিলেন। মা'কাল ইবনে ইয়াছার (রা:) গাছের কয়েকটি শাখা ধরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর থেকে সরিয়ে রেখেছিলেন। এই বাই'আত সম্পর্কে আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে ইরশাদ করেন:

{لَقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِي قُلُوبِهِمْ فَأَنْزَلَ السَّكِينَةَ عَلَيْهِمْ وَأَثَابَهُمْ فَتْحًا قَرِيبًا} [الفتح: ١٨]

অর্থ: "অবশ্যই আল্লাহ মুমিনদের উপর সন্তুষ্ট হয়েছেন, যখন তারা গাছের নিচে আপনার হাতে বাই'আত গ্রহণ করেছিল; অতঃপর তিনি তাদের অন্তরে কি ছিল তা জেনে নিয়েছেন, ফলে তাদের উপর প্রশান্তি নাযিল করলেন

এবং তাদেরকে পুরস্কৃত করলেন নিকটবর্তী বিজয় দিয়ে।" (সূরাফাতাহ: ১৮)[২২৪]

এই বাই'আতে আল্লাহ (সুব:) শুধু খুশিই হন নি বরং এ বাই'আতকে আল্লাহ (সুব:) তার নিজের হাতে বাই'আত বলে আখ্যায়িত করেছেন। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{إِنَّ الَّذِينَ يُبَايِعُونَكَ إِنَّمَا يُبَايِعُونَ اللَّهَ يَدُ اللَّهِ فَوْقَ أَيْدِيهِمْ فَمَنْ نَكَثَ فَإِنَّمَا يَنْكُثُ عَلَى نَفْسِهِ وَمَنْ أَوْفَى بِمَا عَاهَدَ عَلَيْهُ اللَّهَ فَسَيُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا} [الفتح: ١٠]

অর্থ: "আর যারা তোমার কাছে বাই'য়াত গ্রহণ করে, তারা শুধু আল্লাহরই কাছে বাই'য়াত গ্রহণ করে; আল্লাহর হাত তাদের হাতের উপর; অতঃপর যে কেউ ওয়াদা ভঙ্গ করলো তার ওয়াদা ভঙ্গের পরিণাম বর্তাবে তারই উপর। আর যে আল্লাহকে দেয়া ওয়াদা পূরণ করবে অচিরেই আল্লাহ তাকে মহা পুরস্কার দেবেন।"[২২৫]

ইবনে ইসহাক বলেন, ওসমান (রা:) নিহত হয়েছেন এই মর্মে খবর পেয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'মুশরিকদের সাথে যুদ্ধ না করে আমরা এ স্থান ত্যাগ করবো না।' অত:পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকল মুসলমানকে বাই'আত (অঙ্গীকার) করার আহবান জানালেন। এটাই ছিলো গাছের নীচে বসে সম্পাদিত "বাই'আতুর রিদওয়ান" বা "আল্লাহর সন্তুষ্টির বাই'আত "।

এ আয়াত সম্পর্কে সাধারণ মুসলিমদের মন্তব্য ছিলো এই যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৃত্যুর জন্যে প্রস্তুত থাকার বাই'আত করিয়েছেন। জাবের ইবনে আব্দুল্লাহ (রা:) বলতেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৃত্যুর জন্যে প্রস্তুত থাকার বাই'আত নয়, বরং আমরা যেন পালিয়ে না যাই সে জন্যে বাই'আত করিয়েছেন। এই বাই'আতে অংশগ্রহণকারীদের মধ্য থেকে একমাত্র বনু সালামা গোত্রের সদস্য জাদ্দ বিন কায়েস ছাড়া আর কেউ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ছেড়ে পিছিয়ে যায়নি। জাবের ইবনে আব্দুল্লাহ (রা:)

---

[২২৪] আর রাহীকুল মাখতুম ৩৫০।

[২২৫] সুরা ফাতাহ ৪৮:১০।

বলতেন, আল্লাহ তায়ালার কসম, আমি যেন স্বচক্ষে দেখতে পাচ্ছি যে, জাদ্দ বিন কায়েস নিজেকে তার উটের বগলের সাথে লেপ্টে রেখে জনসাধারণের দৃষ্টির আড়াল হয়ে কোথাও চলে গেল। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে জানালো যে, ওসমান (রা:) এর ব্যাপারে যা প্রচারিত হয়েছে, তা মিথ্যা।[২২৬]

কুরআন-সুন্নাহর ভিতরে যত জায়গায় বাই'আতের আলোচনা রয়েছে তা কেবল মাত্র খলীফাতুল মুসলিমীনের ক্ষেত্রেই প্রযোজ্য। খলীফাতুল মুসলিমীন বিভিন্ন কাজের জন্য বাই'আত নিতে পারেন, ইসলামের জন্য, জিহাদের জন্য, বিশেষ কোন দায়িত্ব পালনের জন্য অথবা ব্যক্তিগত ইসলাহে নাফসের (আত্মশুদ্ধির) জন্য ইত্যাদি। যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের থেকে বিভিন্ন সময় বিভিন্ন কাজের জন্য বাই'আত গ্রহণ করেছেন। কিন্তু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জীবিত থাকা অবস্থায় সাহাবায়ে কিরামগণ বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়েন কিন্তু তারা কি কোন "বাই'আত" নিয়েছেন? না, কোথাও তার কোন প্রমাণ নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মৃত্যুর পর আবু বকর সিদ্দিক (রা:) খলীফা হলেন। তাঁর কাছে লোকেরা বাই'আত দিল। আবু বকরের খিলাফত চলাকালীন সময়ে কোন সাহাবী কি বাই'আত নিয়েছিলেন? না, এরও কোন প্রমাণ নেই। এভাবে উমর (রা:) উসমান (রা:) সহ সকল খলীফার যুগে এই একই অবস্থা বিরাজমান ছিল। সে সময় ইসলাহে নফ্সের জন্য কোন পীর সাহেব ক্বেবলা বাই'আত নেননি। কোন তরিকার বাই'আতও নেননি। কারণ তারা নিম্নের হাদীসগুলো সম্পর্কে অবগত ছিলেন। যে হাদীসগুলোকে একই সময় একধিক খলীফার বাই'আত গ্রহণকে নিষিদ্ধ করা হয়েছে।

প্রশ্ন: খলীফা কতজন হবে? একই সময় একাধিক খলীফা হওয়ার বৈধতা ইসলামি শরি'আত অনুমোদন করে কি?

উত্তর: পূর্বের আলোচনা দ্বারা পরিষ্কার হয়ে গেল যে, বাই'আত শুধু মুসলিমদের খলীফা বা ইমামকেই দিতে হবে। এখন প্রশ্ন হলো যে, একই

[২২৬] তাফসীর ফী যিলালিল কোরআন খন্ড: ১৯ পৃ: ১১৮।

সঙ্গে একাধিক খলীফা বা ইমামকে বাই'আত দেয়া যাবে কিনা। এ সম্পর্কে সহীহ হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ أَبِى سَعِيدٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: إِذَا بُويِعَ لِخَلِيفَتَيْنِ فَاقْتُلُوا الآخَرَ مِنْهُمَا

অর্থ: "আবু সা'ঈদ (রা:) থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যদি একই সময়ে দুই জন খলীফা বাই'আত গ্রহণ করে তাহলে দ্বিতীয় জনকে কতল (হত্যা) করে ফেল।"[২২৭] অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ عَرْفَجَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « إِنَّهُ سَتَكُونُ هَنَاتٌ وَهَنَاتٌ فَمَنْ أَرَادَ أَنْ يُفَرِّقَ أَمْرَ هَذِهِ الأُمَّةِ وَهْىَ جَمِيعٌ فَاضْـــرِبُوهُ بِالـــسَّيْفِ كَائِنًا مَنْ كَانَ

অর্থ: 'আরফাজা (রা:) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: অচিরেই বিভিন্ন ধরণের নতুন নতুন বিশৃঙ্খলা ও কলহ-বিবাদের সৃষ্টি হবে। সুতরাং যে ব্যক্তি এই উম্মতের (উম্মতে মুহাম্মদীর) ঐক্য ও সংহতির মধ্যে বিচ্ছিন্নতা সৃষ্টি করতে চায় এবং তাদের ঐক্যের মধ্যে ফাটল ধরাতে চেষ্টা করে, তলোয়ার দ্বারা তোমরা তাকে শায়েস্তা কর। চাই সে যে-কেউ হোক না কেন।[২২৮]

অন্য এক হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ عَرْفَجَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « مَنْ أَتَـــاكُمْ وَأَمْرُكُمْ جَمِيعٌ عَلَى رَجُلٍ وَاحِدٍ يُرِيدُ أَنْ يَشُقَّ عَصَاكُمْ أَوْ يُفَرِّقَ جَمَاعَتَكُمْ فَاقْتُلُوهُ

অর্থ: 'আরফাজা (রা:) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: যদি কোন ব্যক্তি বৈধ ও নির্বাচিত খলীফার

[২২৭] সহীহ মুসলিম, "কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।)

[২২৮] সহীহ মুসলিম ৪৯০২; ("কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।) মুসনাদে আহমদ ১৯০০০।

বিরূদ্ধাচরণ করবে সংকল্প নিয়ে তোমাদের নিকট আসে, অথচ অবস্থা হল যে, তোমরা কোন একজন খলীফা বা শাসকের আনুগত্যে ঐক্যবদ্ধ রয়েছে। তবে যে লোক তোমাদের সেই ঐক্য ও সংহতিকে বিনষ্ট করার উদ্দেশ্য নিয়ে মাথাচাড়া দিয়ে উঠেছে, তাকে কতল করে দাও।[২২৯]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِىِّ صلى الله عليه وسلم قَالَ « كَانَتْ بَنُو إِسْرَائِيلَ تَسُوسُهُمُ الأَنْبِيَاءُ كُلَّمَا هَلَكَ نَبِىٌّ خَلَفَهُ نَبِىٌّ وَإِنَّهُ لاَ نَبِىَّ بَعْدِى وَسَتَكُونُ خُلَفَاءُ فَتَكْثُرُ ». قَالُوا فَمَا تَأْمُرُنَا قَالَ « فُوا بِبَيْعَةِ الأَوَّلِ فَالأَوَّلِ وَأَعْطُوهُمْ حَقَّهُمْ فَإِنَّ اللَّهَ سَائِلُهُمْ عَمَّا اسْتَرْعَاهُمْ (صحيح مسلم)

অর্থ: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, বনী ইসরাইল এর নবীগন তাদের উম্মতকে শাসন করতেন। যখন কোন একজন নবী ইন্তেকাল করতেন তখন অন্য একজন নবী তার স্থলাভিষিক্ত হতেন। আর আমার পরে কোন নবী নেই, তবে অনেক খলীফা হবে। সাহাবাগণ আরজ করলেন, ইয়া রাসূলুল্লাহাল্লাহ! তখন আমাদেরকে কি নির্দেশ করছেন? তিনি বললেন তোমরা একের পর এক তাদের বাই'আতের হক আদায় করবে। তোমাদের উপর তাদের যে হক রয়েছে তা আদায় করবে। আর নিশ্চই আল্লাহ (সুব:) তাদের জিজ্ঞাসা করবেন ঐ সকল বিষয় সমন্ধে যে সবের দায়িত্ব তাদের উপর অর্পন করা হয়েছিল।[২৩০]

অন্য একটি হাদীসে আরো কঠোরভাবে বলা হয়েছে:

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ قَالَ رَسُوْلُ الله صلى الله عليه و سلم مَنْ بَايَعَ إِمَامًا فَأَعْطَاهُ صَفْقَةَ يَدِهِ وَثَمَرَةَ قَلْبِهِ فَلْيُطِعْهُ إِنِ اسْتَطَاعَ فَإِنْ جَاءَ آخَرُ يُنَازِعُهُ فَاضْرِبُوا عُنُقَ الآخَرِ

অর্থ: আব্দুল্লাহ ইবনে 'আমর (রা:) বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যেই ব্যক্তি ইমামের (খলীফার) বাই'আত করল,

[২২৯] সহীহ মুসলিম ৪৯০৪; "কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।)

[২৩০] সহীহ বুখারী-৩৪৫৫,৩২১০ মুসলিম ৪৮৭৯

এবং অন্তর হতে সেই বাই'আতের প্রতি সন্তুষ্টি প্রকাশ করল, সে যেন যথাসাধ্য তার আনুগত্য করে। এরপর যদি কোন ব্যক্তি (ইমামত বা খেলাফতের দাবী তুলে) প্রথম ইমামের মোকাবেলায় দাঁড়ায়, তখন তোমরা পরবর্তী দাবীদারের ঘাড় সংহার করে দাও।[২৩১]

উপরোক্ত হাদীসগুলো থেকে বুঝা গেল যে, মুসলিমদের খলীফা হবেন একজন। একজন খলীফা থাকা অবস্থায় যদি আরেকজন খলীফা গজায় তাহলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশ মোতাবেক তার গর্দান উড়িয়ে দিতে হবে। সে যতবড় ব্যক্তিই হোক না কেন। একারণেই মুসলিম জাতির ইতিহাস পড়লে দেখা যায় যখনই দুই খলীফা বাই'আত নেয়া শুরু করে তখনই এই হাদিসগুলোর উপর আমল করার জন্য উভয় গ্রুপ প্রতিপক্ষের বিরূদ্ধে অস্ত্র ধারণ করেছে।

এদেশের পীর সাহেবগণ মুরীদ বানাতে গিয়ে সাধারণ মুসরিমদের থেকে যে বাই'আত নেন এবং পীরের কাছে মুরীদ হওয়া ফরজ বলেন, সে জন্য তারা কুরআন ও হাদীসের ঐ দলিল গুলোই পেশ করেন যা আমরা মুসলিমদের সর্বোচ্চ নেতা খলীফাতুল মুসলিমীনের জন্য পেশ করেছি। এখন আমাদের প্রশ্ন হল যদি তরিকার পীর সাহেবগন কুরআন ও হাদীসের ঐ দলিলগুলো পীর মুরীদির জন্য ব্যবহার করেন তাহলে আমাদের জিজ্ঞাসা হল যে, একাধিক খলীফা হলে যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথম খলীফাকে বাদ দিয়ে বাকীদের হত্যা করতে বলেছেন এগুলোও কি তারা পীর সাহেবদের বেলায় প্রয়োগ করবেন?

তাহলে আসুন! এদেশের সকল পীর সাহেবদেরকে কোন এক মাঠে একত্র করি, তারপর তাদের মধ্যে যে সর্বপ্রথম পীর হয়েছে তাকে বহাল রেখে অবশিষ্ট সকলের উপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস কার্যকর করণার্থে তরবারী দ্বারা তাদের গর্দানগুলো উড়িয়ে দেই। তখন হয়তো পীর সাহেবগন ও তাদের সমর্থক মুহাদ্দিসগন বলবেন যে, না

[২৩১] সহীহ মুসলিম ৪৮৮২; "কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।) সুনানে আবু দাউদ ৪২৫০; সুনানে নাসায়ী ৪২০২; মুসনাদে আহমদ ৬৫০১।

এই হত্যার নির্দেশ যে খলীফার জন্য দেওয়া হয়েছে সেটা আমাদের পীর সাহেবদের খলীফার কথা বলা হয় নি বরং ওটা মুসলিমদের রাষ্ট্রীয় খলীফার জন্য প্রযোজ্য। ওহ! তাহলে হত্যা দেখলে বাই'আতের হাদীস চলে যায় রাষ্ট্রীয় খলীফার জন্য। আর হালুয়া-রুটি ও গদী দেখলে তখন বাই'আতের হাদীস চলে যায় পীর সাহেবের জন্য। আফসোস তাদের ইলমের জন্য, আফসোস তাদের হাদীস বিকৃতির জন্য, আফসোস তাদের মুসলিম জাতির খিলাফত ব্যবস্থাকে ছিনতাই করার জন্য। মূলতঃ মুসলিম জাতির একক নেতৃত্বের প্রতীক খিলাফত ব্যবস্থাকে ইহুদী-খৃষ্টানরা ধংস করে দিয়ে নিজেরা পোপতন্ত্র চালু করেছে, এখন দুনিয়ার সকল খৃষ্টানরা একজন পোপের নেতৃত্বে চলে। কিন্তু ওরা দেখল যে, তারা যদিও খিলাফত ব্যাবস্থাকে ধংস করেছে কিন্তু খিলাফত-বাই'আত সর্ম্পকীয় যে আয়াত ও হাদীস রয়েছে তা তো মুছে ফেলা সম্ভব হয় নি। তাই যদি মুসলিমরা ঐ আয়াত এবং হাদীসগুলোর প্রতি উদ্বুদ্ধ হয়ে আবার খিলাফত ব্যবস্থা পুনঃবহাল করে গোটা মুসলিম জাতিকে এক খলীফার অধীনে ঐক্যবদ্ধ হয়ে إِنَّمَا الْإِمَامُ جُنَّةٌ يُقَاتَلُ مِنْ وَرَائِه " ইমাম ঢাল স্বরূপ তাঁর অধীনে মুসলিমরা যুদ্ধ করবে" এই হাদীসের উপর আমল করা শুরু করে তাহলে দুনিয়ার কাফির-মুশরিক, হিন্দু-বৌদ্ধ, ইহুদী-খৃষ্টানরা পালানোর জায়গাও খুজে পাবে না।

সে জন্য কুরআন-হাদীসে বর্ণিত খিলাফত-বাই'আত কে পীর সাহেবদের ভিতর ঢুকিয়ে দিয়ে খিলাফত প্রতিষ্ঠার পথকে চিরস্থায়ীভাবে বন্ধ করে দেওয়ার জন্য চক্রান্ত করা হয়েছে। আর সেই চক্রান্ত বাস্তবায়ন করছেন তরিকার পীর-মাশায়েখগন। তাইতো দেখি যখন তরিকতপন্থী মুহাদ্দিসগন বাই'আতের হাদীস পড়ান তখন তারা ছাত্রদেরকে উপদেশ প্রদান করেন যে, "তোমরা ফারেগ হয়ে (লেখাপড়া শেষ করে) কোন হক্কানী পীরের হাতে হাত দিয়ে বাই'আত দিবা"। এইভাবে একটা বিভ্রান্তির রঙীন গ্লাস চোখে লাগিয়ে দেয় এরপর ঐ ছাত্ররা আবার যখন শিক্ষক হয় তখন তাদের ছাত্রদের কে একইভাবে বিভ্রান্তির রঙীন গ্লাস পরিধান করিয়ে দেয়। এভাবেই খিলাফত-বাইআতের আয়াত ও হাদীসগুলোকে ছিনতাই করা হয়েছে।

প্রশ্নঃ 'আলী (রাঃ) চার তরিকার পীর' এই কথাটি কতটুকু সত্য?

উত্তরঃ তরিকার পীর সাহেবগণ তাদের মুরীদদের বিভ্রান্ত করার জন্য বলে থাকেন যে, তাদের এই তরিকার বাই'আত নাকি আলী (রাঃ) হতে চলে এসেছে। আর আলী (রাঃ) কে স্বয়ং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খিলাফত দিয়েছেন। এভাবে তারা আলী (রাঃ) কে চার তরিকার পীর বানিয়ে মনগড়া একটি শাজারা (পীরদের ধারাবাহিক সিলসিলা) তৈরী করে সাধারণ মুসলিমদেরকে ধোঁকা দিচ্ছে।

আমরা তাদের জবাবে বলতে চাই যে, এই বক্তব্য মূলতঃ শিয়াদের। শিয়াদের আক্বিদা হলো যে, আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'গাদীরে খুম' নামক স্থানে আলী (রাঃ) কে খিলাফত প্রদান করেন। সেমতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পরে তিনিই সরাসরি খলীফা। আবু বকর, উমর ও ওসমান (রাঃ) এই তিনজন-ই অবৈধ খলীফা, এরা ছিল মুরতাদ। (নাউজুবিল্লাহ)। এদেরকে যারা মান্য করেছে তারাও মুরতাদ হয়ে গেছে।

তরিকার পীর-মাশায়েখগন যে, আলী (রাঃ) কে চার তরিকার সকল পীরদের পীর বলেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খলীফা বলেন, তাহলে তারাও কি শিয়াদের মত আবু বকর, উমর, ওসমান (রাঃ) কে অবৈধ খলীফা বলবেন? আলী (রাঃ) কে যদি আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খলীফা নিযুক্ত করেই থাকেন তাহলে "ছক্বিফায়ে বনু সা'য়েদাহ" তে বসে নতুন খলীফা নিযুক্তির প্রয়েজনইবা কি ছিল? এটা আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশকে সরাসরি অমান্য করা নয় কি? তাছাড়া ঐখানে উপস্থিত সাহাবারা যখন আবু বকর (রাঃ) কে বাই'আত দিলেন তারপর আবার মসজিদে নববীতে 'আম বাই'আত ' নিলেন তখন বাকি সাহাবীদের উচিৎ ছিল আবু বকর (রাঃ) কে হত্যা করে ফেলা। কারণ আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন إِذَا بُويِعَ لِخَلِيفَتَيْنِ فَاقْتُلُوا الْآخَرَ مِنْهُمَا "যদি একই সময়ে দুই জন খলীফা বাই'আত গ্রহণ করে অথবা

একজন খলীফা থাকা অবস্থায় আরেকজন খলীফা বাই'আত নিতে চায় তাহলে তোমরা দ্বিতীয় জনকে কতল (হত্যা) করে ফেল।" যখন সাহাবাগন আবু বকর (রা:) কে হত্যা করলেন না বরং হত্যা তো দুরের কথা কেউ তার বিরোধিতাও করলেন না। আলীকে খিলাফত দেওয়ার প্রসঙ্গও কেউ তুললেন না। এমনকি খোদ আলী (রা:) নিজেও কোন আপত্তি তুললেন না তাহলে বুঝতে হবে যে, আলী (রা:) কে খিলাফত দেওয়ার বিষয়টি কোন সাহাবী জানতেন না এমনকি খোদ আলী (রা:) নিজেও জানতেন না। বরং পীর সাহেবগন তাদের গোপন কাশফের মাধ্যমে জেনেছেন হয়তো?
অথবা তাদের হীনস্বার্থ চরিতার্থ করার জন্য সম্পূর্ণভাবে মিথ্যা রটনা করা হয়েছে। আর মূলত বিষয়টি তাই।

পীর সাহেবগন বলতে পারেন যে, আলী (রা:) কে যেই খেলাফত প্রদান করা হয়েছিল সেটা ছিল "তাসাউউফ বা বাতেনী খিলাফত"। তাহলে আমি জানতে চাই যে, রাষ্ট্রীয় খিলাফত আর বাতেনী বা ধর্মীয় খিলাফত কি আলাদা? যদি আলাদা হয়ে থাকে তাহলে সেই আধ্যাত্মিক খলীফা একাধিক হতে পারেন কি? যদি পারেন তাহলে আমার প্রশ্ন, আবু বকর, ওমর ও ওসমান (রা:) সেই খিলাফত পাওয়ার যোগ্য ছিলেন কিনা? পীরদের খলীফা যদি একই সাথে শত শত হতে পারে তাহলে আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুধুমাত্র একজনকে খিলাফত দিলেন কেন? আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর লক্ষাধিক সাহাবাদের মধ্যে শুধুকি একজনই সেই যোগ্যতা লাভ করেছিলেন? আর পীর সাহেবগন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর থেকে কয়েক শতগুণ বেশী খিলাফতের যোগ্যলোক তৈরি করলেন? এটা কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মত মহান মু'আল্লিমকে পীর সাহেবদের থেকে ছোট করা হলো না? নাকি পীর সাহেবগনও শিয়া? যাদের আক্বীদা হলো, আলী সহ কয়েকজন সাহাবী ছাড়া বাকী আবু বকর, ওমর, ওসমান (রা:) সহ সবাই ছিল মুনাফিক এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মৃত্যুর পর সবাই মুরতাদ হয়ে গিয়েছিল (না'উযুবিল্লাহ)।

আসল রহস্যটা কিন্তু এখানেই। এই প্রচলিত পীর-মুরিদীর তরিকা, খিলাফত, বাই'আত সব কিছুই শিয়াদের থেকে আমদানীকৃত। এমনকি খোদ পীর শব্দটিও ফার্সী, যা ইরানী শিয়াদের মাতৃভাষা এবং পীরদের কবিতা-কাহিনী বেশীর ভাগই ফার্সী ভাষায়। ফার্সী ভাষার মাধ্যমে শিয়াদের আক্বীদা, আর উর্দু ভাষার মাধ্যমে হিন্দুদের সন্যাসীবাদ এবং **فَصْلُ السِّيَاسَةِ عَنِ الدِّيْنِ** বা ধর্মীয় খলীফা আর রাষ্ট্রীয় খলীফা আলাদা করার মাধ্যমে খৃষ্টানদের **رُهْبَانِيَّـــةٌ** বা বৈরাগ্যবাদকে গ্রহণ করে বিভিন্ন প্রকার দেশীয় গাছ-গাছরায় তৈরী একটি ভেষজ ইসলাম পালন করছেন এদেশের লক্ষ লক্ষ মুসলমান।

বর্তমানে পীর সাহেবগণ এবং তাদের সমর্থক কতিপয় আলেমগণ বলতে শুরু করেছেন, পীর সাহেবদের সকল তরিকা-ই সাহাবায়ে কিরামদের থেকে চালু হয়েছে, সুতরাং এগুলো নতুন কোন বিদ'আত নয়। আমি আমার শ্রদ্ধেয় ওলামায়ে কিরামদের বলতে চাই, যদি সত্যি তাই হয় তাহলে তরিকাগুলোর নাম সাহাবায়ে কিরামদের নামানুসারে হওয়া উচিত ছিল যেমন: আলী (রা:) এর নামানুযায়ী 'আলাভী' (যেমন শীয়াদের একটি গ্রুপ রয়েছে) অথবা 'ফাতেমী', ওসমানী, ফারুকী, ছিদ্দিকী, হাসানী, হুসাইনী (যেমন বর্তমানে অনেক বিদ'আতিরা এসকল সিলসিলা তৈরী করতে শুরু করতে শুরু করেছে)। কিন্তু তা না হয়ে, তরিকাগুলো চিশতী, কাদেরী, নকশাবন্দি, মুজাদ্দেদী, সাবেরী ইত্যাদি নামে কেন নামকরণ করা হলো? যখন সাহাবায়ে কিরামদের নামানুসারে না হয়ে পরবর্তী কিছু পীর-বুযুর্গদের নামে নামকরণ করা হয়েছে তখন বুঝতে হবে এগুলোর সাথে সাহাবায়ে কিরামদের আদৌ কোন সম্পর্ক নেই। বরং সাহাবায়ে কিরামদের নামে ডাহা মিথ্যা কথা বলা হচ্ছে।

প্রশ্ন: বর্তমানে পীর-মুরীদদের বাই'আত ছাড়াওতো বিভিন্ন দলীয় বাই'আত নেওয়া হচ্ছে, এগুলোর ব্যাপারে শরীয়াতের বিধান কি?
উত্তর: এজাতীয় বাই'আতের কোন ভিত্তি কুরআন-হাদীস ও সালাফে সালেহীনদের ইতিহাসে খুঁজে পাওয়া যায় না। কারণ তখন মুসলিম জাতির খলীফা বা ইমাম ছিলেন। মুসলিমরা কেবল মাত্র তাদেরকেই বাই'আত

দিতেন যা ইতিপূর্বেই দলিল-প্রমাণসহ আলোচনা করা হয়েছে। কাজেই এই জাতীয় নতুন দল ও ফেরকা তৈরী করার-ই তো কোন সুযোগ ইসলামে নেই। তারপর বাই'আত ? সে তো খলীফাতুল মুসলিমিন এর অধিকার। আর খিলাফত ব্যবস্থা না থাকলে তখন ইকামতে দ্বীন এর জন্য, কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য, মাজলুমকে সাহায্য করার জন্য মুসলিমগণ একজন ইমাম নিযুক্ত করে তার নিকটে বাইআতের শর্ত পুরণের অঙ্গীকার করবে। আলাদা আলাদাভাবে দলীয় আমীর বা তরিকার পীরদেরকে বাই'আত নেয়ার অধিকার দেয়া যাবেনা। কেননাঃ

প্রথম দলীলঃ কুরআন ও হাদীসে বর্ণিত মুসলিমদের জামাআতকে আঁকড়ে ধরা এবং বাই'আত দেয়া ওয়াজিব হওয়ার দলিল-প্রমাণকে এসব খন্ড-খন্ড দলের ক্ষেত্রে প্রয়োগ করার কোন সুযোগ নেই। কেননা ওগুলো শুধুমাত্র গোটা মুসলিম উম্মাহর ইমামের জন্যই প্রযোজ্য।

দ্বিতীয় দলীলঃ খন্ড-খন্ড দল তৈরীর মাধ্যমে মূলত মুসলিম জাতির মধ্যে বিভক্তি সৃষ্টি করা হয় এবং মুসলিম জাতির ঐক্য ধ্বংস হয়ে যায়। আর যারা মুসলিম জাতির ঐক্যের মধ্যে ফাটল ধরাতে চায় আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে কঠোর হস্তে দমন করার আদেশ করেছেন। হাদীসঃ

عَنْ زِيَادِ بْنِ علاَقَةَ قَالَ سَمِعْتُ عَرْفَجَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « إِنَّهُ سَتَكُونُ هَنَاتٌ وَهَنَاتٌ فَمَنْ أَرَادَ أَنْ يُفَرِّقَ أَمْرَ هَذِهِ الأُمَّةِ وَهْىَ جَمِيعٌ فَاضْرِبُوهُ بِالسَّيْفِ كَائِنًا مَنْ كَانَ

অর্থঃ আরফাজা (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতে শুনেছি, তিনি বলেছেনঃ অচিরেই বিভিন্ন ধরণের নতুন নতুন বিশৃঙ্খলা ও কলহ-বিবাদের সৃষ্টি হবে। সুতরাং যে ব্যক্তি এই উম্মতের (উম্মতে মুহাম্মদীর) ঐক্য ও সংহতির মধ্যে বিচ্ছিন্নতা সৃষ্টি

করতে চায় এবং তাদের ঐক্যের মধ্যে ফাটল ধরাতে চেষ্টা করে, তলোয়ার দ্বারা তোমরা তাকে শায়েস্তা কর। চাই সে যে-কেউ হোক না কেন।[২৩২]

তৃতীয় দলীলঃ হাদীস শরীফে খন্ড-খন্ড জামা'আত বা ফেরকার সাথে সম্পৃক্ত হতে নিষেধ করা হয়েছে। হয়তো জামাআতুল মুসলিমীন তথা গোটা মুসলিম উম্মাহর আমীরের সাথে সম্পৃক্ত হবে নতুবা সব ফেরকা থেকে আলাদা থাকতে হবে। যেমন হুজায়ফা (রা) এর হাদীসে বলা হয়েছেঃ **فَإِنْ لَمْ تَكُنْ لَهُمْ جَمَاعَةٌ وَلاَ إِمَامٌ قَالَ فَاعْتَزِلْ تِلْكَ الْفِرَقَ كُلَّهَا**
অর্থঃ"যদি মুসলিমদের কোন জামাআহ এবং ইমাম না থাকে সে সময় তুমি ঐ সকল ফেরকা এবং দল থেকে আলাদা থাকবে।"[২৩৩]

বিঃদ্রঃ একটি সংশয় নিরসন,

হুজায়ফা (রাঃ) এর হাদীসের উপর ভিত্তি করে অনেকে বলে যে, বর্তমান সময়ে সকল দল পরিত্যাগ করে আলাদা হয়ে থাকতে হবে। কারণ এই হাদীসের মধ্যে সকল দল ত্যাগ করতে বলা হয়েছে। কিন্তু তাদের এই ধারণাটি সঠিক নয়। কারণ, এই হাদীসের মধ্যে 'ফেতনার যামানায় যেই সমস্ত বাতিল দল থাকবে তাদের থেকে আলাদা হয়ে থাকতে বলা হয়েছে'। হক-বাতিল সকল প্রকারের জামাআত ত্যাগ করার কথা বলা হয়নি। এর দলীল হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঐ হাদীসগুলো যেখানে 'হকপন্থি জামাআত কেয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে বলে' ঘোষণা দেয়া হয়েছে এবং ঐ সমস্ত হাদীস যেখানে "হকপন্থি জামাআতের আমিরের কাছে বাই'আত দেয়ার আদেশ করা হয়েছে"।

নিম্নে হাদীসগুলো ধারাবাহিকভাবে উপস্থাপন করা হলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ

---

[২৩২] সহীহ মুসলিম ৪৯০২; ("কিতাবুল ইমারাহ বা প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়", "যদি দুইজন ইমাম (রাষ্ট্রপ্রধানের) পক্ষ থেকে বাইআত গ্রহণ করা হয়" পরিচ্ছেদ।) মুসনাদে আহমদ ১৯০০০।

[২৩৩] সহীহ মুসলিম ৪৮৯০।

عن جَابِرَ بْنَ عَبْد اللَّه يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّه –صلى الله عليه وسلم– يَقُولُ لاَ تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِى يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ ظَاهِرِينَ إِلَى يَوْمِ الْقِيَامَة

অর্থ: "জাবের ইবনে আবদুল্লাহ (রা:) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: আমার উম্মতের একদল লোক কেয়ামত (কায়েম হওয়া) পর্যন্ত সত্য দ্বীনের সংরক্ষণের জন্য যুদ্ধ করতে থাকবে এবং তারা বিজয়ী হবে।"[২৩৪]

এ সম্পর্কে আরেকটি হাদীস:

عَنْ سَلَمَةَ بْنِ نُفَيْلٍ الْكِنْدِيِّ قَالَ كُنْتُ جَالِسًا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ أَذَالَ النَّاسُ الْخَيْلَ وَوَضَعُوا السِّلَاحَ وَقَالُوا لَا جِهَادَ قَدْ وَضَعَتْ الْحَرْبُ أَوْزَارَهَا فَأَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَجْهِهِ وَقَالَ كَذَبُوا الْآنَ الْآنَ جَاءَ الْقِتَالُ وَلَا يَزَالُ مِنْ أُمَّتِي أُمَّةٌ يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ وَيُزِيغُ اللَّهُ لَهُمْ قُلُوبَ أَقْوَامٍ وَيَرْزُقُهُمْ مِنْهُمْ حَتَّى تَقُومَ السَّاعَةُ وَحَتَّى يَأْتِيَ وَعْدُ اللَّهِ وَالْخَيْلُ مَعْقُودٌ فِي نَوَاصِيهَا الْخَيْرُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

অর্থ: "সালামা ইবনে নুফাইল আল কিন্দী (রা:) বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বসেছিলাম এমতাবস্থায় এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলল, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকেরা ঘোড়াগুলোকে অপ্রয়োজনীয় মনে করছে এবং অস্ত্র রেখে দিয়েছে। আর বলছে, এখন আর জিহাদ নেই। যুদ্ধ শেষ হয়ে গেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের দিকে তাকিয়ে বললেন, তারা মিথ্যা বলেছে। এখনই, হ্যাঁ, এখনই যুদ্ধের সময় হয়েছে। আমার উম্মতের একটি দল হক্বের উপর যুদ্ধ করতে থাকবে। আল্লাহ তা'আলা তাদের জন্য অন্য জাতিগুলোর অন্ত রকে বাঁকা করে দিবেন এবং তাদের (মুজাহিদগন)-কে ওদের (গুমরাহদের) থেকে রিযিক দেবেন। কিয়ামত আসা ও আল্লাহর ওয়াদা বাস্তবায়ন হওয়া পর্যন্ত তা অব্যাহত থাকবে। আর (মুজাহিদদের) ঘোড়ার

[২৩৪] মুসলিম শরিফ ১৫৬, আহমদ ১৪৭৬২, ইবনে হিব্বান ৬৮১৯, ইবনুল জারুদ ১০৩১, বাইহাক্বী ১৮৩৯৬

ললাটের সঙ্গে কল্যাণ বাঁধা থাকবে কিয়ামত পর্যন্ত।"[২৩৫] অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنِ النَّبِيِّ –صلى الله عليه وسلم– أَنَّهُ قَالَ « لَنْ يَبْرَحَ هَذَا الدِّينُ قَائِمًا يُقَاتِلُ عَلَيْهِ عِصَابَةٌ مِنَ الْمُسْلِمِينَ حَتَّى تَقُومَ السَّاعَةُ

অর্থ: "জাবের ইবনে সামুরাহ (রা:) হতে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন; এই দ্বীন (ইসলাম) স্থায়ীভাবে প্রতিষ্ঠিত থাকবে এবং মুসলিমদের একটি দল কিয়ামত পর্যন্ত এই দ্বীনের উপর অটল থেকে অব্যাহত ভাবে যুদ্ধ চালিয়ে যাবে।"[২৩৬] অন্য হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ مُعَاوِيَةَ بْنِ اَبِيْ سُفْيَانَ اَنَّ رَسُوْلَ الله صلى الله عليه وسلم قَالَ لاَ تَزَالُ عِصَابَةٌ مِنَ الْمُسْلِمِينَ يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ ظَاهِرِينَ عَلَى مَنْ نَاوَأَهُمْ إِلَى يَوْمِ الْقِيَامَة

অর্থ: "মুসলিমদের একটি জামা'আত হক্বের উপর অটল থেকে অব্যাহত ভাবে কিয়ামত পর্যন্ত যুদ্ধ চালিয়ে যাবে। যারা তাদের বিরোধী শক্তির উপর বিজয়ী হয়ে থাকবে।"[২৩৭]

চতুর্থ দলীল: দল তৈরীর মাধ্যমে মুসলিম জাতির ঐক্য বিনষ্ট হয়। আল্লাহর দিকে আহবান করার পরিবর্তে দলের দিকে আহবান করা হয়। বিভিন্ন দলের কর্মীদের মধ্যে পরস্পরে বিদ্বেষ এবং শত্রুতার সৃষ্টি হয়। শায়েখ বকর ইবনে আবদুল্লাহ আবু জায়েদ বলেন:

والخلاصة: أن البيعة في الإسلام واحدة من ذوي الشوكة: أهل الحل والعقد لولي المسلمين وسلطانهم وأن ما دون ذلك من البيعات الطرقية والحزبية في بعض الجماعات الإسلامية المعاصرة كلها بيعات لا أصل لها في الشرع، لا من كتاب الله ولا سنة رسوله عليه الصلاة والسلام، ولاعمل صحابي ولا تابعي، فهي بيعات

[২৩৫] সুনানে নাসায়ী ৩৫৬৩।

[২৩৬] সহীহ মুসলিম ৫০৬২, কানজুল উম্মাল ৩৪৪৯৫, আহমদ ২১০২৩, ইতহাফুল খিয়ারাহ ৭৪১৫, মুসনাদে সাহাবা, মুজামুল কাবীর ১৯৩১।

[২৩৭] সহীহ মুসলিম ৫০৬৫, আহমদ ১৬৮৯৫, মুজামুল কাবীর ১০১৬, আবি আওয়ানাহ ৬/৪১, জামেউল আহাদীস ৬৭৭৭, তাহজীবুল আছার ৯২৩।

مبتدعة، وكل بدعة ضلالة وكل بيعة لا أصل لها في الشرع فهي غير لازمة العهد، فلا حرج ولا إثم في تركها ونكثها، بل الإثم في عقدها؛ لأن التعبد بها أمر محدث لا أصل له، ناهيك عما يترتب عليها من تشقيق الأمة وتفرقها شيعًا وإثارة الفتن بينها، واستعداء بعضها على بعض فهي خارجة عن حد الشرع سواء سميت بيعة أو عهدا أو عقدا

অর্থ: **“**মোট কথা: ইসলামে বাই‘আত কেবল মাত্র একটাই, আর তা হল খলীফাতুল মুসলিমীন বা ইমামুল মুসলিমীনের জন্য। এছাড়া যত প্রকার বাই‘আত আছে চাই সে দলীয় বাই‘আত হোক অথবা তরিকার বাই‘আত হোক, এগুলোর ইসলামী শরীয়তে কোন ভিত্তি নেই। কোরআনে নাই, হাদীসে নাই, কোন সাহাবীর আমলে নাই, কোন তাবেয়ীর আমলে নাই। সুতরাং এগুলো নিশ্চিত বেদ’আতী বাই‘আত। আর সকল বিদ‘আত গোমরাহী। সুতরাং এজাতীয় কোন বাই‘আত কেউ দিয়ে থাকলে সে বাই‘আত রক্ষা না করে ভঙ্গ করলে কোন গুনাহ হবে না। বরং এজাতীয় বাই‘আত রক্ষা করলে গুনাহ হবে। কারণ এর মাধ্যমে উম্মাহকে বিভক্ত করা, তাদের মধ্যে দলাদলী ও ফাটল তৈরি করা, বিভেদ এবং শত্রুতা সৃষ্টি করা হয়, যা ইসলামি শরিয়াতের সম্পূর্ণ পরিপন্থি। চাই এটাকে বাই‘আত বলা হোক অথবা চুক্তি বা অঙ্গিকার বলা হোক শরীয়তের আওতাভূক্ত কোন বাই‘আত নয়। তাই এসকল বাই‘আত বর্জন করা জরুরী।[২৩৮]

ব্যতিক্রমী বাই‘আত

পূর্বের আলোচনা দ্বারা বুঝা গেল খলীফাতুল মুসলিমীন বা ইমামূল মুসলিমীন ছাড়া অন্য কারো জন্য বাই‘আত নেয়ার কোন সুযোগ নেই। তবে কিছু শক্তিশালী দলীল পাওয়া যাওয়ার কারণে শুধুমাত্র জিহাদের ময়দানে শর্ত সাপেক্ষে খলীফাতুল মুসলিমীন বা ইমামুল মুসলিমীন ছাড়া অন্য কেউ তাৎক্ষনিক ভাবে জিহাদের কার্যক্রম পরিচালনা করার জন্য বাই‘আত নিতে পারবে। নিম্নে তার দলিল সমূহ পেশ করা হলো:

[২৩৮] আল বাইআতুল আম্মাহ্ ওয়াল খাচ্ছাহ ১৯৬।

ইয়ারমুকের যুদ্ধে ইকরামা ইবনে আবু জাহালের ঘটনা। হাফেজ ইবনে কাছির (র:) তার প্রসিদ্ধ গ্রন্থ “আল বিদায়াহ ওয়ান নিহায়াহ” এর ৭ নাম্বার খন্ডের ১৫ নাম্বার পৃষ্ঠায় উল্ল্যেখ করেছেন।

قَالَ عِكْرِمَةُ بْنُ أَبِيْ جَهْلٍ يَوْمَ الْيَرْمُوْك: قَاتَلْتُ رَسُوْلَ اللهِ صَلَّىْ اللهُ عَلَيْه وَسَلَّمَ فِيْ مَوَاْطِنَ وَأَفِرُّ مِنْكُمُ الْيَوْمَ ؟ ثُمَّ نَادَىْ: مَنْ يُبَايِعُ عَلَى الْمَوْتِ ؟ فَبَايَعَهُ عَمُّهُ الْحَارِثُ بْنُ هِشَامٍ، وَضِرَارُ بْنُ الْاَزْوَرِ فِيْ أَرْبَعمِأَةٍ مِنْ وُجُوْه الْمُسْلِميْنَ وَفُرْسَانِهِمْ، فَقَاتَلُوْا قُدَامَ فُسْطَاطِ خَالِدٍ حَتَّىْ أَثْبَتُوْا جَمِيْعًا جِرَاحًا، وَقُتِلَ مِنْهُمْ خَلْقٌ مِنْهُمْ ضِرَارُ بْنُ الْاَزْوَرِ رَضِيَ اللهُ عَنْهُمْ. وَقَدْ ذَكَرَ الْوَاقِديْ وَغَيْرُهُ أَنَّهُمْ لَمَّا صُرِعُوْا مِنَ الْجِرَاحِ اسْتَسْقُوْا مَاءً فَجِيْئَ إِلَيْهِمْ بِشُرْبَةِ مَاءٍ فَلَمَّا قُرِّبَتْ إِلَىْ أَحَدهِمْ نَظَرَ إِلَيْه الْآخَرُ فَقَالَ: ادْفَعْهَا إِلَيْه، فَلَمَّا دُفِعَتْ إِلَيْه نَظَرَ إِلَيْه الْآخَرُ فَقَالَ: ادْفَعْهَا إِلَيْه، فَتَدَافَعُوْهَا كُلُّهُمْ مِنْ وَاحِدٍ إِلَىْ وَاحِدٍ حَتَّى مَاتُوْا جَمِيْعًا وَلَمْ يَشْرَبْهَا أَحَدٌ مِنْهُمْ، رَضِيَ اللهُ عَنْهُمْ أَجْمَعِيْنَ

অর্থ: “ইকরামা (রা:) (আবু জাহেলের পুত্র) ইয়ারমুকের যুদ্ধের দিন বললেন; আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বিরুদ্ধে বহু জায়গায় যুদ্ধ করেছি। আর আজকে (ইসলাম গ্রহণ করার পর) তোমাদের থেকে পালাব? অতপর তিনি ঘোষণা করলেন, কে আছো যে, মৃত্যুর উপর বাই‘আত দিবে? এরপর তার চাচা হারেছ ইবনে হিশাম, যিরার ইবনে আযওয়ার (রা:) সহ চারশত নেতৃস্থানীয় মুসলিম যোদ্ধা ও অশ্বারোহীগণ বাই‘আত দিলেন। এরপর তারা খালেদ বিন ওয়ালিদ (রা:) এর তাবুর সামনে যুদ্ধ করলেন এবং সকলেই আহত হলেন এবং যিরার ইবনে আযওয়ার সহ অনেকেই শহীদ হয়ে গেলেন।

আল্লামা ওয়াকেদীসহ আরও অন্যান্য ওলামাদের থেকে বর্ণিত: আহত হওয়ার পর তারা পানি চাইলে এক পাত্র পানি আনা হলো। পাত্রটি যখন একজনের নিকট উপস্থিত করা হলে সে দেখলো আরেক জন পাত্রের দিকে তাকিয়ে রয়েছে, সে প্রথমে তাঁকে পানি দিতে বললো। যখন তার কাছে পানি নিয়ে যাওয়া হলো সে দেখল পাত্রের দিকে আরেকজন তাকিয়ে রয়েছে, সে প্রথমে তাকে পানি দিতে বললো। এভাবে একজন থেকে আরেকজনের কাছে নিতে নিতে তারা সকলেই শাহাদাত বরণ করলেন

কেউ পানি পান করলেন না। আল্লাহ (সুব:) তাদের সকলের প্রতি সন্তুষ্ট হন।"[২৩৯]

বাইআতের পদ্ধতি

প্রশ্ন: কুরআন-সুন্নাহর আলোকে বাই'আত দেওয়া ও নেওয়ার পদ্ধতি কি?

উত্তর: কুরআন-সুন্নাহ-র আলোকে বাই'আত দেওয়া ও নেওয়ার কয়েকটি পদ্ধতি হতে পারে। বিস্তারিত আলোচনা নিম্নে পেশ করা হলো:

প্রথম পদ্ধতি: اَلْمُصَافَحَةُ وَالْكَلَامُ মুসাফা এবং কথার মাধ্যমে। বাই'আত গ্রহণকারীর হাতের উপর বাই'আত প্রদানকারীর হাত রেখে আনুগত্যের মৌখিক ঘোষণা দেওয়া। আর এই পদ্ধতিটিই হচ্ছে প্রসিদ্ধ পদ্ধতি। দলিল:

{إِنَّ الَّذِينَ يُبَايِعُونَكَ إِنَّمَا يُبَايِعُونَ اللَّهَ يَدُ اللَّهِ فَوْقَ أَيْدِيهِمْ} [الفتح: ١٠]

অর্থ: "আর যারা তোমার কাছে বাই'য়াত গ্রহণ করে, নিশ্চই তারা আল্লাহর কাছেই বাই'য়াত গ্রহণ করলো; আল্লাহর হাত তাদের হাতের উপর।"[২৪০]

ইসলামের প্রথম খলীফা আবু বকর (রা:) এর বাই'আতও এই পদ্ধতিতেই হয়েছিল। দলিল:

فَقَالَ عُمَرُ بَلْ نُبَايِعُكَ أَنْتَ فَأَنْتَ سَيِّدُنَا وَخَيْرُنَا وَأَحَبُّنَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخَذَ عُمَرُ بِيَدِهِ فَبَايَعَهُ وَبَايَعَهُ النَّاسُ

অর্থ: .... অতপর উমর (রা:) বললেন, বরং হে আবু বকর (রা:) আমরা আপনাকে বাই'আত দিব। কেননা আপনি আমাদের নেতা, আপনিই আমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে সর্বাধিক প্রিয় ব্যক্তি। এই বলে উমর (রা:) আবু বকর (রা:) এর হাত ধরলেন এবং বাই'আত দিলেন। তারপর উপস্থিত সকলেই বাই'আত দিলেন।[২৪১]

---

[২৩৯] আল বিদায়া ওয়ান নিহায়া ৭/১৫।

[২৪০] সুরা ফাতাহ ৪৮:১০।

[২৪১] দীর্ঘ হাদীসের অংশ বিশেষ, সহীহ বুখারী ৩৬৬৭।

দ্বিতীয় পদ্ধতি: اَلْكَلَامُ فَقَطْ শুধুমাত্র কথার মাধ্যমে বাই'আত। দলিল:

عَنْ عَمْرٍو عَنْ أَبِيهِ قَالَ فِي وَفْدِ ثَقِيفٍ رَجُلٌ مَجْذُومٌ فَأَرْسَلَ إِلَيْهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ارْجِعْ فَقَدْ بَايَعْتُكَ

অর্থ: আমর (রা:) তার পিতা থেকে বর্ণনা করে বলেন; "সাক্বীফ" গোত্রের প্রতিনিধি দলের মধ্যে এক ব্যক্তি কুষ্ঠ রোগে আক্রান্ত ছিল। রাসূলুল্লাহূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার প্রতি নির্দেশ পাঠালেন "তুমি ফিরে যাও"। আমি তোমার বাই'আত নিয়েছি।"[২৪২]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের থেকে এই পদ্ধতিতেই বাই'আত গ্রহণ করতেন। মহিলাদের সাথে কখনো তিনি মুসাফাহা করে বাই'আত গ্রহণ করেন নি।

মহিলাদের মধ্যে যারা নেতৃস্থানীয় তারা পুরুষদের মতই ইমামের কাছে উপস্থিত হয়ে শুধুমাত্র মৌখিক ভাবে বাই'আতের অঙ্গীকার করবে। সেটা পুরুষদের সাথে যৌথ ভাবেও হতে পারে। আবার শুধুমাত্র মহিলাদের জন্য আলাদাভাবেও হতে পারে।

عَنْ عُرْوَةَ أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبَرَتْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَمْتَحِنُ مَنْ هَاجَرَ إِلَيْهِ مِنْ الْمُؤْمِنَاتِ بِهَذِهِ الْآيَةِ بِقَوْلِ اللَّهِ { يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يُبَايِعْنَكَ إِلَى قَوْلِهِ غَفُورٌ رَحِيمٌ } قَالَ عُرْوَةُ قَالَتْ عَائِشَةُ فَمَنْ أَقَرَّ بِهَذَا الشَّرْطِ مِنْ الْمُؤْمِنَاتِ قَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ بَايَعْتُكِ كَلَامًا وَلَا وَاللَّهِ مَا مَسَّتْ يَدُهُ يَدَ امْرَأَةٍ قَطُّ فِي الْمُبَايَعَةِ مَا يُبَايِعُهُنَّ إِلَّا بِقَوْلِهِ قَدْ بَايَعْتُكِ عَلَى ذَلِكِ

অর্থ: আয়েশা (রা:) হতে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে যখন কোন ঈমানদার মহিলা হিজরত করে আসতেন তখন তাদেরকে কুরআনের এই আয়াতের মাধ্যমে পরীক্ষা করতেন। "হে নবী, যখন মুমিন নারীরা তোমার কাছে এসে এই মর্মে বাই'আত করে যে,

---

[২৪২] সুনানে নাসায়ী ৪১৯৩, তাহজীবুল আসার ১২৮৮, জামেউল আহাদীস ৩১৪০, জামেউল উসুল ৫৪৮৯, ইতহাফুল খিয়ারাহ ৪৫২৮, বায়হাক্বী ১৪০২২, আহমদ ১৯৪৯২।

তারা আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না, চুরি করবে না, ব্যাভিচার করবে না, নিজেদের সন্তানদের হত্যা করবে না, তারা জেনে শুনে কারো উপর কোন মিথ্যা অপবাদ দিবে না এবং সৎ কাজে তারা তোমার অবাধ্য হবে না। তখন তুমি তাদের বাই'আত গ্রহণ কর এবং তাদের জন্য আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।" উরওয়াহ বলেন আয়েশা (রা:) বলেন, মুমিন মহিলাদের মধ্যে যে এই শর্ত মেনে নিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলতেন, তোমাকে আমি এই আয়াতের উপর বাই'আত করে নিয়েছি। আল্লাহর কসম, বাই'আত নেয়ার সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাত কোন মহিলার হাতকে স্পর্শ করেনি। শুধুমাত্র একথা বলতেন, আমি তোমাকে এ বিষয়ের উপর বাই'আত নিলাম।[২৪৩]

আরো একটি হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُبَايِعُ النِّسَاءَ بِالْكَلَامِ بِهَذِهِ الْآيَةِ { لَا يُشْرِكْنَ بِاللَّهِ شَيْئًا } قَالَتْ وَمَا مَسَّتْ يَدُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَ امْرَأَةٍ إِلَّا امْرَأَةً يَمْلِكُهَا

অর্থ: আয়েশা (রা:) হতে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের থেকে বাই'আত নিতেন কথার মাধ্যমে এ আয়াতের দ্বারা "তোমরা আল্লাহর সাথে কাউকে শরীক করবে না।" আয়েশা (রা:) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাত তাঁর অধিনস্ত মহিলারা (অর্থাৎ স্ত্রীগণ এবং বাঁদীগণ) ছাড়া অন্য কোন মহিলার হাতকে স্পর্শ করে নি।[২৪৪]

নেতৃস্থানীয় মহিলা ও পুরুষদের যৌথভাবে বাই'আত নেয়ার দলিল:

[২৪৩] সহীহ বুখারী হা: নং ৪৮৯১, জামেউল আহাদীস, জামেউল উসুল ৮৪৪।

[২৪৪] সহীহ বুখারী হা: নং ৭২১৪।

عن عُبَادَةَ بْنَ الصَّامِت يَقُولُ قَالَ لَنَا رَسُولُ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْه وَسَلَّمَ وَنَحْنُ فِي مَجْلِسٍ تُبَايِعُونِي عَلَى أَنْ لَا تُشْرِكُوا بِاللَّه شَيْئًا وَلَا تَسْرِقُوا وَلَا تَزْنُوا وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ وَلَا تَأْتُوا بِبُهْتَانٍ تَفْتَرُونَهُ بَيْنَ أَيْدِيكُمْ وَأَرْجُلِكُمْ وَلَا تَعْصُوا فِي مَعْرُوفٍ فَمَنْ وَفَى مِنْكُمْ فَأَجْرُهُ عَلَى اللَّه وَمَنْ أَصَابَ مِنْ ذَلِكَ شَيْئًا فَعُوقِبَ فِي الدُّنْيَا فَهُوَ كَفَّارَةٌ لَهُ وَمَنْ أَصَابَ مِنْ ذَلِكَ شَيْئًا فَسَتَرَهُ اللَّهُ فَأَمْرُهُ إِلَى اللَّه إِنْ شَاءَ عَاقَبَهُ وَإِنْ شَاءَ عَفَا عَنْهُ فَبَايَعْنَاهُ عَلَى ذَلِكَ

অর্থ: "উবাদা ইবনে সামেত (রা:) হতে বর্ণিত তিনি বলেন যে, আমরা মজলিসে থাকাবস্থায় আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বললেন; "তোমরা আমার কাছে এ মর্মে বাই'আত দাও যে, তোমরা আল্লাহর সাথে কাউকে শরীক করবে না, চুরি করবে না, যিনা করবে না এবং তোমরা তোমাদের সন্তানদেরকে হত্যা করবে না এবং কোন ব্যক্তিকে এমন মিথ্যা অপবাদ দেবে না যা তোমাদেরই গড়া এবং সৎ কাজে অবাধ্য হবে না। যে ব্যক্তি এ অঙ্গিকার পূর্ণ করবে তার প্রতিদান আল্লাহর কাছে। আর যে ব্যক্তি কোন পাপ কাজ করে অতপর দুনিয়াতে সে শাস্তি পেল। তাহলে এটা তার জন্য কাফ্‌ফারা হবে। আর যদি কেউ পাপ করে আর আল্লাহ (সুব:) তা গোপন করে রাখেন তাহলে তার বিষয়টি আল্লাহ (সুব:) র উপর ন্যস্ত থাকিবে। যদি চান তিঁনি তাকে শাস্তি দিবেন অথবা তাকে ক্ষমা করে দিবেন। অতপর উবাদা ইবনে সামেত (রা:) বলেন, আমরা এ বিষয়ের উপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বাই'আত দিলাম।[২৪৫]

এটি দ্বিতীয় 'বাই'আতুল আক্বাবা'র ঘটনা। যেখানে মদিনার আউস ও খাজরাজ গোত্রের নেতৃস্থানীয় পুরুষদের সঙ্গে দুজন মহিলাও বাইআতে অংশগ্রহণ করেছিলেন।

তৃতীয় পদ্ধতি: اَلْكِتَابَةُ লেখা বা চিঠির মাধ্যমে বাই'আত। দলিল:

[২৪৫] সহীহ বুখারী ৭২১৩, আহমদ ২২৭৮৫, মুসলিম ১৭০৯, তিরমিযি ১৪৩৯, নাসায়ী ৪১৭৮।

عَنْ سُفْيَانَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ قَالَ شَهِدْتُ ابْنَ عُمَرَ حَيْثُ اجْتَمَعَ النَّاسُ عَلَى عَبْدِ الْمَلِكِ قَالَ كَتَبَ إِنِّي أُقِرُّ بِالسَّمْعِ وَالطَّاعَةِ لِعَبْدِ اللَّهِ عَبْدِ الْمَلِكِ أَمِيرِ الْمُؤْمِنِينَ عَلَى سُنَّةِ اللَّهِ وَسُنَّةِ رَسُولِهِ مَا اسْتَطَعْتُ وَإِنَّ بَنِيَّ قَدْ أَقَرُّوا بِمِثْلِ ذَلِكَ (صحيح البخاري)

অর্থ: আব্দুল্লাহ ইবনু দীনার (রা:) হতে বর্ণিত। তিনি বলেন, যখন লোকেরা 'আব্দুল মালিকের নিকট বাই'আত নিল, তখন 'আব্দুল্লাহ ইবনু উমার (রা:) তার কাছে চিঠি লিখলেন - আল্লাহর বান্দা, মু'মিনদের নেতা আব্দুল মালিকের প্রতি, আমি আমার সাধ্য মোতাবেক আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাত অনুযায়ী তাঁর কথা শোনার ও তাকে মেনে চলার অঙ্গীকার করছি আর আমার ছেলেরাও তেমনি অঙ্গীকার করছে।[২৪৬]

আরেকটি দলীল:

وَكَتَبَ النَّجَاشِيْ إِلَىْ رَسُوْلِ اللهِ صَلَّىْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيْمِ إِلَىْ مُحَمَّدٍ رَّسُوْلِ اللهِ مِنَ النَّجَاشِيْ ، سَلَاْمٌ عَلَيْكَ يَا نَبِيَّ اللهِ مِنَ اللهِ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ ، لَاْ إِلَهَ إِلَّاْ هُوَ الَّذِيْ هَدَاْنِيْ إِلَىْ الْإِسْلَاْمِ، اَمَّا بَعْدُ: فَقَدْ بَلَغَنِيْ كِتَابُكَ يَاْ رَسُوْلَ اللهِ فِيْمَا ذَكَرْتَ مِنْ أَمْرِ عِيْسَىْ ... اِلَيْ اَنْ قَالَ: وَقَدْ بَايَعْتُكَ وَبَايَعْتُ اِبْنَ عَمِّكَ وَأَسْلَمْتُ عَلَىْ يَدَيْهِ لِلَّهِ رَبِّ الْعَالَمِيْنَ

অর্থ: "নাজ্জাশী আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে চিঠি পাঠালেন। "পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি। আল্লাহর রাসূল মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি নাজ্জাশীর পক্ষ থেকে। আপনার প্রতি আল্লাহর শান্তি ও দয়া বর্ষিত হোক, ঐ সত্তা ছাড়া কোন ইলাহ নেই যিনি আমাকে ইসলামের সঠিক দিশা দিয়েছেন। পর সমাচার, আমার কাছে আপনার চিঠি পৌঁছেছে যে চিঠিতে আপনি ঈসা (আ:) এর ব্যাপারে আলোচনা করেছেন।

[২৪৬] সহীহ বুখারী ৭২০৩। (আ.প্র. ৬৬৯৯, ই.ফা. ৬৭১২)

... নাজ্জাশী বলল; আমি আপনার কাছে বাই'আত প্রদান করলাম এবং আপনার চাচাতো ভাইয়ের কাছেও বাই'আত প্রদান করলাম এবং আমি আল্লাহর জন্য তার হাতে মুসলিম হলাম।[২৪৭]

বাই'আত দানের ক্ষেত্রে মুসলিম জনতাকে দুটি ভাগে ভাগ করা যায়।

(১) بَيْعَةُ الْخَوَاصِّ বিশিষ্ট ব্যক্তিবর্গের বাই'আত

(২) بَيْعَةُ الْعَوَامِّ সাধারণ জনগণ এর বাই'আত :

বিশিষ্ট ব্যক্তিবর্গের বাই'আত

اَهْلُ الْحَلِّ وَالْعَقْدِ "আহলুল হাল্ল ওয়াল আক্বদ" অর্থাৎ যাদের ইমাম নির্বাচন করার যোগ্যতা আছে যেমন; উলামা, ফুজালা এবং নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ তারা সরাসরি ইমামের হাতে হাত দিয়ে বাই'আত দিবে যদি উপস্থিত থাকে। আর যারা দূরে থাকে তারা সাক্ষীদের সামনে বাই'আতের ঘোষণা দিবে। তবে এক্ষেত্রে মুসলিম উম্মাহর সমস্ত "আহলুল হাল্ল ওয়াল আক্বদ"-কে একত্র হয়ে বাই'আত দেয়া শর্ত নয়।

قَالَ الْمَازِرِيْ: يَكْفِي فِيْ بَيْعَةِ الْإِمَامِ أَنْ يَقَعَ مِنْ أَهْلِ الْحَلِّ وَالْعَقْدِ وَلَاْ يَجِبُ الْاسْتِيْعَابُ وَلَاْ يَلْزَمُ كُلَّ أَحَدٍ أَنْ يَحْضُرَ عِنْدَهُ وَيَضَعَ يَدَهُ فِيْ يَدِهِ بَلْ يَكْفِيْ اِلْتِزَامُ طَاعَتِهِ وَالْاِنْقِيَادُ لَهُ بِأَنْ لَاْ يُخَالِفَهُ

অর্থ: "আহলুল হাল্ল ওয়াল আকদ (জ্ঞানী) লোকদের বাই'আত ই যথেষ্ট। প্রত্যেক জনসাধারণের উপস্থিত হয়ে আমীরের হাতে বাই'আত দেয়া জরুরী নয়। বরং যথেষ্ট হচ্ছে আমীরের আনুগত্য মেনে নেওয়া, তার নির্দেশের বিরোধিতা না করা।[২৪৮]

ইমাম নববী (র:) বলেন:

أَمَّا الْبَيْعَةُ: فَقَد اتَّفَقَ الْعُلَمَاءُ عَلَىْ أَنَّهُ لَاْ يُشْتَرَطُ لِصِحَّتِهَا مُبَايَعَةُ كُلِّ النَّاسِ وَلَاْ كُلِّ أَهْلِ الْحَلِّ وَالْعَقْدِ وَإِنَّمَا يُشْتَرَطُ مُبَايَعَةُ مَنْ تَيَسَّرَ إِجْمَاعُهُمْ مِنَ الْعُلَمَاءِ وَالرُّؤَسَاءِ وَوُجُوْهِ النَّاسِ وَأَمَّا عَدَمُ الْقَدْحِ فِيْهِ فَلِأَنَّهُ لَاْ يَجِبُ عَلَىْ كُلِّ وَاحِدٍ أَنْ يَأْتِيَ إِلَىْ

[২৪৭] দালাইলুন নবুওয়াহ্ লিল বাইহাক্বী ৬০৩।
[২৪৮] ফাতহুল বারী শরহে সহীহুল বুখারী ১৬/২২৮।

الْإِمَامِ فَيَضَعُ يَدَهُ فِيْ يَدِه وَيُبَايِعُهُ وَإِنَّمَا يَلْزَمُهُ إِذَا عَقَدَ أَهْلُ الْحَلِّ وَالْعَقْدِ لِلْإِمَامِ الْانْقِيَادَ لَهُ وَأَنْ لَا يَظْهَرَ خِلَافًا وَلَا يَشُقَّ الْعَصَا....

অর্থ: "বাইআতের ব্যাপারে সমস্ত আলেমগণ একমত যে, বাই'আত শুদ্ধ হওয়ার জন্য সমস্ত জনগণের বাই'আত দেওয়া শর্ত নয়। তেমনিভাবে সমস্ত "আহলুল হাল্ল ওয়াল আক্বদ" দের বাই'আত দেওয়াও শর্ত নয়। বরং যে সকল উলামা, নেতৃবৃন্দ ও বিশিষ্টজনদের উপস্থিত থাকা সম্ভব তারা একত্র হয়ে বাই'আত দেওয়া শর্ত। সাধারণ জনগণ প্রত্যেকে ইমামের নিকট এসে তার হাতে হাত রেখে বাই'আত করা ওয়াজিব নয়। বরং সাধারণ জনগণের উপর আবশ্যক হলো যখন 'আহলুল হাল্ল ওয়াল আক্বদ'রা কোন ইমামের আনুগত্য মেনে নিবে তখন তারা সেই ইমামের আনুগত্য করবে এবং তার বিরোধিতা করবে না বা বিদ্রোহ করবে না।[২৪৯]

কেননা **(ক)** মুসলিম উম্মাহর সমস্ত "আহলুল হাল্ল ওয়াল আক্বদ"-কে একত্র করা অসম্ভব। **(খ)** সমস্ত "আহলুল হাল্ল ওয়াল আক্বদ"-কে কোন একজন ইমামের ব্যাপারে ঐক্যবদ্ধ করাও প্রায় অসম্ভব। **(গ)** আবু বকর সিদ্দিক (রা:) -কে খলীফা নির্বাচন করার সময় বিশিষ্ট সাহাবী আলী (রা:) অনুপস্থিত থাকা সত্ত্বেও উপস্থিত নেতৃবর্গের বাই'আত প্রদানের মাধ্যমে আবু বকর সিদ্দিক (রা:) খলীফা নির্বাচিত হন এবং পরবর্তিতে গোটা মুসলিম উম্মাহর জন্য তা মেনে নেওয়া আবশ্যক হয়ে যায়। অবশ্য আলী (রা:) পরবর্তিতে খলীফা আবু বকর সিদ্দিক (রা:) কে বাই'আত দেন।

সাধারণ জনগণ এর বাই'আত

"আহলুল হাল্ল ওয়াল আক্বদ" এর বাই'আতের ভিত্তিতে যে খলীফাকে ইতিপুর্বেই মনোনিত করা হয়েছে সাধারণ মুসলিম জনগণ সেই খলীফাকে বাই'আত দিবে। তাদেরকে সরাসরি ইমামের হাতে হাত দিয়ে বাই'আত দেয়া জরুরী নয়। বরং তাদের জন্য এ আক্বীদা পোষণ করাই যথেষ্ট যে, তারা উক্ত ইমামের অধীনে আছে এবং তার আনুগত্য মেনে নিয়েছে। সে মতে তারা ইমামের সকল আদেশ-নিষেধ মেনে চলবে যতক্ষণ পর্যন্ত ইমাম আল্লাহর আনুগত্যের পরিপন্থী কোন হুকুম না করে।

[২৪৯] **শরহে মুসলিম লি ইমাম নববী (রাঃ) ৪/৮১।**

এ বিষয়ে সহীহ হাদীসে বর্ণিত হয়েছে;

عن أَنَسُ بْنُ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ سَمِعَ خُطْبَةَ عُمَرَ الْآخِرَةَ حِينَ جَلَسَ عَلَى الْمِنْبَرِ وَذَلِكَ الْغَدَ مِنْ يَوْمِ تُوُفِّيَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَشَهَّدَ وَأَبُو بَكْرٍ صَامِتٌ لَا يَتَكَلَّمُ قَالَ كُنْتُ أَرْجُو أَنْ يَعِيشَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى يَدْبُرَنَا يُرِيدُ بِذَلِكَ أَنْ يَكُونَ آخِرَهُمْ فَإِنْ يَكُ مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ مَاتَ فَإِنَّ اللَّهَ تَعَالَى قَدْ جَعَلَ بَيْنَ أَظْهُرِكُمْ نُورًا تَهْتَدُونَ بِهِ هَدَى اللَّهُ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِنَّ أَبَا بَكْرٍ صَاحِبُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَانِيَ اثْنَيْنِ فَإِنَّهُ أَوْلَى الْمُسْلِمِينَ بِأُمُورِكُمْ فَقُومُوا فَبَايِعُوهُ وَكَانَتْ طَائِفَةٌ مِنْهُمْ قَدْ بَايَعُوهُ قَبْلَ ذَلِكَ فِي سَقِيفَةِ بَنِي سَاعِدَةَ وَكَانَتْ بَيْعَةُ الْعَامَّةِ عَلَى الْمِنْبَرِ قَالَ الزُّهْرِيُّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ سَمِعْتُ عُمَرَ يَقُولُ لِأَبِي بَكْرٍ يَوْمَئِذٍ اصْعَدْ الْمِنْبَرَ فَلَمْ يَزَلْ بِهِ حَتَّى صَعِدَ الْمِنْبَرَ فَبَايَعَهُ النَّاسُ عَامَّةً

অর্থ: আনাস ইবনে মালিক (রা:) হতে বর্ণিত; তিনি উমর (রা:) এর দ্বিতীয় ভাষণটি শুনেছেন। যা তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইন্তেকালের পরদিন মিম্বরে বসে দিয়েছিলেন। তিনি বললেন, আমি আশা করেছিলাম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের মধ্যে বেঁচে থাকবেন এবং আমাদের পিছনে যাবেন। এ থেকে তাঁর উদ্দেশ্য ছিল যে, তিনি সবার শেষে ইন্তেকাল করবেন। তবে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদিও ইন্তেকাল করেছেন আল্লাহ (সুব:) তোমাদের মাঝে এমন এক নূর (কুরআন) রেখেছেন যা দ্বারা তোমরা হিদায়েত পাবে। আল্লাহ (সুব:) মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এই নূর দিয়ে হিদায়াত করেছিলেন। আর আবু বকর (রা:) ছিলেন তাঁর সঙ্গী এবং দুজনের দ্বিতীয় জন। তোমাদের এ দায়িত্ব বহন করার জন্য মুসলিমদের মধ্যে তিনিই সর্বোত্তম। সুতরাং তোমরা উঠ এবং তার হাতে বাই'আত গ্রহণ কর। অবশ্য এক জামাআত ইতিপূর্বে বনী "ছাক্বীফা" গোত্রের ছত্রছায়ায় তার হাতে বাই'আত গ্রহণ করেছিল। আর সাধারণ বাই'আত হয়েছিল মিম্বরের উপর।

ইমাম জুহরী বলেন যে, আনাস ইবনে মালিক (রা:) বলেছেন; আমি উমর (রা:) কে বলতে শুনেছি যে তিনি আবু বকর (রা:) কে বলতে লাগলেন; আপনি মিম্বরে উঠুন। অগত্যা তিনি মিম্বরে উঠলেন। তারপর সাধারণ জনগণ তাকে বাই'আত দিলেন।[২৫০]

প্রশ্ন: কি কি কাজের জন্য বাই'আত গ্রহণ করা যাবে?

উত্তর: কি কি কাজের জন্য বাই'আত নেওয়া যাবে সে প্রসঙ্গে শাইখ আবু আমর আব্দুল হাকীম হাস্‌সান বলেন:

وَممَّا يَجبُ أَنْ يُعْلَمَ؛ أَنَّ الْبَيْعَةَ تَصحُّ عَلَىْ كُلِّ طَاعَة منَ الطَّاعَات وَعبَادَة منَ الْعَبَادَات، فَالْبَيْعَةُ عَلَى الْإِسْلَاْم وَالْهجْرَة وَالْجهَاد وَالصَّلَاْة وَالزَّكَاْة وَالنَّصيْحَة وَالْأَمْر بالْمَعْرُوْف وَالنَّهْيِ عَنِ الْمُنْكَرِ وَغَيْرَ ذَلكَ منْ شَرَائعِ الْإِسْلَاْم صَحيْحَةٌ.

অর্থ: "বাই'আত নেয়া সহীহ হবে সর্ব প্রকার আনুগত্যের ও সর্ব প্রকার ইবাদতের জন্য। সুতরাং ইসলামের উপর বাই'আত, হিজরতের উপর বাই'আত, জিহাদের উপর বইআত, সালাতের উপর বাই'আত, যাকাতের উপর বাই'আত, নসীহতের উপর বাই'আত, সৎ কাজের আদেশ ও অসৎ কাজে বাঁধা প্রদানের উপর বাই'আত সহ ইসলামের আরো অন্যান্য বিষয়ের উপর বাই'আত নেয়া বৈধ আছে।"[২৫১] যেগুলো কুরআন ও সুন্নাহ দ্বারা প্রমাণিত। তবে এই বাই'আত নেওয়ার অধিকার কেবলমাত্র আমীরুল মুমিনীনের। অন্য কোন পীর-ফকিরের নয়।

১. ইসলামের উপর বাই'আত : اَلْبَيْعَةُ عَلَي الْاِسْلَاْم

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইসলামের উপর বাই'আত গ্রহণ করেছেন। এটি পবিত্র কুরআন ও সুন্নাহ দ্বারা প্রমাণিত। আল্লাহ (সুব:) বলেন:

[২৫০] সহীহ বুখারী, মুসনাদে সাহাবা ৩২, মুজামূল আওসাত ৯১৬৯।

[২৫১] আল বাইআতু সোওয়ারোহা ওয়া উজুবিল ওয়াফা: শাইখ আবু আমর আব্দুল হাকীম হাস্‌সান পৃঃ ২

يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يُبَايِعْنَكَ عَلَى أَنْ لَا يُشْرِكْنَ بِاللَّه شَيْئًا وَلَا يَسْرِقْنَ وَلَا يَزْنِينَ وَلَا يَقْتُلْنَ أَوْلَادَهُنَّ وَلَا يَأْتِينَ بِبُهْتَانٍ يَفْتَرِينَهُ بَيْنَ أَيْدِيهِنَّ وَأَرْجُلِهِنَّ وَلَا يَعْصِينَكَ فِي مَعْرُوفٍ فَبَايِعْهُنَّ وَاسْتَغْفِرْ لَهُنَّ اللَّهَ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ.

অর্থ: "হে নবী, যখন মুমিন নারীরা তোমার কাছে এসে এই মর্মে বাই'আত করে যে, তারা আল্লাহর সাথে কোন কিছু শরীক করবে না, চুরি করবে না, ব্যভিচার করবে না, নিজেদের সন্তানদেরকে হত্যা করবে না, তারা জেনে শুনে কোন অপবাদ রচনা করে রটাবে না এবং সৎকাজে তারা তোমার অবাধ্য হবে না। তখন তুমি তাদের বাই'আত গ্রহণ কর এবং তাদের জন্য আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ্ অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।"[২৫২] হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ قَيْسٍ سَمِعْتُ جَرِيرًا رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ بَايَعْتُ رَسُولَ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْه وَسَلَّمَ عَلَى شَهَادَة أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّه وَإِقَامِ الصَّلَاة وَإِيتَاءِ الزَّكَاة وَالسَّمْعِ وَالطَّاعَة وَالنُّصْحِ لِكُلِّ مُسْلِمٍ

অর্থ: ক্বায়স (রা:) হতে বর্ণিত তিনি বলেন আমি জারীর (রা:) কে বলতে শুনেছি যে, তিনি বলেন 'আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক নিকট বাই'আত করেছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন ইলাহ নেই এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল এই কথার সাক্ষ্য প্রদান করা, সালাত প্রতিষ্ঠা করা, যাকাত প্রদান করা, আমীরের কথা শ্রবণ করা ও আনুগত্য করা এবং সকল মুসলিমের জন্যে শুভকামনা করার ব্যাপারে।'[২৫৩]

عَنْ جَابِرٍ قَالَ جَاءَ أَعْرَابِيٌّ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ بَايِعْنِي عَلَى الْإِسْلَامِ فَبَايَعَهُ عَلَى الْإِسْلَامِ

অর্থ: জাবির বিন আব্দুল্লাহ (রা:) হতে বর্ণিত। তিনি বলেন, একজন বেদুঈন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল,

[২৫২] সুরা মুমতাহিনা ৬০:১২।

[২৫৩] সহীহ বুখারী হা: নং ২১৫৭, খুজাইমা ২২৫৯

ইসলামের উপর আমার থেকে বাই'আত নিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ইসলামের উপর বাই'আত দিলেন।[২৫৪]

২. খলীফার নির্দেশ শুনা ও মানার বাই'আত: اَلْبَيْعَةُ عَلَي السَّمْعِ وَالطَّاعَةِ:

এটি হল ইসলামী রাষ্ট্রের খলীফা বা ইমাম কর্তৃক তার অধীনস্ত লোকদের থেকে আনুগত্যের বাই'আত গ্রহণ করা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদিনায় হিজরতের প্রায় আড়াই মাস পূর্বে ৬২২ খৃষ্টাব্দে মিনার "আক্বাবা" নামক স্থানে গভীর রাতে গোপন বৈঠকে তেহাত্তরজন পুরুষ ও দুজন নারী থেকে ইক্বামাতে দ্বীনের উদ্দেশ্যে ছয়টি শর্তের উপর বাই'আত নিয়েছিলেন।

নিম্নের হাদীসটিতে বাই'আতুল আক্বাবার প্রতি ইঙ্গিত রয়েছে।

أَنَّ عُبَادَةَ بْنَ الصَّامِتِ رَضِيَ اللَّهُ عَنْهُ وَكَانَ شَهِدَ بَدْرًا وَهُوَ أَحَدُ النُّقَبَاءِ لَيْلَةَ الْعَقَبَةِ

অর্থ: উবাদা ইবনে সামেত (রা:) হতে বর্ণিত আর তিনি বদর যুদ্ধে অংশগ্রহণকারীদের একজন ছিলেন এবং আক্বাবার রাত্রে মদিনার যেসমস্ত নেতাদের কাছ থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাই'আত নিয়েছিলেন তিনি তাদের একজন ছিলেন।[২৫৫]

উবাদা ইবনে সামেত (রাঃ) হতে বর্ণিত আরেকটি হাদীস;

عَنْ عُبَادَةَ قَالَ بَايَعْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِي الْعُسْرِ وَالْيُسْرِ وَالْمَنْشَطِ وَالْمَكْرَهِ وَعَلَى أَثَرَةٍ عَلَيْنَا وَعَلَى أَنْ لاَ نُنَازِعَ الأَمْرَ أَهْلَهُ وَعَلَى أَنْ نَقُولَ بِالْحَقِّ أَيْنَمَا كُنَّا لاَ نَخَافُ فِي اللَّهِ لَوْمَةَ لاَئِمٍ.

অর্থ : "তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বাই'আত করেছিলাম যে, আমরা মেনে চলব এবং আনুগত্য করব শান্তিতে অশান্তিতে, সুখে এবং দুঃখে। আমাদের উপর কোন ব্যক্তিকে অগ্রধিকার দান করলেও আমরা ধৈর্য অবলম্বন করব, ক্ষমতা ও প্রধান্যপ্রাপ্ত ব্যক্তির বিরোধিতা করবো না। সত্যের উপর অটল থাকব, আমরা যখন

[২৫৪] সহীহ বুখারী, কিতাবুল আহকাম, বাব নং ৫০; ফাতহুল বারী ১৩/২০৫।
[২৫৫] সহীহ বুখারী ১৮।

যেখানে থাকিনা কেন, আল্লাহর পথে কোন সমালোচনাকারীর সমালোচনা, তিরস্কার ও ভৎসনাকে পরওয়া করবো না।"[২৫৬]

৩. জিহাদের উপর বাই'আত : اَلْبَيْعَةُ عَلَي الْجِهَاد

এমর্মে পবিত্র কুরআন ও হাদীসে বহু দলীল রয়েছে। আল্লাহ (সুব:) বলেন,

{إِنَّ الَّذِينَ يُبَايِعُونَكَ إِنَّمَا يُبَايِعُونَ اللَّهَ يَدُ اللَّهِ فَوْقَ أَيْدِيهِمْ فَمَنْ نَكَثَ فَإِنَّمَا يَنْكُثُ عَلَى نَفْسِهِ وَمَنْ أَوْفَى بِمَا عَاهَدَ عَلَيْهُ اللَّهَ فَسَيُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا} [الفتح: ١٠]

অর্থ: "আর যারা তোমার কাছে বাই'য়াত গ্রহণ করে, তারা শুধু আল্লাহরই কাছে বাই'য়াত গ্রহণ করে; আল্লাহর হাত তাদের হাতের উপর; অতঃপর যে কেউ ওয়াদা ভঙ্গ করলো তার ওয়াদা ভঙ্গের পরিণাম বর্তাবে তারই উপর। আর যে আল্লাহকে দেয়া ওয়াদা পূরণ করবে অচিরেই আল্লাহ তাকে মহা পুরস্কার দেবেন।"[২৫৭]

এ আয়াতে উল্লেখিত বাই'আতটি জিহাদের বাই'আত ছিল। উসমান হত্যার গুজব ছড়িয়ে পড়লে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার প্রতিশোধ নেওয়ার উদ্দেশ্যে জিহাদ করার জন্য সাহাবায়ে কিরামদের থেকে এই বাই'আত নিয়েছিলেন। এই বাই'আত সম্পর্কে পবিত্র কুরআনে আল্লাহ (সুব:) আরে ইরশাদ করেন:

{لَقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِي قُلُوبِهِمْ فَأَنْزَلَ السَّكِينَةَ عَلَيْهِمْ وَأَثَابَهُمْ فَتْحًا قَرِيبًا} [الفتح: ١٨]

অর্থ: "অবশ্যই আল্লাহ মুমিনদের উপর সন্তুষ্ট হয়েছেন, যখন তারা গাছের নিচে আপনার হাতে বাই'আত গ্রহণ করেছিল; অতঃপর তিনি তাদের অন্তরে কি ছিল তা জেনে নিয়েছেন, ফলে তাদের উপর প্রশান্তি নাযিল করলেন এবং তাদেরকে পুরস্কৃত করলেন নিকটবর্তী বিজয় দিয়ে।"[২৫৮]

এ আয়াতটিও বাই'আতুর রিদওয়ান প্রসঙ্গে নাযিল করা হয় যা ছিল জিহাদের বাই'আত। এমনিভাবে আল্লাহ (সুব:) মুমিনদের জান ও মাল

[২৫৬] সহীহ মুসলিম ৪৮৭৪।
[২৫৭] সুরা ফাতাহ ৪৮:১০।
[২৫৮] সুরা ফাতাহ ৪৮:১৮।

ক্রয় করেছেন জান্নাতের বিনিময়ে যারা যুদ্ধ করবে, মারবে ও মরবে। সে আয়াতেও বাই'আতের উল্লেখ রয়েছে। যেমন আল্লাহ (সুব:) ইরশাদ করেছেন:

إِنَّ اللَّهَ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنْفُسَهُمْ وَأَمْوَالَهُمْ بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ وَعْدًا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرَاةِ وَالْإِنْجِيلِ وَالْقُرْآنِ وَمَنْ أَوْفَى بِعَهْدِهِ مِنَ اللَّهِ فَاسْتَبْشِرُوا بِبَيْعِكُمُ الَّذِي بَايَعْتُمْ بِهِ وَذَلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ.

অর্থ: "নিশ্চয় আল্লাহ মুমিনদের থেকে তাদের জান ও মাল ক্রয় করে নিয়েছেন (এর বিনিময়ে) যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা আল্লাহর পথে যুদ্ধ করে। অত:পর তারা মারে ও মরে। তাওরাত, ইঞ্জিল ও কুরআনে এ সম্পর্কে সত্য ওয়াদা রয়েছে। আর নিজ ওয়াদা পূরণে আল্লাহর চেয়ে অধিক কে হতে পারে? সুতরাং তোমরা (আল্লাহর সংগে) যে বাই'আত (বেচাকেনা) করেছ, সে বাই'আতের জন্য আনন্দিত হও এবং সেটাই মহাসাফল্য।"[২৫৯]

এই আয়াতেও জিহাদ ও কিতালের বাই'আতের কথা উল্লেখ রয়েছে। হাদীসে এসেছে, মুহাজির ও আনসারগণ খন্দকের যুদ্ধে বলেছিলেন:

نَحْنُ الَّذِينَ بَايَعُوا مُحَمَّدًا عَلَى الْجِهَادِ مَا بَقِينَا أَبَدًا

অর্থ: "আমরাতো সেই জাতি যারা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বাই'আত দিয়েছি যে, আমরা যতক্ষণ জীবিত থাকবো ততক্ষণ পর্যন্ত জিহাদ চালিয়ে যাব।"[২৬০]

৪. হিজরতের উপর বাই'আত : اَلْبَيْعَةُ عَلَي الْهِجْرَةِ

ইসলামের শুরুতে মক্কা বিজয়ের পূর্বে যারা ইসলাম গ্রহণ করেছিল তাদের জন্য মক্কা থেকে মদিনায় হিজরত করা ফরজ ছিল। কিন্তু মক্কা বিজয়ের পর সেটা বন্ধ হয়ে যায়। যেমন মুজাশি' বিন মাসউদ এর হাদীস থেকে বুঝা যায়:

[২৫৯] সুরা তাওবা ৯:১১১।

[২৬০] সহীহ বুখারী কিতাবুল জিহাদ, বাব নং ১১০ হা: নং ২৮৩৪।

عَنْ مُجَاشِعٍ قَالَ أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِأَخِي بَعْدَ الْفَتْحِ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ جِئْتُكَ بِأَخِي لِتُبَايِعَهُ عَلَى الْهِجْرَةِ قَالَ ذَهَبَ أَهْلُ الْهِجْرَةِ بِمَا فِيهَا فَقُلْتُ عَلَى أَيِّ شَيْءٍ تُبَايِعُهُ قَالَ أُبَايِعُهُ عَلَى الْإِسْلَامِ وَالْإِيمَانِ وَالْجِهَادِ

অর্থ: মুজাশি' (রা:) থেকে বর্ণিত তিনি বলেন আমি আমার ভাইকে নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গিয়ে বললাম, তাকে হিজরতের উপর বাই'আত প্রদান করুন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: হিজরত ওয়ালার চলে গেছে। আমি বললাম, তাহলে অন্য বিষয়ের উপর বাই'আত নিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন; আমি তার থেকে ইসলাম, জিহাদ ও কল্যাণকামীতার উপর বাই'আত নিলাম।

৫. পৃষ্ঠ-পোষকতা ও প্রতিরক্ষার প্রতি বাই'আত :

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইসলামের পৃষ্ঠপোষকতা ও প্রতিরক্ষার জন্যে তিহাত্তর জন পুরুষ ও দুজন মহিলার নিকট বাই'আত নিয়েছিলেন। যেটাকে "বাই'আতুল আকাবা আস-সানিয়া" বলা হয়। এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট বাই'আত নিয়েছিলেন তারা যেভাবে নিজেদের স্ত্রী পরিবার-পরিজন ও সন্তানদের প্রতিরক্ষা করে থাকে ঠিক তেমনিভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে রক্ষা করবে।[২৬১]

এ জাতীয় গুরুত্বপূর্ণ ছয়টি শর্তের উপর বাই'আত নিয়েছিলেন যা নিম্নের হাদীসে জাবের ইবনে আব্দুল্লাহ (রা:) থেকে মুসতাদরাকে হাকেমে বর্ণিত হয়েছে:

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ الْأَنْصَارِيْ...... فَقُلْنَا : يَا رَسُوْلَ اللهِ عَلَىْ مَا نُبَايِعُكَ ؟ قَالَ : تُبَايِعُونِيْ (١) عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِيْ النَّشَاطِ وَ الْكَسْلِ (٢) وَ عَلَى النَّفْقَةِ فِي الْعُسْرِ وَ الْيُسْرِ (٣) وَعَلَى الْأَمْرِ بِالْمَعْرُوْفِ وَ النَّهْيِ عَنِ الْمُنْكَرِ (٤) وَ عَلَىْ أَنْ تَقُوْلُوْا فِي اللهِ لَاْ تَأْخُذُكُمْ لَوْمَةُ لَائِمٍ (٥) وَعَلَىْ أَنْ تَنْصُرُوْنِيْ إِذَاْ قَدِمْتُ عَلَيْكُمْ وَ

[২৬১] মুসনাদে আহমদ হা/১৫২৩৭, সানাদ সহীহ।

تَمْنَعُوْنِيْ مِمَّا تَمْنَعُوْنَ عَنْهُ أَنْفُسَكُمْ وَ أَزْوَاجَكُمْ وَ أَبْنَاءَكُمْ (٦) وَفِيْ رِوَايَـــةٍ عَـــنْ عُبَادَةَ بْنِ صَامِتٍ: وَعَلَى أَنْ لاَ نُنَازِعَ الأَمْرَ أَهْلَهُ

অর্থ: ...অতপর আমরা বললাম ইয়া রাসূলুল্লাহাল্লাহ! আমরা আপনাকে কিসের উপর বাই'আত দিব? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন; তোমরা বাই'আত প্রদান করবে। (নিম্নের বিষয়গুলোর উপর)

১. তোমরা রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কথা শুনবে ও মানবে সুখে-দুখে সর্বাবস্থায়।

২. সচ্ছল ও অসচ্ছল উভয় অবস্থায় (দ্বীন ক্বায়েম বা খিলাফত প্রতিষ্ঠার উদ্দেশ্যে আল্লাহর পথে) ধন-সম্পদ ব্যয় করতে হবে।

৩. সৎ কাজের আদেশ করবে এবং অসৎ কাজে বাঁধা প্রদান করবে।

৪. তোমরা আল্লাহর ব্যাপারে সত্য বলবে এবং কোন তিরস্কারকারীর তিরস্কারকে ভয় করবে না।

৫. আমি তোমাদের নিকট (মদিনায়) আগমনের পর তোমরা আমার সাহায্য ও নিরাপত্তা বিধানের অঙ্গিকার করবে। যেভাবে তোমরা তোমাদের নিজের, নিজ পরিবার ও সন্তানাদির নিরাপত্তা বিধান করে থাক।[২৬২]

৬. উবাদা ইবনে সামেত থেকে অন্য রেওয়াতে বর্ণিত আছে: আমাদের উপর কোন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হলেও আমরা তা মেনে নিব এবং কোন প্রকার বিরোধিতা করবো না।[২৬৩]

৬. যুদ্ধের ময়দান থেকে না পালানোর বাই'আত :

হুদায়বিয়ার বাইআতে রিদওয়ান সম্পর্কে সালামা ইবনুল আক্বওয়া (রাঃ) হতে বর্ণিত :

عَنْ سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ بَايَعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ عَدَلْتُ إِلَى ظِلِّ الشَّجَرَةِ فَلَمَّا خَفَّ النَّاسُ قَالَ يَا ابْنَ الْأَكْوَعِ أَلَا تُبَايِعُ قَالَ قُلْتُ قَدْ بَايَعْتُ يَا رَسُولَ اللَّهِ قَالَ وَأَيْضًا فَبَايَعْتُهُ الثَّانِيَةَ فَقُلْتُ لَهُ يَا أَبَا مُسْلِمٍ عَلَى أَيِّ شَيْءٍ كُنْتُمْ تُبَـــايِعُونَ يَوْمَئِذٍ قَالَ عَلَى الْمَوْتِ

[২৬২] মুসতাদরাকে হাকেম ৪২৫১।
[২৬৩] সহীহ মুসলিম ৪৮৭৪।

অর্থ: সালামা ইবনে আক্বওয়া বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বাই'আত দিয়ে গাছের ছায়ায় অবস্থান করছিলাম যখন মানুষের ভিড় কমে এলো তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে ইবনুল আক্বওয়া তুমি কি বাই'আত দিবে না? আমি বললাম হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমি তো বাই'আত দিয়েছি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আবারো। অতপর: আমি দ্বিতীয়বার বাই'আত দিলাম। আমি বললাম হে আবু মুসলিম! আপনারা সেদিন কিসের উপর বাই'আত দিয়েছিলেন। তিনি বললেন মৃত্যুর উপর।[২৬৪]

আনাস (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, খন্দক যুদ্ধের সময় আনসারগণ বলতেছিলেন:

نَحْنُ الَّذِينَ بَايَعُوا مُحَمَّدَا عَلَى الْجِهَادِ مَا بَقِينَا أَبَدَا

আমরাতো সেই জাতি যারা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বাই'আত দিয়েছি যে, আমরা যতক্ষণ জীবিত থাকবো ততক্ষণ পর্যন্ত জিহাদ চালিয়ে যাব।[২৬৫]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের উত্তরে বললেন,

اللَّهُمَّ إِنَّ الْعَيْشَ عَيْشُ الْآخِرَهْ # فَاغْفِرْ لِلْأَنْصَارِ وَالْمُهَاجِرَهْ

হে আল্লাহ আখেরাতের জীবনই প্রকৃত জীবন, সুতরাং তুমি আনসার ও মুহাজিরদের ক্ষমা কর।

ইমাম বুখারী (রাঃ) এ বিষয়টির উপর একটি অধ্যায়ের শিরোনাম করেছেন بَاب الْبَيْعَةِ فِي الْحَرْبِ أَنْ لَا يَفِرُّوا وَقَالَ بَعْــضُهُمْ عَلَــى الْمَــوْتِ অর্থ:"যুদ্ধের ময়দান থেকে না পালানোর অধ্যায়" আবার কেউ কেউ বলেছেন, "মৃত্যুর উপর বাই'আত "

বুখারীর ভাষ্যকার ইমাম ইবনে হাজার আসকালানী বলেন, এখানে জিহাদ এবং মৃত্যু দুটি বিষয় উল্লেখ করা হলেও মূলত: দুটির মধ্যে কোন বৈপরিত্ব নেই। কারণ জিহাদের শেষ পরিনতি হচ্ছে শাহাদাতের মৃত্যু অথবা

[২৬৪] সহীহ বুখারী ২৮০০, ৩৯৩৬, ৬৭৮০, ৬৭৮২।
[২৬৫] সহীহ বুখারী কিতাবুল জিহাদ, বাব নং ১১০ হাঃ নং ২৮৩৪।

বিজয়। তাহলে বুঝা গেল যে, জিহাদের ময়দানে কখনো কখানো শাহাদাতের মৃত্যুও ঘটতে পারে। সুতরাং দুটি বিষয় অর্থাৎ জিহাদ এবং মৃত্যুর কথা উল্লেখ্য করা হলেও কোন বৈপরিত্ব থাকবে না। যেহেতু কোন কোন সময় একটি আরেকটিকে আবশ্যক করে নেয়। অথবা দুইটির কথা দুইস্থানে বলেছেন একস্থানে জিহাদের কথা অন্যস্থানে মৃত্যুর কথা।

আব্দুল্লাহ ইবনে উমর (রা:) বলেন;

عَنْ نَافِعٍ قَالَ قَالَ ابْنُ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا رَجَعْنَا مِنْ الْعَامِ الْمُقْبِلِ فَمَا اجْتَمَعَ مِنَّا اثْنَانِ عَلَى الشَّجَرَةِ الَّتِي بَايَعْنَا تَحْتَهَا كَانَتْ رَحْمَةً مِنْ اللَّهِ فَسَأَلْتُ نَافِعًا عَلَى أَيِّ شَيْءٍ بَايَعَهُمْ عَلَى الْمَوْتِ قَالَ لَا بَلْ بَايَعَهُمْ عَلَى الصَّبْرِ

অর্থ: ইবনে উমর (রা:) বলেন যে, আমরা হুদায়বিয়ার সন্ধির পরবর্তী বৎসরে সেখানে প্রত্যাবর্তন করলাম। কিন্তু আমাদের দুজন ব্যক্তিও ঐ গাছটি চিহ্নিত করতে পারে নি, যে গাছের নীচে আমরা বাই'আত দিয়েছিলাম। (এ গাছটিকে আল্লাহ তাআলা ভুলিয়ে দিয়েছিলেন) যে গাছটি আল্লাহর পক্ষ থেকে রহমত স্বরূপ ছিল। অথবা ভূলিয়ে দেওয়াটা আল্লাহর রহমত ছিল। (যাতে ঐ গাছটিকে বরকতময় গাছ মনে করে পূজাঁ না করে)। নাফে'কে জিজ্ঞেস করলাম, তারা কিসের উপর বাই'আত নিয়েছিল, মৃত্যুর উপর? তিনি বললেন, না বরং তাদের থেকে বাই'আত নিয়েছিলেন সবরের উপর (যুদ্ধের ময়দানে অটল থাকার উপর)।[২৬৬]

اَلسَّمْعُ وَالطَّاعَةُ

আমীরের আদেশ শুনা ও মানা

প্রশ্ন: আমীরের কথা শুনা ও মানার গুরুত্ব কতটুকু?

উত্তর: বিষয়টি অনেক গুরুত্বপূর্ণ। আমরা ইতিপূর্বে "আল-জামা'আহ ও আল-ইমারাহ", আমীর নিয়োগ পদ্ধতি, আমীরের নিকট বাই'আত ও তার পদ্ধতি নিয়ে আলোচনা করেছি। এখন আমরা আলোচনা করবো আমীরের কথা শুনা-মানা তথা আনুগত্য নিয়ে। এ প্রসঙ্গে ইসলামের নির্দেশ হচ্ছে যতক্ষণ পর্যন্ত আমীর কুরআন এবং সুন্নাহ মুতাবিক অধিনস্তদের পরিচালনা

[২৬৬] সহীহ বুখারী।

করবেন ততক্ষণ পর্যন্ত তার নির্দেশ শুনা এবং মানা ফরয। এ প্রসঙ্গে কুরআন এবং হাদীস থেকে দলিল পেশ করা হলো,

প্রথম দলিল- সূরা নিসার ৫৯ নং আয়াতঃ

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ

অর্থ: "হে ঈমানদারগণ! তোমরা আনুগত্য করো আল্লাহর, আনুগত্য করো রাসূলের (সঃ) এবং তোমাদের মধ্যে যারা 'উলুল আমর' তাদের।"[২৬৭]

আয়াতে বর্ণিত 'উলুল আমর' বলা হয় তাদের - যাদের হাতে কোন বিষয়ের ব্যবস্থাপনার দায়িত্ব অর্পিত থাকে। আবু হুরায়রা (রা:) সহ অনেক সাহাবীদের মত হলো 'উলুল আমর' হচ্ছেন শাসকবর্গ যারা সরকার পরিচালনা করার দায়িত্বে নিয়োজিত।

এ কারণেই হয়তো আমাদের দেশের এক শ্রেনীর সরকারী আলেম, তাগুতদের পা-চাটা গোলাম, কুরআন-সুন্নাহর সঠিক ইলম থেকে যারা মিসকিন তাদের বলতে শুনা যায় "দেশের আইন মানা ফরয, শাসকবর্গের আনুগত্য করা কুরআনের নির্দেশ" ইত্যাদি। আবার কেউ কেউ আরেক ধাপ এগিয়ে বলেন ইয়াজিদ, হাজ্জাজ বিন ইউসুফের মত ঐতিহাসিক জালিমগণ যদি খলীফা হতে পারেন এবং তাদের আনুগত্য করতে হয় তাহলে আমাদের শাসকগণ কি তাদের চেয়ে খারাপ? তাদের চেয়ে বড় জালিম? এভাবে তারা মানুষকে বিভ্রান্ত করে।

অথচ তারা লক্ষ্য করে না যে, এখানে শুরুতে **أَطِيعُوا اللَّهَ** এর মধ্যে "আত্বি'উ" শব্দ আছে। আবার **أَطِيعُوا الرَّسُولَ** এর শুরুতেও "আত্বি'উ" শব্দ আছে; কিন্তু উলুল আমর এর পূর্বে কোন "আত্বি'উ" শব্দ নেই। কারণ উলুল আমরের আনুগত্য ততক্ষণ পর্যন্ত করা যাবে যতক্ষণ পর্যন্ত তারা আল্লাহ এবং তাঁর রাসূলের আনুগত্যের অধীনে থাকে। অর্থাৎ তাদের শাসন ব্যবস্থা যদি কুরআন-সুন্নাহ ভিত্তিক হয়। এক কথায় **اَلْخِلَافَةُ عَلَى**

[২৬৭] সুরা নিসা ৪:৫৯।

مِنْهَاجِ النُّبُـــوَّةِ "খিলাফত আলা মিনহাজ আন নাবুওয়াহ্" ভিত্তিক রাষ্ট্র হলে, তাহলেই কেবল ঐ রাষ্ট্রের শাসকদেরকে أُوْلُوا الْـــاَمْرِ উলুল আমর বলা হবে এবং তাদের আনুগত্য করা ফরয হবে। অন্যথায় উলুল আমর নয় বরং তারা হবে أُوْلُـــوا الْخَمْرِ "উলুল খামর" (মদের হেফাযতকারী), তাদের আনুগত্য করা যাবেনা।

এই নীতির আলোকেই ইয়াজিদ/হাজ্জাজ বিন ইউসুফ জালিম হলেও তারা أُوْلُوا الْاَمْرِ উলুল আমর ছিল। আর আমাদের বর্তমান শাসকরা জালিম যদি না-ও হয় তারপরও যেহেতু তারা জাতীয়তাবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র এবং ধর্ম নিরপেক্ষ সংবিধানের অধীনে রাষ্ট্র পরিচালনা করেন, সেহেতু তারা أُوْلُوا الْخَمْرِ "উলুল খামর" (মদের হেফাযতকারী)।

এ আয়াতটি ইসলামের সমগ্র ধর্মীয়, সামাজিক ও রাজনৈতিক জীবনের বুনিয়াদ। এটি ইসলামী রাষ্ট্রের শাসনতন্ত্রের এক নম্বর ধারা اِخْلَاصُ الْعَمْـــلِ (সর্ব প্রকার আমল একনিষ্ঠভাবে আল্লাহর জন্য করা)। এখানে নিম্নলিখিত মূলনীতিগুলো স্থায়ীভাবে প্রতিষ্ঠিত করে দেয়া হয়েছে।

প্রথম মূলনীতি

ইসলামী জীবন ব্যবস্থার প্রথম ও মূল ভিত্তি اِخْلَاصُ الْعِبَادَةِ لِلّٰه

ইসলামী জীবন ব্যবস্থায় প্রকৃত আনুগত্য লাভের অধিকারী হচ্ছেন একমাত্র আল্লাহ। ইরশাদ হচ্ছে:

{وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ} [البينة : ٥]

অর্থ: "আর তাদেরকে কেবল এই নির্দেশ দেয়া হয়েছিল যে, তারা যেন আল্লাহর 'ইবাদাত করে তাঁরই জন্য দ্বীনকে একনিষ্ঠ করে।"[২৬৮]

একজন মুসলিমের সর্বপ্রথম পরিচয় হচ্ছে সে আল্লাহর বান্দা। এজন্য সালাতে দাঁড়িয়ে বলি إِيَّـــاكَ نَعْبُـــدُ "আমরা কেবলমাত্র তোমারই ইবাদত (আনুগত্য) করি।" এখানে একটি গুরুত্বপূর্ণ রহস্য আছে। সুরায়ে ফাতেহাকে আমরা একটি মানপত্রের সাথে তুলনা করতে পারি। যখন

[২৬৮] সুরা আল বয়্যিনাহ ৯৮:৫।

কোন বড় ব্যক্তিকে মানপত্র দেওয়া হয় তখন তাতে তিনটি অংশ থাকে। প্রথম অংশে যাকে মানপত্র দেওয়া হচ্ছে তার পরিচয় ও প্রশংসা। দ্বিতীয় অংশে যারা মানপত্র দিচ্ছে তাদের পরিচয় ও সম্পর্ক। তৃতীয় অংশে দাবী দাওয়া ইত্যাদি। সুরায়ে ফাতেহারও প্রথম অংশ اَلْحَمْـــدُ لِلّـــهِ رَبِّ الْعَالَمِينَ থেকে শুরু করে مَالِكِ يَوْمِ الـــدِّينِ পর্যন্ত আল্লাহর পরিচয় ও প্রশংসা পেশ করা হয়েছে। এরপর যেন আল্লাহ তা'আলা প্রশ্ন করছেন যে, তোমরা যারা আমার প্রশংসা করলে এবং আমার পরিচয় তুলে ধরলে তোমাদের কী পরিচয়? আমার সঙ্গে তোমাদের কী সম্পর্ক? তখন মানুষ তার পরিচয় পেশ করে إِيَّاكَ نَعْبُـــدُ অর্থাৎ আমার পরিচয় হচ্ছে আমি আপনার গোলাম। আপনি আমার মনিব। জীবনের সকল ক্ষেত্রে শুধুমাত্র আপনার গোলামী করাই হচ্ছে আমার কাজ। তারপর তৃতীয় অংশে وَإِيَّـــاكَ نَـــسْتَعِينُ থেকে আল্লাহর কাছে দাবী দাওয়া পেশ করে।

আমরা সকলেই আল্লাহর গোলাম এমন কি নবী রাসূলগণও আল্লাহর গোলাম ছিলেন। আমরা কালিমায়ে শাহাদাতের মাধ্যমে দুটি স্বাক্ষ্য দিয়ে ইসলামে প্রবেশ করি। একটি হচ্ছে أشـــهدُ أنَّ لا إلـــهَ إلا اللهُ "আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া আর কোন ইলাহ নেই মা'বুদ নেই। দ্বিতীয়টি হচ্ছে وأشهدُ أنَّ محمـــدا عبـــدُه ورســـولُه "আমি আরোও স্বাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ তা'আলার বান্দা (গোলাম) ও রাসূল। এখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও নিজেকে আল্লাহর গোলাম বলে স্বাক্ষ্য দিতে হয়েছে। কাজেই আমরা সকলেই গোলাম তবে কোন খাজা বাবা, গাঁজা বাবা, লেংটা বাবা, পীর বাবা অথবা কোন নেতা নেত্রীর গোলাম নয়। বরং শুধুমাত্র আল্লাহরই গোলাম। মানুষের জন্য আল্লাহর প্রকৃত গোলাম হওয়াটাই সর্বোচ্চ মর্যাদা। এজন্য আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সবচেয়ে মর্যাদাপূর্ণ সফর 'মি'রাজে'র আলোচনা করতে গিয়ে সুরায়ে বনী ইসরাঈলের প্রথম আয়াতে আল্লাহ তা'আলা বলেন:

{سُبْحَانَ الَّذِي أَسْرَى بِعَبْدِهِ لَيْلًا مِنَ الْمَسْجِدِ الْحَرَامِ إِلَى الْمَسْجِدِ الْأَقْصَى الَّذِي بَارَكْنَا حَوْلَهُ لِنُرِيَهُ مِنْ آيَاتِنَا إِنَّهُ هُوَ السَّمِيعُ الْبَصِيرُ} [الإسراء : ١]

অর্থ: "পবিত্র মহান সে সত্তা, যিনি তাঁর বান্দাকে রাতে নিয়ে গিয়েছেন আল মসজিদুল হারাম থেকে আল মসজিদুল আকসা[২৬৯] পর্যন্ত, যার আশপাশে আমি বরকত দিয়েছি, যেন আমি তাকে আমার কিছু নিদর্শন দেখাতে পারি। তিনিই সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।"[২৭০]

এখানে اَسْرَيْ بِرَسُـــوْلِه অথবা أَسْرَى بِنَبِيِّه বলা হয়েছে। أَسْرَى بِعَبْدِه বলেন নি। বুঝা গেল মানুষের জন্য সবচেয়ে মর্যাদাপূর্ণ যে পদটি তা হচ্ছে اَلْعَبْدُ অথাৎ আল্লাহর গোলাম হওয়া। এটাই তার আসল পরিচয়। তারপর সে অন্যকিছু। মুসলিমদের ব্যক্তিগত জীবন এবং মুসলিমদের সমাজ ব্যবস্থা উভয়ের কেন্দ্র এবং লক্ষ্য হচ্ছে আল্লাহর আনুগত্য করা ও বিশ্বস্ততার সাথে তাঁর নির্দেশ মেনে চলা।

ইরশাদ হচ্ছে-

قُلْ إِنَّ صَلاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

অর্থ: "আমার সালাত, আমার যাবতীয় ইবাদত, আমার জীবন ও আমার মরণ সারাজাহানের রব আল্লাহরই জন্য।"[২৭১]

অন্যান্য আনুগত্য ও অনুসৃতি কেবলমাত্র তখন-ই গৃহীত হবে যখন তা আল্লাহর আনুগত্য ও অনুসৃতির বিপরীত হবেনা। বরং তাঁর অধীন ও অনুকূল হবে। অন্যথায় এই আসল ও মৌলিক আনুগত্য বিরোধী প্রতিটি আনুগত্যের শৃংখলকে ভেঙ্গে দূরে নিক্ষেপ করা হবে। একথাটিই রাসূল (সঃ) ইরশাদ করেছেনঃ لاَ طَاعَـــةَ لِمَخْلُـــوقٍ فِي مَعْـــصِيَةِ الخَـــالِقِ "স্রষ্টার নাফরমানী করে, সৃষ্টির আনুগত্য করা যাবে না"।[২৭২]

[২৬৯] ফিলিস্তীনে অবস্থিত বাইতুল মাকদিস, যা মুসলমানদের প্রথম কিবলা ছিল।
[২৭০] সুরা বনী ঈসরাইল ১৭:১।
[২৭১] সুরা-আনআম ৬:১৬২।
[২৭২] জামেউল আহাদীস ঃ-হাঃ-১৩৪০৫,মুয়াত্তা ঃ- হাঃ-১০, মুজামুল কবীর হাঃ-৩৮১,মুসনাদে শিহাব হাঃ-৮৭৩,আবি শাইবা হাঃ-৩৩৭১৭,কনযুল উম্মাল হাঃ–১৪৮৭৫।

দ্বিতীয় মূলনীতি

ইসলামী জীবন ব্যবস্থার দ্বিতীয় ভিত্তি اِتِّبَاعُ السُّنَّةِ

ইসলামী জীবন ব্যবস্থার দ্বিতীয় ভিত্তি হচ্ছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আনুগত্য। এটি কোন স্বতন্ত্র ও স্বয়ংসম্পূর্ণ আনুগত্য নয়। বরং আল্লাহর আনুগত্যের এটিই একমাত্র বাস্তব ও কার্যকর পদ্ধতি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আনুগত্য এজন্য করতে হবে যে, আল্লাহর বিধান ও নির্দেশ আমাদের কাছে পৌঁছানোর তিনিই একমাত্র বিশ্বস্ত ও নির্ভরযোগ্য মাধ্যম। আমরা কেবলমাত্র রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনুগত্য করার পথেই আল্লাহর আনুগত্য করতে পারি। আর রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনুগত্য হতে মুখ ফিরিয়ে নেয়া আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহের নামান্তর। পবিত্র কুরআনে আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللَّـــهُ غَفُـــورٌ رَحِيمٌ} [آل عمران : ٣١]

অর্থ: "বল, 'যদি তোমরা আল্লাহকে ভালবাস, তাহলে আমার অনুসরণ কর, আল্লাহ তোমাদেরকে ভালবাসবেন এবং তোমাদের পাপসমূহ ক্ষমা করে দিবেন। আর আল্লাহ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।"[২৭৩]

এ ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন,

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ كُلُّ أُمَّتِي يَدْخُلُونَ الْجَنَّةَ إِلَّا مَنْ أَبَى قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَمَنْ يَأْبَى قَالَ مَنْ أَطَاعَنِي دَخَلَ الْجَنَّةَ وَمَنْ عَصَانِي فَقَدْ أَبَى

অর্থ: আবু হুরায়রা (রা:) হতে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন; আমার সকল উম্মতই জান্নাতে প্রবেশ করবে। তবে যে অস্বীকার করল (সে ব্যতিত)। সাহাবায়ে কেরাম প্রশ্ন করলেন, ইয়া রাসূলুল্লাহুল্লাহ! অস্বীকার করল কে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি আমার আনুগত্য করল সে জান্নাতে প্রবেশ করবে। আর

[২৭৩] সুরা আল ইমরান ৩:৩১।

যে আমার আনুগত্য করল না সেই অস্বীকার করল (ফলে সে জাহান্নামে যাবে)।[২৭৪]

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ أَطَاعَنِي فَقَدْ أَطَاعَ اللَّهَ وَمَنْ عَصَانِي فَقَدْ عَصَى اللَّهَ وَمَنْ أَطَاعَ أَمِيرِي فَقَدْ أَطَاعَنِي وَمَـــنْ عَصَى أَمِيرِي فَقَدْ عَصَانِي

অর্থ: "আবু হুরায়রা (রাঃ) রাসূল (সঃ) থেকে বর্ণনা করেন। তিনি বলেন, "যে ব্যক্তি আমার আনুগত্য করলো, সে আল্লাহর আনুগত্য করলো। আর যে ব্যক্তি আমাকে অমান্য করলো সে আল্লাহকেই অমান্য করলো। যে ব্যক্তি আমার আমীরের আনুগত্য করলো সে ব্যক্তি আমার-ই আনুগত্য করলো। আর যে ব্যক্তি আমার আমীরের অবাধ্য হলো সে আমার-ই অবাধ্য হলো।"[২৭৫]

আমীরের আনুগত্যের ব্যাপারে হাদীসের নির্দেশ

عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: السمع والطاعة حق ما لم يؤمر بالمعصية فإذا أمر بمعصية فلا سمع ولا طاعة)

অর্থ: ইবনে ওমর (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন , আমীর যতক্ষণ পর্যন্ত স্রষ্টার অবাধ্যতার নির্দেশ না করে, ততক্ষণ পর্যন্ত আমীরের আদেশ শোনা ও মানা কর্তব্য। আর যখনই সে স্রষ্টার অবাধ্যতার নির্দেশ দেবে তখন তার নির্দেশ শোনাও যাবে না মানাও যাবে না।[২৭৬]

---

[২৭৪] সহীহ বুখারী।

[২৭৫] সহীহ বুখারী হাঃ- ৬৭১৮, মুসলিম হাঃ- ৪৮৫৪, ইবনে হিব্বান হাঃ-৪৫৪৬, আহমাদ হাঃ–৯০০৩, মুসনাদে সাহাবা হাঃ- ২১৫

[২৭৬] সহীহ বুখারী হাঃ-২৮৯৬,শব্দ ভিন্ন এরকম অনেক হাদীস রয়েছে যথা ঃ- ৬৬৪৭, মুসনাদে সাহাবা হাঃ-১৬১।

তৃতীয় মূলনীতি

উলুল আমর এর আনুগত্যের মাপকাঠি

উপরোল্লিখিত দুটি আনুগত্যের পর তাদের অধীনে তৃতীয় আরেকটি আনুগত্য ইসলামী জীবন ব্যবস্থার আওতাধীনে মুসলিমদের উপর ওয়াজিব। সেটি হচ্ছে "উলুল আমর" তথা দ্বায়িত্ব ও ক্ষমতার অধিকারীদের আনুগত্য। তারা মুসলিমদের মানসিক, বুদ্ধি বৃত্তিক ও চিন্তাগত ক্ষেত্রে নেতৃত্ব দানকারী উলামায়ে কিরাম বা রাজনৈতিক নেতৃবৃন্দ হতে পারেন। আবার দেশের শাসনকার্য পরিচালনাকারী প্রশাসকবৃন্দ হতে পারেন। অথবা আদালতে রায় প্রদানকরী বিচারপতি বা তামাদ্দুনিক ও সামাজিক বিষয়ে গোত্র, মহল্লা ও জনবসতির নেতৃত্ব দানকারী শেখ, সরদার প্রধান-ও হতে পারেন। মোটকথা যে ব্যক্তি যে কোন পর্যায়েই মুসলিমদের নেতৃত্ব দানকারী হবেন, তিনি অবশ্যি আনুগত্য লাভের অধিকারী হবেন। তার সাথে বিরোধ সৃষ্টি করে মুসলিমদের সামাজিক জীবনে বাঁধা-বিপত্তি ও বিশৃংখলা সৃষ্টি করা যাবেনা। তবে এক্ষেত্রে কয়েকটি শর্ত রয়েছে: (ক) তাকে মুসলিম "আল-জামা'আহ" এর অন্তর্ভুক্ত হতে হবে (খ) আল্লাহ ও তাঁর রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনুগত হতে হবে। এই শর্ত দুটি হচ্ছে অপরিহার্য ও বাধ্যতামুলক। কেবলমাত্র উল্লেখিত আয়াতের মধ্যভাগে এ সুস্পষ্ট শর্তটি সংশ্লিষ্ট হয়নি, বরং হাদীসেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দ্ব্যর্থহীনভাবে এটি বর্ণনা করেছেন। কয়েকটি হাদীস নিম্নে পেশ করা হলো:

عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ السَّمْعُ وَالطَّاعَـــةُ عَلَى الْمَرْءِ الْمُسْلِمِ فِيمَا أَحَبَّ وَكَرِهَ مَا لَمْ يُؤْمَرْ بِمَعْصِيَةٍ فَإِذَا أُمِرَ بِمَعْـــصِيَةٍ فَلَـــا سَمْعَ وَلَا طَاعَةَ

অর্থ: "আব্দুল্লাহ ইবনে উমর (রা:) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণণা করেছেন, "দ্বায়িত্বশীলদের কথা শুনা এবং মানা প্রত্যেক মুসলিম ব্যক্তির অবশ্য কর্তব্য। চাই তা তার মন:পূত হোক আর না হোক,

যতক্ষণ না সে আল্লাহর নাফরমানী কাজের নির্দেশ দেয়। যদি নাফরমানী কাজের নির্দেশ দেয়, তাহলে তার আনুগত্য করা যাবেনা।"[২৭৭]

عَنْ عَلِىٍّ – رضى الله عنه – أَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– بَعَثَ جَيْشًا وَأَمَّرَ عَلَيْهِمْ رَجُلاً وَأَمَرَهُمْ أَنْ يَسْمَعُوا لَهُ وَيُطِيعُوا فَأَجَّجَ نَارًا وَأَمَرَهُمْ أَنْ يَقْتَحِمُوا فِيهَا فَأَبَى قَوْمٌ أَنْ يَدْخُلُوهَا وَقَالُوا إِنَّمَا فَرَرْنَا مِنَ النَّارِ وَأَرَادَ قَوْمٌ أَنْ يَدْخُلُوهَا فَبَلَغَ ذَلِكَ النَّبِىَّ –صلى الله عليه وسلم– فَقَالَ « لَوْ دَخَلُوهَا – أَوْ دَخَلُوا فِيهَا – لَمْ يَزَالُوا فِيهَا ». وَقَالَ « لاَ طَاعَةَ فِى مَعْصِيَةِ اللَّهِ إِنَّمَا الطَّاعَةُ فِى الْمَعْرُوفِ.

অর্থ: আলী (রা:) হতে বর্ণিত, তিনি বলেনঃ "একদা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন আনসারীর নেতৃত্বে একটি ক্ষুদ্র সৈন্যদল প্রেরণ করেন। পথিমধ্যে কোন এক ব্যাপারে আনসারীর মনে দুঃখ আসে। তখন তিনি বললেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি আমার আনুগত্য করতে তোমাদেরকে বলেননি? তারা বললেনঃ 'হ্যাঁ' বলেছেন। তখন তিনি লাকড়ী আনিয়ে আগুনের কুন্ডুলী প্রস্তুত করলেন, অতঃপর বললেন, আমার চরম নির্দেশ হচ্ছে, তোমরা এই আগুনে ঝাঁপ দিবে। তাদের থেকে একজন যুবক বলে উঠলোঃ আগুন থেকে বাঁচার জন্য তোমরা রাসূলের (সঃ) ছত্রছায়ায় এসেছো, অতএব রাসূলের (সঃ) সাথে সাক্ষাতের পূর্বে এরকম কাজে হাত দিবে না। অতঃপর রাসূলের (সঃ) দরবারে ফিরে এসে তারা তাকে সকল ঘটনা বর্ণনা করলেন। তখন আল্লাহর রাসূল (সঃ) বললেনঃ "যদি তোমরা (তার কথা মতো আগুনে) ঝাঁপ দিতে, তাহলে তোমরা আর কখনো তার থেকে বের হতে পারতে না। "আল্লাহ ও রাসূলের (সঃ) নাফরমানীর ক্ষেত্রে কোন আনুগত্য নেই, আনুগত্য করতে হবে কেবলমাত্র 'মারুফ' বা বৈধ ও সৎকাজে (অবৈধ ও অন্যায় কাজে কারো আনুগত্য করা যাবে না।"[২৭৮]

অপর হাদীসে ইরশাদ হয়েছেঃ

[২৭৭] বুখারী হাঃ-৬৭২৫,আবু দাউদ হাঃ-২৬২৮, বায়হাকী ৮৭২০ , মুসনাদে সাহাবা হাঃ–১৬১।
[২৭৮] সুনানে আবু দাউদহাঃ- ২৬২৭, বায়হাকী হাঃ- ১৬৩৮৬

عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– قَالَ « سَتَكُونُ أُمَرَاءُ فَتَعْرِفُونَ وَتُنْكِرُونَ فَمَنْ عَرَفَ بَرِئَ وَمَنْ أَنْكَرَ سَلِمَ وَلَكِنْ مَنْ رَضِىَ وَتَابَعَ ». قَالُوا أَفَلاَ نُقَاتِلُهُمْ قَالَ « لاَ مَا صَلَّوْا

অর্থ: নবী (সঃ) বলেছেন, "তোমাদের ওপর এমন সব লোকও শাসন কর্তৃত্ব চালাবে যাদের অনেক কথাকে তোমরা 'মারূফ' (বৈধ) ও অনেক কথাকে 'মুনকার' (অবৈধ) পাবে। এ ক্ষেত্রে যে ব্যক্তি তাদের মুনকারের বিরুদ্ধে অসন্তুষ্টি প্রকাশ করবে, সে দায়মুক্ত হবে। আর যে ব্যক্তি তা অপছন্দ করবে, সেও বেঁচে যাবে। কিন্তু যে ব্যক্তি তাতে সন্তুষ্ট হবে এবং তার অনুসরণ করবে সে পাকড়াও হবে।" সাহাবীগণ জিজ্ঞেস করলেন, "তাহলে এ ধরনের শাসকদের শাসনামলে কি আমরা তাদের সাথে যুদ্ধ করবো না?" নবী (সঃ) জবাব দেন, "না, যতদিন তারা সালাত পড়তে থাকবে (ততদিন তাদের সাথে যুদ্ধ করতে পারবে না)।[২৭৯]

অর্থাৎ সালাত পরিত্যাগ করা এমন একটি আলামত হিসেবে বিবেচিত হবে, যা থেকে সুস্পষ্টভাবে জানা যাবে যে, তারা আল্লাহ ও রাসূলের (সঃ) আনুগত্য থেকে বের হয়ে গেছে। এ অবস্থায় তাদের বিরুদ্ধে সংগ্রাম করা ন্যায়সঙ্গত হবে। নবী (সঃ) বলেনঃ

عَنْ عَوْفِ بْنِ مَالِكٍ الأَشْجَعِىِّ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ «...... وَشِرَارُ أَئِمَّتِكُمُ الَّذِينَ تُبْغِضُونَهُمْ وَيُبْغِضُونَكُمْ وَتَلْعَنُونَهُمْ وَيَلْعَنُونَكُمْ ». قَالُوا قُلْنَا يَا رَسُولَ اللَّهِ أَفَلاَ نُنَابِذُهُمْ عِنْدَ ذَلِكَ قَالَ « لاَ مَا أَقَامُوا فِيكُمُ الصَّلاَةَ لاَ مَا أَقَامُوا فِيكُمُ الصَّلاَةَ – مسلم

অর্থ: "আউফ বিন মালেক আল আশজায়ী বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি; ...তোমাদের নিকৃষ্টতম নেতা হচ্ছে তারা যারা তোমাদেরকে ঘৃণা করে এবং তোমরা তাদেরকে ঘৃণা করো, তোমরা তাদের প্রতি লা'নত বর্ষণ করতে থাকো এবং তারা তোমাদের প্রতি লা'নত বর্ষণ করতে থাকে। সাহাবীগণ আরজ করেন, হে আল্লাহর রাসূল (সঃ) যখন এ অবস্থার সৃষ্টি হয় তখন কি আমরা তাদের মোকাবেলা

[২৭৯] সহীহ মুসলিম হাঃ- ১৮৫৪,আবু দাউদ হাঃ-৪৭৬০, আবি শাইবা হাঃ-৩৭২৯৬, আহমাদ হাঃ-২৬৬১৯।

করার জন্য মাথা তুলে দাঁড়াবো না? জবাব দেন: না, যতদিন তারা তোমাদের মধ্যে সালাত কায়েম করতে থাকবে। না, যতদিন তারা তোমাদের মধ্যে সালাত কায়েম করতে থাকবে।[২৮০]

এই হাদীসটি ওপরে বর্ণিত শর্তটিকে আরো সুস্পষ্ট করে তুলে ধরেছে। ওপরের হাদীসটি থেকে ধারণা হওয়া স্বাভাবিক ছিল যে, যতদিন তারা ব্যক্তিগত জীবনে সালাত পড়তে থাকবে ততদিন তাদের বিরুদ্ধে বিদ্রোহ করা যাবে না। কিন্তু এই হাদীসটি থেকে একথা জানা যায় যে, সালাত কায়েম করা মানে মুসলিমদের সমাজ জীবনে সালাতের ব্যাবস্থা প্রতিষ্ঠা করা। অর্থাৎ কেবলমাত্র তাদের নিজেদের নিয়মিতভাবে সালাত আদায় করাটাই যথেষ্ট হবে না বরং এই সঙ্গে তাদের আওতাধীনে যে রাষ্ট্র ব্যাবস্থা পরিচালিত হচ্ছে সেখানেও কমপক্ষে 'ইকামতে সালাত' তথা সালাত প্রতিষ্ঠার ব্যবস্থাপনা থাকা জরুরী বিবেচিত হবে। তাদের রাষ্ট্র ব্যবস্থা তার আসল প্রকৃতির দিক দিয়ে যে একটি ইসলামী রাষ্ট্র ব্যবস্থা হবে এটি তারই একটি আলামত। অন্যথায় যদি এতটুকুও না হয়, তাহলে এর অর্থ হবে যে, তারা ইসলামী শাসন ব্যবস্থা থেকে মুখ ফিরিয়ে নিয়েছে।

عَنْ نَافِعٍ مَوْلَى عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ : أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِىَ اللَّهُ عَنْهُ كَتَبَ إِلَـــى عُمَّالِهِ : إِنَّ أَهَمَّ أَمْرِكُمْ عِنْدِى الصَّلاَةُ ، مَنْ حَفِظَهَا أَوْ حَافَظَ عَلَيْهَا حَفِظَ دِينَـــهُ ، وَمَنْ ضَيَّعَهَا فَهُوَ لِمَا سِوَاهَا أَضْيَعُ

অর্থ: আব্দুল্লাহ ইবনে ওমর (রা:) এর গোলাম নাফে' থেকে বর্ণিত তিনি বলেন, হযরত উমার ইবনে খাত্তাব (রাঃ) খিলাফতের মসনদে বসে, রাষ্ট্রের সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রতি ফারমান জারী করলেন যে, আমার কাছে সকল কাজের মধ্যে সালাত হচ্ছে সর্বাধিক গুরুত্বপূর্ণ। সুতরাং যে ব্যক্তি সালাত যথাযতভাবে আদায় করবে সে তার দ্বীনের অন্যান্য কাজগুলোও যথাযতভাবে আদায় করবে। আর যে ব্যক্তি সালাতকে বিনষ্ট করবে সে

[২৮০] সহীহ মুসলিম হাঃ- ১৮৮৫ আহমাদ হাঃ-২৪০২৭, দারিমী হাঃ-২৭৯৭,বাজ্জার হাঃ-২৭৫২,ত্ববরানী হাঃ-৫৮৬,বায়হাকী হাঃ-১৬৪০০,দায়লামী হাঃ- ২৭৭২।

ব্যক্তি রাষ্ট্রের অন্যান্য কাজগুলোকে আরও বেশী নষ্ট করবে বলেই ধরে নেয়া হবে।[২৮১]

এ ক্ষেত্রে তাদের শাসন ব্যবস্থাকে উল্টে ফেলার জন্য প্রচেষ্টা ও সংগ্রাম চালানো মুসলমানদের জন্য বৈধ হয়ে যাবে। একথাটিকেই অন্য একটি হাদীসে এভাবে বর্ণনা করা হয়েছেঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের থেকে অন্যান্য আরো বিভিন্ন বিষয়ের সাথে এ ব্যাপারেও অঙ্গীকার নিয়েছেনঃ

عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ بَايَعَنَا رَسُوْلُ اللهِ صَلي اللهِ عَلَيْه وَسَلَمَ عَلَيْ أَنْ لَـــا نُنَـــازِعَ الْأَمْرَ أَهْلَهُ إِلَّا أَنْ تَرَوْا كُفْرًا بَوَاحًا عِنْدَكُمْ مِنْ اللَّهِ فِيهِ بُرْهَانٌ

অর্থ: "আমরা এই মর্মে আল্লাহর রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাছে বাইয়াত করলাম, আমাদের) নেতৃবৃন্দ ও শাসকদের সাথে ঝগড়া করবো না, তবে যখন আমরা তাদের কাজে প্রকাশ্য কুফরী দেখতে পাবো যার ভিত্তিতে তাদের বিরুদ্ধে আল্লাহর কাছে পেশ করার জন্য আমাদের কাছে প্রমাণ থাকবে।[২৮২]

ইসলামী জীবন ব্যাবস্থায় আল্লাহর হুকুম ও রাসূলের (সঃ) সুন্নাত হচ্ছে মৌলিক আইন ও চূড়ান্ত সনদ। মুসলিমদের মধ্যে অথবা মুসলিম সরকার ও প্রজাদের মধ্যে কোন বিষয়ে বিরোধ দেখা দিলে তার মীমাংসার জন্য কুরআন ও সুন্নাতের দিকে ফিরে আসতে হবে। কুরআন-সুন্নাহ এ ব্যাপারে যে ফায়সালা দেবে তার সামনে মাথা নত করে দিতে হবে। এভাবে জীবনের সকল ব্যাপারে কুরআন ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাতকে সনদ, চূড়ান্ত ফায়সালা ও শেষকথা হিসেবে মেনে নেয়ার বিষয়টি ইসলামী জীবন ব্যাবস্থার এমন একটি বৈশিষ্ট, যা তাকে কুফরী জীবন ব্যবস্থা থেকে সম্পূর্ণ আলাদা করে দেয়। যে ব্যবস্থায় এ জিনিসটি অনুপস্থিত থাকে সেটি আসলে একটি অনৈসলামিক ব্যবস্থা।

[২৮১] আব্দুর রাজ্জাক হাঃ- ২০৩৭,বায়হাকী হাঃ-১৯৩৫,

[২৮২] সহীহ মুসলিম হাঃ- ৪৮৮৪,সহীহ বুখারী ৭০৫৫; মুসনাদে আবি শাইবা হাঃ-৩৭২৫৭,নাসায়ী হাঃ- ৪১৫৩,মুসনাদে সাহাবা।

এ প্রসঙ্গে কেউ কেউ সংশয় প্রকাশ করে বলে থাকেন যে, জীবনের যাবতীয় বিষয়ের ফায়সালার জন্য কুরআন ও সুন্নাতের দিকে ফিরে যাওয়া কিভাবে সম্ভব হতে পারে? কারণ মিউনিসিপ্যালিটি, রেলওয়ে, ডাকঘর ইত্যাদি অসংখ্য বিষয় সম্পর্কিত কোন নিয়ম-কানুনের উল্লেখ সেখানে নেই। কিন্তু এ সংশয়টি আসলে দ্বীনের মূলনীতি সঠিকভাবে অনুধাবন না করার কারণে সৃষ্টি হয়েছে। একজন মুসলিমকে একজন কাফের থেকে যে বিষয়টি আলাদা ও বৈশিষ্টমন্ডিত করে সেটি হচ্ছে, কাফের অবাধ স্বাধীনতার দাবীদার। আর মুসলিম মূলতঃ আল্লাহর বান্দা ও দাস হবার পর তার রব মহান সর্বশক্তিমান আল্লাহ তাকে যতটুকু স্বাধীনতা দান করেছেন শুধুমাত্র ততটুকুই স্বাধীনতা ভোগ করে।

কাফের তার নিজের তৈরী মূলনীতি ও বিধানের ক্ষেত্রে কোন ঐশী সমর্থন ও স্বীকৃতির প্রয়োজন আছে বলে সে মনে করে না এবং নিজেকে সে এর মুখাপেক্ষীও ভাবে না। বিপরীত পক্ষে মুসলিম তার প্রতিটি ব্যাপারে সর্বপ্রথম আল্লাহ ও তাঁর নবীর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দিকে ফিরে যায়। সেখান থেকে কোন নির্দেশ পেলে সে তার অনুসরণ করে। আর কোন নির্দেশ না পেলে কেবল মাত্র এই অবস্থাতেই সে স্বাধীনভাবে পদক্ষেপ গ্রহণ করার সুযোগ লাভ করে। এ ক্ষেত্রে তার এই কর্মের স্বাধীনতার মূলভিত্তি একথার উপরই স্থাপিত হয় যে, এই ব্যাপারে শরীয়াত রচয়িতার পক্ষ থেকে কোন বিধান না দেয়াই একথা প্রমাণ করে যে, তিনি এ ক্ষেত্রে কর্মের স্বাধীনতা প্রদান করেছেন।

ষষ্ঠ অধ্যায়

اَلْهِجْرَةُ "আল হিজরাহ্"

প্রশ্ন: "আল-হিজরাহ এর শাব্দিক ও পারিভাষিক অর্থ কি?

উত্তর: اَلْهِجْرَةُ لُغَــةً "আল হিজরাহ" এর শাব্দিক অর্থ হচ্ছে: মাতৃভূমি ত্যাগ করে অন্য ভূমিতে গমন, দেশান্তর, هَجَرَ (ن) هِجْراً هُجْرَاناً সম্পর্ক ছিন্ন করা, ত্যাগ করা, এড়িয়ে যাওয়া, - هَاجَرَ مُهَــاجَرَةً مِــنَ الْبَلَــدِ দেশ ত্যাগ করা, হিজরত করা, অভিবাসী হওয়া, تَهَــاجَرُوْاوَاهْتَجَرُوْا তারা পরস্পরকে ত্যাগ করল। একে অন্যের সাথে সম্পর্ক ছিন্ন করল।

قَالَ اِبْنُ الْاَثِيْرِ اَلْمُهَاجِرَةُ مِنْ اَرْضٍ اِلَيْ اَرْضٍ تَرْكُ الْاُوْلَيْ لِلثَّانِيَةِ

ইবনে আছির বলেন এক স্থান থেকে আরেক স্থানে হিজরত করা মানে দ্বিতীয়টার জন্য প্রথমটা ত্যাগ করা।

اَلْهِجْرَةُ شَرْعاً وَاصْطِلَاحاً ইসলামী শরীয়তের পরিভাষায় হিজরতের সংজ্ঞা -

❖ ইমাম ইবনুল আরাবী "আহকামূল কুরআন" নামক কিতাবে বলেন:

هِيَ الْخُرُوْجُ مِنْ دَارِ الْحَرْبِ اِلَيْ دَارِ الْاِسْلَامِ

হিজরত হল দারুল হার্‌ব ত্যাগ করে দারুল ইসলামে চলে যাওয়া।

❖ ইমাম ইবনে কুদামা "আল মুগনী" নামক কিতাবে বলেন:

هِيَ الْخُرُوْجُ مِنْ دَارِ الْكُفْرِ اِلَيْ دَارِ الْاِسْلَامِ

অর্থ: "দারুল কুফর ত্যাগ করে দারুল ইসলামে চলে যাওয়া হচ্ছে হিজরত।"

غَرْضُهَا وَغَايَتُهَا - হিজরতের লক্ষ্য ও উদ্দেশ্য

প্রশ্ন: হিজরতের লক্ষ্য-উদ্দেশ্য কি?

উত্তর: হিজরতের উদ্দেশ্য দুইটি :

اَلْاَوَّلُ: اَلْفِرَارُ مِنَ الْفِتْنَةِ ، وَخَوْفُ الْمَفْسَدَةِ الْشِرْكِيَّةِ ، لِأَنَّ كَثْرَةَ الْمَسَاسِ تُمِيْــتُ الْإِحْسَاسَ ، بَلْ قَدْ يَألِفُ الْمُسْلِمُ مَنْظَرَ الْكُفْرِ

প্রথমত: শিরকের ক্ষতি এবং আল্লাহর নাফরমানী মূলক কাজ থেকে বেঁচে থাকা। কারণ কুফরের সংস্রব সত্যের অনুভূতিকে নিশ্চিহ্ন করে দেয়। বরং অনেক ক্ষেত্রে শিরিক ও কুফুরের দিকে আকৃষ্ট করে দেয়।

اَلثَّانِيْ: مُجَاهَدَةُ أَعْدَاء الله ، وَالتَّحَيُّزُ إِلَىْ أَهْلِ الْإِسْلَام ، وَنُصْرَتِهِمْ ، وَالْعَمَلُ عَلَــىْ وَحْدَةِ الصَّفِّ وَالتَّفَرُّغُ لِلدَّعْوَةِ وَنَشْرِ الدِّيْنِ الَّذِيْ أَمَرَنَا اللهُ بِنَشْرِهِ ، وَتَبْلِيْغُهُ لِلنَّاسِ

দ্বিতীয়ত: আল্লাহর দুশমনদের বিরুদ্ধে যুদ্ধয়ের পস্তুতি গ্রহণ করা, মুসলিমদের ঐকবদ্ধ করে শক্তি বৃদ্ধি করা, তাদের সাহায্য গহযোগিতা করা, দ্বীনের দাওয়াত ও প্রচারের কাজের জন্য নিজেকে সম্পূর্ণ মুক্ত করা।[২৮৩]

প্রশ্ন: مَعْنَي الدَّارِ 'দার' কাকে বলে?

উত্তর: মু'জামূল লুগাত নামক গ্রন্থে উল্লেখ করা হয়েছে:

قَالَ صَاحِبُ مُعْجَمِ اللُّغَةِ: اَلدَّارُ اَلْمَسْكَنُ يَجْمَعُ الْبِنَاءُ وَمَا حَوْلَهُ

"দার বলতে বাড়ি, ঘর, আঙ্গিনা, এলাকা, মহল্লা, গ্রাম, বাজার, শহর ইত্যাদি বুঝায়।[২৮৪] ইরশাদ হচ্ছে:

[فَجَاسُوا خِلَالَ الدِّيَارِ} [الإسراء : ٥}

অর্থ: "অতপর তারা প্রতিটি জনপদের আনাচে কানাচে ছড়িয়ে পড়ল।"[২৮৫]

{أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ خَرَجُوا مِنْ دِيَارِهِمْ } [البقرة : ٢٤٣]

অর্থ: "তুমি কি তাদের দেখনি যারা মৃত্যুর ভয়ে নিজেদের ঘর ছেড়ে বেরিয়ে গিয়েছিল।"[২৮৬]

বর্তমান যুগে (دَارْ) বলতে এক একটি দেশকে বুঝায়, যার মৌলিক চারটি উপাদান রয়েছে। (ক) নির্দিষ্ট ভৌগলিক সিমারেখা বা সিমানা (খ) স্বাধীনতা ও সার্বভৌমত্ব (গ) জনসংখ্যা (ঘ) সংবিধান, শাসক, বিচারালয় ও স্বাধীন প্রতিরক্ষা ব্যাবস্থা। তবে সংবিধানের বিষয়টি তাগুতি রাষ্ট্রের

[২৮৩] আল ই'লামু বি উজুবিল হিজরাতি মিন দা'রিল কুফরি ইলা দা'রিল ইসলাম: ১/৫।
[২৮৪] আল ই'লামু বি উজুবিল হিজরাতি মিন দা'রিল কুফরি ইলা দা'রিল ইসলাম: ১/৬।
[২৮৫] সুরা বনী ঈসরাইল ১৭:৫।
[২৮৬] সুরা আল বাক্বারা ২:২৪৩।

বেলায় প্রযোজ্য। কেননা মুসলিম রাষ্ট্রের সংবিধান হলো কুরআন ও সুন্নাহ।

প্রশ্ন: (اَقْسَامُ الدَّارِ) দার কত প্রকার ও কি কি?

উত্তর: দার কয়েক প্রকার হতে পারে। নিম্নে তার বিস্তারিত বর্ণনা পেশ করা হলো:

১. دَارُ الْاِسْلَامِ দারুল ইসলাম:

هِيَ كُلُّ اَرْضٍ تَكُــوْنُ فِيْهَــا ظَــاهِرَةً দারুল ইসলাম হচ্ছে ঐ সকল ভূখন্ড যেখানে ইসলামের বিধান কার্যকর রয়েছে। প্রশাসন, প্রশাসক ও প্রতিরক্ষা সবকিছুই কুরআন সুন্নাহ মোতাবেক পরিচালিত হয়। ইমাম শাফী (র:) বলেন :

هِيَ كُلُّ اَرْضٍ تَظْهَرُ فِيْهَا اَحْكَامُ الْاِسْلَامِ وَلَمْ تَظْهَرْ فِيْهَا خُصْلَةٌ كُفْرِيَّةٌ مِنْ تَكْذِيْبِ نَبِيٍّ اَوْكِتَابٍ مِنْ اَيِّ كُتُبِ اللهِ اَوْ اسْتِخْفَافٍ اَوْ اِلْحَادٍ

দারুল ইসলাম বলতে ঐসকল ভূখন্ডকে বুঝায় যেখানে ইসলামের বিধান প্রকাশ্যভাবে প্রতিফলিত ও বাস্তবায়িত। যেখানে কোন প্রকার কুফুরী কাজ প্রকাশ ও বাস্তবায়ন হতে পারে না, যেমন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মিথ্যা সাব্যস্ত করা, আসমানী কিতাবকে অস্বীকার করা, তুচ্ছ তাচ্ছিল্ল করা, আল্লাহকে অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে গালিগালাজ করা ইত্যাদি।

মোটকথা : যে দেশে মুসলিমরা বসবাস করে এবং ইসলামী শরিয়াহ্ কার্যকর আছে, অমুসলিমগন যিম্মি হিসেবে জিয্য়া দিয়ে থাকে বিদ'আতীরা আহলুস্ সুন্নাহকে কোনঠাসা করতে পারেনা, শাসকবর্গও কুরআন-সুন্নাহ-র সঠিক অনুসারী মুসলিম, এরকম দেশকেই ইসলামী দেশ বলা হয়।

২. دَارُ الْكُفْرِ দারুল কুফুর:

هِيَ كُلُّ بُقْعَةٍ تَكُوْنُ فِيْهَا اَحْكَامُ الْكُفْرِ ظَاهِرَةً وَلَيْسَ بَيْنَهَا وَبَيْنَ الْمُسْلِمِيْنَ حَــرْبٌ وَفِيْ حُكْمِهَا دَارُ الْمُحَارِبِيْنَ وَقْتَ الْهُدْنَةِ– فَكُلُّ دَارِ حَرْبٍ دَارُ كُفْرٍ لَا الْعَكْسُ

"দারুল কুফুর ঐসকল দেশ বা ভূখন্ড যেখানে কুফুরী সংবিধান প্রতিষ্ঠিত তবে তারা মুসলিমদের সাথে যুদ্ধে লিপ্ত নয়। দারুল হারবে যুদ্ধবিরতী অথবা সন্ধি চলাকালীন সময় তা "দারুল কুফুরের" অন্তর্ভূক্ত। সুতরাং সকল দারুল হরব দারুল কুফুর। কিন্তু সকল দারুল কুফুর দারুল হরব নয়।"

৩. دَارُ الْحَرْبِ দারুল হারবঃ

هِيَ كُلُّ بُقْعَةٍ تَكُوْنُ فِيْهَا الْحَرْبُ بَيْنَ الْمُؤمِنِيْنَ وَالْكَافِرِيْنَ– فَدَارُ الْحَرْبِ هِيَ دَارُ الْكُفَّارِ الَّذِيْنَ بَيْنَهُمْ وَبَيْنَ الْمُسْلِمِيْنَ الْحَرْبُ

"দারুল হরব" ঐসকল কাফেরদের দেশ বা ভূখন্ড যাদের সাথে মুসলিমদের যুদ্ধ হয়।

৪. دَارٌ مُرَكَّبَةٌ দার মুরাক্কাবাহ্ বা মিশ্র দারঃ

هِيَ الَّتِيْ فِيْهَا الْمَعْنَيَانِ، لَيْسَ بِمَنْزِلَةِ دَارِ الْاِسْلَامِ الَّتِيْ يَجْرِيْ عَلَيْهَا اَحْكَامُ الْاِسْلَامِ لِكَوْنِ جُنْدِهَا مُسْلِمِيْنَ وَ لَا بِمَنْزِلَةِ دَارِ الْحَرْبِ الَّتِيْ اَهْلُهَا كُفَّارٌ بَلْ هِيَ قِسْمٌ ثَالِثٌ

"মিশ্র দ্বার" ঐ সকল দেশকে বা ভূখন্ডকে বুঝায়, যাকে দারুল ইসলাম কিংবা দারুল কুফুর কোনটাই বলা যায় না। দারুল ইসলাম বলা যায় না কারণ তাতে ইসলামের বিধান ও মুসলিম সেনাবাহিনী কার্যকর নয়। আবার দারুল হরব বলা যায় না কেননা তার বাসিন্দারা সকলেই কাফের নয়। মুসলিমগন তাদের ধর্ম পালন করতে পারেন আবার অমুসলিমরাও তাদের ধর্ম পালন করতে পারে।

৫. دَارُ الْعَهْدِ দারুল 'আহ্দঃ

هِيَ كُلُّ نَاحِيَةٍ صَالَحَ الْمَسْمُوْنَ اَهْلَهَا بِتَرْكِ الْقِتَالِ عَلَيْ اَنْ تَكُوْنَ الْاَرْضُ لِاَهْلِهَا

"দারুল আ'হ্দ" ঐসকল ভূখন্ড যা কাফেরদের দখলভুক্ত তবে তাদের সাথে মুসলিমরা যুদ্ধ না করার চুক্তিবদ্ধ।

৬. دَارُ الْاَمَانِ দারুল আমানঃ

যেসব দেশ মুসলিমদেরকে স্বাধীনভাবে বসবাস করার অনুমতি দেয়, জান-মালের নিরাপত্তা এবং ধর্মীয় স্বাধীনতা সহ সকল সুবিধা ভোগ করতে দেয়। এটি মূলতঃ দারুল কুফুরের অন্তর্ভুক্ত।

৭. دَارُ الْبُغَاةِ দারুল বুগাত (বিদ্রোহী এলাকা):

هِيَ نَاحِيَةٌ مِنْ دَارِ الْاِسْلَامِ تَحَيَّزَ اِلَيْهَا مَجْمُوْعَةٌ مِنَ الْمُسْلِمِيْنَ لَهُمْ شَوْكَةٌ خَرَجَتْ عَلَيْ طَاعَةِ الْاِمَامِ بِتَاوِيْلٍ

"দারুল বুগাত হচ্ছে বিদ্রোহী এলাকা। মুসলিমদের একটি সংঘবদ্ধ দল ঐক্যবদ্ধ হয়ে কোন ভুল বুঝাবুঝির কারনে আমীরের আনুগত্য থেকে বের হয়ে বিদ্রোহ করেছে এবং তারা যথেষ্ট শক্তিশালী। মুসলিম দেশের এরকম এলাকাকে দারুল বুগাত বলা হয়।"

প্রশ্ন: হিজরত করার শর'য়ী বিধান কি?

উত্তরঃ মুসলিমদের জন্য তাগুতী বা কুফুরী জীবন ব্যবস্থার অধীনে জীবন-যাপন করা হারাম। ইরশাদ হচ্ছে:

{ إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا} [النساء : ٩٧]

অর্থঃ "নিশ্চয় যারা নিজেদের প্রতি যুলমকারী, ফেরেশতারা তাদের জান কবজ করার সময় বলে, 'তোমরা কী অবস্থায় ছিলে'? তারা বলে, 'আমরা যমীনে দুর্বল ছিলাম'। ফেরেশতারা বলে, 'আল্লাহর যমীন কি প্রশস্ত ছিল না যে, তোমরা তাতে হিজরত করবে'? সুতরাং ওরাই তারা যাদের আশ্রয়স্থল জাহান্নাম। আর তা মন্দ প্রত্যাবর্তনস্থল।"[২৮৭]

যে ব্যক্তি আল্লাহর দ্বীনের উপর ঈমান এনেছে তার জন্য কুফরী জীবন ব্যবস্থার অধীনে জীবন যাপন করা কেবলমাত্র দুটি অবস্থায় বৈধ হতে পারে।

[২৮৭] সুরা নিসা ৪:৯৭।

(ক) সে ইসলামকে সেদেশে বিজয়ী করার ও কুফরী জীবন ব্যবস্থাকে ইসলামী জীবন ব্যবস্থায় পরিবর্তণ করার জন্য প্রচেষ্টা ও সংগ্রাম চালাতে থাকবে। যেমনভাবে আম্বিয়া (আ:) ও তাদের প্রাথমিক অনুসারীবৃন্দ চালিয়ে এসেছেন।

(খ) সে মূলত: সেখান থেকে বের হয়ে আসার কোন পথ খুঁজে পায় না। তাই চরম ঘৃণা, অনিচ্ছা ও অসন্তুষ্টি সহকারে বাধ্য হয়ে সেখানে অবস্থান করছে। আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

{إِلَّا الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ لَا يَسْتَطِيعُونَ حِيلَةً وَلَا يَهْتَدُونَ سَبِيلًا} [النساء : ৯৮]

অর্থ: "তবে যে দুর্বল পুরুষ, নারী ও শিশুরা কোন উপায় অবলম্বন করতে পারে না এবং কোন রাস্তা খুঁজে পায় না (তাদের জন্য ব্যতিক্রম)।"[২৮৮]

এই দুটি অবস্থা ছাড়া অন্য যে কোন অবস্থায় দারুল কুফুরে অবস্থান করা একটি স্থায়ী গুনাহের শামিল। আর গুনাহের স্বপক্ষে এই ধরনের কোন ওজর পেশ করা যে, "এ দুনিয়ায় আমরা হিজরত করে গিয়ে অবস্থান করতে পারি; এমন কোন দারুল ইসলাম খুঁজে পাইনি।" তা মূলত: মোটেই কোন গুরুত্বপূর্ণ ও শক্তিশালী ওজর বলে বিবেচিত হবে না। যদি কোন দারুল ইসলাম না থেকে থাকে তাহলে কি আল্লাহর এই ব্যাপক বিস্তৃত পৃথিবীতে এমন কোন পাহাড় বা বন জঙ্গলও ছিলনা যেখানে আশ্রয় নিয়ে মানুষ গাছের পাতা খেয়ে ও ছাগলের দুধ পান করে জীবন ধারন করতে পরতো এবং কুফুরী জীবন বিধানের আনুগত্য হতে মুক্ত থাকতে সক্ষম হতো? ইরশাদ হচ্ছে:

{وَدُّوا لَوْ تَكْفُرُونَ كَمَا كَفَرُوا فَتَكُونُونَ سَوَاءً فَلَا تَتَّخِذُوا مِنْهُمْ أَوْلِيَاءَ حَتَّى يُهَاجِرُوا فِي سَبِيلِ اللَّهِ فَإِنْ تَوَلَّوْا فَخُذُوهُمْ وَاقْتُلُوهُمْ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَلَا تَتَّخِذُوا مِنْهُمْ وَلِيًّا وَلَا نَصِيرًا} [النساء : ৮৯]

অর্থ: "তারা কামনা করে, যদি তোমরা কুফরী করতে যেভাবে তারা কুফরী করেছে। অতঃপর তোমরা সমান হয়ে যেতে। সুতরাং আল্লাহর রাস্তায়

[২৮৮] সুরা নিসা ৪:৯৮।

হিজরত না করা পর্যন্ত তাদের মধ্য থেকে কাউকে তোমরা বন্ধুরূপে গ্রহণ করো না। অতএব তারা যদি মুখ ফিরিয়ে নেয় তাহলে তাদেরকে পাকড়াও কর এবং তাদেরকে যেখানে পাও হত্যা কর। আর তাদের কাউকে অভিভাবকরূপে গ্রহণ করো না এবং না সাহায্যকারীরূপে।"[২৮৯]

অন্য আয়াতে আল্লাহ (সুব:)ইরশাদ করেন:

{ إِنَّ الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ آوَوْا وَنَصَرُوا أُولَئِكَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَالَّذِينَ آمَنُوا وَلَمْ يُهَاجِرُوا مَا لَكُمْ مِنْ وَلَايَتِهِمْ مِنْ شَيْءٍ حَتَّى يُهَاجِرُوا وَإِنِ اسْتَنْصَرُوكُمْ فِي الدِّينِ فَعَلَيْكُمُ النَّصْرُ إِلَّا عَلَى قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ مِيثَاقٌ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ} [الأنفال : ৭২]

অর্থ: "নিশ্চয় যারা ঈমান এনেছে, হিজরত করেছে এবং নিজেদের মাল ও জান দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ করেছে আর যারা আশ্রয় দিয়েছে ও সহায়তা করেছে, তারা একে অপরের বন্ধু। আর যারা ঈমান এনেছে, কিন্তু হিজরত করেনি, তাদেরকে সাহায্যের কোন দায়িত্ব তোমাদের নেই, যতক্ষণ না তারা হিজরত করে। আর যদি তারা দ্বীনের ব্যাপারে তোমাদের নিকট কোন সহযোগিতা চায়, তাহলে সাহায্য করা তোমাদের কর্তব্য। তবে এমন কওমের বিরুদ্ধে নয়, যাদের সাথে তোমাদের একে অপরের চুক্তি রয়েছে এবং তোমরা যে আমল কর, তার ব্যাপারে আল্লাহ পূর্ণ দৃষ্টিমান।"[২৯০]

প্রশ্ন: শিক্ষা, চিকিৎসা, ব্যবসা-বাণিজ্য ও পর্যটনের জন্য কাফের মূল্লুকে অবস্থান করা যাবে কি?

উত্তর: শিক্ষা ও চিকিৎসার ব্যাপারে যদি নিশ্চিত হওয়া যায় যে, এই শিক্ষা ও চিকিৎসা কোন মুসলিম দেশে নেই অথচ উক্ত শিক্ষা বা চিকিৎসা একান্ত প্রয়োজন, তাহলে তা করা যাবে। কিন্তু যদি ঐ শিক্ষা বা চিকিৎসা কোন মুসলিম দেশে বিদ্যমান থাকে তাহলে সেক্ষেত্রে কোন অমুসলিম দেশে যাওয়া বৈধ হবে না। অবশ্য ব্যবসা-বানিজ্যের বিষয়টি আলাদা।

[২৮৯] সুরা নিসা ৪:৮৯।

[২৯০] সুরা আনফাল ৮:৭২।

অমুসলিমদের সাথে ব্যবসা-বাণিজ্য করা যায়। তবে শর্ত হলো, ব্যবসা-বানিজ্যের মাধ্যমে তাদের সাথে বন্ধুত্ব করা যাবে না। তাদের শিক্ষা-সংস্কৃতি, তাহযীব-তামাদ্দুন ইত্যাদি গ্রহণ করা ও তা মুসলিম দেশে আমদানী করা যাবে না। এটাকে টয়লেটে যাওয়ার সাথে তুলনা করা যায়। টয়লেটে মানুষের যখন যতটুকু সময়ের প্রয়োজন তখন ততটুকু সময় অবস্থান করে। ঠিক তেমনিভাবে অমুসলিমদের সাথে ব্যবসা-বানিজ্যের জন্য যখন যতটুকু সময় প্রয়োজন তখন ততটুকু সময় ব্যয় করা যাবে। তার বেশী নয়। আর পর্যটন? মুসলিমদের পর্যটন, সেতো 'আল জিহাদ ফী সাবি-লিল্লাহি'। মুসলিমরা জিহাদ করবে আর জিহাদের মাধ্যমে গোটা পৃথিবী ভ্রমণ করবে। হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ أَبِى أُمَامَةَ أَنَّ رَجُلاً قَالَ يَا رَسُولَ اللَّهِ ائْذَنْ لِى فِى السِّيَاحَةِ. قَالَ النَّبِىُّ –صلى الله عليه وسلم– « إِنَّ سِيَاحَةَ أُمَّتِى الْجِهَادُ فِى سَبِيلِ اللَّهِ تَعَالَى »

অর্থ: আবু উমামা (রা:) হতে বর্ণিত, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলল, হে আল্লাহর রাসূল! আমাকে ভ্রমণ বা পর্যটন এর জন্য অনুমতি দিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমার উম্মতের ভ্রমণ হচ্ছে "আল-জিহাদ ফি সাবিলিল্লাহ"।[২৯১]

তবে আল্লাহর সৃষ্টি নিয়ে গবেষণা করার উদ্দেশ্যে অথবা যুগে যুগে আল্লাহর গযবে ধ্বংস হয়ে যাওয়া কাফেরদের অবস্থা দেখে শিক্ষা গ্রহণের জন্য অমুসলিম দেশে ভ্রমন করা যাবেন। বিনোদন বা আনন্দ–ফূর্তি করার জন্য নয়। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{قُلْ سِيرُوا فِي الْأَرْضِ فَانْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِينَ } [النمل : ٦٩]

অর্থ: "বল, 'তোমরা যমীনে ভ্রমণ কর, তারপর দেখ, কিরূপ হয়েছিল অপরাধীদের পরিণতি।"[২৯২]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

[২৯১] সুনানে আবু দাউদ ২৪৮৮।
[২৯২] সুরা নমল ২৭:৬৯।

{قُلْ سِيرُوا فِي الْأَرْضِ فَانْظُرُوا كَيْفَ بَدَأَ الْخَلْقَ ثُمَّ اللَّهُ يُنْشِئُ النَّشْأَةَ الْـآخِرَةَ إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ } [العنكبوت : ٢٠]

অর্থ: "বল, 'তোমরা যমীনে ভ্রমণ কর, অতঃপর দেখ' কীভাবে তিনি সৃষ্টির সূচনা করেছিলেন, তারপর আল্লাহই আরেকবার সৃষ্টি করবেন। নিশ্চয় আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান।"[২৯৩]

শুধু জীবিকার জন্য অথবা শুধুমাত্র চাকরির জন্য অমুসলিম দেশে অবস্থান করা জায়েজ নেই। তবে যদি ইসলাম প্রচারের জন্য অথবা অমুসলিম দেশে গোয়েন্দাগীরি করার জন্য অথবা তাদের উপর আঘাত হানার জন্য কেউ অবস্থান করে তা আলাদা বিষয়।

একটি সংশয় নিরসন

প্রশ্ন: হাদীসে বলা হয়েছে 'মক্কা বিজয়ের পর কোন হিজরত নেই'। একথার অর্থ কি?

উত্তর: "হা! ঠিকই এরকম একটি হাদীস বর্ণিত হয়েছে। হাদীসটি এই:

عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ قَالَ رَسُولُ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَـــلَّمَ لَـــا هِجْرَةَ بَعْدَ الْفَتْحِ وَلَكِنْ جِهَادٌ وَنِيَّةٌ وَإِذَا اسْتُنْفِرْتُمْ فَانْفِرُوا

"হযরত ইবনে আব্বাস (রা:) হতে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন বলেছেন, মক্কা বিজয়ের পর আর হিজরত নেই (অর্থাৎ: হিজরত ফরজ নয়) কিন্তু জিহাদ ও জিহাদের নিয়ত থাকবে। অতএব, যখন জিহাদের জন্য তোমাদেরকে আহবান করা হবে, তখন তোমরা তাতে সাড়া দিবে।[২৯৪]

এ হাদীসটি থেকে অনেকে ভুল ধারণা নিয়েছেন। অথচ এ হুকুমটি কোন চিরন্তন হুকুম নয়; বরং সে সময়ের অবস্থা ও পরিস্থিতিকে সামনে রেখে আরবদেরকে একথা বলা হয়েছিল। যতদিন আরবের অধিকাংশ এলাকা "দারুল হারব ও দারুল কুফুরের" অন্তর্ভূক্ত ছিল এবং কেবল মাত্র মদীনায়

[২৯৩] সুরা 'আনকাবুত ২৯:২০।
[২৯৪] সহীহ বুখারী হাঃ-৪৩১১, সহীহ মুসলিম হাঃ-৪৯৩৮, ইবনে হিব্বান হাঃ- ২০৭, ৪৮৬৫, দরিমী হাঃ-২৩৯, তিরমিযী হাঃ-১৫৯০।

ও মদীনার আশে পাশে ইসলামের বিধান জারী ছিল। ততদিন মুসলিমদের জন্য বাধতামূলকভাবে হিজরত করা ফরজ করে দেয়া হয়েছিল। চতুর্দিক থেকে এসে তারা দারুল ইসলামে একত্র হবে। কিন্তু মক্কা বিজয়ের পর আরবে যখন কুফুরী শক্তি ভেঙ্গে পড়ল, এবং প্রায় সমগ্র দেশ ইসলামী ঝান্ডার অধীনে চলে আসলো, তখন বললেন; এখন আর মক্কা হতে হিজরতের প্রয়োজন নেই, বরং জিহাদের উদ্দেশ্যে কাফেরদের এলাকা হতে হিজরত করা, ফেতনা হতে আত্মরক্ষা, এলমে দ্বীন শিক্ষার জন্য দূর-দূরান্ত গমন এবং নির্দিষ্ট তিন মসজিদের উদ্দেশ্যে সফর করা ইত্যাদি কিয়ামত পর্যন্ত বহাল থাকবে। এ সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

عَنْ مُعَاوِيَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم يَقُولُ « لاَ تَنْقَطِعُ الْهِجْرَةُ حَتَّى تَنْقَطِعَ التَّوْبَةُ وَلاَ تَنْقَطِعُ التَّوْبَةُ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا ».(سنن أبي داود)

“হযরত মুআ’বিয়া (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতে শুনেছি তিনি বলেন যে, হিজরত ততদিন পর্যন্ত বন্ধ হবে না যতদিন পর্যন্ত তওবা বন্ধ না হবে। আর তওবা ততদিন পর্যন্ত বন্ধ হবে না যতদিন পর্যন্ত পশ্চিম দিক থেকে সূর্যোদয় না হবে।[২৯৫]

এ হাদীসে কিয়ামতের চূড়ান্ত আলামত পশ্চিম দিক থেকে সূর্য উদয় না হওয়া পর্যন্ত হিজরত অব্যাহত থাকবে বলে ঘোষণা করা হয়েছে। অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ السَّعْدِيِّ قَالَ وَفَدْنَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَخَلَ أَصْحَابِي فَقَضَى حَاجَتَهُمْ وَكُنْتُ آخِرَهُمْ دُخُولًا فَقَالَ مَاحَاجَتُكَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَتَى تَنْقَطِعُ الْهِجْرَةُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَنْقَطِعُ الْهِجْرَةُ مَا قُوتِلَ الْكُفَّارُ (سنن النسائي)

[২৯৫] সুনানে আবু দাউদ হা নং- ২৪৮১, আহমাদ হাঃ-১৬৯৫২, ত্ববরানী হাঃ-৯০৭, বায়হাকী হাঃ-১৭৫৫৬ দারিমি হাঃ- ২৫১৩, নাসায়ী হাঃ-৮৭১১, আবু ইয়ালা হাঃ-৭৩৭১।

অর্থ: “আব্দুল্লাহ ইবনে সাঈদ (রা:) বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আমাদের কওমের প্রতিনিধি হিসেবে আগমন করালাম। আমার সাথীরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গিয়ে তাদের প্রয়োজন পূর্ণ করলেন। সকলের শেষে আমি গেলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন তোমার কি প্রয়োজন? আমি বললাম; হিজরত কখন বন্ধ হবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন; ততক্ষণ পর্যন্ত হিজরত বন্ধ হবে না যতক্ষণ পর্যন্ত কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ অব্যাহত থাকবে।”[২৯৬]

প্রশ্ন: অনেকে বলে যে, হিজরত না করে জিহাদ করা যাবে না। তাদের এই ধারণা কতটুকু সঠিক?

উত্তর: না, একদম সঠিক নয়। কারণ, মদীনার আনসার সাহাবীগণ জিহাদ করেছেন। তারা তো হিজরাত না করেই জিহাদ করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও তাদেরকে হিজরত করতে বলেন নি। তাছাড়া শত্রু যখন কোন মুসলিম ভূ-খন্ডে হামলা করে তখন ঐ স্থানের লোকদের জন্য জিহাদ করা সর্ব-সম্মতিক্রমে ফরজে আইন হয়ে যায়। যদি বলা হয় হিজরত ছাড়া জিহাদ নেই তাহলে তো প্রথমে কাফেরদের জন্য দেশ খালী করে দিয়ে নিজেরা হিজরাত করতে হবে। আর কাফেররা যখন পুর্ণদখল নিয়ে নিবে তখন আমরা জিহাদের প্রস্তুতি গ্রহন করবো।

এটি একটি হাস্যকর বিষয়। তাই যদি হিজরত করা ব্যতিত জিহাদ করা সম্ভব না হয় সেক্ষেত্রেই কেবল মুসলিমরা হিজরত করে একস্থানে সমবেত হয়ে শক্তি সংগ্রহ করে জিহাদ করবে। আর যদি হিজরত করা ছাড়াই শক্তি সংগ্রহ করে জিহাদ করা সম্ভব হয় তাহলে হিজরত করার প্রয়োজন নেই। পবিত্র কুরআনে জিহাদ ফরজ হওয়ার সাথে হিজরত ফরজ হওয়ার শর্ত করা হয় নি। বরং বিভিন্ন আয়াতে হিজরতের ফযিলত বর্ণনা করা হয়েছে। তাতে বুঝা যায় হিজরত জিহাদের জন্য শর্ত নয় বরং প্রয়োজনীয় বিষয়। যদি প্রয়োজন হয় তাহলে হিজরত করবে।

[২৯৬] সহীহ: সুনানে নাসায়ী হাদীস নং- ৪১৮৪, ৪১৮৩, ৪১৮২

সপ্তম অধ্যায়

আল জিহাদ (اَلْجِهَادُ)

দ্বীন কায়েমের জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর নির্দেশ অনুযায়ী যে পাঁচটি কাজের আদেশ করেছেন তার পঞ্চম ও চূড়ান্ত কাজ হলো জিহাদ। জিহাদের মাধ্যমে ইসলামের কালিমা বুলন্দ হয়। জিহাদের মাধ্যমে কুফুরি ও তাগুতী শক্তি নির্মূল হয়। জিহাদের মাধ্যমে সত্যিকার মুমিন ও মুনাফিকের মধ্যে পার্থক্য স্পষ্ট হয়। জিহাদ ইসলামের সর্বোচ্চ চূড়া 'যিরওয়াতু সানামিল ইসলাম'। জিহাদ সম্পর্কে জ্ঞান অর্জই করা প্রতিটি মুমিনের জন্য আবশ্যক। দ্বীন কায়েমের সঠিক অনুসারীদের জন্য 'ফিকহুল জিহাদ' অর্জই করা ফরদুল 'আইন। আসুন জেনে নেই ফিকহুল জিহাদ সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান।

প্রশ্ন: জিহাদের শাব্দিক অর্থ কি? مَامَعْنَىْ الْجِهَادِ لُغَةً

উত্তর: (ক) ইমাম ইবনে মানযুর বলেনঃ

وَقَالَ ابْنُ مَنْظُوْرٍ فِىْ لِسَانِ الْعَرَبِ وَالْجِهَادُ: اَلْمُبَالَغَةُ وَاسْتِفْرَاغُ الْوَسْعِ فِى الْحَرْبِ، أَوِ الْلِسَانِ، أَوْ مَا أَطَاقَ مِنْ شَيْئٍ

জিহাদ অর্থ হলো: যুদ্ধক্ষেত্রে, তর্কক্ষেত্রে অথবা অন্য কোনভাবে সর্বশক্তি ব্যয় করা।[২৯৭]

(খ) বুখারীর ভাষ্যকার ইমাম ক্বাসত্বালানী বলেন;

اَلْجِهَادُ مَشْتَقٌّ مِنَ الْجُهْدِ قَالَ الْقَسْطَلَانِىْ فِىْ اِرْشَادِ السَّارِىْ وَهُوَ مُشْتَقٌّ مِنَ الْجُهْدِ، وَهُوَ التَّعْبُ وَالْمَشَقَّةُ، لِمَا فِيْهِ مِنْ اِرْتِكَابِهَا، أَوْ مِنَ الْجَهْدِ، وَهُوَ الطَّاقَةُ، لِأَنَّ كُلَّ وَاحِدٍ مِنْهُمَا بَذَلَ طَاقَتَهُ فِىْ دَفْعِ صَاحِبِه

جِهَادْ শব্দটি নির্গত হয়েছে **جُهْدٌ** (জিমে পেশ সহকারে 'জুহ্দ') হতে। যার অর্থ হলো: কঠোর পরিশ্রম করা, ক্লান্ত হওয়া, কষ্ট স্বীকার করা। এই অর্থানুযায়ী জিহাদকে জিহাদ বলে এই কারণে নামকরণ করা হয়েছে

[২৯৭] লিসানুল আরব খন্ড-৩, পৃষ্ঠা-১৩৫

যেহেতু জিহাদের মধ্যেও কষ্ট করতে হয়। অথবা **جَهْدٌ** (জিমে যবর সহকারে 'জাহ্দ) হতে তার অর্থ হলো: শক্তি। এই অর্থানুযায়ী জিহাদকে জিহাদ বলে এই কারণে নামকরণ করা হয়েছে যেহেতু জিহাদের ক্ষেত্রে উভয় পক্ষ প্রতিপক্ষকে ঘায়েল করার জন্য শক্তি ব্যয় করে থাকে।[২৯৮]

(গ) আল্লামা বদরুদ্দীন আইনী (রহ:) বলেনঃ

اَلْجِهَادُ، بِكَسْرِ الْجِيْمِ، أَصْلُهُ فِى اللُّغَةِ اَلْجُهْدُ وَهُوَ الْمَشَقَّةُ،

جِهَادْ জিহাদ (জিমে যের সহকারে) শব্দের আভিধানিক অর্থ হলো: কঠোর পরিশ্রম করা।[২৯৯]

প্রশ্ন: ইসলামের পরিভাষায় জিহাদ অর্থ কি?

উত্তর: এটি একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন। শাব্দিক অর্থে সর্বাত্মক প্রচেষ্টা, কঠোর পরিশ্রম ও শক্তি প্রয়োগ করা ইত্যাদিকে জিহাদ বলা হলেও ইসলামের পরিভাষায় জিহাদের একটি ভিন্ন অর্থ রয়েছে। আমরা এখন কুরআন এবং সহীহ হাদীসের আলোকে জানার চেষ্টা করব যে, সে বিশেষ অর্থটি কি? আর তা হলো; আল্লাহর যমিনে আল্লাহর কালিমা বা তাওহীদের পতাকা উড্ডীন করার জন্য এবং আল্লাহর যমিনে আল্লাহর দ্বীন কায়েমের উদ্দেশ্যে ইসলাম ও মুসলিমদের শত্রুদের বিরুদ্ধে জান, মাল তথা সর্বশক্তি দিয়ে যুদ্ধ করা।

জিহাদের পারিভাষিক অর্থ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মতে:

আমরা কোন প্রকার নিজস্ব মতামত ব্যক্ত না করে প্রথমেই সরাসরি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করি যে, তিনি জিহাদের অর্থ কি করেছেন? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন;

عَنْ عَمْرِو بْنِ عَبَسَةَ ..... قَالَ وَمَا الْجِهَادُ قَالَ أَنْ تُقَاتِلَ الْكُفَّارَ إِذَا لَقِيتَهُمْ قَالَ فَأَيُّ الْجِهَادِ أَفْضَلُ قَالَ مَنْ عُقِرَ جَوَادُهُ وَأُهْرِيقَ دَمُهُ

[২৯৮] ইরশাদুস সারী খন্ড-৫, পৃষ্ঠা-৩১, ফাতহুল মূলহীম খন্ড-৩, পৃষ্ঠা-৩

[২৯৯] উমদাতুল ক্বারী, খন্ড-১৪, পৃষ্ঠা-১১৫

অর্থ: "আমর ইবনে আবাসা (রা:) হতে বর্ণিত তিনি বলেন, একদা জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলেন, জিহাদ কি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করা, যখন তাদের সাথে যুদ্ধের ময়দানে মুখোমুখি হয়। লোকটি পুনরায় জিজ্ঞাসা করলো: কোন জিহাদ সর্বোত্তম? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, ঐ ব্যক্তির জিহাদ সর্বোত্তম যার ঘোড়া যুদ্ধের ময়দানে নিহত হয়েছে এবং সে নিজেও বুকের তাজা রক্ত ঢেলে দিয়ে শাহাদাত বরণ করেছে।"[৩০০]

এ হাদীসে স্বয়ং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলে দিলেন জিহাদ কাকে বলে।

জিহাদের পারিভাষিক অর্থ প্রখ্যাত মুহাদ্দিসীনদের মতে:

(ক) প্রখ্যাত মুহাদ্দিস, বুখারী শরিফের আরবী ভাষ্যকার ইমাম ক্বাসত্বালানী বলেন:

قِتَالُ الْكُفَّارِ لِنُصْرَةِ الْاِسْلَامِ وَاِعْلَاءِ كَلِمَةِ اللهِ

"ইসলামের সাহায্যার্থে ও আল্লাহর কালিমাকে বুলন্দ করার জন্য কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করা।"[৩০১]

(খ) বুখারী শরীফের বিখ্যাত ও অত্যন্ত প্রসিদ্ধ শরাহ ফাত্হুল বারীর লেখক আল্লামা ইবনে হাজার আসক্বালানী (র:) বলেন;

وَشَرْعًا بَذْلُ الْجُهْدِ فِيْ قِتَالِ الْكُفَّارِ

অর্থ: "ইসলামের পরিভাষায় জিহাদ শব্দের অর্থ হল: কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করতে গিয়ে সর্বশক্তি ব্যয় করা।"[৩০২]

(গ) বুখারী শরিফের ভাষ্যকার, হানাফী মাযহাবের প্রখ্যাত আলেম আল্লামা বদরুদ্দীন 'আইনী হানাফী (রহ:) বলেনঃ

وَفِى الشَّرْعِ بَذْلُ الْجُهْدِ فِىْ قِتَالِ الْكُفَّارِ لِإِعْلَاءِ كَلِمَةِ اللهِ تَعَالَىْ.

[৩০০] জামিউল আহাদীস ১০১৪৪, আহমদ ১৭০২৭, ত্ববরানী। তার রাবীগণ নির্ভরযোগ্য।
[৩০১] ইরশাদুস সারী ৫/৩১, ফাতহুল মূলহীম ৩/২
[৩০২] ফাতহুল বারী ২/৪।

অর্থ: "শরীয়তের পরিভাষায় জিহাদ বলা হয় আল্লাহর কালেমাকে সুমুন্নত (দ্বীনকে বিজয়ী) করার জন্য কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করতে গিয়ে সর্বশক্তি ব্যয় করা।"[৩০৩]

(ঘ) মেশকাত শরিফের প্রসিদ্ধ আরবী ভাষ্যকার, প্রখ্যাত হানাফী আলেম আল্লামা মোল্লা আলী ক্বারী (রহ:) বলেন:

وَشَرْعًا بَذْلُ الْمَجْهُوْدِ فِىْ قِتَالِ الْكُفَّارِ مُبَاشَرَةً أَوْ مُعَاوَنَةً بِالْمَالِ أَوْ بِالرَّأْىِ أَوْ بِتَكْثِيْرِ السَّوَادِ أَوْ غَيْرَ ذَلِكَ.

অর্থ: "শরীয়তের পরিভাষায় জিহাদ বলা হয় কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য সরাসরি অংশগ্রহণ করে অথবা অর্থ দিয়ে অথবা পরামর্শ দিয়ে অথবা মুসলিম সেনাদের সংখ্যা বৃদ্ধি করে অথবা যে কোন উপায়ে সর্বশক্তি ব্যয় করা।"[৩০৪]

এখানে স্পষ্ট করে বলেছেন যে, কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করার ক্ষেত্রে যে কোন উপায়ে নিজের শক্তি-সামর্থ ব্যয় করাই হচ্ছে 'আল জিহাদ'।

(ঙ) ইমাম রাগেব ইস্পাহানী (রহ:) বলেনঃ

وَالْجِهَادُ وَالْمُجَاهَدَةُ اِسْتِفْرَاغُ الْوَسْعِ فِيْ مُدَافَعَةِ الْعَدُوِّ

অর্থ: "শত্রুদেরকে প্রতিহত করার জন্য সর্বশক্তি ব্যয় করাকে জিহাদ ও মুজাহাদা বলা হয়।"[৩০৫]

(চ) হানাফী মাযহাবের প্রখ্যাত আলেম, মিশকাত শরিফের আরবী ভাষ্যকার আল্লামা ইমাম শরফুদ্দীন হুসাইন ইবনে মুহাম্মাদ আত-ত্বীবি (রহ:) বলেনঃ

اَلْجِهَادُ جَهَدَهُ حَمَلَهُ فَوْقَ طَاقَتِه وَالْجِهَادُ مَصْدَرٌ جَاهَدْتَ الْعَدُوَّ اذَا قَابَلْتَهُ فِىْ تَحَمُّلِ الْجُهْدِ اَوْ بَذْلِ كُلٍّ مِنْكُمَا جُهْدَهُ أَىْ طَاقَتَهُ فِىْ دَفْعِ صَاحِبِه ثُمَّ غَلَبَ فِىْ الْإِسْلَامِ عَلَىْ قِتَالِ الْكُفَّارِ

অর্থ: আল জিহাদ আরবী শব্দ جَهَدَهُ (জাহাদাহু) থেকে নির্গত। যার অর্থ: সর্বশক্তি ব্যয় করে কোন কিছু বহন করা। 'আল জিহাদু' শব্দটি (বাবে

[৩০৩] উমদাতুল ক্বারী, খন্ড-১৪, পৃষ্ঠা-১১৫
[৩০৪] মিরক্বাত' খন্ড-৭, পৃষ্ঠা-২৬৪
[৩০৫] মুফরাদাতুল কুরআন - ১০১।

মুফা'আলার) মাসদার। আরবীতে جَاهَدْتَ الْعَدُوَّ (জাহাদ্তাল 'আদুওওয়া) বলা হয়: যখন একে অপরকে প্রতিহত করতে গিয়ে সর্বশক্তি ব্যয় করে। পরবর্তীতে 'আল জিহাদ' শব্দটি ইসলামের পরিভাষায় কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করার অর্থে প্রাধাণ্য লাভ করে।"[৩০৬] অর্থাৎ ইসলামের পরিভাষায় কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করাকেই জিহাদ বলে।

জিহাদের পারিভাষিক অর্থ ফুকাহায়ে কিরামগণের মতে:

(ক) আলাউদ্দীন আবু বকর ইবনে মাসঊদ আল-হানাফী (রহ:) বলেনঃ

وَفِىْ عُرْفِ الشَّرْعِ يُسْتَعْمَلُ فِىْ بَذْلِ الْوَسْعِ وَالطَّاقَةِ بِالْقَتْلِ فِىْ سَبِيْلِ اللهِ عَزَّوَجَلَّ، بِالنَّفْسِ وَالْمَالِ، وَالْلِسَانِ، أَوْ غَيْرَ ذَلِكَ

অর্থ: "শরীয়তের পরিভাষায় জিহাদ হচ্ছে: আল্লাহর রাস্তায় যুদ্ধ করতে গিয়ে জান, মাল, কথা ইত্যাদির মাধ্যমে সর্বশক্তি ব্যয় করা।"[৩০৭]

(খ) হানাফী মাযহাবের প্রখ্যাত আলেম, ফাতাওয়ায়ে শামীসহ বহু কিতাবের লিখক আল্লামা ইবনে আবেদীন শামী (রহ:) বলেনঃ

وَشَرْعاً : اَلدُّعَاءُ إِلَىْ دِيْنِ الْحَقِّ وَقِتَالُ مَنْ لَمْ يَقْبَلْهُ

অর্থ: "সত্য দ্বীনের প্রতি আহ্বান করা এবং যে তা গ্রহণ করবে না তার বিরুদ্ধে যুদ্ধ করাকে ইসলামের পরিভাষায় জিহাদ বলা হয়।"[৩০৮]

(গ) মালেকী মাযহাবের প্রসিদ্ধ গ্রন্থ 'হাশিয়াতুস সাভী 'আলাশ শরহিস সগীরে' উল্লেখ করা হয়েছেঃ

وَاصْطِلَاحًا قَالَ ابْنُ عَرَفَةَ : قِتَالُ مُسْلِمٍ كَافِرًا غَيْرَ ذِي عَهْدٍ لِإِعْلَاءِ كَلِمَةِ اللَّهِ تَعَالَى ، أَوْ حُضُورِهِ لَهُ أَوْ دُخُولِهِ أَرْضَهُ

অর্থ: "ইবনু আরাফাহ (রহ:) বলেন: চুক্তিহীন কাফেরদের বিরুদ্ধে মুসলিমদের যুদ্ধ করাকে জিহাদ বলে। চাই তা আল্লাহর যমিনে আল্লাহর

[৩০৬] শরহে ত্বীবি, খন্ড-৭, পৃষ্ঠা-৩১৫
[৩০৭] বাদাঈউস সানাঈ' খন্ড-৭, পৃষ্ঠা-৯৮
[৩০৮] রাদ্দুল মুহতারঃ খণ্ড-৬ পৃষ্ঠা-১৪৯।

কালিমাকে সমুন্নত করার জন্য হোক অথবা তাদের মুসলিম ভূখন্ডে প্রবেশ করার কারণে হোক অথবা কাফেরদের ভূখন্ডে প্রবেশ করে হোক।"[৩০৯] অর্থাৎ যেকোন উপায়ে কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করাকেই ইসলামের পরিভাষায় জিহাদ বলে।

(ঘ) হাম্বলী মাযহাবের ফক্বীহ গণের মতে জিহাদের সংজ্ঞাঃ

مَصْدَرُ جَاهَدَ أَيْ بَالَغَ فِيْ قَتْلِ عَدُوِّهِ وَشَرْعًا قِتَالُ الْكُفَّارِ

অর্থ: "জিহাদ শব্দটি جَاهَـــدَ (জাহাদা) মাসদার থেকে নির্গত। যার অর্থ শত্রুকে হত্যা করতে গিয়ে সর্বশক্তি ব্যয় করা। ইসলামের পরিভাষায় কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করার নাম জিহাদ।"[৩১০]

(ঙ) হানাফী মাযহাবের বর্তমান যুগের সর্বশ্রেষ্ঠ আলেম, পাকিস্তান শরিয়াহ আদালতের সাবেক চিফ জাস্টিস, মুফতী শফী (রহ:) এর সুযোগ্য সন্তান আল্লামা তক্বী উসমানী সাহেব তার মুসলিম শরিফের যুগান্তকারী আরবী ব্যাখ্যাগ্রন্থ 'তাকমিলায়ে ফাতহুল মুলহীম' কিতাবের ৩য় খন্ডের শুরুতে জিহাদ সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পেশ করেছেন। যা প্রতিটি মুসলিমের পড়া উচিত। সেখানে তিনি জিহাদ সর্ম্পকে বিভিন্ন মুহাদ্দিসীনদের বক্তব্য তুলে ধরার পর তার নিজের মন্তব্য পেশ করেন। তিনি বলেন:

وَإِذَا أَرَدْنَا أَنْ نُلَخِّصَ هَذِهِ التَّعْبِيْرَاتِ، وَسِعَنَا أَنْ نَقُوْلَ: إِنَّ الْجِهَـــادَ لَـــاْ يَخْـــتَصُّ بِمُبَاشَرَةِ الْقَتْلِ، وَإِنَّمَا هُوَ كُلُّ جُهْدٍ يُبْذَلُ فِىْ سَبِيْلِ إِعْلَاءِ كَلِمَةِ اللهِ، وَكَسْرِ شَوْكَةِ الْكُفْرِ وَالْكُفَّارِ، سَوَاءٌ كَانَ بِالسِّلَاْحِ، أَوْ بِالْمَالِ، أَوْ بِالْعَمْلِ، أَوْ بِالْقَلَمِ أَوْ بِاللِّسَانِ. وَلَكِنَّ كَلِمَةَ الْجِهَادِ إِذَا أُطْلِقَتْ فَإِنَّمَا يُرَادُ بِهَا فِىْ الْغَالِبِ جُهْدٌ يُبْذَلُ فِـــىْ قِتَـــالِ الْكُفَّارِ، وَلُاْتُطْلَقُ عَلَىْ غَيْرِهِ إِلَّا بِقَرِيْنَةٍ تَدُلُّ عَلَىْ ذَلِكَ.

অর্থ: "আমরা যদি উপরের সংজ্ঞাগুলোর প্রতি লক্ষ্য করি তাহলে বলতে পারি যে, জিহাদ শুধুমাত্র সরাসরি যুদ্ধের সাথে খাস না, বরং আল্লাহর

[৩০৯] হাশীয়াতুস্ সাভী 'আলাশ শারহিস সাগীর ৪/২৯৮।
[৩১০] আর রাওযুল মুরাব্বা' আলা মুখতাসারির মুকান্না' পৃ:- ৫১।

কালেমাকে বুলন্দ (বিজয়ী) করার জন্য এবং কাফের ও কুফরের অহংকার, মর্যাদা ও ক্ষমতাকে ধংস করে আল্লাহর জমীনে আল্লাহর দ্বীনকে প্রতিষ্ঠা করার জন্য সকল প্রকার প্রচেষ্টার নাম জিহাদ। চাই সেটা অস্ত্র দিয়ে হোক অথবা অর্থ দিয়ে অথবা কলম দিয়ে অথবা মুখ দিয়ে বা যে কোন কাজের মাধ্যমে হোক। কিন্তু (ইসলামের পরিভাষায়) জিহাদ শব্দটি যখন সাধারণভাবে বলা হয় তখন শুধুমাত্র কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করতে গিয়ে সর্বশক্তি ব্যয় করাকেই বুঝায় (অন্য কোন অর্থ নয়)। অন্য কোন অর্থে ব্যবহার করতে হলে তার জন্য এমন স্বতন্ত্র করীনা (বিশেষ লক্ষণ বা আলামতের) প্রয়োজন হবে যা ঐ বিশেষ অর্থের প্রতি ইঙ্গিত করে।"[৩১১]

জিহাদের অর্থ নিয়ে বিভ্রান্তি

প্রশ্ন: দ্বীন কায়েমের সকল প্রচেষ্টাই কি জিহাদ?

উত্তর: কোন কোন বন্ধুকে বলতে শুনা যায় যে, **اِعْلَـــاءُ كَلِمَـــةِ الله** (ই'লায়ে কালিমাতুল্লাহ) দ্বীন কায়েম বা দ্বীন প্রচার-প্রসারের নিমিত্তে যে কোন প্রচেষ্টাই জিহাদের অন্তর্ভূক্ত। বলাবাহুল্য: জিহাদ শব্দটি আভিধানিক অর্থে শরীয়ত সম্মত সকল দ্বীনি প্রচেষ্টাকেই বুঝায় যার বিস্তারিত আলোচনা আমরা শুরুতে করেছি। 'শরয়ী নুসূস' অর্থাৎ কুরআন-হাদীসের কোথাও কোথাও এই শব্দটি কাফেরদের বিরুদ্ধে সরাসরি যুদ্ধ করা ছাড়াও অন্যান্য দ্বীনি মেহনতের ক্ষেত্রে ব্যবহৃত হয়েছে।

কিন্তু 'আল জিহাদ ফী সাবি-লিল্লাহ' যা ইসলামি শরীয়তের একটি বিশেষ পরিভাষা, যার অপর নাম 'আল-কিতাল ফি সাবিলিল্লাহ' বা কাফেরদের বিরুদ্ধে সরাসরি যুদ্ধ করা তা কখনো এই সাধারণ কর্ম প্রচেষ্টার নাম নয়। বরং ইসলামের পরিভাষায় জিহাদ হল, আল্লাহর কালিমা বুলন্দ করার জন্য, ইসলামের হিফাজত ও এর মর্যাদা বৃদ্ধি করার জন্য, কুফুরের শক্তিকে চুরমার করার জন্য এবং এর প্রভাব-প্রতিপত্তিকে বিলুপ্ত করার জন্য কাফের -মুশরিকদের সাথে যুদ্ধ করা। যার বিস্তারিত আলোচনা 'ইসলামের পরিভাষায় জিহাদ' শিরোনামে আমরা ইতিপূর্বে পেশ করেছি।

---

[৩১১] **তাকমীলায়ে ফাতহুল মুলহীম খন্ড-৩ পৃষ্ঠা-৫।**

ফিক্বাহ ও ফাতাওয়ার কিতাব সমূহে এই জিহাদের বিধি-বিধানই বর্ণনা করা হয়েছে। সিরাত গ্রন্থসমূহে এই জিহাদেরই নববী যুগের ইতিহাস লিপিবদ্ধ করা হয়েছে। কুরআন হাদীসে জিহাদের ব্যাপারে যেই বড় বড় ফযীলতের কথা বলা হয়েছে তা এই জিহাদের ব্যাপারেই বলা হয়েছে এবং এই জিহাদ করতে গিয়েই যারা শাহাদাতের মর্যাদায় বিভূষিত হন তারাই হলেন প্রকৃত শহীদ।

ইসলামী শরিয়তের পরিভাষা ও 'শরয়ী নুসূস' সমূহের উপর নেহায়েত যুলুম করা হবে যদি আভিধানিক অর্থের অন্যায় সুযোগ নিয়ে পারিভাষিক জিহাদের আহকাম ও ফাযায়েলসমূহকে দ্বীনের অন্যান্য মেহনত ও কর্ম প্রচেষ্টার ব্যাপারে আরোপ করা হয়। এটা এক ধরনের **تَحْرِيْـــفُ الْمَعْـــانِيْ** (তাহরীফুল মা'আনী) অর্থের বিকৃতি সাধন করা, যা থেকে বেঁচে থাকা প্রতিটি মুমিনের উপর ফরয। কেননা এটা কোন মুমিনের চরিত্র নয়। ব্যক্তিগত মতামত বা দলীয় আদর্শ প্রতিষ্ঠার স্বার্থে আল্লাহর কালামের অর্থ বিকৃত করা কাফের-মুশরিকদের চরিত্র। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

يُحَرِّفُونَ الْكَلِمَ عَنْ مَوَاضِعِهِ وَنَسُوا حَظًّا مِمَّا ذُكِّرُوا بِهِ وَلَا تَزَالُ تَطَّلِعُ عَلَى خَائِنَةٍ مِنْهُمْ إِلَّا قَلِيلًا مِنْهُمْ [المائدة/١٣]

অর্থ: "তারা শব্দগুলোকে আপন স্থান থেকে বিকৃত করে এবং তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছে, তার একটি অংশ তারা ভুলে গিয়েছে এবং তুমি তাদের থেকে খিয়ানত সম্পর্কে অবগত হতে থাকবে, তাদের অল্প সংখ্যক ছাড়া।"[৩১২]

শর'য়ী উসূল বা নীতিমালা অনুযায়ী, কুরআন সুন্নাহর আলোকে দ্বীন কায়েমের জন্য রাজনীতি করা, তা'লীম, তাযকিয়া, দা'ওয়াত ও তাবলীগ, ওয়াজ নসীহত ইত্যাদি করা 'আমর বিল মা'রুফ' সৎ কাজের আদেশ ও 'নাহী 'আনিল মুনকার' অসৎ কাজ থেকে নিষেধ করার একটি নতুন পদ্ধতি হতে পারে। আর এসবই স্ব-স্ব স্থানে কাম্য বরং এসব কর্ম প্রচেষ্টার প্রত্যেকটাই খিদমতে দ্বীনের এক একটি গুরুত্বপূর্ণ শাখা। এগুলোর ভিন্ন

---

[৩১২] **সুরা মায়িদা ৫:১৩।**

ফাযায়িল, ভিন্ন আহকাম এবং ভিন্ন মাসায়িল রয়েছে। এসবের কোনটিকেই খাটো করে দেখার অবকাশ নেই। আবার কোনটাই এমন নয় যাকে পারিভাষিক জিহাদের অন্তর্ভূক্ত করা যায় বা তার ব্যাপারে জিহাদের ফাযায়িল ও আহকাম আরোপ করা যায়। এ বিষয়টি ভালভাবে অনুধাবন করা ও মনে রাখা নেহায়েত জরুরী। কেননা আজ-কাল জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে ইসলামের বহু পরিভাষার মধ্যে পূর্ণ বা আংশিক তাহরীফের (বিকৃতি সাধন) প্রবণতা লক্ষ করা যাচ্ছে। কেউ তাবলীগের কাজকে জিহাদ বলে দিচ্ছেন, কেউ তাযকিয়া বা আত্মশুদ্ধির কাজকে আবার কেউ রাজনৈতিক কর্ম-প্রচেষ্টা বরং গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচনে অংশগ্রহণ করাকেও জিহাদ বলে দিচ্ছে। কারো কারো কথা থেকে এমনও বুঝা যায় যে, পাশ্চাত্য রাজনীতির অন্ধ অনুসরণও জিহাদের শামিল (নাউযুবিল্লাহ)।[৩১৩]

প্রশ্ন: ইসলামে পারিভাষিক অর্থ গ্রহণযোগ্য নাকি শাব্দিক অর্থ গ্রহণযোগ্য?

উত্তর: যারা দা'ওয়াত, তাবলীগ, তা'লীম, তাযকিয়া, রাজনীতি, মিছিল-মিটিং সব কিছুকেই জিহাদ বলে চালিয়ে দেন তারা মূলত: জিহাদের শাব্দিক অর্থের আশ্রয় নিয়ে কু-চতুরভাবে মানুষকে বিভ্রান্ত করে। তাই আমরা ইসলামী শরিয়তের অন্যান্য কিছু আমল নিয়ে আলোচনা করে দেখবো যে, সে সকল ক্ষেত্রে শাব্দিক অর্থ গ্রহণ করা হয় না পারিভাষিক অর্থ।

সালাত, সওম, হজ্জ, যাকাত সকল ক্ষেত্রেই পারিভাষিক অর্থ গ্রহণযোগ্য শাব্দিক অর্থ মুখ্য বিষয় নয়। صَـــلَاةٌ (সালাত) এর শাব্দিক অর্থ: দোয়া, নিতম্ব হেলানো। আর ইসলামের পরিভাষায় صَـــلوٰةٌ (সালাত) হচ্ছে তাকবীরে তাহরীমা দিয়ে শুরু করে কিয়াম, রুকূ, সেজদা, জালসা (বসা) ইত্যাদি সহ সালাম ফিরানো পর্যন্ত সম্পূর্ণ একটি বিশেষ ইবাদতের নাম।

[৩১৩] কিতাবুল জিহাদ পৃষ্ঠা নং ৩৬।

এখন صَـــلَاةٌ (সালাত) শব্দ উল্লেখ করলে সাধারণ মুসলিমগণ সালাতের পারিভাষিক অর্থই বুঝে থাকে এবং বিশেষ নিয়মে ইবাদতকারীকেই মুসল্লী বা সালাত আদায়কারী বলা হয়। শাব্দিক অর্থ অনুযায়ী শুধু দোয়া করাকে বা কিছুক্ষণ নিতম্ব হেলানোকে সালাত বলে না। আর এ কাজ যে করে তাকে কেউ মুসল্লী বা সালাত আদায়কারী বলে না।

حَجٌّ (হজ্ব) শব্দের আভিধানিক অর্থ اَلْقَـــصْدُ বা ইচ্ছা করা। কেউ যদি ঘরে বসে বসে মক্কা যাওয়ার ইচ্ছা করে তাকে কেউ হাজী বা হজ্ব আদায়কারী বলে না। বরং নির্দিষ্ট সময়ে, নির্দিষ্ট স্থানে ও নির্দিষ্ট কিছু কাজ করাকেই 'হজ্ব' বলে আর ঐ কাজগুলো যে ব্যক্তি করে তাকেই হাজী বলে।

اَلصَّوْمُ (সওম) শব্দের আভিধানিক অর্থ বিরত থাকা। বহুবচন হল اَلـــصِّيَامُ (সিয়াম)। ইসলামের পরিভাষায় নিয়তসহ সুবহে সাদিক হতে সুর্যাস্ত পর্যন্ত খানা-পিনা ও স্ত্রী সহবাস থেকে বিরত থাকাকেই 'সাওম' বলে এবং এই পুরো সময় যদি কোন ব্যক্তি উক্ত তিন কাজ থেকে বিরত থাকে তাহলে তাকেই সিয়াম পালনকারী বলা হবে। অথচ শাব্দিক অর্থের দিকে লক্ষ্য করলে সামান্য সময় বিরত থাকাকেও সওম বলা উচিত। মোটকথা: এসব ক্ষেত্রে সকলেই পারিভাষিক অর্থকেই গ্রহণ করেছে। এগুলোর শাব্দিক অর্থ যে কি? তা হয়তো অনেকেই জানে না বা জানার চেষ্টাও করে না।

কেবলমাত্র জিহাদের বিষয়টিই এর ব্যতিক্রম। যারা আরবী না জানে তারাও এর শাব্দিক অর্থ জানার চেষ্টা করে। বিশেষ করে পীরের মুরীদ, প্রচলিত তাবলীগ জামা'আতের সাধারণ চিল্লাওয়ালা, রাজনৈতিক দলের সাধারণ কর্মী সকলেই নিজ নিজ কর্মকে জিহাদ বলে অখ্যায়িত করে। কেউ নফসের জিহাদ, কেউ কলমের জিহাদ, কেউ জিকরের জিহাদ, কেউ বক্তৃতা-বিবৃতি ও মিছিলের জিহাদ আবার কেউ দীর্ঘ বয়ান করে মুরগীর রান চিবায় আর বলে যে, এটাও একটা জিহাদ কারণ এতেও কম কষ্ট করা হচ্ছে না। মেয়ে লোক বাচ্চাকে দুধ পান করায় আর বলে এটাও জিহাদ, আবার কেউ কেউ স্ত্রী সহবাস করে আর বলে যে এটাও জিহাদ। এভাবে জিহাদ থেকে বিভ্রান্ত করার জন্য জিহাদের শাব্দিক অর্থ কে কেন্দ্র করে

চক্রান্ত করা হয়েছে। অথচ মুহাদ্দিসীনে কিরামগণ সকলেই হাদীসের কিতাবে জিহাদের অধ্যায়ে কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ করার হাদীস গুলোকেই বর্ণনা করেছেন। নফসের জিহাদ, কলমের জিহাদ, বক্তৃতার জিহাদ বিষয়ক কোন হাদীস সেখানে উল্লেখ করেন নি।

মদীনার অলি-গলিতে যখন حَيَّ عَلَى الْجِهَـــاد এর আজান (ঘোষণা) হতো তখন সাহাবায়ে কিরাম পাগড়ী আর জায়নামাজ নিয়ে যিকির আর নফসের জিহাদ করার জন্য ছুটে আসতেন না বরং তারা লোহার পোষাক পরে, হাতে তীর-ধনুক, তরবারী আর বর্শা নিয়ে উটে বা ঘোড়ায় চড়ে যুদ্ধ করার জন্য তৈরী হয়ে ছুটে আসতেন। সুতরাং জিহাদ বলতে সাহাবায়ে কিরাম, মুহাদ্দিসীনে কিরাম, ফুক্বাহায় কিরাম ও সকল সালাফে সালেহীনগণ যে অর্থ বুঝেছেন সেটাই জিহাদের সঠিক অর্থ।

এমনকি বর্তমান যুগের কাফির-মুশরিকরাও জানে জিহাদ অর্থ কী? বাংলাদেশের প্রত্যেক মসজিদে মুজাহিদ কমিটি থাকলেও কাফের-মুশরিক, ইহুদী-খৃষ্টানরা তাদের কিছুই বলে না বরং তাদেরকে নিজেদের সহযোগীই মনে করে কিন্তু যদি কোন জায়গায় কয়েকজন মুসলিম যুবক অস্ত্র নিয়ে প্রস্তুত হয় বা সামান্য ব্যায়াম করে তখনই কাফিররা তাদেরকে টার্গেট করে ও তাদের বিরুদ্ধে এ্যাকশনে যায়, বোমা হামলা চালায়, ড্রোন হামলা চালায়। অপর দিকে তথা কথিত মুজাহিদ কমিটির সদস্যরা বিশাল বিশাল সভা-সমাবেশ, মিছিল-মিটিং অথবা যিকিরের আওয়াজে মসজিদ ফাটিয়ে ফেললেও কুফ্ফাররা তাদের দিকে কোন ভ্রুক্ষেপই করে না। সময়ের অপচয় মনে করে তাদের কোন খোঁজ-খবর নেওয়ারও প্রয়োজন মনে করে না। বুঝা গেল, সত্যিকার জিহাদ কোনটি তা কাফের-মুশরিকরাও জানে। অথচ অধিকাংশ মুসলিমরা তা জানে না।

আরবদের এ এক সৌভাগ্য যে, সেখানকার সরকারপন্থী আলেমরা জিহাদ ভিত্তিক ইসলামী সংগঠনের কর্মীদের নিবৃত্ত করার জন্য আজ পর্যন্ত অনেক কৌশল অবলম্বন করলেও জিহাদের অর্থ বিকৃত করার মত বোকামিপূর্ণ কৌশল এখন পর্যন্ত গ্রহণ করেনি। তারা কুরআন-হাদীসকে পাশ কাটিয়ে জিহাদ এখন ফরয নয়, উচিত নয় বা আমাদের জিহাদ করার মতো শক্তি-

সামর্থ কোথায় ইত্যাদি বলে বিভ্রান্ত করার চেষ্টা করে ঠিকই। তবে জিহাদের অপব্যাখ্যা করে নিজেদেরকে মুজাহিদ বলে দাবী করে না। ইসলামে জিহাদের পারিভাষিক অর্থ 'কাফের মুরতাদদের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধ করা' এ কথাই বিগত চৌদ্দশত বছর ধরে লিখিত সকল আরবী কিতাব সমূহে উল্লেখিত হয়েছে। এমনকি আপনি এ যুগে লিখিত যে কোন আরবী অভিধান খুলে দেখুন, এ কথা স্বচক্ষে দেখতে পাবেন।

আফ্রিকা বা অন্যান্য দেশের কথা জানি না। তবে আমাদের উপমহাদেশে যে অনেক দিন থেকে জিহাদের অর্থ বিকৃত করা হচ্ছে, তা জানতে পেরেছি। উপমহাদেশ যেহেতু অনারব ভাষী এবং দীর্ঘ কাল থেকে আজ পর্যন্ত শাসন, বিচার ও শিক্ষা ব্যবস্থা খৃস্টান ও ইংরেজদের আদর্শ ও ধ্যানধারণা কর্তৃক পরিচালিত সেহেতু এ দেশের মুসলিমদের কুরআন-সুন্নাহর জ্ঞান অপূর্ণ থাকাটাই স্বাভাবিক।

উপমহাদেশের যে সব লেখকরা জিহাদের বিভিন্ন অর্থ করে 'সশস্ত্র যুদ্ধ'কে জিহাদের সর্বশেষ স্তর বলে প্রচার করে বেড়ান, তারা কুরআনের সে তিনটি জিহাদের আয়াত দ্বারাই হয়তো বিভ্রান্ত হয়ে আছেন, যেগুলোতে 'জিহাদ' থেকে সশস্ত্র যুদ্ধ না হওয়াটাই বুঝা যায়। এ তিনটি আয়াত হল ঃ

وَجَاهِدُوا فِي اللَّهِ حَقَّ جِهَادِهِ هُوَ اجْتَبَاكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّينِ مِنْ حَرَجٍ

অর্থঃ "তোমরা আল্লাহ্র জন্যে শ্রম স্বীকার কর যেভাবে শ্রম স্বীকার করা উচিত। তিনি তোমাদেরকে পছন্দ করেছেন এবং ধর্মের ব্যাপারে তোমাদের উপর কোন সংকীর্ণতা রাখেননি।"[৩১৪] দ্বিতীয় আয়াতটি হলো:

فَلَا تُطِعِ الْكَافِرِينَ وَجَاهِدْهُمْ بِهِ جِهَادًا كَبِيرًا

অর্থঃ "আপনি কাফেরদের আনুগত্য করবেন না এবং তাদের সাথে এর সাহায্যে কঠোর সংগ্রাম করুন।"[৩১৫] তৃতীয় আয়াতটি হলো:

وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُحْسِنِينَ

---

[৩১৪] হজ্জ ২২:৭৮।
[৩১৫] ফুরকান ২৫:৫২।

অর্থ: "যারা আমার পথে সাধনায় আত্মনিয়োগ করে, আমি অবশ্যই তাদেরকে আমার পথে পরিচালিত করব। নিশ্চয় আল্লাহ্ সৎকর্মপরায়ণদের সাথে আছেন।"[৩১৬]

এই তিনটি আয়াতে جَاهِـــدُوا (জাহিদূ) জিহাদ কর বলতে শাব্দিক জিহাদ অর্থাৎ সর্বাত্মক চেষ্টা-প্রচেষ্টা ও কঠোর পরিশ্রম করাকে বুঝানো হয়েছে। আমরা তাদের এ বিভ্রান্তি নিরসনের জন্য বলতে চাই, উপরোল্লিখিত আয়াত সমূহে জিহাদ থেকে উদ্দেশ্য কেবল ইসলামের চিরন্তন স্বতন্ত্র বিধান ও সর্বোচ্চ চূড়া 'জিহাদ' নয় তা ঠিক। বরং তাতে জিহাদ থেকে উদ্দেশ্য তার শাব্দিক অর্থ 'প্রচেষ্টা'। বিষয়টা ইসলামের পঞ্চ স্তম্ভের দ্বিতীয় 'সালাত' এর সাথে উদাহরণ দিয়ে বুঝালে আরো সহজ হয়ে যাবে। 'সালাত' শব্দটি কুরআনের তিনটি জায়গায় ভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। নিম্নে তা প্রদান করা হলো:

وَلا تُصَلِّ عَلَى أَحَد مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلا تَقُمْ عَلَى قَبْرِه إِنَّهُمْ كَفَرُوا بِاللَّهِ وَرَسُـــولِهِ وَمَاتُوا وَهُمْ فَاسِقُونَ

অর্থ: "আর তাদের মধ্য থেকে কারো মৃত্যু হলে তার উপর কখনও **সালাত** (দোয়া) পড়বেন না এবং তার কবরে দাঁড়াবেন না। তারা তো আল্লাহ্র প্রতি অস্বীকৃতি জ্ঞাপন করেছে এবং রাসূলের প্রতিও। বস্তুত: তারা নাফরমান অবস্থায় মৃত্যু বরণ করেছে।"[৩১৭]

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

وَصَلِّ عَلَيْهِمْ إِنَّ صَلاتَكَ سَكَنٌ لَهُمْ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ

অর্থ: "আর তুমি তাদের জন্য সালাত (দোয়া) কর, নি:সন্দেহে তোমার সালাত (দোয়া) তাদের জন্য সান্ত্বনা স্বরূপ। বস্তত: আল্লাহ্ সবকিছুই শোনেন, জানেন।"[৩১৮] অপর আয়াতে ইরশাদ হয়েছে:

إِنَّ اللَّهَ وَمَلائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا

[৩১৬] আনকাবুত ২৯:৬৯।
[৩১৭] তাওবাহ ৯:৮৪।
[৩১৮] তাওবাহ ৯:১০৩।

অর্থ: "আল্লাহ্ ও তাঁর ফেরেশতাগণ নবীর প্রতি সালাত প্রেরণ করেন। হে মুমিনগণ! তোমরা নবীর প্রতি সালাত (দোয়া) কর এবং তাঁর প্রতি সালাম প্রেরণ কর।"[৩১৯] এসেছে **'রহমত কামনা'** অর্থে।

উপরোক্ত তিনটি আয়াতে সালাত শাব্দিক অর্থে ব্যবহৃত হয়েছে। তাই বলে কি এ কথা বলা কারো পক্ষে জায়েয হবে যে, 'তাকবীরে তাহরিমা দিয়ে শুরু ও সালাম দ্বারা শেষ করা' সালাত হলো সালাতের সর্বশেষ স্তর? একমাত্র সালাত নয়? শব্দের শাব্দিক অর্থ ও ইসলামী পারিভাষিক অর্থের মাঝে পার্থক্য তুলে দেয়া কি কোন দায়িত্বশীল জ্ঞানী লোকের কাজ? আল্লাহ (সুব:) ইরশাদ করেছে,

وَأَقِمِ الصَّلاةَ لِذِكْرِي

"তুমি আমাকে স্মরণ করার জন্য **সালাত** কায়েম কর।"[৩২০]

তাই যিকরী নামের একটি দল (পাকিস্তানে তাদের অস্তিত্ব রয়েছে) এ আয়াত দ্বারা দলিল দেয় যে, আমাদের জন্য তাকবীরে তাহরীমা দ্বারা শুরু করা ও সালাম দ্বারা শেষ করা সালাতের দরকার নেই। আমরা সব সময় সালাত কায়েমের উদ্দেশ্যে 'আল্লাহর স্মরণ' করতে অভ্যস্ত। কুরআন-সুন্নাহর যথাযথ জ্ঞান ও ইসলামের জন্য ত্যাগী মনোভাবের অভাবের কারণেই এরা পথ ভ্রষ্ট হয়েছে।

তাছাড়া জিহাদের অনুশীলনের গুরুত্ব বুঝানোর জন্য আল্লাহ (সুব:) তার অসংখ্য নিষ্পাপ ইবাদতকারী ফেরেস্তা থাকা সত্ত্বেও পাপকারী মানুষকে কেন সৃষ্টি করেছেন, সে বিষয়টির মাহাত্ম বুঝা অপরিহার্য। আমরা সাধারণত মনে করি, আল্লাহ মানুষকে একমাত্র তার ইবাদত করার জন্য সৃষ্টি করেছেন। কারণ, আল্লাহ (সুব:) কুরআনের সূরা যারিয়াতের ৫৬ নং আয়াতে একথা স্পষ্ট করে বলেছেন। তিনি বলেছেন:

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلا لِيَعْبُدُون

"আমার ইবাদত করার জন্যই আমি মানব ও জিন জাতি সৃষ্টি করেছি।"[৩২১]

[৩১৯] আহযাব ৩৩:৫৬।
[৩২০] তোয়াহা ২০:১৪।
[৩২১] যারিয়াত ৫১:৫৬।

কিন্তু আমরা কুরআনের সে সব আয়াতের কথা আলোচনা করি না, যেসব আয়াতে আল্লাহ (সুবঃ) আরো কিছু ভিন্ন উদ্দেশ্যের কথা স্পষ্ট করে বলেছেন। যেমন "তিনি মানুষকে তাদের কে ভালো কাজ আর কে খারাপ কাজ করে তা পরীক্ষা করার জন্য সৃষ্টি করেছেন।" এ ধরনের আয়াত কুরআন মাজীদে অনেক আছে। উদাহরন স্বরূপ কয়েকটি আয়াত উল্লেখ করা হলোঃ

প্রথম আয়াতঃ

وَهُوَ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلاً

অর্থঃ "তিনিই আসমান ও যমীন ছয় দিনে তৈরী করেছেন, তাঁর আরশ ছিল পানির উপরে, তিনি তোমাদেরকে পরীক্ষা করতে চান যে, তোমাদের মধ্যে কে সবচেয়ে ভাল কাজ করে।"[৩২২]

দ্বিতীয় আয়াতঃ

إِنَّا جَعَلْنَا مَا عَلَى الْأَرْضِ زِينَةً لَهَا لِنَبْلُوَهُمْ أَيُّهُمْ أَحْسَنُ عَمَلًا

অর্থঃ "আমি পৃথিবীস্থ সব কিছুকে পৃথিবীর জন্যে শোভা করেছি, যাতে লোকদের পরীক্ষা করি যে, তাদের মধ্যে কে ভাল কাজ করে।"[৩২৩]

তৃতীয় আয়াতঃ

الَّذِي خَلَقَ الْمَوْتَ وَالْحَيَاةَ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا وَهُوَ الْعَزِيزُ الْغَفُورُ

"যিনি সৃষ্টি করেছেন মরণ ও জীবন, যাতে তোমাদেরকে পরীক্ষা করেন-কে তোমাদের মধ্যে কর্মে শ্রেষ্ঠ? তিনি পরাক্রমশালী, ক্ষমাময়।"[৩২৪]

এসব আয়াত দ্বারা বুঝা যাচ্ছে যে, মানুষকে আল্লাহ (সুবঃ) ফেরেস্তাদের মত ইবাদত (যে ইবাদত করতে তাদেরকে ইচ্ছার বিরুদ্ধে যেতে হয় না) করার জন্য সৃষ্টি করেননি। বরং মানুষের ইবাদত হচ্ছে কষ্টের ইবাদত,

[৩২২] হুদ ১১:৭।
[৩২৩] ক্বাহাফ ১৮:৭।
[৩২৪] মূলক ৬৭:২।

ত্যাগের ইবাদত, পরীক্ষার ইবাদত। আল্লাহ (সুবঃ) মানুষকে পরীক্ষা করতে চান যে, কে তার জন্য কতটুকু ত্যাগ স্বীকার করে? এ ত্যাগের সীমানা ইচ্ছার বিরুদ্ধে সালাত, সাওম ও হজ্ব পালন করা; সুদ, ঘুষ, মিথ্যা ও ব্যাভিচার থেকে বেঁচে থাকা এবং আল্লাহর জন্য নিজের সম্পদ ও প্রাণ বিসর্জন দেয়া পর্যন্ত বিস্তৃত। পরীক্ষা, কষ্ট ও ত্যাগ মুমিন জীবনের নিত্যসঙ্গী। জান্নাত প্রাপ্তির লোভ ও জাহান্নাম থেকে বাঁচার আশাই তাদেরকে সে পরীক্ষায় উত্তীর্ণ হতে সাহায্য করে।

আর এ বিষয়টা একেবারে সহজবোধ্য যে, যে ইবাদতে কষ্ট যত বেশি সে ইবাদতের পুরস্কার আল্লাহর কাছে ততই বড়। আর একথাও সত্য যে, যে ইবাদতে ত্যাগ যত বেশি সে ইবাদত থেকে মানুষ তত বেশি দূরে থাকতে চাবে। এটা মানুষের স্বভাব। আল্লাহ চান মানুষ এ স্বভাবকে পরাজিত করে তার জন্য ত্যাগের সর্বোচ্চ দৃষ্টান্ত পেশ করুক। তাই বলা হয়েছেঃ

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ

"তোমাদের জন্য কিতাল ফরয করা হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়।"[৩২৫]

কথাটি আল্লাহ (সুবঃ) নবীদের পর সবচেয়ে মজবুত ঈমানের অধিকারী সাহাবা কেরামের উদ্দেশ্যে বলেছেন। যারা সারাক্ষণ জিহাদী চেতনায় উদ্বুদ্ধ থাকতেন, শাহাদাতের তামান্নাই ছিল যাদের সবচেয়ে বড় কামনা তাদেরকেই বলেছেন 'কিতাল তোমাদের কাছে অপছন্দনীয়'। তাহলে সেই কিতাল থেকে রক্ষা পাওয়ার জন্য চৌদ্দশত বছর পরে এসে মুসলিম জাতি কত প্রকার অজুহাত সৃষ্টি ও বিভ্রান্তি ছড়াতে পারে এবং কত প্রচুর লোক ঐ ভিত্তিহীন অজুহাত ও বিভ্রান্তির শিকার হতে পারে, তা বলার অপেক্ষা রাখে না। আল্লাহর জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকার তথা জিহাদ ব্যতিত কোন মুসলিমের ঈমানের দাবী যে ১০০% (হ্যানড্রেড পার্সেন্ট) সত্য হতে পারে না, তা পবিত্র কুরআন ও হাদীসে স্পষ্টভাবে উল্লেখ রয়েছে। ইরশাদ হচ্ছে,

[৩২৫] বাক্বারাহ ২:২১৪।

قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْــوَانُكُمْ وَأَزْوَاجُكُــمْ وَعَــشِيرَتُكُمْ وَأَمْــوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُمْ مِــنَ اللَّــهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لا يَهْــدِي الْقَــوْمَ الْفَاسِقِينَ

অর্থ: "বলুন, তোমাদের নিকট যদি তোমাদের মাতা-পিতা, সন্তান-সন্তুতি, ভাই-বোন, স্ত্রীবর্গ, আত্মীয়-স্বজন, উপার্জিত ধন-সম্পদ, তোমাদের ঐ ব্যবসা-বাণিজ্য যাতে তোমরা মন্দা দেখা দেয়ার ভয় কর এবং তোমাদের ঐসব বাসস্থান যা নিয়ে তোমরা সন্তুষ্ট- আল্লাহ, তাঁর রাসূল ও আল্লাহর পথে জিহাদ থেকে অধিক প্রিয় হয় তাহলে তোমরা (তোমাদের এ অপরাধের ব্যাপারে) আল্লাহ তার সিদ্ধান্ত কার্যকর করা পর্যন্ত অপেক্ষা কর। আর আল্লাহ ফাসিকদের সঠিক পথে পরিচালিত করেন না।"[৩২৬]

এ আয়াতে জিহাদ থেকে উদ্দেশ্য যে সালাত, সাওম, হজ্ব বা বর্তমান যুগের মিছিল মিটিংয়ের জিহাদ নয়, তা কথার ভঙ্গিতেই স্পষ্ট বুঝা যাচ্ছে। কারণ, এ সব করতে গেলে প্রাণতো দূরের কথা প্রিয় আট বস্তুর কোনটিই স্বাভাবিকভাবে হারানোর সম্ভাবনা থাকে না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন :

عَنْ أَبِى هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– « مَنْ مَاتَ وَلَمْ يَغْــزُ وَلَمْ يُحَدِّثْ بِهِ نَفْسَهُ مَاتَ عَلَى شُعْبَةٍ مِنْ نِفَاقٍ

অর্থ: "যে ব্যক্তি কখনো জিহাদ করল না বা (জিহাদের ক্ষেত্র না থাকায়) তার অন্তরে জিহাদ করার প্রেরণা সৃষ্টি হল না, সে মুনাফেকীর একটি শাখা ধারণ করে মারা গেল।"[৩২৭]

এ হাদীসেও জিহাদ থেকে উদ্দেশ্য শাব্দিক জিহাদ নয়, তাও সুস্পষ্ট। কারণ, মুমিনের জীবন স্বভাবতই (একদিন বেঁচে থাকলেও) এমন অবস্থায়

[৩২৬] তাওবা ৯:২৪।
[৩২৭] **আহমদ ৮৮৫২, মুসলিম ১৯১০, আবু দাউদ ২৫০২, বুখারী ফি তারীখিল কাবীর, নাসায়ী ৩০৯৭, আবু আওয়ানাহ ৭৪৫১, হাকেম ২৪১৮, বাইহাক্বী ১৭৭২০।**

কাটে না যে তার পক্ষে শাব্দিক জিহাদ (সালাত, সওমসহ যাবতীয় চেষ্টা সাপেক্ষীয় ভাল বিষয়) চর্চা সম্ভব হয় না। কারণ, এসব করতে শত্রুর প্রয়োজন হয় না। তাই সব সময় করা যায়। এর বিপরীত হলো জিহাদ। শত্রু ছাড়া তা কল্পনাও করা যায় না। মুসলিমদের জীবনে সশস্ত্র জিহাদ যে একটি বড় গুরুত্বপূর্ণ বিষয় তা এই হাদীস থেকে বুঝা যায়। কারণ, হাদীসে বলা হচ্ছে জিহাদের ক্ষেত্র দৃশ্যমান না থাকলে কোথায় গিয়ে জিহাদ করা যায় তাও ভাবতে হবে অর্থাৎ মনে মনে চিন্তা করতে হবে কোথায় গিয়ে জিহাদ করা যায়। এতটুকু চিন্তা না করে মারা গেলে মুনাফিকীর একটি শাখা ধারণ করে মারা গেল বলে ঘোষণা করা হয়েছে।

প্রশ্ন: ইসলামে ছোট জিহাদ বলতে কোন কিছু আছে কি?

উত্তর: না! ইসলামে ছোট জিহাদ বলতে কোন কিছু নেই। কোন জাতি যখনই পরাজয়ের অতল গহবরে পতিত হওয়ার উপক্রম হয়। পরাজয়ের তিলক চিহ্ন তাদের ললাটে চিরস্থায়ী অভিশাপ রূপে স্থান করতে থাকে ঠিক তখনই দুর্বলতা ও হীনমন্যতার তীমির আঁধার আচ্ছাদিত করে নেয় স্বচ্ছ হৃদয় কুঠরিটিকে। গোটা জাতি সত্তায় ছড়িয়ে পরে কাপুরুষতার নগ্ন ক্রিয়া। যবানে উচ্চারিত হতে থাকে এমন অসংঙ্গত, ভিত্তিহীন বক্তব্য যা কেবল জাতিকে হাত-পা গুটিয়ে নিষ্ক্রিয় বসে থাকা ও স্বস্থান থেকে পশ্চাৎপদ চলতেই সাহায্য করে।

ইসলামের চির দুশমন ইহুদী-নাসারারা আনন্দ চিত্তে হতবাক নেত্রে অবলকন করতে থাকে সে জাতির করুণ দৃশ্য, যারা পূর্ণ ক্ষমতা সম্পন্ন, দিগ্বীজয়ী বীর, রাষ্ট্রীয় ক্ষমতার অধীকারী হওয়া সত্যেও নিজেরাই নিজেদের ধ্বংশ ফাঁদ তৈরী করে। নিজেরাই নিজেদের ধর্মবিরোধী মন্ত্র তৈরী করে তাকে আবার গ্রহণ যোগ্যতার লক্ষে ধর্মীয় কথা বলে বিক্রি করে।

এসকল সাজানো কিছু কথাই মুসলিমদেরকে মান-মর্যাদা, ইজ্জত-সম্মান ও প্রভাব-প্রতিপত্তির সর্বোচ্চ আসন থেকে ছিন্ন করে নিক্ষিপ্ত করে অপমান, অপদস্ততা ও গোলামীর অতল গহ্বরে। সুযোগ করে দেয় স্বার্থান্বেষী, লোভী, আরামপিয়াসী, নির্বোধ, অলস মুসলিমদের জন্য। তারা আত্মরক্ষার

ঢাল হিসেবে ব্যবহার করে মন্ত্রতুল্য বাক্যগুলোকে। সে সকল বাক্যগুলোর মাঝে অন্যতম হল:

رَجَعْنَا مِنَ الْجِهَادِ الْأَصْغَرِ إِلَى الْجِهَادِ الْأَكْبَرِ قَالُوْا وَمَا الْجِهَادُ الْأَكْبَرِ قَالَ جِهَادُ الْقَلْبِ

অর্থ: "আমরা ছোট জিহাদ থেকে প্রত্যাবর্তন করে বড় জিহাদের প্রতি ধাবিত হয়েছি। সাহাবায়ে কিরাম জিজ্ঞাসা করলেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! বড় জিহাদ কোনটি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, অন্তরের জিহাদ।"

এ বাক্য থেকে এ কথাই সুস্পষ্ট বুঝা যায় যে, যুদ্ধের ময়দানে ইসলামের দুশমন তথা কাফির-মুশরিকদের মুকাবিলা করে আল্লাহর যমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করা ছোট জিহাদ, জান-মাল উৎসর্গ করে যুদ্ধের ময়দানে গর্দান কাটিয়ে রক্ত প্রবাহিত করে জীবন বিসর্জন দেয়া ছোট কাজ, ছোট জিহাদ, ছোট শহীদ। এই অসঙ্গত চিন্তা-চেতনা ও ভিত্তিহীন বক্তব্যই মুসলিমদের কে তাদের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি-কালচার ও সাহসী কর্মপন্থা থেকে বিরত রেখেছে। তাই এ ব্যাপারে মুসলিমদের স্বচ্ছ ধারণা ও সুস্পষ্ট জ্ঞান থাকা অপরিহার্য।

বিভ্রান্তির উৎস ও তার সমাধান

رَجَعْنَا مِنَ الْجِهَادِ الْأَصْغَرِ إِلَى الْجِهَادِ الْأَكْبَرِ قَالُوْا وَمَا الْجِهَادُ الْأَكْبَرِ قَالَ جِهَادُ الْقَلْبِ

অর্থ: "আমরা ছোট জিহাদ থেকে প্রত্যাবর্তন করে বড় জিহাদের প্রতি ধাবিত হয়েছি। সাহাবায়ে কিরাম জিজ্ঞাসা করলেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! বড় জিহাদ কোনটি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, অন্তরের জিহাদ।"

এই বাক্যটি দিয়েই মূলত আমাদের সমাজে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। তাই দেখা যাক এ বাক্যটি কি হাদীসের অন্তর্ভূক্ত নাকি মানুষের বানানো মন্ত্র। এই হাদীস নামক মন্ত্রটির ব্যাপারে বিভিন্ন মুহাদ্দিসীনদের বক্তব্য নিম্নে তুলে ধরা হলো:

ইমাম যাইলা'য়ী (রহ:) এর অভিমত:

হানাফী মাযহাবের প্রসিদ্ধ কিতাব 'হেদায়াহ'র প্রখ্যাত আরবী ভাষ্যকার 'নসবুর রায়াহ'র (نَصْبُ الرَّايَةِ) লেখক ইমাম জামালুদ্দীন আয-যাইলা'ঈ আল হানাফী 'তাখরীজু আহাদীসিল কাশ্শাফ' কিতাবে বলেন:

قلت غَرِيب جدا وَذكره الثَّعْلَبِيّ هَكَذَا من غير سَنَد

অর্থ: "আমি বলি হাদীসটি নিতান্ত গরীব (মুহাদ্দিসীনদের নিকট অপরিচিত)। ইমাম ছা'লাবিও এ হাদীসটি এভাবে কোন প্রকার সনদ বর্ণনা করা ব্যতিত উল্লেখ করেছেন।"[৩২৮]

ইমাম জালালুদ্দীন সুয়ূতী (রহ:) এর অভিমত:

তিনি 'আদ্ দুরারুল মুনতাছিরাহ ফিল আহাদীসিল মুশতাহিরাহ' কিতাবে বলেন:

حديث رجعنا من الجهاد الأصغر إلى الجهاد الأكبر قالوا: وما الجهاد الأكبر؟ قال: جهاد القلب. قال الحافظ ابن حجر في " تسديد القوس " : هو مشهور على الألسنة، وهو من كلام إبراهيم بن أبي عبلة

অর্থ: "আমরা ছোট জিহাদ থেকে প্রত্যাবর্তন করে বড় জিহাদের প্রতি ধাবিত হয়েছি.....। ইবনে হাজার আসক্বালানী 'তাসদীদুল ক্বাওস' কিতাবে বলেছেন, হাদীসটি মানুষের মুখে প্রসিদ্ধ কিন্তু এটি কোন হাদীস নয় বরং ইবরাহীম ইবনে আবী 'আবলাহ এর নিজের কথা।"[৩২৯]

ইমাম বাইহাকী (রহ:) এর অভিমত:

"ইমাম বাইহাকী (রহ:) তার 'আয্ যুহ্দুল কাবীর' কিতাবে হাদীসটি উল্লেখ করে বলেন **هذا إسناد ضعيف** এটি একটি দূর্বল সনদে বর্ণিত হাদীস।"[৩৩০]

---

[৩২৮] তাখরীজু আহাদীসিল কাশ্শাফ ২য় খন্ড, ৩৯০ পৃষ্ঠা, হাদীস নং ৮২৫।
[৩২৯] আদ্ দুরারুল মুনতাছিরাহ ফিল আহাদীসিল মুশতাহিরাহ ১ম খন্ড, ১১ পৃষ্ঠা।
[৩৩০] আয্ যুহ্দুল কাবীর ১ম খন্ড, ৩৮৮ পৃষ্ঠা, হাদীস নং ৩৮৪।

মোল্লা আলী ক্বারী (রহঃ) এর অভিমতঃ

আল্লামা মোল্লা আলী ক্বারী হানাফী (রহঃ) তাঁর রচিত প্রসিদ্ধগ্রন্থ "মাওযু'আতে কুবরা" -এর ১২৭ পৃষ্ঠায় উল্লেখিত বাক্য সম্পর্কে আল্লামা ইবনে হাজার আসকালানী (রহঃ) এর বরাত দিয়ে বলেন,

رَجَعْنَا مِنَ الْجِهَادِ الْأَصْغَرِ إِلَى الْجِهَادِ الْأَكْبَرِ

বর্তমানে উল্লেখিত বাক্যটি মানুষের মুখে মুখে হাদীস হিসেবে প্রসিদ্ধ হয়েছে অথচ এটা কোন হাদীস নয়। এটা ইবরাহীম ইবনে আবলাহ নামক ব্যক্তির একটি উক্তি মাত্র।

তানজীমুল আশতাত এর বর্ণনাঃ

মিশকাত শরীফের প্রসিদ্ধ ব্যাখ্যাগ্রন্থ তানজীমুল আশ্তাত -এর প্রথম খন্ডের ৬৯ পৃষ্ঠায় তা'আলিকুস সাবীহ্ ও তাফসীরে বাইযাভির উদ্ধৃতি দিয়ে উল্ল্যেখ করা হয় যে, আল্লামা ইবনে তাইমীয়া (রহঃ) বলেন- এ হাদীসের কোন ভিত্ত নেই।

আল্লামা ইবনে নুহ্হাছ (রহঃ) -এর বর্ণনাঃ

ইমামুল মাগাযী আল্লামা ইবনে নুহ্হাছ (রহঃ) তাঁর প্রসিদ্ধ জিহাদগ্রন্থ "মাশারিউল আশওয়াক্ব ইলা মাসারী'উল উশ্শাক্ব" কিতাবের ভূমিকায় উল্লেখ করেন, 'ইসলামের চির দুশমন কাফির-মুশরিরা যখন দেখল যে, মুসলিমরা তাদের আত্মরক্ষার জন্য এবং আল্লাহর যমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার জন্য জিহাদকে মূল হাতিয়ার হিসেবে অবলম্বন করেছে। যতদিন পর্যন্ত দুনিয়ার বুকে জিহাদ প্রতিষ্ঠিত থাকবে ততদিন ইসলাম ও মুসলিমদের দুশমন কোথাও হাটুগেড়ে বসার সুযোগ পাবে না।

কেননা জিহাদের বরকতে ও আল্লাহর সাহায্যে মুসলিমরা মাত্র অর্ধশত বছরেরও কম সময়ে অর্ধ দুনিয়াকে বিজয় করে নিয়েছে। ইতিহাসের পৃষ্ঠা থেকে শিক্ষা নিয়ে ইসলামের দুশমনরা কয়েক বছর গবেষণা করে এই সিদ্ধান্তে উপনিত হলো যে, জিহাদের মিশনকে ভেঙ্গে দিতে পারলে বা কোন ভাবে তা কমজোর করতে পারলেই সফলতায় পৌঁছা যাবে। তারা এই অসাধ্য সাধনে মরিয়া হয়ে উঠলো এবং সর্বশক্তি দিয়ে নিজেদের মিশনে সফলতা লাভ করতে চাইল। সকল প্রচেষ্টায় ব্যর্থ হয়ে এক নতুন

সুক্ষ ষড়যন্ত্রের জাল বিস্তার করল। আর তা হলোঃ মুসলিমদের মাঝে প্রবেশ করে জিহাদকে 'আসগার' বা ছোট ও 'আকবার' বা বড় রূপে বিভক্ত করে দিল। নফ্সের সাথে জিহাদকে বড় জিহাদ ও দুশমনের মোকাবিলায় যুদ্ধ করাকে ছোট জিহাদ হিসেবে সাব্যস্ত করল।

ইসলামের দুশমনরা তাদের এ মিশনে পরিপূর্ণ সফলতা লাভের জন্য এ বাক্যটিকে হাদীস বলে চালিয়ে দিল এবং এর নিসবত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দিকে করে দিল। কারণ তারা জানে মুসলিমদের নিকট অতি সহজে একটি বিষয়ের গ্রহণযোগ্যতা লাভের জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দিকে নিসবত করাই সর্বাধিক সহজ পথ। তাই

رَجَعْنَا مِنَ الْجِهَادِ الْأَصْغَرِ إِلَى الْجِهَادِ الْأَكْبَرِ

বাক্যটিকে কে হাদীস হিসেবে দাড় করাল। অথচ এ বাক্যটিকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দিকে নিসবত করা সম্পূর্ণ মিথ্যা। তাছাড়া হাদীসের কোন কিতাবে এই বাক্যটি সরাসরি হাদীস হিসেবে উল্লেখ নেই। ইবরাহীম ইবনে 'আব্লাঅ (রহঃ) এর প্রতি ইঙ্গিত রয়েছে। যদিও তিনি একজন গ্রহণযোগ্য রাবী, তথাপি আল্লামা দারাকুত্বনী বলেন, ইবরাহীম ইবনে আবলাহ (রহঃ) এর প্রতি নিসবত করারও কোন সুস্পষ্ট প্রমাণ উল্লেখ নেই।

ভিত্তিহীন এ হাদীসের প্রভাব সাধারণ মুসলিমদের উপর এমন ভাবে পড়েছে যে, তারা নফস ও শয়তানের সাথে মোকাবিলাকে বড় জিহাদ হিসাবে আঁকড়ে ধরেছে, এবং কাফেরদের সাথে কৃত ছোট জিহাদকে পরিত্যাগ করে পার্শ্ব অবলম্বন করে নিয়েছে। যিকির-ফিকিরের সাথে তাসবীহ হাতে নিয়ে ইবাদতে এমন মশগুল হয়েছে যে, দুনিয়া কাফেরদের জন্য খালি করে দিয়েছে আর সমস্ত কুফরী শক্তি দুনিয়ার মসনদ গুলো দখল করে নিয়েছে। মুসলিমরা আবদ্ধ হয়েছে গোলামীর জিঞ্জিরে। আর তারা দাবী করছে তারা বড় জিহাদ করছে।

শাহ্ আব্দুল আজিজ (রহঃ) -এর বর্ণনা :

শাহ্ আব্দুল আজিজ (রহ:) কতৃক রচিত প্রসিদ্ধ ফাতওয়ার কিতাব ফাতওয়ায়ে আজিজীর ১০২ পৃষ্ঠায় এক প্রশ্নের উত্তরে বলেন, এ বাক্যটি সুফীদের কিতাব সমূহে ব্যাপকভাবে পাওয়া যায়। তাদের নিকটই এ বাক্যটি হাদীসে নববী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। কিছু সংখ্যক মুহাদ্দিসগণও কোন কোন কিতাবে এ বাক্যটি উল্লেখ করেছে, আমার এখন স্বরণ নেই যে, কোন কিতাবে আমি তা দেখেছি। যা হোক যদি বাক্যটিকে তার আসল অর্থে ধরা হয় তবে তার উদ্দেশ্য এই হয় না যে, জিহাদে আকবারের অর্থ যুদ্ধের ময়দানে কাফিরের সাথে মোকাবেলাকে সম্পূর্ণ রূপে পরিহার করে বসে যাবে। বরং নফস ও শয়তানের বিরুদ্ধে অধিক মুজাহাদা করবে এটাই সুফীদের সুস্পষ্ট অভিমত।

আল্লামা ফজল মুহাম্মদ সাহেব (মুহাদ্দীস বিন নূরী টাউন করাচী (দা:বা:)) বলেন, শাহ সাহেব (রহ:) এর বক্তব্যে একথা সুস্পষ্ট যে, "এ বাক্যটি সুফীদের হতে পরে" কোন হাদীস নয়।

খতীবে বাগদাদী (রহ:) -এর বর্ণনা :

খতীবে বাগদাদী ও কিছু সংখ্যক ওলামায়ে কিরাম পূর্বোক্ত বাক্যের ন্যায় ভিন্ন শব্দে আরেকটি হাদীস বর্ণনা করেন যার অর্থ হল, "যাবের (রা:) বর্ণনা করেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকোন যুদ্ধ থেকে প্রত্যাবর্তন করে সাহাবায়ে কিরামদেরকে লক্ষ করে বললেন, সুসংবাদ তোমাদের জন্য! সুসংবাদ! তোমরা ছোট জিহাদ থেকে বড় জিহাদের প্রতি প্রত্যাবর্তন করেছ, সাহাবায়ে কিরাম জিজ্ঞাসা করলেন, বড় জিহাদ কোন টি? উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, খাহেশাত ও প্রবৃত্তির বিরুদ্ধে মুজাহাদা করাই বড় জিহাদ।"[৩৩১]

এ হাদীসের বর্ণনাকারীদের ক্ষেত্রে বিজ্ঞ মুহাদ্দীসিনে কিরামদের যথেষ্ট আপত্তি রয়েছে। এ হাদীসের একজন বর্ণনাকারী "খলফ ইবনে মুহাম্মদ খিয়াম" যার সম্পর্কে আসমায়ে রিজালের বিশেষজ্ঞ ইমাম হাকেম (রহ:) বর্ণনা করেন যে, এ ব্যক্তির বর্ণনাকৃত হাদীস গ্রহণযোগ্য নয়। অপর একজন আসমায়ে রিজালের বিজ্ঞ ইমাম আবু ইয়ালা খলীলি (রহ:) বর্ণনা

[৩৩১] জামে'উল আহাদীস লি জালালুদ্দীন সুয়ূতী ৩৬৯৬১।

করেন, এ বর্ণনাকারী অত্যন্ত দূর্বল, মাঝে মাঝে তার নিজেরই সন্দেহ সৃষ্টি হত। কখনো কখনো এমনও হাদীস বর্ণনা করতেন অন্য কারো নিকট যার কোন সন্ধান ছিল না।

অপর বিজ্ঞ আলেম আল্লামা আবু যুর'আহ (রহ:) এই বর্ণনাকারী থেকে সকলকে বিরত থাকার জন্য প্রকাশ্যে ঘোষনা দিয়েছেন।

উল্লেখিত হাদীসের অপর একজন বর্ণনাকারী ইয়াহইয়া ইবনে আ'লা যার সম্পর্কে ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ:) বলেন, এ লোকটি বড় মিথ্যাবাদী। যে হাদীসকে মনগড়া ভাবে বর্ণনা করত।

ইমাম ইবনে আদী (রহ:) বর্ণনা করেন এ ব্যক্তির সমস্ত হাদীস মনগড়া, জাল ও ভিত্তিহীন।

ইমাম ইবনে তাইমিয়া (রহ:) এর অভিমত :

ইমাম ইবনে তাইমিয়া (রহ:) বর্ণনা করেন,

أما الحديث الذى يرويه بعضهم انه قال فى غزوة تبوك رجعنا من الجهاد الأصــغر الى الجهاد الأكبر فلا أصل له ولم يروه احد من أهل المعرفة بأقوال النبى وافعالــه وجهاد الكفار من أعظم الأعمال بل هو أفضل ما تطوع به الانسان

অর্থ: "কিছু সংখ্যক মানুষ যারা বর্ণনা করে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবুক যুদ্ধ থেকে প্রত্যাবর্তন কালে বর্ণনা করেন "আমরা ছোট জিহাদ থেকে বড় জিহাদের প্রতি প্রত্যাবর্তন করেছি" এ হাদীসের কোন ভিত্তি নেই এবং যারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কথা ও কাজ অর্থাৎ হাদীস সম্পর্কে জ্ঞান রাখেন তারা কেউ এ হাদীসটি বর্ণনা করেন নি। কুফ্ফারদের বিরূদ্ধে যুদ্ধ করাই সবচেয়ে বড় আমল বরং মানুষ যত নফল ইবাদত করে তার মধ্যে সবচেয়ে উত্তম ইবাদত হচ্ছে জিহাদ।"[৩৩২]

ইবনে হাজার আসকালানী (রহ:) :

[৩৩২] মাজমূ'উল ফাতাওয়া ১১খন্ড, ১৯৭ পৃষ্ঠা।

حَدِيْثُ رَجَعْنَا مِنَ الْجِهَادِ الْأَصْغَرِ إِلَى الْجِهَادِ الْأَكْبَرِ قَالُوْا وَمَا الْجِهَادُ الْأَكْبَرِ قَالَ جِهَادُ الْقَلْبِ قَالَ الْحَافِظُ ابْنُ حَجْرٍ فِيْ " تَسْدِيْدِ الْقَوْسِ " : هُوَ مَشْهُوْرٌ عَلَى الْأَلْسِنَةِ، وَهُوَ مِنْ كَلَامِ إِبْرَاهِيْمِ بْنِ أَبِيْ عَبْلَةَ

ইবনে হাজার আসকালানী (রহ:) এ হাদীসের ব্যাপারে তার কিতাব "তাসদীদুল কাউসে" বলেন, এটা লোক মুখে প্রসিদ্ধ। এটা ইবরাহী ইবনে আবি 'আবলাহ এর কথা, হাদীস নয়।[৩৩৩]

মোটকথা: উপরে উল্লেখিত হাদীসটির কোন ভিত্তি নেই।[৩৩৪] এবং এই জাল হাদীসগুলোর মাধ্যমে সমাজে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। এই কাজটি ইহুদী-খৃষ্টানদের একটি বড় ষড়যন্ত্র। ইহুদী-খৃষ্টনরা লক্ষ্য করেছে যে, তারা আফগানিস্তানে, ইরাকে, ফিলিস্তিনে বোমা হামলা করে কিছু মুসলিমদেরকে হত্যা করে। কিন্তু এর দ্বারা ইসলামের তেমন কোন ক্ষতি হয় না। বরং এতে মুসলিম যুবকেরা শাহাদাতের তামান্নায় আরো উজ্জিবিত হয়। তাই এমন একটি কাজ করতে হবে যাতে মুসলিম যুবকদের অন্তর থেকে জিহাদী চেতনাকে ভুলিয়ে দেওয়া যায়। এটাই একমাত্র স্থায়ী সমাধান।

বোমা মেরে কিছু মুসলিমকে হত্যা করা কোন স্থায়ী সমাধান নয়। কিন্তু এ কাজটি বড় কঠিন। কারণ জিহাদের কথা কুরআনে আছে, হাদীসে আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে জিহাদ করেছেন এবং সাহাবীরা জিহাদ করেছেন। এটাকে বাদ দেওয়া সম্ভব নয়। তবে যেটা সম্ভব তা হচ্ছে, পূর্বের আসমানী কিতাবের যেভাবে অর্থ পরিবর্তন করে অথবা ভূল ব্যাখ্যা দিয়ে বিকৃতি করা হয়েছিল, সেভাবে কুরআন হাদীসে বর্ণিত জিহাদ শব্দটিকে ভুল ব্যাখ্যা করে অথবা অর্থ পরিবর্তন করে দিয়েই কেবলমাত্র জিহাদকে ধ্বংস করা সম্ভব। আর এই কাজটি সরাসরি ইহুদী-খৃষ্টানরা করলে কোন মুসলিম মেনে নিবে না। তাই তারা মুসলিম জাতির মধ্য থেকে এমন একদল আলেম তৈরী করল যারা ইহুদী-খৃষ্টানদের দীর্ঘদিনের অসম্ভব কাজটি সম্ভব করে দিয়েছে। যা Rand ইনষ্টিটিউট এর বহুদিনের চেষ্টার ফসল।

[৩৩৩] আদ্দুরারুল মুনতাছিরা: ১/১১, আল আহাদীস লা তাসিহ্হু, ১/৫, কাশফুল খিফা ১/৪২৪।
[৩৩৪] মিয়াতু হাদীস মিনাল আহাদীসিদ দয়িফা: ১/4।

প্রশ্ন: জিহাদে আকবর কিসের নাম?

উত্তর: উপরোক্ত আলোচনা থেকে নিশ্চয়ই ঐসব লোকের ভ্রান্তি স্পষ্ট হয়ে গেছে যারা **"জিহাদ মা'আল কুফ্ফার"** ও **"ক্বিতাল ফী সাবীলিল্লাহ"** এর গুরুত্বকে খাটো করার জন্য জিহাদে আকবার (বড় জিহাদ) ও জিহাদে আসগারের (ছোট জিহাদ) দর্শন ব্যবহার করেন। তাদের বক্তব্য হল, নফসের (প্রবৃত্তি) বিরুদ্ধে জিহাদই বড় জিহাদ এবং ক্বিতাল ফী সাবীলিল্লাহ বা আল্লাহর রাস্তায় যুদ্ধ করা হলো ছোট জিহাদ।

এই ভুল ধারণাটি ভ্রান্তি প্রমাণের জন্য আমি নিজের পক্ষ থেকে কিছু বলার পরিবর্তে আশরাফ আলী থানভী (রহ:) এর একটি সংক্ষিপ্ত আলোচনা উদ্ধৃত করে দিচ্ছি। তিনি বলেন "আজকাল সাধারণভাবে মানুষের ধারণা এই যে, কাফেরদের সাথে যুদ্ধ করা জিহাদে আসগার (ছোট জিহাদ) এবং নফসের মুজাহাদা প্রবৃত্তির দমন ও আত্মশুদ্ধি জিহাদে আকবার (বড় জিহাদ)। যেন তাঁরা নিভৃতে নফসের মুজাহাদায় নিমগ্ন হওয়া থেকে কাফেরদের সাথে যুদ্ধ করাকে সকল ক্ষেত্রেই নিম্নমানের মনে করে।

এই ধারণাটি ঠিক নয়, বরং বাস্তব কথা হল, কাফেরদের সাথে যুদ্ধ করা ইখলাস শূণ্য হলে বাস্তবিকপক্ষেই তা নফসের মুজাহাদা থেকে নিম্নস্তরের কাজ। এ ধরণের যুদ্ধকেই জিহাদে আসগার এবং এর বিপরীতে নফসের মুজাহাদাকে জিহাদে আকবার বলা হয়েছে। কিন্তু কাফেরদের সাথে যুদ্ধ যদি ইখলাসপূর্ণ হয় তাহলে এই যুদ্ধকে জিহাদে আসগার বলা "গাইরে মুহাক্কিক" বা অগভীর জ্ঞানের অধিকারী সূফীদের বারাবারি। বরং এই যুদ্ধ অবশ্যই জিহাদে আকবার এবং তা নিভৃতে নফসের মুজাহাদায় নিমগ্ন হওয়া থেকে উত্তম। কেননা যে যুদ্ধ ইখলাসপূর্ণ হবে তাতে নফসের মুজাহাদাও বিদ্যমান থাকবে। সুতরাং এতে উভয় জিহাদের ফযিলতই একত্রিত হচ্ছে।[৩৩৫]

জিহাদের লক্ষ্য ও উদ্দেশ্য

[৩৩৫] আল ইফাযাতুল ইয়াওমিয়্যাহ খন্ড৪, হিস্সা ৫, পৃষ্ঠা ৮২; মালফূয পৃষ্ঠা ১০৪১; কিতাবুল জিহাদ ৩৮।

প্রশ্ন: জিহাদের লক্ষ্য ও উদ্দেশ্য কি? مَا هِيَ اَغْرَاضُ الْجِهَاد وَاَهْدَافُهُ

উত্তর: জিহাদের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে উলামায়ে কিরাম ছোট বড় অনেকগুলো বিষয় উল্লেখ করেছেন। আমরা বর্তমান অবস্থা ও প্রেক্ষাপটের ভিত্তিতে আরো কিছু বিষয় তার সাথে যুক্ত করতে পারি। কিন্তু জিহাদ ফরয হওয়ার পিছনে মৌলিক উদ্দেশ্যগুলোকে নিম্নে বর্ণিত কয়েকটি বিষয়ের মধ্যে নিয়ে আসা যেতে পারে।

১) اِظْهَارُ الدِّيْن "ইযহারুদ্দীন" অর্থাৎ দ্বীনকে বিজয়ী করা।

জিহাদ ফরয হওয়ার অনেক গুলো কারণের মধ্যে একটি মূল উদ্দেশ্য হল, মানব রচিত সকল মতবাদ যেমন: গণতন্ত্র, সমাজতন্ত্র, রাজতন্ত্র, জাতীয়তাবাদ, ধর্মনিরপেক্ষতাবাদ এবং পূর্বেকার সকল ধর্মীয় মতবাদ যেমন: ইহুদী, খৃষ্টান, হিন্দু, বৌদ্ধ ইত্যাদি মতবাদকে ধ্বংস করে আল্লাহর যমিনে আল্লাহর দ্বীনকে বিজয়ী আকারে প্রতিষ্ঠিত করা। এ প্রসঙ্গে আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

{هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ } [التوبة: ٣٣]

অর্থ: "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীন সহ প্রেরণ করেছেন, যাতে তিনি একে সকল দ্বীনের উপর বিজয়ী করেন, যদিও মুশরিকরা তা অপছন্দ করে।"[৩৩৬]

অপর আয়াতে ইরশাদ হচ্ছে:

{هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَكَفَى بِاللَّهِ شَهِيدًا} [الفتح: ٢٨]

অর্থ: "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, যাতে তিনি এটাকে সকল দ্বীনের উপর বিজয়ী করতে পারেন। আর সাক্ষী হিসেবে আল্লাহই যথেষ্ট।"[৩৩৭]

[৩৩৬] **সুরা তাওবা ৯:৩৩, সুরা সাফ ৬১:৯।**
[৩৩৭] **সুরা ফাতাহ ৪৮:২৮।**

এ কারণেই যখন সুলাইমান (আ:) হুদ হুদ পাখীর মাধ্যমে জানতে পারলেন যে, সাবা নামক একটি এলাকার লোকেরা শির্কে লিপ্ত আছে। কোরআনে হুদ হুদের বর্ণানা এভাবে করা হয়েছে:

{وَجَدْتُهَا وَقَوْمَهَا يَسْجُدُونَ لِلشَّمْسِ مِنْ دُونِ اللَّهِ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطَانُ أَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيلِ فَهُمْ لَا يَهْتَدُونَ (٢٤) أَلَّا يَسْجُدُوا لِلَّهِ الَّذِي يُخْرِجُ الْخَبْءَ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَيَعْلَمُ مَا تُخْفُونَ وَمَا تُعْلِنُونَ (٢٥) اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ} [النمل: ٢٤ - ٢٦]

অর্থ: 'আমি তাকে ও তার কওমকে দেখতে পেলাম তারা আল্লাহর পরিবর্তে সূর্যকে সিজদা করছে। আর শয়তান তাদের কার্যাবলীকে তাদের জন্য সৌন্দর্যমণ্ডিত করে দিয়েছে এবং তাদেরকে সৎপথ থেকে নিবৃত করেছে, ফলে তারা হিদায়াত পাচ্ছে না'। (শয়তান এই সৌন্দর্যমন্ডিত করেছে) যাতে তারা ঐ আল্লাহকে সিজদা না করে, যিনি আসমান ও যমীনের লুকায়িত বস্তুকে বের করেন। আর তোমরা যা গোপন কর এবং তোমরা যা প্রকাশ কর তিনি সবই জানেন। আল্লাহ ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই। তিনি মহা আরশের রব।"[৩৩৮]

হুদ হুদের বক্তব্য শুনার পর সুলাইমান (আ:) পত্রের মাধ্যমে তাদেরকে ইসলামের দাওয়াত দিলেন এবং এক আল্লাহর হুকুমের কাছে আত্মসমর্পণ করতে আহ্বান জানালেন। অন্যথায় যুদ্ধ করার জন্য তৈরী হতে বললেন। পুরো বিষয়টি আমরা কুরআন থেকে দেখি:

{إِنَّهُ مِنْ سُلَيْمَانَ وَإِنَّهُ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ (٣٠) أَلَّا تَعْلُوا عَلَيَّ وَأْتُونِي مُسْلِمِينَ } [النمل: ٣٠، ٣١]

অর্থ: "নিশ্চয় এটা সুলাইমানের পক্ষ থেকে। আর নিশ্চয় এটা পরম করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে। যাতে তোমরা আমার প্রতি উদ্ধত না হও এবং অনুগত হয়ে আমার কাছে আস।"[৩৩৯]

[৩৩৮] **সুরা নামল ২৭:২৪-২৬।**
[৩৩৯] **সুরা নামল ২৭:৩০,৩১।**

এখানে সাবার রাণী সুলাইমান (আ:) কে কোন প্রকার হুমকি বা ভীতি প্রদর্শন করেন নি। হামলাও করেন নি। এমনকি সাবা এলাকার রাণী সম্পর্কে সুলাইমানের (আঃ) কোন ধারণাও ছিল না। তারপরেও সুলাইমান (আ:) তাকে উপরোক্ত পত্র লিখলেন শুধুমাত্র আল্লাহর যমিনকে শির্ক মুক্ত করে একমাত্র আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করার জন্য।

২) كَسْرُ شَوْكَةِ الْكُفَّارِ "কাসরু শাওকাতিল কুফ্ফার" অর্থাৎ কাফেরদের শক্তিকে চুর্ণ করে দেওয়া।

এটি জিহাদের একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য। কারণ মানুষের স্বভাব হল পৃথিবীতে যারা শক্তিশালী, মানুষ তাদের অনুসরণ করে। তাদের শিক্ষা, সংস্কৃতি, চাল-চলন, রীতি-নীতি অনুসরণ করে। যেমন বর্তমানে মুসলিম যুবকেরা ইংরেজদের ভাষা, চাল-চলন, রীতি-নীতি, লেবাস-পোষাক, তারিখ-মাস সবকিছুতে অনুসরণ করে। মুসলিম দেশগুলো ইংরেজদেরকে অভিভাবক ও মুরব্বী জ্ঞান করে। অথচ কুরআনে বলা হয়েছে।

{وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ} [المائدة: ٥١]

অর্থ: "আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে নিশ্চয় তাদেরই একজন।"[৩৪০]

কাফের শক্তি বিজয়ী থাকলে তারা মুসলিমদেরকে জোরপূর্বক তাদের ধর্মে নিয়ে যাবে। কুরআনে আল্লাহ (সুব:) বলেছেন;

{وَلَا يَزَالُونَ يُقَاتِلُونَكُمْ حَتَّى يَرُدُّوكُمْ عَنْ دِينِكُمْ إِنِ اسْتَطَاعُوا} [البقرة: ٢١٧]

অর্থ: "আর তারা তোমাদের সাথে যুদ্ধ করতে থাকবে, যতক্ষণ না তোমাদেরকে তোমাদের দ্বীন থেকে ফিরিয়ে দেয়, তারা যদি পারে।"[৩৪১]

তাদেরকে যতই খোশামোদ-তোশামোদ করা হোক না কেন তাদেরকে কোনভাবেই সন্তুষ্ট করা যাবে না। এ প্রসঙ্গে আল্লাহ (সুব:) বলেন;

{وَلَنْ تَرْضَى عَنْكَ الْيَهُودُ وَلَا النَّصَارَى حَتَّى تَتَّبِعَ مِلَّتَهُمْ} [البقرة: ١٢٠]

অর্থ: "আর ইয়াহূদী ও নাসারারা কখনো তোমার প্রতি সন্তুষ্ট হবে না, যতক্ষণ না তুমি তাদের মিল্লাতের (ধর্মের) অনুসরণ কর।"[৩৪২]

---

[৩৪০] সুরা মায়িদা ৫:৫১।
[৩৪১] সুরা বাক্বারা ২:২১৭।

এর বাস্তব উদাহরণ বর্তমান মুসলিম শাসকগণ। তারা ইহুদী-খৃষ্টানদের কে যতই খুশী করার চেষ্টা করুক না কেন কোন কাজ হচ্ছে না। বরং যতদিন তাদের প্রয়োজন থাকে ততদিন ব্যবহার করে। তারপর কলার ছোলার মত ছুড়ে ফেলে দেয়। একাজগুলো তারা করে যাচ্ছে তাদের শক্তির বলে। এটাই কাফেরদের চরিত্র। একারণেই কাফেরদের শক্তি চুর্ণ করে দিয়ে আল্লাহর (সুব:) মর্যাদা, আল্লাহর রাসুলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মর্যাদা ও মুমিনদের মর্যাদা প্রতিষ্ঠা করা জিহাদের অন্যতম উদ্দেশ্য। এ প্রসঙ্গে আল্লাহ (সুব:) বলেন:

{قَاتِلُوهُمْ يُعَذِّبْهُمُ اللَّهُ بِأَيْدِيكُمْ وَيُخْزِهِمْ وَيَنْصُرْكُمْ عَلَيْهِمْ وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُؤْمِنِينَ} [التوبة: ١٤]

অর্থ: "তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ কর, আল্লাহ তোমাদের হাতে তাদেরকে আযাব দেবেন এবং তাদেরকে অপদস্থ করবেন, আর তোমাদেরকে তাদের বিরুদ্ধে সাহায্য করবেন এবং মুমিন কওমের অন্ত রসমূহকে চিন্তামুক্ত করবেন।"[৩৪৩]

৩) نُصْرَةُ الْمُسْتَضْعَفِيْنَ وَرَدُّ الْعُدْوَانِ "নুসরাতুল মুসতাদ'আফীন ওয়া রাদ্দুল 'উদওয়ান" অর্থাৎ অসহায় অত্যাচারিত মানুষদের সাহায্য করা এবং যালিমকে প্রতিহত করা। এটি জিহাদের একটি অন্যতম উদ্দেশ্য।

আল্লাহ (সুব:) পৃথিবীতে মানুষকে বিভিন্ন স্তরে সৃষ্টি করেছেন। কেউ ধনী, কেউ গরীব, কেউ শক্তিশালী, কেউ দুর্বল। পৃথিবীর নেযাম চলার জন্য এটি খুবই প্রয়োজন ছিল। যাতে একে অপরকে কাজে লাগাতে পারে। যদি সকলেই সমান হত তাহলে রাস্তার ঝাড়ুদার, সুইপার, মেথর, কুলি-মজুর কোথায় পাওয়া যেত? সেজন্য আল্লাহ (সুব:) মানুষের মধ্যে বিভিন্ন স্তর তৈরী করে দিয়েছেন। যেমন আল্লাহ (সুব:) ইরশাদ করেছেন:

---

[৩৪২] সুরা বাক্বারা ২:১২০।
[৩৪৩] সুরা তাওবা ৯:১৪।

{نَحْنُ قَسَمْنَا بَيْنَهُمْ مَعِيشَتَهُمْ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَرَفَعْنَا بَعْضَهُمْ فَوْقَ بَعْضٍ دَرَجَاتٍ لِيَتَّخِذَ بَعْضُهُمْ بَعْضًا سُخْرِيًّا وَرَحْمَتُ رَبِّكَ خَيْرٌ مِمَّا يَجْمَعُونَ}

অর্থ: "আমিই দুনিয়ার জীবনে তাদের মধ্যে তাদের জীবিকা বণ্টন করে দেই এবং তাদের একজনকে অপর জনের উপর মর্যাদায় উন্নীত করি যাতে একে অপরকে অধিনস্থ হিসেবে গ্রহণ করতে পারে। আর তারা যা সঞ্চয় করে তোমার রবের রহমত তা অপেক্ষা উৎকৃষ্ট।"[৩৪৪]

কিন্তু এই সুযোগে ধনীরা দরিদ্রদের উপরে, শক্তিশালীরা দুর্বলদের উপরে যুলুম, নির্যাতন, নিপিড়ন, অত্যাচার, অবিচার, শোষণ চালিয়ে যাচ্ছে।

ঐ মযলুম নির্যাতিত মানুষদেরকে মুক্ত করা জিহাদের আরেকটি মূখ্য উদ্দেশ্য। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا} [النساء: ٧٥]

অর্থ: "আর তোমাদের কী হল যে, তোমরা আল্লাহর রাস্তায় যুদ্ধ করছ না! অথচ দুর্বল পুরুষ, নারী ও শিশুরা (ফরিয়াদ করে) বলছে, 'হে আমাদের রব, আমাদেরকে বের করুন এ জনপদ থেকে, যার অধিবাসীরা যালিম এবং আমাদের জন্য আপনার পক্ষ থেকে একজন অভিভাবক নির্ধারণ করুন। আর নির্ধারণ করুন আপনার পক্ষ থেকে একজন সাহায্যকারী।"[৩৪৫]

অপর আয়াতে আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

{وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَفَسَدَتِ الْأَرْضُ وَلَكِنَّ اللَّهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ} [البقرة: ٢٥١]

অর্থ: "আর আল্লাহ যদি মানুষের কতককে কতকের দ্বারা প্রতিহত না করতেন, তবে অবশ্যই যমীন ফাসাদপূর্ণ হয়ে যেত। কিন্তু আল্লাহ বিশ্ববাসীর উপর অনুগ্রহশীল।"[৩৪৬]

---

[৩৪৪] সুরা আহযাব ৩৩:৩২।
[৩৪৫] সুরা নিসা ৪:৭৫।
[৩৪৬] সুরা বাক্বারা ২:২৫১।

এই আয়াত দ্বারা বুঝা গেল আল্লাহ (সুব:) যুদ্ধের মাধ্যমে যারা ফাসাদ সৃষ্টি করবে তাদেরকে ধ্বংস করে পৃথিবীকে ফাসাদমুক্ত করবেন। সুতরাং ফাসাদ দূর করার অন্যতম উপায় হলো জিহাদ, যা কোরআনের আয়াত দ্বারা স্পষ্ট।

৪) اَلدَّعْوَةُ اِلَـيْ الله "আদ-দা'ওয়াতু ইলাল্লাহ" অর্থাৎ জিহাদের মাধ্যমে মানুষদেরকে আল্লাহর দিকে আহ্বান করা।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন এলাকায় জিহাদের জন্য সেনাদল পাঠাতেন তখন প্রথমে ইসলাম গ্রহণ করার দাওয়াত পেশ করার নির্দেশ দিতেন। যদি ইসলাম গ্রহণ করে তাহলে তাদের বিরুদ্ধে যুদ্ধ করার নির্দেশ ছিল না। বরং তাদের জান-মালের নিরাপত্তা একজন সাধারণ মুসলিমের সমতুল্য বলেই বিবেচিত হত। এ প্রসঙ্গে কয়েকটি হাদীস তুলে ধরছি:

عن سهل بن سعد ...ثُمَّ ادْعُهُمْ إِلَى الْإِسْلَامِ وَأَخْبِرْهُمْ بِمَا يَجِبُ عَلَيْهِمْ مِنْ حَقِّ اللَّهِ فِيهِ فَوَاللَّهِ لَأَنْ يَهْدِيَ اللَّهُ بِكَ رَجُلًا وَاحِدًا خَيْرٌ لَكَ مِنْ أَنْ يَكُونَ لَكَ حُمْرُ النَّعَمِ

অর্থ: "সাহাল ইবনে সা'দ হতে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, ... অতপর তুমি তাদেরকে ইসলামের দিকে আহ্বান কর এবং তাদের প্রতি আল্লাহর যে হক্ব রয়েছে তা জানাও। আল্লাহর কসম! তোমার মাধ্যমে আল্লাহ (সুব:) কোন একজনকে হিদায়েত দিবেন তা তোমার জন্য লাল উষ্ট্রি (দুনিয়ার সর্বোত্তম সম্পদের) চেয়েও উত্তম।"[৩৪৭]

উপরোক্ত বাক্যটি 'ঐতিহাসিক খায়বার' যুদ্ধের কমান্ডার ঘোষনা করার হাদীসের একটি অংশ। এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলী (রা:) এর হাতে ইসলামের পতাকা দিয়ে তাকে উপরোক্ত অসিয়তটি করেন। বুঝা গেল ঐ যুদ্ধেও ইহুদীদেরকে হত্যা করা ও তাদের অর্থ সম্পদ দখল করা উদ্দেশ্য ছিল না। বরং ইসলামের দাওয়াত-ই মূখ্য উদ্দেশ্য ছিল।

---

[৩৪৭] সহীহ বুখারী ৪২১০।

অন্য হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ فَإِذَا فَعَلُوا ذَلِكَ عَصَمُوا مِنِّي دِمَاءَهُمْ وَأَمْوَالَهُمْ إِلَّا بِحَقِّ الْإِسْلَامِ وَحِسَابُهُمْ عَلَى اللَّهِ

অর্থ: "ইবন ওমর (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন "আমাকে আদেশ দেওয়া হয়েছে তাদের বিরুদ্ধে যুদ্ধ করার যতক্ষণ পর্যন্ত না তারা সাক্ষ্য দেয় যে, আল্লাহ ছাড়া ইবাদতের যোগ্য কোন ইলাহ নেই এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হলেন আল্লাহর রাসূল এবং সালাত প্রতিষ্ঠা করে ও যাকাত দেয়। অত:পর যদি তারা তা করে তবে তাদের রক্ত ও সম্পদ আমার থেকে নিরাপদ। তবে ইসলামের অন্য কোন বিধানের কারণে যদি তাদের রক্তপাতের আদেশ আসে তাহলে তা ভিন্ন। আর তাদের প্রকৃত হিসাবের দায়িত্ব আল্লাহ (সুব:) এর নিকট।"[৩৪৮]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– إِذَا أَمَّرَ أَمِيرًا عَلَى جَيْشٍ أَوْ سَرِيَّةٍ أَوْصَاهُ فِى خَاصَّتِهِ بِتَقْوَى اللَّهِ وَمَنْ مَعَهُ مِنَ الْمُسْلِمِينَ خَيْرًا ثُمَّ قَالَ « اغْزُوا بِاسْمِ اللَّهِ فِى سَبِيلِ اللَّهِ قَاتِلُوا مَنْ كَفَرَ بِاللَّهِ اغْزُوا وَ لاَ تَغُلُّوا وَلاَ تَغْدِرُوا وَلاَ تَمْثُلُوا وَلاَ تَقْتُلُوا وَلِيدًا وَإِذَا لَقِيتَ عَدُوَّكَ مِنَ الْمُشْرِكِينَ فَادْعُهُمْ إِلَى ثَلاَثِ خِصَالٍ – أَوْ خِلاَلٍ – فَأَيَّتُهُنَّ مَا أَجَابُوكَ فَاقْبَلْ مِنْهُمْ وَكُفَّ عَنْهُمْ ثُمَّ ادْعُهُمْ إِلَى الإِسْلاَمِ فَإِنْ أَجَابُوكَ فَاقْبَلْ مِنْهُمْ وَكُفَّ عَنْهُمْ......

অর্থ: "সুলাইমান ইবনে বুরাইদা (রা:) তার পিতা থেকে বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কাউকে কোন সেনাদলের আমীর নিযুক্ত করতেন, তখন তাকে বিশেষভাবে আল্লাহকে ভয় করে চলার

[৩৪৮] বুখারী হাঃ-২৫, ৩৮৫, ১৩৩৫, ২৭৮৬, ৬৫২৬, ৬৮৫৫, মুসলিম হাঃ ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮ তিরমিযী হাঃ৩৩৪১,নাসাঈ হাঃ২৪৪৩, ৩০৯০, ৩০৯১–৩০৯৫, আবু দাউদ হাঃ-১৫৫৮, ২৬৪২, ২৬৪৩, ২৬৪৪, ২৬০৬, ২৬০৭, ২৬০৮ ইবন মাযাহ হাঃ ৭১,৭২,৩৯২৭–৩৯২৯

অসিয়ত করতেন এবং তার অধিনস্ত সকল মুসলিমদের সাথে সদাচারণ করার নির্দেশ দিতেন।

অত:পর বলতেন, আল্লাহর নামে আল্লাহর রাস্তায় যুদ্ধ কর। যারা আল্লাহকে অস্বিকার করে তাদের বিরুদ্ধে যুদ্ধ কর, গনীমতের মালে খিয়ানত কর না, বিশ্বসঘাতকতা কর না, মুছলা কর না (কারো নাক, কান, চোখ ইত্যাদি কর্তন করা), শিশুদের হত্যা কর না, যখন তোমরা তোমাদের শত্রু অর্থাৎ মুশরিকদের মুখোমুখি হবে তখন তাদেরকে তিনটি জিনিসের দিকে আহ্বান জানাবে।

তারা যে কোন একটি গ্রহণ করলেই তুমি তা মেনে নিবে। প্রথমেই তাদেরকে ইসলামের দাওয়াত দাও। যদি তারা তাতে সাড়া দেয়, তাহলে তাদেরকে ছেড়ে দাও ...।[৩৪৯]

একারণেই যখন যুদ্ধের ময়দানে কিছু লোক ইসলাম গ্রহণ করা স্বত্তেও উসামা বিন যায়েদ (রা:) তাদেরকে হত্যা করলেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে তিরস্কার করলেন।

হাদীসটি নিম্নে পেশ করা হল:

عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ قَالَ بَعَثَنَا رَسُولُ اللَّهِ –صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ– فِى سَرِيَّةٍ فَصَبَّحْنَا الْحُرَقَاتِ مِنْ جُهَيْنَةَ فَأَدْرَكْتُ رَجُلاً فَقَالَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ. فَطَعَنْتُهُ فَوَقَعَ فِى نَفْسِى مِنْ ذَلِكَ فَذَكَرْتُهُ لِلنَّبِىِّ – صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ – فَقَالَ رَسُولُ اللَّهِ – صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ – « أَقَالَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَقَتَلْتَهُ ». قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّمَا قَالَهَا خَوْفًا مِنَ السِّلاَحِ. قَالَ « أَفَلاَ شَقَقْتَ عَنْ قَلْبِهِ حَتَّى تَعْلَمَ أَقَالَهَا أَمْ لاَ ». فَمَازَالَ يُكَرِّرُهَا عَلَىَّ حَتَّى تَمَنَّيْتُ أَنِّى أَسْلَمْتُ يَوْمَئِذٍ

অর্থ: "উসামা ইবনে যায়েদ (রা:) হতে বর্ণিত, তিনি বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে একটি যুদ্ধে পাঠালেন। আমরা সকাল বেলা জুহাইনা গোত্রের একজন লোককে দেখতে পেলাম সে বলল, لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ "লা ইলাহা ইল্লাল্লাহ" আমি তারপরও তাকে হত্যা করলাম। এতে আমার মনের মধ্যে একপ্রকার সংশয় সৃষ্টি হল। বিষয়টি আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অবহিত করলাম। তিনি বললেন, সে لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ "লা ইলাহা ইল্লাল্লাহ" বলা সত্ত্বেও তুমি তাকে

[৩৪৯] সহীহ মুসলিম ৪৬১৯।

হত্যা করলে? আমি বললাম, সেতো অস্ত্রের ভয়ে জান বাঁচাবার জন্য একথা বলেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি তার অন্তরটি চিঁড়ে দেখ নি কেন? সে অন্তর দিয়ে বলেছে কিনা যাচাই করার জন্য। একথাটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বারবার বলতে লাগলেন। তখন আমার মনে হচ্ছিল যে, আমি যদি আজকেই ইসলাম গ্রহণ করতাম, (তাহলে আমার দ্বারা একজন মুসলিমকে হত্যা করার মত জঘন্য অপরাধ হত না)।[৩৫০]

এ জাতীয় আরো অনেক হাদীস রয়েছে যেগুলোর দ্বারা প্রমাণিত হয় যে, জিহাদের একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য হচ্ছে মানুষকে ইসলামের দিকে আহ্বান করা।

৫) জিহাদের মাধ্যমে প্রকৃত মুসলিম ও মুনাফিকের পরিচয় স্পষ্ট করা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

عَنْ أَبِى هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– « مَنْ مَاتَ وَلَمْ يَغْزُ وَلَمْ يُحَدِّثْ بِهِ نَفْسَهُ مَاتَ عَلَى شُعْبَةٍ مِنْ نِفَاقٍ »

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি এমন অবস্থায় মারা গেল যে, সে কখনো যুদ্ধ করে নি এবং মনে মনে যুদ্ধের আকাঙ্খাও পোষণ করে নি, সে মুনাফিকির একটি অংশ নিয়ে মারা গেল।"[৩৫১]

এই হাদীসে পরিষ্কারভাবে উল্লেখ করা হয়েছে যে, জিহাদ ত্যাগ করা মুনাফিকির একটি লক্ষণ।

সাহাবায়ে কিরামগণের ঈমানের সত্যতাও প্রমাণ হয়েছে জিহাদের মাধ্যমে। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَلَمَّا رَأَى الْمُؤْمِنُونَ الْأَحْزَابَ قَالُوا هَذَا مَا وَعَدَنَا اللَّهُ وَرَسُولُهُ وَصَدَقَ اللَّهُ وَرَسُولُهُ وَمَا زَادَهُمْ إِلَّا إِيمَانًا وَتَسْلِيمًا (٢٢) مِنَ الْمُؤْمِنِينَ رِجَالٌ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ فَمِنْهُمْ مَنْ قَضَى نَحْبَهُ وَمِنْهُمْ مَنْ يَنْتَظِرُ وَمَا بَدَّلُوا تَبْدِيلًا (٢٣) لِيَجْزِيَ

[৩৫০] সহীহ মুসলিম ২৮৭।

[৩৫১] সহীহ মুসলিম ৫০৪০।

اللَّهُ الصَّادِقِينَ بِصِدْقِهِمْ وَيُعَذِّبَ الْمُنَافِقِينَ إِنْ شَاءَ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ إِنَّ اللَّهَ كَانَ غَفُورًا رَحِيمًا } [الأحزاب : ٢٢ ، ٢٤]

অর্থ: "আর মুমিনগণ যখন সম্মিলিত বাহিনীকে দেখল তখন তারা বলল, 'আল্লাহ ও তাঁর রাসূল আমাদের যে ওয়াদা দিয়েছেন এটি তো তাই। আর আল্লাহ ও তাঁর রাসূল সত্যই বলেছেন'। এতে তাদের ঈমান ও আত্মসমর্পণই বৃদ্ধি পেল। মুমিনদের মধ্যে কিছু লোক রয়েছে যারা আল্লাহর সাথে তাদের কৃত প্রতিশ্রুতি সত্যে বাস্তবায়ন করেছে। তাদের কেউ কেউ (যুদ্ধে শাহাদাত বরণ করে) তার দায়িত্ব পূর্ণ করেছে, আবার কেউ কেউ (শাহাদাত বরণের) প্রতীক্ষায় রয়েছে। তারা (প্রতিশ্রুতিতে) কোন পরিবর্তনই করেনি। যাতে আল্লাহ (সুব:) সত্যবাদীদেরকে তাদের সত্যবাদিতার জন্য পুরস্কৃত করতে পারেন এবং তিনি চাইলে মুনাফিকদের আযাব দিতে পারেন অথবা তাদের ক্ষমা করে দিতে পারেন। নিশ্চয় আল্লাহ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।"[৩৫২]

এ আয়াতে যারা জিহাদের মাধ্যমে বিরত্বের সাথে যুদ্ধ করে শাহাদাত বরণ করেছেন। অথবা তার অপেক্ষায় রয়েছেন। তাদেরকে সত্যবাদী বলে আখ্যায়িত করা হয়েছে। আর যারা এর বিপরীত চরিত্রের অধিকারী তাদেরকে মুনাফিক বলে আখ্যায়িত করা হয়েছে। সুতরাং জিহাদের মাধ্যমে সত্যিকার মুমিন আর মূনাফিক পৃথক হয়ে যায়।

৬) اقْلَاعُ الْفِتْنَةِ "ইক্বলা'উল ফিতনা" অর্থাৎ ফিতনার মূলোৎপাটন করা

জিহাদের আরেকটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য হচ্ছে, ফিতনা-ফাসাদের মূলোৎপাটন করা। পূর্বেই বলা হয়েছে, জিহাদের উদ্দেশ্য হচ্ছে মানুষকে আল্লাহর দিকে আহ্বান করা। যারা এই আহ্বানে সাড়া দিবে তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে নিষেধ করা হয়েছে। এটার উদাহরণ হচ্ছে, যখন কেউ ক্যান্সারে আক্রান্ত হয় তখন তাকে ঔষধ-পত্র, মলম, মালিশ, এন্টিবায়াটিক ইত্যাদি দিয়ে ভাল করার চেষ্টা করা হয়। কিন্তু তাতেও যদি কাজ না হয় তখন শরীরের অন্যান্য অঙ্গ রক্ষা করতে হলে ঐ আক্রান্ত অঙ্গটি কেটে ফেলতে হয়। তা না হলে আস্তে আস্তে অন্যান্য অঙ্গগুলোও ক্যান্সারে আক্রান্ত হয়ে যাবে। এইক্ষেত্রে ডাক্তার রোগীকে নির্দেশ দেয় তোমার এই

[৩৫২] সুরা আহযাব ৩৩:২২,২৩,২৪।

অঙ্গটিতে ক্যান্সার ধরা পড়েছে ওটা কেটে ফেলতে হবে। নতুবা ঐ ক্যান্সার অন্যান্য অঙ্গে ছড়িয়ে পড়বে। আর তাতে তোমার গোটা দেহ নষ্ট হয়ে যাবে। আর সেজন্য প্রয়োজন হবে এত লক্ষ টাকা।

রোগী তখন নিজের জায়গা-জমি, গরু-ছাগল বিক্রি করে টাকার ব্যাবস্থা করে সকলের কাছে দোয়া চায়। যেন ডাক্তার ঠিকমত অপারেশন করতে পারে। তারপর ডাক্তারকে টাকা দেয়। ডাক্তার রোগীকে অপারেশন থিয়েটারে নিয়ে যায়। কেন? একটি অঙ্গ কেটে ফেলার জন্য। এক্ষেত্রে আজ পর্যন্ত পৃথিবীর কোন জ্ঞানবান মানুষ এই অভিযোগ তুলেনি যে, ডাক্তার কেন তার অপারেশন রুমে একটা লোকের অঙ্গ কেটে ফেলছে? বরং সকলেই ডাক্তারের জন্য দোয়া করে, তাকে টাকা-পয়সা দেয় যেন ঠিকমত কাটতে পারে। কারণ সকলেই জানে এই অপারেশন করা হচেছ রোগীর অন্যান্য অঙ্গগুলোকে রক্ষা করার জন্য।
ঠিক তেমনিভাবে আল্লাহর কাছে গোটা পৃথিবীটা হল একটি রুম সমতুল্য। আর গোটা পৃথিবীর মানুষ হল একটি দেহ সমতুল্য। এখানেও কোন একটি অঙ্গ (মানুষ) রোগাক্রান্ত হতে পারে। আর সেজন্য তাকে আল্লাহর দিকে আহ্বান করার, আল্লাহর হুকুম মেনে নেওয়ার নির্দেশ দিয়ে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু পৃথিবীতে কিছু মানুষ আছে যাদেরকে কোন দাওয়াত, কোন চিকিৎসা কাজে আসে না। তারা ক্যান্সার সমতুল্য হয়ে গেছে। তাদের কাজই হচ্ছে পৃথিবীতে ফিতনা-ফাসাদ, দাঙ্গা-হাঙ্গামা ও শির্‌ক-বিদআত ছড়ানো। কুরআন হাদীসের কোন উপদেশ তাদের কোন উপকারে আসে না। ওরা ক্যান্সার। এজাতীয় লোকদেরকে জিহাদের মাধ্যমে অপারেশন করে গোটা পৃথিবীর মানব দেহ থেকে অপসারণ করা জরুরী। নতুবা তারা গোটা পৃথিবীর মানুষকেই ফিতনা-ফাসাদে জর্জরিত করে ফেলবে। আর ফিতনা-ফাসাদের চেয়ে হত্যা করা অনেক ভাল।

পবিত্র কুরআনে আল্লাহ (সুবঃ) ইরশাদ করছেন:

{وَالْفِتْنَةُ أَشَدُّ مِنَ الْقَتْلِ} [البقرة: ١٩١]

অর্থ: "আর ফিতনা হত্যার চেয়ে কঠিনতর।"[৩৫৩]

[৩৫৩] সুরা বাক্বারা ২:১৯১।

{ وَالْفِتْنَةُ أَكْبَرُ مِنَ الْقَتْلِ } [البقرة: ٢١٧]

অর্থ: "আর ফিতনা হত্যার চেয়েও বড়'।"[৩৫৪]

আর এই ফিতনাকে চিরতরে নির্মূল করার যে অপারেশন করতে হবে তার নামই হচ্ছে জিহাদ। পবিত্র কুরআনে আল্লাহ (সুবঃ) ইরশাদ করেন:

{وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ} [الأنفال: ٣٩]

অর্থ: "আর তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং আল্লাহ প্রদত্ব দ্বীন (জিবন ব্যবস্থা) প্রতিষ্ঠিত হয়ে যায়।"[৩৫৫]
অপর আয়াতে ইরশাদ হয়েছে:

{وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ} [البقرة: ١٩٣]

অর্থ: "আর তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যে পর্যন্ত না ফিতনা খতম হয়ে যায় এবং দ্বীন আল্লাহর জন্য হয়ে যায়। সুতরাং তারা যদি বিরত হয়, তাহলে যালিমরা ছাড়া (কারো উপর) কোন কঠোরতা নেই।"[৩৫৬]
عَنْ أَبِى سَعِيدٍ الْخُدْرِىِّ أَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– قَالَ « يَا أَبَا سَعِيدٍ مَنْ رَضِىَ بِاللَّهِ رَبًّا وَبِالإِسْلاَمِ دِينًا وَبِمُحَمَّدٍ نَبِيًّا وَجَبَتْ لَهُ الْجَنَّةُ ». فَعَجِبَ لَهَا أَبُو سَعِيدٍ فَقَالَ أَعِدْهَا عَلَىَّ يَا رَسُولَ اللَّهِ فَفَعَلَ ثُمَّ قَالَ « وَأُخْرَى يُرْفَعُ بِهَا الْعَبْدُ مِائَةَ دَرَجَةٍ فِى الْجَنَّةِ مَا بَيْنَ كُلِّ دَرَجَتَيْنِ كَمَا بَيْنَ السَّمَاءِ وَالأَرْضِ ». قَالَ وَمَا هِىَ يَا رَسُولَ اللَّهِ قَالَ « الْجِهَادُ فِى سَبِيلِ اللَّهِ الْجِهَادُ فِى سَبِيلِ اللَّهِ ».

অর্থ: "আবু সাঈদ খুদরী (রা:) বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, হে আবু সাঈদ! যে আল্লাহকে রব, ইসলামকে দ্বীন এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে নবী হিসেবে সন্তুষ্ট চিত্তে মেনে নিয়েছে। তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে গিয়েছে কথাটি শুনে আবু সাঈদ (রাঃ) অবাক হয়ে বললেন, হে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কথাটি আমাকে আবার বলুন।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কথাটি পুনরায় বললেন এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এছাড়াও আরেকটি কাজ রয়েছে যা জান্নাতে বান্দার মর্যাদাকে একশো গুন বৃদ্ধি করে দেয়। যার প্রত্যেক দুই স্তরের মাঝের ব্যবধান হলো আকাশ ও যমীনের দূরত্বের সমান। আবু সাঈদ বললেন, সে কাজটি কী? তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বল্লেন, আল্লাহর পথে জিহাদ করা, আল্লাহর পথে জিহাদ করা।"[৫১৮]

সামান্যতম সময় যুদ্ধ করার অকল্পনীয় পুরস্কার

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ : « مَنْ قَاتَلَ فِى سَبِيلِ اللَّهِ فُوَاقَ نَاقَةٍ فَقَدْ وَجَبَتْ لَهُ الْجَنَّةُ وَمَنْ سَأَلَ اللَّهَ الْقَتْلَ مِنْ نَفْسِهِ صَادِقًا ثُمَّ مَاتَ أَوْ قُتِلَ فَإِنَّ لَهُ أَجْرَ شَهِيدٍ ». زَادَ ابْنُ الْمُصَفَّى مِنْ هُنَا : « وَمَنْ جُرِحَ جُرْحًا فِى سَبِيلِ اللَّهِ أَوْ نُكِبَ نَكْبَةً فَإِنَّهَا تَجِىءُ يَوْمَ الْقِيَامَةِ كَأَغْزَرِ مَا كَانَتْ لَوْنُهَا لَوْنُ الزَّعْفَرَانِ وَرِيحُهَا رِيحُ الْمِسْكِ

[৫১৮] সহীহ মুসলিম ৪৯৮৭; সুনানে নাসায়ী ৩১৩১।

অর্থ: "মুআ'য বিন জাবাল (রা:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন, যে ব্যক্তি উটনী দোহনের মতো সামান্য সময়ও আল্লাহর রাস্তায় যুদ্ধ করে, তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যায়। যে ব্যক্তি আল্লাহর কাছে আন্তরিকভাবে শাহাদাতের মৃত্যুর জন্য আবেদন করে অত:পর সে মারা যায় অথবা নিহত হয় তাকে অবশ্যই শহীদের মর্যাদা দেওয়া হয়। আর যে ব্যক্তি সামান্য যখম হয় অথবা চামড়া ছিলে যায় নিশ্চয়ই উহা কিয়ামতের দিবসে আরো বেশী যখম হয়ে উঠবে। রং হবে জাফরানের রং ঘ্রাণ হবে মেশক আম্বারের।"[৫১৯]

জিহাদের কাতারে অবস্থান করার ফজীলত

পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُمْ بُنْيَانٌ مَرْصُوصٌ}

অর্থ: নিশ্চয় আল্লাহ তাদেরকে ভালবাসেন, যারা তাঁর পথে সারিবদ্ধ হয়ে যুদ্ধ করে যেন তারা সীসা ঢালা প্রাচীর।"[৫২০]

কাফের এবং তাঁর হত্যাকারী মুসলিম জাহান্নামে একত্রিত হবে না

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ أَبِى هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– قَالَ « لاَ يَجْتَمِعُ كَافِرٌ وَقَاتِلُهُ فِى النَّارِ أَبَدًا »

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন কাফির এবং তার হত্যাকারী মুমিন কখনো জাহান্নামে একত্রিত হবে না।"[৫২১]

সর্বোত্তম আমল জিহাদ

ঈমানের পর সর্বোত্তম আমল হলো জিহাদ। হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُئِلَ أَيُّ الْعَمَلِ أَفْضَلُ فَقَالَ إِيمَانٌ بِاللَّهِ وَرَسُولِهِ قِيلَ ثُمَّ مَاذَا قَالَ الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ

519 সুনানে আবু দাউদ ২৫৪৩; সুনানে নাসায়ী ৩১৪১।

৫২০ সূরা সাফ ৬১:৪।

৫২১ সহীহ মুসলিম ৫০০৩।

অর্থ: "আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করা হলো, কোন কাজটি সবচেয়ে উত্তম? তিনি বললেনঃ আল্লাহর উপর ঈমান আনা। পুনরায় প্রশ্ন করা হলো এর পরে কোন আমল? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহর পথে জিহাদ করা।[৫২২] আরেকটি হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِي هُرَيْرَةَ ، رَضِيَ الله عَنْهُ ، قَالَ : قَالَ رَسُولُ الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : أَفْضَلُ الأَعْمَال عِنْدَ الله إِيمَانٌ لاَ شَكَّ فِيهِ ، وَغَزْوٌ لاَ غُلُولَ فِيهِ ، وَحَجٌّ مَبْرُورٌ

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর নিকট সর্বোত্তম আমল হলো সংশয় মুক্ত ঈমান, খেয়ানত মুক্ত যুদ্ধ এবং কবুল হাজ্ব।[৫২৩]

জিহাদ বায়তুল্লাহ নির্মাণের চেয়েও উত্তম আমল

হাদীসে বর্ণিত হয়েছে:

عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ كُنْتُ عِنْدَ مِنْبَرِ رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم– فَقَالَ رَجُلٌ مَا أُبَالِى أَنْ لاَ أَعْمَلَ عَمَلاً بَعْدَ الإِسْلاَمِ إِلاَّ أَنْ أُسْقِىَ الْحَاجَّ. وَقَالَ آخَرُ مَا أُبَالِى أَنْ لاَ أَعْمَلَ عَمَلاً بَعْدَ الإِسْلاَمِ إِلاَّ أَنْ أَعْمُرَ الْمَسْجِدَ الْحَرَامَ. وَقَالَ آخَرُ الْجِهَادُ فِى سَبِيلِ اللَّهِ أَفْضَلُ مِمَّا قُلْتُمْ. فَزَجَرَهُمْ عُمَرُ وَقَالَ لاَ تَرْفَعُوا أَصْوَاتَكُمْ عِنْدَ مِنْبَرِ رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم– وَهُوَ يَوْمُ الْجُمُعَةِ وَلَكِنْ إِذَا صَلَّيْتُ الْجُمُعَةَ دَخَلْتُ فَاسْتَفْتَيْتُهُ فِيمَا اخْتَلَفْتُمْ فِيهِ. فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ (أَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَاجِّ وَعِمَارَةَ الْمَسْجِدِ الْحَرَامِ كَمَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ) الآيَةَ إِلَى آخِرِهَا.

অর্থ: "নুমান ইবনে বাশীর (রা:) হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মিম্বারের পাশে ছিলাম। এমন সময় এক ব্যক্তি বলল ইসলাম গ্রহণের পর হাজীদের পানি করানো ব্যতিত অন্য কোন আমল না করলেও আমার কোন পরওয়া নেই। আরেক ব্যক্তি বললো, ইসলাম গ্রহণের পর মসজিদে হারাম নির্মাণ করা ব্যতিত

৫২২ সহীহ বুখারী ২৬।

৫২৩ মুসনাদে আহমদ ৭৫১১; সহীহ ইবনে হিব্বান ৪৫৯৭।

অন্য কোন আমল না করলেও আমার কোন আপত্তি নেই। আরেক ব্যাক্তি বললো, তোমরা যে কথা বললে তার চাইতে ফজীলতপূর্ণ হলো আল্লাহর পথে জিহাদ করা।

ওমর (রা:) সকলকে ধমক দিলেন এবং বললেন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মিম্বারের কাছে এসে তোমরা আওয়াজ করো না। এ দিনটি ছিল জুমুআর দিন। ওমর (রা:) বললেন, তোমরা যে বিষয়ে মতবিরোধ করছিলে আমি সে বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জুমুআর সালাতের পরে তাঁর কাছে গিয়ে জিজ্ঞাসা করবো। এমতাবস্থায় আল্লাহ (সুব:) এই আয়াত নাযিল করেন: তোমরা কি হাজিদের পানি পান করানো আর মসজিদে হারাম নির্মাণ করাকে ঐ ব্যাক্তির সমতুল্য মনে করছো যে আল্লাহ এবং কিয়ামতের প্রতি বিশ্বাস স্থাপন করে এবং আল্লাহর পথে জিহাদ করে? আল্লাহর নিকট এরা মোটেই সমমানের নয়। নিশ্চয় আল্লাহ জালিমদের পছন্দ করেন না।"[৫২৪] এ আয়াতে জিহাদকে মসজিদুল হারাম নির্মান করা এবং হাজীদেরকে পানি পান করানোর চেয়েও বহুগুনে বেশী মর্যাদার অধিকারী হিসেবে আখ্যায়িত করা হয়েছে।

পিতা মাতার খিদমাতের পর সর্বোত্তম আমল

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

قَالَ عَبْدُ اللَّه بْنُ مَسْعُود رَضِيَ اللَّهُ عَنْهُ سَأَلْتُ رَسُولَ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْه وَسَـــلَّمَ قُلْتُ يَا رَسُولَ اللَّه أَيُّ الْعَمَلِ أَفْضَلُ قَالَ الصَّلَاةُ عَلَى مِيقَاتِهَا قُلْتُ ثُمَّ أَيٌّ قَالَ ثُـــمَّ بِرُّ الْوَالِدَيْنِ قُلْتُ ثُمَّ أَيٌّ قَالَ الْجِهَادُ فِي سَبِيلِ اللَّه

অর্থ: "আবদুল্লাহ ইবনে মাস'উদ (রা:) বর্ণনা করেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করলাম, আল্লাহর কাছে কোন আমলটি বেশি প্রিয়? তিনি বললেন, সঠিক সময় সালাত আদায় করা। আমি বললাম তারপর কি? তিনি বললেন, পিতা মাতার সাথে সদ্ব্যবহার

[৫২৪] সহীহ মুসলিম ৪৯৭৯।

করা। আমি বললাম এরপর কোনটি, তিনি বললেন আল্লাহর রাস্তায় জিহাদ করা।"[৫২৫]

জিহাদ সালাতের পর সর্বোত্তম আমল

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنِ ابْنِ عُمَرَ اَنَّهُ كَانَ يَقُوْلُ إِنَّ أَفْضَلَ الْعَمَلِ بَعْدَ الصَّلَاة الْجِهَادُ فِي سَبِيلِ اللَّه

অর্থ: "ইবনে ওমর (রা:) থেকে বর্ণিত, তিনি বলতেন: নিশ্চয় সালাতের পর সর্বোত্তম আমল হচ্ছে আল্লাহর রাস্তায় জিহাদ করা।"[৫২৬]

সর্বোত্তম জিহাদ

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ...   وَنَادَاهُ رَجُلٌ فَقَالَ : يَـــا رَسُـــولَ اللَّـــهِ أَىُّ الشُّهَدَاءِ أَفْضَلُ؟ قَالَ :« أَنْ يُعْقَرَ جَوَادُكَ وَيُهْرَاقَ دَمُكَ

অর্থ: আবদুল্লাহ ইবনে আমর ইবনে আস থেকে বর্ণিত তিনি বলেন, ...এক ব্যাক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করলো, হে আল্লাহর রাসূল! সর্বোত্তম শহীদ কে? তিনি বললেন তোমার ঘোড়ার পা কেটে দেওয়া হয় এবং তোমার দেহ থেকে রক্ত প্রবাহিত হলে সেটাই সর্বোত্তম শহীদ।"[৫২৭]

অপর হাদীসে স্বৈরাচারী শাসকের সামনে সত্য কথা বলাকেও সর্বোত্তম জিহাদ বলা হয়েছে। ইরশাদ হচ্ছে:

عَنْ أَبِى سَعِيدٍ الْخُدْرِىِّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَفْضَلُ الْجِهَـــادِ كَلِمَةُ عَدْلٍ عِنْدَ سُلْطَانٍ جَائِرٍ أَوْ أَمِيرٍ جَائِرٍ

অর্থ: "আবু সাইদ খুদরী (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, স্বৈরশাসক বা জালিম আমীরের সামনে সত্য কথা বলা সর্বোত্তম জিহাদ।"[৫২৮]

[৫২৫] সহীহ বুখারী ২৭৮২।
[৫২৬] মুসনাদে আহমদ ৪৮৭৩।
[৫২৭] সুনানে বায়হাকী ২১৬৬৯।
[৫২৮] সুনানে আবু দাউদ ৪৩৪৬; সুনানে ইবনে মাজাহ ৪০১১।

নবম অধ্যায়

সমরাস্ত্র প্রশিক্ষণ, পরিচালনার ও জিহাদের রাস্তায় অর্থ এবং সময় ব্যায়ের ফজীলত

পবিত্র কুরআনে আল্লাহ (সুব:) ইরশাদ করেছেন:

{وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لَا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فِي سَبِيلِ اللَّهِ يُوَفَّ إِلَيْكُمْ وَأَنْتُمْ لَا تُظْلَمُونَ} [الأنفال: ٦٠]

অর্থ: "আর তাদের মুকাবিলার জন্য তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি ও অশ্ব বাহিনী প্রস্তুত কর, তা দ্বারা তোমরা ভয় দেখাবে আল্লাহর শত্রু ও তোমাদের শত্রুদেরকে এবং এরা ছাড়া অন্যদেরকেও, যাদেরকে তোমরা জান না, আল্লাহ তাদেরকে জানেন। আর তোমরা যা আল্লাহর রাস্তায় খরচ কর, তা তোমাদেরকে পরিপূর্ণ দেয়া হবে, আর তোমাদেরকে যুলম করা হবে না।"[৫২৯]

মুফাচ্ছিরীনে কিরামগণ এ আয়াতের তাফসীরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এই হাদীসটি উল্লেখ করেন:

عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ -صلى الله عليه وسلم- وَهُوَ عَلَى الْمِنْبَرِ يَقُولُ « وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ أَلاَ إِنَّ الْقُوَّةَ الرَّمْىُ أَلاَ إِنَّ الْقُوَّةَ الرَّمْىُ أَلاَ إِنَّ الْقُوَّةَ الرَّمْىُ »

অর্থ: "উকবা ইবনে আমের (রা:) থেকে বর্ণিত তিনি বলেন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মিম্বারে খুতবা দানরত অবস্থায় বলতে শুনেছি, তিনি প্রথমে এই আয়াত পাঠ করলেন, 'তাদের মুকাবিলার জন্য তোমরা তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি অর্জই কর' এরপর বললেন, জেনে রাখ শক্তি হলো নিক্ষেপ করা। এভাবে তিনবার বললেন।"[৫৩০]

---

[৫২৯] সুরা আনফাল ৮:৬০।
[৫৩০] সহীহ মুসলিম ৫০৫৫; সুনানে আবু দাউদ ২৫১৬।

জিহাদের প্রশিক্ষণ গ্রহণ করা ছাড়া শুধু জিহাদের আকাঙ্খা প্রকাশ করা আল্লাহর সাথে একটি উপহাস করার শামিল। কেননা আল্লাহ (সুব:) বলছেন:

{وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً} [التوبة: ٤٦]

অর্থ: "আর যদি তারা সত্যিই (জিহাদে) বের হওয়ার ইচ্ছা করত, তবে তারা তার জন্য সরঞ্জাম প্রস্তুত করত....।"[৫৩১]

এই আয়াতে জিহাদের প্রস্তুতি গ্রহণ করা ছাড়া শুধু জিহাদ জিহাদ করার প্রতি তিরস্কার করা হয়েছে। জিহাদের প্রস্তুতি এবং জিহাদে সরঞ্জামাদীর ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিস্তারিত বর্ণনা করেছেন। নিম্নে তার কিছু নমুনা পেশ করা হল।

জান্নাত তরবারির ছায়াতলে

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ وَاعْلَمُوا أَنَّ الْجَنَّةَ تَحْتَ ظِلَالِ السُّيُوفِ

অর্থ: "আবদুল্লাহ ইবনে আবী আওফা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জেনে রেখ, নিশ্চয় জান্নাত তরবারির ছায়ার নীচে।"[৫৩২]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِى بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ قَيْسٍ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ أَبِى وَهُوَ بِحَضْرَةِ الْعَدُوِّ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- « إِنَّ أَبْوَابَ الْجَنَّةِ تَحْتَ ظِلاَلِ السُّيُوفِ »

অর্থ: "আবু বকর ইবনে আব্দুল্লাহ ইবনে ক্বাইস তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন আমার পিতাকে আমি যুদ্ধের ময়দানে শত্রুদের বিরুদ্ধে দাঁড়ানো অবস্থায় বলতে শুনেছি যে, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জান্নাতের দরজাসমূহ তরবারীর ছায়ার নীচেই রয়েছে।"[৫৩৩]

---

[৫৩১] সুরা তাওবা ৯:৪৬।
[৫৩২] সহীহ বুখারী ২৮১৮।
[৫৩৩] সহীহ মুসলিম ৫০২৫; সহীহ বুখারী ২৮১৮; সুনানে আবু দাউদ ২৬৩৩।

তীর নিক্ষেপ প্রশিক্ষণের ফজীলত

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « سَتُفْتَحُ عَلَيْكُمْ أَرَضُونَ وَيَكْفِيكُمُ اللَّهُ فَلاَ يَعْجِزُ أَحَدُكُمْ أَنْ يَلْهُوَ بِأَسْهُمِهِ

অর্থ: উকবা ইবনে আমের (রা:) বলেন আমি রাসূলুল্লাহ (সাঃ কে বলতে শুনেছি, 'অচিরেই অনেক ভূখন্ড তোমাদের হস্তগত হবে এবং আল্লাহই তোমাদের জন্য যথেষ্ট হবেন। সুতরাং তোমাদের কেউ যেন তীরন্দাজী খেলার থেকে অক্ষম না থাকে।[৫৩৪]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ مُصْعَبِ بْنِ سَعْدٍ عَنْ أَبِيهِ رَفَعَهُ قَالَ : عَلَيْكُمْ بِالرَّمْيِ فَإِنَّهُ خَيْرٌ أَوْ مِنْ خَيْرِ لَهْوِكُمْ.

অর্থ: "মুসআব ইবনে সাআ'দ (রা:) তার পিতা থেকে মারফু হাদীস বর্ণনা করেন, 'তোমরা নিক্ষেপ করাকে শক্তভাবে ধারণ কর (তীর, বর্শা, বোমা, ক্ষেপনাস্ত্র নিক্ষেপ করার প্রশিক্ষণ গ্রহণ কর) কেননা তোমাদের সকল প্রকার খেলা-ধুলার মধ্যে এটাই সর্বোত্তম খেলা-ধুলা।"[৫৩৫]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন:

عَن سَعْدٍ قَالَ : يَا بَنِيَّ ، تَعَلَّمُوا الرَّمْيَ فَإِنَّهُ خَيْرُ لَعِبِكُمْ

অর্থ: "সাআ'দ (রা:) বলেন, হে আমার সন্তানেরা! তোমরা নিক্ষেপ করা শিখো। (তীর, বর্শা, বোমা, ক্ষেপনাস্ত্র নিক্ষেপ করার প্রশিক্ষণ গ্রহণ কর) কেননা তোমাদের সকল প্রকার খেলা-ধুলার মধ্যে এটাই সর্বোত্তম খেলা।"[৫৩৬]

অপর এক হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ مَا سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَمَعَ أَبَوَيْهِ لِأَحَدٍ إِلَّا لِسَعْدِ بْنِ مَالِكٍ فَإِنِّي سَمِعْتُهُ يَقُولُ يَوْمَ أُحُدٍ يَا سَعْدُ ارْمِ فِدَاكَ أَبِي وَأُمِّي

[৫৩৪] সহীহ মুসলিম ৫০৫৬; সহীহ ইবনে হিব্বান ৪৬৯৭; মুসনাদে আহমদ ১৮৪৩৩।
[৫৩৫] মুসনাদে বাযযাজ ১১৪৬; কানযুল উম্মাল ১০৮৪১।
[৫৩৬] মুসান্নেফে ইবনে আবি শায়বা ১৫৪ নং অধ্যায়ের প্রথম হাদীস।

অর্থ: "আলী (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তাঁর পিতা-মাতা উভয়কে একত্রে কারো জন্য উৎসর্গ করতে শুনি নি সাআ'দ ইবনে মালেক ব্যতিত। ওহুদ যুদ্ধের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বললেন, হে সাআ'দ! তুমি নিক্ষেপ করো। তোমার প্রতি আমার পিতা-মাতা উৎসর্গ হোক।"[৫৩৭]

তীর ছোড়ার ফজীলত

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ كَعْبِ بْنِ مُرَّةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ ارْمُوا مَنْ بَلَغَ الْعَدُوَّ بِسَهْمٍ رَفَعَهُ اللَّهُ بِهِ دَرَجَةً قَالَ ابْنُ النَّحَّامِ يَا رَسُولَ اللَّهِ وَمَا الدَّرَجَةُ قَالَ أَمَا إِنَّهَا لَيْسَتْ بِعَتَبَةِ أُمِّكَ وَلَكِنْ مَا بَيْنَ الدَّرَجَتَيْنِ مِائَةُ عَامٍ

অর্থ: "কা'ব ইবনে মুররা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন: তোমরা নিক্ষেপ করো! যে ব্যক্তি একটি তীর কোন শত্রুর প্রতি নিক্ষেপ করলো আল্লাহ (সুব:) তার বিনিময়ে তাকে জান্নাতে একটি 'দারাজা' বুলন্দ করবেন। ইবনে নাহহাম বললেন, ইয়া রাসূলুল্লাহ! 'দারাজা' কি জিনিষ? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন এটা তোমার মায়ের ঘরের দরজার চৌকাঠ নয় বরং জান্নাতের দুই দরজার মাঝে একশত বছরের দুরত্ব রয়েছে।"[৫৩৮]

অপর হাদীসে ইরশাদ হচ্ছে:

عَنْ عَمْرِو بْنِ عَبَسَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ رَمَى بِسَهْمٍ فِي سَبِيلِ اللَّهِ فَبَلَغَ الْعَدُوَّ أَخْطَأَ أَوْ أَصَابَ كَانَ لَهُ كَعِدْلِ رَقَبَةٍ

অর্থ: "আমর ইবনে আবাসা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, যে ব্যক্তি

[৫৩৭] সহীহ বুখারী ৪০৫৯; সহীহ মুসলিম ৬৩৮৬।
[৫৩৮] সুনানে নাসায়ী ৩১৪৪; সহীহ ইবনে হিব্বান ৪৬১৬; মুসনাদে আহমদ ১৮০৬৩।

আল্লাহর রাস্তায় একটি তীঁর নিক্ষেপ করলো এরপর তা শত্রুদের নিকট পৌঁছলো চাই লক্ষ্যবস্তুতে আঘাত হানুক বা না হানুক,এটা তার জন্য একটি গোলাম আযাত করার সমতুল্য হবে।"[৫৩৯]

যুদ্ধের বাহনের ফজীলত

ঘোড়ার কপালে কল্যাণ ও বরকত নিহীত রয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ عُرْوَةَ الْبَارِقِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْخَيْلُ مَعْقُودٌ فِي نَوَاصِيهَا الْخَيْرُ الْأَجْرُ وَالْمَغْنَمُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

অর্থ: "উরওয়া আল বারেকী (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, ঘোড়ার কপালে ক্বিয়ামত পর্যন্ত কল্যাণ রেখে দেওয়া হয়েছে। যা নেকী ও গনীমতের পন্থায় হাসিল হতে থাকবে।"[৫৪০] এ হাদীস থেকে বুঝা যায় যে, ঘোড়ার প্রয়োজন কখনোই শেষ হবে না। আর বাস্তবেও তাই। বর্তমানে এত আধুনিক অস্ত্র-শস্ত্র থাকা স্বত্তেও পাহাড়-পর্বতে যুদ্ধ করার জন্য ঘোড়ার প্রয়োজন হয়।

ঘোড়া প্রতিপালনকারী তিন শ্রেণীর

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ اَبِي هُرَيْرَةَ قَالَ ...قَالُوا فَالْخَيْلُ يَا رَسُولَ اللَّهِ قَالَ « الْخَيْلُ فِى نَوَاصِيهَا – أَوْ قَالَ – الْخَيْلُ مَعْقُودٌ فِى نَوَاصِيهَا – قَالَ سُهَيْلٌ أَنَا أَشُكُّ – الْخَيْرُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ الْخَيْلُ ثَلاَثَةٌ فَهْىَ لِرَجُلٍ أَجْرٌ وَلِرَجُلٍ سِتْرٌ وَلِرَجُلٍ وِزْرٌ فَأَمَّا الَّتِى هِىَ لَهُ أَجْرٌ فَالرَّجُلُ يَتَّخِذُهَا فِى سَبِيلِ اللَّهِ وَيُعِدُّهَا لَهُ فَلاَ تُغَيِّبُ شَيْئًا فِى بُطُونِهَا إِلاَّ كَتَبَ اللَّهُ لَهُ أَجْرًا وَلَوْ رَعَاهَا فِى مَرْجٍ مَا أَكَلَتْ مِنْ شَىْءٍ إِلاَّ كَتَبَ اللَّهُ لَهُ بِهَا أَجْرًا وَلَوْ سَقَاهَا مِنْ نَهْرٍ كَانَ لَهُ بِكُلِّ قَطْرَةٍ تُغَيِّبُهَا فِى بُطُونِهَا أَجْرٌ – حَتَّى ذَكَرَ الأَجْرَ فِى أَبْوَالِهَا وَأَرْوَاثِهَا – وَلَوِ اسْتَنَّتْ شَرَفًا أَوْ شَرَفَيْنِ كُتِبَ لَهُ بِكُلِّ خَطْوَةٍ تَخْطُوهَا أَجْرٌ

[৫৩৯] সুনানে নাসায়ী ৩১৪৫।

[৫৪০] সহীহ বুখারী ৩১১৯; সহীহ মুসলিম ৪৯৫৫; সুনানে নাসায়ী ৩৫৭৪।

وَأَمَّا الَّذِى هِىَ لَهُ سِتْرٌ فَالرَّجُلُ يَتَّخِذُهَا تَكَرُّمًا وَتَجَمُّلاً وَلاَ يَنْسَى حَقَّ ظُهُورِهَا وَبُطُونِهَا فِى عُسْرِهَا وَيُسْرِهَا وَأَمَّا الَّذِى عَلَيْهِ وِزْرٌ فَالَّذِى يَتَّخِذُهَا أَشَرًا وَبَطَرًا وَبَذَخًا وَرِيَاءَ النَّاسِ فَذَاكَ الَّذِى هِىَ عَلَيْهِ وِزْرٌ

অর্থ: "আবূ হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন....অতপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হলো, হে আল্লাহর রাসূল! ঘোড়ার মালিকদের কি অবস্থা হবে? তিনি উত্তরে বললেন, ঘোড়া তিন প্রকারের ১. যে ঘোড়া তার মালিকের জন্য গুনাহের কারণ হয় ২. যে ঘোড়া তার মালিকের পক্ষে আবরণ স্বরূপ হয় ৩. যে ঘোড়া মালিকের জন্য সওয়াবের কারণ হয়। বস্তুত: সেই ঘোড়াই মালিকের জন্য বোঝা বা গুনাহের কারণ হবে, যা সে লোক দেখানোর জন্য অহংকার প্রকাশের জন্য এবং মুসলিমদের বিরূদ্ধে শত্রুতা করার উদ্দেশ্যে প্রতিপালন করে। আর যে ব্যক্তি তার ঘোড়াকে আল্লাহর রাস্তায় জিহাদের জন্য পালন করে এবং এর পিঠে সওয়ার হওয়া এবং খাবার ও ঘাস দেয়ার ব্যাপারে আল্লাহর হক ভুলে না এ ঘোড়া তার দোষত্রুটি গোপন রাখার জন্য আবরণ হবে।

আর যে ব্যক্তি মুসলিমদের সাহায্যের জন্য আল্লাহর রাস্তায় ঘোড়া প্রতিপালন করে এবং কোন চারণ ভূমি বা ঘাসের বাগানে লালন করে তার এ ঘোড়া তার জন্য সওয়াবের কারণ হবে। তার সে ঘোড়া চারণভূমি অথবা বাগানে যা কিছু খাবে তার সমপরিমান তার জন্য সওয়াব লিখা হবে। এমনকি এর গোবর ও প্রসাবেরও সওয়াব লিখা হবে। আর যদি তা রশি ছিড়ে একটি বা দুটি মাঠও বিচরণ করে তাহলে তার পদচিহ্ন ও গোবরের সমপরিমান নেকী তার জন্য লেখা হবে। তাছাড়া মালিক যদি একে কোন নদীর তীরে নিয়ে যায় আর সে নদী থেকে পানি পান করে অথচ তাকে পানি পান করানোর ইচ্ছা মালিকের ছিল না তথাপি পানির পরিমান তার আমল নামায় লিখা হবে।[৫৪১]

ঘোড়া প্রতিপালনের ফজীলত

ঘোড়া প্রতিপালনের ব্যাপারে আল্লাহ (সুব:) আদেশ করেছেন। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

[৫৪১] সহীহ মুসলিম ২৩৩৯।

لقوله تعالى {ومن رباط الخيل}[الأنفال ٦٠]

অর্থ: "তোমরা অশ্ব বাহিনী প্রস্তুত কর... ।"[৫৪২]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ احْتَبَسَ فَرَسًا فِي سَبِيلِ اللَّهِ إِيمَانًا بِاللَّهِ وَتَصْدِيقًا بِوَعْدِهِ فَإِنَّ شِبَعَهُ وَرِيَّهُ وَرَوْثَهُ وَبَوْلَهُ فِي مِيزَانِهِ يَوْمَ الْقِيَامَةِ

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর উপর পূর্ণ ঈমান রেখে, তার ওয়াদাকে সত্য জেনে আল্লাহর রাস্তায় জিহাদের উদ্দেশ্যে ঘোড়া প্রতিপালন করবে, ক্বিয়ামতের দিন ঐ ব্যক্তির আমলের পাল্লায় ঘোড়ার খাদ্য, পানীয়, গোবর ও পেশাবের সমপরিমাণ সওয়াব দেওয়া হবে ।"[৫৪৩]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ تَمِيْمِ الدَّارِىْ قَالَ: سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّىْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ مَنِ ارْتَبَطَ فَرَساً فِي سَبِيلِ اللهِ ، ثُمَّ عَالَجَ عَلَفَهُ بِيَدِهِ كَانَ لَهُ بِكُلِّ حَبَّةٍ حَسَنَةٌ

অর্থ: "তামীমে দারী (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর পথে (জিহাদের উদ্দেশ্যে) ঘোড়াকে বেঁধে রাখে । অতঃপর সে নিজ হাতে ঘোড়াকে ঘাস-দানা খাওয়ায় । প্রতিটি দানার বিনিময়ে তাকে নেকী দেয়া হবে ।[৫৪৪]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ اَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّىْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَثَلُ الْمُنْفِقِ عَلَى الْخَيْلِ كَالْمُتَكَفِّفِ بِالصَّدَقَةِ

অর্থ: "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ঘোড়ার জন্য ব্যয়কারীর উপমা ঐ ব্যক্তির ন্যায় যে দু'হাতে (তালু ভর্তি করে) সাদাকাহ করে ।"[৫৪৫]

---

[৫৪২] সুরা আনফাল ৮:৬০ ।
[৫৪৩] সহীহ বুখারী ২৮৫৩; সুনানে নাসায়ী ৩৫৮৪ ।
[৫৪৪] সুনানে ইবনে মাজাহ ২৭৯১ ।
[৫৪৫] ইবনে হিব্বান ৪৬৭৫; কানযুল উম্মাল ১০৭৫৬ ।

যুদ্ধে একাধিক ঘোড়া নেয়ার ফজীলত

عن أبي كبشة الأنماري قال إني سمعت رسول الله صلى الله عليه و سلم يقول مَنْ أَطْرَقَ فَرَسًا فَعَقَّبَ لَهُ الْفَرَسَ كَانَ لَهُ كَأَجْرِ سَبْعِيْنَ فَرَسًا حُمِلَ عَلَيْهَا فِيْ سَبِيْلِ اللهِ وَإِنْ لَمْ تَعَقَّبْ كَانَ لَهُ كَأَجْرِ فَرَسٍ حُمِلَ عَلَيْهِ فِيْ سَبِيْلِ اللهِ

অর্থ: "আবু কাবশা আল-আনমারী (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি তার একটি ঘোড়ার পেছনে আরেকটি ঘোড়া নেয়, (যেন যুদ্ধে একটি ঘোড়া অকেজো হয়ে গেলে অন্যটি ব্যাবহার করতে পারে) তার জন্য আল্লাহর পথে চালিত সত্তরটি ঘোড়ার নেকী রয়েছে । আর যদি সে অন্য কোন ঘোড়া না নেয় তাহলে তার জন্য আল্লাহর পথে চালিত একটি ঘোড়ার নেকী রয়েছে ।[৫৪৬]

ঘোড়াকে প্রশিক্ষণ দেয়ার ফজীলত

عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ..كُلُّ شَيْءٍ يَلْهُو بِهِ الرَّجُلُ بَاطِلٌ إِلاَّ رَمْيَ الرَّجُلِ بِقَوْسِهِ وَتَأْدِيبَهُ فَرَسَهُ وَمُلاَعَبَتَهُ أَهْلَهُ

অর্থ: "উকবা ইবনে আমের (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মানুষ যত ধরণের খেলা-ধুলা করে সবই বৃথা । তবে ধনুক থেকে তীর নিক্ষেপের প্রশিক্ষণ নেওয়া, ঘোড়াকে প্রশিক্ষণ দেয়া এবং স্ত্রীর সাথে ক্রিয়া কৌতুক করা বৃথা নয় ।"[৫৪৭]

আল্লাহর পথে সময় ব্যয়ের ফজীলত

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

---

[৫৪৬] আহমাদ ১৮০৬১; ইবনু হিব্বান, হাঃ ৪৬৭৯ । শুয়াইব আরনাউত বলেনঃ হাদীসের সানদ সহীহ ।
[৫৪৭] সুনানে ইবনে মাজাহ ২৮৬১; তিরমিযী ১৬৩৭; মুসনাদে আহমদ ১৭৩৭৫; সিলসিলাতুস সহীহা ৩১৫, আলবানী বলেন ঃ হাদীস সহীহ ।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَقَابُ قَوْسٍ فِي الْجَنَّةِ خَيْرٌ مِمَّا تَطْلُعُ عَلَيْهِ الشَّمْسُ وَتَغْرُبُ وَقَالَ لَغَدْوَةٌ أَوْ رَوْحَةٌ فِي سَبِيلِ اللَّهِ خَيْرٌ مِمَّا تَطْلُعُ عَلَيْهِ الشَّمْسُ وَتَغْرُبُ

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জান্নাতের একটি ধনুকের পরিমান জায়গা গোটা পৃথিবীর চেয়েও উত্তম। জিহাদের ময়দানে একটি সকাল বা সন্ধ্যা অতিবাহিত করা দুনিয়া এবং দুনিয়ার মধ্যকার যা কিছু আছে সব কিছুর চেয়ে উত্তম।"[৫৪৮]

আল্লাহর পথে ধুলো ধুসরিত হওয়ায় ফজীলত

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ اَبِيْ عَبْسٍ قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ اغْبَرَّتْ قَدَمَاهُ فِي سَبِيلِ اللَّهِ حَرَّمَهُ اللَّهُ عَلَى النَّارِ

অর্থ: "আবু আবস (রা:) থেকে বর্ণিত তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যার দুটি পা আল্লাহর পথে ধুলো ধুসরিত হয়, মহান আল্লাহ উক্ত পা দুটির উপর জাহান্নামের আগুন হারাম করে দেন।"[৫৪৯]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِي هُرَيْرَةَ ...وَلَا يَجْتَمِعُ غُبَارٌ فِي سَبِيلِ اللَّهِ وَدُخَانُ جَهَنَّمَ فِي مَنْخَرِيْ مُسْلِمٍ أَبَدًا

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জাহান্নামের ধোঁয়া এবং আল্লাহর পথের ধুলা কোন মুসলিমের নাকে কখনো একত্র হবে না।"[৫৫০]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

[৫৪৮] সহীহুল বুখারী ২৭৯৩।

[৫৪৯] সহীহুল বুখারী ২৮১১; নাসায়ী ৩১১৬; তিরমিযী ১৬৩২; বায়হাকী ৬০৮৭; আহমাদ ১৪৯৯০।

[৫৫০] হাদীস সহীহঃ ইবনু হিব্বান হাঃ ৪৬০৭, শুয়াইব আরনাউত বলেনঃ এর সানাদ হাসান। নাসায়ী, তিরমিযী। আলবানী বলেনঃ হাদীসটি সহীহ।

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا يَجْتَمِعَانِ فِي جَوْفِ مُؤْمِنٍ غُبَارٌ فِي سَبِيلِ اللَّهِ وَفَيْحُ جَهَنَّمَ

অর্থ: "আবু হুরাইরা (রা:) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথের ধুলা এবং জাহান্নামের আগুনের তাপ কোন মুমিন বান্দার উদরে একত্রিত হবে না।"[৫৫১]

মুজাহিদ ক্যাম্প বা সীমান্ত পাহারা দেয়ার ফজীলত

عَنْ سَلْمَانَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ « رِبَاطُ يَوْمٍ وَلَيْلَةٍ خَيْرٌ مِنْ صِيَامِ شَهْرٍ وَقِيَامِهِ وَإِنْ مَاتَ جَرَى عَلَيْهِ عَمَلُهُ الَّذِى كَانَ يَعْمَلُهُ وَأُجْرِىَ عَلَيْهِ رِزْقُهُ وَأَمِنَ الْفَتَّانَ ».

অর্থ: "সালমান (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথে একদিন অথবা এক রাত পাহারা দেয়া একাধারে এক মাস সাওম পালন ও সালাত আদায়ের চেয়েও উত্তম। সে যদি (ঐ অবস্থায়) মারা যায় তাহলে তার আমলের নেকী জারি থাকবে যেমনটি সে আমল করে আসছিল এবং তার রিযিক্ব জারি রাখা হবে এবং সে ফিতনাহ থেকে নিরাপদ থাকবে।"[৫৫২]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَن عُثْمَانُ رَضِيَ اللَّهُ عَنْهُ ...حَرْسُ لَيْلَةٍ فِي سَبِيلِ اللَّهِ أَفْضَلُ مِنْ أَلْفِ لَيْلَةٍ يُقَامُ لَيْلُهَا وَيُصَامُ نَهَارُهَا

অর্থ: "উসমান (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ...আল্লাহর পথে এক রাত পাহারা দেয়া

[৫৫১] নাসায়ী ৩১০৯; ইবনে হিব্বান ৪৬০৬, হাসান সনদে; তাবারানী ৪১০; ইমাম হাকেম, ইমাম যাহাবী ও আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।

[৫৫২] হাদীস সহীহঃ সহীহ মুসলিম, নাসায়ী, ইবনে হিব্বান, বায়হাকী, তাহাভী, আহমাদ, তিরমিযী, ত্বাবারানী, হাকিম। ইমাম তিরমিযী বলেনঃ হাদীসটি হাসান। ইমাম হাকিম, ইমাম যাহাবী ও শুআইব আরনাউত বলেন হাদীসের সানাদ বিশুদ্ধ। আলবানী বলেনঃ হাদীসটি সহীহ।

এমন এক হাজার রাত্রির চাইতে ফজীলতপূর্ণ যেগুলো রাতে সালাত ও দিনে সাওম পালনের মাধ্যমে অতিবাহিত হয়েছে।"[৫৫৩]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ سَهْلِ ابْنِ الْحَنْظَلِيَّةِ أَنَّهُمْ سَارُوا مَعَ رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم– يَوْمَ حُنَيْنٍ فَأَطْنَبُوا السَّيْرَ حَتَّى كَانَتْ عَشِيَّةً فَحَضَرْتُ الصَّلاَةَ عِنْدَ رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم– فَجَاءَ رَجُلٌ فَارِسٌ فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ إِنِّى انْطَلَقْتُ بَيْنَ أَيْدِيكُمْ حَتَّى طَلَعْتُ جَبَلَ كَذَا وَكَذَا فَإِذَا أَنَا بِهَوَازِنَ عَلَى بَكْرَةِ آبَائِهِمْ بِظُعُنِهِمْ وَنَعَمِهِمْ وَشَائِهِمُ اجْتَمَعُوا إِلَى حُنَيْنٍ. فَتَبَسَّمَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– وَقَالَ : « تِلْكَ غَنِيمَةُ الْمُسْلِمِينَ غَدًا إِنْ شَاءَ اللَّهُ ». ثُمَّ قَالَ : « مَنْ يَحْرُسُنَا اللَّيْلَةَ ». قَالَ أَنَسُ بْنُ أَبِى مَرْثَدٍ الْغَنَوِىُّ : أَنَا يَا رَسُولَ اللَّهِ. قَالَ : « فَارْكَبْ ». فَرَكِبَ فَرَسًا لَهُ فَجَاءَ إِلَى رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم– فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– : « اسْتَقْبِلْ هَذَا الشِّعْبَ حَتَّى تَكُونَ فِى أَعْلاَهُ وَلاَ نُغَرَّنَّ مِنْ قِبَلِكَ اللَّيْلَةَ ». فَلَمَّا أَصْبَحْنَا خَرَجَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– إِلَى مُصَلاَّهُ فَرَكَعَ رَكْعَتَيْنِ ثُمَّ قَالَ : « هَلْ أَحْسَسْتُمْ فَارِسَكُمْ ». قَالُوا : يَا رَسُولَ اللَّهِ مَا أَحْسَسْنَاهُ. فَثُوِّبَ بِالصَّلاَةِ فَجَعَلَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– يُصَلِّى وَهُوَ يَلْتَفِتُ إِلَى الشِّعْبِ حَتَّى إِذَا قَضَى صَلاَتَهُ وَسَلَّمَ قَالَ : « أَبْشِرُوا فَقَدْ جَاءَكُمْ فَارِسُكُمْ ». فَجَعَلْنَا نَنْظُرُ إِلَى خِلاَلِ الشَّجَرِ فِى الشِّعْبِ فَإِذَا هُوَ قَدْ جَاءَ حَتَّى وَقَفَ عَلَى رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم– فَسَلَّمَ فَقَالَ : إِنِّى انْطَلَقْتُ حَتَّى كُنْتُ فِى أَعْلَى هَذَا الشِّعْبِ حَيْثُ أَمَرَنِى رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– فَلَمَّا أَصْبَحْتُ اطَّلَعْتُ الشِّعْبَيْنِ كِلَيْهِمَا فَنَظَرْتُ فَلَمْ أَرَ أَحَدًا. فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ –صلى الله عليه

[৫৫৩] হাদীস সহীহঃ তিরমিযী, দারিমী, নাসায়ী, হাকিম। ইমাম তিরমিযী ও আলবানী বলেনঃ হাদীসটি সহীহ।

وسلم– : « هَلْ نَزَلْتَ اللَّيْلَةَ ». قَالَ : لاَ إِلاَّ مُصَلِّيًا أَوْ قَاضِيًا حَاجَةً. فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– : « قَدْ أَوْجَبْتَ فَلاَ عَلَيْكَ أَنْ لاَ تَعْمَلَ بَعْدَهَا

অর্থ: "সাহল ইবনে হানযালিয়্যা (রা:) বর্ণনা করেছেনে যে, তাঁরা হুনাইনের যুদ্ধের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সফরে ছিলেন। তখন দ্রুতগতিতে উট চালিয়ে সন্ধ্যাকালে মাগরিবের সালাতের সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গিয়ে পৌঁছলেন। এমন সময় একজন অশ্বারোহী সৈনিক এসে তাঁকে বললেন, হে রাসূলুল্লাহ! আমি আপনাদের নিকট হতে আলাদা হয়ে ঐ সকল পাহাড়ের উপর আরোহণ করে দেখতে পেলাম যে, হাওয়াযিন গোত্রের স্ত্রী-পুরুষ সকলেই তাদের উট, বকরী সবকিছু নিয়ে হুনায়নে একত্রিত হয়েছে। তা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হাসি দিয়ে বললেন, ঐ সকল বস্তু আল্লাহ চাহেত আগামীকাল মুসলমানদের গনীমতের সামগ্রীতে পরিণত হবে। এরপর তিনি বললেন, আজ রাতে আমাদেরকে কে পাহারা দিবে?

আনাস ইবনে আবূ মারসাদ আল-গানাবী (রা:) উক্তি করলেন, ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমি পাহারা দেবো। তিনি বললেন, তাহলে তুমি ঘোড়ায় আরোহণ কর। তিনি তাঁর একটি ঘোড়ায় আরোহণ করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে উদ্দেশ্য করে নির্দেশ দিলেন যাও, এ দু'পাহাড়ের মধ্যবর্তী উপত্যকার দিকে রওয়ানা হয়ে এর চূড়ায় পৌছে পাহারায় রত থাকো। আমরা যেন তোমার আসার আগে আজ রাতে কোন ধোঁকায় না পড়ি।

ভোরবেলায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সালাতের স্থানে গিয়ে ফজরের দু'রাকা'আত (সুন্নাত) সালাত আদায় করলেন। তারপর জিজ্ঞাস করলেন, তোমরা তোমাদের পাহারাদার অশ্বারোহী সৈনিকের কোন সন্ধান পেয়েছ কি? সকলে উত্তর করল, ইয়া রাসূলুল্লাহ! তিনি পাহারায় রত আছেন বলে মনে হয় কিন্তু দেখতে পাইনি। এরপর ফজর সালাতের ইকামত দেয়া হলে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত পাড়তে আরম্ভ করলেন। এমতাবস্থায় তিনি উপত্যকার দিকে লক্ষ্য

রাখতে রাখতে সালাত শেষ করে সালাম ফিরালেন। এরপর তিনি বললেন, তোমরা সকলে সুসংবাদ নাও যে, তোমাদের পাহারাদার সৈনিক তোমাদের নিকট এসে পড়েছে। আমরা উপত্যকায় গাছের ফাঁকে দেখতে পেলাম যে, তিনি সত্যই এসে পড়েছেন এবং তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে দাঁড়িয়ে সালাম করলেন এবং বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে যেভাবে নির্দেশ দিয়েছিলেন সেভাবে আমি এই উপত্যকার উপরাংশের শেষ মাথায় গিয়ে পৌঁছেছিলাম। সকাল হওয়ার পর আমি উভয় পাহাড়ের উপত্যকা দু'টির উপরে নযর করলাম, কোন শত্রুকেই দেখতে পেলাম না। তা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে জিজ্ঞাসা করলেন, তুমি সারা রাত কখনও কি ঘোড়ার পিঠ হতে নেমেছিলে?

তিনি উত্তর করলেন, না, সালাত পড়ার জন্য অথবা পায়খানা-প্রসাবের প্রয়োজন ছাড়া কখনও ঘোড়ার পিঠ হতে নামিনি। তা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে উদ্দেশ্য করে বললেন, তোমার জন্য জান্নাত অবধারিত হল। তোমার জীবনে আর কোন অতিরিক্ত নেক কাজ না করলেও চলবে। (অর্থাৎ সারা রাত জাগ্রত থেকে পাহাড়ায় রত থাকার মত বৃহৎ নেক কাজটি তোমার জান্নাতে প্রবেশের জন্য যথেষ্ট। অবশ্য ফরয-ওয়াজিব যথারীতি আমল করতে হবে।)[৫৫৪]

যে রাত কদর রাতের চাইতে ফজীলতপূর্ণ

عَنِ ابْنِ عُمَرَ رَضِىَ اللَّهُ عَنْهُمَا أَنَّ النَّبِىَّ –صلى الله عليه وسلم– قَالَ :« أَلاَ أُنَبِّئُكُمْ بِلَيْلَةٍ أَفْضَلَ مِنْ لَيْلَةِ الْقَدْرِ حَارِسٌ حَرَسَ فِى أَرْضِ خَوْفٍ لَعَلَّهُ أَنْ لاَ يَرْجِعَ إِلَى أَهْلِه »

অর্থ: "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমি কি তোমাদেরকে এমন রাত্রির সংবাদ দিবনা যে রাত্রিটি কদরের রাত্রির চাইতেও ফজীলতপূর্ণ? (তা হলো, আল্লাহর পথে মুজাহিদ) প্রহরীর কোন

[৫৫৪] হাদীস সহীহঃ আবু দাউদ, হাকিম, ইমাম হাকিম ও ইমাম যাহাবী বলেনঃ হাদীসের সানাদ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ। আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন, সহীহ আবু দাউদ হাঃ ২৫০৩।

ভীতিকর স্থানে এমন মন মানসিকতা নিয়ে পাহারা দেয়া যে, তার হয়তো নিজ পরিবারের নিকট আর ফিরে আসা হবে না।"[৫৫৫]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ اَبِيْ هُرَيْرَةَ مَوْقِفُ سَاعَةٍ فِي سَبِيلِ اللهِ خَيْرٌ مِنْ قِيَامِ لَيْلَةِ الْقَدْرِ عِنْدَ الْحَجَرِ الأَسْوَد

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথে (পাহারার কাজে) একটি মুহূর্ত অবস্থান করা কদরের রাতে হাজরে আসওয়াদের নিকট দাঁড়িয়ে ইবাদত করার চাইতে উত্তম।"[৫৫৬]

যে চোখ আল্লাহর রাস্তায় সাজাগ থাকে

عَنْ اَبِيْ رَيْحَانَةَ اَنَّهُ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ حُرِّمَتْ عَيْنٌ عَلَى النَّارِ سَهِرَتْ فِي سَبِيلِ اللَّه

অর্থ: "আবু রাইহানা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, যে চোখ আল্লাহর পথে (পাহারার কাজে) নিদ্রাহীন কাটিয়েছে সে চোখ জাহান্নামের আগুনের জন্য হারাম।"[৫৫৭]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَنَسِ بْنِ مَالِك ، رَضِيَ اللهُ عَنْهُ ، قَالَ : قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيه وسَلَّم : عَيْنَانِ لاَ تَمَسُّهُمَا النَّارُ أَبَدًا : عَيْنٌ بَاتَتْ تَكْلَأُ الْمُسْلِمِينَ فِي سَبِيلِ اللهِ ، وَعَيْنٌ بَكَتْ مِنْ خَشْيَةِ الله

অর্থ: "আনাস ইবনে মালেক (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, দুই শ্রেণীর চোখকে জাহান্নামের

[৫৫৫] মুসতাদরকে হাকিম ২৪২৪; সুনানে বায়হাকী ৪২৩৪। আলবানী বলেনঃ হাদীসের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য, বুখারীর রিজাল এবং সানাদটি ইমাম বুখারী শর্তে সহীহ।

[৫৫৬] হাদীস সহীহঃ ইবনে হিব্বান, হাঃ ১৫৮৩, ইবনে আসাকির, বায়হাকী বিশুদ্ধ সানাদ।

[৫৫৭] হাদীস সহীহঃ নাসায়ী, তালীকুর রাগীব। আলাবানী বলেনঃ হাদীসটি সহীহ।

আগুন স্পর্শ করবে না। (এক) যে চোখ আল্লাহর পথে যুদ্ধরত মুসলিমদের পাহারা দিয়ে নিদ্রাহীন রাত কাটায়। (দুই) যে চোখ আল্লাহর ভয়ে কাঁদে।"[৫৫৮]

পাহারারত অবস্থায় মৃত্যু বরণের ফজীলত

عن أبي هريرة مَنْ مَاتَ مُرَابِطاً فِي سَبِيلِ اللهِ أَجْرَى اللهُ عَلَيْهِ عَمَلَهُ الصَّالِحَ الَّذِي كَانَ يَعْمَلُ عَلَيْهِ وَأَجْرَى عَلَيْهِ رِزْقَهُ وَأَمِنَ مِنَ الْفَتَّانِ وَبَعَثَهُ اللهُ يَوْمَ الْقِيَامَةِ آمِناً مِنَ الْفَزَعِ

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর পথে পাহারারত থাকা অবস্থায় মৃত্যুবরণ করে আল্লাহ তার উপর সে জীবিত অবস্থায় যে নেক আমল করতো তা অব্যাহত রাখবেন এবং তার রিযিক জারি রাখবেন, তাকে ফিতনা থেকে দূরে রাখবেন এবং কিয়ামতের দিন তাকে সব রকমের পেরেশানী থেকে নিরাপদ অবস্থায় উঠাবেন।"[৫৫৯]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ فُضَالَةَ بْنِ عُبَيْدٍ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ كُلُّ الْمَيِّتِ يُخْتَمُ عَلَى عَمَلِهِ إِلاَّ الْمُرَابِطَ فَإِنَّهُ يَنْمُو لَهُ عَمَلُهُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ وَيُؤْمَنُ مِنْ فَتَّانِ الْقَبْرِ

অর্থ: "ফুজালা ইবনে উবাইদ (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, প্রত্যেক ব্যক্তির আমলের ধারা মৃত্যুর সঙ্গে সঙ্গেই বন্ধ হয়ে যায়। কিন্তু দুশমনের মোকাবেলায় পাহারারত সৈনিক ব্যতিত। কিয়ামাত আসা পর্যন্ত তার আমল বৃদ্ধি পেতে থাকবে এবং সে কবরের পরিক্ষা-নিরিক্ষা থেকেও নিরাপদ থাকবে।"[৫৬০]

---

[৫৫৮] হাদীস সহীহঃ তিরমিযী। ইমাম তিরমিযী বলেনঃ হাদিসটি হাসান ও গরীব। আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।

[৫৫৯] হাদীস সহীহঃ ইবনু মাজাহ, রাওযুন নাযীর, তালীকুর রাগীব। আলবানী বলেনঃ হাদীসটি সহীহ, হাদীসটি ইবনু হিব্বানেও বর্ণিত হয়েছে। শুয়াইব আরনাউত বলেনঃ সেখানে হাদীসের সানাদকে সহীহ বলেছেন। অবশ্য ইবনু হিব্বানে কিয়ামতের দিন সব রকম পেরেশানী থেকে নিরাপদ অবস্থায় উঠাবেন এ অংশটুকু নেই।

[৫৬০] হাদীস সহীহঃ সহীহ মুসলিম, আবু দাউদ, হাঃ ২৫০০, তালিকুর রাগীব, সহীহ জামিউস সাগীর। আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।

মুজাহিদদের পরিবার রক্ষণাবেক্ষণ করার ফজীলত

عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ الْجُهَنِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– قَالَ : « مَنْ جَهَّزَ غَازِيًا فِى سَبِيلِ اللَّهِ فَقَدْ غَزَا وَمَنْ خَلَفَهُ فِى أَهْلِهِ بِخَيْرٍ فَقَدْ غَزَا

অর্থ: "যায়েদ ইবনে খালেদ আল-জুহানী (রা:) হতে বর্ণিত তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর পথের কোন মুজাহিদের যুদ্ধে যাওয়ার প্রয়োজনীয় সাজ-সরঞ্জামের ব্যবস্থা করে দিলো, সে যেন নিজেই জিহাদ করলো, আর যে ব্যক্তি মুজাহিদের অবর্তমানে তার পরিবার-পরিজনকে আমানতের সাথে দেখাশুনা করলো সেও যেন জিহাদ করলো।[৫৬১]

আল্লাহর পথে খরচ করার ফজীলত

عَنْ ثَوْبَانَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَفْضَلُ دِينَارٍ دِينَارٌ يُنْفِقُهُ الرَّجُلُ عَلَى عِيَالِهِ وَدِينَارٌ يُنْفِقُهُ عَلَى دَابَّتِهِ فِي سَبِيلِ اللَّهِ

অর্থ: "ছাওবান হতে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন; সর্বোত্তম দীনার হলো ঐ দীনার যা কোন ব্যক্তি তার পরিবারের জন্য খরচ করে, এবং ঐ দীনার যা সে আল্লাহর রাস্তায় ঘোড়া প্রতিপালনের জন্যে খরচ করে এবং ঐ দীনার যা সে আল্লাহর পথের সৈনিকের জন্য খরচ করে।"[৫৬২]

একটির বিনিময়ে সাতশো গুন সওয়াব:

عن أَبِي يحيى خُرَيْمِ بن فاتكٍ – رضي الله عنه – قال : قَالَ رسول الله – صلى الله عليه وسلم – : « مَنْ أَنْفَقَ نَفَقَةً فِي سَبيلِ اللهِ كُتِبَ لَهُ سَبْعُ مِئَةِ ضِعْفٍ

অর্থ: "আবু ইয়াহইয়া খুরাইম ইবনে ফাতেক (রা:) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর রাস্তায়

---

[৫৬১] হাদীস সহীহঃ সহীহুল বুখারী, সহীহ মুসলিম, আহমাদ, তায়ালিসি, তিরমিযী, নাসায়ী, আবু দাউদ, ইবনু জারুদ, ত্বারানী, বায়হাকী, ইবনু হিব্বান।

[৫৬২] হাদীস সহীহঃ ইবনে হিব্বান, হাঃ ৪৬৪৬, সহীহ ইবনে মাজাহ হাঃ ২৮০৯, শুআইব আরনাউত ও আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।

(জিহাদে) কোন কিছু ব্যয় করে তার আমলনামায় তা বৃদ্ধি করে সাতশো গুন লিখা হয় ।”[৫৬৩]

জিহাদ ফী সাবিলিল্লার ক্ষেত্রে ব্যয় করার একটি ঘটনা

আবূ কুদামা শামী ছিলেন এমন একজন ব্যক্তি আল্লাহ (সুব:) জিহাদকে যার নিকট প্রিয় করে তুলেছিলেন। তিনি রোমের বিরূদ্ধে অনেকগুলো যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। একদিন তিনি মসজিদে নববীতে বসে বিভিন্ন জিহাদের ঘটনা বর্ণনা করছিলেন। উপস্থিত লোকেরা তার নিকট একটি আশ্চর্য ঘটনা শোনার আগ্রহ প্রকাশ করলো। তিনি বললেন, 'একদিন তিনি রোমের একযুদ্ধে শরিক হওয়ার জন্য যাচ্ছিলেন। পথিমধ্যে ফোরাত নদীর তীরে 'রিক্কা' নামক শহরে একটি উট ক্রয় করার জন্য থামলেন।

এমতাবস্থায় এক মহিলা আসলো এবং বললো যে, সে তার চুলগুলো আল্লাহর রাস্তায় দান করতে চায় যাতে করে মুজাহিদদের ঘোড়ার লাগাম বা রশি হিসেবে সেগুলো ব্যবহার করা যায়। ইতিমধ্যেই সে সেগুলো মাথা থেকে কেঁটে নিয়ে মাটি দ্বারা মিশ্রিত করে ফেলেছিল। সে আরও বললো, তার স্বামী জিহাদে বের হয়ে শহীদ হয়ে গিয়েছে এবং তার সন্তানরাও বিগত জিহাদগুলোতে শহীদ হয়ে গিয়েছে। তবে একটি সন্তান ব্যতিত যার বয়স মাত্র পনের বছর। এই বয়সেই সে নিয়মিত সাওম পালনকারী, রাত্রী জাগরণকারী, কোরআনের হাফেজ এবং দক্ষ আশ্বারোহী। সে দেখতেও অন্যান্য তরুণদের থেকে অধিক সুন্দর। বর্তমানে সে শহরের বাহিরে অবস্থান করছে। সে যখন ফিরে আসবে তখন তাকেও আপনার নিকটে জিহাদের জন্য পাঠানো হবে যাতে সে আল্লাহ রাস্তায় শহীদ হতে পারে। আবূ কুদামা (র:) তার জন্য অপেক্ষা করলেন কিন্তু সে ফিরে আসল না।

আবূ কুদামা (র:) তাঁর মুজাহিদ সাথিদের নিয়ে 'রিক্কা' থেকে বের হয়ে গেলেন এবং কয়েক দিনের পথ অতিক্রম করে গেলেন হঠাৎ দেখা গেল ঐ

[৫৬৩] হাদীস সহীহঃ ইবনে হিব্বান, আহমাদ, তিরমিযী, ত্বাবারানী, হাকিম। ইমাম তিরমিযী বলেনঃ হাদীসটি হাসান। শুয়াইব আরনাউত বলেনঃ ইমাম হাকিম, ইমাম যাহাবী এবং আলবানী বলেনঃ হাদিসটি সহীহ।

অশ্বারোহী মুজাহিদ যুবক তার ঘোড়ায় চড়ে কাফেলার দিকে এগিয়ে আসছে। সে আবূ কুদামার সাথে কথা বললো এবং নিজের পরিচয় দিলো যে, সে ঐ মহিলার সন্তান। তার বাবা এবং ভাইয়েরা আল্লাহর রাস্তায় শহীদ হয়ে গিয়েছে সেও চায় আল্লাহর রাস্তায় শহীদ হয়ে যেতে। আবূ কুদামা চাইলেন ছেলেটিকে ফিরিয়ে দিতে কারণ তার বয়স ছিল কম। কিন্তু যুবকটি জিহাদে যাওয়ার জন্য বারবার পিড়াপিড়ি করতে লাগলেন এবং বললেন যে, সে খুব ভাল অশ্বারোহী ও তীঁর নিক্ষেপকারী। কোরআনের হাফেজ ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাতের ব্যাপারে ভাল অবগত। সে চায় শহীদের সন্তান শহীদ হতে।

সে আরও জানালো যে, তার মা তাকে বিদায় দিয়েছে এবং তার থেকে শাহাদাত কামনা করেছে এবং কোনক্রমেই যাতে সে যুদ্ধের ময়দান থেকে পিঠ না ফিরায় এবং নিজেকে আল্লাহর জন্য উপহার স্বরূপ পেশ করে তার বাবা, ভাই ও চাচাদের সাথে শহীদ হিসাবে মিলিত হয় সেই আদেশ করেছে।

আবূ কুদামা তার কথায় প্রভাবিত হলেন এবং তাকে তাঁর সাথী হিসাবে নিয়ে নিলেন। যখন রোম সৈন্যদের ঘাটির নিকটবর্তী হলেন তখন সূর্যাস্তের সময় কাছাকাছি হলো। মুজাহিদীনরা সাওম অবস্থায় ছিলেন। যুবক স্বেচ্ছায় তাদের ইফতার তৈরীর কাজে লিপ্ত হলেন। ইফতারীর পরে যুবক একটু ঘুমিয়ে পড়লেন। আবূ কুদামা দেখতে পেলেন যুবক ঘুমন্ত অবস্থায় হাসছেন। এ অবস্থা দেখে আবূ কুদামা আশ্চর্য হয়ে তার সঙ্গিদের ডাকলেন এবং তাদেরকেও ঐ দৃশ্য দেখালেন। অতপর যুবক যখন সজাগ হলো তখন আবূ কুদামা ও তার সঙ্গিরা যুবককে তার হাসার কারণ জিজ্ঞেস করলেন।

যুবক বললো, সে ঘুমের মধ্যে নিজেকে একটি সবুজ বাগানের ভিতরে দেখতে পান। যেখানে রয়েছে সুন্দর একটি প্রাসাদ যা স্বর্ণ এবং রৌপ্য দ্বারা নির্মিত। যার জানালাগুলোতে রয়েছে হালকা পরদা। যার ভিতরে ছিল পূর্ণিমার চাঁদের ন্যায় সুন্দরী যুবতী মেয়েরা। যখন মেয়েরা তাকে দেখলো তখন তাকে স্বাগত জানানোর জন্য সকলেই নিচে নেমে আসলো।

যুবক তাদের একজনকে স্পর্শ করার জন্য হাত বাড়িয়ে দিলো। তারা বললো, তুমি তাড়াহুড়া করো না, তোমার স্ত্রী হচ্ছে 'মারজিয়া' যে প্রাসাদের ভিতরে অবস্থান করছে। তিনি প্রাসাদের ভিতরে গেলেন। সেখানে একজন সুন্দরী যুবতীকে দেখতে পেলেন যার চেহারা সৌন্দর্যকে ম্লান করে দেয়। সে তাকে স্বাগত জানালো এবং বললো আমি তোমার জন্য আর তুমি আমার জন্য। যুবক তাকে স্পর্শ করার জন্য হাত বাড়িয়ে দিল সে বললো যে, এখনি নয় বরং তোমার আমার নির্দিষ্ট সময় আগামীকাল যোহরের সময়। তুমি খুশি হও! এবং ভাল থাক! যুবক খুশি হলো এবং আনন্দে ঘুমের ভিতরে হাসলো। এরপর সকালে সকলেই ফজরের সালাত আদায় করলো এবং যুদ্ধ করার জন্য রোমানদের সেনানিবাসের কাছে পৌছে গেল। রোমানরা প্রচন্ড আকারে মুজাহিদীনদের উপরে হামলা চালালো। মুজাহিদীনরাও পাল্টা হামলা চালালো। উভয় পক্ষের তুমূল যুদ্ধ চলতে লাগলো এবং উভয় পক্ষে অনেক হতাহত হলো।

যুবকও পূর্ণ বীরত্বের সঙ্গে যুদ্ধ করতে লাগলেন এবং শত্রুদের অসংখ্য সৈন্যদের হত্যা করলেন এবং শেষ পর্যন্ত মুসলিমদের বিজয়ের মাধ্যমে যুদ্ধের সমাপ্তি ঘটে। আবূ কুদামা যুবকটিকে খুজতে লাগলেন। দেখলেন সে আহত অবস্থায় ধূলাবালুর মধ্যে পড়ে আছে। তার শরীর থেকে রক্ত ঝরছে। যখন তিনি তার নিকটে গেলেন তখন যুবকটি তাকে বললো, তার স্বপ্ন সত্যি হয়েছে। যে যুবতী মেয়েটিকে স্বপ্নে দেখেছিল সে তার মাথার নিকটে দাড়িয়ে রয়েছে এবং তার রুহ বের হওয়ার অপেক্ষা করছে। যুবকটি আবূ কুদামাকে বললো তার রক্তমাখা জামা তার মায়ের নিকটে পৌঁছে দিতে যাতে করে তিনি জানতে পারেন যে, সে তার ওসিয়ত যথাযতভাবে পালন করেছে। এরপর সে কালেমায়ে শাহাদাত পাঠ করলো এবং শাহাদাত বরণ করলো। এরপর তার রক্তমাখা কাপড়-চোপড়সহ তাকে ওখানেই দাফন করা হয়।

আবূ কুদামা 'রিক্কাতে' ফিরে আসলেন এবং মহিলার বাড়িতে গেলেন। দেখলেন যুবকটির ছোট বোন আগন্তুক মুজাহিদদের কাছে তার ভাইয়ের ব্যাপারে জিজ্ঞাসা করছে। আবূ কুদামা মহিলার সাথে কথা বলার অনুমতি

চাইলেন। মহিলা বের হয়ে আসলেন এবং বললেন তুমি 'তা'জিয়া' (শান্ত না) নিয়ে এসেছ না সুসংবাদ নিয়ে এসেছ? আবূ কুদামা বললেন 'তা'জিয়া (শান্তনা) আর সুসংবাদের মধ্যে পার্থক্য কি? মহিলা বললেন, যদি আমার ছেলে তোমার সাথে সহী সালামতে ফিরে আসে তাহলে তুমি 'তা'জিয়া নিয়ে আসলে আর যদি তুমি এই সংবাদ দাও যে আমার ছেলে শহীদ হয়ে গেছে তাহলে তুমি সুসংবাদ প্রদান করলে। আবূ কুদামা বললেন, আপনি সুসংবাদ গ্রহণ করুন, আপনার হাদীয়া আল্লাহ (সুব:) কবুল করেছেন এবং আপনার ছেলে শাহাদাত বরণ করেছে। মহিলা বললেন, সমস্ত প্রশংসা ঐ আল্লাহ (সুব:) এর যিনি কিয়ামতের দিন আমার ছেলেকে আমার জন্য একটি মূল্যবান সম্পদ হিসাবে নির্ধারণ করলেন।"[৫৬৪]

আল্লাহর রাস্তায় ব্যয় না করার ব্যাপারে সতর্কবাণী

পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{هَا أَنْتُمْ هَؤُلَاءِ تُدْعَوْنَ لِتُنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ فَمِنْكُمْ مَنْ يَبْخَلُ وَمَنْ يَبْخَلْ فَإِنَّمَا يَبْخَلُ عَنْ نَفْسِهِ وَاللَّهُ الْغَنِيُّ وَأَنْتُمُ الْفُقَرَاءُ وَإِنْ تَتَوَلَّوْا يَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ ثُمَّ لَا يَكُونُوا أَمْثَالَكُمْ} [محمد : ٣٨]

অর্থ: "তোমরাই তো তারা, তোমাদের আহ্বান করা হচ্ছে যে, তোমরা আল্লাহর পথে ব্যয় করবে। অথচ তোমাদের কেউ কেউ কার্পণ্য করছে। তবে যে কার্পণ্য করছে সে তো নিজের প্রতিই কার্পণ্য করছে। আর আল্লাহ অভাবমুক্ত এবং তোমরা অভাবগ্রস্ত। যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে তিনি তোমাদের ছাড়া অন্য কোন কওমকে স্থলাভিষিক্ত করবেন। তারপর তারা তোমাদের অনুরূপ হবে না।"[৫৬৫]

আল্লাহ (সুব:)আরও ইরশাদ করেন:

---

[৫৬৪] সূকুল উরুস ওয়ান উনসুন নুফূস ১ম খন্ড ২৮৫-২৯০পৃষ্ঠা পর্যন্ত।

[৫৬৫] সুরা মুহাম্মদ ৪৭:৩৮।

{وَمَا لَكُمْ أَلَّا تُنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلِلَّهِ مِيرَاثُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ لَا يَسْتَوِي مِنْكُمْ مَنْ أَنْفَقَ مِنْ قَبْلِ الْفَتْحِ وَقَاتَلَ أُولَئِكَ أَعْظَمُ دَرَجَةً مِنَ الَّذِينَ أَنْفَقُوا مِنْ بَعْدُ وَقَاتَلُوا وَكُلًّا وَعَدَ اللَّهُ الْحُسْنَى وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ} [الحديد : ١٠]

অর্থ: "তোমাদের কী হলো যে, তোমরা আল্লাহর পথে ব্যয় করছ না ? অথচ আসমানসমূহ ও যমীনের উত্তরাধিকারতো আল্লাহরই? তোমাদের মধ্যে যারা মক্কা বিজয়ের পূর্বে ব্যয় করেছে এবং যুদ্ধ করেছে তারা সমান নয়। তারা মর্যাদায় তাদের চেয়ে শ্রেষ্ঠ, যারা পরে ব্যয় করেছে ও যুদ্ধ করেছে। তবে আল্লাহ প্রত্যেকের জন্যই কল্যাণের ওয়াদা করেছেন। আর তোমরা যা কর, সে সম্পর্কে আল্লাহ সবিশেষ অবগত।"[৫৬৬]

ইমাম কুরতুবী এই আয়াতের তাফসীর করতে গিয়ে বলেন:

'তোমরা কেন আল্লাহর রাস্তায় যুদ্ধ করার জন্য ব্যায় করছো না অথচ তোমরাতো তোমাদের সম্পদ দুনিয়াতে রেখেই মরে যাবে। আর তোমাদের সম্পদও শেষ পর্যন্ত আল্লাহর কাছেই চলে যাবে। কেননা আসমান-যমিনের একমাত্র উত্তরাধিকার আল্লাহ (সুব:)। সুতরাং মিরাসের মাল যেভাবে উত্তরাধিকারীগণ পেয়ে যায় সেভাবে তোমাদের সকল সম্পদ আল্লাহর কাছেই ফিরে যাবে।[৫৬৭]

জান্নাতের দারোয়ান কর্তৃক আহবান

عن أَبِي ذَرٍ رضي الله عنه قال : قَالَ رسول الله صلى الله عليه وسلم مَنْ أَنْفَقَ زَوْجَيْنِ مِنْ مَالِهِ فِي سَبِيلِ اللَّهِ ابْتَدَرَتْهُ حَجَبَةُ الْجَنَّةِ يَوْمَ الْقِيَامَةِ، قُلْتُ: مَا زَوْجَانِ مِنْ مَالِهِ؟ فَقَالَ: فَرَسَانِ مِنْ خَيْلِهِ، عَبْدَانِ مِنْ عَبِيْدِهِ، بَعِيرَانِ مِنْ إِبِلِهِ

অর্থ: আবূ যর (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি তার সম্পদ সমূহ থেকে একজোড়া করে সম্পদ আল্লাহর রাস্তায় ব্যয় করে কেয়ামতের দিবসে জান্নাতের দারোয়ানগণ তাকে স্বাগত জানানোর জন্য প্রতিযোগীতায় লিপ্ত

[৫৬৬] সুরা হাদীদ ৫৭:১০।
[৫৬৭] তাফসিরে কুরতুবি সুরা হাদীদের ১০ নং আয়াতের তাফসিরে দ্রষ্টব্য।

হবে। আমি বললাম, হে আল্লাহর রাসূল! সম্পদ সমূহের মধ্য হতে কোন কোনটির জোড়া? তিনি বললেন, গোলামসমূহ থেকে দুটি গোলাম, ঘোড়াসমূহ থেকে দুটি ঘোড়া এবং উটসমূহ থেকে দুটি উট দান করা।[৫৬৮]

[৫৬৮] হাদীস সহীহঃ ইবনে হিব্বান, হাঃ ৪৬৪৩, ৪৬৪৪, ৪৬৪৫। এর তাহকীকে শুআইব আরনাউত বলেনঃ হাদীসের সনদ সহীহ এবং বর্ণনাকারী নির্ভরযোগ্য।

দশম অধ্যায়
মুজাহিদের ফজীলত

এতক্ষণ পর্যন্ত আমরা জিহাদের বিভিন্ন ফজীলত ও মর্যাদা নিয়ে আলোচনা করেছি। যারা আল্লাহর জমিনে আল্লাহর দ্বীনকে প্রতিষ্ঠার জন্য, তাওহীদের কালিমাকে বুলন্দ করার জন্য, মুসলিম ভূ-খন্ডকে রক্ষা করার জন্য মোটকথা: মুসলিমদের জান-মাল ও দ্বীন হেফাজত করার জন্য যারা যুদ্ধ করে তাদেরকে বলা হয় মুজাহিদ। আমরা এখন মুজাহিদদের বিভিন্ন ফজীলত আলোচনা করবো। ইনশাআল্লাহ!

মুজাহিদ সর্বোত্তম মানুষ

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قِيلَ يَا رَسُولَ اللَّهِ أَيُّ النَّاسِ أَفْضَلُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُؤْمِنٌ يُجَاهِدُ فِي سَبِيلِ اللَّهِ بِنَفْسِهِ وَمَالِهِ

অর্থ: "আবু সাঈদ খুদরী (রা:) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে প্রশ্ন করা হলো, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! সর্বোত্তম ব্যাক্তি কে? তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সেই ব্যাক্তি যে নিজের জান ও মাল দিয়ে আল্লাহর পথে যুদ্ধ করে।"[৫৬৯]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيَأْتِيَنَّ عَلَى النَّاسِ زَمَانٌ يَكُونُ أَفْضَلُ النَّاسِ فِيهِ بِمَنْزِلَةِ رَجُلٍ أَخَذَ بِعِنَانِ فَرَسِهِ فِي سَبِيلِ اللَّهِ كُلَّمَا سَمِعَ بِهَيْعَةٍ اسْتَوَى عَلَى مَتْنِهِ ثُمَّ طَلَبَ الْمَوْتَ مَظَانَّهُ

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মানুষের সামনে এমন এক যুগ আসবে যখন মানবকূলের মধ্যে মর্যাদার দিক থেকে ঐ ব্যাক্তিই উত্তম হবে, যে আল্লাহর পথে স্বীয় ঘোড়ার লাগাম ধরে আছে। সে যখনই জিহাদের ডাক

[৫৬৯] সহীহ বুখারী ২৭৮৬; সহীহ মুসলিম ৪৯৯৪; সুনানে নাসায়ী ৩১০৫।

শুনবে তার জন্তুর পিঠে চড়ে যাবে, অতঃপর তার চুড়ান্ত লক্ষ্য শাহাদাতের মৃত্যু অন্বেষণ করবে।[৫৭০]

মুজাহিদদের বিশেষ উপমা

عَنْ أَبِى هُرَيْرَةَ قَالَ : قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيه وسَلَّم مَثَلُ الْمُجَاهِد فِى سَبِيلِ اللَّهِ كَمَثَلِ الصَّائِمِ الْقَائِمِ الْقَانِت بِآيَاتِ اللَّهِ لاَ يَفْتُرُ مِنْ صِيَامٍ وَلاَ صَلاَةٍ حَتَّى يَرْجِعَ الْمُجَاهِدُ فِى سَبِيلِ اللَّهِ تَعَالَى

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথে জিহাদরত ব্যাক্তি যতদিন বাড়িতে ফিরে না আসে ততদিন তার উপমা হলো এমন ব্যাক্তির ন্যায়, যে বিরতিহীনভাবে সিয়াম পালন করে এবং সালাত আদায় করে।"[৫৭১]

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَثَلُ الْمُجَاهِدِ فِي سَبِيلِ اللَّهِ وَاللَّهُ أَعْلَمُ بِمَنْ يُجَاهِدُ فِي سَبِيلِهِ كَمَثَلِ الصَّائِمِ الْقَائِمِ وَتَوَكَّلَ اللَّهُ لِلْمُجَاهِدِ فِي سَبِيلِهِ بِأَنْ يَتَوَفَّاهُ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ أَوْ يَرْجِعَهُ سَالِمًا مَعَ أَجْرٍ أَوْ غَنِيمَةٍ

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, আল্লাহর পথে মুজাহিদের (আর আল্লাহ ভাল জানেন কে আল্লাহর পথে জিহাদ করে) উদাহরণ হলো ঐ ব্যাক্তির ন্যায়, যে অনবরত সালাত ও সাওম পালন করতে থাকে। আর আল্লাহর পথে মুজাহিদদের সকল দায়-দায়িত্ব স্বংয় আল্লাহ গ্রহণ করেছেন। হয়ত: তাকে শাহাদাদের মৃত্যু দিয়ে জান্নাতে প্রবেশ করাবেন নতুবা তাকে সুস্থ্য সবল অবস্থায় সাওয়াব অথবা গনীমতসহ তার পরিবারের কাছে পৌঁছে দিবেন।"[৫৭২]

[৫৭০] মুসনাদে আহমদ ৯৭২৩; মুসান্নাফে ইবনে আবী শায়বা ১৯৬৭১; সহীহ ইবনে হিব্বান ৪৬০১।
[৫৭১] সহীহ মুসলিম ৪৯৭৭।
[৫৭২] সহীহ বুখারী ২৭৮৭; সুনানে নাসায়ী ৩১২৭।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জান্নাতের দায়িত্ব গ্রহণ

عَنْ فُضَالَةَ بْنِ عُبَيْدٍ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ أَنَا زَعِيمٌ لِمَنْ آمَنَ بِي وَأَسْلَمَ وَجَاهَدَ فِي سَبِيلِ اللَّهِ بِبَيْتٍ فِي رَبَضِ الْجَنَّةِ وَبِبَيْتٍ فِي وَسَطِ الْجَنَّةِ وَبِبَيْتٍ فِي أَعْلَى غُرَفِ الْجَنَّةِ

অর্থ: "ফুজালা বিন উবায়েদ (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, যে আমার প্রতি ঈমান এনেছে, ইসলাম কবুল করেছে এবং আল্লাহর রাস্তায় যুদ্ধ করেছে। আমি ঐ ব্যক্তির জন্য এমন ঘরের জিম্মাদার যা জান্নাতের শুরুতে, মধ্যভাগে এবং জান্নাতের সর্ব উচ্চে অবস্থিত।"[৫৭৩]

মুজাহিদ স্বয়ং আল্লাহর জিম্মায়

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ أَبِي هُرَيْرَةَ ، قَالَ : قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيه وسَلَّم : ثَلاَثَةٌ فِي ضَمَانِ اللهِ ، عَزَّ وَجَلَّ ، رَجُلٌ خَرَجَ مِنْ بَيْتِهِ إِلَى مَسْجِدٍ مِنْ مَسَاجِدِ اللهِ ، عَزَّ وَجَلَّ ، وَرَجُلٌ خَرَجَ غَازِيًا فِي سَبِيلِ اللهِ وَرَجُلٌ خَرَجَ حَاجًّا

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তিন শ্রেণীর লোক আল্লাহর জিম্মায় রয়েছে: (১) যে আল্লাহর মসজিদ সমূহের কোন মসজিদের দিকে রওয়ানা হয়। (২) যে আল্লাহর পথে যুদ্ধ করার জন্য বের হয়। (৩) যে হজ্বের উদ্দেশ্যে বের হয়।"[৫৭৪]

আরেকটি হাদীস:

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ تَكَفَّلَ اللَّهُ لِمَنْ جَاهَدَ فِي سَبِيلِهِ لَا يُخْرِجُهُ إِلَّا الْجِهَادُ فِي سَبِيلِهِ وَتَصْدِيقُ كَلِمَاتِهِ بِأَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ أَوْ يَرْجِعَهُ إِلَى مَسْكَنِهِ الَّذِي خَرَجَ مِنْهُ مَعَ مَا نَالَ مِنْ أَجْرٍ أَوْ غَنِيمَةٍ

[৫৭৩] সুনানে নাসায়ী ৩১৩৩; সহীহ ইবনে হিব্বান ৪৬১৯।

[৫৭৪] কানযুল উম্মাল ৪৩২৪৪;

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর পথে জিহাদ করে এবং কেবলমাত্র জিহাদ ও আল্লাহর কথার উপর দৃঢ় আস্থাই তাকে (বাড়ি থেকে) বের করে থাকে, তাহলে আল্লাহ তার জিম্মাদার হয়ে যান। হয় তিনি তাকে জান্নাতে প্রবেশ করাবেন অথবা নেকী ও গনীমতের মাল সহ তাকে বাড়ীতে ফিরিয়ে আনবেন যেখান থেকে সে বের হয়েছিল।"[৫৭৫]

মুজাহিদদের ঘোড়া

মুজাহিদদের ঘোড়ার ব্যাপারে পবিত্র কুরআনে পৃথক একটি সূরা অবতীর্ণ হয়েছে:

{وَالْعَادِيَاتِ ضَبْحًا (١) فَالْمُورِيَاتِ قَدْحًا (٢) فَالْمُغِيرَاتِ صُبْحًا (٣) فَأَثَرْنَ بِهِ نَقْعًا (٤) فَوَسَطْنَ بِهِ جَمْعًا (٥) } [العاديات : ١ – ٥]

অর্থ: "কসম ঊর্ধশ্বাসে ছুটে যাওয়া অশ্বরাজির, অতঃপর যারা ক্ষুরাঘাতে অগ্নিস্ফূলিঙ্গ ছড়ায়, অতঃপর যারা প্রত্যুষে হানা দেয়, অতঃপর সে তা দ্বারা ধুলিত উড়ায়, অতঃপর এর দ্বারা শত্রুদলের ভেতরে ঢুকে পড়ে।"[৫৭৬]

মুজাহিদদের চলা-ফেরা, খাওয়া-দাওয়া, ক্ষুধা-তৃষ্ণা ইত্যাদির ফযীলত

উত্তর: কোরআন এবং হাদীস অনুযায়ী ইসলামের দৃষ্টিতে সারা পৃথিবীতে দ্বীন কায়েমের পদ্ধতি একটাই। আর তা হচ্ছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেভাবে দ্বীন কায়েম করেছেন। অর্থাৎ 'দা'ওয়াহ', 'তারবিয়্যাহ' (প্রশিক্ষণ), 'জিহাদ'। অর্থাৎ মানুষকে প্রথমে এক আল্লাহর আনুগত্যের দিকে আহবান করতে হবে। এ ব্যাপারে কুরআনে ইরশাদ হয়েছে:

{وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِمَّنْ دَعَا إِلَى اللَّهِ وَعَمِلَ صَالِحًا وَقَالَ إِنَّنِي مِنَ الْمُسْلِمِينَ}

অর্থ: "আর তার চেয়ে কার কথা উত্তম, যে আল্লাহর দিকে দা'ওয়াত দেয়, সৎকর্ম করে এবং বলে, অবশ্যই আমি একজন মুসলিম।"[৬৯৪]

অপর আয়াতে আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

{قُلْ هَذِهِ سَبِيلِي أَدْعُو إِلَى اللَّهِ عَلَى بَصِيرَةٍ أَنَا وَمَنِ اتَّبَعَنِي وَسُبْحَانَ اللَّهِ وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ} [يوسف : ١٠٨]

[৬৯৪] সুরা ফুসসিলাত ৪১:৩৩।

অর্থ: " বল, 'এটা আমার পথ। আমি জেনে-বুঝে আল্লাহর দিকে দা'ওয়াত দেই এবং যারা আমার অনুসরণ করেছে তারাও। আর আল্লাহ মহা পবিত্র এবং আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই'।"

উভয় আয়াতেই মানুষকে আল্লাহর দিকে আহবান করতে বলা হয়েছে। কোন দল, ফেরকা, তরীকা ও মাযহাবের দিকে আহবান করতে বলা হয় নি। যাদের কাছে দা'ওয়াহ পৌঁছে যাওয়ার পরও সাড়া দেয় না, এক ইলাহের আনুগত্যের পরিবর্তে মানব রচিত সংবিধান ও আইনের অনুসরণ করার মাধ্যমে বহু ইলাহ ও বহু রবের আনুগত্য করছে তাদের বিরুদ্ধে যুদ্ধ করার নির্দেশ রয়েছে। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ} [التوبة : ٢٩]

অর্থ: "তোমরা যুদ্ধ কর আহলে কিতাবের সে সব লোকের সাথে যারা আল্লাহ ও শেষ দিবসের প্রতি ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম মনে করে না এবং সত্য দ্বীনকে দ্বীন হিসাবে গ্রহণ করে না। (যুদ্ধ করতে থাক) যতক্ষণ না তারা স্বহস্তে নত হয়ে জিয্‌য়া প্রদান করে।"[৬৯৫]

এ আয়াত অনুযায়ী আল্লাহর দেয়া 'দ্বীনে হক্ব' কে যারা মেনে নেয়না যদিও তারা কোন কোন ক্ষেত্রে আল্লাহর আনুগত্য করে তবুও তাদের বিরূদ্ধে যুদ্ধ করতে বলা হয়েছে। কেননা কুরআনে বলা হয়েছে:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُبِينٌ} [البقرة : ٢٠٨]

অর্থ: "হে মুমিনগণ, তোমরা ইসলামে পূর্ণরূপে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না । নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য দুশমন।"[৬৯৬]

[৬৯৫] সুরা তাওবা ৯:২৯।

[৬৯৬] সুরা বাকারা ২:২০৮।

যদি কেউ কুরআনের কিছু অংশ মানে আর কিছু অংশ না মানে তার বিরূদ্ধেও যুদ্ধ করা যাবে। যেমন আবু বকর সিদ্দীক (রা:) যাকাত অস্বীকারকারীদের বিরূদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন। অথচ তারা ইসলামের অন্য সবকিছুই পালন করতো। তাই বাংলাদেশ সহ যেসকল মুসলিম দেশে রাষ্ট্রীয়ভাবে ইসলাম প্রতিষ্ঠিত নেই বরং ব্যাংকে, আদালতে, ব্যাবসা-বানিজ্যে, সংসদে ও সমাজের সকল ক্ষেত্রে ইসলামী শরিয়ার আইন উপেক্ষিত সে সকল দেশে দ্বীন কায়েমের জন্য যুদ্ধ করা ফরজ। আর এই যুদ্ধ করার জন্য যে প্রস্তুতির প্রয়োজন সেটাকেই বলে 'তারবিয়্যাহ' বা প্রশিক্ষণ। যুদ্ধের প্রস্তুতি ও প্রশিক্ষণ নেওয়ার ব্যাপারে কুরআনে নির্দেশ দেয়া হয়েছে:

{وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ} [الأنفال : ٦٠]

অর্থ: "আর তাদের মুকাবিলার জন্য তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি ও অশ্ব বাহিনী প্রস্তুত কর, যার দ্বারা তোমরা ভয় দেখাবে আল্লাহর শত্রু ও তোমাদের শত্রুদেরকে।"[৬৯৭]

এই আয়াতে শক্তি অর্জন করতে বলা হয়েছে। এই শক্তি বলতে অস্ত্রের প্রশিক্ষণ গ্রহণ করাকেই বুঝানো হয়েছে। কেননা হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ -صلى الله عليه وسلم- وَهُوَ عَلَى الْمِنْبَرِ يَقُولُ « وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ أَلاَ إِنَّ الْقُوَّةَ الرَّمْىُ أَلاَ إِنَّ الْقُوَّةَ الرَّمْىُ أَلاَ إِنَّ الْقُوَّةَ الرَّمْىُ »

অর্থ: "উকবা ইবনে আমের (রা:) থেকে বর্ণিত তিনি বলেন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মিম্বারে খুতবা দানরত অবস্থায় বলতে শুনেছি, তিনি প্রথমে এই আয়াত পাঠ করলেন, 'তাদের মুকাবিলার জন্য তোমরা তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি অর্জন কর'

[৬৯৭] সুরা আনফাল ৮:৬০।

এরপর বললেন, জেনে রাখ শক্তি হলো নিক্ষেপ করা। এভাবে তিনবার বললেন।"[৬৯৮]

সুতরাং যারা সত্যিকার ভাবেই আল্লাহর রাস্তায় দ্বীন কায়েমের জন্য যুদ্ধ করতে আগ্রহী তাদের জন্য যুদ্ধের প্রস্তুতি নেয়া অত্যন্ত জরুরী। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً} [التوبة : ٤٦]

অর্থ: " আর যদি তারা বের হওয়ার ইচ্ছা করত, তবে তারা তার জন্য সরঞ্জাম প্রস্তুত করত।" [৬৯৯]

সুতরাং যারা কোন প্রকার প্রস্তুতি ছাড়া শুধু দা'ওআতের মাধ্যমে অথবা গণতান্ত্রিক উপায়ে ভোটের মাধ্যমে ইসলাম কায়েম করতে চায় তারা মূলত: আল্লাহর সাথে উপহাস করে যাচ্ছে।

আল্লাহ (সুব:) প্রতিটি মু'মিনকে তার নিকটবর্তী কুফ্ফারদের সাথে যুদ্ধ করার আদেশ করেছেন। ইরশাদ হচ্ছে:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قَاتِلُوا الَّذِينَ يَلُونَكُمْ مِنَ الْكُفَّارِ وَلْيَجِدُوا فِيكُمْ غِلْظَةً وَاعْلَمُوا أَنَّ اللَّهَ مَعَ الْمُتَّقِينَ} [التوبة : ١٢٣]

অর্থ: "হে মুমিনগণ, তোমরা তোমাদের নিকটবর্তী কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ কর এবং তারা যেন তোমাদের মধ্যে কঠোরতা দেখতে পায়। আর জেনে রাখ, আল্লাহ মুত্তাকীদের সাথে আছেন।"[৭০০]

এ আয়াতে আল্লাহ (সুব:) মুমিনদেরকে তাঁদের নিকটবর্তী কুফ্ফারদের সাথে যুদ্ধ করতে আদেশ করেছেন। আর আমাদের নিকটবর্তী কুফ্ফার হচ্ছে তারা যারা রাষ্ট্রীয় জীবন, সামাজিক জীবন, ব্যাংক, আদালত, সংসদ, সচিবালয় ও মন্ত্রণালয়সহ সকল ক্ষেত্র থেকে ইসলামকে বের করে দিয়ে তার পরিবর্তে বিভিন্ন স্থানে মূর্তি স্থাপন করে মূর্তিপূজা, আগুন পূজা, মাজার পূজা ইত্যাদি চালু করেছে এবং ধর্মকে রাষ্ট্র থেকে আলাদা করে

[৬৯৮] সহীহ মুসলিম ৫০৫৫; সুনানে আবু দাউদ ২৫১৬।
[৬৯৯] সুরা তাওবা ৯:৪৬।
[৭০০] সুরা তাওবা ৯:১২৬।

ফেলেছে। যারা ধর্মীয় ক্ষেত্রে আল্লাহর (সুব:) সার্বভৌমত্বকে স্বীকার করে কিন্তু রাষ্ট্রীয় ক্ষেত্রে ওগুলোকে অচল মনে করো। বরং কোন কোন ক্ষেত্রে তুচ্ছ-তাচ্ছিল্লও করে তারা মূলত: ধর্মীয় ক্ষেত্রে এক ইলাহ ও রাষ্ট্রীয় ক্ষেত্রে অন্য ইলাহকে মান্য করে। এ জাতীয় লোকদের সম্পর্কে পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَقَالَ اللَّهُ لَا تَتَّخِذُوا إِلَهَيْنِ اثْنَيْنِ إِنَّمَا هُوَ إِلَهٌ وَاحِدٌ فَإِيَّايَ فَارْهَبُونِ }

অর্থ: "আর আল্লাহ বলেছেন, 'তোমরা দুই ইলাহ গ্রহণ করো না। তিনি তো কেবল এক ইলাহ। সুতরাং তোমরা আমাকেই ভয় কর।'[৭০১]

প্রশ্ন: জিহাদ শুরু করার পূর্বে কোন মুসলিম দেশের সেনাবাহিনী বা অন্যকোন শক্তির 'নুসরাহ' বা সাহায্য চাওয়ার প্রয়োজন আছে কি?

উত্তর: না! মোটেই না। জিহাদের জন্য এরকম কোন শর্ত কুরআন-হাদীসে উল্লেখ নেই। এটা মূলত: কুরআন হাদীস সম্পর্কে অজ্ঞ, ইসলামের কিছু নাদান দোস্ত তাদের অজ্ঞতার কারণে আশা করে থাকে। তারা জানেনা যে এই সেনাবাহিনী গুলোই যুগে যুগে তাগুত সরকারকে টিকিয়ে রেখেছে। এরাই মূলত: বিধর্মীদের থেকে প্রশিক্ষণ নিয়ে এসে দ্বীন কায়েমে আগ্রহী মুসলিম যুবকদেরকে জঙ্গীবাদী, মৌলবাদী, সন্ত্রাসী আখ্যা দিয়ে চরম নির্যাতন চালিয়ে থাকে। সুতরাং এদের কাছ থেকে সহযোগীতার আশা করা কতই না হাস্যকর!

প্রশ্ন: ইমাম মাহদী কি খিলাফাহ প্রতিষ্ঠার আগে আসবেন না পরে আসবেন?

উত্তর: এ প্রশ্নটি মূলত: যারা জিহাদ থেকে নিজেদেরকে দূরে রাখতে চায় তারাই করে থাকে। নতুবা দ্বীন কায়েমের জন্য যুদ্ধ-জিহাদ সবসময়ই চলতে থাকবে। এ কথা আমরা বহু দলীল-প্রমাণ দ্বারা প্রমাণিত করেছি। আমাদের কাজ হচ্ছে, আল্লাহ এবং আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশ মেনে দ্বীন কায়েমের জন্য বা খেলাফাত প্রতিষ্ঠার জন্য সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাওয়া। আল্লাহ (সুব:) ওয়াদা করেছেন যারা

---

[৭০১] **সুরা নহল ৫১।**

সত্যিকার অর্থে আল্লাহর উপর ইমান আনবে এবং নেক আমল করবে তাদেরকে তিনি খেলাফত দান করবেন। ইরশাদ হচ্ছে:

وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِينَهُمُ الَّذِي ارْتَضَى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُمْ مِنْ بَعْدِ خَوْفِهِمْ أَمْنًا يَعْبُدُونَنِي لَا يُشْرِكُونَ بِي شَيْئًا وَمَنْ كَفَرَ بَعْدَ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ} [النور : ৫৫]

অর্থ: "তোমাদের মধ্যে যারা ঈমান আনে এবং সৎকর্ম করে আল্লাহ তাদেরকে এ মর্মে ওয়াদা দিয়েছেন যে, তিনি নিশ্চিতভাবে তাদেরকে যমীনের খেলাফত প্রদান করবেন, যেমন তিনি খেলাফত প্রদান করেছিলেন তাদের পূর্ববর্তীদের এবং তিনি অবশ্যই তাদের জন্য শক্তিশালী ও সুপ্রতিষ্ঠিত করবেন তাদের দীনকে, যা তিনি তাদের জন্য পছন্দ করেছেন এবং তিনি তাদের ভয়-ভীতিকে শান্তি ও নিরাপত্তায় পরিবর্তিত করে দেবেন। তারা আমারই ইবাদাত করবে, আমার সাথে কোন কিছুকে শরীক করবে না। আর এরপর যারা কুফরী করবে তারাই ফাসিক।"[৭০২]

এই আয়াতে কোথাও বলা হয় নি যে ইমাম মাহদী না এলে মুমিনদের খিলাফত দেওয়া হবে না। বরং এই আয়াতে আল্লাহ (সুব:)আমভাবে সকল মু'মিনকে জানিয়ে দিলেন, যারা সত্যিকারে আল্লাহ (সুব:)এর উপর পূর্ণ ইমান রাখবে এবং সাথে সাথে 'আমলে সালেহ' বা নেক কাজ করবে আল্লাহ (সুব:) তাদেরকেই জমিনের কর্তৃত্ব ও খিলাফত দান করবেন।

'ইমাম মাহদী আসার পূর্বে খিলাফত কায়েম হবে না' এটি মূলত শীয়াদের আকীদা। কেননা শীয়াদের আকীদা ও বিশ্বাস হলো যে 'ইমামে গায়েব' (ইমাম মাহদী) আসল কুরআন নিয়ে 'ছুররামান রাই' নামক দ্বীপে আত্মগোপন করে আছেন। তিনি যখন সেই আসল কুরআন নিয়ে আত্মপ্রকাশ করবেন তখনই বাস্তব খেলাফত ব্যবস্থা চালু হবে তার আগে নয়।

---

[৭০২] **সুরা নূর ২৪:৫৫।**

কিন্তু 'আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ' এর আকীদা অনুযায়ী ইমাম মাহদির আগমনের পূর্বেও খেলাফত ব্যবস্থা কায়েম হতে পারে। তবে এ কথা সত্য যে, ইমাম মাহদী আগমনের পূর্বে আবারও পৃথিবী জুলুম-নির্যাতন, অত্যাচার-অনাচার ও অশান্তিতে পরিপূর্ণ হয়ে যাবে। ইমাম মাহদীর আগমনের পরে তিনি পৃথিবীতে আবারও শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনবেন এবং ন্যায় বিচার প্রতিষ্ঠা করবেন।

যেমন হাদীসে বলা হয়েছে:

عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِىِّ –صلى الله عليه وسلم– قَالَ « لَوْ لَمْ يَبْقَ مِنَ الدُّنْيَا إِلاَّ يَوْمٌ ». قَالَ زَائِدَةُ فِى حَدِيثِهِ « لَطَوَّلَ اللَّهُ ذَلِكَ الْيَوْمَ ». ثُمَّ اتَّفَقُوا « حَتَّى يَبْعَثَ فِيهِ رَجُلاً مِنِّى ». أَوْ « مِنْ أَهْلِ بَيْتِى يُوَاطِئُ اسْمُهُ اسْمِى وَاسْمُ أَبِيهِ اسْمَ أَبِى ». زَادَ فِى حَدِيثِ فِطْرٍ « يَمْلأُ الأَرْضَ قِسْطًا وَعَدْلاً كَمَا مُلِئَتْ ظُلْمًا وَجَوْرًا

অর্থ: "আবদুল্লাহ (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যদি পৃথিবীর একদিনও অবশিষ্ট থাকে তাহলেও আল্লাহ (সুব:) ঐ দিনকে দীর্ঘ করে দিবেন। অতপর সেই দিনের ভিতরে আল্লাহ (সুব:) আমার বংশের একজন লোক পাঠাবেন। যার নাম হবে আমার নামে, যার পিতার নাম হবে আমার পিতার নামে। তিনি গোটা পৃথিবীকে সততা এবং ন্যায়-পরায়নতা দ্বারা পরিপূর্ণ করে দিবেন যেভাবে তার পূর্বে সারা পৃথিবী অন্যায়-অবিচারে পরিপূর্ণ ছিল।"[৭০৩]

এই হাদীস থেকে বুঝা যায় যে, ইমাম মাহদী আসবেন। 'মাহদী' হবে তাঁর উপাধি অর্থাৎ হেদায়াত প্রাপ্ত। এ হাদীসে তাঁর নাম ও তাঁর পিতার নাম কি হবে তা স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে। তিনি আসার পর পৃথিবীতে আবার ন্যায় ও ইনসাফের শাসন কায়েম হবে। কিন্তু ইমাম মাহদি আসার আগে আর কখনও খিলাফত ব্যবস্থা কায়েম হবে না এমন কথা কোথাও বলা হয় নি। বরং কুরআনের আয়াত থেকে তার বিপরীত টাই প্রমাণীত হলো। সুতরাং আল্লাহর দেয়া শর্ত পূরণ করুন তবেই আল্লাহ (সুব:) খেলাফাত দান করবেন। একথা অস্বীকারকারীদেরকে উপরোক্ত আয়াতে ফাসিক বলে আখ্যায়িত করা হয়েছে।

---

[৭০৩] **সুনানে আবু দাউদ ৪২৮৪ হাদীসটি হাসান সহীহ।**

প্রশ্ন: 'গাজওয়াতুল হিন্দ' কি? এ সম্পর্কে হাদীসে কি বলা হয়েছে?

উত্তর: ভারতবর্ষে মুসলিম জাতি ও অমুসলিমদের মধ্যে একটি বড় ধরনের যুদ্ধ হবে বলে কিছু হাদীসে বর্ণিত হয়েছে। সেটিই 'গজওয়াতুল হিন্দ' বা 'হিন্দুস্থানের যুদ্ধ' নামে পরিচিত। এ সম্পর্কে বর্ণিত হাদীস নিম্নে পেশ করা হলো:

عَنْ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِصَابَتَانِ مِنْ أُمَّتِي أَحْرَزَهُمَا اللَّهُ مِنْ النَّارِ عِصَابَةٌ تَغْزُو الْهِنْدَ وَعِصَابَةٌ تَكُونُ مَعَ عِيسَى ابْنِ مَرْيَمَ عَلَيْهِمَا السَّلَام

অর্থ: "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুক্ত দাস সাওবান (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমার উম্মতের দুটি দলকে আল্লাহর (সুব:) জাহান্নামের আগুন থেকে হেফাজত করবেন। একটি হলো: যারা হিন্দুস্থানে যুদ্ধ করবে। আর দ্বিতীয়টি হলো: যারা ইসা (আ:) এর সাথে থাকবে।"[৭০৪]

এই হাদীসে স্পষ্ট করে বলা হয়েছে, হিন্দুস্থানে একটি বড় ধরণের যুদ্ধ হবে এবং এই যুদ্ধে যাঁরা পূর্ণ ইখলাসের সাথে অংশগ্রহণ করবে তাঁদেরকে জাহান্নামের থেকে নিরাপদ থাকার সুসংবাদ দেওয়া হয়েছে। সাথে সাথে ঈসা (আ:) যে আসবেন তারও স্পষ্ট বর্ণনা রয়েছে। সুতরাং ঈসা (আ:) এর আগমন কোন কাল্পনিক বা রূপক বিষয় নয়। 'গাযওয়াতুল হিন্দ' সম্পর্কে আরেকটি হাদীস বর্ণিত হয়েছে:

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ وَعَدَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَزْوَةَ الْهِنْدِ فَإِنْ أَدْرَكْتُهَا أُنْفِقْ فِيهَا نَفْسِي وَمَالِي فَإِنْ أُقْتَلْ كُنْتُ مِنْ أَفْضَلِ الشُّهَدَاءِ وَإِنْ أَرْجِعْ فَأَنَا أَبُو هُرَيْرَةَ الْمُحَرَّرُ

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট 'গাযওয়াতুল হিন্দের' ব্যাপারে ওয়াদা করেছেন (ভবিষ্যৎবাণী করেছেন)। সুতরাং আমি যদি আমার

---

[৭০৪] **সুনানে নাসায়ী ৩১৭৫; হাদীসটি সহীহ; তারীখুল কাবীর লিল বুখারী ১৭৪৭; সুনানে বাইহাকী ১৮৩৮১; তাবরানী ৬৭৪১; মুসনাদে আহমদ ২২৪৪৯।**

জীবদ্দশায় উক্ত যুদ্ধে অংশগ্রহণ করার সুযোগ পাই তাহলে আমি আমার জান এবং মাল তাতে ব্যয় করবো। যদি আমি শহীদ হয়ে যাই তাহলে আমি হবো সর্বোত্তম শহীদদের অন্তর্ভূক্ত। আর যদি আমি ফিরে আসি তাহলে তো আমি স্বাধীন আবু হুরাইরা।"[৭০৫]

এই হাদীসটিকে মুহাদ্দিসীনগণ 'দূর্বল' হিসাবে আখ্যায়িত করেছেন।[৭০৬] তবে পূর্বের সহীহ হাদীসটি এ হাদীসের সমর্থক থাকায় এ হাদীসটিকে গ্রহণ করা যেতে পারে। আর উভয় হাদীস থেকেই 'গাজওয়াতুল হিন্দে'র গুরুত্ব এবং তাতে অংশগ্রহণকারীদের মর্যাদা সম্পর্কে জানা গেল।

প্রশ্ন: বর্তমান বিশ্বের কাফের ও তাগুতের বিরূদ্ধে যুদ্ধ শুরু করার পূর্বে তাদেরকে ইসলাম গ্রহণের দা'ওয়াত দেওয়ার গুরুত্ব কতটুকু? দা'ওয়াত না দিয়ে যুদ্ধ শুরু করা যাবে কিনা?

উত্তর: যাদের কাছে ইসলামের দা'ওয়াত পৌঁছে নি তাদের উপর আক্রমণ করার পূর্বে তাদেরকে ইসলামের দিকে আহবান করা আবশ্যক। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন সেনাদল পাঠাতেন তখন তাদেরকে যে উপদেশগুলো দিতেন তার মধ্যে অন্যতম ছিল, 'যাদের উপর আক্রমণ করা হবে তাদেরকে প্রথমে ইসলামের দা'ওয়াত দেয়া' তা অস্বীকার করলে তাদেরকে জিযিয়া আদায় করার জন্য আহবান করা, যদি তাতেও রাজি না হয় তাহলে যুদ্ধ শুরু করা। নিম্নের হাদীসটি দ্বারা এই বিষয়টিই বুঝা গেল:

عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيه قَالَ كَانَ رَسُولُ اللَّه –صلى الله عليه وسلم– إِذَا أَمَّرَ أَمِيرًا عَلَى جَيْشٍ أَوْ سَرِيَّةٍ أَوْصَاهُ فِى خَاصَّته بتَقْوَى اللَّه وَمَنْ مَعَهُ منَ الْمُسْلمينَ خَيْرًا ثُمَّ قَالَ « اغْزُوا باسْمِ اللَّه فِى سَبِيلِ اللَّه قَاتلُوا مَنْ كَفَرَ باللَّه اغْزُوا وَ لاَ تَغُلُّوا وَلاَ تَغْدرُوا وَلاَ تَمْثُلُوا وَلاَ تَقْتُلُوا وَليدًا وَإِذَا لَقيتَ عَدُوَّكَ منَ الْمُشْرِكِينَ فَادْعُهُمْ إِلَى ثَلاَثِ خِصَالٍ – أَوْ خِلاَلٍ – فَأَيَّتُهُنَّ مَا أَجَابُوكَ فَاقْبَلْ منْهُمْ

[৭০৫] সুনানে নাসায়ী ৩১৭৩। হাদীসটি দূর্বল সনদে বর্ণিত।

[৭০৬] দেখুন! সহীহ ও জঈফ সুনানে নাসায়ী শায়েখ নাসিরুদ্দীন আলবানী (র:) হাদীস নং ৩১৭৩।

وَكُفَّ عَنْهُمْ ثُمَّ ادْعُهُمْ إِلَى الإِسْلاَمِ فَإِنْ أَجَابُوكَ فَاقْبَلْ منْهُمْ وَكُفَّ عَنْهُمْ ثُمَّ ادْعُهُمْ إِلَى التَّحَوُّلِ منْ دَارِهِمْ إِلَى دَارِ الْمُهَاجِرِينَ وَأَخْبِرْهُمْ أَنَّهُمْ إِنْ فَعَلُوا ذَلكَ فَلَهُمْ مَا للْمُهَاجِرِينَ وَعَلَيْهِمْ مَا عَلَى الْمُهَاجِرِينَ فَإِنْ أَبَوْا أَنْ يَتَحَوَّلُوا منْهَا فَأَخْبِرْهُمْ أَنَّهُمْ يَكُونُونَ كَأَعْرَابِ الْمُسْلمِينَ يَجْرِى عَلَيْهِمْ حُكْمُ اللَّه الَّذى يَجْرِى عَلَى الْمُؤْمنِينَ وَلاَ يَكُونُ لَهُمْ فِى الْغَنِيمَة وَالْفَىْءِ شَىْءٌ إِلاَّ أَنْ يُجَاهدُوا مَعَ الْمُسْلمِينَ فَإِنْ هُمْ أَبَوْا فَسَلْهُمُ الْجزْيَةَ فَإِنْ هُمْ أَجَابُوكَ فَاقْبَلْ منْهُمْ وَكُفَّ عَنْهُمْ فَإِنْ هُمْ أَبَوْا فَاسْتَعِنْ باللَّه وَقَاتلْهُمْ.

অর্থ: "সুলাইমান ইবনে বুরাইদা (রা:) তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন বড় কিংবা ছোট সমর অভিযানে আমীর বা সেনাপতি নিযুক্ত করে পাঠাতেন, তখন মহান পরাক্রমশালী আল্লাহ (সুব:) এর তাকওয়া বা পরহেজগারী উত্তমরূপে পালন করার জন্যে তাকে ও তার সঙ্গে যেসব মুসলিম বাহিনী থাকতো তাদেরকে বিশেষ তাকিদের সাথে অসিয়ত বা হেদায়েত করতেন। অতঃপর বলতেন, যে আল্লাহর সাথে কুফরী করে, 'বিসমিল্লাহ' বলে তার সাথে যুদ্ধে লিপ্ত হয়ে পড়ো। যুদ্ধ করো তবে তোমরা সীমালঙ্ঘন করো না, বিশ্বাসঘাতকতা করো না, হাত পা কেটে খণ্ড খণ্ড করে বিকৃত করো না এবং শিশুদেরকে হত্যা করো না।

আর যখন তোমাদের মুশরিক শত্রুর সাথে যুদ্ধ বেঁধে যায়, তখন তিনটি নীতির দিকে তাদেরকে আহবান জানাও। এর যে কোনটি সে যখন মেনে নেয় তখন তা গ্রহণ করে নাও এবং যুদ্ধ বন্ধ করে দাও। তাদেরকে সর্বপ্রথম ইসলাম কবুল করার দিকে আহবান জানাও। যদি তারা তোমার এ আহাবানে সাড়া দেয় তখন তুমি তাদের এ সাড়া কবুল করে নাও এবং যুদ্ধ বন্ধ করে দাও। অতঃপর তাদেরকে নিজেদের ঘর-বাড়ি ত্যাগ করে মুহাজেরীনদের আবাস ভূমির দিকে হিজরত করে যাবার আহবান করো। আর তাদেরকে জনিয়ে দাও, যদি তারা উক্ত কাজটি সম্পন্ন করে তাহলে লাভে ও লোকসানে উভয় অবস্থায় তারা মুহাজেরীনদের সাথে সমান হারে অংশীদার থাকবে।

আর যদি তারা হিজরাত করতে অস্বীকৃতি জানায়। তখন তাদেরকে অবহিত করে দাও যে, তারা সাধারণ বেদুইন মুসলিম নাগরিক পর্যায়ে স্বীকৃতি পাবে। ফলে সাধারণ মুমিনীনের ওপর আল্লাহর বিধি-বিধান যেরূপ প্রয়োগ হয় তাদের ওপর তাই প্রয়োগ হবে এবং (গণিমত) যুদ্ধলব্ধ কিংবা (যুদ্ধবিহীন) সন্ধিচুক্তির মাধ্যমে যেসব সম্পদ অর্জিত হয় তার কিছুই তারা পাবে না। তবে যদি মুসলিমদের সাথে যুদ্ধ-জিহাদে অংশগ্রহণ করে, তখন হিস্যা অনুযায়ী হকদার হবে। আর যদি তারা ইসলাম গ্রহণে অস্বীকৃতি জানায় তখন তাদেরকে জিযিয়া (বিশেষ কর) প্রদানে বাধ্য করো। যদি তারা তা মেনে নেয়, তোমরা তা কবুল করে নাও এবং তাদের সাথে এ অবস্থায়ও যুদ্ধ বন্ধ রাখো। আর যদি তারা উক্ত জিযিয়া প্রদানে অস্বীকৃতি জানায়, তখন (তৃতীয় ও শেষ ফয়সালা) আল্লাহর কাছে মদদ ও সাহায্য কামনা করো এবং তাদের সাথে প্রত্যক্ষ যুদ্ধে লিপ্ত হয়ে পড়ো।[৭০৭]

এ হাদীস দ্বারা বুঝা যায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুদ্ধ শুরু করার পূর্বে ইসলাম গ্রহণের দিকে আহবান করতে নির্দেশ দিয়েছেন। সুতরাং যাদের কাছে ইসলামের দাওয়াত ইতিপূর্বে পৌঁছে নি এ হাদীস অনুযায়ী তাদের কাছে ইসলামের দাওয়াত পেশ করতে হবে। আর যাদের কাছে দাওয়াত পৌঁছে গেছে কিন্তু তারা তা গ্রহণ করে নি তাদের কাছে নতুন করে ইসলামের দাওয়াত পেশ করা জরুরী নয়। তবে চুড়ান্ত হামলা করার পূর্বে সর্বশেষ সুযোগ হিসাবে দাওয়াত পেশ করা ভাল।

কিন্তু যদি এমন আশংকা বোধ করা হয় যে তারা এতে সর্তক হয়ে মুসলিমদের ক্ষতি করবে সেক্ষেত্রে তাদেরকে জানানোর প্রয়োজন নেই, বরং না জানানোই উচিৎ। এ সম্পর্কে দলীল হলো, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকোন কওমের উপর হামলা করার পূর্বে রাতের বেলায় অবস্থান নিতেন। যদি ফজরের আযাত শুনা যেত তাহলে হামলা করা থেকে বিরত থাকতেন। আর যদি আযান শুনা না যেত তাহলে হামলা করতেন। হাদীস:

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا غَزَا بِنَا قَوْمًا لَمْ يَكُنْ

[৭০৭] সহীহ মুসলিম ৪৬১৯।

يَغْزُو بِنَا حَتَّى يُصْبِحَ وَيَنْظُرَ فَإِنْ سَمِعَ أَذَانًا كَفَّ عَنْهُمْ وَإِنْ لَمْ يَسْمَعْ أَذَانًا أَغَارَ عَلَيْهِمْ

অর্থ: আনাস (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখনই আমাদের নিয়ে কোন গোত্রের বিরূদ্ধে যুদ্ধ করতে যেতেন, ভোর না হওয়া পর্যন্ত অভিযান পরিচালনা করতেন না বরং লক্ষ্য রাখতেন, যদি তিনি তখনি আযান শুনতে পেতেন, তাহলে তাদের বিরূদ্ধে অভিযান পরিচালনা করা থেকে বিরত থাকতেন। আর যদি আযান শুনতে না পেতেন, তাহলে অভিযান চালাতেন।"[৭০৮]

প্রশ্ন: ইসলামের ভূমি বলতে কি বর্তমানে খিলাফাহ্ প্রতিষ্ঠিত থাকতে হবে নাকি এক সময় খিলাফাহ্ ছিল এমন স্থানও গন্য হবে? সে স্থানটি শত্রুবাহিনীর দখল থেকে মুক্ত করার জন্যে কি জিহাদ করতে হবে?

উত্তর: বর্তমানে যদি খেলাফত ব্যাবস্থা কায়েম থাকে তাহলে তো তার বিরূদ্ধে যুদ্ধ করার কোন প্রয়োজনই নেই। এমনকি যদি কোন গোষ্ঠি বা দল কোন এলাকায় খলীফাতুল মুসলিমীনের বিরূদ্ধে 'বাগাওয়াত' (বিদ্রোহ) করে তখন খলীফা নিজেই তাদের বিরূদ্ধে যুদ্ধ ঘোষণা করবে। কাজেই ইসলামের ভূমি বলতে যে কোন সময় মুসলিমরা যে ভূখন্ডের উপর বিজয় লাভ করে ইসলামি শাসন প্রতিষ্ঠা করেছে সেটাই ইসলামের ভূমি বলে গন্য হবে।

আর যদি কোন ভূখন্ডে ইসলামী শাসন তথা খিলাফত প্রতিষ্ঠিত থাকা অবস্থায় সেই ভূখন্ডের সম্পূর্ণ বা আংশিক কোন অমুসলিমরা দখল করে নেয় তাহলে সর্ব প্রথম ঐ ভূখন্ডের খলীফার দায়িত্ব হয় তা পুনরুদ্ধার করা। যদি তিনি অক্ষম হন তাহলে পার্শ্ববর্তী মুসলিমদের সহযোগীতা চাবে। এভাবে গোটা দুনিয়ার মুসলিমদের দায়িত্ব হয়ে যায় ঐ ভূখন্ড উদ্ধার করা। আর যদি মুসলিমদের কোন দেশ ইসলামি শাসন প্রতিষ্ঠিত হওয়ার পরে সম্পূর্ণভাবে অমুসলিমরা দখল করে নেয় অথবা সেখানের সকল মুসলিমগণ মুরতাদ হয়ে যায় সেক্ষেত্রে গোটা পৃথিবীর মুসলিমদের

[৭০৮] সহীহ বুখারী ৬১০।

পক্ষ থেকে একজন ইমাম নিয়োগ করে সেই ইমামের অধিনে যুদ্ধ পরিচালনা করে মুসলিম দেশগুলো পুনরুদ্ধার করা ফরজে আ'ইন।

একারণেই হাদীসে বলা হয়েছে:

عَنْ اَبِيْ هُرَيْرَ اَنْهُ سَمَعَ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ يَقُوْلُ ... وَاِنَّمَا الاِمَامُ جُنَّةٌ يَقا تَلُ مِنْ وراءه وَيُتقى بِهِ

অর্থ: "আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন, নিশ্চয়ই ইমাম হলো ঢাল। তার অধিনে যুদ্ধ পরিচালিত হবে এবং তার মাধ্যমেই আত্মরক্ষা হবে।[৭০৯]"

এই ইমামকেই বাইআ'ত দেয়া ফরজ। যার বিস্তারিত আলোচনা বক্ষমান কিতাবে রয়েছে। কিন্তু আফসোসের বিষয় হলো, আজ মুসলিমদের অনেক ভূখন্ড কাফেররা দখল করে আছে অথচ তা পুনরুদ্ধারের জন্য সাধারন মুসলিমদের মধ্যে কোন প্রকার অনুভূতি লক্ষ্য করা যাচ্ছে না বরং যারা সামান্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন তাদের বিরূদ্ধে নানা রকম চক্রান্ত ও মিথ্যা অপবাদ দেয়া হচ্ছে। তাদেরকে ইহুদী-খৃষ্টানদের সাথে কণ্ঠ মিলিয়ে জঙ্গিবাদী, মৌলবাদী ও সন্ত্রাসী বলে আখ্যায়িত করা হচ্ছে। এমনকি মসজিদ-মাদরাসাগুলো থেকেও জিহাদের আলোচনা উঠে গেছে। শুধু উঠে গেলেও ক্ষতি ছিল না বরং তারা জিহাদকে নফসের জিহাদ, কলমের জিহাদ ও কথার জিহাদ ইত্যাদির মাধ্যমে ব্যাখ্যা করে অস্ত্রের জিহাদকে সন্ত্রাসী কর্মকান্ড বলে সাধারন মুসলিম ও মাদরাসার ছাত্রদের বিভ্রান্ত করছে। বাইআ'তের হাদীসগুলোকে পীর-মুরীদির বাইআ'তের মাধ্যমে পরিবর্তন করা হয়েছে। সুতরাং মুসলিম ভূখন্ডকে অমুসলিমদের দখল থেকে পূনরুদ্ধার করতে হলে প্রথমে খিলাফাত ও বাইআ'তকে পীর-মুরীদির কবল থেকে পূনরুদ্ধার করতে হবে।

---

[৭০৯] বুখারী কিতাবুল জিহাদ, ইমামের নেতৃত্বে জিহাদ অধ্যায়, হাঃ নং ২৭৫৭, মুসলিম হাঃ ১৮৩৫,নাসাই হাঃ৪১৯৩, ইবনে আবি শাইবা হাঃ৩২৫২৯, আহমাদ হাঃ ৭৪২৮, ইবনে মাজাহ হাঃ ২৮৫৯,

প্রশ্ন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কয়টি যুদ্ধ করেছেন? যুদ্ধগুলোর নাম কি?

উত্তর: হিজরতের পর ধারাবাহিকভাবে যুদ্ধের কার্যক্রম শুরু হয়। এর কোন কোনটিতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বয়ং অংশগ্রহণ করেছেন আবার কোন কোনটিতে বিশেষ বিশেষ সাহাবীর নেতৃত্বে সৈন্য প্রেরণ করেছেন। ঐতিহাসিকগণের পরিভাষায় প্রথম প্রকারের যুদ্ধাভিযানকে গায্ওয়াহ আর দ্বিতীয় প্রকার যুদ্ধাভিযানকে সারিয়াহ বলে। গাযওয়ার মোট সংখ্যা ২৩ টি তন্মধ্যে ৯ টিতে যুদ্ধ সংঘটিত হয়েছিল। অন্যান্যগুলোতে যুদ্ধ সংঘটিত হয়নি। সর্বমোট সারিয়াহর সংখ্যা হলো ৪৩ টি। আশ্চর্যের বিষয় হচ্ছে: এ সকল গাযওয়াহ এবং সারিয়াহর মধ্যে মুসলিমদের যুদ্ধাস্ত্র ও সৈন্য সংখ্যা কম থাকা সত্ত্বেও বিজয় তাদের পক্ষেই ছিল। অবশ্য শুধু উহুদ যুদ্ধে প্রথমত: মুসলমানগণ বিজয় লাভের পর পরবর্তী এক পর্যায়ে তাদের পরাজয় ঘটে, তাও এজন্য যে, সৈন্যদের একদল আদেশ অমান্য করেছিল।

আমরা এসকল গযওয়াহ ও সারিয়াহ সমুহকে সুস্পষ্টভাবে ব্যাখ্যা করার উদ্দেশ্যে বর্ষওয়ারী নিম্নে পেশ করছি। কেননা গাযওয়াহ ও সারিয়াহ সমূহের তারিখ এবং সংখ্যায় অনেক মতভেদ আছে, এজন্যই আমরা সকল মতভেদ বর্জণ করে হাফিযে হাদীস আল্লামা মোগলতাই (রহ:) রচিত সীরাতের উপর আস্থা পোষন করেছি। যা নিম্নরূপ:

প্রথম হিজরী: দুইটি সারিয়াহ মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রেরণ করেছিলেন। যথা: (১) সারিয়াহ হামযা (রা:) (২) সারিয়াহ ওবায়দাহ (রা:)।

দ্বিতীয় হিজরী: (১) গাযওয়াহ আবওয়াহ, যাকে গাযওয়াহ উদ্যানও বলা হয়। (২) গাযওয়াহ বাওয়াত, (৩) গাযওয়াহ বদরে কুবরা, (৪) গাযওয়াহ বনী কাইনুকা, (৫) গাযওয়াহ সাভীক এবং তিনটি সারিয়াহ প্রেরিত হয়েছিল, যথা (১) সারিয়াহ আবদুল্লাহ ইবনে জাহশ, (২) সারিয়াহ 'উমাইর, (৩) সারিয়াহ সালেম। এ বছর সবচেয়ে গুরুত্বপূর্ণ গাযওয়াহ বদর।

তৃতীয় হিজরীঃ এতে তিনটি গাযওয়াহ সংঘটিত হয়েছিল। যথাঃ (১) গাযওয়াহ গাতফান, (২) গাযওয়াহ উহুদ, (৩) গাযওয়াহ হামরাউল আসাদ এবং দুইটি সারিয়াহ প্রেরিত হয়েছিল। এ বছর সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে গাযওয়াহ উহুদ।

চতুর্থ হিজরীঃ উক্ত হিজরীতে দুইটি গাযওয়াহ অনুষ্ঠিত হয়েছিল। যথাঃ (১) গাযওয়াহ বনি নযীর, (২) গাযওয়াহ বদরে সুগরা এবং চারটি সারিয়াহ প্রেরণ করা হয়েছিল। যথাঃ (১) সারিয়াহ আবু সালামা, (২) সারিয়াহ আবদুল্লাহ ইবনে উনাইস, (৩) সারিয়াহ মুনযির, (৪) সারিয়াহ মারছাদ।

পঞ্চম হিজরীঃ তাতে চারটি গাযওয়াহ সংঘটিত হয়েছিল। যথাঃ (১) গাযওয়াহ যাতুর রেকা, (২) গাযওয়াহ দুমাতুল জানদাল, (৩) গাযওয়াহ মুরাইসী (যাকে গাযওয়াহ বনি মুস্তালিক বলা হয়।) (৪) গাযওয়াহ খন্দক। এ বছরে গাযওয়াহ খন্দক সবচেয়ে প্রসিদ্ধ ও গুরুত্বপূর্ণ।

ষষ্ঠ হিজরীঃ এতে তিনটি গাযওয়াহ অনুষ্ঠিত হয়েছিল। যথাঃ (১) গাযওয়াহ বনি লাহইয়ান, (২) গাযওয়াহ গাবাহ যাকে গাযওয়াহ কারাদও বলা হয়, (৩) গাযওয়াহ হুদাইবিয়া।

উল্লেখিত হিজরীতে এগারটি সারিয়াহ প্রেরিত হয়েছিল। যথাঃ ১। সারিয়াহ মুহাম্মদ ইবনে মুসলিমা, ২। সারিয়াহ আক্কাশা, ৩। সারিয়াহ মুহাম্মদ ইবনে মাসলামা যিলকুসসাভিমুখে, ৪। সারিয়াহ যায়েদ ইবনে হারেসা বনী সুলাইম অভিমুখে, ৫। সারিয়াহ আঃ রহমান ইবনে আউফ, ৬। সারিয়াহ আলী, ৭। সারিয়াহ যায়েদ ইবনে হারেসা উম্মে কারফা অভিমুখে, ৮। সারিয়াহ আব্দুল্লাহ ইবনে আতীক, ৯। সারিয়াহ আব্দুল্লাহ ইবনে রাওয়াহ, ১০। সারিয়াহ কুরয্ ইবনে জাবের, ১১। সারিয়াহ আমর আয যামরী।

এই বৎসরের গাযওয়াহ সমূহের মধ্যে গাযওয়াহ হুদাইবিয়াহ সবচেয়ে গুরুত্বপূর্ণ গাযওয়াহ।

সপ্তম হিজরীঃ এই বৎসরে মাত্র একটি গাযওয়াহ যা গাযওয়াহ খায়বর নামে সংঘটিত হয়েছিল এবং পাঁচটি সারিয়াহ প্রেরণ করা হয়েছিল। যথাঃ

১। সারিয়াহ আবু বকর, ২। সারিয়াহ বিশক্ষ ইবনে সাদ, ৩। সারিয়াহ গালিব ইবনে আব্দুল্লাহ, ৪। সারিয়াহ বশীর, ৫। সারিয়াহ আহযাম।

অষ্টম হিজরীঃ এই বৎসর চারটি গুরুত্বপূর্ণ গাযওয়াহ সংঘটিত হয়েছিল। যথাঃ ১। গাযওয়াহ মুতা, ২। মক্কা বিজয়, ৩। গাযওয়াহ হোনাইন, ৪। গাযওয়াহ তায়েফ এবং দশটি সারিয়াহ প্রেরণ করা হয়েছিল। যথাঃ ১। সারিয়াহ গালিব- বানী মুলাইব অভিমুখে, ২। সারিয়াহ গালিব-ফাদক অভিমুখে, ৩। সারিয়াহ শুজা, ৪। সারিয়া কাব, ৫। সারিয়াহ আমর ইবনুল আস, ৬। সারিয়াহ আবূ ওবাইদা ইবনুল আমর জাররাহ্, ৭। সাবিয়াহ আবু কাতাদাহ্, ৮। সারিয়াহ খালেদ যাকে গুমায়সাও বলা হয়, ৯। সারিয়াহ তোফায়েল ইবনে আমর দূসী, ১০। সারিয়াহ কাতবাহ্।

নবম হিজরীঃ এই বৎসর শুধু তাবুক যুদ্ধাভিযানই সংঘটিত হয়েছিল। যা গুরুত্বপূর্ণ যুদ্ধাভিযানের অন্তর্ভূক্ত এবং তিনটি সারিয়াহ প্রেরণ করা হয়েছিল। যথাঃ ১। সারিয়াহ্ আলকামা, ২। সারিয়াহ্ আলী, ৩। সারিয়াহ্ আক্কাশা।

দশম হিজরীঃ এই বৎসর শুধু দুটি সারিয়াহ প্রেরণ করা হয়েছিল। যথাঃ ১। সারিয়াহ খালেদ ইবনে ওয়ালিদ- নাজরানের প্রতি। ২। সারিয়াহ আলী- ইয়ামানের প্রতি। এই বৎসরই বিদায় হজ্জ অনুষ্ঠিত হয়েছিল।

একাদশ হিজরীঃ এই বৎসর শুধু মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত উসাম এর নেতৃত্বে একটি সারিয়াহ্ প্রেরণের নির্দেশ দিয়েছিলেন যা তার ওফাতের পর রওয়ানা হয়েছিল।

মোট গাযওয়াহর সংখ্যা ২৩টি এবং সারিয়াহ্র সংখ্যা ৪৩টি। এখানে একটি কথা লক্ষ্যণীয় যে, মুহাদ্দিছীন ও ইসলামী ঐতিহাসিকগণের পরিভাষায় গাযওয়া এবং সারিয়াহ্ শব্দদ্বয়ের প্রয়োগ এত সাধারণভাবে করা হয়েছে যে, সামান্য ঘটনা সমূহকে গাযওয়া ও সারিয়াহ্ নামে অভিহিত করা হয়েছে। যদি এক অথবা দুইজন লোক কোন দোষী লোককে গ্রেফতার করার জন্য গমন করতো তাহলে ঐতিহাসিকগণের পরিভাষায় একে সারিয়াহ নামে অভিহিত করা হতো। এমনি ভাবে গাযওয়াহ্ শব্দের অর্থের বেলায়ও ঐতিহাসিকগণের পরিভাষায় অত্যন্ত

ব্যপকতা লাভ করেছে। এ জন্যই গাযওয়াহ্ ও সারিয়াহর সর্বমোট সংখ্যা উল্লিখিত শিরোনামের বর্ণনা অনুযায়ী ছিষষ্টি পর্যন্ত পৌছে। নতুবা আমদের প্রচলন অনুযায়ী গাযওয়াহ্ ও সারিয়াহ যেগুলোকে গুরুত্বপূর্ণ মনে করা হয় তা এগুলোর মধ্যে মাত্র কয়েকটি। যেগুলোর বিস্তারিত বর্ণনা সীরাতের কিতাবসমূহে দেখা যেতে পারে।

কুরআন-হাদীসে যুদ্ধ সামগ্রীর আলোচনা

প্রশ্ন: আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তীর-তরবারী ব্যবহার করেছেন কি? যদি করে থাকেন তাহলে সেগুলোর নাম কি ছিল?

উত্তর: হ্যা! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও তীর-তরবারী, বর্শা ব্যবহার করেছেন। কেননা, এগুলো ব্যবহার করার জন্য আল্লাহ (সুব:) নির্দেশ দিয়েছেন। ইরশাদ হচ্ছে:

{وَلْيَأْخُذُوا أَسْلِحَتَهُمْ} [النساء : ١٠٢]

অর্থ: “তারা যেন অবশ্যই তাদের অস্ত্র ধারণ করে।”[৭১০]

অন্য আয়াতে ইরশাদ হচ্ছে:

{وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ} [الأنفال : ٦٠]

অর্থ: “আর তাদের মুকাবিলার জন্য তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি ও অশ্ব বাহিনী প্রস্তুত কর।”[৭১১]

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, এই আয়াতে শক্তি বলতে অস্ত্র প্রশিক্ষণকে বুঝানো হয়েছে। এ আয়াতগুলোর উপরে অবশ্যই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও আমল করেছেন এবং সাহাবায়ে কিরামগণও আমল করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অনেকগুলো তীর-তরবারি ছিল। তার মধ্যে কিছু তরবারির নাম নিম্নে পেশ করা হলো:

[৭১০] সুরা নিসা ৪:১০২।
[৭১১] সুরা আনফাল ৪:৬০।

১. اَلْمَأْثُوْرُ (আল মাছূর) পিতার উত্তরাধিকারী সুত্রে প্রাপ্ত তরবারি। যা নিয়ে মদিনায় গমন করেছিলেন।

২. اَلْعَضَبُ (আল আ'ধাব) বদরের যুদ্ধের সময় সা'দ ইবনে আবী ওবাদাহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে উপহার দিয়েছেন।

৩. ذُوالْفُقَارُ (যুল ফুক্বার) বদরের যুদ্ধে গনিমত হিসাবে প্রাপ্ত।

৪. اَلصَّمْصَامُ (আস্-সাম্‌সাম্) আমর ইবনে মা'দী কারাব আয যুবাইদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হাদীয়া পেশ করেছিলেন।

৫. اَلْقَلَعِيْ (আল ক্বালায়ী') ক্বালায়ী' নামক জনপদে তৈরী তরবারি।

৬. اَلْبَتَّارُ (আল বাত্তার)

৭. اَلْحَتَفُ (আল হাতাফ) হাতাফের শাব্দিক অর্থ হলো মৃত্যু।

৮. اَلرُّسُوْبُ (আর রুসূব) রাসাব এর শাব্দিক অর্থ হলো 'পানিতে ডুব দেওয়া'। যেহেতু এই তরবারীর আঘাত অনেক গভীরে পৌছে যেত তাই তাকে 'আর রুসূব' বলা হতো।

৯. اَلْمخْذَمُ (আল মিখযাম)

১০. اَلْقَضِيْبُ (আর ক্বাজিব) ধারালো তরবারী।

এছাড়াও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একটি বর্শা ছিল যার নাম ছিল اَلْبَتْعَةُ (আল বাতআ'হ)। আরেকটি বড় বর্শা ছিল যার নাম اَلْبَيْضَاءُ (আল বাইদ্বা)। আরেকটি ছোট বর্শা ছিল যার নাম ছিল اَلْعَنَزَةُ (আল আ'নাযাহ)। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একটি লোহার হেলমেট ছিল যার নাম হলো اَلْمُوَشَّحُ (আল মুয়াশশাজ)। আরেকটি হেলমেট যেটি মক্কা বিজয়ের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মাথায় ছিল তার নাম ছিল اَلسَّبُوْغُ (আস সাবূগ')। একটি ঢাল ছিল যার নাম হলো اَلزَّلُوْقُ (আয যালূক)। এছাড়াও আরো দু'টি ঢাল ছিল।

প্রশ্ন: বর্তমানে অনেক দ্বীনদার, বুযুর্গ, মডারেট আলেম, ও পীর পন্থী লোকদের বলতে শুনা যায়, 'অসির যুদ্ধ ত্যাগ কর, মসির যুদ্ধ ধারণ কর' অর্থাৎ তলোয়ারের যুদ্ধ ত্যাগ করে, নফসের বিরূদ্ধে যুদ্ধ করার জন্য উদ্বুদ্ধ করে। তাদের এই বক্তব্য কতটুকু সঠিক?

উত্তর: এ বক্তব্য মূলত: ইহুদী-খৃষ্টানদের। তারা সব সময় কামনা করে যেন মুসলিমরা অস্ত্র ছেড়ে দেয়। যেমন পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{وَدَّ الَّذِينَ كَفَرُوا لَوْ تَغْفُلُونَ عَنْ أَسْلِحَتِكُمْ وَأَمْتِعَتِكُمْ فَيَمِيلُـــونَ عَلَـــيْكُمْ مَيْلَـــةً وَاحِدَةً} [النساء : ١٠٢]

অর্থ: "কাফিররা কামনা করে যদি তোমরা তোমাদের অস্ত্র-শস্ত্র ও আসবাব-পত্র সম্পর্কে অসতর্ক হও তাহলে তারা তোমাদের উপর একসাথে ঝাঁপিয়ে পড়বে।"[৭১২]

এ আয়াত অনুযায়ী কাফেরগণ যেটা কামনা করে বর্তমানে জিহাদ বিরোধি লোকেরা সেটাই কামনা করে। অথচ আল্লাহ (সুব:)অস্ত্র ধারণ করার জন্য নির্দেশ করেছেন। ইরশাদ হচ্ছে:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا خُذُوا حِذْرَكُمْ فَانْفِرُوا ثُبَاتٍ أَوِ انْفِرُوا جَمِيعًا}

অর্থ: "হে মুমিনগণ, তোমরা তোমাদের সতর্কতা অবলম্বন কর। অতঃপর ক্ষুদ্র ক্ষুদ্র দল হয়ে বেরিয়ে পড় অথবা একসাথে বের হও।"[৭১৩]

এখানে সর্তকতা অবলম্বন করা বলতে অস্ত্র ধারণ করাকে বুঝানো হয়েছে। যেমন আরেকটি আয়াতে বিষয়টি স্পষ্ট করা হয়েছে। ইরশাদ হচ্ছে:

{وَلْيَأْخُذُوا حِذْرَهُمْ وَأَسْلِحَتَهُمْ} [النساء : ١٠٢]

অর্থ: "এবং তারা যেন তাদের সতর্কতা অবলম্বন ও অস্ত্র ধারণ করে।"[৭১৪]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

إِذَا تَبَايَعْتُمْ بِالْعِينَةِ وَأَخَذْتُمْ أَذْنَابَ الْبَقَرِ وَرَضِيتُمْ بِالزَّرْعِ وَتَرَكْتُمُ الْجِهَادَ سَلَّطَ اللَّهُ عَلَيْكُمْ ذُلاًّ لاَ يَنْزِعُهُ حَتَّى تَرْجِعُوا إِلَى دِينِكُمْ

[৭১২] সুরা নিসা ৪:১০২।
[৭১৩] সুরা নিসা ৪:৭১।
[৭১৪] সুরা নিসা ৪:১০২।

অর্থ: "ইবনে উমার কর্তৃক বর্ণিত আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, "যদি তোমরা ঈনাহ্ (এক ধরণের সুদের কারবার) কর এবং গরুর লেজ ধরে থাক এবং কৃষক হয়ে পরিতৃপ্ত হয়ে যাও এবং জিহাদ প্রত্যাখ্যান কর আল্লাহ তোমাদের উপর লাঞ্ছনা অবতরন করবেন যা ততক্ষণ পর্যন্ত উঠিয়ে নেওয়া হবে না যতক্ষণ পর্যন্ত না তোমরা তোমাদের ধর্মের দিকে প্রত্যাবর্তন কর।"[৭১৫]

সুতরাং যারা অস্ত্রের জিহাদের বিরোধিতা করে তারা শুধু নিজেরা জিহাদ না করার গুনাহ-ই করছে না বরং অন্যদেরকে জিহাদ থেকে বাঁধা প্রদান করার গুনাহতেও লিপ্ত আছে। তাই তাদেরকে এই জাতীয় কথা-বার্তা ত্যাগ করে কুরআন-হাদীসের পথে ফিরে আসা উচিত।

প্রশ্ন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঘোড়ার নাম সমূহ কি?

উত্তর: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুদ্ধ করেছেন। যুদ্ধের বাহন হিসেবে ঘোড়া ব্যবহার করেছেন। জিহাদের উদ্দেশ্যে ঘোড়া পালন করার অনেক ফজীলত রয়েছে।

১. ঘোড়ার ক্ষুধা-তৃষ্ণা , খানা-পিনা, পেশাব-পায়খানা, চলা-ফেরা সব কিছুই কেয়ামতের দিবসে নেকের পাল্লায় তুলে দেয়া হবে।

২. ঘোড়া কিয়ামতের দিবসে জাহান্নামের আগুনের থেকে 'সুতরা' (আড়াল) হিসাবে দাড়াবে।

৩. যারা জিহাদের জন্য ঘোড়া পালে তারা দিনে-রাতে, প্রকাশ্যে-গোপনে আল্লাহর রাস্তায় দানকারীদের মতো সাওয়াব পেয়ে থাকে।

৪. ঘোড়া পালার ক্ষেত্রে ব্যয়কারী অব্যাহতভাবে দান কারীর মতো।

৫. যারা ঘোড়া পালে তাদের প্রতি আল্লাহ (সুব:)সহযোগীতার হাত বাড়িয়ে দেন।

৬. ঘোড়ার কপালে কেয়ামত পর্যন্ত দুনিয়া-আখেরাতের মঙ্গল বেধে দেওয়া হয়েছে।

[৭১৫] **আবু দাউদ-সহীহ হাঃ-৩৪৬২, বায়হাকী হাঃ-১০৪৮৪, জামেউল আহাদীস হাঃ-১৬০৩, জামেউল উসুল হাঃ-৯৪৬৫, মুয়াত্তা , কানযুল উম্মাল হাঃ-১০৫০৩, বুলুগুল মারাম হাঃ-৮৪১**

৭. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে সমস্ত মালের মধ্যে ঘোড়া ছিল সবচেয়ে প্রিয় মাল ।

৮. ঘোড়া তার মালিকের কাছে প্রিয় হওয়ার জন্য আল্লাহ (সুব:)এর কাছে দু'আ করে । হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ أَبِي ذَرٍّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مِنْ فَرَسٍ عَرَبِيٍّ إِلَّا يُؤْذَنُ لَهُ عِنْدَ كُلِّ سَحَرٍ بِدَعْوَتَيْنِ اللَّهُمَّ خَوَّلْتَنِي مَنْ خَوَّلْتَنِي مِنْ بَنِي آدَمَ وَجَعَلْتَنِي لَهُ فَاجْعَلْنِي أَحَبَّ أَهْلِهِ وَمَالِهِ إِلَيْهِ أَوْ مِنْ أَحَبِّ مَالِهِ وَأَهْلِهِ إِلَيْهِ

অর্থ: "আবু যর (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন প্রতিটি আরবী ঘোড়া প্রতিদিন ভোর রাতে আল্লাহর কাছে দু'টি দুআ' করে । হে আল্লাহ! তুমি আমাকে বানী আদমের অধিনস্ত করে দিয়েছ এবং আমাকে তার মালিক বানিয়ে দিয়েছ । সুতরাং আমাকে তার পরিবারের মধ্যে সবচেয়ে প্রিয় এবং তার মালের মধ্যে সবচেয়ে প্রিয় মাল বানিয়ে দাও ।"[৭১৬]

৯. যে ব্যক্তি জিহাদের জন্য ঘোড়া পালন করে সে আল্লাহর কাছে পুরস্কার পাবে । কেননা সে আল্লাহ এবং তার রাসূলের আদেশের বাস্তাবায়ন করেছে । আল্লাহ (সুব:)বলেছেন:

وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ

অর্থ: "এবং পালিত ঘোড়া থেকে, যেন প্রভাব পড়ে আল্লাহর শত্রুদের উপর এবং তোমাদের শত্রুদের উপর ।"[৭১৭]

১০. আল্লাহ (সুব:)পবিত্র কুরআনে ঘোড়ার প্রশংসা করেছেন । ইরশাদ হচ্ছে:

{وَالْعَادِيَاتِ ضَبْحًا (١) فَالْمُورِيَاتِ قَدْحًا (٢) فَالْمُغِيرَاتِ صُبْحًا (٣) فَأَثَرْنَ بِهِ نَقْعًا (٤) فَوَسَطْنَ بِهِ جَمْعًا (٥) } [العاديات : ١ – ٥]

[৭১৬] সুনানে নাসায়ী ৩৫৮১ ।
[৭১৭] আনফাল ৮:৬০ ।

অর্থ: "কসম ঊর্ধশ্বাসে ছুটে যাওয়া অশ্বরাজির, অতঃপর যারা ক্ষুরাঘাতে অগ্নিস্ফূলিঙ্গ ছড়ায়, অতঃপর যারা প্রত্যুষে হানা দেয়, অতঃপর সে তা দ্বারা ধুলিত উড়ায়, অতঃপর এর দ্বারা শত্রুদলের ভেতরে ঢুকে পড়ে ।"[৭১৮]

একারণেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘোড়া পালন করেছেন । কয়েকটি ঘোড়ার নাম নিম্নে উল্লেখ করা হলো:

১. اَلسَّكَبُ (আস সাকাব)
২. اَلْمُرْتَجَزُ (আল মুরতাজায)
৩. اَللَّحِيْفُ (আল লাহী'ফ)
৪. اَللِّزَازُ (আল লাযায)
৫. اَلظَّرَبُ (আল যারাব)
৬. اَلْوَرَدُ (আল ওয়ারদ)
৭. سُبْحَةُ (আস সুব্হা)

প্রশ্ন: দ্বীন কায়েমের উদ্দেশ্যে বর্তমান মুসলিম দেশগুলোতে বিশেষ করে বাংলাদেশে মৌলিকভাবে চারটি পথে কাজ চলছে ।
(ক) রাজনৈতিকভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে
(খ) পীর-মুরীদ, খানকাহ-দরগাহ ইত্যাদির মাধ্যমে
(গ) তাবলীগ জামাতের মাধ্যমে
(ঘ) দাওয়াত ও জিহাদের মাধ্যমে ।
এর মধ্য থেকে প্রথম তিনটি সম্পর্কে আমরা কি ধরণের আক্বীদা পোষণ করবো?

উত্তর: এ বিষয়ে বিস্তারিত আলোচনা করার পূর্বে আমি বলতে চাই যে, আল্লাহ (সুব:)এর নীতি হলো: যেই জিনিষ যত বেশী প্রয়োজন সেই জিনিষকে তত বেশী সহজলভ্য ও সস্তা করে দেন । যেমন: মানুষের বাঁচার জন্য সবচেয়ে বেশী প্রয়োজন বাতাসের । এটা আল্লাহ (সুব:) একেবারে

[৭১৮] সুরা আ'দিয়াত ১০০/১-৫ ।

সম্পূর্ণ ফ্রি ও সহজলভ্য করে দিয়েছেন। এটা সংগ্রহ করার জন্য কোথাও যাওয়ার প্রয়োজন নেই আবার কোন মূল্য পরিশোধ করার প্রয়োজন নেই। বাতাসের পরে সবচেয়ে বেশী প্রয়োজন হলো পানি। এটাও সস্তা ও সহজলভ্য করে দিয়েছেন তবে বাতাসের মত এত সহজ নয়। এটার জন্য নড়া-চড়া করতে হয়। ঠিক তেমনিভাবে মানব জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় জিনিস হলো দ্বীনের জ্ঞান অর্জন করা। এটাকেও আল্লাহ (সুব:) সস্তা ও সহজলভ্য করে দিয়েছেন। এজন্য তিনি দ্বীনের বিভিন্ন শাখায় খেদমত করার লোকও নিয়োজিত করেছেন। কেউ দাওয়াতের মাধ্যমে, কেউ জিহাদ ও কিতালের মাধ্যমে, কেউ কথার মাধ্যমে, কেউ বই-পুস্তক রচনার মাধ্যমে, কেউ তা'লীম ও তাযকিয়ার মাধ্যমে আবার কেউ জালিম শাসকদের বিরূদ্ধে প্রতিবাদ করার মাধ্যমে দ্বীনের খেদমত করে যাচ্ছে। তারা সকলেই দ্বীনের খেদমত আঞ্জাম দিয়ে যাচ্ছেন। সকলেই ইসলামের সহায়ক শক্তি। এ সবগুলো মিলেই হলো ইসলাম। এর মধ্য থেকে শুধু কোন একটাকে পূর্ণাঙ্গ দ্বীন বা ইসলাম বলা যাবে না।

চার অন্ধের হাতি দেখার প্রসিদ্ধ গল্প রয়েছে। কথিত আছে যে, চার অন্ধ মিলে হাতি দেখতে গিয়েছিল। যেহেতু তাদের চোখ নেই তাই একজন হাতির পিঠে হাত স্পর্শ করে সিদ্ধান্ত নিল যে হাতি হলো একটি ছাদের মতে। আরেকজন হাতির কানে হাত দিয়ে সিদ্ধান্ত নিল হাতি হলো একটি কুলার মতো। আরেক জন হাতির পায়ে হাত দিয়ে সিদ্ধান্ত নিল হাতি হলো একটি পিলারের মতো। আরেকজন হাতির শুরের উপর হাত দিয়ে সিদ্ধান্ত নিল হাতি হলো একটি মোটা পাইপের মতো। এই নিয়ে যখন চার অন্ধের মধ্যে ঝগড়া ও বিতর্ক চলছিলো তখন একটি চক্ষু ওয়ালা মানুষ এসে বললো, তোমরা ঝগড়া করো না। বরং তোমরা একেক জন হাতির একেকটা অংশ দেখেছো। একটি পূর্ণাঙ্গ হাতির ভিতর ঐ সবগুলোই রয়েছে। সবগুলো মিলেই একটি পূর্ণাঙ্গ হাতি।

আমাদেরও মনে রাখতে হবে: ইসলামের কাজ বিভিন্ন অংশে, বিভিন্নভাবে চলছে। একেক জন একেক বিভাগে আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েমের জন্য নিজ দায়িত্ব পালন করে যাচ্ছেন। এক্ষেত্রে সকলকেই মনে

রাখতে হবে যে, আমি শুধু একটি অংশে কাজ করে যাচ্ছি। অন্য বিভাগে যারা কাজ করছেন তারাও আমাদেরই সহযোগী। এভাবে যদি সকলেই পরস্পর পরস্পরকে সহযোগী মনে করেন তাহলে কোন সমস্য নেই। যিনি দাওয়াত ও তাবলীগের কাজ করছেন তিনি জিহাদকে অস্বীকার করবেন না। আবার যিনি জিহাদের ময়দানে যুদ্ধ করছেন তিনিও তা'লীম, তরবিয়া, দাওয়াত ও তাবলীগকে অস্বীকার করবেন না। এভাবে যদি সকলের মধ্যে আন্তরিকতা ও সহযোগীতার মনোভাব থাকে তাহলে খুবই চমৎকার।

তবে ইসলামের অন্যান্য ইবাদতের মতো এসকল ক্ষেত্রেও দুটি শর্ত প্রযোজ্য:

একটি হলো اِخْلَــاصُ النِّيَّــةِ 'ইখলাসুন নিয়্যাত' বা 'তাওহীদ' (শিরকমুক্ত হয়ে একনিষ্ঠভাবে শুধুমাত্র আল্লাহকে সন্তুষ্ট করার জন্য)। এ প্রসঙ্গে পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ [البينة/٥]

অর্থ: "আর তাদেরকে কেবল এই নির্দেশ দেয়া হয়েছিল যে, তারা যেন আল্লাহর 'ইবাদাত' করে তাঁরই জন্য দ্বীনকে একনিষ্ঠ করে।"[৭১৯]

দ্বিতীয়টি হলো اِتِّبَــاعُ الــسُّنَّةِ 'ইত্তিবাউস সুন্নাহ' (বিদআতমুক্ত হয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দেখানো পদ্ধতিতে আমল করা)। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللَّهُ غَفُــورٌ رَحِيمٌ} [آل عمران : ٣١]

অর্থ: "বল, 'যদি তোমরা আল্লাহকে ভালবাস, তাহলে আমার অনুসরণ কর, আল্লাহ তোমাদেরকে ভালবাসবেন এবং তোমাদের পাপসমূহ ক্ষমা করে দিবেন। আর আল্লাহ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।"[৭২০]

[৭১৯] সুরা বায়্যিনাহ ৯৮:৫।

[৭২০] সুরা আল ইমরান ৩:৩১।

প্রথমটির সম্পর্ক ভিতরের অবকাঠামোর সাথে আর দ্বিতীয়টির সম্পর্ক বাহিরের অবকাঠামোর সাথে। প্রথমটির সম্পর্ক আত্মার সাথে দ্বিতীয়টির সম্পর্ক আমলের সাথে। প্রথমটির বিপরীত হলো 'শিরক'। আর দ্বিতীয়টির বিপরীত হলো বিদআত। শিরক আর বিদআত যুক্ত কোন ইবাদত আল্লাহর (সুব:) কাছে গ্রহণযোগ্য নয়। শিরক সম্পর্কে আল্লাহ (সুব:) বলেন:

{الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ أُولَئِكَ لَهُمُ الْأَمْنُ وَهُمْ مُهْتَدُونَ}

অর্থ: "যারা ঈমান এনেছে এবং তাদের ঈমানকে যুলম (শির্ক) দ্বারা কলুষিত করে নি, নিরাপত্তা তাদেরই জন্য এবং তারাই হেদায়েত প্রাপ্ত।"[৭২১]

এ আয়াতে জুলুম বলতে সাধারণ অন্যায়-অত্যাচারকে বুঝানো হয় নি বরং এখানে জুলুম বলতে 'শিরক' কে বুঝানো হয়েছে। যেমন নিম্নের হাদীসটিতে বর্ণিত হয়েছে:

عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ { الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ } شَقَّ ذَلِكَ عَلَى أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالُوا أَيُّنَا لَمْ يَلْبِسْ إِيمَانَهُ بِظُلْمٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّهُ لَيْسَ بِذَاكَ أَلَا تَسْمَعُ إِلَى قَوْلِ لُقْمَانَ لِابْنِهِ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ

অর্থ: "আবদুল্লাহ (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন, যখন এ আয়াত নাযিল হলো তখন সাহাবায়ে কেরামদের কাছে বিষয়টি খুব কঠিন মনে হলো। কারণ এ আয়াতে বলা হয়েছে, যারা তাদের ঈমানকে জুলুম দ্বারা কলুষিত করে নি। অথচ এমন কে আছে যে, তার ঈমানকে কোন না কোনভাবে জুলুম দ্বারা কলুষিত করে নি। (এ কারণে তারা বিষয়টি রাসূল সা:এর কাছে উপস্থাপন করলো) তিনি বললেন, এখানে জুলুম বলতে তোমরা যা মনে করেছ তা নয়। বরং এখানে জুলুম বলতে 'শিরক' কে বুঝানো হয়েছে। তোমরা কি শুনতে পাচ্ছ না যে লোকমান (আ:) তার ছেলেকে কি বলেছেন? তিনি তার ছেলেকে বলেছেন, "নিশ্চয়ই শিরক হলো বড় জুলুম।"(সূরা লোকমান **১৩** নং আয়াত)।" [৭২২]

[৭২১] সূরা আন'আম: ৮২।

[৭২২] সহীহ বুখারী ৪৭৭৬; সহীহ মুসলিম ৩৪২;

শিরক এমন একটি মারাত্মক গুনাহ যা আল্লাহ (সুব:) তওবা ছাড়া কখনো ক্ষমা করবেন না। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{ إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ} [النساء : ٤٨]

অর্থ: "নি:সন্দেহে আল্লাহ্ তাকে ক্ষমা করেন না, যে লোক তাঁর (আল্লাহর) সাথে শরীক করে। তিনি ক্ষমা করেন এর নিম্ন পর্যায়ের পাপ, যার জন্য তিনি ইচ্ছা করেন।"[৭২৩]

অপর আয়াতে আল্লাহ (সুব:) শিরক কারীর উপর জান্নাত হারাম করা ও জাহান্নাম অবধারিত করার ঘোষণা করেছেন। ইরশাদ হচ্ছে:

{ إِنَّهُ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ حَرَّمَ اللَّهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنْصَارٍ} [المائدة : ٧٢]

অর্থ: "নিশ্চয় যে ব্যক্তি আল্লাহ্‌র সাথে অংশীদার স্থির করে, আল্লাহ্ তার জন্য জান্নাত হারাম করে দেন এবং তার ঠিকানা হলো জাহান্নাম। আর এ জাতীয় যালেমদের (মুশরিকদের) জন্য কোন সাহায্যকারী নেই।"[৭২৪]

পবিত্র কুরআনে মহান আল্লাহ (সুব:) **১৮**জন নবীদের নাম উল্লেখ করার পর বলেছেন,

{وَلَوْ أَشْرَكُوا لَحَبِطَ عَنْهُمْ مَا كَانُوا يَعْمَلُونَ} [الأنعام : ٨٨]

অর্থ: "তারা যদি শিরক্ করতো তবে তাদের সকল আমল নিষ্ফল হত।"[৭২৫]

এমনকি আমাদের প্রিয় নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে উদ্দেশ্য করেও আল্লাহ (সুব:) ইরশাদ করেছেন,

{لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ } [الزمر : ٦٥]

অর্থ: "তুমি আল্লাহর সাথে শরীক্ করলে তোমার আমল নিষ্ফল হয়ে যাবে এবং অবশ্যই তুমি হবে ক্ষতিগ্রস্ত।"[৭২৬]

[৭২৩] সুরা নিসা ৪:৪৮।

[৭২৪] সুরা মায়েদা ৫:৭২।

[৭২৫] সূরা আন'আম ৬:৮৮।

[৭২৬] সুরা যুমার ৩৯:৬৫।

মোটকথা যতগুলো অপরাধ আছে তার মধ্যে শিরক হচ্ছে সবচেয়ে ভয়াবহ। কারণ এই অপরাধের কোন ক্ষমা নেই এবং এর শাস্তি হলো চিরস্থায়ী জাহান্নাম।

শিরকের ভয়াবহতা সম্পর্কে হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ مُعَاذ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ رِدْفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى حِمَارٍ يُقَالُ لَهُ عُفَيْرٌ فَقَالَ يَا مُعَاذُ هَلْ تَدْرِي حَقَّ اللَّهِ عَلَى عِبَادِهِ وَمَا حَقُّ الْعِبَادِ عَلَى اللَّهِ قُلْتُ اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ فَإِنَّ حَقَّ اللَّهِ عَلَى الْعِبَادِ أَنْ يَعْبُدُوهُ وَلَا يُشْرِكُوا بِهِ شَيْئًا وَحَقَّ الْعِبَادِ عَلَى اللَّهِ أَنْ لَا يُعَذِّبَ مَنْ لَا يُشْرِكُ بِهِ شَيْئًا

অর্থ: "মু'আজ (রা:) থেকে বর্ণিত তিনি বলেন- আমি 'উফাইর' নামক একটি গাধার পিঠে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পেছনে বসেছিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জিজ্ঞেস করলেনঃ "তুমি কি জান বান্দার নিকট আল্লাহর হক কি আর আল্লাহ নিকট বান্দার হক কি?"

আমি বললাম, আল্লাহ এবং তাঁর রাসূলুল্লাহই ভাল জানেন।

তিনি বললেনঃ "বান্দার নিকট আল্লাহর হক হল বান্দা তাঁর ইবাদত করবে এবং তাঁর সাথে কাউকে শরীক করবে না। আর আল্লাহর নিকট বান্দার হক হলো: যে বান্দা তাঁর (আল্লাহর) সাথে কাউকে শরীক করবে না আল্লাহ তাকে শাস্তি প্রদান করবেন না।"[৭২৭]

আরেকটি হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ أَبِي ذَرٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَانِي آتٍ مِنْ رَبِّي فَأَخْبَرَنِي أَوْ قَالَ بَشَّرَنِي أَنَّهُ مَنْ مَاتَ مِنْ أُمَّتِي لَا يُشْرِكُ بِاللَّهِ شَيْئاً دَخَلَ الْجَنَّةَ قُلْتُ وَإِنْ زَنَى وَإِنْ سَرَقَ قَالَ وَإِنْ زَنَى وَإِنْ سَرَقَ

অর্থ: "আবু যর (রা:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন- "জিবরাঈল (আ:) এসে আমাকে সুসংবাদ দিলেন, আল্লাহর সাথে শরীক

[৭২৭] **সহীহ বুখারী ২৮৫৬; সহীহ মুসলিম ১৫৩।**

স্থাপন না করে যে ব্যক্তি মারা যায় সে জান্নাত লাভ করবে।" আবু যর (রা:) বললেন, যদি সে চুরি করে এবং ব্যভিচার করে তবুও কি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "হ্যাঁ যদি সে চুরি করে এবং ব্যভিচার করে তবুও"।[৭২৮] অর্থাৎ হয়তো তার গুনাহের শাস্তি ভোগ করে অথবা আল্লাহর বিশেষ ক্ষমায় বিনা শাস্তিতে জান্নাতে প্রবেশ করবে, চিরস্থায়ীভাবে জাহান্নামে থাকবে না।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো ইরশাদ করেন:

عَنْ جَابِرٍ قَالَ أَتَى النَّبِىَّ –صلى الله عليه وسلم– رَجُلٌ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا الْمُوجِبَتَانِ فَقَالَ « مَنْ مَاتَ لاَ يُشْرِكُ بِاللَّهِ شَيْئًا دَخَلَ الْجَنَّةَ وَمَنْ مَاتَ يُشْرِكُ بِاللَّهِ شَيْئًا دَخَلَ النَّارَ

অর্থ: "জাবির (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে এসে জিজ্ঞেস করল, (জান্নাত এবং জাহান্নাম) ওয়াজিবকারী বস্তু দু'টি কি কি? তিনি বলেনঃ "যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে অংশীদার না বানিয়ে মৃত্যুবরণ করল সে জান্নাতী। আর যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে শরীক বানিয়ে মারা গেল সে জাহান্নামী।"[৭২৯]

উল্লেখ্য যে, শিরক এত জঘন্য অপরাধ যে, মুশরিকের জন্য দু'আ করাও জায়েজ নেই। পবিত্র কুরআনে আল্লাহ সুব. ইরশাদ করেছেন:

{ مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيمِ} [التوبة : ١١٣]

অর্থ: "আত্মীয়-স্বজন হলেও মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করা নবী ও মু'মিনদের জন্য সংগত নয়, এ বিষয়টি সুস্পষ্ট হওয়ার পর যে তারা জাহান্নামী।"[৭৩০]

[৭২৮] **বুখারী ১২৩৭, মুসলিম ২৮২।**
[৭২৯] **মুসলিম ১৭৭।**
[৭৩০] সূরা তাওবাহ ৯:১১৩।

এ আয়াতটি নাজিল হয়েছিল যখন আবূ তালেবের মৃত্যুর পরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মুক্তির জন্য দু'আ করছিলেন। এমনিভাবে পবিত্র কুরআনে মুশরিকদেরকে সবচেয়ে নিকৃষ্ট প্রানী বলে আখ্যায়িত করা হয়েছে। ইরশাদ হচ্ছে:

{إِنَّ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ فِي نَارِ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا أُولَئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ} [البينة : ٦]

অর্থ: "আহলে কিতাব ও মুশরিক কাফেররা জাহান্নামের আগুনে স্থায়ীভাবে থাকবে। তারাই সৃষ্টির অধম।"[৭৩১]

অপর আয়াতে ঘোষণা করা হয়েছে যে, শিরকে লিপ্ত ব্যক্তি ধ্বংস ও বিপর্যায়ে পতিত হয়। ইরশাদ হচ্ছে:

{وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَكَأَنَّمَا خَرَّ مِنَ السَّمَاءِ فَتَخْطَفُهُ الطَّيْرُ أَوْ تَهْوِي بِهِ الرِّيحُ فِي مَكَانٍ سَحِيقٍ} [الحج : ٣١]

অর্থ: "যে কেউ আল্লাহর সাথে শরীক করে সে যেন আকাশ থেকে পড়ল, কিংবা বায়ু তাকে উড়িয়ে নিয়ে এক দূরবর্তী স্থানে নিক্ষেপ করল।"[৭৩২]

যে ব্যক্তি শিরকে লিপ্ত হলো তাকে আল্লাহ (সুব:) কখনো ক্ষমা করবেন না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন:

عَنْ أَبِي ذَرٍّ ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم ، أَنَّهُ قَالَ : إِنَّ اللَّهَ لَيَغْفِرُ لِلْعَبْدِ مَا لَمْ يَقَعِ الْحِجَابُ ، قِيلَ : وَمَا الْحِجَابُ ؟ قَالَ : أَنْ تَمُوتَ النَّفْسُ وَهِيَ مُشْرِكَةٌ

অর্থ: "আবু যর (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- "বান্দার জন্য সর্বদাই ক্ষমা রয়েছে যতক্ষণ পর্যন্ত হিযাব বা পর্দা পতিত না হয়।" বলা হলো, "হে আল্লাহর রাসূল! হিযাব বা পর্দা কি?" তিনি বললেন, "আল্লাহর সাথে শরীক করা অবস্থায় মৃত্যুবরণ করা।"[৭৩৩]

শিরক সবচেয়ে বড় গুনাহ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন:

[৭৩১] সূরা বাইয়্যেনাহ ৯৮:৬।

[৭৩২] সূরা, হাজ্জ ২২:৩১।

[৭৩৩] আদাবুল বাইহাকী ৮৪১; মুসনাদে আহমদ ২১৫২৩; হাদীসটি দূর্বল সনদে বর্ণিত হয়েছে। তবে একই অর্থ অন্যান্য সহীহ হাদীস দ্বারা প্রামাণিত।

عَنْ عَبْدِ اللَّهِ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَيُّ الذَّنْبِ أَعْظَمُ قَالَ أَنْ تَجْعَلَ لِلَّهِ نِدًّا وَهُوَ خَلَقَكَ

অর্থ: "আবদুল্লাহ ইবনে মাসউদ (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন এক ব্যক্তি বলল, "হে আল্লাহর রাসূলু! সবচেয়ে বড় গুনাহ কোনটি?" রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "আল্লাহর সাথে শরীক করা, অথচ আল্লাহই তোমাকে সৃষ্টি করেছেন।"[৭৩৪]

উপরোক্ত আয়াত এবং হাদীস থেকে শিরক এর পরিণতি সম্পর্কে আমরা জানতে পারলাম। আল্লাহ (সুব:) আমাদেরকে সকল ধরণের শিরক থেকে বেঁচে থাকার তৌফিক দান করুন!

দ্বিতীয়টি অর্থাৎ বিদআত সম্পর্কে মনে রাখতে হবে যে, ইসলাম একটি পরিপূর্ণ দ্বীন। আল্লাহ (সুব:) স্বীয় রাসূলের মাধ্যমে যে শরীয়ত প্রবর্তন করেছেন তা স্বয়ং-সম্পূর্ন বিধায় আমাদেরকে তা অনুসরণের নির্দেশ দেওয়া হয়েছে এবং বিদ'আত বা নতুন কোন প্রথার সংযোজন থেকে নিষেধ করা হয়েছে। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ أَحْدَثَ فِي أَمْرِنَا هَذَا مَا لَيْسَ فِيهِ فَهُوَ رَدٌّ

অর্থ: "আয়শা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: আমাদের এই ধর্মে (দ্বীনে) যে কেউ নতুন কিছু উদ্ভাবন করবে তা প্রত্যাখ্যান করা হবে।"[৭৩৫] অন্যত্র ইরশাদ করেছেন:

عَنِ الْعِرْبَاضِ بْنِ سَارِيَةَ اَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم قَالَ فَعَلَيْكُمْ بِسُنَّتِى وَسُنَّةِ الْخُلَفَاءِ الْمَهْدِيِّينَ الرَّاشِدِينَ تَمَسَّكُوا بِهَا وَعَضُّوا عَلَيْهَا بِالنَّوَاجِذِ وَإِيَّاكُمْ وَمُحْدَثَاتِ الأُمُورِ فَإِنَّ كُلَّ مُحْدَثَةٍ بِدْعَةٌ وَكُلَّ بِدْعَةٍ ضَلاَلَةٌ ».

[৭৩৪] সহীহ বুখারী ৬০০১; সহীহ মুসলিম ২৬৭; সুনানে নাসায়ী ৪০২৪; সুনানে আবু দাউদ ২৩১২।

[৭৩৫] সহীহ বুখারী ২৬৯৭; সুনানে আবু দাউদ ৪৬০৭।

অর্থ: “ইরবাদ ইবনে সারিয়া (রা:) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন: তোমরা আমার সুন্নাত এবং আমার পরবর্তী খেলাফায়ে রাশেদীনের সুন্নাত পালন করবে। আর তা দৃঢ়তার সাথে ধারণ করবে। সাবধান! কখনও ধর্মে (দ্বীনে) নব প্রবর্তিত কোন বিষয় গ্রহণ করবে না। কেননা প্রত্যেক নব প্রবর্তিত বিষয়ই বিদআ'ত এবং প্রত্যেক বিদআ'তই পথভ্রষ্টতা।”[৭৩৬]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু'আর দিন খুৎবায় বলতেন

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– إِذَا خَطَبَ ... أَمَّا بَعْدُ فَإِنَّ خَيْرَ الْحَدِيث كِتَابُ اللَّهِ وَخَيْرَ الْهُدَى هُدَى مُحَمَّدٍ وَشَرَّ الأُمُورِ مُحْدَثَاتُهَا وَكُلَّ بِدْعَةٍ ضَلاَلَةٌ

অর্থ: “জাবের বিন আবদুল্লাহ (রা:) থেকে বর্ণিত তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখনই খুতবা দিতেন বলতেন, 'নিশ্চয়ই সর্বোত্তম কথা হলো আল্লাহর কিতাব আর সর্বোত্তম হেদায়াত হলো মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর হেদায়াত। সর্বনিকৃষ্ট বিষয় হলো মনগড়া নব প্রবর্তিত বিষয় বিদআ'ত এবং এরূপ প্রতিটি বিদাআ'তই পথভ্রষ্টতা'।”[৭৩৭]

বিদ'আতের সবচেয়ে ভয়াবহ পরিণতি সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাদীসে ইরশাদ করেছেন:

عَنْ حَسَّانَ قَالَ مَا ابْتَدَعَ قَوْمٌ بِدْعَةً فِى دِينِهِمْ إِلاَّ نَزَعَ اللَّهُ مِنْ سُنَّتِهِمْ مِثْلَهَا ثُمَّ لاَ يُعِيدُهَا إِلَيْهِمْ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

অর্থ: “যখন কোন জাতি তাদের দ্বীনের মধ্যে বিদআত প্রবেশ করায় তখন আল্লাহ (সুব:) তাদের দ্বীন থেকে ঐ পরিমান সুন্নাত তুলে নেন যা কিয়ামত পর্যন্ত আর কখনো ফিরে আসে না।[৭৩৮]

[৭৩৬] সুনানে আবু দাউদ ৪৬০৯; সুনানে ইবনে মাজাহ ৪২।
[৭৩৭] সহীহ মুসলিম ২০৪২; সুনানে নাসায়ী ১৫৭৭; মুসনাদে আহমদ ১৪৩৩৪।
[৭৩৮] সুনানে দারমী ৯৮; মিশাকতুল মাসাবীহ ১৮৮; হাদীসটি সহীহ।

এর বাস্তব প্রমাণ হলো, আজকে আমরা একটি বিদআতে সবাই লিপ্ত আর তা হলো ফরজ সালাতের পর সম্মিলিত মুনাজাত। এই বিদআত প্রচলনের পর সবচেয়ে ভয়ংকর ক্ষতি হলো, আপনি যদি এখন কাউকে জিজ্ঞেস করেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফরজ সালাতের পর কি আমল করতেন সে বলতে পারবে না। এটাই হাদীসে বলা হয়েছে, “যখন কোন জাতি তাদের দ্বীনের মধ্যে বিদআত প্রবেশ করায় তখন আল্লাহ (সুব:) তাদের দ্বীন থেকে ঐ পরিমাণ সুন্নাত তুলে নেন যা কিয়ামত পর্যন্ত আর কখনো ফিরে আসে না।”

তাছাড়া বিদআত হচ্ছে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহ পরিপন্থি। আর পবিত্র কুরআনে আল্লাহ (সুব:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহকে আকড়ে ধরতে বলেছেন। সুতরাং সুন্নাহ পরিপন্থি কোন কাজে লিপ্ত হলে সেটা আল্লাহর আদেশের বিপরিতে কাজ হবে। যা অত্যন্ত গুনাহ এবং গর্হিত কাজ। পবিত্র কুরআনে আল্লাহ সুব. ইরশাদ করেছেন:

{وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا} [الحشر : ٧]

অর্থ: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যা নিয়ে এসেছেন তা গ্রহণ কর এবং যা কিছু নিষেধ করেছেন তা থেকে বিরত থাক।”[৭৩৯]

আল্লাহ (সুব:) আরও বলেন

{لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِمَنْ كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيرًا} [الأحزاب : ٢١]

অর্থ: “প্রকৃতপক্ষে, তোমাদের মধ্যে যারা পরকালের আশা রাখে এবং আল্লাহকে খুব বেশী স্মরণ করে তাদের জন্য রাসূলের জীবনে এক সর্বোত্তম নমুনা রয়েছে।”[৭৪০]

বিদআত বা দ্বীনে নতুন কিছু যোগ করার অর্থ হচ্ছে, আল্লাহ (সুব:) এই উম্মতের জন্য ধর্ম (দ্বীন) কে পূর্ণতা দান করেননি বা আল্লাহ (সুব:) পূর্ণতা দিয়েছেন কিন্তু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মতের নিকট তা

[৭৩৯] সূরা হাশর ৫৯:৭।
[৭৪০] সূরা আহ্যাব ৩৩:২১।

সঠিকভাবে পৌঁছাননি। তাই, পরবর্তীকালের লোকেরা এসে তাতে নতুন কিছু সংযোজনের প্রয়োজন মনে করলো। নিঃসন্দেহে এটি একটি মারাত্মক ভয়ের কারণ এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর আপত্তি উত্থাপনের শামিল।

এজন্য ইমাম মালেক (র:) বলেন,

حَيْثُ قَالَ الْإِمَامُ مَالِكٌ – رَحِمَهُ اللهُ – (مَنِ ابْتَدَعَ فِي الْإِسْلَامِ بِدْعَةً يَرَاهَا حَسَنَةً فَقَدْ زَعَمَ أَنَّ مُحَمَّدًا – صَلَّىْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ – خَانَ الرِّسَالَةَ لِأَنَّ اللهَ يَقُوْلُ { الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ } فَمَا لَمْ يَكُنْ يَوْمَئِذ دِيْنًا فَلَا يَكُوْنُ الْيَوْمَ دِيْنًا)

অর্থ: "যে ব্যক্তি ইসলামের ভিতরে কোন বিদআ'ত প্রবেশ করালো আবার সেটিকে বিদআ'তে হাসানা বলে আখ্যায়িত করলো সে যেন দাবী করলো যে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রেসালাতের দায়িত্ব আদায় করার ক্ষেত্রে খিয়ানত করেছেন। কেননা আল্লাহ (সুব:) বলছেন, "আজকে আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম"। আর বিদআ'তী বিদআ'ত তৈরী করার মাধ্যমে জানিয়ে দিল যে ইসলাম পরিপূর্ণ হয় নি। বরং অসম্পূর্ণ রয়েছে। তাই সে বিদআ'ত তৈরী করে পরিপূর্ণ করছে।

জেনে রেখ, আল্লাহ (সুব:) যখন দ্বীনকে পরিপূর্ণ বলে ঘোষণা করেছেন তখন যা কিছু দ্বীনের অংশ হিসাবে অন্তর্ভূক্ত ছিল না তা এখনও দ্বীনের অন্তর্ভূক্ত বলে গন্য হবে না। কেননা আল্লাহ (সুব:) বলছেন, "আজকে আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম"।"[৭৪১]

সুতরাং ইসলামে কোন প্রকার শিরক ও বিদআত তৈরী করার কোন সুযোগ নেই। কুরআন এবং সহীহ হাদীসে যা আছে তা মানতে হবে আর যা নেই তা বর্জণ করতে হবে। সে আলোকে আমরা প্রচলিত তাবলীগ জামাআ'ত, রাজনৈতিক দল ও পীর-মুরিদী ইত্যাদি নিয়ে কুরআন-সুন্নাহের আলোকে একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করছি।

---

[৭৪১] **মুহাব্বাতুর রাসূল বাইনাল ইত্তিবায়ি ওয়াল ইবতিদায়ী' ১/২৮৪।**

এই আলোচনার উদ্দেশ্য এই নয় যে, আমরা সকলকে আমভাবে কাফের, মুশরিক ও বিদআতী বলে আখ্যায়িত করছি। বরং দুধে যদি মাছি পরে তাহলে মাছি সহ দুধ পান করা যাবে না বরং মাছি ফেলে দিয়ে তারপর দুধ পান করতে হবে। ঠিক তেমনিভাবে যারাই ইসলামের কাজ করছে তাদের ভিতরে আমাদের দৃষ্টিতে আমাদের ইলম অনুযায়ী যতটুকু কুরআন-সুন্নাহ পরিপন্থী মনে হয়েছে ততটুকু তুলে ধরছি।

{إِنْ أُرِيدُ إِلَّا الْإِصْلَاحَ مَا اسْتَطَعْتُ وَمَا تَوْفِيقِي إِلَّا بِاللَّهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أُنِيبُ}

অর্থ: "আমি আমার সাধ্যমত সংশোধন করতে চাই। আল্লাহর সহায়তা ছাড়া আমার কোন তওফীক নেই। আমি তাঁরই উপর তাওয়াক্কুল করেছি এবং তাঁরই কাছে ফিরে যাই।"[৭৪২]

গণতান্ত্রিক পদ্ধতি

দ্বীন কায়েমের জন্য যে সকল পথে চেষ্টা চালানো হচ্ছে তার মধ্যে একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি হচ্ছে 'গণতন্ত্র'। এই গণতান্ত্রিক প্রক্রিয়ায় দ্বীন কায়েমের জন্য মুসলিমদেশগুলোতে তৈরী হয়েছে অনেক দল। বাংলাদেশেও জামাআতে ইসলামী, ইসলামী ঐক্যজোট, খেলাফত মজলিশ, খেলাফত আন্দোলন, ইসলামী মোর্চা, ইসলামী আন্দোলন, নেজামে ইসলাম পার্টি, গণসেবা আন্দোলন ইত্যাদি নামে অনেক দল দ্বীন কায়েমের জন্য কাজ করে যাচ্ছেন। এদের দাবী হলো, ইসলাম শান্তির ধর্ম। তাই গণতান্ত্রিক উপায়ে শান্তিপূর্ণভাবেই ইসলাম কায়েম করা সম্ভব। যুদ্ধ জিহাদ করে এই যুগে ইসলাম কায়েম করা সম্ভব নয়। এ কারণে তারা জিহাদ বিরোধী নানা রকম বক্তব্য, বিবৃতি ও বই-পুস্তক রচনা করে থাকেন। শুধু তাই নয়, তারা গণতন্ত্রকে ইসলামাইজেশন করার জন্য কুরআন ও হাদীসের অনেক দলীলকে পেশ করে থাকেন।

যেমন: পবিত্র কুরআনে শুরার কথা বলা হয়েছে। এই শুরাকে তারা সংসদের সভার সাথে তুলনা করেন। আবার কেউ কেউ বলে থাকেন, আমরা যে গণতন্ত্র করি এটা পাশ্চাত্যের গণতন্ত্র নয় বরং এটা ইসলামী গণতন্ত্র। আবার কেউ কেউ গণতন্ত্রকে একটি কুফুরী মতবাদ বলে বিশ্বাস

---

[৭৪২] **সুরা হুদ ১১:৮৮।**

করলেও দ্বীন কায়েমের স্বার্থে এটা গ্রহণ করা যায় বলে দাবী করে। এজন্য তারা ইউসূফ (আ:) এর তৎকালীন রাজার অধিনে মন্ত্রী হওয়াকে দলীল হিসাবে পেশ করেন।

আমরা বিষয়টিকে কুরআন ও হাদীসের আলোকে পর্যালোচনা করে দেখতে চাই যে, গণতন্ত্রে সাথে ইসলামের আদৌ কোন সম্পর্ক আছে কিনা? আমাদের মুসলিম জাতির জন্য একটি দূর্ভাগ্য এই যে, যখনই পৃথিবীতে কোন নতুন মতবাদ মাথাচাড়া দিয়ে উঠেছে তখনই একদল তথাকথিত ইসলামী চিন্তাবিদ ও মডারেট আলেম ঐ মতবাদটিকে ইসলামাইজেশন করার চেষ্টা করেছে। তাদের মতে তারা এভাবে ইসলামের বিরাট সাহায্য করেছে। যেমন: পৃথিবীতে যখন সমাজতন্ত্রের জয়জয়কার অবস্থা তখন একদল আলেম ও ইসলামী চিন্তাবিদ কুরআন ও হাদীসের অনেক দলীল-প্রমাণ দ্বারা প্রমাণ করলেন যে, 'সমাজতন্ত্রই হচ্ছে ইসলাম'। কারণ ইসলাম মানুষের মধ্যে ভেদাভেদ সমর্থণ করে না। সমাজতন্ত্রের শ্লোগনও ছিল তাই। ইসলামে সম্পদ জমা করাকে উৎসাহিত করেনা। সমাজতন্ত্রের দাবীও তাই। ইসলামের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও সম্পদ জমা করেন নি। তারপর ইসলামের প্রথম খলীফা আবু বকর ছিদ্দিক (রা:) কোন সম্পদ জমা করেন নি। এভাবে অনেক দলীল-প্রমাণ পেশ করে সমাজতন্ত্রকে ইসলামাইজেশন করলো।
কিন্তু যখন সমাজতন্ত্রের পতন হলো তখন তারা নিজেদের সুর পাল্টে দিয়ে বললো, ওহ! না না! ইসলামের সাথে সমাজতন্ত্রের কোন সম্পর্কই নেই। ইসলামে ব্যক্তি মালিকানা স্বীকার করে সমাজতন্ত্রে করে না। ইসলামে আল্লাহর অস্তিত্ব ও এককত্বের বিশ্বাস করে। সমাজতন্ত্র তা বিশ্বাস করে না। এভাবে তারা কেটে পড়লো।

এরপরে আবার যখন পৃথিবীতে গণতন্ত্র মাথাচাড়া দিয়ে উঠলো তখন আবার এক শ্রেণীর তথা-কথিত আলেম নিজেদেরকে পাশ্চাত্যের গণতন্ত্রিদের কাছে নিজেদেরকে অসহায় মনে করে গণতন্ত্রকেও ইসলামাইজেশন করার ব্যর্থ প্রচেষ্টায় লিপ্ত হয়ে গেল। অথচ ইসলাম যেমন একটি পূর্ণাঙ্গ দ্বীন (জীবন ব্যবস্থা)। গণতন্ত্রও তেমনিভাবে স্বতন্ত্র একটি

দ্বীন (জীবন ব্যবস্থা)। ইসলামের ভিত্তি আল্লাহর সার্বভৌমত্বের উপর। আর গণতন্ত্রের ভিত্তি মানুষের সার্বভৌমত্বের উপর। ইসলামে সকল ক্ষমতার মালিক আল্লাহ। যেমন পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{تَبَارَكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ} [الملك : ١]

অর্থ: "বরকতময় তিনি যার হাতে সর্বময় ক্ষমতা ও কর্তৃত্ব। আর তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান।"[৭৪৩]

অন্য আয়াতে আল্লাহ (সুব:)ইরশাদ করেন:

{ قُلِ اللَّهُمَّ مَالِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَنْ تَشَاءُ وَتَنْزِعُ الْمُلْكَ مِمَّنْ تَشَاءُ وَتُعِزُّ مَنْ تَشَاءُ وَتُذِلُّ مَنْ تَشَاءُ بِيَدِكَ الْخَيْرُ إِنَّكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ} [آل عمران : ٢٦]

অর্থ: "বল, 'হে আল্লাহ, সকল ক্ষমতার মালিক, আপনি যাকে চান তাকে ক্ষমতা দান করেন, আর যার থেকে চান ক্ষমতা কেড়ে নেন এবং আপনি যাকে চান সম্মান দান করেন। আর যাকে চান অপমানিত করেন, আপনার হাতেই কল্যাণ। নিশ্চয় আপনি সব কিছুর উপর ক্ষমতাবান'।"[৭৪৪]

পক্ষান্তরে গণতন্ত্রে সকল ক্ষমতার মালিক জনগণ। যেমন: বাংলাদেশের সংবিধানের ৭ এর ১ এ বলা হয়েছে: 'প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ'। ইসলামে আইন বিধান প্রণয়ন করার ক্ষমতা কেবল মাত্র আল্লাহর। গণতন্ত্রে আইন-বিধান তৈরী করার ক্ষমতা কেবল মাত্র জনগণের। মূলত: গণতন্ত্রের অর্থও তাই। কেননা গণতন্ত্রের ইংরেজী শব্দ হল Democracy। Democracy শব্দটি দুটি গ্রীক শব্দ Demos I Cratus থেকে উদ্ভুত। Demos শব্দের অর্থ হল 'মানুষ/জনগণ' এবং Cratus অর্থ 'পরিচালনা'।

Democracy এমন একটা পদ্ধতি যেখানে জনগণ তাদের নিজেদের জন্য আইন তৈরী করে তাদের নিয়োগকৃত স্থানীয় প্রতিনিধিদের দ্বারা। এই কাজটি হয় কোন সভা অথবা সংসদে এবং এই পদ্ধতি স্থাপন করা হয়েছে

---

[৭৪৩] সুরা মূলক ৬৭:১।
[৭৪৪] সুরা আল ইমরান ৩:২৬।

ঐ সকল আইন ও নীতিমালা সমূহ বাস্তবায়ন করার জন্য যেখানে সংখ্যা গরিষ্ঠের ইচ্ছার প্রতিফল ঘটে ।

আইনের অধ্যাপক ডক্টর আবদুল হামিদ মিতওয়ালী বলেনঃ শাসন ব্যবস্থায় 'গনতন্ত্র' জাতির প্রভূত্বের (রবের) নীতিতে পরিণত হয়েছে, অধিকন্তু সংজ্ঞানুযায়ী প্রভুত্ব হচ্ছে সেই সর্বোচ্চ কর্তৃত্ব যার উপর অন্য কোন কর্তৃত্ব নেই। (Dr. Hamid Mitwali's Ruling System in Devoloping Country সংস্করণ ১৯৮৫, পৃঃ ৬২৫)

পাশ্চাত্য রাজনীতিবিদ যোসেফ ফ্রাংকেল বলেনঃ প্রভূত্বের অর্থ হচ্ছে সর্বোচ্চ কর্তৃত্ব যা এর উপরে অন্য কোন কর্তৃত্ব স্বীকার করে না এবং যার পশ্চাতে সিদ্ধান্তসমূহ পুনর্বিবেচনা করার মত কোন বৈধ কর্তৃত্বেও অধিকারী নেই ।[৭৪৫]

বিষয়টিকে আমেরিকার সাবেক প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন আরো স্পষ্ট করে দিয়েছেন। তিনি গেটিসবার্গে এক ভাষনে গণতান্ত্রিক সরকারের সংজ্ঞা দিতে গিয়ে বলেন:

Democracy is A Government Of The People, For The People, By The People.

অর্থাৎ গণতন্ত্র হল জনগণের জন্য, জনগণের দ্বারা, জনগণের সরকার ।

বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ৭' এর ধারা দুইতে বলা হয়েছে, 'জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্য হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইবে ।'[৭৪৬]

পক্ষান্তরে ইসলামে আইনের উৎস কেবল মাত্র আল্লাহ (সুব:)পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

[৭৪৫] যোসেফ ফ্রাংকেলের **the International Relationship** তুহামা পাবলিশিং, ১৯৮৪, পৃঃ ২৫ ।

[৭৪৬] 'বাংলাদেশের সংবিধান ও সার্বজনীন মানবাধিকার ঘোষণা' চতুর্দশ সংশোধণী পরবর্তী প্রকাশিত, এম.এ.সালাম রচিত, কালার সিটি কতৃক মুদ্রিত, পৃষ্ঠা নং: ৯ ।

{أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ} [الأعراف : ٥٤]

অর্থ: "জেনে রাখ, সৃষ্টি ও নির্দেশ কেবল মাত্র তাঁরই ।"

{إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ} [يوسف : ٤٠]

অর্থ: "বিধান একমাত্র আল্লাহরই । তিনি নির্দেশ দিয়েছেন যে, 'তাঁকে ছাড়া আর করো ইবাদাত করো না ।"[৭৪৭]

যেহেতু ইসলামে আইন বিধান দেওয়ার ইখতিয়ার কেবল মাত্র সৃষ্টিকর্তা মহান আল্লাহর (সুব:)জন্য সংরক্ষিত তাই অন্য কেউ আইন তৈরী করলে সে যেন নিজেকে আল্লাহর অংশীদার বলে দাবী করলো । এ কারণেই আল্লাহ (সুব:)পবিত্র কুরআনে ইরশাদ করেন:

{أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ وَلَوْلَا كَلِمَةُ الْفَصْلِ لَقُضِيَ بَيْنَهُمْ وَإِنَّ الظَّالِمِينَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ} [الشورى : ٢١]

অর্থ: "তাদের জন্য কি এমন কিছু শরীক আছে, যারা তাদের জন্য দ্বীনের বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি? আর ফয়সালার ঘোষণা না থাকলে তাদের ব্যাপারে সিদ্ধান্ত হয়েই যেত । আর নিশ্চয় যালিমদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব ।"[৭৪৮]

যুক্তির বিবেচনায় বিষয়টি স্পষ্ট যে কোন কারখানার মালিক তার কর্মচারীদের সামনে নিজের মালিকানার পরিচয় তুলে ধরলো এরপর থেকে সকলের দায়িত্ব কর্তব্য হয়ে যায় ঐ মালিকের কথামতো চলা । মালিক যা বলবে তাই ওদের জন্য আইন হয়ে যাবে । তার অমান্য করা যাবে না । ঠিক তেমনিভাবে এই আসমান-যমিন, চন্দ্র-সূর্য, গ্রহ-নক্ষত্র, খাল-বিল, নদী-নালা, আমি-আপনি সকল কিছুর একচ্ছত্র মালিকানা আল্লাহর । সুতরাং এখানেও আল্লাহ যা বলবেন তাই আইন । কোন বিষয়ে তিনি নির্দেশ দিলে সে ব্যাপারে কারো কোন আপত্তি চলবে না । আল্লাহ (সুব:) ইরশাদ করেন:

[৭৪৭] সুরা ইউসুফ ১২:৪০ ।

[৭৪৮] সুরা শুরা ৪২:২১ ।

{وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ وَمَنْ يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلَالًا مُبِينًا} [الأحزاب : ٣٦]

অর্থ: " আর আল্লাহ ও তাঁর রাসূল কোন নির্দেশ দিলে কোন মুমিন পুরুষ ও নারীর জন্য নিজেদের ব্যাপারে অন্য কিছু এখতিয়ার করার অধিকার থাকে না; আর যে আল্লাহ ও তাঁর রাসূলকে অমান্য করল সে স্পষ্টই পথভ্রষ্ট হবে।"[৭৪৯]

যারা আল্লাহর আইন বিধানকে যথেষ্ট মনে করে না অথবা এই যুগে আল্লাহর বিধান যথেষ্ট নয়। অথবা আল্লাহর আইনের চেয়ে মানুষের তৈরী করা আইন ভাল এ জাতীয় লোকদের সম্পর্কে আল্লাহ (সুব:)পবিত্র কুরআনে ইরশাদ করেন:

{ فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا} [النساء : ٦٥]

অর্থ: "অতএব তোমার রবের কসম, তারা মুমিন হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক নির্ধারণ করে, তারপর তুমি যে ফয়সালা দেবে সে ব্যাপারে নিজদের অন্তরে কোন দ্বিধা অনুভব না করে এবং পূর্ণ সম্মতিতে মেনে নেয়।"[৭৫০]

যারা আল্লাহর দেয়া আইন বিধান বাদ দিয়ে মানব রচিত আইন বিধান দিয়ে বিচার ফয়সালা করে তাদের ব্যাপারে আল্লাহ (সুব:)বলেন:

{وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ } [المائدة : ٤٤]

অর্থ: "আর যারা আল্লাহ যা নাযিল করেছেন, তার মাধ্যমে ফয়সালা করে না, তারাই কাফির।"[৭৫১]

{وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ } [المائدة : ٤٥]

অর্থ: "আর যারা আল্লাহ যা নাযিল করেছেন, তার মাধ্যমে ফয়সালা করে না, তারাই যালেম।"[৭৫২]

[৭৪৯] সুরা আহযাব ৩৩:৩৬।
[৭৫০] সুরা নিসা ৪:৬৫।
[৭৫১] সুরা মায়েদাহ ৫:৪৪।
[৭৫২] সুরা মায়েদাহ ৫:৪৫।

{وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ} [المائدة : ٤٧]

অর্থ: "আর যারা আল্লাহ যা নাযিল করেছেন, তার মাধ্যমে ফয়সালা করে না, তারাই ফাসেক।"[৭৫৩]

এবারে যারা মানব রচিত আইন দ্বারা বিচার ফয়সালা করে এ জাতীয় লোকদের কাছে যারা বিচার ফয়সালা নিয়ে যায় তাদের সম্পর্কে আল্লাহ (সুব:) বলছেল:

{أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا} [النساء : ٦٠]

অর্থ: "তুমি কি তাদেরকে দেখনি, যারা দাবী করে যে, নিশ্চয় তারা ঈমান এনেছে তার উপর, যা নাযিল করা হয়েছে তোমার প্রতি এবং যা নাযিল করা হয়েছে তোমার পূর্বে। তারা তাগূতের কাছে বিচার নিয়ে যেতে চায় অথচ তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে তাকে অস্বীকার করতে। আর শয়তান চায় তাদেরকে ঘোর বিভ্রান্তিতে বিভ্রান্ত করতে।"[৭৫৪]

গণতন্ত্রে সংখ্যাগরিষ্ট লোকের মতামত গ্রহণ করা হয়। শিক্ষিত-অশিক্ষিত, বোকা-বুদ্ধিমান ইত্যাদি বিবেচনা করা হয় না। বরং মদখোর, সুদখোর, জুয়াচোর, কালোবাজারী সকলের ভোটের মূল্যই সমান। এখানে মেধার কোন মূল্যায়ন হয় না বরং মাথার সংখ্যার মূল্যায়ন হয়। অথচ পবিত্র কুরআনে এ বিষয়টি কঠোর ভাবে প্রতিবাদ করা হয়েছে। আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে স্বীয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নির্দেশ দিয়ে বলেন:

{وَإِنْ تُطِعْ أَكْثَرَ مَنْ فِي الْأَرْضِ يُضِلُّوكَ عَنْ سَبِيلِ اللَّهِ إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَإِنْ هُمْ إِلَّا يَخْرُصُونَ } [الأنعام : ١١٦]

[৭৫৩] সুরা মায়েদাহ ৫:৪৭।
[৭৫৪] সুরা নিসা ৪:৬০।

অর্থ: "আর যদি তুমি যারা যমীনে আছে তাদের অধিকাংশের আনুগত্য কর, তবে তারা তোমাকে আল্লাহর পথ থেকে বিচ্যুত করবে। তারা শুধু ধারণারই অনুসরণ করে এবং তারা শুধু অনুমানই করে।"[৭৫৫]

শুধু তাই না পবিত্র কুরআনে আল্লাহ (সুব:)সাধারণ জনগণকেও তাদের নিজেদের মতামত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর চাপিয়ে দিতে নিষেধ করেছেন। ইরশাদ হচ্ছে:

وَاعْلَمُوا أَنَّ فِيكُمْ رَسُولَ اللَّهِ لَوْ يُطِيعُكُمْ فِي كَثِيرٍ مِنَ الْأَمْرِ لَعَنِتُّمْ.

অর্থ: "আর তোমরা জেনে রাখ যে, তোমাদের মধ্যে আল্লাহর রাসূল রয়েছেন। সে যদি অধিকাংশ বিষয়ে তোমাদের কথা মেনে নিত, তাহলে তোমরা অবশ্যই কষ্টে পতিত হতে।"[৭৫৬]

সংখ্যা গরিষ্ট লোকদের মতামত অনুসরণ করা যাবে না কেন? তার কারণগুলোও আল্লাহ (সুব:)পবিত্র কুরআনে বিভিন্ন জায়গায় উল্লেখ করেছেন:

{أَكْثَرُهُمْ لَا يُؤْمِنُونَ} [البقرة : ١٠٠]

অর্থ: " তাদের অধিকাংশ ঈমান রাখে না।"[৭৫৭]

{أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ} [الأنعام : ٣٧]

অর্থ: "তাদের অধিকাংশই জানে না।"[৭৫৮]

{ أَكْثَرَهُمْ يَجْهَلُونَ } [الأنعام : ١١١]

অর্থ: "তাদের অধিকাংশ লোকই অজ্ঞ।"[৭৫৯]

{وَلَا تَجِدُ أَكْثَرَهُمْ شَاكِرِينَ} [الأعراف : ١٧]

অর্থ: "তাদের অধিকাংশ লোককেই আপনি কৃতজ্ঞতা জ্ঞাপন কারী হিসেবে পাবেন না।"[৭৬০]

[৭৫৫] সুরা আনআম ৬:১১৬।
[৭৫৬] সুরা হুজুরাত ৪৯:৭।
[৭৫৭] সুরা বাকার ২:১০০।
[৭৫৮] সুরা আনআম ৬:৩৭।
[৭৫৯] সুরা আনআম ৬:১১১।
[৭৬০] সুরা আরাফ ৭:১৭।

{وَإِنْ وَجَدْنَا أَكْثَرَهُمْ لَفَاسِقِينَ} [الأعراف : ١٠٢]

অর্থ: "তাদের অধিকাংশ লোককে আপনি ফাসেক (পাপাচারি) হিসেবেই পাবেন।"[৭৬১]

{وَمَا يُؤْمِنُ أَكْثَرُهُمْ بِاللَّهِ إِلَّا وَهُمْ مُشْرِكُونَ} [يوسف : ١٠٦]

অর্থ: "তাদের অধিকাংশ লোক আল্লাহর প্রতি ঈমান আনা সত্ত্বেও মুশরিক (যথাযথভাবে ঈমান না আনার কারণে)।"[৭৬২]

{أَمْ تَحْسَبُ أَنَّ أَكْثَرَهُمْ يَسْمَعُونَ أَوْ يَعْقِلُونَ إِنْ هُمْ إِلَّا كَالْأَنْعَامِ بَلْ هُمْ أَضَلُّ سَبِيلًا} [الفرقان : ٤٤]

অর্থ: " তুমি কি মনে কর যে, তাদের অধিকাংশ লোক শোনে অথবা বুঝে? তারা কেবল পশুদের মতো; বরং তারা আরো অধিক পথভ্রষ্ট।"[৭৬৩]

পক্ষান্তরে হকের পক্ষে লোক কম থাকবে। একথা কুরআন ও হাদীসের বহু জায়গায় বর্ণিত হয়েছে। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَإِذْ أَخَذْنَا مِيثَاقَ بَنِي إِسْرَائِيلَ لَا تَعْبُدُونَ إِلَّا اللَّهَ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَذِي الْقُرْبَى وَالْيَتَامَى وَالْمَسَاكِينِ وَقُولُوا لِلنَّاسِ حُسْنًا وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ ثُمَّ تَوَلَّيْتُمْ إِلَّا قَلِيلًا مِنْكُمْ وَأَنْتُمْ مُعْرِضُونَ} [البقرة : ٨٣]

অর্থ: "আর স্মরণ কর, যখন আমি বনী ইসরাঈলের অঙ্গীকার গ্রহণ করলাম যে, তোমরা আল্লাহ ছাড়া কারো ইবাদাত করবে না এবং সদাচার করবে পিতা-মাতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম ও মিসকীনদের সাথে। আর মানুষকে উত্তম কথা বল, সালাত কায়েম কর এবং যাকাত প্রদান কর। অতঃপর তোমাদের মধ্য থেকে স্বল্প সংখ্যক ছাড়া তোমরা ফিরে গেলে। আর তোমরা (স্বীকার করে অতঃপর তা থেকে) বিমুখ হও।"[৭৬৪]

فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ تَوَلَّوْا إِلَّا قَلِيلًا مِنْهُمْ وَاللَّهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ.

[৭৬১] সুরা আরাফ ৭:১০২।
[৭৬২] সুরা ইউসুফ ১২:১০২।
[৭৬৩] সুরা ফুরকান ২৫:৪৪।
[৭৬৪] সুরা বাকারা ২:৮৩।

অর্থ: "অতঃপর যখন তাদের উপর যুদ্ধ ফরজ করে দেওয়া হলো, তখন তাদের মধ্য থেকে স্বল্প সংখ্যক ছাড়া সকলেই তার থেকে বিমুখ হল। আর আল্লাহ যালিমদের সম্পর্কে সম্যক অবগত।"[৭৬৫]

{فَلَا يُؤْمِنُونَ إِلَّا قَلِيلًا} [النساء : ٤٦]

অর্থ: " তাদের কম সংখ্যক লোকই ঈমান আনে।"[৭৬৬]

{وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ لَاتَّبَعْتُمُ الشَّيْطَانَ إِلَّا قَلِيلًا} [النساء : ٨٣]

অর্থ: "আর যদি তোমাদের উপর আল্লাহর অনুগ্রহ ও তাঁর রহমত না হত, তবে অবশ্যই অল্প কয়েকজন ছাড়া তোমরা সকলেই শয়তানের অনুসরণ করতে।"[৭৬৭]

{وَمَا آمَنَ مَعَهُ إِلَّا قَلِيلٌ } [هود : ٤٠]

অর্থ: " আর তার (নুহ আ:) সাথে অল্পসংখ্যকই ঈমান এনেছিল।"[৭৬৮]

হাদীসের ইরশাদ হয়েছে:

عَنْ أَبِى هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– « بَدَأَ الإِسْلاَمُ غَرِيبًا وَسَيَعُودُ كَمَا بَدَأَ غَرِيبًا فَطُوبَى لِلْغُرَبَاءِ ».

অর্থ: " আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, 'ইসলাম অপরিচিত আগন্তুকের ন্যায় আরম্ভ হয়েছে আবার সেই অপরিচিত আগন্তুকের অবস্থায় ফিরে যাবে। কতইনা সৌভাগ্য সেই 'গোরাবাদের'।"[৭৬৯]

গণতন্ত্রে মানুষের মধ্যে অনেক দল তৈরী করা হয়। একটি সরকারী দল অনেকগুলো বিরোধি দল। তাদের মধ্যে একটি প্রধান বিরোধি দল ইত্যাদি। অথচ ইসলাম বলে ঐক্যবদ্ধভাবে আল্লাহর যমিনে আল্লাহর দ্বীন কায়েম করতে। পবিত্র কুরআনে আল্লাহ (সুব:)ইরশাদ করেন:

{أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ} [الشورى : ١٣]

[৭৬৫] সুরা বাকারা ২:২৪৬।
[৭৬৬] সুরা নিসা ৪:৪৬।
[৭৬৭] সুরা নিসা ৪:৮৩।
[৭৬৮] সুরা হুদ ১১:৪০।
[৭৬৯] সহীহ মুসলিম ৩৮৯।

অর্থ: "তোমরা দ্বীন কায়েম করবে এবং এতে বিচ্ছিন্ন হবে না।"[৭৭০]

অন্য আয়াতে আল্লাহ (সুব:)বলেন:

{وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا } [آل عمران : ١٠٣]

অর্থ: "আর তোমরা সকলে আল্লাহর রজ্জুকে ঐক্যবদ্ধভাবে ধারণ কর এবং বিভক্ত হয়ো না।"[৭৭১]

এগুলো হচ্ছে ইসলাম ও গণতন্ত্রের মধ্যে মৌলিক কিছু পার্থক্য। এছাড়াও অনেক পার্থক্য রয়েছে। সহজে বুঝার জন্য নিম্নে সেগুলোকে ছক আকারে তুলে ধরা হলো।

[৭৭০] সুরা শুরা ৪২:১৩।
[৭৭১] সুরা আল ইমরান ৩:১০৩।

গণতন্ত্র	ইসলাম
১) গণতন্ত্রের মূল ভিত্তি 'জনমত'।	১) ইসলামের মূল ভিত্তি আল্লাহ্‌র অভিপ্রায়।
২) গণতন্ত্রঃ সংখ্যা গরিষ্ঠের ইচ্ছার কাছে আত্মসমর্পণ।	২) ইসলামঃ আল্লাহ্‌র ইচ্ছার প্রতি আত্মসমর্পণ।
৩) গণতন্ত্রঃ সকল ক্ষমতার মালিক জনগণ।	৩) ইসলামঃ সকল ক্ষমতার উৎস আল্লাহ্‌।
৪) গণতন্ত্রঃসার্বভৌমত্বের মালিক জনগণ।	৪) ইসলামঃ সার্বভৌমত্বের মালিক আল্লাহ্‌।
৫) গণতন্ত্রঃ মানব রচিত সংবিধানেই রয়েছে মানবতার মুক্তি।	৫) ইসলামঃ আল্লাহ্‌ প্রদত্ত সংবিধানেই রয়েছে মানবতার মুক্তি।
৬) গণতন্ত্রঃমত প্রকাশে, ভোট দানে ও নির্বাচনে জাতি, ধর্ম, বর্ণ, নির্বিশেষে সকলের সমান অধিকার স্বীকৃত।	৬) ইসলামঃ মানুষ হিসেবে সকলেই সাধারণভাবে এসব অধিকার ভোগ করবে। কিন্তু যোগ্যতা, অভিজ্ঞতা, ও তাকওয়ার ভিত্তিতে গুণীজনেরা বিশেষভাবে মুল্যায়িত হবেন।
৭) গণতন্ত্রঃ উত্তরাধিকার ও নির্বাচিত হওয়ার ক্ষেত্রে নারী-পুরুষ উভয়ই সমান বিবেচিত।	৭) ইসলামঃ উত্তরাধিকার ও নির্বাচিত হওয়ার ক্ষেত্রে নারী-পুরষে প্রভেদ বিদ্যমান।
৮) গণতন্ত্রঃ নারী ও সংখ্যালঘুরা সাধারণ সমানাধিকার ভোগ করবে।	৮) ইসলামঃ শক্তি ও মেধায় তারতম্যের কারণে নারী ও সংখ্যালঘুরা সংরক্ষণ নীতির অধীনে ভোগ করবে বিশেষ অধিকার।
৯) গণতন্ত্রঃ পরমত সহিষ্ণুতা গণতন্ত্রের এক বিশেষ আদর্শ। নৈতিকতার কোন বালাই নেই গণতন্ত্রে। যেমনঃ জরায়ুর স্বাধীনতা বা সমকামিতা কোন মতামতকেই বর্জন করতে বাধ্য নয় গণতন্ত্র।	৯) ইসলামঃ শাশ্বত আদর্শ ও নৈতিক মানসম্পন্ন পরমত সমাদৃত। অনৈতিক পরমত ইসলামে বর্জণীয়।

গণতন্ত্র	ইসলাম
১০) গণতন্ত্রঃ সংখ্যাগরিষ্ঠের সমর্থন সকল বৈধতার মানদন্ড।	১০) ইসলামঃ শাশ্বত বা প্রত্যাদিষ্ট বিধান গরিষ্টের সমর্থন ছাড়াই বৈধ।
১১) গণতন্ত্রঃ জাগতিক উন্নয়নেই সকল চেতনা সীমিত এই অর্থে প্রগতি।	১১) ইসলামঃ জাগতিক ও আধ্যাত্মিক উভয় ক্ষেত্রে চেতনা পরিব্যপ্ত, এই অর্থে প্রগতি।
১২) গণতন্ত্রঃ জবাবদিহিমূলক সরকার পদ্ধতি।	১২) ইসলামঃ চরম জবাবদিহিমূলক সরকার পদ্ধতি।
১৩) গণতন্ত্রঃ মানব রচিত আইন দ্বারা বিচার কার্য নিয়ন্ত্রিত।	১৩) ইসলামঃ আল্লাহ্‌ প্রদত্ত আইন দ্বারা বিচারকার্য নিয়ন্ত্রিত।
১৪) গণতন্ত্রঃ সংবিধান কর্তৃক মৌলিক অধিকার সংরক্ষিত।	১৪) ইসলামঃ আল্লাহ (সুবঃ)প্রদত্ত ওহীর বিধান কর্তৃক মৌলিক অধিকার সংরক্ষিত।
১৫) গণতন্ত্রঃ জীবনের সর্বস্তরে জনগণের ইচ্ছার প্রতিফলন ঘটানো গণতান্ত্রিক মূল্যবোধের পরিচায়ক।	১৫) ইসলামঃ জীবনের সর্বস্তরে আল্লাহ্‌র ইচ্ছার প্রতিফলন ঘটানোই ইসলামী মূল্যবোধের পরিচায়ক।
১৬) গণতন্ত্রঃ গণতান্ত্রিক বিশ্বাসে ধর্ম অবশ্যই রাজনীতি বিবর্জিত। ধর্ম রাজনীতি থেকে আলাদা।	১৬) ইসলামঃ ইসলামী বিশ্বাসে মানুষের প্রথম উপাধি খলীফা/ প্রতিনিধি, কাজেই ইসলাম ও রাজনীতি অবিচ্ছেদ্য।

গণতন্ত্র বিষয়ে কতিপয় সংশয় নিরসন

প্রশ্ন: ইসলামে যখন গণতন্ত্র হারাম হলো তাহলে নেতা নির্বাচন হবে কিভাবে?

উত্তর: ইসলামি আইনে নেতা নির্বাচনের পদ্ধতি হলো শুরা ভিত্তিক। কুরআন সুন্নাহর জ্ঞানে পরিপক্ক, বিচক্ষণ, মেধাবী, নেতা নির্বাচন করার যোগ্যতা রয়েছে এরকম লোকদের সমন্বয়ে একটি শুরা গঠন করা হবে। সেই শুরার মাধ্যমে নেতা নির্বাচন হবে। এ ব্যাপারে পবিত্র কুরআনে মুমিনদের গুনাবলী আলোচনা করতে গিয়ে আল্লাহ (সুব:)বলেন:

{وَأَمْرُهُمْ شُورَى بَيْنَهُمْ } [الشورى : ٣٨]

অর্থ: "তাদের কার্যাবলী তাদের পারস্পরিক পরামর্শের ভিত্তিতে সম্পন্ন করে।"[৭৭২]

অপর আয়াতে আল্লাহ (সুব:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মুমিনদের সাথে পরামর্শ করে কাজ করতে বলেছেন। ইরশাদ হচ্ছে:

{وَشَاوِرْهُمْ فِي الْأَمْرِ} [آل عمران : ١٥٩]

অর্থ: "কাজে-কর্মে তাদের সাথে পরার্মশ কর।"[৭৭৩]

প্রশ্ন: ইসলামে যেমন শুরা আছে গণতন্ত্রেও তেমন সংসদ আছে, শুরা ও সংসদের মধ্যে পার্থক্য কি?

উত্তর: কিছু কিছু বিষয় মিল থাকলেই কোন দুটি জিনিষকে এক বলা যায় না। যেমন ছাগলেরও গরুর মতো চারটি পা আছে, দুটি শিং আছে, একটি লেজ আছে তাই বলে কি গরু আর ছাগল এক হবে? নিশ্চয়ই না। ছাগল ছাগলই আর গরু গরুই। ঠিক তেমনিভাবে শুরা আর গণতন্ত্র কখনোই এক না। শুরা গঠিত হয় বিশিষ্ট ব্যক্তিবর্গ দ্বারা আর সংসদ গঠিত হয় সাধারণ জনতার ভোট ও মতামত দ্বারা।

নামের পরিবর্তনের কারণেই মূল বিষয় পরিবর্তন হয়ে যায় না। মদকে যেরূপ ইসলামিক মদ লেভেল এঁটে দিলেই তা হালাল হয়ে যায় না, তেমনি বাতিল দ্বীন গনতন্ত্র কখনই ইসলামিক লেভেল এঁটে দিলে তা

[৭৭২] **সুরা শুরা ৪২:৩৮।**

[৭৭৩] **সুরা আল ইমরান ৩:১৫৯।**

জায়েজ হয়ে যায় না। বরং তারা তাদের এসব বাতিল যুক্তির মাধ্যমে লোকদের প্রতারিত করতে চায়, অথচ আল্লাহ বলেন,

يُخَادِعُونَ اللَّهَ وَالَّذِينَ آمَنُوا وَمَا يَخْدَعُونَ إِلَّا أَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ [البقرة/٩]

"তারা আল্লাহ্ এবং ঈমানদারগণকে ধোঁকা দেয়। অথচ এতে তারা নিজেদেরকে ছাড়া অন্য কাউকে ধোঁকা দেয় না অথচ তারা তা অনুভব করতে পারে না।" (সূরা, বাক্বারাহ ২:৯)

তাছাড়া গনতন্ত্র ইসলামিক শূরার সামঞ্জস্য অবশ্যই নয়, কারন সবাই জানে যে, সংসদীয় সভা হচ্ছে শিরক্ এবং কুফরীর আড্ডাখানা, যেখানে আল্লাহর আইনকে বাদ দিয়ে নতুন আইন তৈরী করা হয়, আল্লাহর হালাল হারামকে পরিবর্তন করা হয়। অথবা আল্লাহর আইনের কোন তোয়াক্কাই করা হয় না। নিজেরাই আইনদাতা রবের আসনে বসে। এ যেন এরূপ উদাহরন যা আল্লাহ আমাদের বলে দিয়েছেন-

{ أَأَرْبَابٌ مُتَفَرِّقُونَ خَيْرٌ أَمِ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ...} [يوسف : ٣٩ ، ٤٠]

অর্থ: "হে আমার কারা সঙ্গীদ্বয়, বহু সংখ্যক ভিন্ন ভিন্ন রব ভাল নাকি মহাপরাক্রমশালী এক আল্লাহ? তোমরা তাঁকে বাদ দিয়ে নিছক কতগুলো নামের ইবাদাত করছ, যাদের নামকরণ তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা করেছ, যাদের ব্যাপারে আল্লাহ প্রমাণ নাযিল করেননি। বিধান একমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, 'তাঁকে ছাড়া আর করো ইবাদাত করো না'। এটিই সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ লোক জানে না।[৭৭৪]

সুতরাং গনতন্ত্রকে ইসলামিক শূরার সাথে তুলনা দেয়া হচ্ছে তাওহীদকে শিরকের সাথে, ঈমানকে কুফরীর সাথে তুলনা দেয়ার মত। এটা হচ্ছে আল্লাহর দ্বীনের ব্যাপারে মিথ্যারোপ। এটা হচ্ছে হক্বের সাথে বাতিলের মিশ্রণ, হেদায়েতের সাথে পথভ্রষ্টতার মিশ্রণ, নুরের সাথে জুলমের মিশ্রন। একজন মুসলিমের অবশ্যই ইসলামিক শূরার প্রকৃত স্বরূপ বুঝতে হবে, তাহলে জানতে পারবে এই দুয়ের মধ্যে রয়েছে আকাশ পাতাল ফারাক।

[৭৭৪] **সুরা ইউসুফ ১২:৩৯-৪০।**

শূরা হচ্ছে শারয়ী পথ ও পদ্ধতি, অপরদিকে গনতন্ত্র হচ্ছে মানুষের নাফস ও খাহেশাতকে পূরন করার জন্য ইহুদী, খ্রিষ্টানদের তৈরীকৃত পদ্ধতি ।
গনতন্ত্রের মূলনীতি হচ্ছে জনগনই সকল ক্ষমতার উৎস, অধিকাংশ জনগন যা চাইবে তাই বাস্তবায়ন হবে, অর্থাৎ গনতন্ত্রে অধিকাংশ জনগন বা তাদের মনোনীত প্রতিনিধিরাই হচ্ছে রব এবং ইলাহ। কিন্তু ইসলামিক শূরার ব্যক্তিরা আদেশের অধীন, তারা বাধ্য আল্লাহ এবং তাঁর রাসুলের আনুগত্য করতে এবং কোরআন-সুন্নাহর ভিত্তিতে আমিরদের আনুগত্য করতে। ইসলামিক নেতারা অধিকাংশের মতামত গ্রহণ করতে বাধ্য নন। বরং অধিকাংশ বা সবাই নেতার আনুগত্য করতে বাধ্য যতক্ষণ না তিনিযু আল্লাহর অবাধ্যতার নির্দেশ দেন।

গনতন্ত্র এবং এর আহবায়করা আল্লাহর আইন ও ফায়সালার কাছে আত্মসমর্পন করে না। Democracy বা গনতন্ত্রের আবির্ভাব হয়েছে কাফেরদের ভূমিতে, এবং বেড়ে চলেছে সেখানে এবং দুনিয়াব্যাপী মানুষদের শিরক, কুফরের দিকে নিয়ে যাচেছ। মদ, জুয়া, সুদ, বেশ্যাবৃত্তি, লটারী, সমকামিতাসহ অনেক অনেক হারাম এবং খারাবীকে অনুমোদন দিয়েছে এই গনতন্ত্র, যেহেতু তা অধিকাংশ জনগন কামনা করে।
সুতরাং যারা এহেন গনতন্ত্রকে ইসলামের সাথে তুলনা দেয়, তাদের লজ্জা করা উচিত, আল্লাহকে ভয় করা উচিত কিসের সাথে তারা কিসের তুলনা দিচ্ছে। নিজেদের খারাবীকে জায়েজ করার জন্য এরূপ বাতিল উপমা কখনই গ্রহণযোগ্য নয়। যার নুন্যতম সাধারন জ্ঞান আছে সে বুঝতে পারবে কত আকাশ-পাতাল পার্থক্য ইসলাম এবং গনতন্ত্রের মাঝে।

প্রশ্ন: ইউসূফ (আ:) তৎকালীন মিশরের রাজসভায় একজন মন্ত্রী হতে পারলে বর্তমানে কেন গণতান্ত্রিক সংসদে যোগদান করা যাবে না?
উত্তর: এই প্রশ্ন করার আগে প্রমাণ করতে হবে যে, ইউসূফ (আ:) যে রাজসভায় যোগদান করেছিলেন সেটি মানব রচিত কুফুরি আইনের অধিনে ছিল। অথবা এমন কোন দ্বীনের অনুসরণ করেছিলেন যা তাঁর একত্ববাদী পূর্বপুরুষদের দ্বীন নয়? অথবা তিনি কি কোন জীবন ব্যবস্থাকে সম্মান

করার জন্যে শপথ নিয়েছিলেন অথবা সেই অনুসারে কি দেশ পরিচালনা বা শাস করেছেন যে রূপ আজ যারা সংসদ দ্বারা বিমোহিত, যেরূপ বর্তমানে তারা শাসন পরিচালনা করছে? বাস্তবে এর কোন প্রমাণ নেই। আর এটা হতেও পারে না। কেননা তিনি যখন জেলখানায় অসহায় ও দূর্বল অবস্থায় ছিলেন সেই দূর্বলতার সময় ঘোষণা করেছিলেন

{ إِنِّي تَرَكْتُ مِلَّةَ قَوْمٍ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَهُمْ بِالْآخِرَةِ هُمْ كَافِرُونَ وَاتَّبَعْتُ مِلَّةَ آبَائِي إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ مَا كَانَ لَنَا أَنْ نُشْرِكَ بِاللَّهِ مِنْ شَيْءٍ.

অর্থ: "নিশ্চয়ই আমি পরিত্যাগ করেছি সে কওমের ধর্ম যারা আল্লাহর প্রতি ঈমান আনে না এবং যারা আখিরাতকে অস্বীকারকারী। আর আমি অনুসরণ করেছি আমার পিতৃপুরুষ ইবরাহীম, ইসহাক ও ইয়াকূবের ধর্ম। আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করা আমাদের জন্য সঙ্গত নয়।"[৭৭৫]

তিনি শুধু এই ঘোষণা দিয়েই ক্ষ্যান্ত হন নি বরং ঐ জেলখানায় বসেই তাওহীদের দাওয়াত দিলেন। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

يَا صَاحِبَيِ السِّجْنِ أَأَرْبَابٌ مُتَفَرِّقُونَ خَيْرٌ أَمِ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ. مَا تَعْبُدُونَ مِنْ دُونِهِ إِلَّا أَسْمَاءً سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا أَنْزَلَ اللَّهُ بِهَا مِنْ سُلْطَانٍ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ.

অর্থ: "হে আমার কারা সঙ্গীদ্বয়, বহু সংখ্যক ভিন্ন ভিন্ন রব ভাল নাকি মহাপরাক্রমশালী এক আল্লাহ? তোমরা তাঁকে বাদ দিয়ে নিছক কতগুলো নামের ইবাদাত করছ, যাদের নামকরণ তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা করেছ, যাদের ব্যাপারে আল্লাহ প্রমাণ নাযিল করেননি। বিধান একমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, 'তাঁকে ছাড়া আর করো ইবাদাত করো না'। এটিই সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ লোক জানে না।[৭৭৬]
সুতরাং কিভাবে এটা সম্ভব যে তিনি যখন শক্তিহীন ছিলেন তখন প্রকাশ্যে এই কথাটি বলেছিলেন আর যখন তিনি ক্ষমতা পেলেন তা গোপন করে ছিলেন বা তার বিপরীত কাজ করেছিলেন?

---

[৭৭৫] **সুরা ইউসুফ ১২:৩৭-৩৮।**
[৭৭৬] **সুরা ইউসুফ ১২:৩৯-৪০।**

এর জবাব কি দিবে, হে! যারা এই মিথ্যা দাবীতে বিশ্বাসী?
হে রাজনৈতিক নেতৃবৃন্দ! আপনারা কি জানেন না, মন্ত্রণালয় (যেখানে প্রধানমন্ত্রী এবং অন্য মন্ত্রীদের মন্ত্রীপরিষদ রয়েছে) হলো একটি কার্য নির্বাহী কর্তৃপক্ষ (যারা কর্ম সম্পাদনের জন্যে ক্ষমতা প্রাপ্ত) এবং সংসদ হলো একটি আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ (যাদের কাজ আইন প্রণয়ন করা) এবং এই দু'য়ের মাঝে অনেক পার্থক্য রয়েছে? এই দু'য়ের মধ্যে আদৌ কোন তুলনা সম্ভব নয়।

এখন আপনি অবশ্যই নিশ্চিত যে ইউসুফ (আ:) ঘটনা সংসদে যোগদান করার জন্যে কোন বৈধ যুক্তি হতে পারে না। অধিকন্তু এই বিষয়টি আরো একটু আলোচনা করা যাক এবং আমরা এটাও বলতে পারি যে, এই ঘটনাকে মন্ত্রণালয়ে যোগদানের জন্যে অজুহাত হিসেবে ব্যবহার করা যাবে না কারণ, সংসদ ও মন্ত্রণালয়ে যোগ দেয়া উভয়ই কুফরীতে লিপ্ত হওয়ার শামিল।

তাছাড়া কুরআনের আয়াত থেকে স্পষ্ট বুঝা যায় যে ইউসূফ (আ:) পূর্ণ কর্তৃত্ব ও ক্ষমতার অধিকারী হয়েই ঐ রাজসভায় যোগদান করেছিলেন। পবিত্র কুরআনে আল্লাহ (সুব:)বলেন:

{ وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ أَسْتَخْلِصْهُ لِنَفْسِي فَلَمَّا كَلَّمَهُ قَالَ إِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ (٥٤) قَالَ اجْعَلْنِي عَلَى خَزَائِنِ الْأَرْضِ إِنِّي حَفِيظٌ عَلِيمٌ (٥٥) وَكَذَلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ يَشَاءُ نُصِيبُ بِرَحْمَتِنَا مَنْ نَشَاءُ وَلَا نُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ} [يوسف : ٥٤ – ٥٦]

অর্থ: "রাজা বলল ইউসুফকে আমার কাছে নিয়ে আস; আমি তাকে আমার একান্ত সহচর নিযুক্ত করব। অতঃপর রাজা যখন তাঁর সাথে কথা বলল, তখন রাজা বলল, আজ তুমি তো আমাদের নিকট মর্যাদাশীল বিশ্বাস ভাজন হলে। ইউসুফ বললেন, 'আমাকে দেশের ধনভান্ডারের উপর কর্তৃত্ব প্রদান করুন; আমি তো উত্তম ও সুবিজ্ঞ রক্ষক।' এইভাবে ইউসুফকে আমি সেই দেশে প্রতিষ্ঠিত করিলাম যে সেই দেশে যথা ইচ্ছা অবস্থান

করতে পারত। আমি যাকে ইচ্ছা তাহার প্রতি দয়া করি। আমি সৎকর্মপরায়ণদের প্রতিফল নষ্ট করি না।" [৭৭৭]

এ আয়াতে বলা হয়েছে, 'রাজা যখন তার সাথে কথা বললো....'কেই কি চিন্তা করতে পারে রাজার সাথে ইউসুফ (আ:) কি বিষয়ে কথা বলেছিলেন; তিনি কি রাজাকে তাকে ভালবাসার জন্যে, তাকে ক্ষমতা দেয়ার জন্যে, তাকে বিশ্বাস করার জন্যে এবং তার প্রতি আস্থা রাখার ব্যাপারে কথা বলেছিলেন?
তিনি কি মন্ত্রি, আল-আজিজ এর স্ত্রীর ঘটনার ব্যাপারে কথা বলেছিলেন, যেই ঘটনার সমাপ্তি হয়েছিল সকলের কাছে সত্য প্রকাশিত হওয়ার মাধ্যমে? অথবা তিনি কি জাতীয় ঐক্য এবং অর্থনৈতিক সমস্যা নিয়ে কথা বলেছিলেন? বা অন্য কোন ব্যাপার নিয়ে?

কেউই এমন দাবী করতে পারবে না যে তার অদৃশ্যের জ্ঞান আছে অথবা কেউ প্রমাণ ছাড়া কোন কথা বলতে পারে না। যদি সে তা করে, সে একজন মিথ্যাবাদী হয়ে যাবে। কিন্তু এই আয়াত অনুযায়ী রাজার সাথে কি কথা হয়েছিল তা অন্য আয়াত থেকে জানা যাবে। ইরশাদ হচ্ছে:

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ

অর্থ: "আর আমি অবশ্যই প্রত্যেক জাতিতে একজন রাসূল প্রেরণ করেছি যে, তোমরা আল্লাহর ইবাদাত কর এবং পরিহার কর তাগূতকে।"[৭৭৮]

বুঝা গেল ইউসুফ (আ:) রাজার সাথে কথা বলে এই গুরুত্বপূর্ণ দায়িত্বই পালন করেছেন এবং তৎকালীন রাজা আল্লাহ্‌র নিকট আত্মসমর্পনের দিকে পা বাড়িয়েছিলেন। যেমন তাফসীরের কিতাবে বর্ণিত হয়েছে:

عَنْ أَبِيْ إِسْحَاقَ الْكُوْفِيْ ، عَنْ مُجَاهِدٍ قَالَ: أَسْلَمَ الْمَلِكُ الَّذِيْ كَانَ مَعَهُ يُوْسُفُ.

ইবনে জারীর আত-তাবারী বর্ণনা করেন যে, মুজাহিদ (রহঃ) বলেনঃ "ইউসুফ (আঃ)-এর সময় যেই রাজা ছিলেন তিনি ইসলাম গ্রহণ করেছিলেন"।"[৭৭৯]

---

[৭৭৭] সূরা ইউসুফ ১২:৫৪-৫৬।
[৭৭৮] সুরা নাহাল ১৬:৩৬।

আল-বাঘাবী বলেনঃ "মুজাহিদ (রহঃ) ও অন্যান্যরা বলেছেনঃ ইউসুফ (আঃ) তাদেরকে অতিবিনয়ের সাথে ইসলামের দিকে ডাকা থেকে ক্ষান্ত হননি, যতক্ষণ পর্যন্ত না রাজা এবং আরও অনেক লোক ইসলামে প্রবেশ করে।"
তাছাড়া ইউসুফ (আ:) এর রাজসভায় যোগদান করা নিজের ইচ্ছায় ছিল না বরং আল্লাহ (সুব:) ইচ্ছায় ছিল। কেননা আল্লাহ (সুব:) বলেছেন: 'এইভাবে ইউসুফকে আমি সেই দেশে প্রতিষ্ঠিত করলাম' এ আয়াতে আল্লাহ (সুব:)পরিষ্কারভাবে ঘোষণা করলেন যে, 'আমি ইউসূফকে সেই দেশে প্রতিষ্ঠিত করলাম' সুতরাং এটা হচ্ছে আল্লাহ দেয়া কর্তৃত্ব। কোন ব্যক্তি বা রাজার ক্ষমতা ছিল না তাকে আঘাত করার বা তাকে সেই কর্তৃত্ব থেকে অপসরণ করার। যদিও সে রাজা এবং তার বিধান ও বিচার ব্যবস্থা বিরূদ্ধাচরণ করে।

কিন্তু বর্তমানে তাগুতের অধিনে ইসলামিক দলের মন্ত্রীগণ প্রধান মন্ত্রী এবং তার বিধান ও বিচার ব্যবস্থার বিরূদ্ধে অবস্থান নিলে তার মন্ত্রীত্ব থাকবে কি?
না! বরং মন্ত্রীদেরকে শপথ করতে হয় যে, 'এই কুফুরী সংবিধানকে শ্রদ্ধা করা ও রক্ষা করার জন্য।' যেমন: বাংলাদেশের সংবিধানের তৃতীয় তফসিল- 'শপথ ও ঘোষণা' অনুচ্ছেদের ২(ক) এ বলা হয়েছে: 'আমি ...সশ্রদ্ধচিত্তে শপথ করিতেছি যে,
-আমি আইন অনুযায়ী সরকারের প্রধানমন্ত্রী (বা মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী) পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব;
-আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব;
-আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব;
-এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন অনুযায়ী যথাবিহীত আচরণ করিব।

এবং তৃতীয় তফসিল- 'শপথ ও ঘোষণা' অনুচ্ছেদের ৫-এ বলা হয়েছে:

---

[৭৭৯] জামি আল-বাইয়ান লিত তাবারী, সুরা ইউসুফের ৫৬ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।

-আমি সংসদ সদস্য নির্বাচিত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ করিতেছি যে, আমি যে কর্তব্যভার গ্রহণ করিতে যাইতেছি, তাহা আইন অনুযায়ী ও বিশ্বস্তার সহিত পালন করিব;
-আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব, এবং সংসদ সদস্যরূপে আমার কর্তব্য পালনকে ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হইতে দিব না।

ইউসুফ (আ:) কি এরকম কোন মানব রচিত কুফুরী সংবিধান রক্ষার জন্য শপথ করেছিলেন? না হতেই পারে না। কেননা আল্লাহ (সুব:)তাঁর সম্পর্কে বলেছেন:

كَذَٰلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوءَ وَالْفَحْشَاءَ إِنَّهُ مِنْ عِبَادِنَا الْمُخْلَصِينَ

অর্থ: "এভাবেই, যাতে আমি তার থেকে অনিষ্ট ও অশ্লীলতা দূর করে দেই। নিশ্চয় সে আমার খালেস বান্দাদের অন্তর্ভুক্ত।"[৭৮০]
এ আয়াতে ইউসুফ (আ:) কে আল্লাহ (সুব:)তার খালেস বান্দা হিসাবে ঘোষণা করেছেন আর আল্লাহর খালেস বান্দাদেরকে শয়তানও ভয় করে। এই জন্য সে শপথ করে বলেছিল:

قَالَ فَبِعِزَّتِكَ لَأُغْوِيَنَّهُمْ أَجْمَعِينَ (٨٢) إِلَّا عِبَادَكَ مِنْهُمُ الْمُخْلَصِينَ

অর্থ: "সে বলল, আপনার ইজ্জতের কসম! আমি তাদের সকলকেই বিপথগামী করে ছাড়ব। তবে তাদের মধ্য থেকে আপনার একনিষ্ঠ বান্দারা ব্যতিত।"[৭৮১]

ইবনে জারীর আত-তাবারী, আস-সুদ্দী হতে বর্ণনা করেনঃ রাজা, ইউসুফ (আঃ)-কে মিশরের উপর নিযুক্ত করেছিলেন, তিনি কর্তৃপক্ষেও একজন সদস্য ছিলেন এবং তিনি যে কোন কিছু ক্রয়ের ক্ষেত্রে দেখাশুনার দায়িত্ব পালন করতেন এবং ব্যবসা ও অন্যান্য যত বিষয় ছিল তা তদারকি করতেন। এর প্রমাণ সূরা ইউসুফ, ৫৬ আয়াতের শেষ অংশে পাওয়া যায়ঃ

{وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ يَشَاءُ} [يوسف: ٥٦]

---

[৭৮০] সুরা ইউসুফ ১২:২৪।
[৭৮১] সুরা সা'দ ৩৮:৮২-৮৩।

এই ভাবে আমি ইউসুফ (আঃ)-কে সেই দেশে প্রতিষ্ঠিত করলাম; যে সেই দেশে যেখানে ইচ্ছা অবস্থান করতে পারত ।
"... সেই দেশে তিনি যেখানে ইচ্ছা অবস্থান করতে পারতেন...", এই আয়াতের ব্যাপারে ইবনে জারীর আত-তাবারী, ইবনে যায়েদ (রাঃ) হতে বর্ণনা করেন, 'মিশরের সকল কর্তৃত্ব ইউসুফের (আঃ) কাছে হস্তান্তর করা হয়েছিল এবং যে কোন বিষয়ে তাঁর সিদ্ধান্তই ছিল চুড়ান্ত ।[৭৮২]

আল-কুরতুবী বর্ণনা করেন যে, ইবনে আব্বাস (রাঃ) ইউসুফ (আঃ) সম্পর্কে বলেন যে, তিনি তাঁর বিছানার উপর বসলেন এবং রাজা তার পরিষদবর্গ এবং স্ত্রীগণসহ তাঁর সাথে পরিচয় পর্বের জন্য তাঁর ঘরে প্রবেশ করলেন এবং মিশরের সকল কর্তৃত্ব তাঁর (আঃ) কাছে হস্তান্তর করা হয় ।"
এ সম্পর্কে আল-কুরতুবী বলেনঃ "যখন রাজা, ইউসুফ (আঃ)-এর উপর দায়িত্ব সমর্পন করলেন তখন তিনি (আঃ) সাধারণ জনগণের উপর উদার প্রকৃতির মনোভাব পোষণ করলেন এবং তাদেরকে ততক্ষণ পর্যন্ত ইসলামের দিকে ডেকেছিলেন যতক্ষণ পর্যন্ত না তিনি তাদের মাঝে ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে পেরেছিলেন। তাই পুরুষ-মহিলা উভয়ই তাকে ভালোবাসতো ।

এই একই ধরনের কথা পাওয়া যায় আঃ ওয়াহ্হাব, আস-সুদ্দী এবং ইবনে আব্বাস (রাঃ) ও অন্যান্যদের বর্ণনায় ইউসুফ (আঃ) এর প্রতি রাজার উক্তিতে-যখন রাজা, তার পরিপূর্ণ বুদ্ধিবৃত্তি দেখেছিলেন শাসন কর্তৃত্ব এবং ন্যায়বিচার প্রথা প্রচারের ক্ষেত্রে। রাজা বললেন, আমি তোমাকে ক্ষমতা দান করলাম, সুতরাং তোমার যা ইচ্ছা তা তুমি করতে পারো এবং আমরা তোমার একনিষ্ঠ অনুসারী এবং আমি তোমার আনুগত্য করব এবং আমি তোমার কোন বিষয়ের সহযোগীর চেয়ে বেশী কিছু নই ।"[৭৮৩]
তাছাড়া যারা ইউসূফ (আ:) কে তাগুতী ও কুফুরী আইনের অধীনে একজন মন্ত্রী আখ্যায়িত করে নিজেদের স্বপক্ষে দলীল পেশ করতে চান তারা

[৭৮২] **তাফসীরে ইবনে জারীর আত তাবারী, সুরা ইউসূফের ৫৬ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য ।**
[৭৮৩] **আল-জামী'লি আহকাম আল-কুরআন, খন্ড ৯ পৃষ্ঠা ২১৫, সুরা ইউসুফের ৫২ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য ।**

হয়তো ভুলে গেছেন কারাগারে ইউসুফ (আঃ) তাঁর দুই সাথীকে কি বলেছিলেন । তিনি বলেছিলেনঃ

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ} [يوسف : ٤٠]

অর্থ: "বিধান দিবার অধিকার কেবলমাত্র আল্লাহ্ তা'আলার । তিনি আদেশ দিয়েছেন- তিনি ব্যতীত অন্য কারও ইবাদত না করার জন্য । ইহাই শ্বাশত দ্বীন কিন্তু অধিকাংশ লোক ইহা সম্পর্কে অবগত নহে ।"[৭৮৪]
তাহলে আমরা কিভাবে বলব যে, ইউসুফ (আঃ) ঐ রকম একটা সরকার ব্যবস্থাকে সাহায্য করেছিলেন অথবা তাদের সাথে আপোষ করেছিলেন যারা মানব রচিত আইন প্রণয়ন করেছিল যখন তিনিই অন্যদেরকে এই বিধান/ আইন প্রণয়নের ব্যাপারে আল্লাহ্ সম্পর্কে সতর্ক করছিলেন এই বলে যে: "বিধান দেবার অধিকার কেবলমাত্র আল্লাহ্রই ।"

প্রশ্ন: "দুই খারাপের মধ্যে অপেক্ষাকৃত কম খারাপ যেটা সেটাকে গ্রহণ করা"র জন্য ইসলামে অনুমোদন রয়েছে, গনতন্ত্রের ক্ষেত্রে কি এই নীতিমালা প্রযোজ্য নয়?
উত্তর: গণতান্ত্রিক নির্বাচনের সমর্থকরা ইসলামের

اِذَا ابْتُلِيْتَ بِبَلَائَيْنِ فَاخْتَرْ اَهْوَنَهُمَا

অর্থাৎ "দুই খারাপের মধ্যে অপেক্ষাকৃত কম খারাপ যেটা সেটাকে গ্রহণ করা" এই নীতিকে দুইভাবে ব্যবহার করে থাকেঃ
১) যে প্রার্থীর আদর্শ অপেক্ষাকৃত কম ইসলাম বিরোধী তাকে ভোট দেয়ার মানে হলো কম খারাপের পক্ষ নেয়া ।
২) অন্য দিকে, কাউকে যদি ভোট না দেয়া হয় তাহলে বেশী খারাপ প্রার্থীটি নির্বাচিত হতে পারে এই আশংকায় কম খারাপকে ভোট দেয়া ।
আসলে ইসলামের বেশীরভাগ নীতি নিয়ে এভাবেই মানুষ মানুষকে বিভ্রান্ত করে। তারা সঠিক নীতিটি সুন্দরভাবে উল্লেখ করে কিন্তু এর প্রয়োগ করে ভুল অথবা এমন ক্ষেত্রে এটি প্রয়োগ করতে চায় যেখানে ঐ নীতি খাটে না ।

[৭৮৪] **সূরা ইউসুফ ১২:৪০ ।**

বিশেষ করে এই নীতিটির ক্ষেত্রে তাদের ভুল হলো, তারা এর প্রয়োগ বোঝেনি। শুধুমাত্র সেখানেই এটি প্রয়োগ করা যাবে যেখানে, দুটি পথের একটি গ্রহণ না করে উপায় নেই।

কিন্তু যদি এগুলো থেকে বেঁচে থাকার উপায় থাকে অর্থাৎ দুটি পথের একটি গ্রহণ করতে যদি বাধ্য করা না হয়- তাহলে সেখানে এই নীতি প্রযোজ্য নয়। অর্থাৎ কাউকে যদি দুটি হারামের একটি গ্রহণে বাধ্য করা হয়, তা হলে সে কম গুনাহের কাজটি করতে পারে। কিন্তু এমন ক্ষেত্রে নয়- যেখানে কেউ বাধ্য করছে না সেই ক্ষেত্রে এটা প্রযোজ্য নয়। ভোটের ক্ষেত্রে এই প্রয়োগকে এভাবে দেখা যায়ঃ

কোন এক ব্যক্তি একজন মুসলিম ভাইকে মদ খাওয়ার দাওয়াত দিল। সেখানে একটি মদে থাকবে ৫০% এলকোহল এবং অন্য একটি মদে ২৫% এলকোহল। সুতরাং সে দাওয়াত গ্রহণ করে ২৫% এলকোহলের মদটি পান করল।

গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করতে আমাদের কেউ বাধ্য করছে না; তাই কম খারাপকে সমর্থনের নামে একটি শির্ক করা কখনোই গ্রহণযোগ্য হতে পারে না। আমরা ভোট না দিলে যে ক্ষতি হবে তার তুলনায় এই শির্ক (আল্লাহ্ ছাড়া অন্য কাউকে আইন তৈরীর অধিকার দেয়া) অনেক অনেক বেশী ক্ষতিকর।

প্রশ্নঃ "ক্ষতি অবজ্ঞা করে সুবিধা গ্রহণ করা" এই নীতি গনতন্ত্রের ক্ষেত্রে প্রয়োগ ভূল কিভাবে?

উত্তরঃ- دَفْعُ الْمَضَرَّةِ وَ جَلْبُ الْمَنْفَعَة অর্থাৎ "ক্ষতি অবজ্ঞা করে সুবিধা গ্রহণ করা" এই নীতির দোহাই দিয়ে যারা গণতান্ত্রিক নির্বাচনকে জায়েয করতে চায় তাদের ভাষ্য হলো, এমন একজন ইসলামপন্থী নেতাকে নির্বাচিত করলে, যার কর্মপন্থা মুসলিমদের জন্য অন্য নেতাদের থেকে তুলনামূলক কম ক্ষতিকর এবং একটি ইসলাম বিরোধী শক্তিকে পরাজিত করলে যতটা লাভ হবে তা এই হারামের ক্ষতির তুলনায় অনেক বেশী।

প্রথমেই বলতে হয়, গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করা হলো শির্ক। সুতরাং এর সুবিধা আলোচনা করে একে উৎসাহিত করা একেবারেই

গ্রহণযোগ্য নয়। আল্লাহ্‌র তাওহীদকে উপেক্ষা ও অমান্য করে তার কাছ থেকে সুবিধা আদায় করাকে কি করে সমর্থন করা যায়। সুতরাং উপরোক্ত কথাগুলো বর্জনীয় এবং এর দ্বারা মুসলিমদের ভোট দানে উৎসাহিত করা সম্পূর্ণরূপে ভুল।

আর যদি গণতান্ত্রিক নির্বাচনে সত্যিকার অর্থেই কোন সুবিধা থেকে থাকে তাহলে- তার পরেও এটি হালাল হবে না। আল্লাহ্ তা'আলা বলেনঃ

يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَإِثْمُهُمَا أَكْبَرُ مِنْ نَفْعِهِمَا وَيَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ قُلِ الْعَفْوَ كَذَلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمُ الْآيَاتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ [البقرة/٢١٩]

অর্থ: "তারা আপনাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞেস করে। আপনি বলুনঃ এ দুয়ের মধ্যে রয়েছে মহাপাপ, তবে মানুষের জন্য উপকারও আছে, কিন্তু এর পাপ উপকারের চেয়ে অনেক বেশী।"[৭৮৫]

ইবনে কাসির (রহঃ) এ আয়াতের তাফসীরে বলেছেন, "এসবের লাভগুলো সবই ইহলৌকিক। যেমন, এর ফলে শরীরের কিছু উপকার হয়, খাদ্য হজম হয়, মেধাশক্তি বৃদ্ধি পায়, একপ্রকারের আনন্দ লাভ হয়, ইত্যাদি। অনুরূপভাবে এর ব্যবসায়ে লাভের সম্ভাবনা আছে। একইভাবে জুয়া খেলাতেও বিজয়ের সম্ভাবনা আছে। কিন্তু এগুলোর উপকারের তুলনায় ক্ষতি বা অপকারই বেশী। কেননা, এর দ্বারা জ্ঞান লোপ পাওয়ার সাথে সাথে দ্বীনও ধ্বংস হয়ে থাকে।" আর একারণেই আল্লাহ্ তা'আলা বলেছেনঃ

{ وَإِثْمُهُمَا أَكْبَرُ مِنْ نَفْعِهِمَا} [البقرة : ٢١٩]

অর্থ: "আর তার পাপ তার উপকারিতার চেয়ে অধিক বড়।"[৭৮৬]

একইভাবে গণতান্ত্রিক নির্বাচনেরও কিছু সুবিধা বা লাভ থাকতে পারে, কিন্তু এতে অংশ নেয়ার মাধ্যমে আল্লাহ্‌র পরিবর্তে মানুষকে আইনদাতা হিসেবে স্বীকৃতি প্রদান করায় নিজ দ্বীনের জন্য যেকোন লাভের চাইতে অনেক অনেক গুন বেশী ক্ষতিকর। আর একথা আমরা স্পষ্টভাবে বলতে

---

[৭৮৫] সূরা বাকারা ২:২১৯।

[৭৮৬] তাফসীরে ইবনে কাসির সুরা বাকারার ২১৯ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।

পারি যে, মদ খাওয়া বা জুয়া খেলার চাইতে অনেক বেশী বড় গুনাহ হলো শির্‌ক আল্লাহ্‌র সাথে শির্‌ক করা এবং এর পরিণতিও অনেক ভয়াবহ।

প্রশ্ন: "আমলসমূহ সর্বোপরী নিয়্যতের উপর নির্ভরশীল" এই ভিত্তিতে যারা বলে আমরা ভাল নিয়্যাতে গনতন্ত্রে অংশগ্রহণ করি তাদের এ কথা বাতিল কিভাবে?

উত্তর: إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ "আমলসমূহ সর্বোপরী নিয়্যতের উপর নির্ভরশীল"। তারা বলে:"আমরা তো এটা মুসলিমদেরকে যুলুম নির্যাতন থেকে রক্ষা করার জন্য করছি; যাতে মুসলিমদের সুবিধা হয়"- এভাবেই অনেকে গণতান্ত্রিক নির্বাচনে অংশ নেয়ার পক্ষে অজুহাত দাঁড় করায়। তারা বলতে চান যেহেতু, একটি সৎ উদ্দেশ্যে, ভালো নিয়্যতে এ কাজটি করা হচ্ছে তাই এতে কোন সমস্যা নেই- এটি বরং প্রশংসনীয়।

আসলে এই মারাত্মক ভুলটি তারা শুধু এখানেই করছে তা নয়। প্রথম কথাটি হলো, উত্তম নিয়্যত থাকলেই গুনাহ উত্তম আমল বা সাওয়াবের কাজ হয়ে যায় না। আবু হামিদ আল গাজ্জালী (রহঃ) বলেনঃ "গুনাহ, এগুলোর প্রকৃতি কখনো নিয়্যতের দ্বারা পরিবর্তন হয়ে যায় না। রাসূলুল্লাহ (সঃ) এর হাদীস (প্রত্যেক আমলই নিয়্যতের উপর নির্ভরশীল) থেকে অজ্ঞ বা জাহিল লোকেরা এভাবেই সাধারণ অর্থে ভুল বুঝ নেয়, তারা মনে করে যে, নিয়্যতের দ্বারা একটি গুনাহ ইবাদতে পরিণত হয়। যেমন, কোন ব্যক্তি যদি অন্যের মনকে খুশী করার জন্য কারো গীবত করে, অথবা ঐ ব্যক্তি যে অন্যের টাকায় অভাবীদের আহার করায়, অথবা কেউ যদি হারামের পয়সায় স্কুল, মসজিদ বা সৈন্যদের ক্যাম্প তৈরী করে দেয় উত্তম নিয়্যতে, তখন তাদের গুনাহ ইবাদতে পরিণত হয়! এসবই জাহেলীয়াত বা মূর্খতা, এই সীমালংঘনের ও অপরাধের উপর এর নিয়্যতের কোন প্রভাব নেই। বরং ভালো উদ্দেশ্যে খারাপ কাজ করার এই নিয়্যত শরীয়তবিরোধী– যা আরেকটি অন্যায়---- ।"

ইমাম গাজ্জালী (রহ:) আরও বলেছেন: "সুতরাং রাসূলুল্লাহ (সঃ) এই বাণীঃ "প্রত্যেক আমলই তার নিয়্যতের উপর নির্ভরশীল"– তিনটি জিনিসের (ইবাদত, মুবাহ ও গুনাহ) এর মধ্যে শুধুমাত্র আনুগত্য ও মুবাহ

(অনুমতি প্রাপ্ত আমল)-এর মধ্যে সীমিত, গুনাহের জন্য নয়। এটা এই কারণে যে, আনুগত্য গুনাহ-তে পরিণত হয় (খারাপ) নিয়্যতের দ্বারা। বিপরীত দিকে, একটি খারাপ কাজকে কখনোই নিয়্যতের দ্বারা আনুগত্যে পরিণত করা যায় না।"[৭৮৭]

শেখ আব্দুল কাদির বিন আব্দুল আজিজ, অপর শেখ আব্দুল আজিজ বিন বাজ এর ফাতওয়ার সমালোচনা করেছেন, যেখানে তিনি (বিন বাজ) সংসদ সদস্য হওয়া এবং গণতান্ত্রিক নির্বাচনে অংশ নেয়াকে অনুমতি দিয়েছেন। শেখ আব্দুল কাদির বিন আব্দুল আজিজ বলেনঃ "আমি বলি এই ফাতওয়াটি ভুল। ইমাম গাজ্জালী (রহঃ)-র যে উদ্বৃতি আমরা দিয়েছি সেই অনুযায়ী, গুনাহ কখনো নিয়্যতের দ্বারা গ্রহণযোগ্য হতে পারে না। তাছাড়া কুফর হচ্ছে সবচেয়ে বড় গুনাহগুলোর অন্যতম। আর পার্লামেন্টে অংশ নেয়া হলো কুফর, এটা নিয়্যতের কারণে গ্রহণযোগ্য হতে পারে না। এটা এই কারণে যে, পার্লামেন্ট হলো গণতান্ত্রিক ব্যবস্থা প্রয়োগের একটি মাধ্যম। সুতরাং এতে অংশ নেয়া বা ভোট দেয়ার রায় জানতে হলে গণতন্ত্র সম্পর্কিত রায়ও জানতে হবে, আর এই রায়ও নির্ভর করে এর বাস্তবতা জানার উপর।"[৭৮৮]

সুতরাং উত্তম নিয়্যত দিয়ে একটি গুনাহকে অনুমোদন দেয়া যাবে না। আর মুসলিমদের যুল্‌ম থেকে রেহাই দেয়ার নামে কুফর বা শির্‌ক করাতো কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়। যদি তাই হতো তাহলে আমরা বাইবেল আর মূর্তি বিক্রয় করে অভাবী মুসলিমদেরকে সাহায্য করতাম!

প্রশ্ন: "সৎ কাজের আদেশ এবং অসৎ কাজ থেকে বারণ" করার নামে গনতন্ত্রে অংশগ্রহণ বাতিল কিভাবে?

উত্তর: গণতন্ত্রের পক্ষে যারা কথা বলে তারা الْأَمْرَ بِالْمَعْرُوفِ وَالنَّهْيَ عَنْ الْمُنْكَرِ অর্থাৎ 'সৎ কাজের আদেশ, অসৎ কাজের নিষেধ' এই নীতিটিও ব্যবহার করে থাকে। যে প্রার্থীর আদর্শ মুসলিমদের জন্য কম ক্ষতিকর বা

---

[৭৮৭] ইলাহইয়া উলুমুদ্দীন, ৪র্থ খন্ড পৃষ্ঠা নং:৩৮৮-৩৯১।

[৭৮৮] আল-জামি ফি তালাব আল ইলম আশ শারীফ ১ম খন্ড পৃষ্ঠা নং:১৪৭-১৪৮।

কিছুটা উপকারী তাকে নির্বাচিত করার সাথে তারা এই নীতিটির তুলনা করে। কারণ, এতে ভালো প্রার্থীর ভালো কাজে সহায়তা করে মন্দ প্রার্থীকে বাঁধা দেয়া হচ্ছে। এক শ্রেণীর লেখকরা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণকে বৈধ বলেই ক্ষান্ত হয় না - গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করা একজন মুসলমানের জন্য আবশ্যকীয় কর্তব্য, পবিত্র দায়িত্ব বলে মনে করে আবার কেউ আরেকটু অগ্রসর হয়ে ভোট দেওয়াকে জিহাদের সঙ্গে তুলনা করেছেন (নাউযুবিল্লাহ)। শুধু তাই নয়, যারা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণের বিরুদ্ধে কথা বলেন এবং মানুষদের এটা থেকে বিরত থাকতে বলে তাঁদেরকে এইসব লেখক যালিম বলে আখ্যা দিয়ে থাকে।

এক্ষেত্রে আমাদের স্পষ্ট বক্তব্য হলো গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণই হলো শির্‌ক, আর এটাকেই সর্বপ্রথম নিষেধ করতে হবে। গণতন্ত্রের মাধ্যমে মানুষ আল্লাহ্‌ তা'আলার পাশে অন্যকে স্থাপন করে আইন রচনার জন্য- যা সুস্পষ্ট শির্‌ক। যে ব্যক্তি এই বিষয়টি বুঝতে পারে, সে খুব সহজেই বুঝতে পারবে যে উপরোক্ত নীতিটি কতটা ভুলস্থানে ব্যবহার করা হয়েছে। তারা যেভাবে এই নীতিটি ব্যবহার করে, তা একেবারেই উল্টো, এই নীতির সঠিক ব্যবহার বরং তাদেরই বিরুদ্ধে যায়। ভালো কাজের আদেশ এবং খারাপ কাজের নিষেধ করার ক্ষেত্রে সবচেয়ে বড় শর্ত হলো, এর পন্থাটি শরীয়ত সম্মত হতে হবে। এক্ষেত্রে আরো একটি শর্ত হলো, ঐ মুনকার (প্রথম মন্দের চেয়ে), তাহলে তা নিষেধ করা বৈধ নয়। যদিও আল্লাহ্‌ (সুবঃ) এটি (প্রথম মন্দ) অপছন্দ করেন এবং এটি যারা করে তাদের অপছন্দ করেন। (ই'লাম আল মুওয়াক্‌কীন, খন্ড ৩, পৃঃ ৪)

যারা মন্দ প্রার্থী আর ভালো প্রার্থীর কথা বলে নির্বাচনে অংশ নেয়াকে বৈধ করে; তারা এ মন্দ ঠেকাতে শির্‌ক বা কুফরীর মতো মূল্য দিতে বলে। দুটি জিনিসকে মেপে দেখুন তো, সমান হয় কিনা। আল্লাহ্‌ বলেছেনঃ

وَالْفِتْنَةُ أَكْبَرُ مِنَ الْقَتْلِ [البقرة/٢١٧]

“ফিৎনা হত্যা অপেক্ষা গুরুতর।” (সূরা বাকারা ২:২১৭)

এখানে, ফিৎনা বলতে আল্লাহ্‌ (সুবঃ) শির্‌ক ও কুফরীকে বুঝিয়েছেন, যা অধিকাংশ তাফসীরে পাওয়া যায়। শায়খুল ইসলাম ইমাম ইবনে

তাইমিয়্যাহ (রহঃ) বলেছেনঃ “যদিও হত্যা করার মাঝে পাপ ও অমঙ্গল রয়েছে তবে কাফিরদের ফিৎনার (কুফরী) মাঝে রয়েছে তার চেয়েও অধিক গুরুতর পাপ এবং অমঙ্গল।”[৭৮৯]

শেখ আলী আল-খুদাইর তাঁর “লা ইলাহা ইল্লালাহু - এই সাক্ষ্য দানে আহবান” বইটিতে শেখ সুলাইমান বিন সাহমান (রহঃ) এর উদ্ধৃতি দিয়ে বলেছেনঃ “আল-ফিৎনাহ হলো কুফর। সুতরাং সমস্ত বেদুঈন ও নগরবাসী যদি যুদ্ধ করে শেষ হয়ে যায় তা অনেক কম গুরুতর ঐ জমীনে একটি তাগুতকে নির্বাচন করার চেয়ে যে এমন আইনে শাসন করে যা ইসলামের শরীয়াত বিরোধী।”

সুতরাং এ ব্যাপারে কোন সন্দেহের অবকাশ নেই যে, ভালো কাজের আদেশ ও মন্দ কাজের নিষেধের অজুহাতে শির্‌ক করা যাবে না, তাতে অত্যাচার যতই কমে যাবার সম্ভাবনা থাকুক, তাতে কিছুই যায় আসে না। এটা এই জন্যই যে মুসলিমরা অত্যাচারের কারণে যে ক্ষতির শিকার হচ্ছে, তার চেয়ে বড় ক্ষতিগ্রস্ত হবে শির্‌ক করার মাধ্যমে।

প্রশ্নঃ “নিতান্ত প্রয়োজনে হারাম গ্রহণ করার অনুমতি” এই যুক্তিতে গনতন্ত্রে অংশগ্রহণ ভ্রান্ত কিভাবে?

উত্তরঃ যারা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ হারাম বলে মনে করেন, তারা অজুহাত দেন যে, এখন মুসলিমদের জন্য একটি জরুরী অবস্থা বিরাজ করছে, সুতরাং এমতাবস্থায় হারাম কাজে অংশগ্রহণ করাকে ইসলাম সমর্থন করে। কেননা ইসলামের উসূল বা মূলনীতি রয়েছেঃ

اَلضَّرُوْرَاتُ تُبِيْحُ الْمَحْظُوْرَاتِ

অর্থাৎ একান্ত প্রয়োজন হারামকে হালাল করে দেয়। যেমনঃ প্রাণ বাঁচানোর জন্য প্রয়োজন হলে মৃত পশুর গোশত খাওয়া হালাল হয়ে যায়।

এই নীতির ক্ষেত্রে কয়েকটি বিষয় বিবেচনা করা উচিৎ যা তারা করেননি। কারণ, এ নীতিটি সর্বক্ষেত্রে সার্বজনীনভাবে প্রয়োগ করার মতো নয়। বরং এক্ষেত্রে কিছু ব্যতিক্রম আছে এবং কিছু বাধ্যবাধকতা বা সীমা আছে যার কারণে গণতান্ত্রিক নির্বাচনের ক্ষেত্রে এই নীতির ব্যবহার গ্রহণযোগ্য নয়।

---

[৭৮৯] আল ফাতওয়া ২৮ নং খন্ড ৩৫৫ নং পৃষ্ঠা।

প্রথমতঃ অনেক বিষয় আছে যেগুলোকে ‘প্রয়োজন’ বা ‘জরুরী’ বলা যায় না। সুতরাং আমাদের সতর্ক হতে হবে যেন আমরা সত্যিকার প্রয়োজন ছাড়া এর নীতির নমনীয়তাকে ব্যবহার না করি। মানুষের ‘প্রয়োজন’ বা জরুরী অবস্থা ৫ প্রকারের: ১. দ্বীনের জন্য আবশ্যকীয় ২. জীবনের জন্য আবশ্যকীয় ৩. মানসিক সুস্থতার জন্য আবশ্যকীয় ৪. রক্ত (বংশ) বা সম্মান রক্ষার্তে আবশ্যকীয় ৫. সম্পদের ক্ষেত্রে আবশ্যকীয়

এই সকল প্রয়োজনীয়তা সমান পর্যায়ের নয়। যেমন, কারো যিনা করা বা কোন মাহরাম মহিলাকে নিকাহ (বিবাহ) করার অজুহাত কখনো এই হতে পারেনা যে, আমার যৌন আকাঙ্খা পূরণ করা আবশ্যকীয় হয়ে পড়েছিল। সুতরাং সকল প্রয়োজনকেই এই নীতির আওতায় ফেলা যাবে না, এক্ষেত্রে একটি সীমারেখা আছে।

দ্বিতীয়তঃ

শির্ক বা কুফরের ক্ষেত্রে এই নীতি কখনোই গ্রহণযোগ্য নয়। কারণ শির্ক এবং কুফর থেকে নিজেকে রক্ষা করাই সবচেয়ে আবশ্যকীয় ব্যাপার, মানুষের দ্বীন রক্ষা করাটাই তার সবচেয়ে বড় প্রয়োজন। একটি প্রয়োজন রক্ষা করতে গিয়ে আরো বড় প্রয়োজন বিসর্জন দেয়া কখনোই অনুমোদনযোগ্য নয়। শুধুমাত্র ইকরাহ (চুড়ান্ত জোর জবরদস্তি)-এর ক্ষেত্রেই এটি গ্রহণযোগ্য হতে পারে। আমরা শির্ক ও কুফরকে হালাল করার জন্য এমন একটি নীতির সাহায্য নেয়ার কথা কিভাবে ভাবতে পারি?

শায়খুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ (রহ:) বলেছেনঃ “নিশ্চয় যেসব বস্তু হারাম; এর মধ্যে যেসব বস্তু কোন অবস্থাতেই ইসলামের শরীয়াতে অনুমোদন দেয়া হয়নি এবং এ ব্যাপারে স্পষ্ট বর্ণনাও রয়েছে, (সেগুলো) না আবশ্যকীয়তায় আর না এছাড়া অন্য কোন কারণে অনুমোদনযোগ্য, যেমন, শির্ক, অবৈধ যৌনাচার এবং আল্লাহ্‌র ব্যাপারে জ্ঞান ছাড়া কথা বলা এবং স্পষ্ট সীমালংঘন। এই চারটি বিষয় হলো সেইগুলো যার সম্পর্কে আল্লাহ্ (সুবঃ) বলেছেনঃ

قُلْ إِنَّمَا حَرَّمَ رَبِّيَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْإِثْمَ وَالْبَغْيَ بِغَيْرِ الْحَقِّ وَأَنْ تُشْرِكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا وَأَنْ تَقُولُوا عَلَى اللَّهِ مَا لَا تَعْلَمُونَ

“বলুনঃ আমার রব হারাম করেছেন যাবতীয় প্রকাশ্য ও অপ্রকাশ্য অশ্লীলতা, পাপ কাজ, অসংগত বিরোধীতা, আল্লাহ্‌র সাথে এমন কিছু শরীক করা যার কোন প্রমাণ তিনি নাযিল করেননি এবং আল্লাহ্‌র প্রতি এমন কথা আরোপ করা যা তোমরা জান না।” (সূরা আরাফ ৭:৩৩)

শেখ আলী আল খুদাইর, শেখ হামাদ বিন আতিকের উদ্ধৃতি দিয়ে বলেছেন:

إِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيرِ وَمَا أُهِلَّ بِهِ لِغَيْرِ اللَّهِ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَلَا عَادٍ فَلَا إِثْمَ عَلَيْهِ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ [البقرة/١٧٣]

“নিশ্চয় আল্লাহ্ তোমাদের উপর হারাম করেছেন মৃত জন্তু, রক্ত, শুকরের মাংস এবং যার উপর জবাইয়ের সময় আল্লাহ্‌র নাম ছাড়া অন্য নাম উচ্চারিত হয়েছে। কিন্তু যে ব্যক্তি অনন্যোপায় হয়ে পড়ে এবং নাফরমান ও সীমালংঘনকারী না হয় তার কোন পাপ হবেনা। নিশ্চয়ই আল্লাহ্ পরম ক্ষমাশীল, অসীম দয়ালু।”[৭৯০]

সুতরাং এখানে ‘অনন্যোপায়’ অবস্থায় থাকাকে শর্ত করা হয়েছে, যেন এগুলো কোন ব্যক্তি ইচ্ছাকৃত অন্যায় বা সীমালংঘন থেকে না খায়। এই দুইটি বিষয়ের মধ্যে (প্রয়োজন এবং জোর-জবরদস্তি) পার্থক্য অস্পষ্ট বা গোপন নয়।” তিনি (ইবনে আতিক) আরো বলেছেনঃ

“এবং অনন্যোপায় ব্যক্তির জন্য মৃত বস্তু খাওয়ার অনুমতির মাঝে কি এমন কিছু আছে যা স্বেচ্ছায় দ্বীন ত্যাগ করাকে সমর্থন করে? এ ধরনের তুলনা কি এমন নয় যে, একজন ব্যক্তি তার বোন বা মাকে বিয়ে করল, সেই নীতির ভিত্তিতে যেখানে একজন স্বাধীন মানুষকে একটি দাসীকে বিয়ে করার অনুমতি দেয়া হয়েছে যদি ব্যভিচারে লিপ্ত হওয়ার আশংকা থাকে অথবা তার বিয়ে করার যোগ্যতা নেই (একজন স্বাধীন নারীকে)? এই

---

[৭৯০] সূরা বাকারা ২:১৭৩।

বিভ্রান্তি ছড়ানো মানুষগুলো তাদের চেয়েও বেশী (বাড়াবাড়ি) করছে যারা তুলনা করে-

{إِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبَا} [البقرة: ٢٧٥]

"বেচাকেনা তো সুদের্ই মতো।" (সূরা বাকারা ২:২৭৫)।"[৭৯১]

প্রশ্ন: "জোর জবরদস্তি বা নিপীড়নের ক্ষেত্রে কুফরী ক্ষমার যোগ্য" মানুষ কিভাবে এর অপপ্রয়োগ করে গনতন্ত্রে অংশগ্রহনের ব্যাপারে?

উত্তর: এর আগে আমরা এ ব্যাপারে প্রমাণ দিয়েছি যে প্রয়োজনে কুফর বা শির্ক করার কোন অনুমতি নেই। আমরা এখন যে নীতিটি আলোচনা করবো তা হচ্ছে নির্বাচনের পক্ষ অবলম্বনকারীদের শেষ অস্ত্র। তারা যেকোন উপায়ে বলতে চায় যে, এটি একটি ইকরাহ (জোরজবরদস্তি) সংক্রান্ত বিষয়। হ্যাঁ, আমরাও বলছি যে, যদি কোন ব্যক্তি সত্যিকার অর্থেই জোরজবরদস্তি নিপীড়নের স্বীকার হয়, তাহলে তার জন্য এটি ক্ষমাযোগ্য। কিন্তু, আমরা যেই বিষয় নিয়ে আলোচনা করছি এই ক্ষেত্রে ইকরাহর সংজ্ঞা ও শর্তাবলীর সাথে কোন সামঞ্জস্য নেই। প্রথম কথা হলো, এই নীতিমালা সেই ব্যক্তির জন্য প্রযোজ্য নয় যে স্বেচ্ছায় কোন কাজ করে। এক্ষেত্রে যে তাকে জোর করানো হয়েছে, সেই প্রমাণ থাকতে হবে।

ডঃ মুহাম্মাদ বিন আব্দুল্লাহ আল ওয়াহাবী বলেন, "এটা সেই প্রকারের যেখানে শুধুমাত্র ঐ নিপীড়িত ব্যক্তিকেই জোর করা হচ্ছে এবং তার আর কোন উপায় বা ক্ষমতা নেই।"[৭৯২]

সুতরাং, যারা এই যুক্তি দিয়ে গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করাকে বৈধ করে তারা কখনোই এই দাবী করতে পারে না যে তাদেরকে এই কাজ করার জন্য বাধ্য করা হয়েছে। কারণ, এখানে মুসলিমদেরকে বলা হয় 'স্বতস্ফূর্তভাবে ভোটে অংশগ্রহণ করুন'। আরও বলা হয়, 'আমার ভোট আমি দিব, যাকে খুশি তাকে দিব।'

[৭৯১] হিদায়াত আত-তারিক, পৃঃ১৫১।

[৭৯২] নাওয়াকিদ আল ঈমান আল ইতিকাদিইয়্যাহ ওয়া যাওয়াবিত আত তাকফির ইনদাস সালাফ, ২য় খন্ড ৭ পৃষ্ঠা।

'ইক্রাহ'-এর শর্তের ব্যাপারে ইবনে হায্র (রহ:) বলেনঃ "ইকরাহ'র ৪টি শর্ত রয়েছেঃ

প্রথম শর্ত: যে জোর করছে তার ঐ হুমকি বাস্তবায়নের ক্ষমতা রয়েছে সেই সাথে যাকে জোর করা হচ্ছে সে এটি ঠেকাতে এমনকি এর থেকে পালাতেও অক্ষম।

দ্বিতীয় শর্ত: এ ব্যাপারে তার সুস্পষ্ট ধারণা আছে যে, সে যদি অসম্মতি প্রকাশ করে তাহলে ঐ হুমকি তার ওপর পড়বে।

তৃতীয় শর্ত: তাকে যে হুমকি দেয়া হচ্ছে তা অতি নিকটে অর্থাৎ যদি বলা হয়, "তুমি যদি এটা না কর, তোমাকে আগামীকাল মারব", তাহলে তাকে নিপীড়িত বলা যাবে না। এক্ষেত্রে একটি ব্যতিক্রম রয়েছে, তাহলো যদি নিপীড়নকারী একটি সময় নির্ধারণ করে দেয় যা অতি অল্প এবং সাধারণত সে এই সময় পরিবর্তন করে না।

চতুর্থ শর্ত: যাকে জোর করা হয়েছে তার থেকে এমন কিছু প্রকাশ হবে না যা দ্বারা বোঝা যায় যে সে স্বেচ্ছায় অংশগ্রহণ করছে।[৭৯৩]

সুতরাং এই নীতিটি সঠিক যে, সত্যিকার অর্থেই যদি কাউকে বাধ্য করা হয় তবে তার নির্বাচনে অংশগ্রহণ ক্ষমা যোগ্য। তবে আলোচনা থেকে এটা স্পষ্ট যে, তারা যেটাকে এখন ইকরাহ যা জোর-জবরদস্তি বলছেন তা আসলে ইকরাহ-র শর্তাবলী পূর্ণ করে না।

প্রশ্ন: যারা গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলাম কায়েম করতে চায় তারা বলে আমরা যে গনতন্ত্রের কথা বলি সেটি পাশ্চাত্য গণতন্ত্র নয়। বরং এটি হচ্ছে ইসলামী গণতন্ত্র। তাদের এই বক্তব্য কতটুকু সঠিক?

উত্তর: যারা এ কথা বলে তাদেরকে জিজ্ঞাসা করা উচিত যে, ইসলামী গণতন্ত্র বলতে কি বুঝায়? সেই গণতন্ত্রের প্রতিষ্ঠাতা কে? তথাকথিত সেই ইসলামি গণতন্ত্র ও পাশ্চাত্য গণতন্ত্রের মধ্যে পার্থক্য কি? বাস্তবে ইসলামে কোন গণতন্ত্র নেই। ইসলামে শুরা আছে। সে শুরাকে গণতন্ত্রের সাথে

[৭৯৩] ফাতহুল বারী, খন্ড ১২, পৃঃ ৩১১।

তুলনা করার কোন সুযোগ নেই। যার বিস্তারিত আলোচনা পূর্বে উল্লেখ করা হয়েছে। আর তারা যে বলে, আমরা যে গণতন্ত্র করি সেটা পাশ্চাত্য গণতন্ত্র নয় বরং ইসলামী গণতন্ত্র। এটা একটা ধোঁকা। কেননা আমরা দেখি আমেরিকার বিশ্ব-বিদ্যালয়গুলোতে যে গণতন্ত্র পড়ানো হয়। আমাদের দেশের বিশ্ব-বিদ্যালয়গুলোতেও সেই একই গণতন্ত্র পড়ানো হয়। আমেরিকায় যে গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচন হয় এ দেশেও সেই প্রক্রিয়ায় নির্বাচন হয় এবং তথাকথিত ইসলামী গণতান্ত্রিরা সেই নির্বাচনে অংশগ্রহণ করে থাকে। পাশ্চাত্যের গণতান্ত্রিরা যে অর্থনীতি অনুসরণ করে এদেশের গণতান্ত্রিরাও সেই একই নীতি অনুসরণ করে। সুতরাং ইসলামী গণতন্ত্রের নামে সরলমনা মুসলিমদের সাথে প্রতারণা করা ছাড়া আর কিছুই না।

প্রশ্ন: যারা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করে তাদের ব্যাপারে রায় কি?

উত্তর: যারা এই শিরকী কর্মকান্ডে অংশ গ্রহণ করে তারা যে কুফরীতে লিপ্ত এ ব্যাপারে কোন সন্দেহ নেই। কিছু সন্দেহ-সংসয় ও ভুল ধারণার অজুহাতে তাদের এসব কাজ অনুমোদন যোগ্য নয়, যা আমরা ইতিপূর্বে আলোচনা করেছি। তবে এটাও সমানভাবে নিশ্চিত যে অনেক মুসলিম ব্যাপারটির আসল রূপ পুরোপুরি অনুধাবন না করে গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণে সকলের প্রতি আহবান জানায়। এটা হলো একটি দিক।

তাছাড়াও এটা স্পষ্ট যে তারা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করে ক্ষতির পরিমান কমিয়ে কিছু ভাল আনয়নের উদ্দেশ্যে। যদিও আমরা বলি না যে ভাল নিয়্যতে কোন কাজ করলেই তা শিরক ও কুফরী থেকে অব্যাহতি পাওয়া যাবে। আসলে সঠিক ব্যাপার হল শিরক ও কুফরী করার ব্যাপারে অজ্ঞতা তাদের ভাল নিয়্যতের কারণে তাদের কুফরীর বাইরে নিয়ে আসে না। অতএব, ভালো উদ্দেশ্য নিয়ে কোন শিরক বা কুফর করলেই সেটা ক্ষমা করা হবে এমন কথা আমরা বলতে পারি না। তবে যেহেতু অনেকেই এই বিশেষ (গণতন্ত্র) বিষয়ে অজ্ঞ তাছাড়া বিষয়টি আরও জটিল হয় যখন এটি জায়েয করার লক্ষ্যে আলেমগণ ফিকহের সেই সব নীতির ভিত্তিতে

নানান ফাতওয়া দেন, যেগুলো আমরা এই প্রবন্ধে ইতিমধ্যে ব্যাখ্যা করেছি। সুতরাং এরকম অবস্থায় যে কাউকে তৎক্ষণাৎ কাফির বলাটা বাড়াবাড়ি বা উগ্রতা। যতক্ষণ না তার কাছে এ বিষয়টি পরিষ্কার তুলে ধরা হচ্ছে এবং এ সকল বিভ্রান্তি অপসারণ করা হচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা তাকে 'তাকফীর' বা কাফের বলে ফাতওয়া প্রদান করতে পারি না।

যারা তড়িঘড়ি করে সকল ভোটদানকারীকে 'তাকফীর' করে এবং এ ব্যাপারে বাড়াবাড়ি করে তাদেরকে সতর্ক করে দিয়ে আবু মুহাম্মাদ আসিম আল মাকদিসী বলেন, "এর মাঝে কিছু মানুষ আছে, যাদেরকে ডেকে আনা হয় ঐসব ব্যানার বা পোস্টারের সামনে যেখানে লেখা থাকে "ইসলামই একমাত্র সমাধান" (অর্থাৎ ইসলামী দলে ভোট দিন) অথবা এ ধরণের কোন শ্লোগান যা দ্বারা মুশরিক শাসকরা জনগণকে বিভ্রান্ত করে থাকে। অত:পর তারা তাদেরকে ভোট দেয় এবং নির্বাচিত করে। কারণ তারা ইসলামকে ভালোবাসে এবং শরীয়তের অনুগত থাকতে চায়। তাছাড়া এই শিরকের ব্যাপারে তাদের কোন জ্ঞান নেই বা শিরকের গভীরে প্রবেশ করার ঐরূপ ইচ্ছাও তাদের নেই যেরূপ রয়েছে নির্বাচিত প্রতিনিধিদের যারা ইসলামের বেশ কিছু আইন নিজেদের অধিকারে নিয়ে নেয়। সুতরাং যারা সরাসরী আইন প্রণয়নের অধিকার নেয়নি বা কুফর আইনের সম্মানে শপথ বাক্য পাঠ করেনি বা এর নিকট বিচার প্রার্থনা করেনি অথবা কথা বা কাজে এমন কোন কুফর করেনি যা নির্বাচিত প্রতিনিধিগণ করে থাকে: তাদের (তাকফীর করার) ক্ষেত্রে এসকল বিষয়ও বিবেচনা করতে হবে। কারণ, এ কথা সবারই জানা যে, একজন ভোটার কখনও সরাসরী এসব কাজ করে না। বরং সে শুধু তার পছন্দের ব্যক্তিকে নির্বাচিত করে।

তিনি আরও বলেন, "আর একারণেই আইন প্রণয়নকারী প্রতিনিধিদের কর্মকান্ডের বাস্তবতা এবং এর মধ্যে যেসব কাজ কুফর এবং তাওহীদ ও ইসলাম বিনষ্টকারী সেগুলো ব্যাখ্যা করে স্পষ্ট করার আগে এমন কাউকে (ভোটার) তাকফীর করার জন্য ব্যস্ত হওয়া জায়েয নেই। এরপরও যদি সে ভোট দান করে তবে সে কুফরী করল। সুতরাং ভোটারদের ক্ষেত্রে পার্থক্য সমূহ অবশ্যই বিবেচনা করতে হবে, সবাই আইন প্রণেতা তৈরীর

উদ্দেশ্যে ভোট দেয় না বরং তাদের (অজ্ঞতার কারণে) অন্য উদ্দেশ্য থাকতে পারে। সুতরাং এক্ষেত্রে তার কাছে সত্য প্রকাশ করার আগে তাকে তাকফীর করা যাবে না। যদিও বাহ্যিক দৃষ্টিতে, যে তার নিয়্যত জানে না তার কাছে মনে হবে যে, ঐ ব্যক্তি কুফরী কাজে লিপ্ত আছে। কারণ, গণতন্ত্রের ক্ষেত্রে অনেক ভূল বোঝাবুঝি, অপব্যাখ্যা ও বিভ্রান্তি সৃষ্টি হয়েছে আর তাছাড়া 'গণতন্ত্র' 'পার্লামেন্ট' এগুলো সবই বিদেশী শব্দ, তাই অনেকেই বাস্তবতা না বুঝে এর কর্মকান্ডে জড়িয়ে পড়ে। এর উদাহরণ হলো ঐ ব্যক্তির মত যে এমন কিছু কথা মুখ দিয়ে বলেছে যার অর্থ সে নিজেই জানে না। যেমন: তোতা পাখি কথা বলে কিন্তু অর্থ জানে না।
সুতরাং যারা গণতন্ত্র ও এতে ভোটদানের ব্যাপারে ইসলামের সিদ্ধান্ত জানে; তাদের একান্ত দায়িত্ব হলো মানুষের কাছে এ বিষয়টি স্পষ্ট ভাবে তুলে ধরা এবং এ বিষয়ক বিভ্রান্তি সমূহ দূর করা।

প্রশ্ন: নাজ্জাসী বাদশাহ আল্লাহর শরিয়াহ প্রয়োগ না করেও যদি মুসলিম হতে পারে তবে আমরা কেন সংসদে যোগদান করে মুসলিম থাকতে পারবো না?

উত্তর: যদিও নাজ্জাসী আল্লাহর শরীয়াহ প্রয়োগ করেনি, তথাপি সে মুসলিম ছিল। রাজনৈতিক দলগুলো, হোক না তারা ক্ষমতাসীন শাসক গোষ্ঠি বা বিরোধীদল, নাজ্জাসীর ঘটনাকে ব্যবহার করে ত্বাগুতের কার্যাবলীকে বৈধ করার জন্যে। তারা বলে : "নাজ্জাসী ইসলাম গ্রহনের পর তার মৃত্যুর পূর্ব পর্যন্ত আল্লাহর বিধান প্রয়োগ করেন নি এবং এরপরও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে আল্লাহর ন্যায়নিষ্ঠ দাস বলেছেন, তার জন্য জানাযার সালাত পড়েছিলেন এবং সাহাবীদের তাই করতে আদেশ করেছিলেন।" এই ব্যাপারে আমাদের কথা হলো:
প্রথমত: এটা প্রমাণ করতে হবে যে, নাজ্জাসী ইসলাম গ্রহণ করার পর আল্লাহর বিধান প্রয়োগ করেন নি। কিন্তু অনেক যাচাই ও বিশ্লেষণ করার পরও এই কথাটি প্রমাণ করা সম্ভব হবে না। তাই আমরা বলবো:

{قُلْ هَاتُوا بُرْهَانَكُمْ إِنْ كُنْتُمْ صَادِقِينَ } [البقرة : ١١١]

অর্থ: "বল, 'তোমরা তোমাদের প্রমাণ নিয়ে আস, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক'।"[৭৯৪]
দ্বিতীয়ত: আমাদের মতে এবং যারা আমাদের বিরোধিতা করেন তাদেরও মতে সত্য হচ্ছে যে, নাজ্জাসী মারা গিয়েছিলেন ইসলামের হুকুম পরিপূর্ণ হওয়ার পূর্বে। কারণ তিনি মারা গিয়েছিলেন এই আয়াত অবতীর্ন হওয়ার পূর্বে:

[الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ } [المائدة : ٣}

অর্থ: "আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণ করলাম।"[৭৯৫]
সুতরাং দ্বীন পরিপূর্ণ হওয়ার পূর্বে তার কর্তব্য ছিল আল্লাহর বিধান যতটুকু জানা ছিল তা অনুযায়ী বিচার ফয়সালা করা আনুগত্য করা ও কার্য সম্পাদন করা। আর প্রধান কাজ ছিল কুরআনের বাণী মানুষের কাছে পৌছিয়ে দেওয়া। ইরশাদ হচ্ছে:

{ وَأُوحِيَ إِلَيَّ هَذَا الْقُرْآنُ لِأُنْذِرَكُمْ بِهِ وَمَنْ بَلَغَ} [الأنعام : ١٩]

অর্থ: "আর এ কুরআন আমার কাছে ওহী করে পাঠানো হয়েছে যেন তোমাদেরকে ও যার কাছে এটা পৌঁছবে তাদেরকে এর মাধ্যমে আমি সতর্ক করি।"[৭৯৬]
সে সময় যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা এ রকম ছিল না যা আমরা বর্তমানে দেখতে পাচ্ছি। একটা হুকুম কারো কাছে পৌঁছাতে কয়েক বছর সময়ও লেগে যেত। আবার কখনো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে না আসা পর্যন্ত জানাও যেত না। সুতরাং সেই সময় দ্বীন ছিল নতুন এবং কুরআনও তখন নাযিল হচ্ছিল। সেই কারণেই দ্বীন তখনো পরিপূর্ণ হয়নি। এ বিষয়টি পরিষ্কার হয়ে যায় বুখারী শরিফে বর্ণিত আবদুল্লাহ ইবনে মাসউদ (রা:) এর একটি বর্ণনা দ্বারা। তিনি বলেন:

عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنَّا نُسَلِّمُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ فِي الصَّلَاةِ فَيَرُدُّ عَلَيْنَا فَلَمَّا رَجَعْنَا مِنْ عِنْدِ النَّجَاشِيِّ سَلَّمْنَا عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيْنَا وَقَالَ إِنَّ فِي الصَّلَاةِ شُغْلًا

---

[৭৯৪] সুরা বাকারা ২:১১১।
[৭৯৫] সুরা আল মায়েদা ৫:৩।
[৭৯৬] সুরা আনআম ৬:১৯।

অর্থ: “আবদুল্লাহ ইবনে মাসউদ (রা:) থেকে বর্ণিত, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সালাতের মধ্যে সালাম দিতাম এবং তিনি তার উত্তর দিতেন কিন্তু নাজ্জাসীর কাছ থেকে ফিরে আসার পর আমরা তাকে সালাম দিলাম কিন্তু তিনি সালামের উত্তর দিলেন না বরং তিনি (সালাত শেষে বললেন) সালাতের একটি উদ্দেশ্য আছে।”[৭৯৭]

এই হাদীসে দেখা গেল যারা নাজ্জাসীর কাছে ছিল তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হুকুমের অনুসরণ করে আসছিল। কিন্তু তারা জানতো না যে সালাতের মধ্যে কথা বলা এবং সালাম দেওয়া নিষেধ হয়ে গিয়েছিল। অথচ সালাত একটি ফরয হুকুম এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতিদিন পাঁচবার করে সালাতের ইমামতি করেছেন। আজ যারা শিরকি মতবাদ গণতন্ত্রে বিশ্বাস করেন তারা কি বলতে পারবেন যে, তাদের কাছে কুরআনের হুকুম পৌঁছায় নি? তারা কিভাবে তাদের এই অবস্থানকে নাজ্জাসীর ঐ অবস্থানের সঙ্গে তুলনা করেন? নাজ্জাসী আল্লাহর হুকুমের যতটুকু জানতেন ততটুকু আমল করতেন।

যদি কেউ একথা না মানে তার উচিত প্রমাণ পেশ করা। অথচ এরকম কোন দলীল-প্রমাণ পেশ করা যাবে না। সে সময় আল্লাহর হুকুম ছিল আল্লাহর একত্ববাদকে স্বিকার করা, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহর রাসূল হিসাবে মানা, ইসা (আ:) কে আল্লাহর দাস হিসাবে বিশ্বাস করা ইত্যাদি। আর তিনি তা করেছিলেন। যা তার চিঠির মাধ্যমে বিস্তারিত ভাবে জানিয়ে দিয়েছিলেন। এরপরে তার ছেলেকে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে প্রেরণ করেছিলেন। তার চিঠিতে আরও উল্লেখ ছিল। ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনি যদি চান আমি আপনার কাছে চলে আসি আমি অবশ্যই তা করবো। কারণ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনার কথা সত্য এবং তারপরেই সে মারা যায়। সুতরাং এই জাতীয় বিষয়গুলোকে দলীল হিসাবে পেশ করে গণতন্ত্রকে হালাল করার চক্রান্ত করছেন তাদের

[৭৯৭] **সহীহ বুখারী ১১৯৯।**

উচিত নাজ্জাসী যেভাবে খৃষ্টধর্ম প্রত্যাখান করে ইসলাম গ্রহণ করেছিলেন সেভাবে গণতন্ত্রের ধর্মকে প্রত্যাখান করে ইসলামে প্রবেশ করা।

প্রশ্ন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘হিলফুল ফুযুলে’ কাফেরদের সঙ্গে যোগদান করতে পারলে আমরা সংসদে কেন যোগদান করতে পারবো না?

উত্তর: যে ব্যক্তি এই প্রতারণামূলক অজুহাত ব্যবহার করতে চায়, হয় তারা বুঝে না হিলফুল ফুযুল সংগঠনটি আসলে কি ছিল।
ইবনে ইসহাক, ইবনে কাসির এবং আল কুরতুবি (র:) উল্লেখ করেছেন হিলফুল ফুযুল সংগঠনটি কুরাইশদের কিছু গোত্রের সমন্বয়ে গঠিত হয়েছিল। তারা সকলে এই কথার উপর একমত হয়েছিল যে, মক্কায় যখনই তারা কোন নির্যাতিত লোক দেখবে, তারা তাকে ততক্ষণ পর্যন্ত সাহায্য করবে যতক্ষণ পর্যন্ত অত্যাচারী অত্যাচার বন্ধ না করে।
ইবনে কাসির (র:) বলেন, আল ফুযুল সংগঠনটি ছিল আরবদের জানা সবচেয়ে পবিত্র এবং সবচেয়ে সম্মানজনক সংগঠন।

হিলফুল ফুযুল সংগঠনটি কি আল্লাহর আইনকে বাদ দিয়েছিল বা নিজেরা কোন আইন তৈরী করছিল বা আল্লাহর দ্বীনকে বাদ দিয়ে অন্য কোন দ্বীনকে সম্মান দেখিয়েছিল? না! এর কাজ ছিল শুধুমাত্র অত্যাচারিত ও নির্যাতিত মানুষকে সাহায্য করা। তাহলে আপনি কিভাবে এর সাথে একটা কুফুরী, পথভ্রষ্ট সংসদের তুলনা করেন।

হিলফুল ফুযুল মূলত: একটি জনকল্যাণমূলক সংঘ ছিল। আল বাইহাকী এবং আল হামিদী বর্ণনা করেন যে,

عَنْ طَلْحَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَوْفٍ أَنَّ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– قَـالَ: « لَقَدْ شَهِدْتُ فِى دَارِ عَبْدِ اللَّهِ بْنِ جُدْعَانَ حِلْفًا مَا أُحِبُّ أَنَّ لِى بِهِ حُمْرَ النَّعَمِ وَلَـوْ أُدْعَى بِهِ فِى الإِسْلاَمِ لأَجَبْتُ

অর্থ: “তালহা ইবনে আবদুল্লাহ ইবনে আওফ (রা:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আমি আবদুল্লাহ

ইবনে জুদআ'নের ঘরে 'আল ফুযুলের' অঙ্গিকার সভায় উপস্থিত ছিলাম। সেই অঙ্গিকার ভঙ্গ করার বিনিময়ে লাল উটও দেওয়া হয় তবুও আমি তাতে সম্মত হব না। আর ইসলামের আমলেও যদি তার প্রতি আহবান করা হত আমি তাতে সাড়া দিতাম।"[৭৯৮] আল হামিদী আরও যুক্ত করেন তারা সংগঠিত হয়েছিল মানুষকে তার নায্য অধিকার ফিরিয়ে দিতে এবং অত্যাচারীর দ্বারা আর কেউ যাতে অত্যাচারীত না হয় এই মহৎ উদ্দেশ্য নিয়ে। আজকে যারা কুফফারদের সঙ্গে সংসদে যোগ দিচ্ছেন তাদের এরকম কি মহৎ উদ্দেশ্য রয়েছে। তারা যোগদান করছে ঐ সমস্ত ব্যক্তিদের সাথে যারা আল্লাহর সাথে অংশিদার স্থাপন করেছে, যারা শয়তানের সংবিধান অনুসরণ করে দেশ শাসন করছে। এই সংসদের কার্যক্রম শুরু হয় কুফুরী সংবিধানকে, কুফুরী আইনকে ও তাগুতের প্রতি আনুগত্য প্রকাশ করার মাধ্যমে। সুতরাং সংসদে যোগদান করাকে 'হিলফুল ফুযুল' এর সাথে যোগদান করার সাথে তুলনা করা প্রতারণা করা ছাড়া আর কিছুই না। আল্লাহ (সুবঃ) আমাদের হিফাজত করুন। আমীন!

পীর-মুরীদি ও খানকাহ-দরগাহ পদ্ধতি

বর্তমানে যারা ইসলামের নামে কাজ করছে তাদের মধ্যে পীর-মুরীদি ও খানকাহ-দরগাহ পদ্ধতি অন্যতম। এরা মনে করে যে, আধ্যাত্মিক শক্তিই হচ্ছে সবচেয়ে বড় শক্তি এবং নফসের জিহাদই হচ্ছে সবচেয়ে বড় জিহাদ। কিছু দূর্বল ও জাল হাদীস এবং পীর সাহেবদের স্বপ্নের ভিত্তিতে একটি আলাদা ধর্ম তৈরী করেছে তারা যাকে 'তাসাউউফ' ও 'তরীকত পন্থি' বলে বিশ্বাস করে। এরাও আল্লাহ (সুবঃ) প্রদত্ত ও মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদর্শিত তরীকা থেকে সরে গিয়ে নতুন ইসলাম তৈরী করেছে। নিম্নে তাদের ধর্মের কিছু বৈশিষ্ট তুলে ধরা হলো।

১. পীরের কাছে মুরীদ হওয়া ফরজ

পীর-সূফীদের আক্বীদাহ হলো **'পীরের কাছে মুরীদ হওয়া ফরজ'। যদি কারো দুইজন পীর হয় তবে 'দুই পীর তোমার দুই ডানা ধরে**

---

[৭৯৮] সুনানে বাইহাকী ১৩৪৬১।

বেহেশতে নিয়ে যাবেন। কোনই ক্ষতি নাই।'[৭৯৯] **যার কোন পীর নেই তার পীর শয়তান**। এজন্য তারা একটি আরবী বাক্য তৈরী করেছেঃ

مَنْ لَيْسَ لَهٗ شَيْخٌ فَشَيْخُهٗ شَيْطَان

অর্থঃ "যার কোন পীর নাই তার পীর শয়তান।"[৮০০]

এ আরবী বাক্য শুনে অনেকেই এটিকে হাদীস বলে বিশ্বাস করে অথচ এটি কোন হাদীস নয় পীর–সূফীদের মনগড়া একটি বাক্য মাত্র। পীরদের যতগুলো সিলসিলা রয়েছে প্রায় সকলের আক্বিদাই এরকম। যেমন চরমোনাই পীরদের আক্বিদাহ তাদের বই থেকে উপরে উল্লেখ করা হলো। এনায়েতপুরী পীর ও তার অনুসারীদের আক্বীদাহ-বিশ্বাসও একই রকম। তাদের রচিত 'শরীয়তের আলো' নামক কিতাবে উল্লেখ আছে, **'পীর ধরা সবার জন্য ফরজ'**।[৮০১]

সুরেশ্বরী পীর লিখেছেনঃ **'পীরের নিকট দীক্ষিত না হইলে কোন বন্দেগী কবূল হয় না।'**[৮০২]

এখানে মুরীদ হওয়াকে ইবাদত-বন্দেগীর জন্য শর্ত তথা ফরজ সাব্যস্ত করা হয়েছে। অথচ ফরজ বিধান দেওয়ার মালিক আল্লাহ। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছেঃ

{شَرَعَ لَكُمْ مِنَ الدِّينِ مَا وَصَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ كَبُرَ عَلَى الْمُشْرِكِينَ مَا تَدْعُوهُمْ إِلَيْهِ اللَّهُ يَجْتَبِي إِلَيْهِ مَنْ يَشَاءُ وَيَهْدِي إِلَيْهِ مَنْ يُنِيبُ} [الشورى : ١٣]

অর্থঃ "তিনি তোমাদের জন্য দ্বীন বিধিবদ্ধ করে দিয়েছেন; যে বিষয়ে তিনি নূহকে নির্দেশ দিয়েছিলেন, আর আমি তোমার কাছে যে ওহী পাঠিয়েছি এবং ইবরাহীম, মূসা ও ঈসাকে যে নির্দেশ দিয়েছিলাম তা হল, তোমরা দ্বীন কায়েম করবে এবং এতে বিচ্ছিন্ন হবে না। তুমি মুশরিকদেরকে

---

[৭৯৯] 'মাওয়ায়েজে এছহাকিয়া' সৈয়দ মাঃমোঃ মোমতাজুল করীম রচিতঃ পৃষ্ঠা নংঃ ৫৫-৫৬।

[৮০০] 'ভেদে মারেফাত বা ইয়াদে খোদা' মাওলানা সৈয়দ মোহাম্মদ এছহাক রচিতঃ পৃষ্ঠা নংঃ ২৩।

[৮০১] 'শরীয়তের আলো' খাজা বাবা এনায়েতপুরী সাহেবের অনুমোদন ক্রমে মাওলানা মোঃ মকিম উদ্দিন প্রণীত। প্রকাশক পীরজাদা মৌঃ খাজা কামার উদ্দিন (নুহ মিয়া)।

[৮০২] নুরে হক গঞ্জে নুর, পৃষ্ঠা নং ২৫, সুরেশ্বর দরবার এর পক্ষে সৈয়দ শাহ নূরে মঞ্জুর মোর্শেদ (মাহবুবে খোদা) ও ভ্রাতাগণ কর্তৃক প্রকাশিত, একদশ সংস্করণ ১৯৯৮।

যেদিকে আহবান করছ তা তাদের কাছে কঠিন মনে হয়; আল্লাহ যাকে চান তার দিকে নিয়ে আসেন। আর যে তাঁর অভিমুখী হয় তাকে তিনি হিদায়াত দান করেন।"[৮০৩]

অন্য আয়াতে আল্লাহ (সুব:)বলেন:

{لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا } [المائدة : ٤٨]

অর্থ: "তোমাদের প্রত্যেকের জন্য আমি নির্ধারণ করেছি শরীআত ও স্পষ্ট পথ।"[৮০৪]

উপরোক্ত আয়াত গুলোতে পরিষ্কার হয়ে গেল যে, শরিয়াহ নির্ধারণ করার দায়িত্ব স্বয়ং আল্লাহর। কোন পীর-ফকিরের নয়। পীর-সূফীগণ হয়তো মনে করতে পারেন আল্লাহকে পাওয়ার জন্য আল্লাহ (সুব:) এবং তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে শরিয়াহ দান করেছেন তা যথেষ্ট নয়। দ্বীন ইসলাম এ ব্যাপারে অসম্পূর্ণ। আল্লাহ (সুব:) তাদের এই ভ্রান্ত ধারণাকে নাকচ করে দিয়ে পবিত্র কুরআনে স্পষ্টভাবে ঘোষনা করে দিলেন:

{أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا}

অর্থ: "আজ আমি তোমাদের জন্য তোমাদের দীনকে পূর্ণ করলাম এবং তোমাদের উপর আমার নিআমত সম্পূর্ণ করলাম এবং তোমাদের জন্য দ্বীন হিসেবে পছন্দ করলাম ইসলামকে।"[৮০৫]

এ আয়াতে আল্লাহ (সুব:) দ্বীন ইসলামকে পরিপূর্ণ বলে আখ্যায়িত করেছেন আর কোন কিছু পরিপূর্ণ হয়ে গেলে তার ভিতরে নতুন কোন কিছু সংযোজন করার সুযোগ থাকে না। মনে করুন একটি বিল্ডিংয়ের নির্মান কাজ পূর্ণ হয়ে গেল। এখন যদি কেউ একটি স্বর্ণের অথবা হীরকের ইট নিয়ে আসে ঐ বিল্ডিংয়ে লাগানোর জন্য তা ওখানে লাগানো সম্ভব হবে না। যদিও ঐ একটি ইটের মূল্য গোটা বিল্ডিংয়ের মূল্যের চেয়ে বেশী হয়।

[৮০৩] সুরা শুরা ৪২:১৩।

[৮০৪] সুরা মায়েদাহ ৫:৪৮।

[৮০৫] সুরা মায়েদাহ ৫:৩।

এখন যদি লাগাতে হয় তাহলে ঐ এক ইট পরিমান জায়গা খালি করতে হবে তারপরেই লাগানো সম্ভব। ঠিক তেমনিভাবে আল্লাহ (সুব:)স্বীয় রাসূলের মাধ্যমে যে দ্বীনকে পরিপূর্ণ করে দিয়েছেন তার মধ্যেও নতুন কিছু প্রবেশ করাতে হলে আল্লাহ কর্তৃক পরিপূর্ণ ইসলামের ইমারতকে ভেঙ্গে খালি করে তারপরেই প্রবেশ করানো সম্ভব। এ কারণেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন:

عَنْ حَسَّانَ قَالَ مَا ابْتَدَعَ قَوْمٌ بِدْعَةً فِى دِينِهِمْ إِلاَّ نَزَعَ اللَّهُ مِنْ سُنَّتِهِمْ مِثْلَهَا ثُـــمَّ لاَ يُعِيدُهَا إِلَيْهِمْ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

অর্থ: "যখন কোন জাতি তাদের দ্বীনের মধ্যে বিদআত প্রবেশ করায় তখন আল্লাহ (সুব:)তাদের দ্বীন থেকে ঐ পরিমান সুন্নত তুলে নেন যা কিয়ামত পর্যন্ত আর কখনো ফিরে আসে না।[৮০৬]

একারণেই ইমাম মালেক (র:) বলেছেন,

وَالْعُلَمَاءُ مِنْهُمُ الْإِمَامُ مَالِكٌ – رَحِمَهُ اللهُ – حَيْثُ قَالَ : (مَنِ ابْتَدَعَ فِي الْإِسْلَامِ بِدْعَةً يَرَاهَا حَسَنَةً فَقَدْ زَعَمَ أَنَّ مُحَمَّدًا – صَلَّىْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ – خَانَ الرِّسَالَةَ لِأَنَّ اللهَ يَقُوْلُ : { الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ } فَمَا لَمْ يَكُنْ يَوْمَئِذٍ دِيْنًا فَلَا يَكُوْنُ الْيَوْمَ دِيْنًا)

অর্থ: "যে ব্যক্তি ইসলামের ভিতরে কোন বিদআত প্রবেশ করালো আবার সেটিকে বেদআতে হাসানা বলে আখ্যায়িত করলো সে যেন দাবী করলো যে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রেসালাতের দায়িত্ব আদায় করার ক্ষেত্রে খিয়ানত করেছেন। কেননা আল্লাহ (স:) বলছেন, "আজকে আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম"। আর বিদআতী বিদআত তৈরী করার মাধ্যমে জানিয়ে দিল যে ইসলাম পরিপূর্ণ হয় নি। বরং অসম্পূর্ণ রয়েছে। তাই সে বিদআত তৈরী করে পরিপূর্ণ করছে। জেনে রেখ, আল্লাহ (সুব:)যখন দ্বীনকে পরিপূর্ণ বলে ঘোষণা করেছেন তখন যা কিছু দ্বীনের অংশ হিসাবে অন্তর্ভূক্ত ছিল না তা এখনও দ্বীনের অন্তর্ভূক্ত বলে গন্য হবে না। কেননা আল্লাহ (স:) বলছেন,

[৮০৬] সুনানে দারমী ৯৮; মিশাকতুল মাসাবীহ ১৮৮; হাদীসটি সহীহ।

"আজকে আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম" ।"[৮০৭]

সুতরাং কোন বিদআতী আমল ইসলামে তৈরী করা যাবে না ।

প্রচলিত পীর-মুরীদি ফরজ বলা নিজেরা শরিয়াহ তৈরী করার শামিল । আর শরিয়াহ তৈরী করার অধিকার কারো নেই । আল্লাহ (সুব:)বলেন:

{أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ [الشورى : ٢١]

অর্থ: "তাদের জন্য কি এমন কিছু শরীক আছে, যারা তাদের জন্য দ্বীনের বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?"[৮০৮]

এরকম মনগড়া শরিয়াহ তৈরী করা মূলত: আল্লাহকে দ্বীন শিক্ষা দেওয়ার শামিল (নাউযুবিল্লাহ) । পবিত্র কুরআনে আল্লাহ (সুব:)বলেন:

{قُلْ أَتُنَبِّئُونَ اللَّهَ بِمَا لَا يَعْلَمُ فِي السَّمَاوَاتِ وَلَا فِي الْأَرْضِ سُبْحَانَهُ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ} [يونس : ١٨]

অর্থ: " বল, 'তোমরা কি আল্লাহকে আসমানসমূহ ও যমীনে থাকা এমন বিষয়ে সংবাদ দিচ্ছ যা তিনি অবগত নন'? তিনি পবিত্র মহান এবং তারা যা শরীক করে, তা থেকে তিনি অনেক ঊর্ধ্বে ।"[৮০৯]

২. আল্লাহর সাথে মিশে যাওয়ার আক্বীদাহ

ইসলামে তাওহীদের গুরুত্ব অপরিসীম । যার মানে হলো: এক ইলাহের সার্বভৌমত্ব ও এক ইলাহের বিধান মেনে নেওয়া । উলুহিয়্যাত, রুবুবিয়্যাত ও আসমা ওয়াস সীফাত সকল ক্ষেত্রে আল্লাহ (সুব) এর এককত্ব বজায় রাখা । তার সমতুল্য ও সমপর্যায়ের কেউ নেই, তার সাথে কেউ একাকার হয়ে যেতে পারে না । কিন্তু সূফিদের পরিভাষায় তাওহীদ মানে হলো 'আল্লাহর সাথে একাকার হয়ে যাওয়া' । অর্থাৎ বান্দা ইবাদত করতে করতে এমন এক পর্যায়ে চলে যায় যখন বান্দা ও আল্লাহর মাঝে কোন পার্থক্য থাকে না । চিনি যেভাবে পানির সঙ্গে মিশে যায় সেভাবে

[৮০৭] মুহাব্বাতুর রাসূল বাইনাল ইত্তিবায়ি ওয়াল ইবতিদায়ী' ১/২৮৪ ।

[৮০৮] সুরা শুরা ৪২:২১ ।

[৮০৯] সুরা ইউনুস ১০:১৮ ।

আল্লাহওয়ালাগণ আল্লাহর সঙ্গে মিশে যান । এরা তাদের এই ভ্রান্ত মতের স্বপক্ষে নিম্নের হাদীসটিকে প্রমাণ স্বরূপ পেশ করে থাকে:

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ قَالَ مَنْ عَادَى لِي وَلِيًّا فَقَدْ آذَنْتُهُ بِالْحَرْبِ وَمَا تَقَرَّبَ إِلَيَّ عَبْدِي بِشَيْءٍ أَحَبَّ إِلَيَّ مِمَّا افْتَرَضْتُ عَلَيْهِ وَمَا يَزَالُ عَبْدِي يَتَقَرَّبُ إِلَيَّ بِالنَّوَافِلِ حَتَّى أُحِبَّهُ فَإِذَا أَحْبَبْتُهُ كُنْتُ سَمْعَهُ الَّذِي يَسْمَعُ بِهِ وَبَصَرَهُ الَّذِي يُبْصِرُ بِهِ وَيَدَهُ الَّتِي يَبْطِشُ بِهَا وَرِجْلَهُ الَّتِي يَمْشِي بِهَا وَإِنْ سَأَلَنِي لَأُعْطِيَنَّهُ وَلَئِنْ اسْتَعَاذَنِي لَأُعِيذَنَّهُ وَمَا تَرَدَّدْتُ عَنْ شَيْءٍ أَنَا فَاعِلُهُ تَرَدُّدِي عَنْ نَفْسِ الْمُؤْمِنِ يَكْرَهُ الْمَوْتَ وَأَنَا أَكْرَهُ مَسَاءَتَهُ

অর্থ: "আবূ হুরাইরা (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: আল্লাহ তায়ালা বলেন, যে ব্যক্তি আমার কোন ওলীর সাথে শত্রুতা রাখবে, আমি তার সাথে যুদ্ধ ঘোষণা করি । আমার বান্দা ফরজ কাজসমূহ থেকে বেশী প্রিয় কোন ইবাদত দ্বারা আমার নৈকট্য অর্জন করতে পারে না । আমার বান্দা সর্বদা নফল ইবাদত দ্বারা আমার নৈকট্য অর্জন করতে থাকে, এমন কি অবশেষে আমি তাকে আমার এমন প্রিয় পাত্র বানিয়ে নেই যে, আমিই তার কান হয়ে যাই, যা দিয়ে সে শুনে । আমিই তার চোখ হয়ে যাই, যা দিয়ে সে সবকিছু দেখে । আর আমিই তার হাত হয়ে যাই, যা দিয়ে সে ধরে । আমিই তার পা হয়ে যাই, যা দ্বারা সে চলে ।

সে যদি আমার কাছে কোন কিছু সাওয়াল করে, তবে আমি নিশ্চয়ই তাকে তা দান করি । আর যদি সে আমার কাছে আশ্রয় চায়, তবে অব্যশই আমি তাকে আশ্রয় দেই । আমি যে কোন কাজ করতে চাইলে এটাতে কোন রকম দ্বিধা সংকোচ করি না, যতটা দ্বিধা সংকোচ মু'মিন বান্দার প্রাণ হরণে করি । সে মৃত্যুকে অপছন্দ করে আর আমি তার কষ্ট অপসন্দ করি ।"[৮১০]

এই হাদীস দ্বারা দলীল দিয়েই ভারত বর্ষের প্রসিদ্ধ সুফীবাদী তাফসীর 'তাফসীরে মাযহারী' তে বলা হয়েছে:

[৮১০] সহীহ বুখারী ৬৫০২ ।

انَّ اللّٰه تَعَالَي يَسْتَوْدِعُ فِيْ قُلُوْبِ بَعْضِهِمْ مَحَبَةً ذَاتِيَّةً مِنْهُ تَعَالَيْ مُوْجِبَـــةً لِلمَعِيَّـــةِ الذَاتِيِّةِ

অর্থ: "আল্লাহ (সুব:)কোন কোন মানুষের অন্তরের মধ্যে তার জাতি (সত্ত্বাগত) মুহাব্বত তৈরী করে দেন ফলে সে সত্ত্বাগতভাবে আল্লাহর সাথে মিশে যায়।"[৮১১]

সূফীদের সকল তরীকার লোকদের কাছেই এ আক্বীদাহ ও বিশ্বাস গ্রহণযোগ্য। এ আক্বীদার প্রথম প্রবক্তা 'হুসাইন বিন মানসূর হাল্লাজ' কে বলা হয়ে থাকে। তিনিই সর্বপ্রথম এ আক্বীদাহ প্রকাশ করেন এবং তিনি انا الحَقُّ 'আমিই আল্লাহ' বলে যিকির করা শুরু করেন।

তাছাড়া তিনি আরও কিছু কবিতা আবৃত্তি করেন যা থেকে তার এই আক্বীদাহর চুড়ান্ত ব্যাখ্যা জানা যায়। কবিতাগুলো এই:

أَنَا الْحَقُّ وَالْحَقُّ لِلْحَقِّ # لَابِسٌ ذَاتَهُ فَمَا ثَمَّ فَرْقٌ

অর্থ: আমিই হক্ব (আল্লাহ)। হক্ব হক্বের সঙ্গে একাকার হয়ে গেছে। সুতরাং তাদের মধ্যে কোন পার্থক্য নেই।

أَنَا أَنْتَ بِلَا شَكٍّ # فَسُبْحَانَكَ سُبْحَانِيْ

فَتَوْحِيْدُكَ تَوْحِيْدِيْ # وَعِصْيَانُكَ عِصْيَانِيْ

অর্থ: নিঃসন্দেহে আমিই তুমি, তোমার পবিত্রতা সেতো আমারই পবিত্রতা, তোমার তাওহীদ সেতো আমারই তাওহীদ, তোমার অবাধ্যতা সেতো আমারই অবাধ্যতা।

أَنَا مَنْ أَهْوِيْ وَمَنْ أَهْوِى أَنَا # نَحْنُ رُوْحَان حَلَلْنَا بَدَنًا

অর্থ: "আমি যাকে চাই সেতো আমিই। আমরা দু'টো রুহ (প্রাণ) একই দেহে প্রবেশ করেছি।"

مَزَجَتْ رُوْحُكَ فِيْ رُوْحِيْ كَمَا ... تَمْزُجُ الْخَمْرَةُ فِي الْمَاءِ الزَّلَالِ

[৮১১] 'তাফসীরে মাযহারী' প্রথম খন্ড ৫০ পৃষ্ঠায় إِنِّي أَعْلَمُ مَا لَا تَعْلَمُونَ আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।

فَإِذَا مَسَّكَ شَيْءٌ مَسَّنِيْ ... فَإِذَا أَنْتَ أَنَا فِيْ كُلِّ حَالِ

অর্থ: তোমার রুহটা আমার রুহের সঙ্গে মিশে গেছে যেমনিভাবে শরাব স্বচ্ছ পানির সঙ্গে মিশে যায়। তাই তোমাকে কোন বিপদ-আপদ স্পর্শ করলে আমাকেই স্পর্শ করে। তুমি আর আমি সর্বাবস্থায় একই।[৮১২]

এভাবে 'মানসূর হাল্লাজ' এই জঘন্য শিরকি আক্বিদার গোড়াপত্তণ করেন। পরবর্তীতে সূফীদের শায়খে আকবার 'মহিউদ্দীন ইবনে আরাবী' এই আক্বীদাকে আরও সম্প্রসারণ করে 'ওয়াহদাতুল অজুদ' এর আক্বীদাহ মুসলিম জাতির মধ্যে ছড়িয়ে দেন।

বর্তমান পীর–সূফীদেরও একই আক্বীদাহ। "যেমন: চরমোনাইয়ের পীর সাহেব বলেন: 'মানছুর হাল্লাজ যখন আল্লাহ পাকের এশকের জোশে দেওয়ানা হইতেন, তখন তিনি এই শের পড়িতেন:

من تو شدم تو من شودی من تن شدم تو جاں شدی
بعدازاں کسی نگویدکہ من دیگر م تو دیگری

ওগো আমার মা'শুক মাওলা! আপনি আপন কুদরাতী নজরে আমার দিকে চাহিয়া দেখুন। আমি এখন আমি নাই। আমি আপনি হইয়াছি আর আপনি আমি হইয়াছেন। আমি হইয়াছি তন্, আপনি হইয়াছেন জান। আমি শরীর আপনি প্রাণ। এরপর আর কেহ বলিতে পারে না যে, আমি একজন আপনি আর একজন। বরং আমি ও আপনি এক হইয়া গিয়াছি, অর্থাৎ আমি আপনার জামালের খুশীর মধ্যে ডুবিয়া গিয়াছি, আমার অজুদ ফানা হইয়া গিয়াছে এবং আমার রূহ আপনার নূরের সাথে মিশিয়া গিয়াছে। আমার আমিও যখন লয় হইয়া গিয়াছে, তখন আমি আর কোথায় আছি? আমি নাই। আপনিই ছিলেন, আপনিই আছেন, আপনিই থাকিবেন। আপনিতো আপনি, আমিও আপনি। আমি বলিতে আর কিছুই নাই।"[৮১৩]

খন্ডন

মূলত: মানসূর হাল্লাজের এ সকল কবিতার মাধ্যমে এবং ইবনে আরাবীর 'ওয়াহদাতুল অজুদ' এর মাধ্যমে হিন্দুদের সর্বেশ্বরবাদকেই মুসলিম জাতির

[৮১২] মুহাব্বাতুর রাসূল বাইনাল ইত্তিবায়ে ওয়াল ইবতিদায়ে ১ম খন্ড ২১১পৃষ্ঠা।
[৮১৩] 'আশেক মাশুক বা ইশকে ইলাহী' সৈয়দ মোহাম্মদ এসহাক রচিত, পৃষ্ঠা নং ৪২।

মধ্যে অনুপ্রবেশ ঘটানো হয়েছে। কেননা হিন্দুরা বিশ্বাস করে সৃষ্টি ও স্রষ্টার মাঝে কোন পার্থক্য নেই। সবকিছুই আল্লাহ। আল্লাহর ভিন্ন কোন অস্তিত্ব নেই। আল্লাহ সবকিছুর মধ্যেই মিশে আছেন। সৃষ্টির মাধ্যমেই তার বহিঃপ্রকাশ। অথচ মুসলিমদের আক্বীদাহ হলো আল্লাহ ও বান্দার মাঝে কোন মিল নেই। আল্লাহ হলেন খালেক (স্রষ্টা) বান্দা হলো মাখলূক (সৃষ্টি)। আল্লাহ অসীম আর বান্দা সসীম। আল্লাহ হলেন মালিক (মুনিব) বান্দা হচ্ছে মামলূক (দাস)। এ কারণেই আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে বলেছেন:

{لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ} [الشورى : ١١]

অর্থ: "তার (আল্লাহর) সাদৃশ্য কোন জিনিষ নেই।"[৮১৪]

অন্য আয়াতে আল্লাহ (সুব:)বলেন:

{وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ} [الإخلاص : ٤]

অর্থ: "আর তাঁর কোন সমকক্ষও নেই।"[৮১৫]

হাদীসের জবাবঃ

সূফীদের দলীল হিসাবে পেশ কৃত উপরোক্ত হাদীসটির জবাবে আমরা বলবো: ঐ হাদীসে মূলত আল্লাহর নুসরাত-সাহায্যের কথা বলা হয়েছে। আল্লাহর সঙ্গে একাকার হয়ে যাওয়ার কথা বলা হয়নি। হাদীসের শেষ অংশে তা স্পষ্ট করা হয়েছে। সেখাবে বলা হয়েছে 'সে যদি আমার কাছে কোন কিছু সাওয়াল করে, তবে আমি নিশ্চয়ই তাকে তা দান করি। আর যদি সে আমার কাছে আশ্রয় চায়, তবে অব্যশই আমি তাকে আশ্রয় দেই।' স্বত্তাগতভাবেই যদি আল্লাহর সঙ্গে মিশে যায় তাহলে আবার আল্লাহর কাছে সাওয়াল করা বা আশ্রয় চাওয়ার প্রয়োজন কি? মূলত: এ জাতীয় বাক্যগুলো সাহায্য-সহানুভূতি করার ক্ষেত্রেই ব্যবহার করা হয়ে থাকে। যেমন প্রধানমন্ত্রী কাউকে বললো, যাও! অমুক কাজটা তুমি করো আমি তোমার সঙ্গে আছি। এর মানে হলো আমার সাহায্য-সহানুভূতি তোমার সঙ্গে থাকবে। এর মানে এই নয় যে, প্রধানমন্ত্রী তার সঙ্গে স্বত্তাগতভাবে

[৮১৪] সুরা শুরা ৪২:১১।

[৮১৫] সুরা ইখলাস ১১২:৪।

মিশে যায়। এ বিষয়টি একটি সাধারণ লোকেও বুঝে। কিন্তু সূফিবাদীরা নিজেদের ভ্রান্ত মতের স্বপক্ষে হাদীসটিকে অপব্যবহার করে থাকে।

৩. কাশফের আক্বীদাহ

ইসলামের আক্বীদাহ হলো আল্লাহ (সুব:) সবকিছু শুনেন ও জানেন। সূফীদের বিশ্বাস ওলী ও বুযুর্গেরা কাশফের মাধ্যমে সবকিছু দেখেন ও শুনেন। আসমান-যমিন, আরশ-কুরসি, লৌহ-কলম, গ্রহ-নক্ষত্র সবকিছু তাদের নখদর্পে। এমনকি পীর-সাহেবগণ মুরীদের অন্তরের সবকিছু দেখেন ও জানেন। তারা হলেন মুরীদের অন্তরের গোয়েন্দা। তারা মুরীদের অন্তরে ঢোকেন ও বের হন, আবার ঢোকেন আবার বের হন মুরীদ কিছুই টের পায় না। অথচ আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে ইরশাদ করেছেন:

{وَعِنْدَهُ مَفَاتِحُ الْغَيْبِ لَا يَعْلَمُهَا إِلَّا هُوَ وَيَعْلَمُ مَا فِي الْبَرِّ وَالْبَحْرِ وَمَا تَسْقُطُ مِنْ وَرَقَةٍ إِلَّا يَعْلَمُهَا وَلَا حَبَّةٍ فِي ظُلُمَاتِ الْأَرْضِ وَلَا رَطْبٍ وَلَا يَابِسٍ إِلَّا فِي كِتَابٍ مُبِينٍ} [الأنعام : ٥٩]

অর্থ: " আর তাঁর কাছে রয়েছে গায়েবের চাবিসমূহ, তিনি ছাড়া এ বিষয়ে কেউ জানে না এবং তিনি অবগত রয়েছেন স্থলে ও সমুদ্রে যা কিছু আছে। আর কোন পাতা ঝরে না, কিন্তু তিনি তা জানেন এবং যমীনের অন্ধকারে কোন দানা পড়ে না, না কোন ভেজা এবং না কোন শুষ্ক কিছু; কিন্তু রয়েছে সুস্পষ্ট কিতাবে।"[৮১৬]

এমনকি নবী-রাসূলগণও গায়েব জানতেন না। পবিত্র কুরআনে বলা হয়েছে:

{قُلْ لَا أَقُولُ لَكُمْ عِنْدِي خَزَائِنُ اللَّهِ وَلَا أَعْلَمُ الْغَيْبَ وَلَا أَقُولُ لَكُمْ إِنِّي مَلَكٌ إِنْ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَى إِلَيَّ} [الأنعام : ٥٠]

অর্থ: "বল, 'তোমাদেরকে আমি বলি না, আমার কাছে আল্লাহর ভাণ্ডারসমূহ রয়েছে এবং আমি গায়েব জানি না এবং তোমাদেরকে বলি না,

[৮১৬] সুরা আনআ'ম ৬:৫৯।

নিশ্চয় আমি ফেরেশতা। আমি কেবল তাই অনুসরণ করি যা আমার কাছে ওহী প্রেরণ করা হয়'।"[৮১৭]

আল্লাহ (সুব:)আরও বলেন:

قُلْ لَا أَمْلِكُ لِنَفْسِي نَفْعًا وَلَا ضَرًّا إِلَّا مَا شَاءَ اللَّهُ وَلَوْ كُنْتُ أَعْلَمُ الْغَيْبَ لَاسْتَكْثَرْتُ مِنَ الْخَيْرِ وَمَا مَسَّنِيَ السُّوءُ إِنْ أَنَا إِلَّا نَذِيرٌ وَبَشِيرٌ لِقَوْمٍ يُؤْمِنُونَ.

অর্থ: বল, 'আমি আমার নিজের কোন উপকার ও ক্ষতির ক্ষমতা রাখি না, তবে আল্লাহ যা চান। আর আমি যদি গায়েব জানতাম তাহলে অধিক কল্যাণ লাভ করতাম এবং আমাকে কোন ক্ষতি স্পর্শ করত না। আমিতো একজন সতর্ককারী ও সুসংবাদদাতা এমন কওমের জন্য, যারা বিশ্বাস করে'।"[৮১৮]

৪. পীরের আদেশে শরিয়াহ না মানার আক্বীদাহ

ইসলামের আক্বীদাহ হলো কুরআন ও সুন্নাহ আনুযায়ী আল্লাহ প্রদত্ত্ব ও রাসূল প্রদর্শিত শরিয়াহ কঠোরভাবে মেনে চলতে হবে। কোন অবস্থাতেই কারো উপর থেকে শরিয়াহ রহিত হয়ে যায় না। কিন্তু সূফীদের মতে কামেল পীরের নির্দেশ হলে শরিয়তের প্রকাশ্য বিধানকেও অমান্য করতে হবে। যেমন: সূফীদের ইমাম হাফেজ রুমী তার প্রসিদ্ধ কিতাব 'মাছনবী'তে বলেন:

بمی سجاده رنگن کن گرت پیر مغاں گوید
کہ سالک بےخبر نہ بود زراہ ورسم منزل

অর্থ: "কামেল পীরের আদেশ পাইলে নাপাক শারাব দ্বারাও জায়নামাজ রঙ্গিন করিয়া তাহাতে নামাজ পড়। অর্থাৎ শরীয়তের কামেল পীর সাহেব যদি এমন কোন হুকুম দেন, যাহা প্রকাশ্যে শরীয়তের খেলাফ হয়, তবুও তুমি তাহা নিরাপত্তিতে আদায় করবে। কেননা, তিনি রাস্তা সব তৈরী করিয়াছেন। তিনি তাহার উঁচু-নিচু অর্থাৎ ভালমন্দ সব চিনেন, কম বুঝের দরুন জাহেরিভাবে যদিও তুমি উহা শরীয়তের খেলাফ দেখ কিন্তু মূলে খেলাফ নহে।"[৮১৯]

[৮১৭] সুরা আনআ'ম ৬:৫০।
[৮১৮] সুরা আ'রাফ ৭:১৮৮।
[৮১৯] 'আশেক মাশুক' মাওলানা সৈয়দ মোহাম্মদ এছহাক রচিত ৩৫ নং পৃষ্ঠায়।

'ভেদে মারেফাত বা ইয়াদে খোদা' এর ৭২ নং পৃষ্ঠায় বলা হয়েছে

عاشقاں را ملت و مذہب جداست
عاشقاں را ملت و مذہب خداست

অর্থ: "মাওলানা রুমি ফরমাইয়াছেন: প্রেমিক লোকদের জন্য মিল্লাত ও মাজহাব ভিন্ন। তাহাদের মিল্লাত ও মাজহাব শুধু মা'বুদ কেন্দ্রিক।"

অথচ কুরআনে বলা হয়েছে:

{شَرَعَ لَكُمْ مِنَ الدِّينِ مَا وَصَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ كَبُرَ عَلَى الْمُشْرِكِينَ مَا تَدْعُوهُمْ إِلَيْهِ اللَّهُ يَجْتَبِي إِلَيْهِ مَنْ يَشَاءُ وَيَهْدِي إِلَيْهِ مَنْ يُنِيبُ} [الشورى : ١٣]

অর্থ: "তিনি তোমাদের জন্য দ্বীন বিধিবদ্ধ করে দিয়েছেন; যে বিষয়ে তিনি নূহকে নির্দেশ দিয়েছিলেন, আর আমি তোমার কাছে যে ওহী পাঠিয়েছি এবং ইবরাহীম, মূসা ও ঈসাকে যে নির্দেশ দিয়েছিলাম তা হল, তোমরা দ্বীন কায়েম করবে এবং এতে বিচ্ছিন্ন হবে না। তুমি মুশরিকদেরকে যেদিকে আহবান করছ তা তাদের কাছে কঠিন মনে হয়; আল্লাহ যাকে চান তার দিকে নিয়ে আসেন। আর যে তাঁর অভিমুখী হয় তাকে তিনি হিদায়াত দান করেন।"[৮২০]

অথচ হাদীসে বলা হয়েছে

عَنْ أُمِّ حُصَيْنٍ قَالَتْ قَالَ رَسُولُ الله صَلَّى الله عَلَيه وسَلَّم لاَ طَاعَــةَ لِمَخْلُــوقٍ فِي مَعْصِيَةِ الخَالِقِ

অর্থ: "উম্মে হুসাইন (রা:) থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন: স্রষ্টাকে অমান্য করে সৃষ্টিজগতের কারো আনুগত্য চলবে না"।[৮২১]

শরিয়তের বিপরিতে কোন পীর, কোন আমীর কারোই আনুগত্য করা যাবে না। এ প্রসঙ্গে হাদীসে বর্ণিত হয়েছে:

[৮২০] সুরা শুরা ৪২:১৩।
[৮২১] জামেউল আহাদীস: হা: ১৩৪০৫, মুয়াত্তা: হা: ১০, মু'জামুল কাবীর: হা: ৩৮১, মুসনাদে শিহাব: হা: ৮৭৩ আবি শাইবা: হা: ৩৩৭১৭, কানযুল উম্মাল: হা: ১৪৮৭৫।

عَنْ عَلِىٍّ قَالَ بَعَثَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– سَرِيَّةً وَاسْتَعْمَلَ عَلَيْهِمْ رَجُلاً مِنَ الأَنْصَارِ وَأَمَرَهُمْ أَنْ يَسْمَعُوا لَهُ وَيُطِيعُوا فَأَغْضَبُوهُ فِى شَىْءٍ فَقَالَ اجْمَعُوا لِى حَطَبًا. فَجَمَعُوا لَهُ ثُمَّ قَالَ أَوْقِدُوا نَارًا. فَأَوْقَدُوا ثُمَّ قَالَ أَلَمْ يَأْمُرْكُمْ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– أَنْ تَسْمَعُوا لِى وَتُطِيعُوا قَالُوا بَلَى. قَالَ فَادْخُلُوهَا. قَالَ فَنَظَرَ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ فَقَالُوا إِنَّمَا فَرَرْنَا إِلَى رَسُولِ اللَّهِ –صلى الله عليه وسلم– مِنَ النَّارِ. فَكَانُوا كَذَلِكَ وَسَكَنَ غَضَبُهُ وَطُفِئَتِ النَّارُ فَلَمَّا رَجَعُوا ذَكَرُوا ذَلِكَ لِلنَّبِىِّ –صلى الله عليه وسلم– فَقَالَ « لَوْ دَخَلُوهَا مَا خَرَجُوا مِنْهَا إِنَّمَا الطَّاعَةُ فِى الْمَعْرُوفِ ».

অর্থ: "আলী (রা:) থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি সেনাদল যুদ্ধাভিযানে প্রেরণ করলেন। এক আনসারী ব্যক্তিকে তাদের সেনাপতি নিযুক্ত করলেন এবং সাহাবীদেরকে তাঁর কথা শুনা ও মানার জন্য নির্দেশ দিলেন। অতপর তাদের কোন আচরণে সেনাপতি রাগ করলেন। তিনি সকলকে লাকড়ি জমা করতে বললেন। সকলে লাকড়ি জমা করলো এরপর আগুন জ্বালাতে বললেন। সকলে আগুন জ্বালালো। তারপর সেনাপতি বললো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি তোমাদেরকে আমার আনুগত্য করার এবং আমার কথা শুনা ও মানার নির্দেশ দেন নি? সকলেই বললো, হ্যা। তিনি বললেন, তাহলে তোমরা সকলেই আগুনে ঝাঁপিয়ে পড়।

সাহাবীগণ একে অপরের দিকে তাকাতে লাগলেন এবং বললেন, আমরাতো আগুন থেকে বাঁচার জন্যই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসেছি। এ অবস্থায় কিছুক্ষণ পর তার রাগ ঠান্ডা হলো এবং আগুনও নিভে গেল। যখন সাহাবারা মদীনায় প্রত্যাবর্তন করলেন তখন বিষয়টি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে উপস্থাপন করা হলো। উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন 'তারা যদি আমীরের কথা মতো আগুনে ঝাঁপ দিতো তাহলে তারা

আর কখনোই তা থেকে বের হতে পারতো না। প্রকৃতপক্ষে আনুগত্য কেবল ন্যায় এবং সৎ কাজেই।"[৮২২]

এ হাদীস থেকে পরিষ্কার হয়ে গেল যে, শরিয়তের বিরূদ্ধে কারো হুকুমের আনুগত্য করা যাবে না। না কোন ওলী-বুযুর্গের না কোন পীরে মুগাঁর।

৫. পরকালে মুক্তির জন্য ইসলাম গ্রহণ করার কোন প্রয়োজন নেই।

পীর-সূফীদের একাংশের মত হলো: ' পরকালে মুক্তির জন্য ইসলাম গ্রহণ করার কোন প্রয়োজন নেই'। আটরশির পীর সাহেব বলেন: "হিন্দু, মুসলামান, বৌদ্ধ ও খৃষ্টানগণ নিজ নিজ ধর্মের আলোকেই সৃষ্টিকর্তার নৈকট্য অর্জনের চেষ্টা করতে পারে এবং তাহলেই কেবল বিশ্বে শান্তি আসতে পারে। (আটরশির কাফেলা সংকলনে মাহফুযুল হক, আটরশির দরবার থেকে প্রকাশিত, পৃ: ৮৯, সংস্করণ ১৯৮৪।)[৮২৩]

এছাড়াও দেওয়ানবাগীর পীর তার লিখিত 'আল্লাহ কোন পথে?' নামক বইয়ের ৩য় সংস্করণ, ডিসেম্বর, ১৯৯৭ খ্রীষ্টাব্দে, পৃঃ ১১৩-১১৪ ও ১২৫-১২৬ পৃষ্ঠায় এবং 'মাইজভাণ্ডারীর জীবনী ও কেরামত' নামক বইয়ের পঞ্চদশ প্রকাশ ঃ জুলাই -২০০২, পৃষ্ঠা ঃ ১৫১-১৫২ তে বলা হয়েছে পরকালে মুক্তির জন্য ইসলাম ধর্ম গ্রহণ করার আবশ্যকতা আছে বলে মনে করি না। বরং হিন্দু, বৌদ্ধ, খৃষ্টান যে কোন ধর্মের লোক নিজ নিজ ধর্মে থেকে সাধনা করে মুক্তি পেতে পারে। তাদের এই কথিত 'তাওহীদে আদইয়ান বা সকল ধর্মের ঐক্য' এর স্বপক্ষে কুরআনের নিম্নোক্ত আয়াত পেশ করে থাকে ঃ

{إِنَّ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ هَادُوا وَالنَّصَارَى وَالصَّابِئِينَ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَعَمِلَ صَالِحًا فَلَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ.

[৮২২] সহীহ মুসলিম হা:নং: ৪৮৭২। সহীহ বুখারী হা: নং: ৪৩৪০। সহীহ মুসলিম বাংলা; ইসলামিক ফাউন্ডেশন কতৃক তরজমা; হা: নং: ৪৬১৫।

[৮২৩] তাসাওউফ, তত্ত্ব ও পর্যালোচনা, পৃ: ১৪৭, প্রকাশকাল ২০০০ খৃ: ১৪২১ হি:।

অর্থ: "যারা মু'মিন, যারা ইহুদী, এবং খৃষ্টান ও সাবিঈন- (এদের মধ্যে) যারাই আল্লাহ ও পরকালে বিশ্বাস রাখে ও সৎকাজ করে তাদের জন্য তাদের প্রতিপালকের নিকট পুরস্কার রয়েছে। তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিত হবে না।"[৮২৪]

অথচ এ আয়াতে যে কোন ধর্মের লোকদের সম্পর্কে বলা হয়েছে যে, তারা ঈমান আনলে এবং নেক কাজ করলে তারা পরকালে মুক্তি পাবে। আর একথা স্পষ্ট যে, ইসলাম ধর্ম আগমনের পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে আখেরী নবী না মানলে তার ঈমান পূর্ণ হবে না। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে আখেরী নবী মানলে অন্যান্য সব ধর্মের বিধানকে রহিত মানতে হয়। তাহলে অন্য কোন ধর্মে থেকে মুক্তির অবকাশ রইল কোথায়? কুরআনে আল্লাহ তা'আলা ইরশাদ করেন ঃ

وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ.

অর্থ: "যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিণকালেও তা গ্রহণ করা হবে না এবং আখেরাতে সে ক্ষতিগ্রস্ত।"[৮২৫]

{ أَفَغَيْرَ دِينِ اللَّهِ يَبْغُونَ وَلَهُ أَسْلَمَ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا وَإِلَيْهِ يُرْجَعُونَ} [آل عمران : ٨٣]

অর্থ: "তারা কি আল্লাহ্‌র দ্বীনের পরিবর্তে অন্য দ্বীন তালাশ করছে? আসমান ও যমীনে যা কিছু রয়েছে স্বেচছায় হোক বা অনিচছায় হোক, তাঁরই অনুগত হবে এবং তাঁর দিকেই ফিরে যাবে।"[৮২৬]

অমুসলিমরা ইসলাম না গ্রহণ করে যত ভাল কাজই করুক না কেন, পরকালে তারা মুক্তি পাবে না। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{وَالَّذِينَ كَفَرُوا أَعْمَالُهُمْ كَسَرَابٍ بِقِيعَةٍ يَحْسَبُهُ الظَّمْآنُ مَاءً حَتَّى إِذَا جَاءَهُ لَمْ يَجِدْهُ شَيْئًا وَوَجَدَ اللَّهَ عِنْدَهُ فَوَفَّاهُ حِسَابَهُ وَاللَّهُ سَرِيعُ الْحِسَابِ (٣٩) أَوْ

[৮২৪] সূরা বাকারা ২:৬২।
[৮২৫] সূরা আল ইমরান ৩:৮৫।
[৮২৬] সূরা আল ইমরান ৩:৮৩।

كَظُلُمَاتٍ فِي بَحْرٍ لُجِّيٍّ يَغْشَاهُ مَوْجٌ مِنْ فَوْقِهِ مَوْجٌ مِنْ فَوْقِهِ سَحَابٌ ظُلُمَاتٌ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ إِذَا أَخْرَجَ يَدَهُ لَمْ يَكَدْ يَرَاهَا وَمَنْ لَمْ يَجْعَلِ اللَّهُ لَهُ نُورًا فَمَا لَهُ مِنْ نُورٍ} [النور : ٣٩ ، ٤٠]

অর্থঃ "যারা কাফের, তাদের আমলসমূহ মরুভূমির মরীচিকা সমতুল্য, যাকে পিপাসার্ত ব্যক্তি পানি মনে করে। কিন্তু সে যখন তার কাছে যায়, তখন কিছুই পায় না এবং পায় সেখানে আল্লাহকে, অত:পর আল্লাহ তার হিসাব চুকিয়ে দেন। আল্লাহ দ্রুত হিসাব গ্রহণকারী। অথবা (তাদের আমলসমূহ) প্রমত্ত সমুদ্রের বুকে গভীর অন্ধকারের ন্যায়, যাকে উদ্বেলিত করে তরঙ্গের উপর তরঙ্গ, যার উপরে ঘন কালো মেঘ আছে। একের উপর এক অন্ধকার। যখন সে তার হাত বের করে, তখন তাকে একেবারেই দেখতে পায় না। আল্লাহ যাকে জ্যোতি দেন না, তার কোন জ্যোতি নেই।"[৮২৭]

ইসলাম গ্রহণ করা ছাড়া পরকালে মুক্তির কোন উপায় নি এর জ্বলন্ত প্রমাণ আবু তালেব। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম- এর আপন চাচা। হযরত আলী (রাঃ) এর আব্বাজান। যিনি সারা জীবন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে ভাতিজা হিসাবে দেখা-শুনা করেছেন, সাহায্য-সহযোগীতা করেছেন। যা তার কিছু কবিতার মাধ্যমে অনুমান করা যেতে পারে। যিনি দৃঢ় কণ্ঠে ঘোষণা করেছিলেনঃ

وَاللهِ لَنْ يَصِلُوْا إِلَيْكَ بِجَمْعِهِمْ # حَتَّى أُوَسَّدَ فِى التُّرَابِ دَفِيْنًا

"আল্লাহর কসম! তারা সকলে মিলেও তোমার কাছে পৌঁছতে পারবে না (তোমার কোন ক্ষতি করতে পারবে না।) যতক্ষণ পর্যন্ত না আমাকে (মৃত্যুর পর) মাটিতে দাফন করা হয়।

فَاصْدَعْ بِأَمْرِكَ مَا عَلَيْكَ غَضَاضَةٌ # وَابْشِرْ وَقَرِّ بِذَالِكَ مِنْكَ عُيُوْناً

"সুতরাং তুমি নির্ভয়ে তোমার উপর অর্পিত দায়িত্ব পালন করতে থাকো এবং তুমি সুসংবাদ গ্রহণ করো এবং এর দ্বারা প্রশান্তি লাভ করো।"

وَدَعَوْتَنِىْ، وَعَرَفْتُ أَنَّكَ نَاصِحِىْ # وَلَقَدْ صَدَقْتَ، وَكُنْتَ ثَمَّ أَمِيْنًا

[৮২৭] সূরা আন-নূর ২৪:৩৯-৪০।

"তুমি আমাকে আহ্বান করেছো এবং আমি জানি যে তুমি আমার কল্যাণকামী, হিতাকাঙ্খী। তুমি সত্যই বলেছো, তুমি আগেও বিশ্বস্ত ছিলে এখনও বিশ্বস্ত।"

وَعَرَضْتَ دِيْنًا قَدْ عَرَفْتُ بِأَنَّهُ # مِنْ خَيْرِ أَدْيَانِ الْبَرِيَّةِ دِيْناً

"তুমি আমার সামনে একটি নতুন দ্বীন (জীবন ব্যবস্থা পেশ করেছো) আমি জানি এটি হলো পৃথিবীর বুকে সকল জীবন ব্যবস্থার মধ্যে সর্বশ্রেষ্ঠ জীবন ব্যবস্থা।"

لَوْلَا الْمَلَامَةُ أَوْ حِذَارُ مَسَبَّةٍ # لَوَجَدْتَنِيْ سَمْحاً بِذَاكَ مُبِيْناً

"যদি তিরস্কার এবং গালির ভয় না থাকতো তাহলে তুমি অবশ্যই আমাকে এর প্রতি প্রকাশ্য সুহৃদয়বান পেতে।"

এমনকি তিন বৎসর পর্যন্ত অবরুদ্ধ হয়েছিলেন। কিন্তু ইসলাম গ্রহণ না করে মৃত্যুবরণ করেন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মৃত্যুর পরেও তার জন্য দোয়া করতে থাকলেন। যেমন নিম্নের হাদীসটিতে বিস্তারিত ভাবে বর্ণিত হয়েছে:

عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِيهِ قَالَ لَمَّا حَضَرَتْ أَبَا طَالِبٍ الْوَفَاةُ دَخَلَ عَلَيْهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعِنْدَهُ أَبُو جَهْلٍ وَعَبْدُ اللَّهِ بْنُ أَبِي أُمَيَّةَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْ عَمِّ قُلْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أُحَاجُّ لَكَ بِهَا عِنْدَ اللَّهِ فَقَالَ أَبُو جَهْلٍ وَعَبْدُ اللَّهِ بْنُ أَبِي أُمَيَّةَ يَا أَبَا طَالِبٍ أَتَرْغَبُ عَنْ مِلَّةِ عَبْدِ الْمُطَّلِبِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَأَسْتَغْفِرَنَّ لَكَ مَا لَمْ أُنْهَ عَنْكَ فَنَزَلَتْ { مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيمِ }

অর্থ: "সাঈদ ইবনে মুসাইয়্যাব (রা:) তার পিতা থেকে বর্ণনা করেন, যখন আবু তালেবের মৃত্যুর সময় ঘনিয়ে এলো তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কাছে গেলেন। এ সময়ে আবু জাহেল, আবদুল্লাহ ইবনে আবী উমাইয়্যা প্রমুখ কাফেরগণও আবু তালেবের কাছে উপস্থিত ছিল।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে চাচা! আপনি বলুন 'লা ইলাহা ইল্লাল্লাহ' অর্থাৎ আল্লাহ ব্যতিত আর কোন ইলাহ নেই। আমি এই কালিমার ভিত্তিতেই আপনার মুক্তির জন্য আল্লাহর কাছে দাবী করতে পারবো। এ সময়ে আবু জাহেল এবং আবদুল্লাহ বিন আবী উমাইয়্যা বললো, হে আবু তালেব! তুমি কি আবদুল মুত্তালিবের ধর্ম থেকে মুখ ফিরিয়ে নিবে? (এরপরে তিনি কাফের অবস্থাতেই মৃত্যু বরণ করেন)
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন আমি আপনার জন্য আল্লাহর নিকটে ততক্ষণ পর্যন্ত ক্ষমা চাইতে থাকবো যতক্ষণ পর্যন্ত আল্লাহর পক্ষ থেকে আমাকে নিষেধ না করা হবে। এর পরেই পবিত্র কুরআনের নিম্মোক্ত আয়াতটি নাজিল হয়:

{مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيمِ } [التوبة : ١١٣]

অর্থঃ "নবী ও মুমিনের উচিত নয় মুশরিকদের জন্য মাগফেরাত কামনা করে, যদিও তারা আত্নীয় হোক একথা সুস্পষ্ট হওয়ার পর যে তারা জাহান্নামী। (তাওবা, ৯ ঃ ১১৩)।[৮২৮]

পরকালে মুক্তির জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আনিত ইসলামের আনুগত্য ছাড়া কোন উপায় নেই। হাদীসে মূসা (আ:) এর ব্যাপারে ইরশাদ হয়েছে, যদি মূসাও (আ:) জীবিত থাকতেন তাহলে তারও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অনুসরণ ছাড়া মুক্তি মিলবে না। হাদীস:

عَنْ جَابِرٍ رَضِىَ اللهُ عَنْهُ، عَنِ النَّبِّى صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ حِيْنَ اَتَاهُ عُمَرُ فَقَالَ : اِنَّا نَسْمَعُ اَحَادِيْثَ مِنْ يَهُوْدَ تَعجِّبُنَا، أَفَتَرَى أَنْ نَكْتُبَ بَعْضَهَا؟ فَقَالَ : (أَمُتَهَوِّكُوْنَ أَنْتُمْ كَمَا تَهَوَّكَتِ الْيَهُوْدُ وَالنَّصَارَى؟! لَقَدْ جِئْتُكُمْ بِهَا بَيْضَاءَ نَقِيَّةً، لَوْ كَانَ مُوْسَى حَيًّا مَا وَسَعَهُ إِلَّا اتِّبَاعِى)) رواه أحمد، والبيهقى فى كتاب (شعب الإيمان)

অর্থঃ "জাবের (রাঃ) থেকে বর্ণিত, উমর ইবনে খাত্তাব (রাঃ) একবার মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললেনঃ (ইয়া

[৮২৮] সহীহ বুখারী ৪৬৭৫; সহীহ মুসলিম ১৪১।

রাসূলাল্লাহ) আমরা ইহুদীদের কাছে এমন কিছু কথা-বার্তা শুনতে পায়, যা আমাদের নিকট ভাল লাগে, আমরা তাদের (তাওরাতের) কিছু কথা লিখে রাখবো? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তোমরা কি বিভ্রান্তির মধ্যে আছো?! যেমনিভাবে বিভ্রান্তিতে আছে ইহুদী এবং খৃষ্টানরা। নিশ্চয় আমি তোমাদের কাছে নিয়ে এসেছি স্বচ্ছ এবং পরিষ্কার (একটি দ্বীন), যদি মুসা (আঃ) (তাওরাত যার উপর নাজিল হয়েছে) তিনি জীবিত থাকতেন তাহলে আমার অনুসরণ করা ছাড়া তারও মুক্তির কোন উপায় ছিল না।

অপর হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ جَابِرٍ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ أَتَى رَسُولَ اللَّهِ (بِنُسْخَةٍ مِنَ التَّوْرَاةِ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ هَذِهِ نُسْخَةٌ مِنَ التَّوْرَاةِ . فَسَكَتَ فَجَعَلَ يَقْرَأُ وَوَجْهُ رَسُولِ اللَّهِ (يَتَغَيَّرُ فَقَالَ أَبُو بَكْرٍ ثَكِلَتْكَ الثَّوَاكِلُ أَمَا تَرَى مَا بِوَجْهِ رَسُولِ اللَّهِ (فَنَظَرَ عُمَرُ إِلَى وَجْهِ رَسُولِ اللَّهِ (فَقَالَ أَعُوذُ بِاللَّهِ مِنْ غَضَبِ اللَّهِ وَمِنْ غَضَبِ رَسُولِهِ رَضِينَا بِاللَّهِ رَبًّا وَبِالإِسْلاَمِ دِيناً وَبِمُحَمَّدٍ نَبِيًّا . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم « وَالَّذِى نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لَوْ بَدَا لَكُمْ مُوسَى فَاتَّبَعْتُمُوهُ وَتَرَكْتُمُونِى لَضَلَلْتُمْ عَنْ سَوَاءِ السَّبِيلِ وَلَوْ كَانَ حَيًّا وَأَدْرَكَ نُبُوَّتِى لاَتَّبَعَنِى »

অর্থ: জাবের (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন ঃ "ওমর ইবনুল খাত্তাব (রা:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট তাওরাত লিখিত একটি খন্ড নিয়ে আসলেন। বললেনঃ ইয়া রাসূলুল্লাহ! এটা তাওরাতের থেকে লিখিত একখন্ড বাণী। অতপরঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চুপ থাকলেন এবং ওমর (রা:) তা পড়তে আরম্ভ করলেন। তার পড়া শুনে রাসূলুল্লাহ এর চেহারা পরিবর্তন হতে লাগল। অতপরঃ আবু বকর (রা:) বললেনঃ হে ওমর! তুমি যদি মরে যেতে (চুপ হয়ে যাও), তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চেহারার অবস্থা দেখতে পাচ্ছ না?

অতপরঃ ওমর (রা:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চেহারার দিকে তাকালেন এবং বললেনঃ আমি আল্লাহর কাছে আল্লাহ ও তাঁর

রাসূলের অসন্তুষ্টি থেকে পানাহ চাচ্ছি। তিনি আরো বললেনঃ আমরা আল্লাহকে রাব্ব হিসেবে, ইসলামকে দ্বীন হিসেবে ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট। অতপরঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেই সত্তার কসম, যার হাতে মুহাম্মাদের জীবন! যদি তোমরা মুসা (আঃ) কে পেতে অতপরঃ তার অনুসরণ করতে ও আমাকে পরিত্যাগ করতে, তাহলে সঠিক পথ বা দ্বীন থেকে দুরে চলে যেতে (পথভ্রষ্ট হয়ে যেতে)। যেনে রাখ! যদি মুসা (আ:) স্বয়ং জীবিত থাকত এবং আমাকে পেত; তবে আমার অনুসরণ করতো।"[৮২৯]

৬. বহু তরীকার আক্বীদাহ।

পীর-সূফীদের মতে তরীকা অনেক। যেমন: চরমোনাইয়ের প্রথম পীর সৈয়দ মোহাম্মদ এসহাক সাহেব তার প্রায় সকল বইতেই উল্লেখ করেছেন যে, 'আমার প্রিয় বন্ধুগণ! জানিয়া রাখিবেন, দোযখের আযাবের পথ বন্ধ করিয়া বেহেশতে যাইবার জন্য কেতাবে ১২৬ তরিকা বয়ান করিয়াছে। তম্মধ্যে চিশতিয়া ছাবেরিয়া তরিকা একেবারে শর্টকাট।'[৮৩০] আবার সূফীদের কোন কোন বইতে বলা হয়েছে, 'তরীকার সংখ্যা অগনিত তবে বর্তমানে পৃথিবীতে প্রায় তিন শতাধিক তরীকা বিদ্যমান রয়েছে'।[৮৩১]

খন্ডন

কিন্তু ইসলামে তথা কুরআন ও হাদীসে শুধুমাত্র একটি তরীকার অনুসরণ করতে বলা হয়েছে। আর তা হচ্ছে: আল্লাহ প্রদত্ত ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদর্শিত তরীকা। যার নাম ইসলাম। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيمًا فَاتَّبِعُوهُ وَلَا تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيلِهِ ذَلِكُمْ وَصَّاكُمْ بِهِ لَعَلَّكُمْ تَتَّقُونَ} [الأنعام : ١٥٣]

---

[৮২৯] সুনানে দারমী ৪৪৩; মিশকাতুল মাসাবীহ ১৯৪; হাদীসটি হাসান।

[৮৩০] 'আশেক মা'শুক' সৈয়দ মাওলানা এসহাক রচিত পৃষ্ঠা নং ১১২। একই লেখকের কিতাব 'ভেদে মারেফাত ইয়াদে খোদা' পৃষ্ঠা নং ৬।

[৮৩১] 'সূফী দর্শণ' ডঃ ফকির আবদুর রশিদ রচিত, পৃষ্ঠা নংঃ ১৬৭।

অর্থ: "আর এটি তো আমার সোজা পথ। সুতরাং তোমরা তার অনুসরণ কর এবং অন্যান্য পথ অনুসরণ করো না, তাহলে তা তোমাদেরকে তাঁর পথ থেকে বিচ্ছিন্ন করে দেবে। এগুলো তিনি তোমাদেরকে নির্দেশ দিয়েছেন, যাতে তোমরা তাকওয়া অবলম্বন কর।"[৮৩২]

এই আয়াতে আল্লাহ (সুব:) একটি তরীকাকেই অনুসরণ করতে বলেছেন। আল্লাহ (সুব:)বলেন:

{وَعَلَى اللَّهِ قَصْدُ السَّبِيلِ وَمِنْهَا جَائِرٌ وَلَوْ شَاءَ لَهَدَاكُمْ أَجْمَعِينَ } [النحل : ٩]

অর্থ: "আর সঠিক পথ বাতলে দেয়া আল্লাহর দায়িত্ব, এবং পথের মধ্যে কিছু আছে বক্র। আর তিনি যদি ইচ্ছা করতেন তবে তোমাদের সকলকে হিদায়াত করতেন।"[৮৩৩]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে 'সিরাতে মুস্তাকিম' সর্ম্পকে হাদীস বর্ণিত হয়েছে:

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ خَطَّ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطًّا ثُمَّ قَالَ هَذَا سَبِيلُ اللَّهِ ثُمَّ خَطَّ خُطُوطًا عَنْ يَمِينِهِ وَعَنْ شِمَالِهِ ثُمَّ قَالَ هَذِهِ سُبُلٌ قَالَ يَزِيدُ مُتَفَرِّقَةٌ عَلَى كُلِّ سَبِيلٍ مِنْهَا شَيْطَانٌ يَدْعُو إِلَيْهِ ثُمَّ قَرَأَ { إِنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيمًا فَاتَّبِعُوهُ وَلَا تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيلِهِ }

অর্থ: "আবদুল্লাহ ইবনে মাসউদ (রা:) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে (সিরাতে মুস্তাকিম বুঝানোর জন্য) প্রথমে একটি সোজা দাগ দিলেন। আর বললেন এটা হলো আল্লাহর রাস্তা। অতপর ডানে বামে অনেকগুলো দাগ দিলেন আর বললেন এই রাস্তাগুলো শয়তানের রাস্তা। এ রাস্তাগুলোর প্রতিটি রাস্তার মুখে একটি করে শয়তান বসে আছে যারা এ রাস্তার দিকে মানুষদেরকে আহবান করে। অতপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের কথার প্রমাণে উপরে উল্লেখিত প্রথম আয়াতটি তেলাওয়াত করলেন।"[৮৩৪]

[৮৩২] সুরা আনআ'ম ৬:১৫৩।
[৮৩৩] সুরা নহল ১৬:৯।
[৮৩৪] মুসনাদে আহমদ ৪১৪২; নাসায়ী ১১১৭৫; মেশকাত ১৬৬।

৭. অজিফা, যিকির-আযকার ও বিদআত তৈরী করা

পীর-সূফীদের ধর্মে বিভিন্ন প্রকার অজিফা ও যিকির-আযকার বাতলানো হয়। যার অনেক কিছুই কুরআন-সুন্নাহ দ্বারা প্রমাণিত নয়। যা কোন কোন ক্ষেত্রে পীর-সূফীরা নিজেরাই স্বীকার করে থাকেন। যেমন: ছয় লতিফা সম্পর্কে চরমোনাইয়ের পীর মাওলানা সৈয়দ মোহাম্মদ ইসহাক সাহেব বলেন, 'ছয় লতিফার কথা কুরআনে পাক ও হাদীস শরীফে নাই, তবে আল্লাহ পাকের ওলীগণ আল্লাহ পাককে পাইবার জন্য একটা রাস্তা হিসাবে ইহা বাহির করিয়াছেন। যদি লতীফার ছবক আদায় করিতে চান, তবে একজন উপযুক্ত পীরের দরবারে থাকিতে হইবে।'[৮৩৫]

এখানে পরিষ্কারভাবে স্বীকার করা হয়েছে যে, লতীফার কথা কুরআন-হাদীসে নেই। এটা পীর-বুযুর্গরা তৈরী করেছে। এমনিভাবে বিভিন্ন তরীকার যিকিরের পদ্ধতি যেমন 'হাফসে দম','পাছ আনফাছ', 'খতমে খাজেগান', 'দুরুদে নারিয়া', 'দুরুদে তাজ', 'দুরুদে হাজারী', 'শুধু ইল্লাল্লাহ এর যিকির', 'দালায়েলুল খায়রাত', 'দুআয়ে গাঞ্জুল আরশ', ইত্যাদি। অথচ আল্লাহ (সুব:)বলেন:

{أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ وَلَوْلَا كَلِمَةُ الْفَصْلِ لَقُضِيَ بَيْنَهُمْ وَإِنَّ الظَّالِمِينَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ } [الشورى : ٢١]

অর্থ: "তাদের জন্য কি এমন কিছু শরীক আছে, যারা তাদের জন্য দ্বীনের বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি? আর ফয়সালার ঘোষণা না থাকলে তাদের ব্যাপারে সিদ্ধান্ত হয়েই যেত। আর নিশ্চয় যালিমদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব।"[৮৩৬]

তাছাড়া আল্লাহ (সুব:)স্বীয় রাসূলের মাধ্যমে দ্বীন ইসলামকে পরিপূর্ণ করে দিয়েছেন। ইরশাদ হচ্ছে:

الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا.

[৮৩৫] 'ভেদে মা'রেফাত বা ইয়াদে খোদা' পৃষ্ঠা নং: ৫০।
[৮৩৬] সুরা শুরা ৪২:২১।

অর্থ: "....আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণ করলাম এবং তোমাদের উপর আমার নিআ'মত সম্পূর্ণ করলাম এবং ইসলামকে তোমাদের দ্বীন হিসেবে মনোনীত করলাম।"[৮৩৭]

অতএব যে দ্বীনকে আল্লাহ (সুব:) পরিপূর্ণ করে দিলেন তার ভিতরে কোন কিছু সংযোজন করা বা বিয়োজন করার কোন সুযোগ নেই।

৮. কুরআন ও হাদীসের বিকৃতি

পীর-সূফীগণ যেহেতু পীরের কাছে মুরীদ হওয়াকে ফরজ মনে করেন তাই তারা এটা প্রমাণ করার জন্য কুরআন ও হাদীসের কিছু দলীল পেশ করে নিজেদের মতানুযায়ী মনগড়া অপব্যাখ্যা করে থাকেন। নিম্নে তাদের দলীল গুলো পেশ করে সঠিক ব্যাখ্যা তুলে ধরা হলো:

প্রথম প্রমাণ:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَابْتَغُوا إِلَيْهِ الْوَسِيلَةَ} [المائدة : ٣٥]

অর্থ: "হে মুমিনগণ, আল্লাহকে ভয় কর এবং তার নৈকট্যের অনুসন্ধান কর।"[৮৩৮]

এ আয়াতে الْوَسِيلَةَ (ওছিলা) বলতে পীর-সূফীগণ তাদের পীর সাহেবদেরকে উদ্দেশ্য করে থাকেন। অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে এবং সাহাবায়ে কেরাম (রা:) এই ব্যাখ্যা করেন নি। তারা যে ব্যাখা করেছেন তা তাফসীরের বিভিন্ন গ্রহণযোগ্য কিতাবগুলোতে পাওয়া যাবে। তাফসীরে ইবনে কাছিরে বলা হয়েছে:

{ وَابْتَغُوا إِلَيْهِ الْوَسِيلَةَ } قَالَ سُفْيَانُ الثَّوْرِيُّ، حَدَّثَنَا أَبِيْ، عَنْ طَلْحَةَ، عَنْ عَطَاء، عَنِ ابْنِ عَبَّاسٍ: أَيِ الْقُرْبَةُ. وَكَذَا قَالَ مُجَاهِدٌ وَعَطَاءٌ وَأَبُوْ وَائِلٍ وَالْحَسَنُ، وَقَتَادَةُ، وَعَبْدُ اللهِ بْنُ كَثِيْرٍ، وَالسُّدِّيْ، وَابْنُ زَيْدٍ.

অর্থ: ইবনে আব্বাস (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন 'ওছিলা' হল 'নৈকট্য'। মুজাহিদ, আতা, আবূ ওয়ায়েল, হাসান, কাতাদা, আবদুল্লাহ ইবনে কাছির, সুদ্দি, ইবনে যায়েদ প্রমুখ মুফাচ্ছিরগণ এই অর্থই করেছেন।

[৮৩৭] সুরা মায়েদাহ ৫:৩।
[৮৩৮] সুরা মায়েদাহ ৫:৩৫।

এরপর তিনি ইমাম কাতাদার বক্তব্য উল্লেখ করেন:

وَقَالَ قَتَادَةُ: أَيْ تَقَرَّبُوْا إِلَيْهِ بِطَاعَتِهِ وَالْعَمَلِ بِمَا يُرْضِيْهِ.

প্রখ্যাত মুফাচ্ছির কাতাদাহ বলেন, 'অছিলা' মানে হলো 'আল্লাহর হুকুমের আনুগত্য করা ও আল্লাহর পছন্দনীয় আমল করার মাধ্যমে আল্লাহর নৈকট্য অর্জই করা।"[৮৩৯]

ইমাম শানক্বীতি (রহ:) বলেন:

اعْلَمْ أَنَّ جُمْهُوْرَ الْعُلَمَاءِ عَلَىْ أَنَّ الْمُرَادَ بِالْوَسِيْلَةِ هُنَا هُوَ الْقُرْبَةُ إِلَىْ اللهِ تَعَالَىْ بِامْتِثَالِ أَوَامِرِهِ ، وَاجْتِنَابِ نَوَاهِيْهِ عَلَىْ وَفْقِ مَا جَاءَ بِهِ مُحَمَّدٌ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِإِخْلَاصٍ فِيْ ذَلِكَ لِلَّهِ تَعَالَىْ ، لِأَنَّ هَذَا وَحْدَهُ هُوَ الطَّرِيْقُ الْمُوْصِلَةُ إِلَىْ رِضَى اللهِ تَعَالَىْ ، وَنَيْلِ مَا عِنْدَهُ مِنْ خَيْرِ الدُّنْيَا وَالْآخِرَةِ . وَأَصْلُ الْوَسِيْلَةِ : اَلطَّرِيْقُ الَّتِي تقرب إلى الشيء ، وتوصل إليه وهي العمل الصالح بإجماع العلماء ، لأنه لا وسيلة إلى الله تعالى إلا باتباع رسوله صلى الله عليه وسلم

অর্থ: "জেনে রেখ! জুমহুর ওলামায়ে কেরাম ঐক্যমত পোষণ করেছেন যে, এই আয়াতে 'অছিলা' বলতে আল্লাহর আদেশ পালন করে এবং নিষেধগুলোকে পরিহার করে সম্পূর্ণ ইখলাছের সাথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরীকা অনুযায়ী ইবাদতের মাধ্যমে আল্লাহর নৈকট্য অর্জন করা। এটাই হচ্ছে আল্লাহর সন্তুষ্টি অর্জন করা এবং ইহকাল ও পরকালে কল্যাণ অর্জন করার একমাত্র পথ।

মূলত: 'অছিলা' বলা হয় ঐ রাস্তাকে যে রাস্তা কোন কিছুর কাছে পৌছে দেয়। আর তা হচ্ছে 'আমলে সালেহ'। এটাই সমস্ত ওলামায়ে কেরামদের ঐক্যমত। কেননা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অনুসরণ করা ছাড়া কোন 'অছিলা' হতে পারে না।[৮৪০]

[৮৩৯] তাফসীরে ইবনে কাছির ৩য় খন্ড, ১০৩ পৃষ্ঠা; তাফসীরে তবারী ১০ম খন্ড, ২৯০ পৃষ্ঠা; তাফসীরে বাইযাবী ২য় খন্ড ২নং পৃষ্ঠা; উক্ত আয়াতের তাফসীর প্রসঙ্গে।
[৮৪০] 'তাফসীরে আদওয়াউল বয়ান' প্রথম খন্ড ৪২৭ নং পৃষ্ঠা, সুরা মায়েদার ৩৫ নং আয়াতের তাফসীর।

এখানে লক্ষ্যনীয় বিষয় যে, পীর-সূফীগণ আয়াতের শুধুমাত্র প্রথম অংশটুকুই পাঠ করে থাকেন। পূর্ণ আয়াত তারা পড়েন না। অথচ পূর্ণ আয়াত পড়লেই বিষয়টি পরিষ্কার হয়ে যেত। কেননা 'অছিলা'র পরেই বলা হয়েছে:

{وَجَاهِدُوا فِي سَبِيلِهِ لَعَلَّكُمْ تُفْلِحُونَ} [المائدة : ٣٥]

অর্থ: " ...আর তোমরা আল্লাহর রাস্তায় জিহাদ কর, যাতে তোমরা সফল হও।"[৮৪১]

এ আয়াতের মাধ্যমে জানিয়ে দেয়া হলো যে, আল্লাহর নৈকট্য অর্জনের একটি বড় 'অছিলা' হচ্ছে 'আল জিহাদ ফী সাবিলিল্লাহ'। কিন্তু অতিব দুঃখের বিষয় এই যে, পীর সাহেবগণ অতি কু-কৌশলে এই অংশটিকে এড়িয়ে যান।

দ্বিতীয় দলীল:

পীর সাহেবগণ তাদের পীর-মুরীদির ব্যবসা চালিয়ে যাওয়ার জন্য আরেকটি দলীল পেশ করে থাকেন। তা হলো নিম্নের আয়াতটি:

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ} [التوبة : ١١٩]

অর্থ: "হে মুমিনগণ, তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন কর এবং সত্যবাদীদের সাথে থাক।"[৮৪২]

পীর-সূফীগন এ আয়াতে বর্ণিত 'সত্যবাদী' বলতে তাদের পীর সাহেবদেরকে উদ্দেশ্য করে থাকেন। অথচ এটি একটি মনগড়া, বিভ্রান্তি কর এবং কুরআন বিকৃতি মূলক ব্যাখ্যা। কেননা আল্লাহ (সুব:) নিজেই 'সত্যবাদীদের' পরিচয় দিয়েছেন। ইরশাদ হচ্ছে:

{إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ} [الحجرات : ١٥]

[৮৪১] সুরা মায়েদাহ ৫:৩৫।
[৮৪২] সুরা তাওবা ৯:১১৯।

অর্থ: "মুমিন কেবল তারাই যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান এনেছে, তারপর সন্দেহ পোষণ করেনি। আর নিজদের সম্পদ ও নিজদের জীবন দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ করেছে। এরাই সত্যবাদী।"[৮৪৩]

এ আয়াতে আল্লাহ (সুব:)স্পষ্টভাবে 'সত্যবাদী'দের পরিচয় তুলে ধরেছেন। কিন্তু পীর সাহেবরা হয়তো আল্লাহ (সুব:)এর ব্যাখ্যার সাথে একমত না হয়ে বরং উল্টো আল্লাহ (সুব:)কে ব্যাখ্যা শিখাচ্ছেন। এ কারণেই আল্লাহ তায়ালা ঐ আয়াতের পরের আয়াতে বলেন:

{قُلْ أَتُعَلِّمُونَ اللَّهَ بِدِينِكُمْ وَاللَّهُ يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ} [الحجرات : ١٦]

অর্থ: "বল, 'তোমরা কি তোমাদের দ্বীন সম্পর্কে আল্লাহকে শিক্ষা দিচ্ছ? অথচ আল্লাহ জানেন যা কিছু আছে আসমানসমূহে এবং যা কিছু আছে যমীনে। আর আল্লাহ সকল কিছু সম্পর্কে সম্যক অবগত'।"[৮৪৪]

তৃতীয় দলীল:

{وَاتَّبِعْ سَبِيلَ مَنْ أَنَابَ إِلَيَّ} [لقمان : ١٥]

অর্থ: "আর অনুসরণ কর তার পথ, যে আমার অভিমুখী হয়।"[৮৪৫]

এ আয়াত দ্বারা তারা পীর-বুযুর্গদের তৈরী করা তরীকাকে উদ্দেশ্য করেছেন। অথচ এ আয়াত ওদের বিরূদ্ধে দলীল। কেননা আল্লাহ (সুব:)বলেছেন 'যে আমার অভিমুখি হয়'। সুতরাং যারা আল্লাহর অভিমুখি হবে তাদের রাস্তা একটাই হবে। আল্লাহ (সুব:)অন্য আয়াতে ইরশাদ করেছেন:

وَالَّذِينَ اجْتَنَبُوا الطَّاغُوتَ أَنْ يَعْبُدُوهَا وَأَنَابُوا إِلَى اللَّهِ لَهُمُ الْبُشْرَى فَبَشِّرْ عِبَاد.

অর্থ: "আর যারা তাগূতের ইবাদত পরিহার করে এবং আল্লাহ অভিমুখী হয় তাদের জন্য আছে সুসংবাদ; অতএব আমার বান্দাদেরকে সুসংবাদ দাও।"[৮৪৬]

[৮৪৩] সুরা হুজুরাত ৪৯:১৫।
[৮৪৪] সুরা হুজুরাত ৪৯:১৬।
[৮৪৫] সুরা লোকমান ৩১:১৫।
[৮৪৬] সুরা যুমার ৩৯:১৭।

এ আয়াতে আল্লাহ মুখি হওয়ার জন্য তাগুতের আনুগত্য পরিহার করাকে শর্ত করা হয়েছে। পীর-সূফীদের ধর্মে 'তাগুত'কে বর্জন করার কোন কর্মসূচিই নেই। অতএব যেই আল্লাহ মুখি লোকদের রাস্তায় চলতে বলা হয়েছে তাদের প্রথম কাজই হচ্ছে 'তাগুত'কে বর্জন করা।

৯. ভায়া-মাধ্যম

পীর-সূফীদের আক্বীদাহ হলো 'পীরদের ভায়া-মাধ্যম ছাড়া আল্লাহ (সুব:) কে পাওয়া যাবে না এবং পীর-ওলীদের মাধ্যম ছাড়া আল্লাহ (সুব:) পাপীদের দুআ' কবুল করেন না। যেমন: চরমোনাইয়ের পীর সাহেব বলেন, 'বান্দা অসংখ্য গুনাহ করার ফলে আল্লাহ পাক তাহাকে কবুল করিতে চান না। পীর সাহেব আল্লাহ পাকের দরবারে অনুনয়-বিনয় করিয়া ঐ বান্দার জন্য দোয়া করিবেন, যাহাতে তিনি কবুল করিয়া নেন। ঐ দোয়ার বরকতে আল্লাহ পাক তাহাকে কবুল করিয়া নেন।'[৮৪৭] তারা তাদের এই দাবীর স্বপক্ষে দলীল হিসাবে নিম্নের আয়াতটি পেশ করেন:

{وَلَوْ أَنَّهُمْ إِذْ ظَلَمُوا أَنْفُسَهُمْ جاءُوكَ فَاسْتَغْفَرُوا اللَّهَ وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُولُ لَوَجَدُوا اللَّهَ تَوَّابًا رَحِيمًا} [النساء : ٦٤]

অর্থ: "আর যদি তারা যখন নিজেদের প্রতি যুলম করেছিল তখন তোমার কাছে আসত অতঃপর আল্লাহর কাছে ক্ষমা চাইত এবং রাসূলও তাদের জন্য ক্ষমা চাইতেন তাহলে অবশ্যই তারা আল্লাহকে তাওবা কবূলকারী, দয়ালু পেত।"[৮৪৮]

তারা বলে এই তো ভায়া-মাধ্যম পাওয়া গেল। কেননা এই আয়াতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মাধ্যমে ইস্তিগফার করার কথা উল্লেখ রয়েছে।

[৮৪৭] 'ভেদে মা'রেফাত বা ইয়াদে খোদা' মাওলানা সৈয়দ মোহাম্মদ এসহাক রচিত, পৃষ্ঠা নং ৩৪।

[৮৪৮] সুরা নিসা ৪:৬৪।

উত্তর: এ আয়াতে মূলত: ভায়া মাধ্যমের কথা বলা হয় নি। বরং একদল মুনাফিকদের ব্যাপারে এ আয়াত অবতীর্ণ হয়। যারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বেয়াদবী করেছিল। তারা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বিচার ফয়সালার জন্য না গিয়ে তাগুতের কাছে বিচার নিয়ে যায়। তারা যেহেতু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে অন্যায় করেছে তাই আল্লাহ (সুব:) সরাসরি কবুল না করে তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে ক্ষমা চাওয়ার জন্য এবং তার পরে আল্লাহর (সুব:) কাছে ক্ষমা চাওয়ার পরামর্শ দিয়েছেন। বিষয়টি হাদীস ও তাফসীরের গ্রহণযোগ্য কিতাবে উল্লেখ রয়েছে। যেমন: 'তাফসীরে জামেউল বয়ান ফী তাবীলিল কুরআনে' উল্লেখ করা হয়েছে:

جَاؤُوْكَ"، يَا مُحَمَّدُ، حِيْنَ فَعَلُوْا مَا فَعَلُوْا مِنْ مَصِيْرِهِمْ إِلَـى الطَّـاغُوْتِ رَاضِـيْنَ بِحُكْمِه دُوْنَ حُكْمِكَ، جَاؤُوْكَ تَائِبِيْنَ مُنِيْبِيْنَ، فَسَأَلُوا اللهَ أَنْ يَصْفَحَ لَهُمْ عَنْ عُقُوْبَةِ ذَنْبِهِمْ بِتَغْطِيَتِه عَلَيْهِمْ، وَسَأَلَ لَهُمُ اللهُ رَسُوْلُهُ صَلَّىْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْـلَ ذَلِـكَ. وَذَلِكَ هُوَ مَعْنَىْ قَوْلِهِ:"فَاسْتَغْفَرُوا اللهَ وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُوْلُ".

অর্থ: 'তোমার কাছে আসতো' অর্থাৎ হে মুহাম্মদ! তারা তাগুতের বিচারকে পছন্দ করে আর আপনার বিচারকে অপছন্দ করে তাগুতের কাছে বিচার নিয়ে যে বড় অন্যায় করেছে তার থেকে তওবা করে যদি আল্লাহর শাস্তি থেকে বাঁচতে চায় আর এ জন্য তারা আপনার কাছে আসে এবং আপনি তাদের জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করেন তাহলে অবশ্যই তারা আল্লাহকে ক্ষমাশীল ও দয়ালুরূপে পাবেন। এটাই হচ্ছে 'আল্লাহর কাছে ক্ষমা চাইত এবং রাসূলও তাদের জন্য ক্ষমা চাইতেন' এর ব্যাখ্যা।"[৮৪৯]

তাফসীরে রাযীতে উল্লেখ করা হয়েছে:

[৮৪৯] তাফসীরে জামেউল বয়ান ফী তাবীলিল ৮ম খন্ড ৫১৭ পৃষ্ঠা সুরা নিসার ৬৪ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।

المراد به من تقدم ذكره من المنافقين ، يعني لو أنهم عندما ظلموا أنفسهم بالتحاكم إلى الطاغوت والفرار من التحاكم إلى الرسول جاؤا الرسول وأظهروا الندم على ما فعلوه وتابوا عنه واستغفروا منه واستغفر لهم الرسول...

অর্থ: "এ আয়াতের দ্বারা পূর্বে উল্লেখিত মুনাফিকদেরকে উদ্দেশ্য করা হয়েছে। যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বিচার চাওয়া থেকে পালিয়ে গিয়ে তাগুতের কাছে বিচার চায়। অতপর তারা লজ্জিত হয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে ক্ষমা চাইলে তাদের ব্যাপারে বলা হয়েছে 'আল্লাহর কাছে ক্ষমা চাইত এবং রাসূলও তাদের জন্য ক্ষমা চাইতেন....'। তারপরে ইমাম রাজি (র:) বলেন:

الثاني : قال أبو بكر الأصم : إن قوما من المنافقين اصطلحوا على كيد في حق الرسول صلى الله عليه وسلم ، ثم دخلوا عليه لأجل ذلك الغرض فأتاه جبريل عليه السلام فأخبره به ، فقال صلى الله عليه وسلم : إن قوما دخلوا يريدون أمراً لا ينالونه ، فليقوموا وليستغفروا الله حتى أستغفر لهم فلم يقوموا ، فقال : ألا تقومون ، فلم يفعلوا فقال صلى الله عليه وسلم : قم يا فلان قم يا فلان حتى عد أثني عشر رجلا منهم ، فقاموا وقالوا : كنا عزمنا على ما قلت ، ونحن نتوب إلى الله من ظلمنا أنفسنا فاستغفر لنا ، فقال : الآن اخرجوا أنا كنت في بدء الأمر أقرب إلى الاستغفار : وكان الله أقرب الى الاجابة اخرجوا عني .

অর্থ: "দ্বিতীয় আরেকটি কারণ হলো এই যে, একদল মুনাফিক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ব্যাপারে একটি গভীর ষড়যন্ত্র করেছিল। আর এই ষড়যন্ত্রটি বাস্তবায়ন করার জন্য তারা কিছু নীলনকশা তৈরী করেছিল। জিবরাইল (আ:) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তাদের এই ষড়যন্ত্র সম্পর্কে অবহিত করলেন এবং বললেন তারা আপনার কাছে এসে কিছু আভিনয় করবে এবং এমন কিছু কথা বলবে যা তারা বাস্তবে করবে না।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই লোকগুলো সম্পর্কে সাহাবায়ে কিরামদেরকে সতর্ক করে দিলেন এবং বললেন এরা এমন কিছু

কথা বলবে যা তারা বাস্তবে করবে না। তারা যদি আমার কাছে ক্ষমা চাইত এবং আমি তাদের জন্য আল্লাহর কাছে ক্ষমা চাইতাম তাহলে অবশ্যই আল্লাহ (সুব:) তাদেরকে ক্ষমা করে নিতেন। এই লোকগুলো সম্পর্কেই অবতীর্ণ হয় 'আল্লাহর কাছে ক্ষমা চাইত এবং রাসূলও তাদের জন্য ক্ষমা চাইতেন'।

এরপর এ বিষয়টিকে আরও স্পষ্ট করার জন্য প্রথমে প্রশ্ন করে তারপরে উত্তর দেওয়া হয়েছে। বলা হয়েছে:

المسألة الثانية : لقائل أن يقول : أليس لو استغفروا الله وتابوا على وجه صحيح لكانت توبتهم مقبولة ، فما الفائدة في ضم استغفار الرسول إلى استغفارهم؟

قلنا : الجواب عنه من وجوه : الأول : أن ذلك التحاكم إلى الطاغوت كان مخالفة لحكم الله ، وكان أيضاً إساءة إلى الرسول عليه الصلاة والسلام وإدخالا للغم في قلبه ، ومن كان ذنبه كذلك وجب عليه الاعتذار عن ذلك الذنب لغيره ، فلهذا المعنى وجب عليهم أن يطلبوا من الرسول أن يستغفر لهم . الثاني : أن القوم لما لم يرضوا بحكم الرسول ظهر منهم ذلك التمرد ، فاذا تابوا وجب عليهم أن يفعلوا ما يزيل عنهم ذلك التمرد ، وما ذاك إلا بأن يذهبوا إلى الرسول صلى الله عليه وسلم ويطلبوا منه الاستغفار . الثالث : لعلهم إذا أتوا بالتوبة أتوا بها على وجه الخلل ، فاذا انضم اليها استغفار الرسول صارت مستحقة للقبول والله أعلم .

অর্থ: "প্রশ্ন: এ আয়াতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে কেন ক্ষমা চাইতে বলা হলো? তারা যদি সরাসরি আল্লাহর কাছে আন্তরিকভাবে ক্ষমা চাইতো তাহলেই তো আল্লাহ তায়ালা ক্ষমা করে দিতে পারতেন? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে যেতে বললেন কেন? এই প্রশ্নের কয়েকটি জবাব হতে পারে।

প্রথমত: আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বিচারের জন্য না গিয়ে তাগুতের কাছে বিচার নিয়ে যাওয়ায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বেয়াদবী করা হয়েছে এবং

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মনে কষ্ট দেয়া হয়েছে। আর এ জাতীয় অন্যায়ের জন্য যার সাথে অন্যায় করে তার কাছে ক্ষমা চাওয়াটা অবশ্যই জরুরী। তাই আল্লাহ (সুব:) তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে ক্ষমা চাওয়ার কথা বলেছেন।

দ্বিতীয়ত: ঐ লোকগুলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বিচারের জন্য না গিয়ে তাগুতের কাছে বিচার নিয়ে যাওয়ায় মাধ্যমে হঠকারিতা ও দাম্ভিকতা প্রকাশ করেছে সুতরাং তাদের এই দাম্ভিকতা ও হঠকারিতা থেকে মুক্ত হওয়া তওবার জন্য পূর্ব শর্ত। এই জন্য আল্লাহ (সুব:) বলেছেন: "আর যদি তারা যখন নিজেদের প্রতি যুলম করেছিল তখন তোমার কাছে আসত অতঃপর আল্লাহর কাছে ক্ষমা চাইত এবং রাসূলও তাদের জন্য ক্ষমা চাইতেন তাহলে অবশ্যই তারা আল্লাহকে তাওবা কবূলকারী, দয়ালু পেত.....।"[৮৫০]

প্রশ্ন: আল্লাহ (সুব:) গুনাহগার ও পাপীদেরকে তওবা-ইস্তেগফারের মাধ্যমে কোন প্রকার ভায়া-মাধ্যম ছাড়া সরাসরি ক্ষমা করেন তার কোন দলীল প্রমাণ আছে কি?

উত্তর: হ্যা! অবশ্যই আছে। আল্লাহ (সুব:)বলেন:

{وَمَنْ يَعْمَلْ سُوءًا أَوْ يَظْلِمْ نَفْسَهُ ثُمَّ يَسْتَغْفِرِ اللَّهَ يَجِدِ اللَّهَ غَفُورًا رَحِيمًا}

অর্থ: "আর যে ব্যক্তি মন্দ কাজ করবে কিংবা নিজের প্রতি যুলম করবে তারপর আল্লাহর কাছে ক্ষমা চাইবে, সে আল্লাহকে পাবে ক্ষমাশীল, পরম দয়ালু।"[৮৫১]

এ আয়াতে সরাসরি আল্লাহর কাছে ক্ষমা চাওয়ার কথা বলা হয়েছে। কোন ভায়া-মাধ্যমের কথা উল্লেখ করা হয় নি। পবিত্র কুরআনে এরকম অসংখ্য আয়াত রয়েছে যেখানে আল্লাহ (সুব:) সরাসরি ক্ষমার কথা ঘোষণা করেছেন। কয়েকটি আয়াত নিম্নে পেশ করা হলো। আল্লাহ (সুব:) বলেন:

[৮৫০] তাফসীরে রাযি সুরা নিসার ৬৪ নং আয়াতের তাফসীরে দ্রষ্টব্য।

[৮৫১] সুরা নিসা ৪:১১০।

{قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَى أَنْفُسِهِمْ لَا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللَّهِ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ} [الزمر : ٥٣]

অর্থ: "বল, 'হে আমার বান্দাগণ, যারা নিজেদের উপর বাড়াবাড়ি করেছ তোমরা আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ো না। অবশ্যই আল্লাহ সকল পাপ ক্ষমা করে দেবেন। নিশ্চয় তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।"[৮৫২]

এই আয়াতে আল্লাহ (সুব:) পরিষ্কার জানিয়ে দিলেন, যারা পাপ করতে করতে সীমা লঙ্ঘন করে ফেলেছে আল্লাহ (সুব:) তাদেরও ক্ষমা করে দিবেন। অনেক সময় বান্দা অন্যায় করে আল্লাহর কাছে ক্ষমা চাইতেও ভয় পায় যেমনিভাবে কোন সন্তান তার বাবার সাথে অন্যায় করার পর বাবার কাছে যেতে ভয় পায় তখন বাবা তাকে অভয় দেন, 'এসো! আব্বুর কাছে এসো! আমি তোমাকে আদর করবো, তোমাকে শাস্তি দিব না।' ঠিক তেমনিভাবে আল্লাহ (সুব:) পাপী-গুনাহগার বান্দাদেরকে অভয় দিতে গিয়ে বলেছেন:

{وَقَالَ رَبُّكُمُ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ} [غافر : ٦٠]

অর্থ: "আর তোমাদের রব বলেছেন, 'তোমরা আমাকে ডাক, আমি তোমাদের জন্য সাড়া দেব।"[৮৫৩] এখানেও কোন ভায়া-মাধ্যমের কথা বলা হয়নি। অনেক সময় পাপীলোকেরা মনে করে আমি এত বড় পাপী আমাকে আল্লাহ (সুব:) ক্ষমা করবেন না। নিশ্চয় কোন ভায়া মাধ্যমে আল্লাহর কাছে বললে আল্লাহ (সুব:) ক্ষমা করে দিবেন। সে জন্য আল্লাহ (সুব:) নিম্নের আয়াতটির মাধ্যমে অভয় দিয়ে ঘোষণা করলেন:

{نَبِّئْ عِبَادِي أَنِّي أَنَا الْغَفُورُ الرَّحِيمُ} [الحجر : ٤٩]

অর্থ: "আমার বান্দাদের জানিয়ে দাও যে, আমি নিশ্চয় ক্ষমাশীল, পরম দয়ালু।"[৮৫৪] অর্থাৎ যতবড় অন্যায়কারী ও পাপী হোক না কেন যদি খালেস দিলে তওবা করে তাহলে অবশ্যই আমাকে দয়াশীল ও ক্ষমাকারী পাবে।

[৮৫২] সুরা যুমার ৩৯:৫৩।

[৮৫৩] সুরা গাফের ৪০:৬০।

[৮৫৪] সুরা হিজর ১৫:৪৯।

একটি গুরুত্বপূর্ণ ত্বাত্তিক আলোচনা

পবিত্র কুরআনে বহু জায়গায় আল্লাহ (সুবঃ) বলেছেন যে, হে নবী! আপনাকে লোকেরা অমুক বিষয়ে জিজ্ঞাসা করবে, তখন আপনি এই উত্তর দিবেন। অর্থাৎ উত্তরটা আপনার মাধ্যমে যাবে। কিন্তু এক জায়গায় এর ব্যতিক্রম হয়েছে। সেটি কোনটি? তাহলে দেখুন:

{يَسْأَلُونَكَ عَنِ الْأَهِلَّةِ قُلْ هِيَ مَوَاقِيتُ لِلنَّاسِ وَالْحَجِّ } [البقرة : ١٨٩]

অর্থ: "তারা আপনাকে নতুন চাঁদসমূহ সম্পর্কে প্রশ্ন করে। আপনি বলুন, 'তা মানুষের ও হজ্জের জন্য সময় নির্ধারক।"[৮৫৫]

{يَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ قُلْ مَا أَنْفَقْتُمْ مِنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ وَالْيَتَامَى وَالْمَسَاكِينِ وَابْنِ السَّبِيلِ} [البقرة : ٢١٥]

অর্থ: "তারা আপনাকে জিজ্ঞাসা করে, তারা কী ব্যয় করবে? আপনি বলুন, 'তোমরা যে সম্পদ ব্যয় করবে, তা পিতা-মাতা, আত্মীয়, ইয়াতীম, মিসকীন ও মুসাফিরদের জন্য।"[৮৫৬]

{يَسْأَلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيهِ قُلْ قِتَالٌ فِيهِ كَبِيرٌ وَصَدٌّ عَنْ سَبِيلِ اللَّهِ وَكُفْرٌ بِهِ وَالْمَسْجِدِ الْحَرَامِ } [البقرة : ٢١٧]

অর্থ: "তারা আপনাকে হারাম মাস সম্পর্কে, তাতে যুদ্ধ করা বিষয়ে জিজ্ঞাসা করে। আপনি বলুন, 'তাতে যুদ্ধ করা বড় পাপ; কিন্তু আল্লাহর পথে বাঁধা প্রদান, তাঁর সাথে কুফরী করা, মসজিদুল হারাম থেকে বাঁধা দেয়া।"[৮৫৭]

{ يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَإِثْمُهُمَا أَكْبَرُ مِنْ نَفْعِهِمَا} [البقرة : ٢١٩]

অর্থ: "তারা আপনাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে। আপনি বলুন, এ দু'টোয় রয়েছে বড় পাপ ও মানুষের জন্য উপকার। আর তার পাপ তার উপকারিতার চেয়ে অধিক বড়।"[৮৫৮]

---

[৮৫৫] সুরা বাকারা ২:১৮৯।
[৮৫৬] সুরা বাকারা ২:২১৫।
[৮৫৭] সুরা বাকারা ২:২১৭।
[৮৫৮] সুরা বাকার ২:২১৯।

{وَيَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ قُلِ الْعَفْوَ} [البقرة : ٢١٩]

অর্থ: "তারা আপনাকে জিজ্ঞাসা করে, তারা কী ব্যয় করবে। আপনি বলুন, 'যা প্রয়োজনের অতিরিক্ত।"[৮৫৯]

{يَسْأَلُونَكَ مَاذَا أُحِلَّ لَهُمْ قُلْ أُحِلَّ لَكُمُ الطَّيِّبَاتُ} [المائدة : ٤]

অর্থ: "তারা আপনাকে প্রশ্ন করে, তাদের জন্য কী বৈধ করা হয়েছে? আপনি বলুন, 'তোমাদের জন্য বৈধ করা হয়েছে সব ভাল বস্তু।"[৮৬০]

{ يَسْأَلُونَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مُرْسَاهَا قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ رَبِّي}

অর্থ: "তারা আপনাকে কিয়ামত সম্পর্কে প্রশ্ন করে, 'তা কখন ঘটবে'? আপনি বলুন, 'এর জ্ঞান তো রয়েছে আমার রবের নিকট।"[৮৬১]

{يَسْأَلُونَكَ عَنِ الْأَنْفَالِ قُلِ الْأَنْفَالُ لِلَّهِ وَالرَّسُولِ} [الأنفال : ١]

অর্থ: "লোকেরা আপনাকে গনীমতের মাল সম্পর্কে জিজ্ঞাসা করে; আপনি বলুন, গনীমতের মাল আল্লাহ ও রাসূলের জন্য।"[৮৬২]

{وَيَسْأَلُونَكَ عَنِ الْيَتَامَى قُلْ إِصْلَاحٌ لَهُمْ خَيْرٌ } [البقرة : ٢٢٠]

অর্থ: "আর তারা আপনাকে জিজ্ঞাসা করে ইয়াতীমদের সম্পর্কে। আপনি বলুন, সংশোধন করা তাদের জন্য উত্তম।"[৮৬৩]

{ وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ قُلْ هُوَ أَذًى فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ}

অর্থ: "আর তারা আপনাকে ঋতুস্রাব সম্পর্কে প্রশ্ন করে। আপনি বলুন, তা অপবিত্র। সুতরাং তোমরা ঋতুস্রাবকালে স্ত্রীদের থেকে দূরে থাক।"[৮৬৪]

{ وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي} [الإسراء : ٨٥]

অর্থ: "আর তারা আপনাকে রূহ সম্পর্কে প্রশ্ন করে। আপনি বলুন, 'রূহ আমার রবের আদেশ থেকে।"[৮৬৫]

{وَيَسْأَلُونَكَ عَنْ ذِي الْقَرْنَيْنِ قُلْ سَأَتْلُو عَلَيْكُمْ مِنْهُ ذِكْرًا} [الكهف : ٨٣]

---

[৮৫৯] সুরা বাকারা ২:২১৯।
[৮৬০] সুরা মায়েদা ৫:৪।
[৮৬১] সুরা আরাফ ৭:১৮৭।
[৮৬২] সুরা আনফাল ৮:১।
[৮৬৩] সুরা বাকারা ২:২২০।
[৮৬৪] সুরা বাকারা ২:২২২।
[৮৬৫] সুরা ইসরা ১৭:৮৫।

অর্থ: আর তারা আপনাকে যুলকারনাইন সম্পর্কে জিজ্ঞাসা করছে। আপনি বলুন, 'আমি এখন তার সম্পর্কে তোমাদের নিকট বর্ণনা দিচ্ছি'।[৮৬৬]

{وَيَسْأَلُونَكَ عَنِ الْجِبَالِ فَقُلْ يَنْسِفُهَا رَبِّي نَسْفًا} [طه : ١٠٥]

অর্থ: "আর তারা আপনাকে পাহাড় সম্পর্কে জিজ্ঞাসা করে। আপনি বলুন, 'আমার রব এগুলোকে সমূলে উৎপাটন করে বিক্ষিপ্ত করে দিবেন'।"[৮৬৭]

{وَيَسْتَفْتُونَكَ فِي النِّسَاءِ قُلِ اللَّهُ يُفْتِيكُمْ فِيهِنَّ} [النساء : ١٢٧]

অর্থ: "তারা আপনার কাছে নারীদের ব্যাপারে সমাধান চায়। আপনি বলুন, আল্লাহ তাদের ব্যাপারে তোমাদেরকে সমাধান দিচ্ছেন[৮৬৮]

{يَسْتَفْتُونَكَ قُلِ اللَّهُ يُفْتِيكُمْ فِي الْكَلَالَةِ} [النساء : ١٧٦]

অর্থ: "তারা আপনার কাছে সমাধান চায়। আপনি বলুন, 'আল্লাহ তোমাদেরকে সমাধান দিচ্ছেন 'কালালা'[৮৬৯] সম্পর্কে'।[৮৭০]

এই আয়াতগুলোতে সব জায়গায় দেখা গেল, হে নবী! তোমাকে লোকের জিজ্ঞাসা করবে আর তুমি এই উত্তর দিবে। কিন্তু এক জায়গায় শুধু মাত্র এর ব্যতিক্রম ঘটেছে। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{ وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيبٌ أُجِيبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ فَلْيَسْتَجِيبُوا لِي وَلْيُؤْمِنُوا بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ } [البقرة : ١٨٦]

আর যখন আমার বান্দাগণ আপনাকে আমার সম্পর্কে জিজ্ঞাসা করবে, আমি তো নিশ্চয় নিকটবর্তী। আমি আহ্বানকারীর ডাকে সাড়া দেই, যখন সে আমাকে ডাকে। সুতরাং তারা যেন আমার ডাকে সাড়া দেয় এবং আমার প্রতি ঈমান আনে। আশা করা যায় তারা সঠিক পথে চলবে।[৮৭১]

এ আয়াতে দেখা গেল আল্লাহ (সুব:) বললেন, যখন বান্দাগণ তোমাকে আমার সম্পর্কে জিজ্ঞাসা করবে। এরপরে পূর্বের বর্ণনার পদ্ধতি অনুযায়ী বলা দরকার ছিল 'তুমি বল'। কিন্তু আল্লাহ (সুব:) এখানে আর তা বলেন

[৮৬৬] সুরা কাহাফ ১৮:৮৩।
[৮৬৭] সুরা তাহা ২০:১০৫।
[৮৬৮] সুরা নিসা ৪:১২৭।
[৮৬৯] 'পিতা মাতাহীন নিঃসন্তানকে 'কালালা' বলা হয়।
[৮৭০] সুরা নিসা ৪:১৭৬।
[৮৭১] সুরা বাকারা ২:১৮৬।

নি। বরং আল্লাহ (সুব:) বললেন, আমি তো কাছেই। তার মানে হচ্ছে, বিষয়টা যদি আল্লাহ (সুব:) ও তার বান্দার প্রসঙ্গ হয় তাহলে আপনিও ভায়া মাধ্যম থাকবেন না। এজন্যই আল্লাহ (সুব:) 'কুল' তুমি বল! শব্দটি উল্লেখ করেন নি। প্রশ্ন হতে পারে আল্লাহ তুমি কত কাছে? তুমি কি আমার ডাক সরাসরি শুনতে পাও? তার উত্তরে পবিত্র কুরআনের আরেকটি আয়াতে আল্লাহ (সুব:) বলেন:

{وَلَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ وَنَعْلَمُ مَا تُوَسْوِسُ بِهِ نَفْسُهُ وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ} [ق : ١٦]

অর্থ: "আর অবশ্যই আমি মানুষকে সৃষ্টি করেছি এবং তার প্রবৃত্তি তাকে যে কুমন্ত্রণা দেয় তাও আমি জানি। আর আমি তার গলার ধমনী হতেও অধিক কাছে।"[৮৭২]

সুতরাং বুঝা গেল আল্লাহর কাছে ক্ষমা পাওয়ার জন্য সরাসরি আল্লাহর কাছেই ক্ষমা চাইতে হবে। কোন প্রকার ভায়া-মাধ্যম গ্রহণ করা যাবে না। এই ভায়া-মাধ্যম গ্রহণ করার জন্যই মক্কার কাফেরগণ কাফের ও মুশরিক হয়েছিল। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{وَالَّذِينَ اتَّخَذُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ مَا نَعْبُدُهُمْ إِلَّا لِيُقَرِّبُونَا إِلَى اللَّهِ زُلْفَى}

অর্থ: "আর যারা আল্লাহ ছাড়া অন্যদেরকে অভিভাবক হিসেবে গ্রহণ করে তারা বলে, 'আমরা কেবল এজন্যই তাদের 'ইবাদাত করি যে, তারা আমাদেরকে আল্লাহর নিকটবর্তী করে দেবে।"[৮৭৩]

অপর আয়াতে বর্ণিত হয়েছে:

وَيَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَقُولُونَ هَؤُلَاءِ شُفَعَاؤُنَا عِنْدَ اللَّهِ

অর্থ: "আর তারা আল্লাহ ছাড়া এমন কিছুর ইবাদত করছে, যা তাদের ক্ষতি করতে পারে না এবং উপকারও করতে পারে না। আর তারা বলে, 'এরা আল্লাহর নিকট আমাদের সুপারিশকারী'।"[৮৭৪]

[৮৭২] সুরা ক্বাফ ৫০:১৬।
[৮৭৩] সুরা যুমার ৩৯:৩।
[৮৭৪] সুরা ইউনুস ১০:১৮।

আয়াতের পরবর্তী অংশে আল্লাহ (সুব:) একটি চমৎকার উত্তর দিয়েছেন। ইরশাদ হচ্ছে:

قُلْ أَتُنَبِّئُونَ اللَّهَ بِمَا لَا يَعْلَمُ فِي السَّمَاوَاتِ وَلَا فِي الْأَرْضِ سُبْحَانَهُ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ} [يونس : ١٨]

অর্থ: বল, 'তোমরা কি আল্লাহকে আসমানসমূহ ও যমীনে থাকা এমন বিষয়ে সংবাদ দিচ্ছ যা তিনি অবগত নন'? তিনি পবিত্র মহান এবং তারা যা শরীক করে, তা থেকে তিনি অনেক ঊর্ধ্বে।"[৮৭৫]

আল্লাহ (সুব:) এখানে পরিষ্কার জানিয়ে দিলেন যে, তারা আল্লাহকে শিখাচ্ছে। অথচ আল্লাহ (সুব:) সরাসরি তার ইবাদত করার জন্য এবং তার কাছেই সাহায্য কামনা করার জন্য শিক্ষা দিয়েছেন। ইরশাদ হচ্ছে:

{إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ} [الفاتحة : ٥]

অর্থ: "আমরা কেবলমাত্র তোমারই ইবাদত করি এবং তোমারই সাহায্য চাই।"[৮৭৬]

এখানে কোন ভায়া-মাধ্যম নেই। এমনি ভাবে হজ্জ করতে গেলেও ইহরাম বেধেঁ নিয়ত করার পরে 'তালবিয়া' পাঠ করতে হয়। সেখানেও 'লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক' বলে সরাসরি আল্লাহকে ডাকা হয়। কোন ভায়া-মাধ্যম নেই।

আল্লাহকে জজের সাথে তুলনা

প্রশ্ন: পীর-সূফীগণ সাধারণ মুসলিমদেরকে বিভ্রান্ত করতে গিয়ে বলে থাকেন, 'দুনিয়াতে জজের কাছে কিছু বলতে হলে উকিল ধরতে হয়। এমনিভাবে মন্ত্রি-এমপিদের কাছে পৌঁছতে হলেও ভায়া-মাধ্যম ধরতে হয় ঠিক তেমনি ভাবে আল্লাহ (সুব:) পর্যন্ত পৌঁছতে হলেও ভায়া-মাধ্যম লাগবে।' এ কথার জবাব কি?

উত্তর: প্রথমত: এ জাতীয় কথা-বার্তা আল্লাহর (সুব:) সাথে চরম বেয়াদবী। কেননা এখানে আল্লাহকে (সুব:) একজন সাধারণ জজের সাথে

[৮৭৫] সুরা ইউনুস ১০:১৮।
[৮৭৬] সুরা ফাতেহা ১:৪।

তুলনা করা হয়েছে। যে জজ মানুষের গোপন কিছু জানে না। আর জানলেও তার উপর ভিত্তি করে বিচার করতে পারে না। বরং সাক্ষী-প্রমাণের মাধ্যমে যেটা প্রমাণিত হবে সে পক্ষে রায় দিতে বাধ্য। দুনিয়ার জজ শাসক ও জনগণের কাছে জবাবদিহি করতে বাধ্য। তাছাড়া এখানে সিস্টেমই হলো উকিল ধরতে হবে। পক্ষান্তরে আল্লাহ (সুব:) হচ্ছেন আলেমূল গায়েব। তিনি নিজের জ্ঞান অনুযায়ী বিচার করতে পারেন। তিনি আহকামূল হাকিমীন।

ইরশাদ হচ্ছে:

{أَلَيْسَ اللَّهُ بِأَحْكَمِ الْحَاكِمِينَ} [التين : ٨]

অর্থ: "আল্লাহ কি বিচারকদের শ্রেষ্ঠ বিচারক নন?"[৮৭৭]

তিনি কারো কাছে জবাবদিহি করতে বাধ্য নন। ইরশাদ হচ্ছে:

{ لَا يُسْأَلُ عَمَّا يَفْعَلُ وَهُمْ يُسْأَلُونَ} [الأنبياء : ٢٣]

অর্থ: "তিনি যা করেন সে ব্যাপারে তাকে প্রশ্ন করা যাবে না; বরং তাদেরকেই প্রশ্ন করা হবে।"[৮৭৮]

তাছাড়া আল্লাহর সিস্টেমই হলো কোন প্রকার উকিল ও ভায়া-মাধ্যম ছাড়া সরাসরি আল্লাহর (সুব:) কাছে প্রার্থনা করা। বরং কেউ যদি আল্লাহর (সুব:) কাছে সুপারিশ করতে চায় তাহলেও তাকে আল্লাহর পক্ষ থেকে পূর্ব অনুমতি নেওয়া জরুরী। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِهِ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَلَا يَئُودُهُ حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ} [البقرة : ٢٥٥]

অর্থ: "কে সে, যে তাঁর নিকট সুপারিশ করবে তাঁর অনুমতি ছাড়া? তিনি জানেন যা আছে তাদের সামনে এবং যা আছে তাদের পেছনে। আর তারা তাঁর জ্ঞানের সামান্য পরিমাণও আয়ত্ব করতে পারে না, তবে তিনি যা চান তা ছাড়া। তাঁর কুরসী আসমানসমূহ ও যমীন পরিব্যাপ্ত করে আছে এবং এ দু'টোর সংরক্ষণ তাঁর জন্য বোঝা হয় না। আর তিনি সুউচ্চ, মহান।"[৮৭৯]

[৮৭৭] সুরা তীন ৯৫:৮।
[৮৭৮] সুরা আম্বিয়া ২১:২৩।
[৮৭৯] সুরা বাকারা ২:২৫৫।

সুতরাং এমতাবস্থায় আল্লাহকে (সুব:) দুনিয়ার সামান্য একজন জজের সাথে তুলনা করা আল্লাহর সাথে চরম বেয়াদবী ও ধৃষ্টতা প্রদর্শণ করা ছাড়া আর কিছুই না। এ জাতীয় লোকদের সম্পর্কে আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে ইরশাদ করেন:

{مَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ} [الحج : ٧٤]

অর্থ: "তারা আল্লাহকে যথাযথ মর্যাদা দেয় না। নিশ্চয় আল্লাহ মহাক্ষমতাবান, মহাপরাক্রমশালী।"[৮৮০]

তাই কোন প্রকার মনগড়া যুক্তি-তর্কের অনুসরণ না করে সরাসরি কুরআন ও সুন্নাহর অনুসরণ করুন।

১০. তাওয়াজ্জুহ ও ফয়েজ দেওয়ার আক্বীদাহ

পীর-সূফীদের আক্বীদাহ হলো যদি পীর সাহেব কারো অন্তরের প্রতি তাওয়াজ্জুহ দেন তাহলে সে কামেল ওলী হয়ে যায়। যেমন: চরমোনাইয়ের পীর সাহেব বলেন: "হুজুর নানাভাইকে এমন ফয়েজ দিলেন, যাহার ফলে নানাভাইয়ের জাহিরী ছুরাতও পরিবর্তণ হইয়া ইমাম বাকী বিল্লাহর (র:) ছুরাত হইয়া গিয়াছে। কে ইমাম আর কে নানাভাই, চেহারার দ্বারা কেহই ঠিক করিতে পারিল না। ইহাকে ফয়েজে ইত্তেহাদী বলা হয়। একই সঙ্গে এত নূরের চাপ সহ্য করিতে না পারিয়া নানাভাই দুই এক দিন পরে এন্তেকাল করেন।"[৮৮১]

এ প্রসঙ্গে আরেক পীর এনায়েতপূরী বলেন, 'তাওয়াজ্জুহে এত্তেহাদীর শক্তিই সর্বাপেক্ষা অধিক। যে সে পীরে এ তাওয়াজ্জুহ দিতে পারে না। যাহাকে আল্লাহ এত্তেহাদী তাওয়াজ্জুহ দানের ক্ষমতা দিয়েছেন, তিনি যদি ঐ তাওয়াজ্জুহ কাহাকেও দান করেন, তবে প্রবল অগ্নির ন্যায় মুহুর্তের মধ্যে তাহার দেলের যাবতীয় ময়লা জ্বালাইয়া দিয়া তাহার দেল পাক ও

[৮৮০] সুরা হজ্জ ২২:৭৪।

[৮৮১] 'ভেদে মারেফাত বা ইয়াদে খোদা' মাওলানা সৈয়দ মোহাম্মদ এছহাক সাহেব রচিত, পৃষ্ঠা নং ৪৫।

ছাফ করিয়া দেন। তখন লতীফা আল্লাহ আল্লাহ নামে হেলিতে (নড়া চড়া করিতে) থাকে।"[৮৮২]

কুতুববাগ দরবার থেকে প্রকাশিত 'সংক্ষিপ্ত অজিফা' নামক বইয়ে লিখা হয়েছে:-

"পীরের দিলে দিল মিশাইলে, মুর্দা দিলও জিন্দা হয়
অকূলও দরিয়ার মাঝে ডুবা তরী ভেসে যায়
আপনা দিল কর সাদা, কেনো ভাবো জুদা জুদা
যথায় মোর্শেদ তথায় খোদা, ঐ নামেতে ডুবে রও"[৮৮৩]

ভারত বর্ষের প্রখ্যাত পীর ও মুর্শিদ 'হাকীমুল উম্মত আশরাফ আলী থানবী' সাহেবের বিশিষ্ট খলীফা হলো আবরারূল হক সাহেব। তাঁর বিশিষ্ট খলীফা হচ্ছে হাকীম আখতার সাহেব। তিনি বলেন, কোন কোন লোকের দৃষ্টিতে আল্লাহ তা'আলা পরশ পাথরের বৈশিষ্ট্য রাখিয়াছেন যে, ঐ দৃষ্টির বরকতের কল্যানে বদকার নেককার হয় এবং দুষ্ট শ্রেষ্ঠ হইয়া যায়। আকবর এলাহবাদী এই বিষয়টি খুব সুন্দররূপে বলিয়াছেন–

نہ کتابوں سے نہ وعظوں سے نہ زر سے پیدا
دین ہوتاہے بزرگوں کی نظر سے پیدا

অর্থ: 'কিতাবপত্র, ওয়ায-নছীহত এবং টাকা-পয়সার দ্বারা নয় # বুযুর্গ লোকদের দৃষ্টির কল্যানে দ্বীন পয়দা হয়।"[৮৮৪]

খন্ডন

পূর্বের আলোচনায় বুঝা গেল পীর-সূফীগণ কারো প্রতি তাওয়াজ্জুহ বা অন্তর দৃষ্টি নিক্ষেপ করলে সে আল্লাহ ওয়ালা হয়ে যায়। অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় চাচা আবু তালেবকে শত চেষ্টা করেও হেদায়াত করতে পারলেন না। বরং সে বেইমান অবস্থায় মারা গেল।

[৮৮২] গাঞ্জে আছরার বা মা'রেফাত তত্ত্ব, খাজাবাবা এনায়েতপুরী এর অনুমোদনে মো: মকিম উদ্দীন প্রণীত, প্রকাশক পীরজাদা মৌ: খাজা কামাল উদ্দিন (নূহ মিয়া) ১০ সংস্করণ, পৃষ্ঠা নং ৭৯।

[৮৮৩] 'সংক্ষিপ্ত অজিফা' কুতুববাগ দরবার হতে প্রকাশিত, পৃষ্ঠা নং ২৩।

[৮৮৪] 'বাংলা মা'আরেফে মাছনবী' কুতুব খানায়ে রশিদিয়া প্রকাশিত, পৃষ্ঠা নং: ৩০।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পরও দুআ' করতে থাকলেন এবং বললেন আমাকে যতক্ষণ পর্যন্ত আল্লাহর তরফ থেকে নিষেধ না করা হবে ততক্ষণ পর্যন্ত দুআ' করতেই থাকবো। তারপরেই পবিত্র কুরআনের নিম্নোক্ত আয়াতটি নাজিল হলো:

{إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلَكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ.

অর্থ: "নিশ্চয় তুমি যাকে ভালবাস তাকে তুমি হিদায়াত দিতে পারবে না; বরং আল্লাহই যাকে ইচ্ছা হিদায়াত দেন। আর হিদায়াতপ্রাপ্তদের ব্যাপারে তিনি ভাল জানেন।"[৮৮৫]

এমনকি তার জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দুআ' করতেও নিষেধ করে দেয়া হলো। ইরশাদ হচ্ছে:

{مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيمِ } [التوبة : ١١٣]

অর্থ: "নবী ও মুমিনদের জন্য উচিত নয় যে, তারা মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করবে। যদিও তারা আত্মীয় হয়। তাদের নিকট এটা স্পষ্ট হয়ে যাওয়ার পর যে, নিশ্চয় তারা প্রজ্বলিত আগুনের অধিবাসী।"[৮৮৬]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কার বিশিষ্ট ব্যক্তিদেরকে যখন হেদায়াত করার চেষ্টা করছিলেন এবং তাদের নিয়ে বিশেষ বৈঠকের আয়োজন করেছিলেন এমতাবস্থায় একজন অন্ধ সাহাবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলে তাকে সরিয়ে দেওয়া হলো। কিন্তু আল্লাহ (সুব:) এটাকে পছন্দ করলেন না। বরং ওহী নাজিল করে সেটাকে ভন্ডুল করে দিলেন। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

عَبَسَ وَتَوَلَّى (١) أَنْ جَاءَهُ الْأَعْمَى (٢) وَمَا يُدْرِيكَ لَعَلَّهُ يَزَّكَّى (٣) أَوْ يَذَّكَّرُ فَتَنْفَعَهُ الذِّكْرَى (٤) أَمَّا مَنِ اسْتَغْنَى (٥) فَأَنْتَ لَهُ تَصَدَّى (٦) وَمَا عَلَيْكَ أَلَّا يَزَّكَّى (٧) وَأَمَّا مَنْ جَاءَكَ يَسْعَى (٨) وَهُوَ يَخْشَى (٩) فَأَنْتَ عَنْهُ تَلَهَّى (١٠)}

[৮৮৫] সুরা কাসাস ২৮:৫৬।
[৮৮৬] সুরা তাওবা ৯:১১৩।

অর্থ: "সে (মুহাম্মদ সা.) ভ্রকুঞ্চিত করল এবং মুখ ফিরিয়ে নিল। কারণ তার কাছে অন্ধ লোকটি আগমন করেছিল। আর কিসে তোমাকে জানাবে যে, সে (অন্ধ লোকটি) হয়ত পরিশুদ্ধ হত। অথবা উপদেশ গ্রহণ করত, ফলে সে উপদেশ তার উপকারে আসত। আর যে বেপরোয়া হয়েছে, তুমি তার প্রতি মনোযোগ দিচ্ছ। অথচ সে পরিশুদ্ধ না হলে তোমার কোন দায়িত্ব বর্তাবে না পক্ষান্তরে যে তোমার কাছে ছুটে আসল, আর সে ভয়ও করে, অথচ তুমি তার প্রতি উদাসীন হলে।"[৮৮৭]

এভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহ (সুব:) সতর্ক করে দিলেন। তাছাড়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও তার পরিবার এবং তার সকল উম্মতকে সাবধান করেছেন যে আমি তোমাদের কোন উপকার বা ক্ষতি করার মালিক নই। পবিত্র হাদীসে বর্ণিত হয়েছে:

عَنْ أَبِى هُرَيْرَةَ قَالَ لَمَّا أُنْزِلَتْ هَذِهِ الآيَةُ (وَأَنْذِرْ عَشِيرَتَكَ الأَقْرَبِينَ) دَعَا رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- قُرَيْشًا فَاجْتَمَعُوا فَعَمَّ وَخَصَّ فَقَالَ « يَا بَنِى كَعْبِ بْنِ لُؤَىٍّ أَنْقِذُوا أَنْفُسَكُمْ مِنَ النَّارِ يَا بَنِى مُرَّةَ بْنِ كَعْبٍ أَنْقِذُوا أَنْفُسَكُمْ مِنَ النَّارِ يَا بَنِى عَبْدِ شَمْسٍ أَنْقِذُوا أَنْفُسَكُمْ مِنَ النَّارِ يَا بَنِى عَبْدِ مَنَافٍ أَنْقِذُوا أَنْفُسَكُمْ مِنَ النَّارِ يَا بَنِى هَاشِمٍ أَنْقِذُوا أَنْفُسَكُمْ مِنَ النَّارِ يَا بَنِى عَبْدِ الْمُطَّلِبِ أَنْقِذُوا أَنْفُسَكُمْ مِنَ النَّارِ يَا فَاطِمَةُ أَنْقِذِى نَفْسَكِ مِنَ النَّارِ فَإِنِّى لاَ أَمْلِكُ لَكُمْ مِنَ اللَّهِ شَيْئًا غَيْرَ أَنَّ لَكُمْ رَحِمًا سَأَبُلُّهَا بِبَلاَلِهَا

অর্থ: "আবু হুরাইরা (রা:) থেকে বর্ণিত। তিনি বলেছেন, যখন এ আয়াত নাযিল হলো: "আপনার নিকটাত্মীয়দের সতর্ক করুন" তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরাইশদেরকে ডেকে একস্থানে সমবেত করলেন। তিনি তাদেরকে (আমভাবে) সাধারণভাবে ও (খাসভাবে) বিশেষভাবে সতর্ক করলেন। অতপর তিনি বললেন:

[৮৮৭] সুরা আবাসা ৮০:১-১০।

হে কাব ইবনে লুয়াইয়ের বংশধর, তোমরা নিজেদেরকে দোযখের আগুন থেকে বাঁচাও, হে মুররা ইবনে কা'বের বংশধরগণ, তোমরা নিজেদেরকে আগুন থেকে রক্ষা করো! হে বনু আবদে শামস! তোমরা নিজেদেরকে দোযখের আগুন থেকে রক্ষা করো! হে বণী আবদে মানাফ! তোমরা নিজেদেরকে জাহান্নামের আগুন থেকে মুক্ত করো। হে বনু হাসেম! তোমরা নিজেদেরকে দোযখের আগুন থেকে বাঁচাও! হে আবদুল মুত্তালিবের বংশধরগণ! তোমরা নিজেদেরকে দোযখের আগুন থেকে বাঁচাও। হে ফাতিমা! তুমি তোমার নিজেকে জাহান্নামের আগুন থেকে মুক্ত করো।

মনে রেখো! (ঈমান ব্যতিরেকে) আমি তোমাদের কোন কাজে আসবো না। তবে হ্যাঁ! তোমাদের সাথে আমার যে আত্মীয়তার সম্পর্ক রয়েছে তা আমি অবশ্যই অটুট রাখবো (অর্থাৎ সে অনুযায়ী আমি তোমাদের পার্থিব সাহায্য-সহযোগীতা করবো)।"[৮৮৮]

সুতরাং বুঝা গেল যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফয়েজ দিয়ে কাউকে আল্লাহর ওলী বানান নি। আর পীর-সূফীরা তা করেন। তাহলে কি পীর-সূফীদের ক্ষমতা কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকেও বেশী।

১২. নফসের জিহাদ বড় জিহাদ

পীর-সূফীদের কাছে অস্ত্রের জিহাদের চেয়েও বড় জিহাদ হলো নফসের জিহাদ। যেমন: চরমোনিয়ের পীর সৈয়দ ফজলুল করীম সাহেব বলেন: 'আল্লাহর হাবীব ফরমান: "আমরা ছোট যুদ্ধ থেকে বড় যুদ্ধের দিকে রওনা করলাম।" সাহাবারা জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! এর চাইতে বড় যুদ্ধ আবার কোথায়? কাফেরদের মোকাবেলায় তলোয়ার নিয়ে যুদ্ধ করলাম, তারা যে কোন মুহূর্তে আমদেরকে মারার জন্য প্রস্তুত, আমরাও তাদেরকে মারার জন্য যে কোন মুহূর্তে প্রস্তুত। ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! এর চাইতে

[৮৮৮] সহীহ মুসলিম ৫২২।

আবার বড় জেহাদ কোথায়? আল্লাহর হাবীব ফরমান, খায়েশাতে নফছানীর সঙ্গে জেহাদ করা হল সব চাইতে বড় জেহাদ।'[৮৮৯]

এ বাক্য থেকে এ কথাই সুস্পষ্ট বুঝা যায় যে, ময়দানে ইসলামের দুশমন কাফির-মুশরিকদের মুকাবিলা করে আল্লাহর যমিনে দ্বীন প্রতিষ্ঠা করা ছোট জিহাদ, জান-মাল উৎসর্গ করে যুদ্ধের ময়দানে গর্দান কাটিয়ে রক্ত প্রবাহিত করে জীবন বিসর্জন দেয়া ছোট কাজ, ছোট জিহাদ, ছোট শহীদ। এই অসংগত চিন্তা-চেতনা ও ভিত্তিহীন বক্তব্যই মুসলিম জাতিকে তাদের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি-কালচার ও সাহসী কর্মপন্থা থেকে বিরত রেখেছে তাই এ ব্যাপারে মুসলিমদের স্বচ্ছ ধারণা ও সুস্পষ্ট জ্ঞান থাকা অপরিহার্য। তারা দলীল হিসাবে নিম্নের হাদীসটি পেশ করে থাকেন:

رَجَعْنَا مِنَ الْجِهَادِ الْأَصْغَرِ إِلَى الْجِهَادِ الْأَكْبَرِ قَالُوْا وَمَا الْجِهَادُ الْأَكْبَرِ قَالَ جِهَـادُ الْقَلْبِ

অর্থ: "আমরা ছোট জিহাদ থেকে প্রত্যাবর্তন করে বড় জিহাদের প্রতি ধাবিত হয়েছি। সাহাবায়ে কিরাম জিজ্ঞাসা করলেন, হে আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বড় জিহাদ কোনটি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, অন্তরের জিহাদ।"

অথচ এটি একটি মিথ্যা, ভিত্তিহীন, পীর-সূফীদের বানানো জাল হাদীস। এই হাদীসটি দিয়েই মূলত আমাদের সমাজে ভিভ্রান্তি ছড়াচ্ছে। যার বিস্তারিত বর্ণনা "বিভ্রান্তির উৎস ও তার সমাধান" নামে পূর্বে আলোচনা করা হয়েছে।

১৩. আল্লাহ ওয়ালাদের ইবাদতের প্রয়োজন নেই

একদল পীর-সূফীদের আক্বিদাহ হলো কামেল অলীর কোন ইবাদত-বন্দেগীর প্রয়োজন হয় না। যেমন: সুরেশ্বরী পীর লিখেছেন: 'হাক্কুল ইয়াকীন' বা চূড়ান্ত প্রত্যয়ের মাধ্যমে একক সত্তায় উপনীত হওয়ার পর ঈমানের মাত্রাও শেষ হয়ে যায়। কেবল ইয়াকীন অবশিষ্ট থেকে যায়। এখানে এসেই হাক্কানী বা প্রকৃত বান্দাগণের ইবাদতের ধারার পরিসমাপ্তি

[৮৮৯] মাওয়ায়েযে কারীমিয়া দ্বিতীয় খন্ড ৭৬ পৃষ্ঠা।

ঘটে।" তার এই বক্তব্যের সমর্থনে দলীল হিসাবে নিম্নের আয়াতটিকে পেশ করেছে। আল্লাহর (সুব:)ইরশাদ করেন:

{وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ} [الحجر : ٩٩]

অর্থ: "এবং আল্লাহর বান্দেগী কর, যতক্ষণ না তোমার ইয়াকীন পূর্ণতা পায়।"[৮৯০]

এই আয়াতের ব্যাখ্যায় উল্লেখ করেন, এ পর্যায়ে উপনীত হওয়ার মাধ্যম হল এরফান বা আধ্যাত্মিকতা। অর্থাৎ আরেফদের জন্যে এরফান ছাড়া অন্য কোন ইবাদত নেই। যদিও ইবাদতের রূপে অনেক কিছুই করা হয়, তবু এর তাৎপর্য হচ্ছে তাওহীদ। মাকামে তাওহীদ অর্জই করার পর বন্দেগী করা কুফরী। এ প্রসঙ্গে গাউসুল আযম বড়পীর আবদুল কাদের জিলানী বলেন:

مَنْ اَرَادَ الْعِبَادَةَ بَعْدَ اتِصَالٍ فَهُوَ كَافِرٌ

অর্থ: 'যে ব্যক্তি মাকামে তাওহীদ বা আল্লাহর সান্নিধ্যে উপনীত হয়ে ইবাদতের ইচ্ছা করেছে, সেই কাফের।"[৮৯১]

সুরেশ্বরী পীর অপর আরেক কিতাবে উল্লেখ করেন:

মালামতি দেখে যারে, রোযা নামায নাহি পড়ে
আওয়ারেফে দেখ বন্ধুগণ।[৮৯২]

খন্ডন

অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সারা জীবন ইবাদত করেছেন। জামাতের সাথে সালাত আদায় করেছেন। এমনকি যখন মৃত্যু রোগে আক্রান্ত একাকি চলতে পারেন না তখনও দুজন লোকের কাধে ভর দিয়ে সালাতের জামাতে অংশগ্রহণ করেন। পবিত্র হাদীসে বর্ণিত হয়েছে:

[৮৯০] সুরা হিজর ১৫:৯৯।

[৮৯১] 'সিররে হক্ব জামে নূর' পৃষ্ঠা নং ৩৩-৩৪, প্রকাশকবৃন্দ: আলহাজ্জ সৈয়েদ শাহ নূরে মঞ্জুর মোর্শেদ মাহবুবে খোদা ও ভ্রাতাগণ, প্রথম প্রকাশ।

[৮৯২] নুরে হক গঞ্জে নুর, পৃষ্ঠা ১৩৩, সুরেশ্বর দরবার এর পক্ষে সৈয়দ শাহ নূরে মঞ্জুর মোর্শেদ (মাহবুবে খোদা) ও ভ্রাতাগণ কর্তৃক প্রকাশিত, একদশ সংস্করণ ১৯৯৮।

عَنْ عَائِشَةَ قَالَتْ لَمَّا ثَقُلَ رَسُولُ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَاءَ بِلَالٌ يُوذِنُهُ بِالصَّلَاةِ فَقَالَ مُرُوا أَبَا بَكْرٍ أَنْ يُصَلِّيَ ...فَلَمَّا دَخَلَ فِي الصَّلَاةِ وَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي نَفْسِهِ خِفَّةً فَقَامَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ وَرِجْلَاهُ يَخُطَّانِ فِي الْأَرْضِ حَتَّى دَخَلَ الْمَسْجِدَ

অর্থ: "আয়েশা রা. থেকে বর্ণিত তিনি বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসুস্থ হয়ে পড়লেন তখন বেলাল (রা:) তাঁকে সালাতে অংশগ্রহণের জন্য ডাকলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আবু বকরকে বলো সে যেন লোকদেরকে নিয়ে জামাত শুরু করে দেয়...যখন তিনি সালাত শুরু করলেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটু সুস্থতা বোধ করলেন। তিনি দুজন লোকের কাঁধে ভর দিয়ে মসজিদে যেতে লাগলেন এবং তাঁর পাদুটো জমিনে হেঁচড়ে হেঁচড়ে যাচ্ছিল। এ অবস্থাতেই তিনি মসজিদে প্রবেশ করলেন।"[৮৯৩]

যেই নবীর আগের পিছের সমস্ত গুনাহ ক্ষমা করে দিয়ে আল্লাহ (সুব:) ঘোষণা দিয়েছেন:

{لِيَغْفِرَ لَكَ اللَّهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ} [الفتح : ٢]

অর্থ: "যেন আল্লাহ তোমার পূর্বের ও পরের পাপ ক্ষমা করেন।"[৮৯৪]

সেই নবী মৃত্যু রোগে আক্রান্ত অবস্থায়ও মসজিদে গিয়ে জামাতে সালাত আদায় করলেন তাহলে তিনি কি সেই চূড়ান্ত মাকামের পৌঁছতে পারেন নি? তাছাড়া পবিত্র কুরআনেও বলা হয়েছে:

{وَأَوْصَانِي بِالصَّلَاةِ وَالزَّكَاةِ مَا دُمْتُ حَيًّا} [مريم : ٣١]

অর্থ: "এবং যতদিন আমি জীবিত থাকি তিনি আমাকে সালাত ও যাকাত আদায় করতে আদেশ করেছেন।"[৮৯৫]

[৮৯৩] সহীহ বুখারী ৭১৩।

[৮৯৪] সুরা ফাতাহ ৪৮:২।

[৮৯৫] সুরা মারয়াম ১৯:৩১।

এ আয়াত থেকে বুঝা গেল মৃত্যুর আগ পর্যন্ত কারো থেকে ইবাদত বান্দেগী মাফ হয়ে যায় না। তাহলে ওদের আয়াতের জবাব কি? এ প্রসঙ্গে তাফসীরে ইবনে কাছীরে বলা হয়েছে:

ويستدل من هذه الآية الكريمة وهي قوله: { وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ } على أن العبادة كالصلاة ونحوها واجبة على الإنسان ما دام عقله ثابتا فيصلي بحسب حاله، كما ثبت في صحيح البخاري، عن عمران بن حصين، رضي الله عنهما، أن رسول الله صلى الله عليه وسلم قال: "صَلِّ قائمًا، فإن لم تستطع فقاعدًا، فإن لم تستطع فعلى جَنْب" (٢)

অর্থ: "এ আয়াত দ্বারা প্রমাণিত হয় যে যতক্ষণ পর্যন্ত মানুষের হুশ-জ্ঞান ঠিক থাকে ততক্ষণ পর্যন্ত কোন ইবাদত যেমন সালাত রহিত হয় না। বরং সকল ইবাদত তার উপর ফরজ থাকে। সে তার সামর্থ অনুযায়ী সালাত আদায় করবে। যেমন সহীহ বুখারীতে ইমরান ইবনে হুসাইন থেকে বর্ণিত হয়েছে, যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: তুমি দাঁড়িয়ে সালাত আদায় করো, তা না পারলে বসে সালাত আদায় কর। তাও না পারলে শুয়ে শুয়ে সালাত আদায় করবে।"

এরপরে ইমাম ইবনে কাছীর (র:) এই ভ্রান্ত পীর-সূফীদের মনগড়া তাফসীরের সমালোচনা করতে গিয়ে কঠোর ভাষায় বলেন:

ويستدل بها على تخطئة من ذهب من الملاحدة إلى أن المراد باليقين المعرفة، فمتى وصل أحدهم إلى المعرفة سقط عنه التكليف عندهم. وهذا كفر وضلال وجهل، فإن الأنبياء، عليهم السلام، كانوا هم وأصحابهم أعلم الناس بالله وأعرفهم بحقوقه وصفاته، وما يستحق من التعظيم، وكانوا مع هذا أعبد الناس وأكثر الناس عبادة ومواظبة على فعل الخيرات إلى حين الوفاة. وإنما المراد باليقين هاهنا الموت،

অর্থ: "এই আয়াত দ্বারা ঐ সকল ভ্রান্ত মালাহেদাদের ভ্রান্তির বিরূদ্ধে দলীল পেশ করা যায় যারা বলে যে, 'ইয়াকীন অর্থ মারেফাত। যখন মারেফাত অর্জন হয়ে যায় তখন ইবাদত লাগে না' এটি একটি কুফুরী, গোমরাহী ও মূর্খতা। কেননা নবী-রাসূলগণ ও তাদের সাহাবাগণ আল্লাহ

সম্পর্কে, আল্লাহর অধিকার সম্পর্কে, আল্লাহর গুনাবলী সম্পর্কে এবং আল্লাহর উপযুক্ত তা'যীম সম্পর্কে সবচেয়ে বেশী অবগত ছিলেন। তা স্বত্তেও তারা সকল মানুষের থেকে বেশী ইবাদত কারী ছিলেন এবং তারা মৃতু পর্যন্ত নেক আমল করে গেছেন।" সুতরাং যার উপরে কোরআন নাজিল হলো এবং যাদের সামনে নাযিল হলো তারা সকলেই যখন মৃত্যু পর্যন্ত ইবাদত করেছেন। তাহলে বুঝা গেল, মৃত্যুর আগ পর্যন্ত কারো থেকে ইবাদত মাফ হয় না। তাই এখানে ইয়াক্বীন বলতে মৃতুকে বুঝানো হয়েছে। মারেফাতকে নয়।"[৮৯৬]

ইয়াক্বীন শব্দটি কোরআনের অন্য আয়াতেও মৃত্যু অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{قَالُوا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّينَ (٤٣) وَلَمْ نَكُ نُطْعِمُ الْمِسْكِينَ (٤٤) وَكُنَّا نَخُوضُ مَعَ الْخَائِضِينَ (٤٥) وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّينِ (٤٦) حَتَّى أَتَانَا الْيَقِينُ.

অর্থ: "তারা বলবে, 'আমরা সালাত আদায়কারীদের মধ্যে অন্তর্ভূক্ত ছিলাম না'। 'আর আমরা অভাবগ্রস্তকে খাদ্য দান করতাম না'। 'আর আমরা অনর্থক আলাপকারীদের সাথে (বেহুদা আলাপে) মগ্ন থাকতাম' 'আর আমরা প্রতিদান দিবসকে অস্বীকার করতাম'। 'অবশেষে আমাদের কাছে মৃত্যু আগমন করে'।"[৮৯৭]

তাছাড়া হাদীসেও ইয়াক্বীন শব্দটি মৃত্যু অর্থে ব্যবহৃত হয়েছে। ওসমান ইবনে মায'উন (রা:) যখন মারা গেলেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন:

أَمَّا هُوَ فَقَدْ جَاءَهُ الْيَقِينُ إِنِّي لَأَرْجُو لَهُ الْخَيْرَ مِنْ اللَّهِ

অর্থ: "তার নিকট তো ইয়াক্বীন (মৃত্যু) এসে গেছে, আমি তার ব্যাপারে আল্লাহর কাছ থেকে কল্যাণের আশা রাখি।"[৮৯৮]

[৮৯৬] তাফরীসে ইবনে কাসীর সুরা হিজরের ৯৯ নং আয়াতের তাফসীর দ্রষ্টব্য।
[৮৯৭] সুরা মুদ্দসির ৭৪:৪৩-৪৭।
[৮৯৮] সহীহ বুখারী ৭০১৮।

সুতরাং রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাফসীর বাদ দিয়ে কোন পীর-সূফীর মনগড়া তাফসীর মেনে নেওয়া যাবে না ।

১৪. পীরদের পায়ে সেজদাহ করা জায়েজ

পীর-সুফীদের অনেকের মতে সিজদাহ দুই প্রকার । ক. তা'জিমী সিজদাহ, খ. ইবাদতের সিজদাহ। প্রথম প্রকার অর্থাৎ তা'জিমী সিজদাহ (সম্মানসূচক সিজদাহ) আল্লাহ ছাড়া অন্যদের জন্যও করা জায়েজ । যেমন সুরেশ্বরী পীর বলেন: 'সিজদা দুই প্রকার । সিজদাতুল ইবাদাহ বা ইবাদতের নিয়তে সিজদা এবং সিজদাতুত তাহিয়্যাহ বা সম্মান প্রদর্শনের অভিপ্রায়ে সিজদা । ইবাদতের নিয়তে সিজদা আল্লাহ (সুব:) জন্য নির্দিষ্ট । সিজদায়ে তাহিয়্যাহ আল্লাহ (সুব:) ছাড়া অন্য কারো সম্মানের উদ্দেশ্যে পাঁচ অবস্থায় করা জায়েজ । নবীর প্রতি উম্মতের, পীরের প্রতি মুরীদের, বাদশাহর প্রতি প্রজার, পিতা-মাতার প্রতি সন্তানের, মনিবের প্রতি দাসের ইত্যাদি সব অবস্থায় সিজাদ জায়েজ ।'[৮৯৯]

খন্ডন

আমাদের ইসলাম ধর্মে আল্লাহ (সুব:)ব্যতিত অন্য কাউকে কোন প্রকারের সেজদাহ করা যাবে বলে কুরআন-হাদীসে কোন দলীল নেই । বরং পবিত্র কুরআনে আল্লাহ (সুব:) বলেন:

{وَمِنْ آيَاتِهِ اللَّيْلُ وَالنَّهَارُ وَالشَّمْسُ وَالْقَمَرُ لَا تَسْجُدُوا لِلشَّمْسِ وَلَا لِلْقَمَرِ وَاسْجُدُوا لِلَّهِ الَّذِي خَلَقَهُنَّ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ} [فصلت : ٣٧]

অর্থ: "আর তাঁর নিদর্শনসমূহের মধ্যে রয়েছে রাত ও দিন, সূর্য ও চাঁদ । তোমরা না সূর্যকে সিজদা করবে, না চাঁদকে । আর তোমরা আল্লাহকে সিজদা কর যিনি এগুলো সৃষ্টি করেছেন, যদি তোমরা কেবলমাত্র তাঁরই ইবাদাত কর ।"[৯০০]

---

[৮৯৯] **'সিররে হক জামে নূর' হযরত জান শরীফ শাহ সুরেশ্বরী কর্তৃক প্রণিত মাওলানা এ.কে.এম. মাহবুবুর রহমান কর্তৃক অনুদিত, প্রথম সংস্করণ ২০04 সালে মুদ্রিত, পৃষ্ঠা নং ৮৫ ।**
[৯০০] **সুরা ফুসসিলাত ৪১:৩৭ ।**

এ আয়াতে স্রষ্টা ব্যতিত সকল প্রকার সৃষ্টির উদ্দেশ্যে যেকোন ধরণের সিজদাহ করাকে নিষেধ করা হয়েছে । এখানে সিজদাকে কোন প্রকার ভাগ করা হয় নি এবং কারো জন্য কোন সৃষ্টিকে সিজদাহ করার অনুমতি দেওয়া হয় নি । রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিষয়টিকে আরো স্পষ্ট করে দিলেন যখন তাকে সিজদাহ করার জন্য সাহাবাগণ অনুমতি চাইলেন । পবিত্র হাদীসে ইরশাদ হয়েছে:

عَنْ قَيْسِ بْنِ سَعْدٍ قَالَ أَتَيْتُ الْحِيرَةَ فَرَأَيْتُهُمْ يَسْجُدُونَ لِمَرْزُبَانٍ لَهُمْ فَقُلْتُ رَسُولُ اللَّهِ أَحَقُّ أَنْ يُسْجَدَ لَهُ قَالَ فَأَتَيْتُ النَّبِىَّ –صلى الله عليه وسلم– فَقُلْتُ إِنِّى أَتَيْتُ الْحِيرَةَ فَرَأَيْتُهُمْ يَسْجُدُونَ لِمَرْزُبَانٍ لَهُمْ فَأَنْتَ يَا رَسُولَ اللَّهِ أَحَقُّ أَنْ نَسْجُدَ لَكَ. قَالَ « أَرَأَيْتَ لَوْ مَرَرْتَ بِقَبْرِى أَكُنْتَ تَسْجُدُ لَهُ ». قَالَ قُلْتُ لاَ. قَالَ « فَلاَ تَفْعَلُوا لَوْ كُنْتُ آمِرًا أَحَدًا أَنْ يَسْجُدَ لأَحَدٍ لأَمَرْتُ النِّسَاءَ أَنْ يَسْجُدْنَ لأَزْوَاجِهِنَّ لِمَا جَعَلَ اللَّهُ لَهُمْ عَلَيْهِنَّ مِنَ الْحَقِّ ».

অর্থ: কায়স ইবনে সা'দ (রা:) হতে বর্ণিত, তিনি বলেন, আমি হিরা শহরে আগমন করে সেখানকার লোকদেরকে মারযুবানকে (পীর, ফকির, ধর্মীয় ও রাষ্ট্রীয় নেতৃবর্গ) সিজদাহ করতে দেখি । আমি (মনে মনে) বলি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ই তো সিজদার অধিকতর হকদার । তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে উপস্থিত হয়ে বলি, আমি হিরাতে গমন করে সেখানকার লোকদেরকে মারযুবানকে সিজদাহ করতে দেখেছি । আর ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনিই তো এর অধিক হকদার যে, আমারা আপনাকে সিজদাহ করি? তিনি বলেন, তুমি বল, যদি (আমার মৃত্যুর পর) তুমি আমার কবরের পাশ দিয়ে গমন কর, তবে কি তুমি সেখানে সিজদাহ করবে? তিনি বলেন, আমি বললান, না । তিনি বলেন, তোমারা সেরূপ করবে না । আর যদি আমি কাউকে কারো সিজদাহ করতে বলতাম, তবে আমি স্ত্রীলোকদের তাদের স্বামীদের সিজদাহ করতে

বলতাম। আর তা এইজন্য যে, আল্লাহ (সুব:) তাদেরকে (স্বামীদেরকে) তাদের (স্ত্রীদের) উপর হক প্রদান করেছেন।[৯০১]

এ হাদীস থেকে জানা গেল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেকে সিজদাহ করার জন্য অনুমতি দেন নি। তিনি সিজদাহের কোন প্রকার ভাগও করেন নি। যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সিজদাহ করা জায়েজ হলো না তখন এমন কোন ব্যক্তি আছে যাকে সিজদাহ করা যাবে? সুতরাং আল্লাহ (সুব:) ছাড়া যে কোন মাখলুকের উদ্দেশ্যে যে কোন প্রকারের সিজদাহ না জায়েজ ও হারাম।

ইসলামী শরিয়তে যত প্রকার সালাত (নামাজ) রয়েছে সকল প্রকার সালাতে রূক-সিজদাহ করা ফরজ। যেমন ওয়াক্তিয়া সালাত, ঈদের সালাত, জুমুআর সালাত সহ যে কোন সালাত রূকু-সিজদাহ না করলে বাতিল হয়ে যায়। কিন্তু জানাযার সালাতে রূকু-সিজদাহ করার অনুমতি নেই। কেন এই পার্থক্য? পার্থক্যের কারণ শুধু একটাই। আর তা হলো, জানাযার সামনে লাশ থাকে। আল্লাহর উদ্দেশ্যে রূকু-সিজদাহ করলেও ঐ কবর পূজারী-পীর পূজারী লোকগুলো মানুষকে বিভ্রান্ত করতো আর বলতো, এইতো জানাযার সময় তা'জিমী সিজদাহ করা হলো। আর এর দ্বারা সরলপ্রাণ মুসলিমদেরকে বিভ্রান্ত করার সুযোগ পেত।

একারণে আল্লাহ (সুব:) জানাযার সালাত থেকে নিজের পাওনা রূকু-সিজদাহ পর্যন্ত বাতিল করে দিয়েছেন। যাতে কোন পীর, ফকীর ও তাদের সাহায্যকারী আলেমরা সাধারণ জনগণকে গোমরাহ করতে না পারে বিভ্রান্ত করতে না পারে। অথচ জানাযার সময় ঐ ওলী-বুযুর্গের লাশ একেবারে সামনে ছিল তখন সিজদাহ করা গেল না। আর এই লাশ যখন কবরে চলে গেল মাঝখানে আড়াই মন মাটি আসলো, হোগলা আসলো, বাঁশ আসলো তারপরে কবরে সিজদাহ করার অনুমতি কে দিল? সুতরাং কোন জীবিত বা মৃত কোন ব্যক্তিকে কোন অবস্থায় সিজদাহ করা যাবে না। সম্পূর্ণ হারাম।

[৯০১] **সুনানে আবু দাউদ ২১৪২, হাদীসটি সহীহ; সুনানে ইবনে মাজাহ ১৮৫৩, হাদীসের সনদ সহীহ।**

সংশয় নিরসন

প্রশ্ন: কবর পূজারী, পীর পূজারী আলেমগণ মানুষকে বিভ্রান্ত করার জন্য পবিত্র কুরআনের নিম্মোক্ত আয়াতগুলো পেশ করে থাকে:

{ إِذْ قَالَ يُوسُفُ لِأَبِيهِ يَا أَبَتِ إِنِّي رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا وَالشَّمْسَ وَالْقَمَرَ رَأَيْتُهُمْ لِي سَاجِدِينَ} [يوسف : ٤]

অর্থ: "যখন ইউসুফ তার পিতাকে বলল, 'হে আমার পিতা, আমি দেখেছি এগারটি নক্ষত্র, সূর্য ও চাঁদকে, আমি দেখেছি তাদেরকে আমার প্রতি সিজদাবনত অবস্থায়'।"[৯০২]

এটা ছিল ইউসূফ (আ:) এর ছোট বেলার স্বপ্ন যা পরবর্তীতে বাস্তবে পরিণতি হয়। একই সুরায় ইরশাদ হচ্ছে:

{وَرَفَعَ أَبَوَيْهِ عَلَى الْعَرْشِ وَخَرُّوا لَهُ سُجَّدًا وَقَالَ يَا أَبَتِ هَذَا تَأْوِيلُ رُؤْيَايَ مِنْ قَبْلُ قَدْ جَعَلَهَا رَبِّي حَقًّا} [يوسف : ١٠٠]

অর্থ: "আর সে তার পিতামাতাকে রাজাসনে উঠাল এবং তারা সকলে তার সামনে সেজদায় লুটিয়ে পড়ল এবং সে বলল, 'হে আমার পিতা, এই হল আমার ইতঃপূর্বের স্বপ্নের ব্যাখ্যা, আমার রব তা বাস্তবে পরিণত করেছেন।"[৯০৩]

তাছাড়া ফেরেশতারা আদম (আ:) কে সিজদাহ করেছিল। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

فَإِذَا سَوَّيْتُهُ وَنَفَخْتُ فِيهِ مِنْ رُوحِي فَقَعُوا لَهُ سَاجِدِينَ (٢٩) فَسَجَدَ الْمَلَائِكَةُ كُلُّهُمْ أَجْمَعُونَ (٣٠) إِلَّا إِبْلِيسَ أَبَى أَنْ يَكُونَ مَعَ السَّاجِدِينَ.

অর্থ: "অতএব যখন আমি তাকে পূর্ণাঙ্গ রূপ দেব এবং তার মধ্যে আমার রূহ ফুঁকে দেব, তখন তোমরা তার জন্য সিজদাবনত হও। অতঃপর,

[৯০২] **সুরা ইউসূফ ১২:৪।**
[৯০৩] **সুরা ইউসূফ ১২:১০০।**

ফেরেশতারা সকলেই সিজদা করল। ইবলীস ছাড়া। সে সিজদাকারীদের সঙ্গী হতে অস্বীকার করল।"[৯০৪]

যদি আল্লাহ (সুব:) ছাড়া অন্য কাউকে সিজদাহ করা জায়েজ না হয় তাহলে কিভাবে ইউসূফ (আ:) কে সকলে সিজদা করলো?

উত্তর: ইউসূফ (আ:) কে সিজদাহ করার বিষয়টি পূর্বের শরিয়তের যা এই উম্মতের জন্য প্রযোজ্য নয়। আর আদমকে সিজদাহ করার বিষয়টি সরাসরি আল্লাহর নির্দেশে। সুতরাং এই বিষয়গুলো নিয়ে দলীল পেশ করা মানুষকে বিভ্রান্ত করা ছাড়া আর কিছুই না।

১৫. ওলীদের মৃত্যু হয় না এই আক্বিদাহ

পীর-সূফীদের আক্বিদাহ ওলীরা মরেন না। তারা মৃত্যুর পরেও মুরীদদেরকে সাহায্য করেন। এ ব্যাপারে তারা একটি জাল হাদীস বর্ণনা করেন। হাদীসটি হলো:

اَلَا اِنَ اَوْلِيَاءَ اللهِ لَا يَمُوْتُوْنَ

অর্থ: "আল্লাহর ওলীগণ মরেন না।"[৯০৫]

অথচ পবিত্র কুরআনে আল্লাহ (সুব:)বলেন:

{كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ثُمَّ إِلَيْنَا تُرْجَعُونَ} [العنكبوت : ৫৭]

অর্থ: " প্রতিটি প্রাণ মৃত্যুর স্বাদ আস্বাদন করবে, তারপর আমার কাছেই তোমরা প্রত্যাবর্তিত হবে।"[৯০৬]

সকল নবী-রাসূলগণ মৃত্যু বরণ করেছেন। আমাদের রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মৃত্যু বরণ করলেন তখন বিষয়টি অনেকের কাছেই অস্পষ্ট ছিল। এমনকি ওমর বিন খাত্তাব (রা:) তরবারী হাতে ঘোষণা করলেন, যে ব্যক্তি বলবে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মরে গেছে আমি তার গর্দান উড়িয়ে দিব। একারণে রাসূল সাল্লাল্লাহু

[৯০৪] সুরা হজর ১৫:২৯-৩১।

[৯০৫] 'রাহাতুল মুহি'ব্বীন' খাজা নিজামুদ্দীন আওলিয়া শেষ প্রচ্ছদ।
'হাদীসের নামে জালিয়াতি' ৩২২ পৃষ্ঠা;
'আল্লাহ কোন পথে?' পৃষ্ঠা: ৫০, সূফী ফাউন্ডেশন বাংলাদেশ 'বাবে রহমত' দেওয়ানবাগ দরবার থেকে প্রকাশিত।

[৯০৬] সুরা আ'নকাবুত ২৯:৫৭।

আলাইহি ওয়াসাল্লাম এর মৃত্যু নিয়ে একটি ধুম্রজালের সৃষ্টি হয়েছিল। এরপর যখন আবু বকর আসলেন তখন তিনি আয়েশার হুজরায় চলে গেলেন এবং চাঁদর উত্তোলন করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে চুমু খেলেন এবং বললেন, আপনার প্রতি আমার পিতা মাতা কুরবান হোক, আপনাকে আল্লাহ (সুব:)দুইবার মৃত্যু দিবেন না। যে মৃত্যু আল্লাহর পক্ষ থেকে আপনার জন্য বরাদ্দ ছিল তা আপনি গ্রহণ করেছেন। একথা বলে চাঁদর ঢেকে দিয়ে তিনি জনসম্মুখে এলেন এবং নিম্নের ঐতিহাসিক খুৎবাটি দিলেন:

عَنْ عَائِشَةَ .....فقَالَ أَمَّا بَعْدُ فَمَنْ كَانَ مِنْكُمْ يَعْبُدُ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِنَّ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ مَاتَ وَمَنْ كَانَ يَعْبُدُ اللَّهَ فَإِنَّ اللَّهَ حَيٌّ لَا يَمُوتُ قَالَ اللَّهُ تَعَالَى {وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ} إِلَى الشَّاكِرِينَ وَاللَّهِ لَكَأَنَّ النَّاسَ لَمْ يَكُونُوا يَعْلَمُونَ أَنَّ اللَّهَ أَنْزَلَ حَتَّى تَلَاهَا أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ فَتَلَقَّاهَا مِنْهُ النَّاسُ فَمَا يُسْمَعُ بَشَرٌ إِلَّا يَتْلُوهَا

অর্থ: "আয়শা (রা:) থেকে বর্ণিত, তিনি (আবু বকর রা:) বললেন, তোমাদের মধ্য থেকে যারা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইবাদত করতে তারা জেনে রাখ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৃত্যুবরণ করেছেন, আর যারা আল্লাহর ইবাদত করতে তারা জেনে রাখ যে, নিশ্চয়ই আল্লাহ (সুব:)চিরঞ্জীব তার কোন মৃত্যু নেই। এরপর তিনি কুরআন মাজিদের নিম্মোক্ত আয়াতটি তেলাওয়াত করলেন:

وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ أَفَإِنْ مَاتَ أَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلَى أَعْقَابِكُمْ وَمَنْ يَنْقَلِبْ عَلَى عَقِبَيْهِ فَلَنْ يَضُرَّ اللَّهَ شَيْئًا وَسَيَجْزِي اللَّهُ الشَّاكِرِينَ.

অর্থ: 'আর মুহাম্মাদ কেবল একজন রাসূল। তার পূর্বে নিশ্চয় অনেক রাসূল বিগত হয়েছে। যদি সে মারা যায় অথবা তাকে হত্যা করা হয়, তবে তোমরা কি তোমাদের পেছনে ফিরে যাবে ? আর যে ব্যক্তি পেছনে ফিরে যায়, সে কখনো আল্লাহর কোন ক্ষতি করতে পারে না। আর আল্লাহ অচিরেই কৃতজ্ঞদের প্রতিদান দেবেন।'[৯০৭]

[৯০৭] সুরা আল ইমরান ৩:১৪৪।

এ আয়াত শোনা মাত্র সকলের কাছে মনে হলো যে, তারা ইতিপূর্বে এ আয়াত কখনো শুনেন নি, আবু বকর থেকেই প্রথম শুনলেন এবং সকলের মুখে মুখে এ আয়াত উচ্চারিত হতে লাগলো।"[৯০৮]

আল্লাহ (সুব:) পবিত্র কুরআনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এবং সমস্ত মানুষ সম্পর্কে বলেন:

إِنَّكَ مَيِّتٌ وَإِنَّهُمْ مَيِّتُونَ (٣٠) ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيَامَةِ عِنْدَ رَبِّكُمْ تَخْتَصِمُونَ

অর্থ: "নিশ্চয় তুমি মরণশীল এবং তারাও মরণশীল। তারপর কিয়ামতের দিন নিশ্চয় তোমরা তোমাদের রবের সামনে ঝগড়া করবে।"[৯০৯]

এরপর আল্লাহ (সুব:)আমভাবে একটি সুস্পষ্ট নীতিমালা ঘোষণা করলেন। যেখানে কোন মানুষের পৃথিবীতে স্থায়ী জীবিত থাকার সকল সম্ভাবনাকে বাতিল করে দেয়া হয়। ইরশাদ হচ্ছে:

{وَمَا جَعَلْنَا لِبَشَرٍ مِنْ قَبْلِكَ الْخُلْدَ أَفَإِنْ مِتَّ فَهُمُ الْخَالِدُونَ} [الأنبياء : ٣٤]

অর্থ: "আর তোমার পূর্বে কোন মানুষকে আমি স্থায়ী জীবন দান করিনি; সুতরাং তোমার মৃত্যু হলে তারা কি অনন্ত জীবনসম্পন্ন হয়ে থাকবে?"[৯১০]

এসব আয়াত এবং হাদীস থেকে পরিষ্কার ভাবে বুঝা গেল নবী-রাসূল, ওলী-আওলীয়া সকলেই মৃত্যু বরণ করেন। কেহই পৃথিবীতে চিরঞ্জীব নয়। এটাই 'আহলুস সুন্নাহ ওয়াল জামাআ'তের আক্বিদাহ' কিন্তু পীর-সূফীগণ এসব আয়াত ও সহীহ হাদীসের তোয়াক্কা না করে ওলী-আওলীয়া ও নবী-রাসূলগণকে তারা জীবিত বলে বিশ্বাস করে। মৃত্যুর পরও তারা মানুষের ফরিয়াদ ও কথা-বার্তা শুনেন এবং সাহায্য-সহযোগীতা করেন। কারো সঙ্গে মুসাফা করার জন্য কবরের ভিতর থেকে হাত বের করে দেন। আবার কেউ কেউ নাকি কবরে বসে সালাত পড়েন। এসব কিছুই সূফীদের বানানো ভ্রান্ত আক্বিদাহ।

তবে শহীদদের সম্পর্কে বলা হয়েছে তারা জীবিত। এরমানে এই নয় যে তারা আমাদের মতই জীবিত। যদি শহীদ, ওলী-আওলীয়া, নবী-রাসূলগণ

[৯০৮] **সহীহ বুখারী ১২৪১।**

[৯০৯] **সুরা যুমার ৩৯:৩০-৩১।**

[৯১০] **সুরা আম্বিয়া ৩৪।**

আমাদের মতই জীবিত হতেন তাহলে তাদেরকে কবর দেওয়া হয় কেন? জীবিত লোকদেরকে তো কবর দেওয়া জায়েজ নেই। একারণেই আক্বিদার কিতাবগুলোতে বলা হয়েছে:

حَيَاتُهُمْ لَيْسَ كَحَيَاتِنَا

অর্থ: "তাদের জীবন আমাদের জীবনের মতো নয়"

১৬.ওলীগণ নবী রাসূলগণের চেয়ে বড়

"পীর-সূফীদের অনেকের আক্বীদাহ 'রিসালাতের চেয়ে নবুওয়াত বড় আর নবুওয়াতের চেয়ে বেলায়াত বড়'। এজন্যই সূফীদের শায়খে আকবার মুহিউদ্দীন ইবনে আরাবী বলেন:

مَقَامُ النُبوَّةِ فِيْ بَرْزَخٍ # فُوَيْقَ الرَسُوْلِ و دُوْنَ الوَلِي

অর্থ: "নবুওয়াতের মাকাম আলমে বারযাখে রাসূলের সামান্য উপরে এবং ওলীর নিচে।"

কাজেই ওলীগণ নবী-রাসূল উভয়ের চেয়ে বড়। এই ভ্রান্ত মতবাদের স্বপক্ষে তারা দলীল পেশ করে।

১. ওলীগণ শরিয়ত-হাকিকত, জাহের-বাতেন উভয়টির এলেম রাখেন। পক্ষান্তরে নবী-রাসূলগণ শুধু শরিয়ত এবং জাহেরের এলেম রাখেন।

২. নবুওয়াত এবং রেসালাত সময়ের সাথে সিমাবদ্ধ। একারণে উহা বন্ধ হয়ে যায়। আর বাস্তবে বন্ধ হয়ে গেছেও। পক্ষান্তরে বেলায়াত স্থান বা কালের সাথে সিমাবদ্ধ নয়। বরং উহা চিরকাল চলবে।

এ প্রসঙ্গে সৈয়দ দেলাওর হোসাইন মাইজভান্ডারি বলেন, "নুবয়ত আল্লাহ পাক প্রদত্ত দায়িত্বপূর্ণ মহিমান্বিত পদবীর নাম। ইহা স্থান, কাল, পাত্র ও পরিবেশে সীমাবদ্ধ। কিন্তু বেলায়ত অসীম "অলীউন" আল্লাহ তায়ালার একটি নামও বটে। তাহার অর্থ অন্তরঙ্গ বন্ধু। সুতরাং খোদা যেমন নিত্য, খোদার গুণ গরিমাও নিত্য ও অবিনশ্বর। সেইরূপ বেলায়তও নিত্য ও অবিনশ্বর, প্রকৃতপক্ষে বেলায়তই নবুয়তের প্রাণ। কোরআন পাকে "খোদা ঈমানদারদের মুরুব্বি" "খোদা (মুমিনদের) প্রশংসিত বন্ধু ইত্যাদি বর্ণনা

আছে। অথচ নবী বা রসূল বলিয়া খোদার কোন নাম উল্লেখ নাই; কিন্তু "অলীউন" বলিয়া উল্লেখ দেখা যায়।"[৯১১]

৩. নবী-রাসূলগণ সরাসরি আল্লাহর থেকে এলেম অর্জই করেন না। বরং ফেরেশতার মাধ্যমে করে থাকেন। পক্ষান্তরে ওলীগণ সরাসরি আল্লাহর থেকে এলেম অর্জই করেন।

এ প্রসঙ্গে সৈয়দ দেলাওর হোসাইন মাইজভান্ডারি সূফীদের শাইখে আকবার ইবনে আরাবী এর লিখিত 'ফুসূসুল হিকাম' নামক গ্রন্থের ৯২ পৃষ্ঠার উদ্ধৃতি দিয়ে বলেন, "খাতেমুল বেলায়ত বা খাতেমূল আউলিয়া ইসলামরূপ দেয়ালের শেষ গাথুনী বা শেষ ইটা, নবুয়ত ইসলামরূপ দেয়ালের প্রথম গাথুনী বা ইটা। যেহেতু নবুয়ত আহকামী আদেশ নিষেধ মূলক, জিব্রাইল (আ:) এর মধ্যস্থতায় প্রাপ্ত অহী। ইহা খনি হইতে প্রাপ্ত চাঁদির ইটের সহিত তুল্য। কিন্তু বেলায়ত খাতেমূল আউলিয়া কর্তৃক নিজ হাতে ঐ খনি হইতে প্রাপ্ত শক্তি, যেই খনি হইতে জিব্রাইল (আ:) অহী আনিতেন। তাই ইহা সোনালী ইটের সহিত তুল্য। এই অহী ও এলহাম বিশিষ্ট নবুয়ত ও বেলায়ত ইট দ্বারা ইসলামী ইমারত নামক ঘরের নির্মাণ পরিসমাপ্ত।"[৯১২]

তাদের এই সমস্ত ভ্রান্ত মতবাদের স্বপক্ষে কুরআন ও হাদীসের কোন দলীল নেই।

১৭. তরীকার বায়আত গ্রহণ

পীর-সূফীগণ মানুষকে মুরীদ বানানোর সময় মুরীদদের থেকে বায়আত নিয়ে থাকেন। কখনো সরাসরি হাতে হাত রেখে, আবার কখনো বড় মজলিশে পাগড়ি বা দড়ি ছড়িয়ে দিয়ে, আবার কখনো একজন অপর জনের পিঠে হাত রেখে, আবার কখনো দূরের থেকে নিয়ত করে বায়আত নিয়ে থাকেন। এ বায়আত নেয়ার সময় তারা বিভিন্ন তরীকার নাম উল্লেখ করেন। যেমন: চরমোনাইয়ের পীর সৈয়দ মোহাম্মদ এসহাক সাহেব বলেন, 'যদি কারো বায়আত হওয়ার ইচ্ছা হয়, নিয়তের সাথে আমার সহিত বলুন-

[৯১১] 'বেলায়তে মোত্লাকা' ২৮ নং পৃষ্ঠা।
[৯১২] 'বেলায়তে মোত্লাকা' ৩০ নং পৃষ্ঠা।

اوربیعت کیا میں اوپر طریقہ چشتییہ قادریہ نقشدندیہ مجددیہ کےاوپر ہاتہ فقیر محمد اسحاق کے خلیفہ جناب قاری ابراہیم صاحب کے ائے میرے اللہ اس طریقہ کے نعمتوں کو میرے نصیب کر اور جماعت رسول اللہ صلی اللہ علیہ میں میری حشر کر آمین یا رب العالمین

অর্থ: আমি বায়আত করলাম চিশতিয়া, কাদেরিয়া, নকশাবন্দিয়া, মুজাদ্দেদীয়া তরীকার উপর জনাব কারী ইবরাহীম সাহেবের খলীফা ফকীর মোহাম্মদ এছহাকের হাতের উপর হাত রেখে। হে আল্লাহ! তুমি আমাকে এই তরীকার নেয়ামত সমূহ নসীব কর এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দলে আমার হাশর কর। আমীন! ইয়া রাব্বাল আলামীন।"[৯১৩]

এখানে পরিষ্কারভাবে দেখা গেল যে, অনেকগুলো তরীকার বায়আ'ত নেয়া হয়েছে এবং সেই তরীকার নেয়ামত প্রাপ্তির জন্য দুআ' করা হয়েছে। আবার সাথে সাথে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দলে হাশর হওয়ার দুআ'ও করা হয়েছে। তাহলে রাসূলের তরীকায় বায়আত না নিয়ে অন্যদের তরীকায় বায়আত নিয়ে কিভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে হাশরে উঠবে? তারা তো হাশরে উঠবে ঐ সমস্ত লোকদের দলে যাদের তরীকায় তারা বায়আত নিয়েছে। কেননা আল্লাহ (সুব:) কুরআনে বলেছেন:

{يَوْمَ نَدْعُو كُلَّ أُنَاسٍ بِإِمَامِهِمْ} [الإسراء : ٧١]

অর্থ: "স্মরণ কর, যেদিন আমি প্রত্যেক মানুষকে তাদের ইমামসহ[৯১৪] ডাকব।"

সুতরাং যাদের ইমাম চিশতি, কাদেরী, নকশাবন্দি, মুজাদ্দেদী তাদের রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দলে হাশর হওয়ার কোন প্রশ্নই আসে না। যাই হোক এই পীর-সূফীগণ তাদের ফকীর-হাকীরের হাতে বায়আত নেওয়ার ব্যাপারে কোরআনের কিছু আয়াত এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত কিছু হাদীসকে প্রমাণ স্বরূপ পেশ করে থাকে। অথচ ঐ আয়াত ও হাদীসগুলো মুসলিম জাতির অস্তিত্ব, ঐক্য ও ক্ষমতা টিকে থাকার জন্য এবং মুসলিম জাতির ইহকালীন ও পরকালীন

[৯১৩] মাওয়ায়েজে এছহাকিয়া ৫৬ পৃষ্ঠা।
[৯১৪] 'ইমাম' অর্থ এখানে নেতা, আমলনামা, নবী বা প্রতিটি জাতির স্ব স্ব ঐশী কিতাব।

মুক্তির জন্য খুবই গুরুত্বপূর্ণ দলীল। সেজন্য আমরা বায়াআত সম্পর্কে বিস্ত ারিত আলোচনা পূর্বে করেছি, যে বায়আত অর্থ কি? বায়আতের গুরুত্ব কি? বায়আত কে নিতে পারবে এবং কাকে বায়আত দেয়া যাবে? যাতে করে ইসলামের ঐক্য ও সংহতির জন্য এই গুরুত্বপূর্ণ বিষয়টি পীর-সূফী ও তরীকত পন্থি নামক ছিনতাইকারীদের কবল থেকে রক্ষা করে আবার যথাযথ স্থানে ফিরিয়ে আনা যায়। আমীন!

১৮. যিকরে জলী

পীর-সূফীগণের বিভিন্ন তরীকায় সুরে সুর মিলিয়ে, তালে তাল মিলিয়ে, ঘাড়ে ঘাড় মিলিয়ে, সমস্বরে চিৎকার মেরে যিকির করতে দেখা যায়। কেউ হেলে-দুলে, কেউ নেচে-গেয়ে আবার কেউ দৌড়-ঝাঁপ করে যিকির করতে থাকে। পীর-সূফীগণ এর দলীল হিসাবে বিভিন্ন কিতাবের ভূয়া দলীলপত্র পেশ করে থাকেন। আবার কেউ কেউ নিম্নের হাদীস দুটিকে পেশ করে থাকেন। যেমন চরমোনাইয়ের পীর সৈয়দ মোহাম্মাদ এসহাক বলেন:

"عَنْ أَبِي سَعِيد عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ أَكْثِرُوا ذِكْرَ اللَّهِ حَتَّى يَقُولُوا مَجْنُونٌ

অর্থ: "হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমাইয়াছেন; তোমরা এই পরিমান আল্লাহর জেকের কর যে, লোকে তোমাদিগকে পাগল বলুক।"

দ্বিতীয় হাদীসে আছে:

عن أبي الجوزاء رضي الله عنه قال قال رسول الله صلى الله عليه و سلم :أكثروا ذكر الله حتى يقول المنافقون إنكم مراؤون

এই পরিমানে আল্লাহর জেকের কর যে, মোনাফেকরা তোমাদিগকে রিয়াকার বলিতে ইচ্ছুক।[৯১৫]"

অথচ এই হাদীস দুটির প্রথম হাদীসটিকে অনেক হাদীস বিশারদগণ দূর্বল হাদীস বলে আখ্যায়িত করেছেন। আর দ্বিতীয় হাদীসটি একটি 'মুরসাল' হাদীস। যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত বলে

[৯১৫] জেকরে জলী বা অজদ হালের অকাট্য দলীল ১৬ পৃষ্ঠা; সংশোধিত সংস্করণ নভেম্বর ২০০৫।

নিশ্চিত নয়। যদি তর্কের খাতিরে এই হাদীসগুলোকে গ্রহণযোগ্য বলে মেনে নেওয়া হয় তাহলেও এর সঠিক অর্থ হবে এরকম যে, 'তুমি এমন ভাবে জিকির (আল্লাহর আলোচনা) কর যাতে তোমাকে লোকেরা পাগল বলে। অর্থাৎ হাঁটে-বাজারে, ব্যবসা-বানিজ্যে সকল ক্ষেত্রে আল্লাহর (সুব:)এর দ্বীনের দাওয়াত ও আলোচনা করতে বলা হয়েছে। আর রাসূলুল্লাহূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এবং তার সাহাবায়ে কেরামদেরকে এই কাজের জন্যই পাগল বলা হয়েছে। জোরে জোরে চিৎকার করে যিকির করার জন্য তাদেরকে পাগল বলা হয়নি। পবিত্র কুরআনে জিকিরের আদব সম্পর্কে বলা হয়েছে:

{ ادْعُوا رَبَّكُمْ تَضَرُّعًا وَخُفْيَةً إِنَّهُ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ } [الأعراف : ৫৫]

অর্থ: "তোমরা তোমাদের রবকে ডাক অনুনয় বিনয় করে ও চুপিসারে। নিশ্চয় তিনি পছন্দ করেন না সীমালঙ্ঘনকারীদেরকে ।"[৯১৬]

অপর আয়াতে আল্লাহ (সুব:)বলেন,

{ وَاذْكُرْ رَبَّكَ فِي نَفْسِكَ تَضَرُّعًا وَخِيفَةً وَدُونَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ وَالْآصَالِ وَلَا تَكُنْ مِنَ الْغَافِلِينَ} [الأعراف : ٢٠٥]

অর্থ: "আর তুমি নিজ মনে আপন রবকে স্মরণ কর সকাল-সন্ধ্যায় অনুনয়-বিনয় ও ভীতি সহকারে এবং অনুচ্চ স্বরে। আর গাফেলদের অন্তর্ভুক্ত হয়ো না।"[৯১৭]

তাছাড়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

عَنْ أَبِي مُوسَى الأَشْعَرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا غَزَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ **خَيْبَرَ أَوْ قَالَ لَمَّا تَوَجَّهَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَشْرَفَ النَّاسُ عَلَى وَادٍ فَرَفَعُوا أَصْوَاتَهُمْ بِالتَّكْبِيرِ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ارْبَعُوا عَلَى أَنْفُسِكُمْ إِنَّكُمْ لَا تَدْعُونَ أَصَمَّ وَلَا غَائِبًا إِنَّكُمْ تَدْعُونَ سَمِيعًا قَرِيبًا وَهُوَ مَعَكُمْ**

[৯১৬] সুরা আরাফ ৭:৫৫।
[৯১৭] সুরা আরাফ ৭:২০৫।

অর্থ: "আবু মূসা আশ'আরী (রা:) থেকে বর্ণিত, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'খায়বার যুদ্ধে' যাচ্ছিলেন তখন একদল সাহাবী উপত্যকায় আরোহনের সময় উচ্চস্বরে 'আল্লাহু আকবাব, আল্লাহু আকবার' যিকির করে উঠলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, থামো! (অর্থাৎ উচ্চস্বরে যিকির করো না) কেননা তোমরা কোন বধির ও অনুপস্থিত সত্তাকে ডাকছো না। বরং তোমরা এমন সত্বাকে ডাকছো যিনি সবকিছু শুনেন এবং নিকটবর্তী, তিনি তোমাদের সাথেই আছেন।"[৯১৮]

উপরোক্ত আয়াত ও হাদীস সমূহে স্পষ্টভাবে চুপিসরে যিকির করতে বলা হয়েছে। বিশেষ করে আবু মুসা আশআরী থেকে বর্ণিত হাদীসটিতে তার কারন ও ব্যাখ্যা করা হয়েছে। সুতরাং যারা মুমিন তাদের জন্য কুরআন ও হাদীসের দলীলগুলোই যথেষ্ট। আর যারা কুরআন-হাদীস বাদ দিয়ে কোন ব্যক্তি অথবা তথা কথিত পীর-ওলীদের তরীকা মানে তাদের কথা ভিন্ন।

তাবলীগ জামাতের পর্যালোচনা:

তাবলীগ জামাত একটি বিশ্বব্যাপী সংগঠন। যারা দ্বীনের দাওয়াত এবং তাবলীগের মেহনতের কাজ করে যাচ্ছেন। সাধারণ মানুষদেরকে তারা মসজিদমুখী করেন। সালাতের সূরা কেরাত ও প্রাথমিক কিছু মাসআলা–মাসায়েল শিখান। ঘর-বাড়ি, আরাম-আয়েশ ত্যাগ করে তারা দেশ থেকে দেশান্তরে ছুটে যান। নবী-রাসূলগণ যেই দায়িত্ব আঞ্জাম দিয়েছেন সেই দায়িত্ব তারা পালন করছেন। এ জন্য তারা নবীওয়ালা কাজের সাথে জুড়ে আছেন বলে দাবীও করেন। এসব কিছুই ভাল। তবে মনে রাখতে হবে তাবলীগ করতে আল্লাহ (সুব:)নির্দেশ করেছেন। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

{يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ وَإِنْ لَمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهُ وَاللَّهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ} [المائدة : ٦٧]

[৯১৮] সহীহ বুখারী ৪২০৯; সুনানে আবু দাউদ ১৫২৮; মুসনাদে আহমদ ১৯৭৪৫; সুনানে বায়হাক্বী ৩১৩২।

অর্থ: "হে রাসূল, তোমার রবের পক্ষ থেকে তোমার নিকট যা নাযিল করা হয়েছে, তা পৌঁছে দাও আর যদি তুমি না কর তবে তুমি তাঁর রিসালাত পৌঁছালে না। আর আল্লাহ তোমাকে মানুষ থেকে রক্ষা করবেন। নিশ্চয় আল্লাহ কাফির সম্প্রদায়কে হিদায়াত করেন না।"[৯১৯]

এ আয়াতে 'তোমার প্রতি যা নাজিল করা হয়েছে' অংশটি গুরুত্বপূর্ণ। আর তা হল, আল্লাহ (সুব:)যে তাবলীগ করার নির্দেশ করেছেন তা হতে হবে সম্পূর্ণভাবে আল্লাহ (সুব:)নাজিলকৃত ওহী কেন্দ্রিক। ওহীর আলোকে বর্তমানে প্রচলিত তাবলীগ জামাআ'তকে ইসলামের তাবলীগ বলা চলে না। তার কারণ অনেকগুলো। তার থেকে মৌলিক কিছু কারণ নিম্নে তুলে ধরা হলো।

১. লা-ইলাহা ইল্লাল্লাহ এর অর্থ বিকৃতি: তাবলীগ জামাআ'তের লোকেরা 'লা-ইলাহা ইল্লাল্লাহ' এর তরজমা করে 'কিছু থেকে কিছু হয়না, সব কিছু আল্লাহর পক্ষ থেকে হয়। দোকানে খাওয়ায় না, চাকরিতে খাওয়ায় না, ব্যবসা-বাণিজ্য খাওয়ায় না, আল্লাহ খাওয়ায়। এই বিশ্বাস করার নাম 'লা ইলাহা ইল্লাল্লাহ'।

মূলত: 'লা-ইলাহা ইল্লাল্লাহ' এর অর্থ হচ্ছে 'আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই, কোন ইলাহ নেই অর্থাৎ ইলাহ হিসাবে একমাত্র আল্লাহ (সুব:)কেই মেনে নেওয়া এবং অন্য সকল বাতিল ইলাহকে বর্জণ করা। আর ইলাহ বলা হয় 'যিনি সার্বভৌম ক্ষমতার মালিক, যার আনুগত্য করা জরুরী'। সুতরাং 'লা ইলাহা ইল্লাল্লাহ' এর মর্ম কথা হলো আল্লাহ ছাড়া কারো আনুগত্য করা যাবে না। আল্লাহর হুকুমের বিরুদ্ধে অন্য কোন মানব রচিত আইন-বিধান মানা যাবে না। ব্যক্তি জীবনে, পারিবারিক জীবনে, সামাজিক জীবনে, রাষ্ট্রীয় জীবনে ও আন্তর্জাতিক জীবনে কেবল মাত্র এক আল্লাহর বিধান মান্য করা। কিন্তু তাবলীগ জামাআ'তের লোকেরা এ বিষয়গুলোকে এড়িয়ে যান। তারা কার্য্যত: ধর্ম ও রাষ্ট্রকে আলাদা করে ধর্মীয় ক্ষেত্রে আল্লাহর বিধান এবং রাষ্ট্রীয় ক্ষেত্রে মানব রচিত বিধানের অনুসারী। অথচ আল্লাহ (সুব:)বলেন:

[৯১৯] সুরা মায়েদাহ ৫:৬৭।

وَقَالَ اللَّهُ لَا تَتَّخِذُوا إِلَهَيْنِ اثْنَيْنِ إِنَّمَا هُوَ إِلَهٌ وَاحِدٌ فَإِيَّايَ فَارْهَبُونِ.

অর্থ: "আর আল্লাহ বলেছেন, 'তোমরা দুই ইলাহ গ্রহণ করো না। তিনি তো কেবল এক ইলাহ। সুতরাং তোমরা আমাকেই ভয় কর।"[৯২০]

যেহেতু তারা ধর্মকে রাষ্ট্র থেকে আলাদা বিশ্বাস করে সেকারণেই ধর্মনিরপেক্ষ রাজনৈতিক ব্যক্তিবর্গরা তাদেরকে ভালবাসেন, সমর্থণ করেন, সাহায্য করেন এমনকি ধর্ম নিরপেক্ষতায় বিশ্বাসী সরকারগুলো তাদেরকে সার্বিক সহযোগীতা করে থাকে। 'লা ইলাহা ইল্লাল্লাহ' এর সঠিক তরজমা করলে তারা সহযোগীতা করাতো দূরের কথা মক্কার কাফেরদের মত বিরোধিতা করতো। যুগে যুগে সকল নবী-রাসূলদের ক্ষেত্রে তাই হয়েছে। সংক্ষেপে কয়েকজন নবীর কথা প্রমাণ স্বরূপ তুলে ধরছি:

নূহ (আঃ)

لَقَدْ أَرْسَلْنَا نُوحًا إِلَى قَوْمِهِ فَقَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ.

অর্থ: "নিশ্চয় আমি নূহকে তার জাতির কাছে পাঠিয়েছি। সে বলল: হে আমার জাতি! তোমরা আল্লাহর ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের কোন ইলাহ নেই। আমি তোমাদের জন্যে মহাদিবসের শাস্তির আশঙ্কা করছি।"[৯২১]

জবাবে তার জাতি বললঃ

{قَالَ الْمَلَأُ مِنْ قَوْمِهِ إِنَّا لَنَرَاكَ فِي ضَلَالٍ مُبِينٍ} [الأعراف : ٦٠]

অর্থ: "তার জাতির নেতৃবর্গ বলল: আমরা তোমাকে প্রকাশ্য পথভ্রষ্টতার মাঝে দেখতে পাচ্ছি।"[৯২২]

এখানে দেখা গেল তাঁর জাতি তাকে পথভ্রষ্ট, গোমরাহ বলে গালি-গালাজ শুরু করে দিল।

হুদ (আঃ)

وَإِلَى عَادٍ أَخَاهُمْ هُودًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ

[৯২০] সুরা নহল ১৬:৫১।
[৯২১] সুরা আরাফ, ৭:৫৯।
[৯২২] সুরা আরাফ ৭:৬০।

অর্থ: "আদ জাতির কাছে প্রেরণ করেছি তাদের ভাই হুদকে। সে বলল: হে আমার জাতি! তোমরা আল্লাহর ইবাদত কর। তিনি ব্যতিত তোমাদের কোন ইলাহ নেই।"[৯২৩]

জবাবে তার জাতি বললঃ

قَالَ الْمَلَأُ الَّذِينَ كَفَرُوا مِنْ قَوْمِهِ إِنَّا لَنَرَاكَ فِي سَفَاهَةٍ وَإِنَّا لَنَظُنُّكَ مِنَ الْكَاذِبِينَ.

অর্থ: "তার জাতির নেতৃবর্গ বলল: আমরা তোমাকে নির্বোধ দেখতে পাচ্ছি এবং আমরা তোমাকে মিথ্যাবাদী মনে করি।"[৯২৪]

এখানে তারা দু'টি গালি দিল 'নির্বোধ' এবং 'মিথ্যাবাদী'। তারা আরও বললো:

{قَالُوا أَجِئْتَنَا لِنَعْبُدَ اللَّهَ وَحْدَهُ وَنَذَرَ مَا كَانَ يَعْبُدُ آبَاؤُنَا فَأْتِنَا بِمَا تَعِدُنَا إِنْ كُنْتَ مِنَ الصَّادِقِينَ} [الأعراف : ٧٠]

অর্থ: "তারা বলল: তুমি কি আমাদের কাছে এজন্যে এসেছ যে আমরা এক আল্লাহর ইবাদত করি এবং আমাদের বাপ-দাদা যাদের ইবাদত করত, তাদেরকে ছেড়ে দেই? অতএব, নিয়ে আস আমাদের কাছে ঐসকল শাস্তি যা দ্বারা তুমি আমাদেরকে ভয় দেখাচ্ছ, যদি সত্যবাদী হও।"[৯২৫]

সালেহ (আঃ)

{وَإِلَى ثَمُودَ أَخَاهُمْ صَالِحًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ}

অর্থ: "সামুদ জাতির কাছে প্রেরণ করেছি তাদের ভাই সালেহকে। সে বলল: হে আমার জাতি! তোমরা আল্লাহর ইবাদত কর। তিনি ব্যতিত তোমাদের আর কোন ইলাহ নেই।"[৯২৬]

জবাবে তার জাতি বললঃ

{قَالَ الَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا بِالَّذِي آمَنْتُمْ بِهِ كَافِرُونَ} [الأعراف : ٧٦]

অর্থ: "দাম্ভিকরা (ক্ষমতাসীনরা) বলল, তোমরা যে বিষয়ে বিশ্বাস স্থাপন করেছ, আমরা তাতে অবিশ্বাসী (মানি না)।"[৯২৭]

[৯২৩] সুরা আরাফ ৭:৬৫।
[৯২৪] সুরা আরাফ ৭:৬৬।
[৯২৫] সুরা আরাফ ৭:৭০।
[৯২৬] সুরা আরাফ, ৭:৭৩।

ইবরাহীম (আঃ)

{ وَاذْكُرْ فِي الْكِتَابِ إِبْرَاهِيمَ إِنَّهُ كَانَ صِدِّيقًا نَبِيًّا (٤١) إِذْ قَالَ لِأَبِيهِ يَا أَبَتِ لِمَ تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ وَلَا يُغْنِي عَنْكَ شَيْئًا (٤٢) يَا أَبَتِ إِنِّي قَدْ جَاءَنِي مِنَ الْعِلْمِ مَا لَمْ يَأْتِكَ فَاتَّبِعْنِي أَهْدِكَ صِرَاطًا سَوِيًّا (٤٣) يَا أَبَتِ لَا تَعْبُدِ الشَّيْطَانَ إِنَّ الشَّيْطَانَ كَانَ لِلرَّحْمَنِ عَصِيًّا (٤٤) يَا أَبَتِ إِنِّي أَخَافُ أَنْ يَمَسَّكَ عَذَابٌ مِنَ الرَّحْمَنِ فَتَكُونَ لِلشَّيْطَانِ وَلِيًّا} [مريم : ٤١ – ٤٥]

অর্থ: "আর স্মরণ কর এই কিতাবে ইবরাহীমকে। নিশ্চয় সে ছিল পরম সত্যবাদী, নবী। যখন সে তার পিতাকে বলল, 'হে আমার পিতা, তুমি কেন তার ইবাদাত কর যে না শুনতে পায়, না দেখতে পায় এবং না তোমার কোন উপকারে আসতে পারে'? 'হে আমার পিতা! আমার কাছে এমন জ্ঞান এসেছে যা তোমার কাছে আসেনি, সুতরাং আমার অনুসরণ কর, তাহলে আমি তোমাকে সঠিক পথ দেখাব'। 'হে আমার পিতা, তুমি শয়তানের ইবাদাত করো না। নিশ্চয় শয়তান হল পরম করুণাময়ের অবাধ্য'। 'হে আমার পিতা, আমি আশংকা করছি যে, পরম করুণাময়ের (পক্ষ থেকে) তোমাকে আযাব স্পর্শ করবে, ফলে তুমি শয়তানের সঙ্গী হয়ে যাবে।"[৯২৮]

জবাবে তার পিতা বললো:

قَالَ أَرَاغِبٌ أَنْتَ عَنْ آلِهَتِي يَا إِبْرَاهِيمُ لَئِنْ لَمْ تَنْتَهِ لَأَرْجُمَنَّكَ وَاهْجُرْنِي مَلِيًّا

অর্থ: "পিতা বলল: হে ইবরাহীম! তুমি কি আমার ইলাহদের থেকে মুখ ফিরিয়ে নিচ্ছ? যদি তুমি বিরত না হও, তবে আমি অবশ্যই পাথর মেরে তোমাকে হত্যা করবো। তুমি চিরতরে আমার কাছ থেকে দূর হয়ে যাও।"[৯২৯]

এই আয়াতগুলোতে দেখা গেল যে, ইবরাহীম (আ:) কে তার পিতা হত্যা করার অথবা ঘর থেকে বের করে দেওয়ার হুমকি দিলেন এবং ইবরাহীম (আ:) কে শেষ পর্যন্ত হিজরত করতেও হলো।

---

[৯২৭] সুরা আরাফ, ৭:৭৬।
[৯২৮] সুরা মারইয়াম, ১৯:৪১-৪৫।
[৯২৯] সুরা মারইয়াম, ১৯:৪৬।

শুআ'ইব (আঃ)

وَإِلَى مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ

অর্থ: "আমি মাদইয়ানবাসীদের প্রতি তাদের ভাই শুআ'ইবকে প্রেরণ করেছি। সে বলল: হে আমার জাতি! তোমরা আল্লাহর ইবাদত কর। তিনি ব্যতীত তোমাদের কোন ইলাহ নেই।"[৯৩০]

জবাবে তার জাতি বললঃ

{قَالَ الْمَلَأُ الَّذِينَ اسْتَكْبَرُوا مِنْ قَوْمِهِ لَنُخْرِجَنَّكَ يَا شُعَيْبُ وَالَّذِينَ آمَنُوا مَعَكَ مِنْ قَرْيَتِنَا أَوْ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا} [الأعراف : ٨٨]

অর্থ: তার জাতির দাম্ভিক নেতারা বলল: হে শুআ'ইব! আমরা অবশ্যই তোমাকে এবং তোমার সাথে বিশ্বাস স্থাপনকারীদেরকে শহর থেকে বের করে দেব অথবা তোমরা আমাদের ধর্মে প্রত্যাবর্তন করবে।"[৯৩১]

এই আয়াতে দেখা গেল যে, শুআ'ইব (আ:) কে তার জাতি এক ইলাহের ইবাদতের প্রতি আহবান করার কারণে তাকে দেশ থেকে বের করে দেওয়ার হুমকি দিল।

মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

আমাদের প্রিয় নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তিনিও এই 'লা ইলাহা ইল্লাল্লাহ' এর দাওয়াত দিয়েছেন। তিনি ঘোষণা করলেন :

{وَإِلَهُكُمْ إِلَهٌ وَاحِدٌ لَا إِلَهَ إِلَّا هُوَ الرَّحْمَنُ الرَّحِيمُ} [البقرة : ١٦٣]

অর্থ: "আর তোমাদের ইলাহ হচ্ছেন একমাত্র ইলাহ। তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তিনি পরম করুণাময় ও অত্যন্ত দয়ালু।"[৯৩২]

এই এক ইলাহের ইবাদতের প্রতি দাওয়াত দেওয়ার জন্যই আমাদের রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আদেশ করা হয়েছিল। ইরশাদ হচ্ছে:

{قُلْ إِنَّمَا يُوحَى إِلَيَّ أَنَّمَا إِلَهُكُمْ إِلَهٌ وَاحِدٌ فَهَلْ أَنْتُمْ مُسْلِمُونَ} [الأنبياء : ١٠٨]

---

[৯৩০] সুরা আরাফ: ৮৫।
[৯৩১] সুরা আরাফ ৭:৮৮।
[৯৩২] সুরা বাক্বারা ২:১৬৩।

অর্থ: "বলুন: আমাকে তো এ আদেশই দেয়া হয়েছে যে, তোমাদের ইলাহ কেবলমাত্র একজন। সুতরাং তোমরা কি সেই এক ইলাহের প্রতি আনুগত্যশীল হবে?"[৯৩৩]

তিনি আরও স্পষ্টভাবে ঘোষণা করলেন যে, ধর্মীয় ক্ষেত্রে এক আল্লাহর বিধান আর রাষ্ট্রীয় ক্ষেত্রে আরেক আল্লাহর বিধান (মানব রচিত বিধান) মানা চলবে না। ইরশাদ হচ্ছে:

وَقَالَ اللَّهُ لَا تَتَّخِذُوا إِلَهَيْنِ اثْنَيْنِ إِنَّمَا هُوَ إِلَهٌ وَاحِدٌ فَإِيَّايَ فَارْهَبُون

অর্থ: "আল্লাহ বললেন: তোমরা দুই ইলাহ গ্রহণ করো না। ইলাহ তো কেবলমাত্র একজনই। অতএব আমাকেই ভয় কর।"[৯৩৪]

জবাবে মক্কার কাফের নেতারা বলেছিল:

{ أَجَعَلَ الْآلِهَةَ إِلَهًا وَاحِدًا إِنَّ هَذَا لَشَيْءٌ عُجَابٌ } [ص : ٥]

অর্থ: "সে কি সকল ইলাহদেরকে এক ইলাহের মধ্যে সীমাবদ্ধ করে দিল? (অর্থাৎ বহু ইলাহের ইবাদতকে বাতিল করে এক ইলাহের ইবাদতের মধ্যে সীমাবদ্ধ করে দিল?) নিশ্চয় এটা এক অত্যাশ্চর্য ব্যাপার।"[৯৩৫]

তারা তাদের পূর্বসূরী কাফেরদের চেয়েও এক ধাপ এগিয়ে বললো:

{وَيَقُولُونَ أَئِنَّا لَتَارِكُو آلِهَتِنَا لِشَاعِرٍ مَجْنُون } [الصافات : ٣٦]

অর্থ: "আর বলত, 'আমরা কি এক পাগল কবির জন্য আমাদের ইলাহদের ছেড়ে দেব?"[৯৩৬]

এখানে দেখা গেল যে, আমাদের রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকেও মক্কার প্রভাবশালী নেতারা 'পাগল' ও 'উম্মাদ কবি' বলে গালি-গালাজ করলো।

তাবলীগ ওয়ালাদের কালিমা 'লা ইলাহা ইল্লাল্লাহ' এবং আমাদের প্রিয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কালিমা যদি একই হতো তাহলে তাদেরকেও বর্তমান যুগের ধর্মনিরপেক্ষতাবাদী, মূর্তির হেফাজতকারী,

[৯৩৩] সুরা আম্বিয়া ২১:১০৮।
[৯৩৪] সুরা নাহল ১৬:৫১।
[৯৩৫] সুরা সাদ ৩৮:৫।
[৯৩৬] সুরা সাফফাত ৩৭:৩৬।

মূর্তিপূজারী, আগুনপূজারী, নাস্তিক, মুরতাদ প্রভাবশালী নেতারা তাদের সহযোগীতার পরিবর্তে বিরোধিতা করতো। বুঝা গেল, তাবলীগ জামাআ'তের কালিমা ও মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কালিমা এক নয়। এ প্রসঙ্গে একটি ঘটনা উল্লেখ করছি: মিসরের প্রসিদ্ধ আলেম, তাফসীর ফী যিলালিল কুরআনের লিখক সাইয়্যেদ কুতুব শহীদ (র:) যখন মিশরে 'লা ইলাহা ইল্লাল্লাহ'র মর্মকথা তুলে ধরলেন। বিশেষ করে 'মাআ'লিম ফিত তরিক্ব' বা 'ইসলামী সমাজ বিপ্লবের ধারা' নামক বইটি লিখলেন তখন মিশরের যুবকদের মধ্যে ব্যাপক সাড়া পড়ে। তারা আবার নতুন করে ঈমানী বলে বলীয়ান হয়ে ওঠে।

এ পর্যায়ে মিশর সরকার তাকে গ্রেফতার করে। শেষ পর্যন্ত তাঁর ফাঁসির হুকুম হয়। ফাঁসির রায় কার্যকর হওয়ার পূর্বে কোন এক সময় এক জন আলেম তাঁর সাথে সাক্ষাত করেন। সাইয়্যেদ কুতুব (র:) লোকটির পরিচয় জানতে চাইলে সে নিজেকে মিশরের কেন্দ্রীয় জেলখানা মসজিদের ইমাম বলে পরিচয় দেয়। সাইয়্যেদ কুতুব তাকে আগমনের উদ্দেশ্য সম্পর্কে জানতে চাইলেন। ইমাম সাহেব বললেন, আপনার তো কিছুক্ষণ পরে ফাঁসি কার্যকর হবে। আর আমার দায়িত্ব হলো যে সকল মুসলিম বন্দিদের ফাঁসি দেওয়া হয় তাদেরকে তওবা করানো ও কালেমাতুশ শাহাদাত পাঠ করানো।

সাইয়্যেদ কুতুব (র:) আশ্চর্য হয়ে জিজ্ঞেস করলেন আপনি কালেমাতুশ শাহাদাত পাঠ করান? বলুন তো আপনার কালেমায়ে শাহাদাতটা কি? ইমাম সাহেব বললেন, 'আশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহু ওআশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু'। সাইয়্যেদ কুতুব (র:) বললেন, আশ্চর্য্য কথা! এই কালেমার কথা বলার জন্যইতো আমার ফাঁসি হচ্ছে। যেই কালেমার কথা বলার অপরাধে আমার ফাঁসি হচ্ছে সেই একই কালেমা পড়ানোর বিনিময়ে আপনাকে পয়সা দিচ্ছে। যেই কালেমা বলার অপরাধে সরকার আমার জীবনাবশান করছে ঐ একই সরকার তোমাকে ঐ কালেমা পড়াবার জন্য জীবিকা দিচ্ছে। বুঝা গেল তোমার কালেমা আর আমার কালেমা এক নয়। তোমার কালেমা তাগুতের পয়সা খাওয়ায় আমার কালেমা আমাকে তাগুতের ফাঁসিতে ঝুলায়। বুঝা গেল তোমার কালেমা আর আমার কালিমা এক নয়।

তোমার কালিমা 'লা ইলাহা ইল্লাল্লাহ' তাগুতের সংবিধান 'সকল ক্ষমতার মালিক জনগণ' এর সাথে সাংঘর্ষিক নয়। আমার কালেমা আমাকে শিখায় সকল ক্ষমতার মালিক আল্লাহ (সুবঃ), জনগণ নয়। তোমার কালিমা তাগুতের সংবিধান 'দেশের সংবিধান সর্বোচ্চ আইন অন্যান্য আইনের যতখানি ঐ সংবিধানের সঙ্গে অসমাঞ্জস্যশীল ঐ আইনের ততখানি বাতিল' এর সাথে সাংঘর্ষিক নয়। আমার কালিমা আমাকে শিখায় আল্লাহর কুরআনই সর্বোচ্চ আইন। মানব রচিত অন্যান্য যত আইন-বিচার রয়েছে তার যতখানি ঐ কুরআনের সাথে সাংঘর্ষিক ততখানি বাতিল। তোমার কালিমা তোমাকে হয়ত আসমানের উপরের কথা অথবা যমিনের নিচের কথা বলতে শিখায়। যমিনের উপরে খিলাফত ব্যবস্থা প্রতিষ্ঠা করা, ব্যাংকে, আদালতে, সংসদে, ব্যবসা-বানিজ্যে আল্লাহর বিধান কায়েম করতে শিখায় না। আমার কালিমা আমাকে জীবনের সকল ক্ষেত্রে দ্বীনকে বিজয়ী করতে শিখায়।

তোমার কালিমা তোমাকে ধর্মকে রাজনীতি থেকে আলাদা করে রাজনীতি নিরপেক্ষ ধর্ম পালন করতে শিখায়। আমার কালিমা আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পদ্ধতিতে রাজনীতি করতে শিখায়। আমাকে আরও শিখায় **ধর্ম নিরপেক্ষ রাজনীতি যেমন একটি কুফূরী মতবাদ তেমনিভাবে রাজনীতি নিরপেক্ষ ধর্মও একটি কুফূরী মতবাদ।** তোমার কালিমা তোমাকে জিহাদ বিমুখ ছয় উসূলের দাওয়াত শিখায়, আর আমার কালিমা আমাকে দাওয়াত, হিজরত, জিহাদ ও ক্বিতালও শিখায়। তোমার কালিমা তোমাকে কাফের-মুশরিক ও মুরতাদ-মুনাফিকদের থেকে আল-বারাআহ[৯৩৭] করতে শিখায় না।
আমার কালিমা আমাকে মুমিনদের সঙ্গে আল-ওয়ালা ও আল্লাহদ্রোহী কাফের-মুশরিক, মুরতাদ-মুনাফিক ও সকল প্রকার তাগুত থেকে আল বারাআহ করতে শিখায়। তোমার কালিমার দাওয়াত প্রচার করার জন্য ইহুদী-খৃষ্টান, হিন্দু-বৌদ্ধ কারো কোন বাঁধা নেই। বরং তাদের দেশেও তোমার কালিমার দাওয়াত প্রচার করার জন্য আনন্দের সঙ্গে ভিসা দেয়। আর আমার কালিমার দাওয়াত আমাকে ওদের দেশে যেতে বাঁধা দেয়।

[৯৩৭] সম্পর্ক ছিন্ন করা।

সুতরাং তোমার কালিমা তুমিই পড়তে থাক। তোমার কাছ থেকে আমার কালিমা পড়ার প্রয়োজন নেই।

সত্যিকারেই বর্তমান যুগের তাবলীগ জামাআ'তের কালিমার দাওয়াত ঐ ইমাম সাহেবের দাওয়াতেরই আধুনিক সংস্করণ। আর এ কারণেই তাদের ইজতিমাগুলোকে সফল করার জন্য তাগুতেরা সর্বশক্তি ব্যয় করে সাহায্য-সহযোগীতা করে থাকে। আর আখেরী মোনাজাতে দল বেঁধে অংশগ্রহণ করে। যদি তাবলীগ জামাতের কালিমার দাওয়াত সত্যিকারই মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কালিমার দাওয়াত হতো তাহলে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কালিমার যেরকম বিরোধিতা করা হয়েছে তাদেরও করা হতো। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কালিমার দাওয়াত গ্রহণকারী ও প্রচারকারী যে কঠিন জুলুম-নির্যাতন ও নীপিড়ণের শিকার হতে হয়েছে তাদেরও হতে হতো। বুঝা গেল তাবলীগওয়ালাদের কালিমা 'লা ইলাহা ইল্লাল্লাহ' ও মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক আনিত 'লা ইলাহা ইল্লাল্লাহ' এক নয়।

২. রাজনীতি নিরপেক্ষ ধর্মঃ তাবলীগ জামাআ'তের লোকেরা বলে থাকেন, 'তারা হয়তো আসমানের উপরের কথা বলেন নইলে জমিনের নিচের কথা বলেন।' এর মানে হলো তারা পৃথিবীতে আল্লাহর বিধান বাস্তবায়ন হোক, ব্যাংকে, আদালতে, সংসদে এক কথায় জীবনের সকল ক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে দ্বীন কায়েমের কোন কর্মসূচি তাদের নেই। আর একারণেই একজন মানুষ সারা জীবন তাবলীগ করেও রাজনৈতিক ক্ষেত্রে ধর্মনিরেপেক্ষ রাজনীতি করে যাচ্ছে। তারা ধর্মকে রাজনীতি থেকে সম্পূর্ণ আলাদা একটি পবিত্র জিনিষ বলে বিশ্বাস করে। যা শুধু মসজিদের মধ্যেই সিমাবদ্ধ থাকবে। মসজিদের বাহিরে জীবনের বিশাল অংশে দ্বীন প্রতিষ্ঠা করার কোন পরিকল্পনা তাদের নেই। অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাষ্ট্রীয়ভাবে দ্বীন কায়েমের জন্য সবসময় চেষ্টা করেছেন এবং সফলও হয়েছেন। যিনি মদিনাতে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করেন এবং তিনি নিজেই রাষ্ট্রপ্রধান ছিলেন। সুতরাং ধর্ম নিরেপেক্ষ রাজনীতি যেমন একটি কুফুরী

মতবাদ তেমনিভাবে রাজনীতি নিরপেক্ষ ধর্মও একটি কুফুরী মতবাদ ছাড়া কিছুই নয়।

৩. জিহাদ অস্বীকার: তাবলীগ জামাআ'তের লোকেরা বিশ্বাস করে যে, দাওয়াতের মাধ্যমে যদি সারা দুনিয়ার মানুষ ঠিক হয়ে যায় এবং সত্যিকার অর্থে মুসলিম হয়ে যায়। তাহলে অটোমেটিক ভাবেই রাষ্ট্রীয়ভাবে ইসলাম কায়েম হয়ে যাবে। এ জন্য কোন মারামারি-কাটাকাটির প্রয়োজন নেই। এ কারণেই তারা ইসলামের সর্ব্বোর্চ চূড়া 'আল-জিহাদ ফী সাবিলিল্লাহ'কে অবজ্ঞা ও ক্ষেত্র বিশেষে অস্বীকার করে থাকে। জিহাদের কথা শুনলে তারা বিব্রতবোধ করে। কেউ জিহাদের কথা বললে তারা ক্ষেপে যায় এবং পাল্টা প্রশ্ন করে আপনি কতটা জিহাদ করেছেন?

জিহাদবিমুখ ও রাজনীতি নিরপেক্ষ দাওয়া'তী কাজ করার কারণেই ইহা সকলের কাছে জনপ্রিয়। সকল প্রকার কাফের-মুশরিক, নাস্তিক-মুরতাদ, গণতন্ত্রী-সমাজতন্ত্রী সকলের কাছেই গ্রহণযোগ্য। কোন দেশে যেতে তাদের বাঁধা নেই। অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কালেমার দাওয়াত দিলেন তখন মক্কার নেতারা ক্ষেপে গেল। চরম জুলুম-নির্যাতন আরম্ভ করলো। এমনকি হত্যা করার জন্য চক্রান্ত করলো। এতেই প্রমাণ হয় যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কালেমার দাওয়া'ত এবং তাবলীগওয়ালাদের কালেমার দাওয়া'ত এক নয়। তাছাড়া 'দাওয়া'তের মাধ্যমে সব মানুষ ঠিক হয়ে গেলে জিহাদ-কিতালের কোন প্রয়োজন হবে না' এসব কথার দ্বারা মূলত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হেয় প্রতিপন্য করা হয়। কেননা তাবলীগ জামাআ'তের লোকেরা যেটা বুঝতে সক্ষম হলেন মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটা বুঝতে পারেন নি। তিনি খামাখাই জীবনে ২৭টি যুদ্ধে অংশগ্রহণ করেছেন। অসংখ্য সাহাবীদেরকে যুদ্ধক্ষেত্রে শহীদ করালেন। নিজে রক্তাক্ত হলেন। কাফেরদেরকে হত্যা করলেন। এসব কিছুই তাবলীগ জামাআ'তের বক্তব্য অনুযায়ী চরম অন্যায় হয়েছে (নাউযুবিল্লাহ)।

শুধু মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ই নন বরং তাদের বক্তব্য অনুযায়ী আল্লাহ (সুব:) ও পবিত্র কুরআনে জিহাদের নির্দেশ দিয়ে অন্যায় করেছেন (নাউযুবিল্লাহ)। তাবলীগ জামাআ'ত যে জিহাদ বিরোধী সেটা বর্তমান বিশ্বের হানাফী মাযহাবের সবচেয়ে বড় আলেম আল্লামা তাকী উসমানী সাহেবের বক্তব্য থেকেও ফুটে উঠে। বিস্তারিত জানার জন্য তাঁর রচিত 'ফিকহী মাকালাত' ৩য় খন্ড ২৯৫ পৃষ্ঠা থেকে ৩০৪ পৃষ্ঠা পর্যন্ত পড়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ রইল।

৪. কুরআন-হাদীসের বিকৃতি: যেহেতু তাবলীগ জামাআ'তের লোকেরা জিহাদ বিরোধী, অথচ কুরআনে জিহাদের অসংখ্য আয়াত রয়েছে এবং হাদীসে জিহাদের অসংখ্য হাদীস রয়েছে তাই তারা এসব আয়াত এবং হাদীসকে বিকৃত করার চক্রান্ত করেছে। তারা জিহাদের আয়াত এবং হাদীসগুলোকে বিকৃত করে তাবলীগ জামাআ'তের ক্ষেত্রে ব্যবহার করে। যেমন তারা বলে 'আল্লাহ (সুব:) মুমিনদের জান-মাল ক্রয় করেছেন জান্নাতের বিনিময়ে। চলুন সকলে আল্লাহর রাস্তায় বেরিয়ে পরি।' অথচ যে আয়াতটি তারা এ ক্ষেত্রে ব্যবহার করে সেটি হচ্ছে সূরা তাওবার **১১১** নং আয়াত।

{إِنَّ اللَّهَ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنْفُسَهُمْ وَأَمْوَالَهُمْ بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ} [التوبة: ١١١]

অর্থ: "নিশ্চয় আল্লাহ মুমিনদের থেকে তাদের জান ও মাল ক্রয় করে নিয়েছেন (এর বিনিময়ে) যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা আল্লাহর পথে যুদ্ধ করে। অতএব তারা মারে ও মরে।"[৯৩৮]

এ আয়াতে স্পষ্টভাবে উল্লেখ রয়েছে 'তারা আল্লাহর রাস্তায় যুদ্ধ করে, মারে ও মরে'। কিন্তু তাবলীগ জামাআতের লোকেরা অতি চতুরতার সাথে আয়াতের এ অংশটিকে এড়িয়ে যান। তারা জিহাদ এবং কিতালের এ গুরুত্বপূর্ণ আয়াতটিকে বিকৃত করে ফেললো। তারা গাশতের ফজীলত বয়ান করতে গিয়ে জিহাদের হাদীসগুলো ব্যবহার করে থাকে। যেমন:

---

[৯৩৮] **সুরা তাওবা ৯:১১১।**

عَنْ أَنَسِ بْنِ مَالِك رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَغَدْوَةٌ فِي سَبِيلِ اللَّهِ أَوْ رَوْحَةٌ خَيْرٌ مِنْ الدُّنْيَا وَمَا فِيهَا

অর্থ: "আনাস ইবনে মালেক (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথে একটি সকাল বা একটি সন্ধ্যা অতিবাহিত করা দুনিয়া এবং এর মধ্যে যা কিছু আছে তার থেকেও উত্তম।"[৯৩৯]

তারা হাদীসের অর্থ করে: 'এক সকাল এক বিকাল আল্লাহর রাস্তায় ঘুরা-ফিরা করা দুনিয়া এবং দুনিয়ায় যা কিছু আছে তার চেয়ে উত্তম।' অথচ এটিও জিহাদের ফযিলত সম্পর্কীয় একটি গুরুত্বপূর্ণ হাদীস। এ জন্যই ইমাম বুখারী সহ সকল হাদীস বিশারদগণ এ হাদীসটিকে কিতাবুল জিহাদের ভিতরে উল্লেখ করেছেন। এ হাদীসে মূলত: জিহাদের ময়দানে সামান্য সময় ব্যায় করার ফযিলত বর্ণনা করা হয়েছে। তারা আরও বলে থাকে 'তাবলীগ করতে গিয়ে কারও দরজার সামনে বা দোকানের সামনে সামান্য অপেক্ষা করা শবে কদরে হাজরে আসওয়াদকে সামনে রেখে মাকামে ইবরাহীমের পিছনে দাঁড়িয়ে সারা রাত ইবাদত করার চেয়ে উত্তম।' অথচ এটিও একটি জিহাদের ফজীলত সম্পর্কীয় গুরুত্বপূর্ণ হাদীস। হাদীসটি হলো:

عَنْ اَبِيْ هُرَيْرَةَ اَنَه قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيهِ وَ سَلمَ يَقُولُ مَوْقِفُ سَاعَةٍ فِي سَبِيلِ اللهِ خَيْرٌ مِنْ قِيَامِ لَيْلَةَ الْقَدْرِ عِنْدَ الْحجَرِ الأَسْوَدِ

অর্থঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথে (পাহারার কাজে) একটি মুহূর্ত অবস্থান করা কদরের রাতে হাজরে আসওয়াদের নিকট অবস্থানের চাইতে উত্তম।[৯৪০]

এভাবে তারা কুরআন এবং হাদীসের অসংখ্য জায়গায় পরিবর্তন করেছে।

৫. জিহাদবিহীন ছয় উসূল: তাবলীগওয়ালাদের ছয় উসূলের ভিতরে জিহাদ সহ ইসলামের ঐসকল বিষয়গুলো স্থান পায়নি যেগুলো কাফের-মুশরিকরা অপছন্দ করে। অথচ তারা নিজেদেরকে নবীওয়ালা কাজ করে

---

[৯৩৯] **সহীহ বুখারী ২৭৯২; সহীহ মুসলিম ৪৯৮১; সুনানে তিরমিজি ১৬৫১**

[৯৪০] **হাদীস সহীহঃ ইবনে হিব্বান, হাঃ ১৫৮৩, ইবনে আসাকির, বায়হাকী বিশুদ্ধ সানাদ।**

বলে দাবী করে। দুই একজন নবী-রাসূল ছাড়া প্রায় সকল নবী-রাসূলগণই জিহাদ করেছেন। কেউ শহীদ হয়েছেন, আবার কেউ আহত হয়েছেন। যার বিস্তারিত বিবরণ এ কিতাব পড়লেই পাওয়া যাবে। তাবলীগের লোকেরা হয়তো বলবে, ইসলামের পঞ্চবেনার মধ্যেওতো জিহাদ নেই, তার বিস্তারিত জবাব আমরা পিছনে উল্লেখ করেছি যে, ইসলামের পঞ্চবেনা মানে পাঁচটি পিলার। আর পিলারের উপরে ছাদ না থাকলে বিল্ডিং হয় না। ইসলামের সেই ছাদটিই হলো, আল-জিহাদ ফী সাবিলিল্লাহ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

عَنْ مُعَاذ َ...أَلَا أَدُلُّكَ عَلَى رَأْسِ الأَمْرِ وَعَمُوده وَذُرْوَة سَنَامه ؟ أَمَّا رَأْسُ الأَمْرِ الإِسْلَامُ ، أَسْلِمْ تَسْلَمْ ، وَأَمَّا عَمُودُهُ فَالصَّلَاةُ ، وَأَمَا ذُرْوَةُ سَنَامه فَالْجِهَادُ فِي سَبِيلِ الله

অর্থ: "মুআজ (রা:) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:...আমি কি তোমাদেরকে বলব যে, ইসলামের সকল কাজের মূল কাজ কোনটি? তার খুটি কোনটি এবং তার সর্বোচ্চ চূড়া কোনটি? সাহাবী বললেন অবশ্যই বলুন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: সবকিছুর মূল হল ইসলাম, খুটি হল সালাত এবং সর্বোচ্চ চূড়া হল আল-জিহাদ।[৯৪১]

তাবলীগের লোকজন হয়তো বলবে, আমরা এই ছয়টি উসূলকে পূর্ণাঙ্গ ইসলাম বলিনা বরং আমরা বলে থাকি 'মোটামুটি এই ছয়টি গুণের উপর আমল করিতে পারিলে পূর্ণাঙ্গ ইসলামি জিন্দেগীর উপর চলা সহজ হয়ে যায়'। আমরা তার জবাবে বলতে চাই: এই কথাটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবায়ে কিরামদের কেউই বুঝলেন না, বুঝলেন শুধু তাবলীগ জামাতের মুরুব্বী ও বুযুর্গরা।

তাছাড়া তাদের দাবী অনুযায়ী উক্ত ছয় উসূলের উপর চললে যেরকম পরিপূর্ণ ইসলামী জিন্দেগীর উপর চলা সহজ হয়ে যায় সেরকম শুধু ঈমানের উপরে চললেও পরিপূর্ণ ইসলামের উপর চলা সহজ হয়ে যায়। তাছাড়া উনারা যেরকম ছয় উসূল নির্ধারণ করেছেন অন্য কেউ হয়তো তিন উসূল, আবার কেউ পাঁচ উসূল কেউবা দশ উসূল নির্ধারণ করবে।

---

[৯৪১] **সুনানে ইবনে মাজাহ ৩৯৭৩; সুনানে তিরমিযী ২৬১৬।**

কুরআন-সুন্নাহর দলীল-প্রমাণ ছাড়া এরকম উসূল নির্ধারণ করা ইসলামের মধ্যে নতুন বিদ‘আত করার শামীল ।

৬. আক্বীদাগত ভ্রান্তিঃ

(ক) তাবলীগ জামাআ'তের লোকেরা বিশ্বাস করেন যে, বুযর্গরা সব কিছু দেখেন এবং শুনেন । তাদের কাশফ খোলা থাকে । তারা আল্লাহর সিদ্ধান্ত পর্যন্ত পাল্টে দিতে পারে । এর অসংখ্য কাহিনী তাদের প্রসিদ্ধ বই ‘ফাযায়েলে আ’মাল’ এর ভিতরে উল্লেখ রয়েছে । যেমন শায়েখ আবু ইয়াজিদ কুরতুবী থেকে বর্ণিত এক ঘটনা । তিনি বলেন, “আমি শুনেছি, যে ব্যক্তি সত্তর হাজার বার লা ইলাহা ইল্লাল্লাহ পড়ে সে জাহান্নামের আগুন হইতে নাজাত পাইয়া যায় । আমি এই খবর শুনিয়া এক নেছাব অর্থাৎ সত্তর হাজার বার আমার স্ত্রীর জন্য পড়িলাম এবং কয়েক নেসাব আমার নিজের জন্য পড়িয়া আখেরাতের সম্বল করিয়া রাখিলাম । আমাদের নিকট এক যুবক থাকিত । তাহার সম্বন্ধে প্রসিদ্ধ ছিল যে, তাহার কাশফ হয় এবং জান্নাত-জাহান্নামও সে দেখিতে পায় । ইহার সত্যতার ব্যাপারে আমার কিছুটা সন্দেহ ছিল । একবার সেই যুবক আমাদের সহিত খাওয়-দাওয়ায় শরীক ছিল, এমতাবস্থায় হঠাৎ সে চিৎকার দিয়া উঠিল এবং তাহার শ্বাস বন্ধ হইয়া যাওয়ার উপক্রম হইল এবং সে বলিল, আমার মা জাহান্নামে জ্বলিতেছে, আমি তাহার অবস্থা দেখিতে পাইয়াছি ।

কুরতুবী বলেন, আমি তাহার অস্থির অবস্থা লক্ষ্য করিতেছিলাম । আমার খেয়াল হইল যে, একটি নেছাব তাহার মার জন্য বখশিয়া দেই । যাহা দ্বারা তাহার সত্যতার ব্যাপারেও আমার পরীক্ষা হইয়া যাইবে । সুতরাং আমার জন্য পড়া সত্তর হাজারের নেছাব সমূহ হইতে একটি নেছাব তাহার মার জন্য বখশিশ দিলাম । আমি আমার অন্তরে গোপনেই বখশিয়া ছিলাম এবং আমার এই পড়ার খবরও আল্লাহ ছাড়া আর কাহারও জানা ছিল না । কিন্তু ঐ যুবক তৎক্ষণাৎ বলিতে লাগিল, চাচা! আমার মা জাহান্নামের আগুন হইতে রক্ষা পাইয়া গিয়াছে । কুরতুবী বলেন এই ঘটনা হইতে আমার দুইটি ফায়দা হইল, একটি– সত্তর হাজার বার কালেমা তাইয়্যেবা পড়ার

বরকত সম্পর্কে যাহা আমি শুনিয়াছি উহার অভিজ্ঞতা আর দ্বিতীয়টি যুবকের সত্যতার একীন হইয়া গেল ।”[৯৪২]

খন্ডন

কারামাতুল আউলিয়া সম্পর্কে আহলুস সুন্নাহ ওয়াল জামাআতের আক্বিদাহ হলো আল্লাহ (সুবঃ)যখন যাকে যতটুকু ক্ষমতা দান করেন তখন তার দ্বারা ততটুকু অলৌকিক কিছু প্রকাশ হতে পারে । আর তা অবশ্যই কুরাআন-সুন্নাহর সাথে সাংঘর্ষিক হবে না । তবে এটা কোন স্থায়ী ক্ষমতা নয় । যেমন ইয়াকুব (আঃ) এর ছেলেরা ইউসূফ (আঃ) কে তাঁর নিজ এলাকার কুপে নিক্ষেপ করে বাঘে নিয়ে যাওয়ার রূপ কাহিনী শুনালো তখন তিনি কোন কিছু না বুঝতে পেরে

[فَصَبْرٌ جَمِيلٌ وَاللَّهُ الْمُسْتَعَانُ عَلَى مَا تَصِفُونَ} [يوسف : ١٨ }

অর্থঃ “সুতরাং (আমার করণীয় হচ্ছে) সুন্দর ধৈর্য । আর তোমরা যা বর্ণনা করছ সে বিষয়ে আল্লাহই সাহায্যস্থল ।”[৯৪৩] বলে নিজেকে শান্তনা দিলেন । কিন্তু বহু বছর পরে ইউসূফ (আঃ) যখন তার ভাইদের সাথে পরিচিত হলেন এবং বললেনঃ

اذْهَبُوا بِقَمِيصِي هَذَا فَأَلْقُوهُ عَلَى وَجْهِ أَبِي يَأْتِ بَصِيرًا وَأْتُونِي بِأَهْلِكُمْ أَجْمَعِينَ.

অর্থঃ “তোমরা আমার এ জামাটি নিয়ে যাও, অতঃপর সেটি আমার পিতার চেহারায় ফেল । এতে তিনি দৃষ্টিশক্তি ফিরে পাবেন । আর তোমরা তোমাদের পরিবারের সকলকে নিয়ে আমার কাছে চলে আস ।”[৯৪৪]

যখন ইউসূফ (আঃ) এর ভাইয়েরা সুদূর মিশর থেকে জামা নিয়ে রওয়ানা করলেন ইয়াকুব (আঃ) তখন কেনানে বসে বললেনঃ

وَلَمَّا فَصَلَتِ الْعِيرُ قَالَ أَبُوهُمْ إِنِّي لَأَجِدُ رِيحَ يُوسُفَ لَوْلَا أَنْ تُفَنِّدُون.

অর্থঃ “আর যখন কাফেলা বের হল, তাদের পিতা বলল, ‘নিশ্চয় আমি ইউসুফের ঘ্রাণ পাচ্ছি, যদি তোমরা আমাকে নির্বোধবৃদ্ধ মনে না কর ।”[৯৪৫]

---

[৯৪২] **ফাজায়েলে যিকির ১৩৫ পৃষ্ঠা, দারুল কিতাব কর্তৃক প্রথম প্রকাশ ২০০১ ইং ।**

[৯৪৩] **সুরা ইউসূফ ১২:১৮ ।**

[৯৪৪] **সুরা ইউসূফ ১২:৯৩ ।**

এখানে প্রশ্ন হচ্ছে যে, ইউসূফ (আ:) যখন তোমার বাড়ির পাশে অসহায় অবস্থায় কুপে পড়ে আছে তখন ঘ্রাণ পাওনাই। আর এখন হাজার মাইল দূর থেকে ঘ্রান পাচ্ছ, ব্যাপারটা কি? ব্যাপারটা আর কিছুই নয়, তখন আল্লাহ (সুব:)ঘ্রাণ পাওয়ার ক্ষমতা দেন নি। আর এখন ক্ষমতা দিয়েছেন। কোন কবি সুন্দরই বলেছেন:

زمصر ش بوے پیراهن شنیدی+چرادرچاہےکنعانش نہ دیدی
بگفت احوال مابرق جہاں ست+دمےپیدا ودیگردم نہاں ست
کہےبرطارم اعلی نشینم +گہےبرپشت پائے خود نہ بینم

বুঝা গেল মো'জেজা বা কারামত কোন ক্ষমতার নাম নয় বরং আল্লাহর পক্ষ থেকে পাওয়া তাৎক্ষণিক একটি বিষয়। অথচ উপরোক্ত যুবকের ঘটনায় যুবকের স্থায়ী ক্ষমতা বলে দাবী করা হয়েছে। এ ঘটনায় আরও একটি মারাত্মক দিক হলো হাদীস বিশুদ্ধ কিনা তা যাচাই করার অভিনব কাশ্‌ফ পদ্ধতি। এভাবে যদি হাদীস সহীহ প্রমাণ করা যেত তাহলে মুহাদ্দিসীন কেরামদের এত কষ্ট করে 'আসমাউর রিজাল' শাস্ত্রের কিতাব লেখার কোন প্রয়োজন ছিল না।

৭. দূর্বল ও জাল হাদীসের ছড়াছড়ি: তাবলীগ জামাতের প্রসিদ্ধ কিতাব 'ফাযায়েলে আ'মাল' এর প্রতিটি অধ্যায়ে প্রথমে কিছু আয়াত ও সহীহ হাদীস রয়েছে। কিন্তু তার পরে দূর্বল ও জাল হাদীস ও অনেক আজব কাহিনী দ্বারা সাজানো হয়েছে। যার কোন ভিত্তি ইসলামে নেই। আর যেগুলো সহীহ রয়েছে সেগুলোর অর্থ পরিবর্তণ করা হয়েছে।

৮. স্বপ্নে পাওয়া ধর্ম: তাবলীগ জামাআ'তের লোকেরা যদিও বলে যে, তারা নবীওয়ালা কাজ করছে কিন্তু অপরদিকে তারা বলে থাকে যে, তাদের এ দাওয়াত ও মেহনতের কাজ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বপ্নের মাধ্যমে ইলিয়াস সাহেবকে দান করেছেন। যদি তাবলীগওয়ালাদের কাজ সত্যিই নবীওয়ালা কাজ হতো তাহলে আবার স্বপ্নের মাধ্যমে ইলহাম করতে হবে কেন? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

تَرَكْتُ فِيكُمْ أَمْرَيْنِ، لَنْ تَضِلُّوا مَا تَمَسَكْتُمْ بِهِمَا كِتَابَ اللَّهِ، وَسُنَّةَ نَبِيِّهِ

[৯৪৫] সুরা ইউসূফ ১২:৯৪।

অর্থ:"আমি তোমাদের মাঝে দু'টি জিনিষ রেখে গেলাম যতক্ষণ পর্যন্ত তোমরা দু'টি জিনিষকে আকড়ে ধরবে ততক্ষণ পর্যন্ত তোমরা গোমরাহ হবে না। একটি হলো আল্লাহর কিতাব 'কুরআন' আরেকটি হলো আমার সুন্নাহ 'সহীহ হাদীস।"[৯৪৬]

৯. ফী সাবিলিল্লাহ শব্দের অর্থ বিকৃতি:

তাবলীগ জামাতের লোকদের প্রায়ই বলতে শুনা যায় যে, "আল্লাহর রাস্তায় বের হোন, আল্লাহর রাস্তায় খরচ করুন, আল্লাহর রাস্তায় ঘোরা-ফেরা করুন" ইত্যাদি। আর এর ফযিলত বয়ান করতে গিয়ে ঐ সমস্ত আয়াত এবং হাদীস পেশ করে থাকে, যেগুলোতে **فِي سَبِيلِ اللَّـهِ** "ফি-সাবিলিল্লাহ" শব্দটি উল্লেখ রয়েছে। যেমন: আল্লাহর রাস্তায় বের হয়ে ব্যয় করার ফযিলত:

{مَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ كَمَثَلِ حَبَّةٍ أَنْبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِي كُـلِّ سُنْبُلَةٍ مِائَةُ حَبَّةٍ وَاللَّهُ يُضَاعِفُ لِمَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ} [البقرة: ٢٦١]

অর্থ: যারা আল্লাহর পথে তাদের সম্পদ ব্যয় করে, তাদের উপমা একটি বীজের মত, যা উৎপন্ন করল সাতটি শীষ, প্রতিটি শীষে রয়েছে একশ' দানা। আর আল্লাহ যাকে চান তার জন্য বাড়িয়ে দেন। আর আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।"[৯৪৭]

এই আয়াত দ্বারা প্রমাণ দিয়ে তাবলীগ জামাতের লোকেরা বলে থাকে যে, "আল্লাহর রাস্তায় বের হয়ে এক টাকা খরচ করলে উনপঞ্চাশ কোটি টাকা খরচ করার ছওয়াব পাওয়া যায়।" আসলে কি এখানে আল্লাহর রাস্তা বলতে তাবলীগ জামাত বুঝানো হয়েছে। নাকি জিহাদের রাস্তাকে বুঝানো হয়েছে? আমরা সহীহ তাফসীর থেকে জানার চেষ্টা করি।

তাফসীরে ইবনে কাসীরে বর্ণিত হয়েছে;

[৯৪৬] মুআত্তায়ে মালেক ২৬৪০; মুসতাদরাকে হাকেম ৩১৯।
[৯৪৭] সুরা বাকারা ২:২৬১।

قَالَ مَكْحُوْلٌ: يَعْنِيْ بِه: اَلْإِنْفَاقُ فِي الْجِهَادِ، مِنْ رِبَاطِ الْخَيْلِ وَإِعْدَادِ السَّلَاحِ وَغَيْرِ ذَلِكَ، وَقَالَ شَبِيْبُ بْنُ بِشْرٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ: اَلْجِهَادُ وَالْحَجُّ، يُضَعَّفُ الدِّرْهَمُ فِيْهِمَا إِلَىْ سَبْعَمِأَةِ ضِعْفٍ (تفسير ابن كثير (١/ ٦٩١)

অর্থ: "মাকহুল বলেন, এ আয়াতে আল্লাহর রাস্তায় ব্যয় করা বলতে জিহাদকে বুঝানো হয়েছে। ঘোড়া প্রস্তুত রাখা, অস্ত্র তৈরী করা ইত্যাদীকে বুঝানো হয়েছে। শাবীব ইবনে বাশীর ইকরামা হতে তিনি ইবনে আব্বাস (রা:) হতে বর্ণনা করেন যে, এ আয়াতে আল্লাহর রাস্তা বলতে জিহাদ এবং হজ্জ কে বুঝানো হয়েছে যেখানে এক দিরহামকে সাতশত গুন পর্যন্ত বৃদ্ধি করে দেয়া হয়।"[৯৪৮]

আল্লাহর রাস্তায় এক সকাল ও এক বিকাল ব্যয় করার ফযিলত। হাদীসে বর্ণিত হয়েছে-

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَغَدْوَةٌ فِي سَبِيلِ اللَّهِ أَوْ رَوْحَةٌ خَيْرٌ مِنْ الدُّنْيَا وَمَا فِيهَا

অর্থ: "আনাস ইবনে মালেক (রা:) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথে একটি সকাল বা একটি সন্ধ্যা অতিবাহিত করা দুনিয়া এবং এর মধ্যে যা কিছু আছে তার থেকেও উত্তম।"[৯৪৯]

এ হাদীসটি বুখারী, মুসলিম, তিরমিযী সহ আহমদ, ত্বাবরানী এবং বাইহাক্বীতে সহীহ সনদে উল্লেখ আছে। সকল মুহাদ্দিসীনের কিরাম এ হাদীসটি জিহাদের অধ্যায়ে উল্লেখ করেছেন। এর দ্বারা প্রতিয়মান হয় যে, হাদীসটি জিহাদ বিষয়ক। এছাড়াও হাদীস ব্যাখ্যাকারীদের মধ্যে প্রসিদ্ধ হানাফী আলেম, আল্লামা বদরুদ্দীন আইনী (রহ:) তার বুখারীর ব্যাখ্যা গ্রন্থ 'উমদাতুল ক্বারীতে বলেন:

وَقَالَ الْقُرْطُبِيْ أَيْ اَلثَّوَابُ الْحَاصِلُ عَلَىْ مَشْيَةٍ وَاحِدَةٍ فِي الْجِهَادِ خَيْرٌ لِصَاحِبِه مِنَ الدُّنْيَا وَمَا فِيْهَا لَوْ جُمِعَتْ لَهُ بِحَذَافِيْرِهَا

[৯৪৮] তাফসীরে ইবনে কাসীর ১ম খন্ড, ৬৯১ পৃষ্ঠা।
[৯৪৯] সহীহ বুখারী ২৭৯২; সহীহ মুসলিম ৪৯৮১; সুনানে তিরমিজি ১৬৫১

অর্থ: "কুরতুবী (রহ:) বলেন, জিহাদের ময়দানে সামান্য পথ চলার দ্বারা যে পরিমান সওয়াব অর্জই হয় তা গোটা পৃথিবী ও তার মধ্যে যা কিছু আছে সব কিছু একত্র করলেও তার চেয়ে উত্তম।"[৯৫০]

আল্লামা ইবনে হাজার আসক্বালানী (রহ:) তার বুখারীর ব্যাখ্যা গ্রন্থ ফাতহুর বারীতে এ হাদীসের ব্যাখ্যা করতে গিয়ে বলেন:

قَوْلُهُ فِيْ سَبِيْلِ اللهِ أَيِ الْجِهَادُ

অর্থাৎ এই হাদীসে ফি-সাবিলিল্লাহ বলতে জিহাদকে বুঝানো হয়েছে।[৯৫১] এই হাদীসের শানে উরূদের ব্যাপারে মোল্লা আলী ক্বারী হানফী (রহ:) তার মিশকাতের প্রসিদ্ধ শরাহ মিরকাতে বলেন:

فلما صلى مع رسول الله رآه فقال ما منعك أن تغدو مع أصحابك فقال أردت أن أصلي معك ثم ألحقهم بالنصب فقال لو أنفقت ما في الأرض جميعا ما أدركت فضل غدوقم بفتح الغين وضمها أي فضيلة إسراعهم في ذهابهم إلى الجهاد قال الطيبي كان الظاهر أن يقال غدوقم أفضل من صلاتك هذه فعدل إلى المذكور مبالغة كأنه قيل لا يوازيها شيء من الخيرات وذلك أن تأخره ذاك ربما يفوت عليه مصالح كثيرة ولذلك ورد لغدوة في سبيل الله أو روحة خير من الدنيا وما فيها رواه الترمذي

অর্থ: যখন তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সালাত আদায় করলেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখলেন এবং বললেন, কি কারণে তুমি তোমার সঙ্গিদের সাথে যুদ্ধে যাওনি? সে বললো আমি ইচ্ছা করেছিলাম আপনার সাথে সালাত আদায় করে তাদের সাথে মিলিত হবো।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন যদি তুমি জমিনের সমস্ত সম্পদ দান করে দাও তবুও তাদের সমপরিমান সওয়াব পাবে না যতটুকু সওয়াব তারা এতটুকু সময় যুদ্ধে রওয়ানা হওয়ার মাধ্যমে পেয়েছে।

[৯৫০] উমদাতুল ক্বারী ২৭ খন্ড, ৪৩ পৃষ্ঠা।
[৯৫১] ফাতহুল বারী ১৯ খন্ড, ১৯ পৃষ্ঠা।

আল্লামা ত্বীবী (র:) বলেন যে, বাহ্যিকভাবে কথাটা এভাবে হওয়া উচিত ছিল যে, তোমার এই সালাতের থেকে ওদের সকাল বেলা রওয়ানা হয়ে যাওয়াটা অনেক ভাল। কিন্তু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এভাবে না বলে কথাটা একটু ভিন্নভাবে বললেন। একথা বুঝানোর জন্য যে, তারা যে সকালে চলে গেল তার সমতুল্য পৃথিবীতে কোন আমল নেই। কারণ তার এই বিলম্ব করার দ্বারা যুদ্ধ ক্ষেত্রে অনেক বড় সুবিধা হাত ছাড়া হয়ে যাওয়ার আশংকা থাকতে পারে। এজন্যই হাদীসে বর্ণিত হয়েছে যে, 'এক সকাল কিংবা এক বিকাল আল্লাহর রাস্তায় (যুদ্ধের ময়দানে) কাটানো দুনিয়া এবং দুনিয়ায় যা কিছু আছে তার থেকে উত্তম।"[৯৫২]

ইমাম শানক্বিত্বী (রহ:) বলেন, فِيْ سَبِيْلِ الله শব্দটি যখন কুরআন ও হাদীসে مُطْلَقاً সাধারণভাবে ব্যাবহার হবে তখন তার দ্বারা দুটি অর্থের কোন একটি উদ্দেশ্য হবে হয়তো فِيْ سَبِيْلِ الله শব্দের বিশেষ অর্থ উদ্দেশ্য হবে আর তা হচ্ছে আল্লাহর রাস্তায় যুদ্ধ করা। আর এটাই হচ্ছে বেশী প্রসিদ্ধ এবং প্রচারিত। অথবা فِيْ سَبِيْلِ الله শব্দের ব্যাপক অর্থ উদ্দেশ্য হবে। আর তা হচ্ছে ব্যাপক কল্যাণ, ব্যাপক আনুগত্য, ব্যাপক নেক আমল। তবে কোন অর্থটি প্রসিদ্ধ সে ব্যাপারে কথা হলো:

وَالْأَكْثَرُ وَالْأَشْهَرُ أَن يُطْلَقَ سَبِيْلُ الله وَيُرَادُ به الْجِهَادُ فِيْ سَبِيْلِ الله عَزَّ وَجَلَّ، حَتَّى أَنَّ الْعُلَمَاءَ رَحِمَهُمُ اللهُ يَقُوْلُوْنَ: مِنْ فَوَائِد الْجِهَاد: أَنَّ اللهَ سُبْحَانَهُ وَتَعَالَىْ سَمَّى الْجِهَادَ سَبِيْلاً لَهُ، لِمَا فِيْه مِنْ عَظِيْمِ الْمَكْرُمَات،

অর্থ: অনেক বেশী প্রসিদ্ধ হল فِيْ سَبِيْلِ الله শব্দটি যখন কুরআনে مُطْلَقٌ "মুত্বলাক্ব" সাধারণভাবে ব্যাবহার হয় তখন তার দ্বারা উদ্দেশ্য হচ্ছে "আল্লাহর রাস্তায় যুদ্ধ করা।" এমনকি উলামায়ে কিরামগণ বলেন, জিহাদের ফায়দা সমূহের একটি ফায়দা হচ্ছে যে, আল্লাহ (সুব:) জিহাদকে سَبِيْلُ الله "সাবিলুল্লাহ" (আল্লাহর রাস্তা) নামে নামকরণ করা হয়েছে। কেননা তাতে রয়েছে অনেক সম্মান।[৯৫৩]

১০. আল ওয়ালা ওয়াল বারাআহ বিহীন ধর্ম

[৯৫২] মিরকাতুল মাফাতীহ ১২ নং খন্ড ৫৫নং পৃষ্ঠা।
[৯৫৩] শরহু যাদিল মুসতানকী'আ লিশ্‌শানক্বিত্বী ১৬ নং খন্ড ১৩৭ নং পৃষ্ঠা।

ইসলামের একটি মৌলিক বিষয় হচ্ছে 'আল ওয়ালা ওয়াল বারাআহ' অর্থাৎ মুমিনদের সাথে বন্ধুত্ব করা ও আল্লাহদ্রোহী সকল প্রকার তাগুতের থেকে সম্পর্ক ছিন্ন করা। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

{فَمَنْ يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِنْ بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَى لَا انْفِصَامَ لَهَا وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ } [البقرة : ٢٥٦]

অর্থ: "যে ব্যক্তি তাগুতকে অস্বীকার করলো এবং আল্লাহর প্রতি ঈমান আনলো, সে তো মজবুত ও শক্ত হাতল ধারণ করলো যা কখনো ছিড়ে যাবার নয়।"[৯৫৪]

অপর আয়াতে আল্লাহ (সুব:)বলেন:

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ

অর্থ: "আর আমি অবশ্যই প্রত্যেক জাতিতে একজন রাসূল প্রেরণ করেছি যে, তোমরা আল্লাহর ইবাদাত কর এবং পরিহার কর তাগূতকে।"[৯৫৫]
যারাই যুগে যুগে ইসলামের দাওয়াত প্রচার করেছেন তারা সকলেই তাগুতকে বর্জণ করার প্রকাশ্য ঘোষণা দিয়েছেন। ইবরাহীম (আ:) সর্ম্পকে আল্লাহ (সুব:)ইরশাদ করেছেন:

قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّى تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ} [الممتحنة : ٤]

অর্থ: "ইবরাহীম ও তার সাথে যারা ছিল তাদের মধ্যে তোমাদের জন্য রয়েছে উত্তম আদর্শ। তারা যখন স্বীয় সম্প্রদায়কে বলছিল, 'তোমাদের সাথে এবং আল্লাহর পরিবর্তে তোমরা যা কিছুর ইবাদত কর তা হতে আমরা সম্পর্কমুক্ত। আমরা তোমাদেরকে অস্বীকার করি; এবং আমাদের-তোমাদের মাঝে চির শত্রুতা ও বিদ্বেষ শুরু হলো, যতক্ষণ না তোমরা এক আল্লাহর প্রতি ঈমান আন।"[৯৫৬]

[৯৫৪] সূরা বাক্বারাহ ২:২৫৬।
[৯৫৫] সুরা নাহাল ১৬:৩৬।
[৯৫৬] সুরা মুমতাহিনাহ ৬০:৪।

অথচ তাবলীগ জামাআ'তের লোকেরা একদিকে ইসলামের কথা বলে আরেকদিকে গণতন্ত্রকে সমর্থণ করে। বিশেষ করে বাংলাদেশের তাবলীগ জামাআ'ত সম্পর্কে কোন বন্ধুকে কৌতুক করে বলতে শুনেছিলাম যে, "তারা ধর্মীয় ক্ষেত্রে 'তাবলীগ' আর রাজনৈতিক ক্ষেত্রে 'আওয়ামীলীগ'। তাবলীগের আছে 'ছয় উসূল' আর আওয়ামী লীগের আছে 'ছয় দফা'। তাবলীগ ওয়ালাদের টঙ্গী আর আওয়ামী লীগের 'টুঙ্গী' (টুঙ্গীপাড়া)। তাবলীগের মুরুব্বিরাও থাকেন 'দিল্লীতে' আওয়ামী লীগের দাদারাও 'দিল্লীতে'।"

মূলত: তাবলীগ ওয়ালাদের এই নীতির কারণেই কোন কাফের-মুশরিক, ইহুদী-খৃষ্টান, হিন্দু-বৌদ্ধ, নাস্তিক-মুরতাদ কেউ তাদের বিরোধিতা করে না বরং সার্বিক সহযোগিতাই করে থাকে। অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর সাহাবগণ কখনোই তাগুতের সাথে আন্তরিকতা, বন্ধুত্ব ও ভালবাসা স্থাপন করেন নি।

সুতরাং যেই তাবলীগের মধ্যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাহ মোতাবেক আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েমের কোন কর্মসূচি নেই। সেটি দ্বীন কায়েমের কোন সঠিক পদ্ধতি হতে পারে না।

তেরতম অধ্যায়

প্রশ্ন: আমরা কিভাবে জিহাদে অংশগ্রহণ করতে পারি?

উত্তর: জিহাদের উপরোক্ত আলোচনা শুনে এতক্ষণে নিশ্চয়ই আপনার মধ্যে জিহাদে অংশগ্রহণ করার প্রবল আগ্রহ তৈরী হয়েছে। এখন আপনি আফগানিস্তান, ইরাক, ফিলিস্তিন, পাকিস্তান, কাশ্মীর ইত্যাদী দেশে গিয়ে জিহাদ করতে সম্পূর্ণ প্রস্তুত। কিন্তু কোন উপায় খুজে পাচ্ছেন না। পারলে পাখির মত উড়াল দিয়ে যেতেন। কিন্তু তাও তো সম্ভব নয়। তাহলে আপনি কিভাবে জিহাদে অংশগ্রহণ করতে পারেন? আপনার এই প্রশ্নের সমাধান দিয়েছেন এ যুগের মাঠে ময়দানে পরীক্ষিত মুজাহিদ আলেমগন। আপনি নিম্নে বর্ণিত সেই উপায় সমূহ থেকে যে কোন একটি বা একাধিক উপায়ে নিজ অবস্থানে থেকেও জিহাদে অংশগ্রহণ করতে পারেন।

জিহাদের কাজে সহযোগীতা করার ৪৫ টি উপায়

১. تَحْدِيْثُ النَّفْسِ بِالْجِهَادِ "জিহাদের জন্য বিশুদ্ধ নিয়্যত থাকা"

সবসময় মনে-প্রাণে জিহাদের আকাঙ্খা লালন করা। যখনই يَا خَيْـــلَ الله ارْكَبِـــيْ (হে আল্লাহর পথের অশ্বারোহী সেনাদল! ঘোড়ায় সওয়ার হও) বলে জিহাদের ডাক আসবে তখনই জিহাদের উদ্দেশ্যে আল্লাহর রাস্তায় বের হয়ে যাওয়ার দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ থাকা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশ:

وَإِذَا اسْتُنْفِرْتُمْ فَانْفِرُوا "যখন তোমাদের বের হতে বলা হয়, তখন তোমরা বেরিয়ে পড়।"[৯৫৭] এই নির্দেশ পালনের জন্য সবসময় প্রস্তুত থাকা। যদি জিহাদে যাওয়ার সুযোগ না হয়, তাহলে আফসোস করা। যেমন পবিত্র কুরআনে কতিপয় সাহাবীদের প্রসঙ্গে আল্লাহ (সুব:) বলেন:

